
শ্রীমন্তগবদগীতা যথাযথ

ভগবদ্গীতার সর্বাপেক্ষা জনপ্রিয় ও প্রামাণিক সংস্করণ

ভারতীয় পারমার্থিক বিজ্ঞানের মুকুটমণি-স্বরূপ এই ভগবন্গীতা সমগ্র বিশ্ববাদাণ্ডে খ্যাতি লাভ করেছে। আছ্ম-উপসন্ধির পথপ্রদর্শক এই গীতার সাতশো শ্লোক পরমেশ্বর ভগবান খ্রীকৃষ্ণ তাঁর অন্তর্মন ভক্ত অর্জুনকে উপদেশ করেছিলেন। বাস্তবিকপক্ষে, মানুষ্কের অপরিহার্য প্রকৃতি, তার পরিবেশ এবং সর্বোপরি ভগবানের সঙ্গে তাঁর সম্পর্ক আদি রহস্যোদ্ঘাটনে এই গ্রন্থটি অভুসনীয়।

বৈদিক জানের বিদশ্ধ পণ্ডিত ও ভগবান শ্রীকৃঞ্জের গুদ্ধ ভক্ত কৃষ্ণাক পশ্রীমূর্তি শ্রীল অভয়তরপারবিন্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভূপাদ হচ্ছেন পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ থেকে আগত গুল্প-পরম্পরা ধারায় অবস্থিত তত্ত্বদর্শী সদগুল। তিনি শ্রীকৃষ্ণের উপদেশ কোন



রকম বিকৃতি না করে যথাযথভাবে পরিবেশন করেছেন, যা গীতার অন্যান্য সংস্করণ থেকে সম্পূর্ণ আলাদা। যোলটি রঙিন চিত্র সমন্দিত এই নতুন সংস্করণটি সময়োপযোগী শিক্ষা দান করে নিঃসন্দেহে যে-কোন গাঠককে উদীপ্ত ও আলোকপাত করবে।


হেনরি ডেভিড থোরিউ

"প্রভাতে আমি আমার বৃদ্ধিমন্তাকে বিস্ময়কর সৃষ্টিতত্ত্ব সমন্থিত *ভগবদ্গীতার দর্শনরূপ জলে অবগাহন করাই*। এই *গীতার তুলনার আমাদের আধুনিক জগৎ* ও তার সাহিত্য অতি ক্ষুদ্র ও নগণ্য বলে প্রতিভাত হয়।"

রালফ ওয়ালডো এমার্সন

" আমি *ভগবদ্গীতার* কাছে একটি চমৎকার দিনের জন্য ঋণী। এই গ্রন্থটি এই প্রথম পেলাম; একটি সাম্রাজ্য যেন আমাদের কাছে ব্যক্ত করছে, কোন কিছুই ক্ষুদ্র বা মৃল্যাহীন নয়। কিন্তু বৃহৎ, অচম্বল সক্ষতিপূর্ণ এক প্রাচীন বৃদ্ধির কণ্ঠস্বর, যা অন্য যুগে ও আবহাওয়ায় ভাবিত হয়েছিল এবং সেই প্রশ্নের বিন্যাস ঘটিয়েছিল, যা আমাদের উপর ব্যবহাত হয়।"

" যখন সন্দেহ আমাকে ঘিরে ধরে, হতাশা সম্মুখে উপস্থিত হয় আর আমি দ্রান্তে কোন আশার আলোক দেখতে পাই না, তখন *ভগবদ্গীতা* আশ্রয় করে শান্তি পাওয়ার মতো কোন শ্লোক খুঁজে পাই। সঙ্গে সঙ্গে আমি অত্যন্ত দুঃখের মধ্যে হাসতে আরম্ভ করি। যাঁরা গীতার ওপর ধ্যান করবেন, তাঁরা প্রতিদিন পরম আনন্দ ও নব নব অর্থ পাবেন।"





শ্রীশ্রীশুপ্ল-গৌরাঙ্গৌ জয়তঃ



গীতোপনিষদ্

গীতাপনিক শীম্ভাগ বদ্ যথায়ং সর্বধর্মান পরিভাজা মামেকং শর অহং দ্বাং সর্বপাপেভ্যো মোক্টরিক শ্রীমন্তগবদ্গীতা যথাযথ

সর্বধর্মান্ পরিতাজা মামেকং শরণং বজ । অহং দ্বাং সর্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ 🛚 (छगवम्गीला ३४/४५)

Bhagavad-Gita As It Is (Bengali)

প্রকাশক ঃ ভক্তিবেদান্ত বৃক ট্রাস্টের পক্ষে শ্যামরূপ দাস বন্দচারী

সংশোধিত ও পরিবর্ধিত প্রথম সংকরণ	2	\$0,000	কপি,	2000
দ্বিতীয় সংস্করণ	3	4,000	কপি,	500>
তৃতীয় সংস্করণ	2	50,000	কপি,	5007
छ् रूर्थ मरका श	2	2,000	ঞ্চপি,	2002
প্রম সংভরণ	E	4,000	কপি,	5000
থর্চ সংস্করণ		2,000	किंग,	2008
সপ্তম সংস্করণ		20,000	কপি,	2004
অন্তম সংস্করণ		\$0,000	কপি,	2000

গ্রছ-স্বদ ঃ

২০০৬ ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট কর্তৃক সর্বস্থত্ব সংরক্ষিত

मृज्य :

বৃহৎ মৃদক ভবন ভক্তিবেদান্ত বৃক ট্রাস্ট প্রেস শ্রীমায়াপুর, ৭৪১৩১৩ নদীয়া, পশ্চিমবঙ্গ ক্র (০৩৪৭২) ২৪৫-২১৭, ২৪৫-২৪৫

গীতোপনিষদ্

শ্রীমন্তগবদ্গীতা যথাযথ

সংশোধিত ও পরিবর্ধিত প্রথম সংস্করণ

কৃষ্ণকৃপাশ্রীমূর্তি শ্রীল অভয়চরণারবিন্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভূপাদ

আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘের প্রতিষ্ঠাতা ও আচার্য কর্তৃক

মূল সংস্কৃত শ্লোকের শব্দার্থ, অনুবাদ ও বিশদ তাৎপর্য সহ ইংরেজী Bhagavad-Gita As it is-এর বাংলা অনুবাদ

অনুবাদকঃ শ্রীমৎ ভক্তিচারু স্বামী



ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট

बीयाग्राश्ट्रह, कनकाला, त्वाचारे, निष्ठे देवर्क, मभ् न्यत्पादनम, लखन, मिछनि, भाविम, त्रांघ, रूरकः

ভক্তিবেদান্ত বুক ট্রাস্টের প্রকাশিত বাংলা গ্রন্থাবলী ঃ

শ্রীমন্তগবদগীতা বর্থায়থ প্রীমন্তাগবত (১ম-১২শ স্কন্ধ, ১৮ খণ্ড) ব্রীচেতনা-চরিতামত (৪ খন) গীতার গান গীতার বহুসা ৰীলা পুৰুষোত্তম শ্ৰীকৃষ্ণ খ্রীটেডমা মহাপ্রছর শিক্ষা প্রভাবরাপে ভগবান শ্রীচৈতনা মহাপ্রভ ভক্তিরসায়তসিদ্ধ **শ্রীউপদেশাম**ক দেবহুতি নন্দন শ্ৰীকপিল শিক্ষামৃত কৃত্তীদেবীর শিক্ষা কৃষ্যভাবনামুক্তর অনুপ্ম উপহার গ্রীষ্টশোপনিষদ যোগসিজি ক্ষরভাবনার অমত আদর্শ প্রশ্ন আদর্শ উত্তর আখানান লাভের পদ্বা ভীধন আসে জীবন থেকে প্ররাগ্যন অমুতের স্কালে দ্বগধানের কথা ইশ্বরের স্থানে পাশ্চাতা দেশে কুফনামের ইচার कुक बड़ नहां भरे পর্ম পিতা গ্রীকৃথের সন্ধানে বদ্ধিযোগ

ক্ষেত্তি প্রচারই প্রকৃত পরোপকার হরেকক চ্যালেঞ্চ পরলেকে সগম বাজা প্রকৃতির নির্ম ঃ বেমন কর্ম তেমন ফল क्रीक किसामा रेक्स्स (का विकास (भारतावसी) ভঙ্গিগীতি সম্ভান পঞ্চরাত্র প্রদীপ (শ্রীবিশ্রহ অর্চন পদ্ধতি) শ্রীল গ্রন্তপাপ फ्लिट्समार क्लामावर्गी প্রথা ব্যৱস্থা উত্তর পারেন গ্রীকৃষ্ণ প্রসাদে পরম শান্তি (রঙীন) পরম সুবাদু কৃষ্ণপ্রসাদ শ্রীমন্ত্রগবদগীতা মাহাম্ম প্রীএকানশী মাহাস্যা শ্রীমায়াগর দর্শন शृहर वहन कुक्क्स्सम যগধর্ম ভারুব<সল ভগৰান মায়াপরে প্রীপ্রীরাধামাধব ভক্তবংগল শ্রীনসিংহদেব धकाकन खेलरमध ধ্ৰুৰ চরিত জীত্রীপক্তম মহিমা জগতে আমরা কোণায় ? शिवनाका पर्नन ভগবং-দর্শন (মাসিক পত্রিকা) হুরেকৃষ্ণ সংকীর্তন সমাচার (পাক্ষিক পরিকা)

বিশেষ অনুসন্ধানের জন্য নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন ঃ

ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট বৃহং খুদঙ্গ ভবন শ্রীমান্যাপুর, ৭৪১৩১৩ নদীয়া, পশ্চিমবঙ্গ

ক্ষভন্তি সর্বোত্তম বিজ্ঞান



ভড়িবেদান্ত বুক ট্রাস্ট ১০ গুরুসদর রোড অরুপ্তা ব্যাপটিমেন্ট, দোকলা ফাট-১বি, কলকাভা—৭০০০১৯



সূচীপত্ৰ

वियम्	পৃষ্ঠা
গ্রন্থকারের পরিচিতি	ড
ভূমিকা	2
मू श्चिक	8

প্রথম অধ্যায়

বিষাদ-যোগ

80

কুরুক্তের রণান্তনে সেনা-পর্যবেকণ

রশান্তনে প্রতীক্ষমাশ সেনাবাহিনীর মুখোমুখি হয়ে, মহাযোদ্ধা অর্জুন উভয় পক্ষের সৈনাসজ্জার মধ্যে সমবেত তার অতি নিকট অন্তরঙ্গ আখ্যীয়-পরিজন, আচার্যবর্গ ও বন্ধু-বান্ধবদের সকলকে যুদ্ধে প্রস্তুত হতে এবং জীবন বিসর্জনে উন্মুখ হয়ে থাকতে দেখেন। শোকে ও দুঃখে কাতর হয়ে অর্জুন শক্তিহীন হলেন, তাঁর মন মোহাচ্ছর হল এবং তিনি যুদ্ধ করার সংকল পরিত্যাগ করেন।

দ্বিতীয় অধ্যায়

সাংখ্য-যোগ

49

গীতার বিষয়বস্তুর সারমর্ম পরিবেশিত

পরমেশার ভগবান শ্রীকৃষের কাছে তাঁর শিষ্যরূপে অর্জুন আত্মসমর্পণ করেন এবং অনিতা বাড় দেহ ও শাখত চিন্মায় আত্মার মূলগত পার্থক্য নির্ণয়ের মাষ্যমে অর্জুনকে শ্রীকৃষ্ণ উপদেশ প্রদান করতে শুরু করেন। দেহান্তর প্রক্রিয়া, পরমেশ্বরের উদ্দেশ্যে নিঃস্বার্থ সেবার প্রকৃতি এবং আত্মজানলব্দ মানুষের বৈশিষ্ট্যাদি সম্পর্কে শ্রীকৃষ্ণ ব্যাখ্যা উপস্থাপন করেন। কর্মযোগ

299

কৃষ্ণভাবনাময় কর্তব্যকর্ম সম্পাদন

এই জড় জগতে প্রত্যেককেই কোনও ধরনের কাজে নিযুক্ত থাকতে হয়।
কিন্তু কর্ম সকল মানুষকে এই জগতের বন্ধনে আবদ্ধ করতেও পারে, আবার
তা থেকে মৃক্ত করে দিতেও পারে। স্বার্থটিস্তা বাতিরেকে, পরমেশরের
সন্তুষ্টি বিধানের উদ্দেশ্যে কাজের মাধ্যমে, সানুষ তার কাজের প্রতিক্রিয়া
জানিত কর্মকলের বিধিনিয়ম থেকে মৃক্তি পেতে পারে এবং আত্মতন্ত্ব ও
পর্মত্যের দিব্যক্তান অর্জন করতে সক্ষম হয়।

চতুর্থ অধ্যায়

জ্ঞানযোগ

264

অপ্রাকৃত পারমার্থিক জ্ঞানের ব্ররূপ উদ্ঘটন

আদ্বার চিন্মর তন্ত্ব, ভগবং-তন্ত্ব এবং ভগবান ও আদ্বার সম্পর্ক—এই সব
অপ্রাকৃত তত্ত্ব্বান বিশুদ্ধ ও মুক্তিপ্রদায়ী। এই প্রকার জ্বান হচ্ছে নিঃস্বার্থ
ভক্তিমূলক কর্মের (কর্মযোগ) ফলস্বরূপ। পরমেশ্বর ভগবান গীতার সুদীর্ঘ
ইতিহাস, জড় জগতে যুগে যুগে তাঁর অবতরণের উদ্দেশ্য ও তাৎপর্য এবং
আত্মন্ত্রানলন্ধ গুরুর সায়িধ্য লাভের আবশাকতা ব্যাখা করেছেন।

পঞ্চম অধ্যায়

কর্মসন্যাস-যোগ

929

কৃষ্ণভাবনাময় কর্তব্যকর্ম

বহির্বিচারে সকল কর্তব্যকর্ম সাধন করলেও সেগুলির কর্মঞ্চল পরিতাগি করার মাধ্যমে, জ্ঞানবান ব্যক্তি পারমার্থিক জ্ঞানতত্ত্বের অগ্নিস্পর্শে পরিশুদ্ধি লাভ করে থাকেন, ফলে শান্তি, নিরাসন্তি, সহনশীলতা, চিশার অন্তর্দৃষ্টি এবং শুদ্ধ আনন্দ লাভ করেন। ষষ্ঠ অধ্যায়

খ্যানধোগ

2007

নিয়মতান্ত্রিক ধ্যানচর্চার মাধ্যমে অষ্ট্রাঙ্গযোগ অনুশীলন মন ও ইন্দ্রিয় আদি দমন করে এবং অন্তর্যামী পরমান্ত্রার চিন্তায় মনকে নিবিষ্ট রাখে। এই অনুশীলনের পরিণামে পরমেশ্বরের পূর্ণ ভাবনারূপ সমাধি অর্জিত হয়।

সপ্তম অধায়

বিজ্ঞান-যোগ

820

পর্যতত্ত্বের বিশেষ জ্ঞান

পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ হচ্ছেন পরমতন্ত্ব, সর্বকারণের পরম কারণ এবং জড় ও চিম্মর সর্ববিষয়ের প্রাণশক্তি। উন্নত জীবাত্মাগণ ভক্তি ভরে তাঁর কাছে আত্মসমর্পণ করে থাকেন, পক্ষান্তরে অধার্মিক জীবাত্মারা অন্যান্য বিষয়ের ভঞ্জনায় ভাদের মন বিক্ষিপ্ত করে থাকে।

অন্তম অধ্যায়

অক্ষরবন্ধা-যোগ

899

প্রমতন্ত্র লাভ

আজীবন প্রমেশ্বর ভগবান শ্রীকৃবেজর চিস্তার মাধ্যমে এবং বিশেষ করে মৃত্যুকালে তাঁকে স্থরণ করে, মানুষ জড় জগতের উর্ধ্বে ভগবানের পরম ধাম লাভ করতে পারে।

নবম অধ্যায়

রাজগুহা-যোগ

454

পৃঢ়তম জান

শ্রীকৃষ্ণ হচ্ছেন পরমেশ্বর ভগবান এবং পরমারাধ্য বিষয়। অপ্রাকৃত ভগবৎ-দেবার মাধ্যমে স্কীবান্ধা মাত্রই তাঁর সাথে নিত্য সম্বন্ধযুক্ত। মানুষের শুদ্ধ ভক্তি পুনক্তভীবিত করার ফলে শ্রীকৃষ্ণের পরম ধামে প্রত্যাবর্তন করা সম্বন্ধ। বিভূতি-যোগ

499

পরব্রফোর ঐশ্বর্য

জড় জগতের বা চিম্ময় জগতের শৌর্য, শ্রী, আড়ম্বর, উৎকর্ষ—সমস্ত ইন্দ্রিয়গ্রাহ্য বিষয় শ্রীকৃষ্ণের দিবা শক্তি ও পরম ঐশর্যাবলীর আংশিক প্রকাশ মাত্র অভিবাক্ত হয়ে আছে। সর্বকারণের পরম কারণ, সর্ববিষয়ের আশ্রয় ও সারাতিসার রূপে শ্রীকৃষা সর্বজীবেরই গরমারাধ্য বিষয়।

একাদশ অধ্যায়

বিশ্বরূপ-দর্শন-যোগ

800

পর্মেশ্বর শ্রীকৃষ্ণ অর্জুনকে দিবাদৃষ্টি দান করেন এবং সর্বসাধারণের দৃষ্টি আকর্ষক তার অনস্ত বিশ্বরূপ প্রকাশ করেন। এভাবেই তিনি তার দিবাতত্ব অবিসংবাদিতভাবে সূপ্রতিষ্ঠিত করেন। শ্রীকৃষ্ণ প্রতিপন্ন করেছেন খে, তার শ্রীয় অপরূপ সৌন্দর্যময় মানবরসগী আকৃতিই ভগবানের আদিরূপ। একমাত্র শুদ্ধ ভগবৎ-সেবার মাধ্যমেই মানুষ এই রূপের উপলব্ধি অর্জনে সক্ষম।

ঘাদশ অধ্যায়

ভক্তিযোগ

COP

চিদায় জগতের সর্বোত্তম প্রাপ্তি বিশুদ্ধ কৃষ্ণপ্রেম লাভের পক্ষে ভক্তিযোগ বা ত্রীকৃষ্ণের উদ্দেশ্য শুদ্ধ ভক্তি হচ্ছে সর্বশ্রেষ্ঠ উপযোগী পদা। খাঁরা এই পরম পদার বিকাশ সাধনে নিয়োজিত থাকেন, তাঁরা দিবা গুণাবলীর অধিকারী হন।

ত্রয়োদশ অধ্যায়

প্রকৃতি-পুরুষ-বিবেকযোগ

933

দেহ, আত্মা এবং উভয়েরও উধ্বে পরমান্ত্রার পার্থক্য যিনি উপলব্ধি করতে পারেন, তিনি এই জড় জগৎ থেকে মৃক্তি লাভে সক্ষম হন। চতুৰ্দশ অধ্যায়

গুণত্রয়-বিভাগ-যোগ

993

জ্বড়া প্রকৃতির ত্রিগুণ বৈশিষ্ট্য

সমস্ত দেহধারী জীবান্ধা মাত্রই সন্ধ, রক্ত ও তম—জড়া প্রকৃতির এই ত্রিগুণের নিরম্রণাধীন। পরমেশ্বর শ্রীকৃষ্ণ এই ত্রিগুণাবলীর স্বরূপ, আমাদের ওপর সেগুলির ক্রিয়াকলাপ, মানুষ কিডাবে সেগুলিকে অতিক্রম করে এবং বে-মানুষ অপ্রাকৃত স্তবে অধিষ্ঠিত তার লক্ষণাবলী ব্যাখাা করেছেন।

পঞ্চদশ অধ্যায়

পুরুষোত্তম-যোগ

277

পরম পুরুষের যোগতত্ত্ব

বৈলিক আনের চরম উদ্দেশ্য হচ্ছে জড়-জাগতিক বন্ধন থেকে মানুষের মৃক্তি লাভ এবং পরম পুরুষোত্তম ভগবানরূপে শ্রীকৃষ্ণকে উপলব্ধি করা। বে মানুষ শ্রীকৃষ্ণের পরম স্বরূপ উপলব্ধি করে, সে তাঁর কাছে আত্মসমর্পণ করে এবং তাঁর ভক্তিমূলক সেবার আত্মনিয়োগ করে।

ষোড়শ অধ্যায়

দৈবাসুর-সম্পদ-বিভাগযোগ

684

দৈৰ ও আসুরিক প্রকৃতিগুলির পরিচয়

যারা আসুরিক গুণগুলি অর্জন করে এবং শান্তবিধি অনুসরণ না করে যথেচভোবে জীবন বাপন করে থাকে, তারা হীনজন্ম ও ক্রমশ জাগতিক বন্ধনদশা লাভ করে। কিন্তু যাঁরা দিব্য গুণাবলীর অধিকারী এবং শান্তীয় অনুশাসন আদি মেনে বিধিবদ্ধ জীবন যাপন করেন, তাঁরা ক্রমান্ধয়ে পারমার্থিক সিদ্ধিলাভ করেন।

সপ্তদশ অখ্যায়

শ্রদ্ধাত্তয়-বিভাগ-যোগ

394

জড়া প্রকৃতির ব্রিগুণাবলী থেকে উদ্ভূত এবং সেগুলির বৈশিষ্ট্য অনুযায়ী শ্রহা তিন ধরনের হয়ে থাকে। যাদের শ্রদ্ধা রাজসিক ও তামসিক, তারা নিতান্তই অনিত্য জড়-জাগতিক ফল উৎপান করে। পক্ষান্তরে, শাস্ত্রীয় অনুশাসন আদি মতে অনুষ্ঠিত সম্বগুণমন্ন কার্যাবলী হৃদমকে পরিশুদ্ধ করে এবং পরিণামে গরমেশ্বর প্রীকৃষ্ণের প্রতি শুদ্ধ ভক্তি-শ্রদ্ধার পথে মানুষকে পরিচালিত করে ভক্তিভাবে জাগ্রত করে তোলে।

অষ্টাদশ অধ্যায়

(भाक्करयां भ

206

ত্যাগ সাধনার সার্থক উপলব্ধি

শ্রীকৃষ্ণ ব্যাখ্যা করেছেন ত্যাগের অর্থ এবং মানুষের ভাবনা ও কার্যকলাপের উপর প্রকৃতির ওণাবলীর প্রতিক্রিয়াওলি কেমন হয়। তিনি ব্যাখ্যা করেছেন ব্রহ্ম উপলব্ধি, ভগবদ্গীতার মাহাত্ম্য ও গীতার চরম উপলহার—ধর্মের সর্বোচ্চ পদ্ম হচ্ছে পরমেশ্বর শ্রীকৃষ্ণের উদ্দেশ্যে নিঃশর্ড আদ্মসমর্পন, যার ফলে সর্বপাপ হতে মৃত্তি লাভ হয়, সম্যুক জ্ঞান-উপলব্ধি অর্জিত হয় এবং শ্রীকৃষ্ণের শাশ্বত ভিন্ময় পরম ধামে প্রতাবর্তন করা বার।

অনুক্রমণিকা	৯৮৪
বর্তমান সংস্করণ সম্পর্কে টীকা	>>6
দৃশাপটের অবতারণা	266
শ্রীল প্রভূপাদের গ্রন্থবদীর প্রশংসা	2007
গীতা-মাহাম্য	3000
উদ্ধৃতি-সূত্ৰ	5009

গ্রন্থকারের পরিচিতি

কৃষ্ণকৃপাশ্রীমৃতি শ্রীন অভয়চরণারবিন্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভুপাদ আবির্ভূত হন ১৮৯৬ সালে কলকাতায়। তাঁর সঙ্গে তাঁর গুরুদেব শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের প্রথম মিলন হয় কলকাতায় ১৯২২ সালে। শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর ছিলেন তখনকার দিনের শ্রেষ্ঠ পণ্ডিত এবং সর্বাপ্রগণ্য ভগবস্তক্ত। তিনি গৌড়ীয় মঠ প্রতিষ্ঠা করেন এবং সমস্ত ভারত জুড়ে ৬৪টি মন্দির স্থাপন করেন। এই শিক্ষিত যুবক অভয়চরণকে তাঁর খুব ভাল লাগে এবং বৈদিক জ্ঞান শিক্ষাদানের উদ্দেশ্যে নিজেকে উৎসর্গ করতে তিনি তাঁকে অনুপ্রাণিত করেন। শ্রীল প্রভূপাদ তাঁর শিক্ষান্থ বরণ করেন এবং ১১ বছর পরে ১৯৩৩ সালে এলাহাবাদে তিনি আনুষ্ঠানিকভাবে ভার গেকে দীক্ষা গ্রহণ করেন।

১৯২২ সালে যখন তাঁদের প্রথম মিলন হয়, তখন খ্রীল ভাইনিদ্ধান্ত সরস্বতী ঠাকুর জীল প্রভূপানকে ইংরেজী ভাষার মাধামে বৈদিক জ্ঞান প্রচার করতে অনুরোধ করেন। শ্রীল প্রভূপান্ব গৌড়ীয় মঠের কার্যে সাহায্যা করতে থাকেন এবং বৈদিক শারগ্রন্থের সব চাইতে গুরুত্বপূর্ণ গ্রন্থ শ্রীমন্ত্রগ্রন্থলীতার ভাষ্যা রচনা করেন। ১৯৪৪ সালে এককভাবে তিনি Back to Godhead নামক একটি ইংরেজী পাক্ষিক পত্রিকা প্রকাশ করতে শুরু করেন। তিনি নিজেই পাণ্ডুলিপিগুলি টাইপ করতেন, সম্পোদনা করতেন, পুরু দেখতেন, সেই পত্রিকাগুলি বিতরণ করতেন এবং সেই প্রকাশনা চালিরে যাওয়ার জন্য সংগ্রাম করতেন। একবার শুরু হওয়ার পর, সেই পত্রিকা আর বন্ধ হয়নি; এখনও পর্যন্ত সেই পত্রিকাটি ৩০টি ভাষায় তাঁর পাশ্চাত্য ও প্রচা শিষাদের হারা প্রকাশিত হচ্ছে।

শ্রীল প্রভুপাদের দার্শনিক তত্ত্বজ্ঞান ও ভক্তির স্বীকৃতি হিসাবে গৌড়ীয় বৈশ্বরণ সমাজ ১৯৪৭ সালে তাঁকে 'ভক্তিবেদান্ত' উপাধিতে ভূষিত করেন। ১৯৫০ সালে ৫৪ বছর বরসে শ্রীল প্রভুপাদ সংসার-জীবন থেকে অবসর গ্রহণ করেন। তার ৪ বছর পরে অধ্যয়ন ও রচনার কান্ধে আরও গভীরভাবে মনোনিবেশ করেবার জন্য তিনি বানপ্রস্থ-আশ্রম গ্রহণ করেন এবং তার কিছুদিন পরে তিনি বৃদ্দাবন ধামে গমন করেন। সেখানে প্রাচীন ঐতিহ্যপূর্ণ শ্রীশ্রীরাধা-দামোদর মন্দিরের একটি ঘরে তিনি কয়েক বছর ধরে অধ্যয়ন ও প্রস্থরচনার কাজে গভীরভাবে মগ্ন ছিলেন। ১৯৫১ সালে তিনি সন্মাস-আশ্রম গ্রহণ করেন। শ্রীশ্রীরাধা-দামোদর মন্দিরে শ্রীল

প্রভূপাদ তাঁর জীবনের শ্রেষ্ঠ অবদান—আঠারো হাজার শ্রোক সমন্বিত সমস্ত বৈদিক সাহিত্যের সার *শ্রীমন্ত্রাগবভের* ইংরেজী অনুবাদ ও ভাষ্য রচনার কাজ শুরু করেন। তিনি সেথানে Easy Journey to the Other Planets নামক গ্রন্থটিও রচনা করেন।

শ্রীমন্তাগবতের তিনটি ২৩ প্রকাশিত হওরার পর, শ্রীল প্রভূপাদ তাঁর গুরুমহারাজের ইচ্ছাকে বাস্তবে রূপায়িত করার জন্য ১৯৬৫ সালে মার্কিন যুক্তরাষ্ট্রে গমন করেন। তারপর শ্রীল প্রভূপাদ ভারতীয় দর্শন ও ধর্মতম্বের সার সমন্বিত শাস্তগ্রের প্রামাণিক অনুবাদ, ভাষ্য ও মূল ভাব সহ ৮০টি গ্রন্থ রচনা করেন।

একটি মালবাহী জাহাজে করে যখন তিনি প্রথম নিউ ইরর্ক শহরে আদেন, তখন শ্রীল প্রভুপাদ সম্পূর্ণ কপর্দকশূন্য। কিন্তু প্রায় এক বছর কঠোর সংপ্রাম করার পর, তিনি ১৯৬৬ সালের জুলাই মাসে আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘের' প্রতিষ্ঠা করেন। ১৯৭৭ সালের নভেম্বর মাসে তার অপ্রকট লীলাবিলাস করা পর্যন্ত তিনি নিজেই এই সংস্থাটির পরিচালনা করেন এবং একশটিরও অধিক মন্দির, আপ্রাম, জুল ও কার্ম কমিউনিটি সমন্বিত একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানে পরিণত করে বান।

১৯৬৮ সালে শ্রীল প্রভূপাদ আমেরিকার ওয়েস্ট ভার্জিনিরার পার্বতা অঞ্চলে নব বৃন্দাবন নামক একটি পরীক্ষামূলক বৈদিক সমাজ গড়ে তোলেন। প্রায় ২০০০ একর জমির ওপর এই নব বৃন্দাবনের সাক্ষপোর দ্বারা অনুপ্রাণিত হয়ে, তাঁর শিবারা মার্কিন যুক্তরাষ্ট্র ও অন্যান্য অনেক দেশে এই রকম আরও করেকটি সমাজ গড়ে ভূপেছে।

এ হাড়া ১৯৭২ সালে শ্রীল প্রভূপাদ ডালাস ও টেক্সাসে গুরুকুল বিদ্যালয় প্রতিষ্ঠা করে পাশ্চাত্য জগৎকে বৈদিক প্রথা অনুযায়ী প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাব্যবস্থা দান করে গেছেন। তারপর, তাঁর তত্ত্বাবধানে তাঁর শিষ্যরা ভারতবর্বে শ্রীধাম বৃন্দাবনে স্থাপিত প্রধান শিক্ষাকেন্দ্রের আদর্শ অনুসরণে আমেরিকা ও পৃথিবীর বিভিন্ন স্থানে শিশুদের বিদ্যালয় স্থাপন করেছেন।


১৯৭৫ সালে বৃদ্ধাবনে শ্রীল প্রভূপাদের অপূর্ব সুন্দর 'কৃষ্ণ-বলরাম মন্দির' এবং আন্তর্জাতিক অতিথিশালার উদ্বোধন হয়। তা ছাড়া সেখানে শ্রীল প্রভূপাদের কারুকার্য-থচিত স্মৃতিসৌধ ও মিউজিয়াম বিরাজ করছে। ১৯৭৮ সালে জুম্বতে বোদ্ধাইয়ের সমুদ্র উপকৃলে চার একর জমির ওপর অপূর্ব শ্রীশ্রীরাধা-রাসবিহারীর মন্দির, আধুনিক প্রেক্ষাগৃহ, অপূর্ব সুন্দর অতিথিশালা ও নিরামিষ ভোজনশালা সমন্বিত একটি বিশাল সাংস্কৃতিক কেন্দ্র প্রতিষ্ঠিত হয়। শ্রীল প্রভূপাদের সব চাইতে

ভাতাভিলাষপূর্ণ পরিকল্পনা হচ্ছে পশ্চিমবাংলার মায়াপুরে ৫০ হাজার কৃষ্ণভাউদের নিমে বৈদিক শহর গড়ে ভোলার পরিকল্পনা, যা পৃথিবীর শ্রেষ্ঠ সংস্কৃতিসম্পর বৈদিক জীবনধারার দৃষ্টান্তরূপে সমস্ত পৃথিবীর কাছে আদর্শরূপে প্রতীয়মান হবে।

শ্রীল প্রভুপাদের সবচেয়ে উদ্রেখযোগ্য অবদান হচ্ছে তাঁর গ্রন্থসম্ভার। বিছৎসমাজ দিবাজ্ঞান সমন্বিত এই প্রস্থাতালর প্রামাণিকতা, গভীরতা ও প্রাঞ্জনতা এক
বাক্যে প্রদার সঙ্গে স্থীকার করেছেন এবং এই সমস্ত প্রস্থাতালকৈ বিভিন্ন
বিশ্ববিদ্যালরের গাঠাপুস্তক হিসাবে গ্রহণ করা হয়েছে। প্রভুপাদের লেখা বইগুলি
প্রায় ৫০টিরও বেশি বিভিন্ন ভাষার অনুদিত হয়েছে। ভক্তিবেদান্ত বৃক ট্রাস্ট, যা
প্রভুপাদের প্রস্থাতালি প্রকাশ করবার জন্য ১৯৭২ সালে প্রতিষ্ঠিত হয়েছিল, তা আজ্ঞ ভারতীয় ধর্ম ও দর্শন সংক্রান্ত বৃহত্তম গ্রন্থ-প্রকাশক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।
এই ভক্তিবেদান্ত বৃক ট্রাস্ট এখন ৯টি খণ্ডে শ্রীল প্রভুপাদের ইংরেজী অনুবাদ ও
ভাষা সমন্বিত বাংলা শান্ত্রীয়গ্রছ শ্রীটেডন্য-চরিতামৃত প্রকাশ করেছে, যা শ্রীল গ্রন্থপাদ কেবল ১৮ স্বাসের মধ্যে সম্পূর্ণ করেছিলেন।

কেবলমাত্র ১২ বছরের মধ্যে, এত বরেস হওয়া সম্বেও, গ্রীল প্রভূপাদ হয়টি
মহাদেশেরই বিভিন্ন ছানে ভগবৎ-তত্ত্বভান সমন্বিত ভাবণ দেওয়ার জন্য ১৪ বার
পৃথিবী প্রদক্ষিণ করেছেন। এই রকম কঠোর কর্মসূচি থাকা সত্বেও গ্রীল প্রভূপাদ
প্রবলভাবে তার লেখার কাজ চালিয়ে যান। তার গ্রন্থসমূহ হচ্ছে বৈদিক দর্শন,
ধর্ম, সাহিত্য ও সংস্কৃতির একটি প্রামাণ্য গ্রন্থাগার।

১৯৭৭ সালের ১৪ই নভেম্বর খ্রীল প্রভুলাদ শ্রীধাম বৃন্দাবনে তাঁর অপ্রকট লীলাবিলাস করেন। খ্রীটেডন্য মহাপ্রভুর বাণী—"পৃথিবীতে আছে যত নগরাদি প্রাম। সর্বত্র প্রচার হইবে মোর নাম"—সার্থক করার জন্য তিনি এখানে এসেছিলেন এবং শ্রীটেডন্য মহাপ্রভুর বাণী প্রচার করে সমস্ত জগৎকে ভগবানের গ্রীপাদপত্মে আশ্রয় গ্রহণ করার অমৃতময় পথ প্রদর্শন করে গেছেন। পৃথিবীর মানুর যে, দিন বৈষয়িক জীবনের নিরর্থকতা উপলাধি করতে পেরে পারমার্থিক জীবনে ব্রতী হরেন, সেই দিন তাঁরা সর্বাস্তকরণে শ্রীল প্রভুপাদের অবদান উপলাধি করতে পারবেন এবং শ্রদ্ধাবনত চিন্তে তাঁর চরণারবিন্দে প্রণতি জানাবেন। ১৯৭৭ সালে শ্রীধাম বৃদ্ধাবনে তিনি অপ্রকট হয়েছেন, কিন্তু আজও তিনি তাঁর অমৃতময় গ্রন্থের মধ্যে, ভগবানের বাণীর মধ্যে মূর্ভ হরে আছেন। তাঁর শিক্ষায় অনুপ্রাণিত হয়ে যাঁরা ভগবানের কাছে ক্ষিরে যাওয়ার প্রয়াসী, তাঁদের পথ দেখাবার জন্য তিনি চিরকাল-তাঁদের হদয়ে বিরাজ করকেন।




কৃষ্ণকৃপাশ্রীমৃতি শ্রীল অভয়চরণারবিন্দ শুক্তিবেদান্ত স্থামী প্রভূপাদ আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংখ্যে প্রতিষ্ঠাতা-আচার্য



শ্রীপক্তর শ্রীকৃষ্টচেতন্য প্রভু নিত্যানন্দ । শ্রীশ্রহৈত গদাধর শ্রীবাসাদি সৌরভক্তবৃদ ৮



জ্ঞালনেশ্যের আশীর্থানে সঞ্জয় দিবাচন্দু প্রাপ্ত হন, ফলে তিনি ঘরে বসেও কুরুক্ষেত্রের সমস্ত মান নালাক পাণাকলেন। ভাই শৃতরামু তাঁকে যুদ্ধক্ষেত্রের পরিস্থিতি সম্পর্কে জিল্লাসা কলেন সমস্যা ১ (গ্রাক ১)



কুরুক্তেরের যুদ্ধের প্রাক্তালে পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ ও অর্জুন যথাক্রমে 'পাঞ্চজনা' ও 'দেবদন্ত' নামক দিব্য শব্ধ বাজালেন। (অধ্যায় ১, শ্লোক ১৫)



া বন পান পানাপ চলাত আস্থা এবং তার জড় দেবটি প্রতি মুহূর্তে পরিবর্তিত হচ্ছে।

া দাল লা কথনত শিশু কখনও কিশোর, কখনও যুবক এবং কখনও বৃদ্ধ অভাবেই

া লা কথা গালে কলাছে দেব অক্টো হয়ে গেলে, সেই দেহ ত্যাগ করে আত্মা

াল লা গালে কলা। কিন্তু আয়ান্ত কোন পরিবর্তন হয় না (অধ্যায় ২, শ্লোক ১৩)



প্রতিটি জীবের ফানরে আত্মা ও পরমাত্মা অবস্থান করছেন। জড় দেহটিকে বৃক্ষের সঙ্গে এবং আত্মা ও পরমাত্মাকে দৃটি পঞ্চীর সঙ্গে তুলনা করা হরেছে। জাব্মারূপ পঞ্চীটি পার্পপোর ফলের প্রতি আসক্ত হয়ে জড় দেহে আবদ্ধ হয়ে পড়েছে। তবি, তাকে মুক্ত করতে মাহাব্য করবার জন্য পরমাত্মারূপ পঞ্চীটি তার পাশে অবস্থান করছেন।



নামি পালা ামর সাহতে। গটতাত্রণর সাধায়ে প্রাণনামূকে আজাচত্ত্রণ উত্তোলন করতে

শবন করণার প্রকাশ এক করে তিনি জড় জগতের যে-কোন গ্রহলোকে যেতে পারেন,

শব্দ কিলা ক্ষান্ত দিয়ের যেতে পারেন।




অল্পদ্ধিসম্পন্ন মানুষেরা কামনা চরিতার্থ করার জন্য দেবতাদের শরণাপার হরে ক্ষণস্থারী জড় সুখ কামনা করে। কিন্তু প্রকৃতপক্ষে ভগরানের অনুমতি হুড়া দেব-দেবীরা তাদের তক্তদের কোন ইচ্ছা পূরণ করতে পারেন না। (অধ্যায় ৭, শ্লোক ২০, ২২)



ভগনদর্গাতার (৮/৬) করা হয়েছে, জীব মৃত্যুর পূর্ব মৃত্তে যেরপ সারণ করে দেহত্যাগ করে, সে পরবতী জন্মে সেরপ দেহ লাভ করে থাকে। প্রকটি কসহি-এর রূপ স্মরণ করে দেহত্যাগ করার কলে, সে পরবতী জন্মে মনুধ্যদেহ লাভ করবে এবং গোহত্যার কলে ভগহিটি গান্তর দেহ লাভ করবে। 'ধেমন কর্ম, তেমনিই ফল।'



সমস্ত গোগীদের মধ্যে কৃষ্ণভক্ত বা ডক্তিয়োগী শ্রেষ্ঠ, কেন না তিনি চবিশ ঘন্টা শ্রীকৃষ্ণের সেবায় নিমন্ন। *ভগবদ্বীতার* (১/২৬) ডগবান শ্রীকৃষ্ণ বলেছেন, কেউ যদি তাকে পত্র, পুষ্পা, ফল ও জল নিবেদন করেন, ডিনি ডা গ্রহণ করেন।



শ্রীকৃষ্ণ যে ভগবান প্রথমে অর্জুন বৃষ্ণতে পারেননি শ্রীকৃষ্ণের বিশ্বরূপ দর্শন করার পর ভার সন্দেহ দূর হয়। কলিযুগে যে-সমস্ত ভূইফোড় নিজেদের ডগবান বলে দাবি করে, হাদের জিজ্ঞানা করা উচিত, "দয়া করে আপনার বিশ্বরূপটি একবার দেখান "



অর্জুন সামাজ্যা হয়ে পড়েছিলেন, কিন্তু পর্মেশ্বর ভগবানের কাছ থেকে *ভগবদ্গীতা* প্রবণ করাব পর, তিনি আবার জার স্বস্তু স্বনুর্বাণ ভূলে নিলেন যুদ্ধ করার জন্য।




া এব ভগবনে শ্রীকৃষ্ণ প্রথমে সূর্বদেব বিবস্থানকে অবিনাশী এই ভক্তিযোগের বিজ্ঞান কবেব । বিবস্থান তা দেন মনুকে, মনু ইচ্ছাকৃকে—এতাবেই গুরু-শিষ্য প্রক্ণবাক্তমে বী ধান প্রবাহিত হয়ে আসছে। (অধ্যায় ৪, শ্লোক ১)



সদ্গুণ-বর্জিত আসুরিক ভারাপর মানুহেরা ভয়ংকর পাপময় ও অসামাঞ্জিক কার্যকলাপের মাধ্যমে জগং ধ্বংসের কাজে লিপ্ত হয়। (অখ্যায় ১৬, শ্লোক ৯)



াক্ষরের রশাসপে উভয় সৈনাদলের মাঝখানে ভগরান শ্রীকৃষ্ণ অর্জুনকে *ভগরম্গীতার* দান করছেন। অর্জুনের পদার অনুসরণ করে মায়াবদ্ধ সমস্ত জীবের কর্তব্য, শ্রীকৃষ্ণের ানিখি সদ্শুক্রর কাছ থেকে গীতার জ্ঞান লাভ করা



সমস্ত আরাধনার মধ্যে শ্রীশ্রীরাধা-কৃষ্ণের যুগলরূপের আরাহনা সর্বশ্রেষ্ঠ, কেন না এটি ভগবানের আদিরূপ, যাঁর থেকে অনন্ত রূপের প্রকাশ। সকলের কর্তব্য শ্রীশ্রীরাধা কৃষ্ণের সেবায় ব্রতী হওয়া

ভূমিকা

এই সংস্করণে শ্রীমন্তগবদগীতা যথায়থ প্রন্তুটি যেভাবে প্রকাশিত হয়েছে, সেটিট আমার মূল রচনা। এই প্রস্থাটি যধন প্রথম প্রকাশিত হয়, তখন দুর্ভাগাবশৃত মূল পাত্রলিপিটিকে সংক্ষিপ্ত করে চারশরও কম পৃষ্ঠায় দাঁড় করানো হয় এবং তাতে কোন ছবি ছিল না এবং ভগ*বদ্গীভাৱ* অধিকাশে প্লোকেরই কোন ব্যাখ্যা দেওয়া সন্তব হরনি। *শ্রীমন্তাপবত, শ্রীইশোপনিষদ* আদি আমার অন্যান। সমস্ত গ্রন্থে মূল লোক, তার ইংরেজী বর্ণান্তর, প্রতিটি সংস্কৃত শব্দের ইংরেজী প্রতিশব্দ, শ্লোকটির অনুবাদ ও তাৎপর্য দেওয়ার ব্রীতি আছে তার ফলে গ্রন্থগুলি খুব প্রামাণিক ও পতিতসুলন্ত হয় এবং তার অর্থ সভঃস্মার্ড হয়ে ওঠে। তাই, আমার মূল > পাণ্ডলিপিটিকে যখন সংক্ষিপ্ত করতে হয়েছিল, তখন আমি খুব একটা খুলি হ'তে পারিনি। কিন্তু পরে, যখন *ভগবদুগীতা দথায়থ গ্রন্থে*র চাহিদা বেশ বাড়তে লাগল, তফা অনেক পণ্ডিত ও ভক্ত এই গ্রন্থটি পূর্ণ আকারে প্রকাশ করবার জন্য আমাকে অনুরোধ করতে লাগলেন এবং মেসার্স ম্যাকমিলান এণ্ড কোম্পানিও পর্ণ আকারে : গ্রন্থটি প্রকাশ করতে সম্মত হলেন। তাই গুরু-পরস্পরাক্রমে লক্ক ভগবদগীতার পূর্ণজ্ঞান ও যথার্থ ব্যাখ্যা সহ দিয়াজ্ঞান সমন্বিত এই মহৎ গ্রন্থটির মূল পাণ্ডলিপিকে প্রকাশ করতে চেষ্টা করা হচ্ছে, যাতে আরও সৃষ্ঠু ও ব্যাপকভাবে কৃষ্ণভাধনামূত আন্দোলন এই পৃথিবীতে প্রতিষ্ঠিত হয়।

আমাদের কৃষ্ণভাষনামৃত আন্দোলন একটি অকৃত্রিম, ঐতিহাসিক প্রমাণসিদ্ধা, সতঃস্কৃতি ও অপ্রাকৃত আন্দোলন, কারণ তা যথার্থ ভগষণগীতার ভিত্তির উপর প্রতিষ্ঠিত। এই আন্দোলনটি ধীরে ধীরে ধারে সমস্ত পৃথিবীর সবচেয়ে জনপ্রিয়া আন্দোলনে পরিণত হচ্ছে, বিশেষ করে যুব সম্প্রদায়ের কাছে। প্রবীণ লোকদের কাছেও এটি ধীরে ধীরে চিন্তাকর্বক হয়ে উঠছে তাঁরা এর প্রতি এমনভাবে আকৃষ্ট হচ্ছেন যে, আমার অনেক শিষ্যের বাবা এবং ঠাকুরদারাও আমাদের এই মহৎ সংস্থাটির আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘের আন্তর্জীবন সদস্য হয়ে তাঁদের সহানুভৃতি জানাচ্ছেন। লগ এঞ্জেলসে আমার অনেক শিষ্যের মা বাবারা সমস্ত পৃথিবী জুড়ে কৃষ্ণভাবনামৃত আন্দোলন প্রচার করছি বলে প্রায়ই আমাকে তাঁদের কৃতজ্ঞতা জানাতে আন্দোল তাঁদের মধ্যে কেউ কেউ বলেন যে, আমি যে আমেরিকার কৃষ্ণভাবনামৃত আন্দোলন শুরু করেছি, তা আমেরিকারাসীদের পক্ষে

অত্যন্ত কল্যাণকর। প্রকৃতপক্ষে এই আন্দোলনের পিতা হচ্ছেন শ্রীকৃষ্ণ নিজেই, কারণ বহুদিন পূর্বে তিনিই এই আন্দোলনটি শুকু করেন, কিন্তু শুকু-পরস্পরের ধারায় আজকের মানুষের কাছে তা সূলত হয়ে নেমে এসেছে। এই সম্পর্কে যদি আমার কোন কৃতিত্ব থেকে থাকে, তবে সেটি আমার ব্যক্তিগত কৃতিত্ব নয়, তা আমার পর্মাবাধ্য গুরুদের ও বিষুৎপাদ পর্মহংস পরিব্রাজকাচার্য অক্টোন্ডরশত শ্রীশ্রীমন্ততিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভূপাদের কৃতিত্ব।

এই বিষয়ে আমার যদি কোন কৃতিত্ব থেকে খাকে, তবে সেটি ৩ধু এই জন্যই মে, ভগবদণীতাকে আমি অবিকতভাবে নিবেদন করবার চেম্বা করেছি। আমার এই ভগবদগীতা যথায়থ নিবেদন করার আগে ভগবদগীতার মতগুলি অনুবাদ ছয়েছে, তার প্রায় সব কয়টি সংস্করণই গ্রন্থকারের ব্যক্তিগত উচ্চাভিলার চরিতার্থ করবার উদ্দেশ্যে প্রকাশিত হয়েছে। কিন্তু এই *ভগবদগীতা যথাযথ* প্রকাশ করতে আমাদের এই যে প্রচেষ্টা, সেটি কেবল পরমেশ্বর ভগবান শ্রীক্রফের মহিমা প্রচার করারট প্রচেষ্টা আমাদের উদ্দেশ্য হচ্ছে শ্রীকৃষ্ণের ইচ্ছাকে প্রতিষ্ঠিত করা। জড়বাদী মনোধর্মী, রাজনীতিবিদ, দার্শনিক বা কৈজানিকদের মতবাদ প্রচার করা আমাদের উদ্দেশ্য নয়। কারণ, অন্যান্য বিষয়ে তাঁদের যথেষ্ট পাণ্ডিত। থাকলেও প্রীক্ষণ সম্বন্ধে তাঁদের জ্ঞান অভান্ত অর। গ্রীকৃষণ যখন বলেন, সক্ষা ভব মন্ততো মুদ্যাতী হাং নমস্কুরু আদি, ওখন ওধাকথিত অন্যান্য সমস্ত পশুস্তদের মতো আমরা বলি না যে, শ্রীকৃষ্ণ ও তার অস্তরান্ধা এক নয়। শ্রীকৃষ্ণ হচ্ছেন পরম এবং তাঁর নাম, রূপ, গুণ, লীলা আদি সবই অভিঃ, গুরু-পরস্পরাস্ত্রে কৃষ্ণভক্ত না হতে পারকে, জীকুবেরর এই পরম পদটি উপলব্ধি করা সাধারণ মানুষের পক্ষে সম্ভব নয়। সাধারণত তথাকথিত সমস্ত পণ্ডিত, রাজনীতিবিদ, দার্শনিক ও স্বামীরা শ্রীকৃষ্ণে সম্বন্ধে কোন জান না থাকা সত্ত্বেও যখন ভগবদগীতার ভবের রচনা করে, ভখন ভারা শ্রীকফকে নির্বাসিত করতে চায় বা হত্যা করতে চার। *ভগবদগীতার* উপুর এই ধরনের অপ্রামাণিক ভাষাগুলিকে বলা হয় *মায়াবাদী ভাষা* এবং প্রীচিতন্য মহাপ্রত আমাদের ঐ সমস্ত পাষতীত্তলির সম্বন্ধে সাবধান করে দিয়ে স্পষ্টভাবে বলেছেন যে, "*মায়াবাদি-ভাষ্য শুনিলে হয় সর্বনাশ।*" তিনি স্পষ্টভাবেই বৃঝিয়ে দিয়ে গেছেন বে, কেউ যদি মান্নাবাদীর দৃষ্টিভঙ্গি নিয়ে ভগবদগীতা বৃক্তে চেষ্টা करत, जा इर्ज जाद मर्वनाग इरव। अरे मर्वनास्मद यम इराष्ट्र (य. जनवनगीजात প্রান্ত পাঠক অবশাই পারমার্থিক জীবনে পথভাষ্ট হরে পড়বে এবং ভগবানের কাছে ফিরে যেতে অক্ষম হবে।

যে উদ্দেশ্য সাধন করার জন্য ব্রহ্মার প্রতিদিনে একবার, অর্থাৎ প্রতি
৮৬০,০০,০০,০০০ বংসরে ভগবান প্রীকৃষ্ণ এই পৃথিবীতে অবতরণ করেন,
সেই উদ্দেশ্যকে অনুপ্রাণিত করে বন্ধ জীবদের পথপ্রদর্শন করবার জন্যই এই
ভগবদ্গীতা যথায়থ প্রকাশিত হয়েছে। ভগবানের সেই উদ্দেশ্যের কথা
ভগবদ্গীতায় বর্ণিত হয়েছে এবং তা আমাদের যথায়থভাবে প্রহণ করতে হরে,
তা না হলে ভগবদ্গীতায় ভগবান নিজেই বলেছেন যে, লক্ষ কোটি বংসর আগে
তিনি সূর্বদেবকে সর্বপ্রথম এই জান দান করেন এই সত্য আমাদের স্বীকার করে
নিতে হবে এবং এভাবেই প্রীকৃষেন্দ উপদেশের কদর্থ না করে, ভগবদ্গীতার
ঐতিহাসিক ওকত্ব উপলব্ধি করতে হবে প্রীকৃষ্ণের ইছরে কথা উল্লেখ না করে
ভগবদ্গীতার ব্যাখা করা স্বচেরে গর্হিত অপরাধ এই অপরাধ থেকে রক্ষা
পেতে হলে, প্রীকৃষ্ণকে পরমেশ্বর ভগবান বলে জানতে হবে, ঠিক যেভাবে ভগবান
প্রীকৃষ্ণের প্রথম শিষা অর্জুন তাকে প্রতাক্ষভাবে জেনে ছিলেন। ভগবদ্গীতাকে
প্রভাবে উপলব্ধি করা বথাবহি লাভজনক এবং মানব-জীবনের উদ্দেশ্য পরিপৃরণে
সমাজের যথার্থ কন্যানে সাধনের জন্য অনুমোদিত।

কৃষ্ণভাৰনামূত আন্দোলন মানব-সমাজের পক্ষে অপরিহার্য, যেহেতু তা জীবনের সর্বোচ্চ পূর্ণতা প্রদান করে সেটি কিন্তারে মন্তব তা সম্পূর্ণভারে জগবদ্গীতার ব্যাখ্যা করা হয়েছে। দুর্ভাগ্যবদত জড়াসক তার্কিকোরা ভগবদ্গীতার অজুগ্রত দেখিয়ে তাদের আসুরিক প্রবৃত্তিতলি চরিতার্থ করবার চেন্তা করছে এবং মানুধকে বিপথে চলিত করছে, যার ফালে সাধারণ মানুধ তাদের জীবনের মহজ সরল উদ্দেশতি উলাকি করাত পারছে না সকলেবই উচিত ভগবান শ্রীকৃষের মাখাখ্যা উপলব্ধি করা এবং প্রতিটি জীবের স্বরূপ সম্বন্ধে অবগত হওয়া প্রত্যোকর্মই জানা উচিত যে প্রতিটি জীব হচ্ছে ভগবানের নিতা সেবক এবং শ্রীকৃষের সেবা না করলে তাকে জড়া প্রকৃতিব তিনটি গুণের দ্বারা প্রভাবিত হয়ে মায়ার সেবা করতে হবে এবং তার ফলে জন্ম মৃত্যুর আবর্তে নিত্যকাল আবর্তিত হতে হবে; এমন কি তগাকবিত মৃক্ত মনোধ্যমী মায়াবাদীদেরও এই প্রচণ্ড দৃহধ্যের হাত থেকে কিন্তার নেই। ভগবদ্গীতার জান হচ্ছে একটি মহৎ বিজ্ঞান এবং নিজের যথার্থ কল্যাণ সাধন করার জন্য এই জ্ঞান আহরণ করা প্রতিটি জীবের পরম কর্তব্য।

সাধারণ মানুষ, বিশেষ করে এই কলিযুগে, জীকৃষ্ণের বহিরঙা প্রকৃতির দ্বারা মোহিত বিভান্ত হয়ে ভাবা মনে করে যে, জড় সুখ-স্বাচ্ছদ্যোর উন্নতি সাধন করার ফলেই প্রতিটি মানুষ সুধী হতে পারবে। তারা জ্বানে না যে, এই জ্বড়া

প্রকৃতি বা ভগবানের বহিরঙ্গা শক্তি অত্যন্ত প্রবল, যেহেতু প্রতিটি জীবই জড়া প্রকতির কঠিন নিয়মেব বন্ধনে আবদ্ধ তগবানের বিভিন্ন অংশ হওয়ার কলে জীব আনন্দময় এবং তার স্বাভাবিক প্রবৃত্তি হচ্ছে ভগবানের সেবা করা। মারার দ্বারা মোহিত হয়ে জীব বিভিন্নভাবে তার ইন্দ্রিয়ের তুপ্তিসাধন কবার মাধ্যমে সুখী হবার ভ্রান্ত চেষ্টা করে, কিন্তু সেভাবে সে কোনদিনই সুখী হতে পারে না। আন্মেন্দ্রিয়-প্রীতি সাধনের পরিবর্তে কুমেন্দ্র ইন্দ্রিয়ের তৃপ্রিসাধন করটোই হচ্ছে তার কর্তব্য সেটিই হচ্ছে জীবনের চরম সার্থকতা। ভগবান সেটিই চান এক তিনি তা দাবি করেন *ভগবদগীতার* এই মুল ভাবটি উপলব্ধি করতে হবে। আমাদের এই কৃষ্ণভাবনামৃত আন্দোলন সমস্ক জগৎ জড়ে ভগবদগীতার এই মূল ভাবটি শিক্ষা দিক্ষে, এবং আমরা যেহেতু ভগবদগীতা যথাযথের সুল ভাবটির কর্ম্বর্ করছি না, তাই যে সমস্ত মানুষ *ভগবদগীতা* অধ্যয়ন করে ঐকান্তিকভাবে উপকৃত হতে চান, ভগবানের প্রত্যক্ষ নির্দেশনায় *ভগবদগীতাকে* যথায়ওচাবে উপলব্ধি করার জন্য তাদের অবশাই কৃঞ্জাবনামূত আন্দোলনের সহায়ত। গ্রহণ করতে হবে। তাই আমরা আশা করি যে, এই *ভগবদ্গীতা যথাবথ* পাঠ করে মানুহ পরম লাভবান হবে এবং যদি একজন মানুবও ভগবানের শুদ্ধ ভক্তে পরিণত হতে পারে, তা হলে আমাদের এই প্রচেষ্টা সার্থক বলে মনে করব।

—এ সি. ভক্তিবেদান্ত স্বামী

১২মে, ১৯৭১ সিভনি, অস্ট্রেলিয়া

মুখবন্ধ

র্থ অজ্ঞানতিমিরাদ্ধস্য জ্ঞানাঞ্জনশঙ্গাকয়া।
চক্ষুক্রত্মীলিতং ফেন তত্ত্বৈ শ্রীগুরুবে নমঃ ॥
শ্রীচৈতনামনোহভীষ্টং স্থাপিতং ফেন ভূতলে।
স্বয়ং রূপঃ কলা মহাং দদাতি স্থপনাস্তিকম্ ॥

অক্সতার গভীরতম অন্ধকারে আমার জন্ম হয়েছিল এবং আমার গুরুদের জ্ঞানের আলোকবর্তিকা দিয়ে আমার চক্ষু উন্মীলিত করেছেন তাঁকে আমার সঞ্চন্ধ প্রণতি নিকোন করি।

শ্রীল রূপ গোস্বামী প্রভূপাদ, যিনি শ্রীচৈতন্য মহাপ্রভূপ অভিলায় পূর্ণ করবার জন্য এই পৃথিবীতে আবির্ভূত হয়েছিলেন, আমি ঠার শ্রীপাদপুয়ের আশ্রয় লাভ কবে করতে পারব?

वरप्य देश श्री श्राह्म श्री यूजनम्बद्धाना स्थापित विकास स्वाह्म स्वाहम स्वाह्म स्वाह्म स्वाह्म स्वाह्म स्वाह्म स्वाह्म स्वाह्म स्वाह्

আমি আমার গুরুদেবের পাদপরে ও সমস্ত বৈধ্ববৃদ্দের শ্রীচরণে আমার সশ্রদ্ধ প্রণতি নিবেদন করি। আমি শ্রীরূপ গোস্থামী, তার অগ্রন্ধ শ্রীসনাতন গোস্থামী, শ্রীরঘূনাথ দাস, প্রীরঘূনাথ ভট্ট, শ্রীগোপাল ভট্ট ও শ্রীল জ্রীব গোস্বামীর চরণকমলে আমার সম্রদ্ধ প্রপতি নিবেদন করি। আমি শ্রীকৃফটেতনা, শ্রীনিত্যালন্দ, শ্রীঅদ্বৈত শ্রাচার্য, শ্রীগদাধর, শ্রীবাস ও অন্যান্য পার্মদক্ষদের পাদপথে আমার সশ্রদ্ধ প্রণতি নিবেদন করি। আমি শ্রীমতী ললিতা ও বিশাখা সহ শ্রীমতী রাধারাণী ও শ্রীকৃষ্ণের চরণকমলে আমার সম্রদ্ধ প্রণতি নিবেদন করি

> হে কৃষ্ণ কফণাসিয়ে। দীনবয়ো স্কর্গংপতে । গোপেশ গোপিকাকান্ত রাধাকান্ত নমোহন্ত তে ॥

হে আসার প্রির কৃষণ ভূমি করুশার সিন্ধু, ভূমি দীনের বন্ধু, ভূমি সমস্ত জগতের

পতি, তুমি গোপীদের ঈশ্বর এবং শ্রীমতী রাধারংগীর প্রেমাস্পদ। আমি তোমার পাদপন্মে আমার সশ্রদ্ধ প্রণতি নিবেদন করি।

> তপ্তকাঞ্চনগৌরাঙ্গি রাধে কুদাবনেশ্ববি । বৃষভানুসুতে দেবি প্রণমামি হরিপ্রিয়ে ॥

শ্রীমতী রাধারাণী, যাঁর অঙ্গকান্তি তপ্তকাঞ্চনের মতো, যিনি কুদাবনের ঈশ্বরী, যিনি মহারাজ বৃষভানুর দুহিতা এবং ভগবান শ্রীকৃষেক্ত প্রেরসী, তাঁর চরণকমলে আমি আমার সশ্রন্ধ প্রণতি নিবেদন করি।

> যাঞ্চাকলতক্ষভাশ্চ কৃপাসিজ্বভা এব চ ! পতিভানাং পাবনেভাো বৈক্ষবেভাো নমো নমঃ ॥

সমস্ত বৈষ্ণধ-ভক্তবৃদ্দ, যাঁর৷ বাঞ্চকল্পতঞ্জ মডো সকলের মনোবাঞ্ছা পূর্ণ করতে পারেন, যাঁরা কৃপার সাগ্র ও পতিতপাবন, তাঁদের চরণকমলে আমি আমার সহান্ধ প্রণতি নিবেদন করি

> श्रीकृष्ण्यात्रका शकु निजानम् । श्रीव्यात्रक भगभन्न श्रीतामानि (ग्रीतककृतम् ॥

শ্রীকৃষ্ণটৈতন্য, প্রভূ নিত্যানন্দ, শ্রীঅন্নৈত আচার্য, শ্রীগদাধর ও শ্রীবাস আদি গৌরভক্তবৃন্দের চরণকমলে আমি আমার সম্রদ্ধ প্রণতি নিবেদন করি।

> रता कृष्ण शत कृषा कृषा कृषा रता शत । रत गांव रता बांव नांव नांव रता हता ।

ভগবদৃগীতার আর এক নাম গীতোপনিবদ্। এটি বৈদিক দর্শনের সারমর্ম এবং বৈদিক সাহিত্যের শ্রেষ্ঠ উপনিষদ্। এই গীতোপনিবদ্ বা ভগবদৃগীতার বেশ কয়েকটি ইংরেজী ভাষা ইতিমধ্যে হয়ে গেছে। ভাই জনেকেব মনে প্রশ্ন জাগতে পারে, ভগবদৃগীতার আরও একটি ইংরেজী ভাষোর কি দবকার? ভাই ভগবদৃগীতার এই সংস্করণ সম্বন্ধে দুই একটি কথা জামাকে কলতে হয়। ইদানীং একজন আমেরিকান ভদ্রমহিলা আমাকে জিজ্ঞাসা করেছিলেন, "ভগবদৃগীতার কোন্ ইংরেজী জনুবাদে ভগবদৃগীতার প্রকৃত ভাবকে যথামঞ্চতারে প্রকাশ করা হয়েছে?" আমেরিকাতে ভগবদৃগীতার বহু ইংরেজী সংস্করণ পাওরা যায়, কিন্তু আরু পর্যন্ত আমি এমন একটি ভগবদৃগীতা পেলাম না যাতে ভগবদৃগীতার বথার্থ ভাবকে বজায় রেখে ভাব জনুবাদ করা হয়েছে। শুধু আমেরিকাতেই নয়, ভারতবর্ষেও

ভগবদ্গীতার ইংরেজী অনুবাদের সেই একই অবস্থা। তার কারণ হচ্ছে, ভাষাকারেরা *ভগবদ্গীতার* মূল ভাব বজায় না রেখে তাঁদের নিজেদের মতামতের পরিপ্রেক্ষিতে তার বাাখা করেছেন।

ভাগবদ্গীতাতেই ভগবদ্গীতার মূল ভাব ব্যক্ত হয়েছে। এটি ঠিক এই রকম— আমরা যখন কোন ঔষধ খাই, ভখন যেমন আমরা আমাদের ইচ্ছামতো সেই ঔষধ বেতে পারি না, ডাক্তারের নির্দেশ বা ঔষধের শিশিতে দেওয়া নির্দেশ অনুসারে সেই ঔষধ খেতে হয়, তেমনই ভগবদগীতাকে গ্রহণ করতে হবে ঠিক যেভাবে তার বক্তা তাঁকে গ্রহণ করবার নির্দেশ দিয়ে গেছেন ভগবদ্গীতার বক্তা হচ্ছেন স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ। *ভগবদ্গীতার* প্রতিটি পাডায় বলা হয়েছে যে, শ্রীকৃষ্ণ হচ্ছেন পরমেশ্বর ভগবান। *ভগবান্* শব্দটি অবশ্য কখনও কখনও কোন শক্তিমান পুরুষ অথবা কোন দেব-দেবীর ক্লেত্রেও প্রয়োগ করা হয় এখানে *ভগবান্* শব্দটির হারা ভগবান শ্রীকৃষ্ণকে মহাপুরুষ রূপে বর্ণনা করা হয়েছে, কিন্তু সেই সঙ্গে আমাদের জ্ঞাত হওয়া উচিত ধে, জ্ঞীকৃষ্ণ হচ্ছেন পরমেশ্বর ভগবান। ভগবান প্রীকৃষ্টের যে পরমেশ্বর তা ধীকার করেছেন সমস্ত সভাক্রটা ও ভগবং-তত্মবেত্তা আচার্যেরা—ধেমন, শন্তরাচার্য, রামানুজাচার্য মধ্যাচার্য, নিম্বাকাচার্য, শ্রীচৈতন্য মহাপ্রভু আদি ভারতের প্রতিটি মহাপৃষ্ণয়। খ্রীকৃষ্ণ নিজেই *ডগবদ্গীতাতে বলে* গেছেন 🝾 যে, তিনিই ইচ্ছেন স্বরং ভগবান। *ব্রম্বাসংহিতা* ও সব কয়টি পুরাণে, বিশেষ করে *ভাগবত-পুরাণ শ্রীমন্তাগবতে* শ্রীকৃষ্ণকে পরমেশ্বর ভগবানরূপে বর্ণনা করা হয়েছে (কৃষ্ণস্ক ভগবান স্বয়ম্)। তাই ভগবান শ্রীকৃষ্ণ যেমনভাবে নির্দেশ দিয়ে গেছেন, ঠিক তেমনভাবে ভগবদ্গীতাকে আমাদের গ্রহণ করতে হবে ভগবদ্গীতার **छ्रथ व्य**शास्त्र (८/১-७) छश्चान बर**ल**स्ल—

> हैमर विवयरक योशः श्राक्तवानहमयाग्नम् । विवयानाव्य थाह मन्तिकृष्करयश्ववीर ॥

व्यसः भवन्भवाधाश्वमिमः वाकर्यसा विमृतः । भ काल्तिक भक्ता सार्धा नहेः भवस्रभ ॥

म धनायः यया एठ२मा यानाः श्राकः भूताकनः । चरकाशमि या मना क्रांव वरमाः श्राकमुख्यम् ॥

এখানে ভগবান অর্জুনকে বলেছেন যে, এই যোগ ভগবদ্গীতা প্রথমে তিনি সূর্যদেবকে বলেন, সূর্যদেব তা বলেন মনুকে, মনু ইক্ষাকুকে এবং এভাবে গুরু-পরস্পরাক্রমে গুরুদেব থেকে শিষ্যতে এই জ্ঞান ধারাবাহিকভাবে প্রবাহিত হয়ে

মুখবন্ধ

আসছিল কিন্তু এক সময় এই পরম্পরা ছিন্ন হয়ে যাওয়ার ফলে আমরা এই জ্ঞান হারিয়ে ফেলি। তাই ভগবান কুরুক্ষেত্রের রণাঙ্গনে নিজে এসে আবার এই জ্ঞান অর্জুনের মাধ্যমে দান করকোন

তিনি অর্জুনকে বললেন, "তুমি আমার ভড় ও সখা, তাই রহস্যাবৃত এই পবম জ্ঞান আমি তোমাকে দান করছি " এই কথার তাৎপর্য হচ্ছে যে, ভগবদগীতার জ্ঞান কেবল ভগবানের ভক্তই আহরণ করতে পারে। অধ্যান্দ্রবাদীদের সাধারণত ভিনটি শ্রেণীতে ভাগ করা যায় যথা—জ্ঞানী, যোগী ও ভক্ত, অথবা নির্বিশেষবাদী, ধ্যানী ও ভক্ত। এখানে ভগবান স্পষ্টভাবে অর্জুনকে বলেছেন যে, পূর্বের পরস্পরা নষ্ট হয়ে যাবার ফলে তিনি তাঁকে দিয়ে পুনরায় সেই পুরাতন খোগের প্রচার কংপোন। তিনি চেখেছিলেন যে, অর্জুন এই জ্ঞানকে যথাযথভাবে উপসন্ধি করে তার প্রচার করবেন। আর এই কাঞ্জের জন্য তিনি অর্জুনকেই কেবল মনোমীত করলেন, কারণ অর্জুন ছিলেন তাঁর ভক্তে, তাঁর অন্তর্গে সখা ও তাঁর প্রির শিয়। তাই ভগবানের ভক্ত না হলে অর্থাৎ ভক্তি ও ভালবাসরে মাধামে তাঁর অন্তরক সামিধ্যে না এলে ভগবানের মাহাত্ম্য উপলব্ধি করতে পারা সম্ভব নয় তাই অর্জুনের গুণে গুণান্বিত মানুষেরটে কেবল *ডগবদগীতাকে* মথামথভাবে উপলব্ধি করতে পারে ভতির যাধ্যয়ে ভড়ের সঙ্গে ভগবানের যে প্রেম-মধুর সম্পর্ক গড়ে উঠে, তারই আলোকে ভগবানের স্বরূপ উপলব্ধি করা সম্ভব হয়। এই সম্পর্কের ব্যাখ্যা করতে গেলে অনেক কথা বসতে হয়, তবে সংক্ষেপে বলা যায় যে, ভক্ত ভগবানের সঙ্গে নিম্নলিখিত পাঁচটি সম্পর্কের যে কোন একটির দ্বারা যুক্ত থাকেন---

(১) নিষ্ক্রিয়ভাবে ভক্ত হতে পারেন	(শান্ত)
(২) সৃত্রিন্মভাবে ভক্ত হতে পারেন	(দাস্য)
(৩) বন্ধুভাবে ভক্ত হতে পারেন	(সখ্য)
(৪) অভিভাবক রূপে ডক্ত হতে পারেন	(বাৎসল্য)
(৫) দাস্পত্য প্রেমিকরূপে ভক্ত হতে পারেন	(মাধুৰ্য)

অর্জুনের সঙ্গে ভগবানের সম্পর্কের রূপ ছিল সখ্য অবশ্য শ্রীকৃষ্ণের সঞ্চে অর্জুনের যে বদ্ধুত্বের সম্পর্ক তার সঙ্গে পার্থিব জগতের বদ্ধুত্বের বিশুর তফাৎ, এই সম্পর্ক হচ্ছে অপ্রাকৃত এবং জড় অভিজ্ঞতার পবিপ্রেক্ষিতে এর বিচার করা কখনই সম্ভব নয় যে কোন লোকের পক্ষে এই বদ্ধুত্বের আস্বাদন লাভ করা সম্ভব নয়, তবুও প্রত্যেকেই কোন না কোনভাবে ভগবানের সঙ্গে যুক্ত এবং এই

সম্পর্কের প্রকাশ হয় ভক্তিযোগের পূর্ণভার মাধ্যমে। তবে আমাদের বর্তমাম অবস্থায়, আমরা কেবল ভগবানকেই ভূলে যাইনি, সেই সঙ্গে ভূলে গেছি তাঁর সঙ্গে আমাদের চিরন্ডন সম্পর্কের কথা। লক্ষ কোটি জীবের মধ্যে প্রতিটি জীবেরই ভগবানের সঙ্গে কোন না কোন রকমের শাশ্বত সম্পর্ক রয়েছে, এবং সেই সম্পর্ক হচেছে জীবের স্বরূপ ভক্তিযোগের মাধ্যমে এই স্বন্ধপের প্রকাশ হয় এবং তাকে বলা হয় জীবের স্বরূপসিদ্ধি' অর্জুন ছিলেন ভগবানের ভক্ত এবং তাঁর সাধ্যে ভগবানের সম্পর্ক ছিল বন্ধুত্বের সম্পর্ক।

ভগবদ্গীতার মর্মোপলন্ধি করতে হলে প্রথমেই আমাদের দেখতে হবে অর্জুন কিভাবে তা গ্রহণ করেছিলেন। ভগবদ্গীতার দশম অধ্যায়ে (১০,১২-১৪) তা বর্ণনা করা হয়েছে—

> व्यर्जुन উवांठ भद्गर द्वन्य भद्गर थाम भविद्या भद्गमर खवान् । भूकृषर भाषाण निवामानितनयस्य विष्ट्रम् ॥ व्यावस्थाम्यसः मद्वं तनवर्षिनीत्रमञ्ज्या । व्यामाजा तनवाना वामाः स्वार देवस अवीर्षि त्य ॥ मर्थामाज्य च्वार मत्यार वमि त्वभव । न हि त्य क्षांवन् वास्तिः विमूर्तावां न मानवाः ॥

"অর্জুন বললেন—তুমিই পরম পুরুবোগুম জগবান, পরম ধাম, পরম পবিত্র ও পরবলা তুমিই শাশত, দিবা, আদি পুরুব, অন্তা ও বিতৃ নারদ, অসিত, দেবল, ব্যাস আদি সমস্ত মহান অধিরাই তোমার এই তত্ত্ব প্রতিপন্ন করে গেছেন, আর এখন তুমি নিজেও তা আমার কাছে বাজে করছ হে শ্লীকৃষ্ণ, তুমি আমাকে যা বলেছ তা আমি সম্পূর্ণ সভা বলে গ্রহণ করেছি হে জগবান। দেব অথবা দানব কেউই ডোমার তথ্ব উপলব্ধি করতে পশ্রে না।"

প্রম পুরুষোন্তম ভগবানের কাছে ভগবদ্পীতা শোনার পর অর্জুন বুঝাডে পেরেছিলেন যে, গ্রীকৃষ্ণই হচ্ছেন পরং ব্রহ্ম অর্থাৎ পরব্রহ্ম। প্রতিটি জীবই ব্রহ্ম, কিন্তু পরম জীব অথবা পরম পুরুষোন্তম জগবান হচ্ছেন প্রব্রহ্ম। পরং ধাম কথাটির অর্থ ইচ্ছে তিনি সব কিছুর পরম আশ্রয় অথবা পরম ধাম। পবিত্রস্থানে তিনি হচ্ছেন বিশুদ্ধ অর্থাৎ জড় জগতের কোন রক্ম কলুর তাঁকে স্পর্ম করতে পারে না। পুরুষ্য কথাটির অর্থ হচ্ছে, তিনিই পর্ম ভোকা, শাস্থতম্ অর্থ সনাতন, দিব্যম্ অর্থ অপ্রাকৃত, আদিদেবম্ অর্থ প্রথম পুরুষ ভগবান, অজম্ অর্থ জন্মরহিত এবং বিভূম শব্দটির অর্থ সর্বশ্রেষ্ঠ।

কেউ মনে করতে পারেন যে, অর্জুন যেহেতু শ্রীকৃষ্ণের বন্ধু ছিলেন, তাই তিনি ভাবোচ্ছুসিত হয়ে শ্রীকৃষ্ণের গুণকীর্তন করেছেন কিন্তু ভগবদৃণ তার পাঠকের মন থেকে সেই সন্দেহ দূব করার জন্য অর্জুন পরবর্তী শ্লোকে বলেছেন যে, নারদ, অসিত, দেবল, ব্যাসাদি ভগবৎ-ডত্মবিদ্ মহাজনেরা সকলেই দ্রীকৃষ্ণকে পরম পুরুষোত্তম ভগবান বলে স্বীকার করেছেন বৈদিক জ্ঞান যথায়প্রভাবে বিতরণকারী এই সমস্ত মহাপুরুষদের আচার্যেরা স্বীকার করেছেন তাই অর্জুন শ্রীকৃষ্ণকে বলেছেন যে, তার মুখনিঃসৃত প্রতিটি কথাকেই তিনি সম্পূর্ণ নির্ভুল বলে গ্রহণ করেন সর্বমেতদ্ শ্রভং মন্যে— "তোমার প্রতিটি কথাই আমি পরম সত্য বলে গ্রহণ করি " অর্জুন আরও বলেছেন যে, ভগবানের ব্যক্তিত্ম উপলব্ধি করা খুবই দুরর এবং দেবতারাও তার প্রকৃত স্বরূপ বুখতে পারেন না এর অর্থ হল্ছে যে, মানুযের চেয়ে উচ্চজরে অধিকিত যে দেবতা, তারাও ভগবানের স্কর্প উপলব্ধি করেওে অক্ষম তাই সাধারণ মানুব ভগবানের ভক্ত না হলে কিভাবে তাকে উপলব্ধি করেখে?

ভগবদৃগীতাকে তাই ডিজির মাধ্যমে গ্রহণ করতে হয় গ্রীকৃষ্ণকে কথনই আমাদের সমকক বলে মনে করা উচিত নয় প্রিকৃষ্ণকে একজন সাধারণ বাজি বলে মনে করা উচিত নয়, এমন কি তাঁকে একজন মহাপুরুষ বলেও মনে করা উচিত নয় ভগবদৃগীতার মর্মার্থ উপলব্ধি করতে হলে শ্রীকৃষ্ণকে পরম পুরুষোত্তম ভগবান বলে স্থীকার করে নিতেই হবে সূতরাং ভগবদৃগীতার বিবৃতি অনুসারে কিংবা অর্পুনের অভিবাজি অনুসরণে যিনি ভগবদৃগীতা বৃবাতে চেষ্টা করছেন, তাঁকে শ্রীকৃষ্ণ যে পরম পুরুষোত্তম ভগবান, তা অন্তত তত্মাতভাবে মেনে নিতে হবে এবং সেই রকম বিনম্ন মনেভাব নিয়ে ভগবদৃগীতা উপলব্ধি করা সম্ভব শ্রদ্ধাবনত চিত্তে ভগবদৃগীতা না পড়লে, তা বুঝতে পারা খুবই কঠিন, কারণ এই শান্তেটি চিরকালই বিপুল রহস্যাবৃত।

ভগবদ্গীতা আসলে কিং ভগবদ্গীতার উদ্দেশ্য হচ্ছে অজ্ঞানতার অন্ধকারে আছের এই জড় জগতের বন্ধন থেকে মানুষকে উদ্ধার করা প্রতিটি মানুষই নানাভাবে দুঃখকন্ট পাছে, যেমন কুরুক্টেত্রের যুদ্ধের সময় অর্জুনও এক মহা সমস্যার সন্মুখীন হয়েছিলেন অর্জুন ভগবানের কাছে অধ্যুসমর্পণ করলেন এবং তার ফলে তখন ভগবান তাকে গীতার ভত্তজান দান করে মোহ্মুক্ত করলেন এই জড় জগতে কেবল অর্জুনই নন, আমরা প্রত্যেকেই সর্বদাই উদ্বেগ উৎকণ্ঠায় জর্জরিত। এই জড় জগতের অনিতা পরিবেশে আমাদের যে অন্তিত্ব, তা অন্তিত্বহীনের মতো এই জড় অন্তিত্বের অনিতাতা আমাদের ভীতি প্রদর্শন করে.

কিন্তু তাতে ভীত হওয়ার কোন কারণ নেই। আমাদের অন্তিত্ব হচ্ছে নিজ্য। কিন্তু যে কোন কারণবশত আমরা অসৎ সন্তায় আধন্ধ হয়ে পড়েছি অসৎ বলতে বোঝায় যার অন্তিত্ব নেই।

এই অনিত্য অন্তিত্বের ফলে মানুষ প্রতিনিয়ত দুঃখকষ্ট ভোগ করছে কিন্তু সে এতই মোহাচ্ছন যে, তার দুঃখকন্ট সম্পর্কে সে মোটেই অবগত নয়। হাজার হাজার মানুষের মধ্যে কেবল দুই-একজন তাদের ক্রেশ-জর্জরিত অমিত্য অবস্থাকে উপলব্ধি করতে পেরে অনুসন্ধান করতে শুরু করে, "আমি কেং" "আমি কোথা থেকে এলাম ?" "কেন আমি এই জাটিল অবস্থায় পতিত হয়েছি?" মানুব যতক্ষণ পর্যন্ত না তার মোহাচছয় অবস্থা কাটিয়ে উঠে তার দুঃখ-দুর্দশা সম্পর্কে সচেতন হয়ে এই অবস্থা থেকে উদ্ধার পাওয়ার জন্য অনুসন্ধান করছে, যতক্ষণ পর্যন্ত না সে বুঝাতে পারছে যে, সে দুঃখ-দুর্দশা চার না, ততক্ষণ তাকে যথার্থ মানুষ বলে গণ্য করা চলে না মানুষের মনুষ্যাজের সূচনা তখনই হয়, যখন ভার মনে এই সমস্ত প্রশ্নের উদয় হতে শুরু করে প্রক্রাস্থ্রে এই অনুসন্ধানকে বলা হয় ব্রম্মজিন্তাসা *অথাতো ব্রম্মজিজাসা*। মানব-জীবনে এই ব্রন্ধজিল্লাসা, ব্যতীত আর -সমস্ত কর্মকেই বার্থ বা অর্থহীন বঙ্গে গণ্য করা হয়। তাই যারা ইতিমধ্যেই প্রশ্ন করতে শুরু করেছেন, "আমি কে?" "আমি কোথা থেকে এলাম?" "আমি কেন কন্ত পাছিং" "মৃত্যুর পরে আমি কোথায় যাবং" তাঁরাই *ভগবদুগীতার* প্রকৃত শিক্ষার্থী হওয়ার যোগ্যতা অর্জন করেছেন এই ডব্ব মিনি আন্তরিকভাবে অনুসন্ধান করেন, তিনিই ভগবানের প্রতি অকৃত্রিম ভক্তি অর্জন করেন। আর্জুন ছিলেন এমনই একজন অনুসদ্ধানী শিক্ষাধী।

ভগবান শ্রীকৃষ্ণ মানব-জীবনের প্রকৃত উদ্দেশ্য সম্বন্ধে মানুষকে সচেতন করে দেবার জন্যই এই পৃথিবীতে অবতরণ করেন। তা সন্ত্রেও হাজার হাজার তত্ত্বানুসন্ধানী মানুষের মধ্যে কোন ভাগ্যবান ব্যক্তি কেবল ভগবং-তত্ত্ব পূর্ণরূপে উপলব্ধি করে নিজের প্রকৃত স্বরূপ সম্বন্ধে অবগত হন, এবং এমন মানুষের জন্যই ভগবান ভগবদ্গীতা শুনিরেছেন। অজ্ঞতারূপ হিংল জন্তুটি আমাদের প্রতিনিয়ত্ত প্রাস করে চলেছে, কিন্তু ভগবান করুণাময়, বিশেষ করে মানুষের প্রতি তাঁর করুণা অপার, তাই তিনি তাঁর বন্ধু অর্জুনকে শিক্ষার্থীরূপে গ্রহণ করে ভগবদ্গীতার মাধ্যমে মানুষকে ভগবং-তত্ত্ব দান করে গেছেন।

অর্জুন ছিলেন শ্রীকৃষ্ণের সহচর, তাই জড় জগতের অজ্ঞতা তাঁকে স্পর্শ কবতে পারত না, কিন্তু ভগবানের ইচ্ছানুসারে কুরুক্ষেত্রের যুদ্ধের সময় তিনি সাময়িকভাবে মোহাছের হয়ে পড়েন যাতে তিনি তাঁর সেই সঙ্কটময় অবস্থা থেকে উদ্ধার পাওয়ার

স্থবন্ধ

জন্য শ্রীকৃষ্ণের শরণাপর হয়ে তাঁকে প্রশ্ন করেন, এবং তাঁর মাধ্যমে ভগবান আগামী দিনের মানুষ্ণের উদ্ধারের উপায়-স্বরূপ ভগবং-তর্তুজ্ঞান সমন্বিত ভগবদ্গীতা কর্ননা করলেন অপার করণাময় ভগবান মানব-জীবনকে সার্থক করে তুলবার জন্য মানুষ্কে তার স্বরূপ সম্বন্ধে অবগত করলেন, আর তাদের নির্দেশ দিলেন কিভাবে জীবন অতিবাহিত করা উচিত।

ভগবদগীতার বিষয়বস্তুতে আমরা পাঁচটি মুল তত্ত্ব উপলব্ধি করতে পারি।
সর্বপ্রথমে ভগবানের স্বরূপ বর্ণনা করা হয়েছে এবং তার প্রিপ্রেম্পিতে জীবের
স্বরূপ বাখ্যা করা হয়েছে ঈশ্বর আছেন এবং তিনিই সব কিছুর নিয়ন্থ্য করছেন,
আর জীব প্রতিনিয়ন্তই তার দ্বারা নিয়ন্ত্রিত হচে। যদি কেউ কলে যে, সে কাকও
দ্বারা নিয়ন্ত্রিত হচে না, সে মুক্ত, তা হলে বুঝতে হবে সে উন্মান। জীব সর্বদাই,
বিশেষ করে বন্ধ অবস্থায় সর্বতোভাবে নিয়ন্ত্রিত। তাই ভগবদ্গীতার পরম নিয়ন্ত্র ঈশ্বর ও সর্বদা নিয়ন্ত্রিত জীবের বিষয়বন্ধ নিয়ে আলোচিত হয়েছে। তা ছাড়া
প্রকৃতি (জড়া প্রকৃতি), কাল (সমগ্র ক্রন্যাণ্ডের অন্তিন্ধ ও জড়া প্রকৃতির অভিব্যক্তির
অন্তিক্বের স্থিতিকাল) এবং কর্মও (কার্যকলাপ) আলোচনা করা হয়েছে। জৌতিক
জগতের প্রকাশ বিভিন্ন কার্যকলাপে পরিপূর্ণ। সমস্ত জীবেরা বিভিন্ন কার্যকলাপে
বিশ্ব তাই ভগবদ্গীতা থেকে আমানের জানতে হবে ভগবান কেং জীব কিং প্রকৃতি কিং ভৌতিক জগৎ কিং আর কিভাবে তা মহাকালের দ্বারা
পরিচালিত হয় এবং জীবের কার্যকলাপ কিভাবে নিয়ন্ত্রিত হয়।

ভগবদ্গীতায় এই পাঁচটি বিষয়বস্তু আপোচনা করার মাধ্যমে সুদৃঢভাবে প্রমাণ করা হয়েছে যে, ভগবান বা প্রীকৃষ্ণ বা পরব্রহ্ম বা পরম নিয়ন্তা বা পরমানা— যে নামেই তাকে সন্মোধন করা হোকে, তিনিই হচেনে সর্বর্জ্ঞে। সকল জীবই পরম নিয়ন্তার মন্তোই গুণগতভাবে সমান। যেমন, জড়া প্রকৃতিজ্ঞাত এই বিশ্বন্ধান্তের সব কিছু ভগবান নিয়ন্তা করছেন, যা ভগবদ্গীতার শেষ অধ্যায়গুলিতে বর্ণনা করা হয়েছে। জড়া প্রকৃতি স্বাধীন নয়। পরমেশ্বরের নির্দেশে তাঁকে কাজ করতে হচ্ছে। প্রীকৃষ্ণ তাই বলেছেন ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সৃয়তে সমরাচরম্— "এই জড়া প্রকৃতি আমার নির্দেশনায় জিয়াশীল।" আমরা বন্ধন ভৌতিক জনতে বিশ্বয়কর কোন কিছু ঘটতে দেখি, তন্ধন আমাদের বোঝা উচিত যে, এর পেছনে একজন নিয়ন্তা বয়েছেন। নিয়ন্তিত না হলে কোন কিছুরই প্রকাশ হতে পারে না। যদি কেউ মনে করে যে, কোন পরিচালক ব্যতীতই প্রকৃতি পরিচালিত হচেছ, তবে তা শিশুসুল্ভে নির্মুদ্ধিতা একটি শিশু যেমন একটি মোটর গাড়ি চলতে দেখে মনে করতে পারে যে, কোন ঘোডা বা পশুর ঘারা পরিচালিত না হয়ে মোটর

গাড়িট নিজে নিজে চলছে, কিন্তু পরিণত বৃদ্ধিসম্পন্ন যে কোন মানুষই মেটির গাড়ির কারিগরি বাবস্থার ব্যাপারটি জানে। সে জানে যে, একজন চালক কলকজ্ঞা নাড়িরে সেই গাড়িটিকে চালিয়ে নিয়ে যাছে। তেমনই, পবমেশ্বর ভগবান হছেন এই ভৌতিক জগতের সমস্ত কিছুর পরিচালক তারই তত্বাবধানে সব কিছু পরিচালিত হছে। জীব হছে ভগবানের অবিছেদ্য অংশ, এবং ভগবদৃগীতাতে তার বিশদ আলোচনা করা হয়েছে। এক বিশ্ সমুদ্রের জল যেমন গুণগতভাবে সমস্ত সমুদ্রের জল থেকে অভিন্ন, এক কণা সোনাও যেমন সোনা, ঠিক তেমনই ভীব পরম নিয়ন্তা বা ঈশ্বর বা ভগবান শ্রীকৃষ্ণের অপরিহার্য অংশ হবার ফলে, ভগবানের সমস্ত গুপই তার মধ্যে অণু পরিমাণে বিদ্যমান, কেন না প্রতিটি জীব ক্ষুদ্র ঈশ্বর, নিরন্তাগধীন ঈশ্বর। আমরা প্রকৃতির উপর কর্তৃত্ব করার চেন্টা করছি, যেমন এখন আমরা অন্তরিক অথবা জন্যানা গ্রহ নিয়ন্ত্রিত করবার চেন্টা করছি এই প্রচেন্টা স্বাভাবিক, কারণ কর্তৃত্ব করার এই গুণ শ্রীকৃষ্ণের মধ্যেই বিদ্যমান কিন্তু প্রকৃতির উপর কর্তৃত্ব করবার চেন্টা করছি এই প্রচেন্টা স্বাভাবিক, কারণ কর্তৃত্ব করার এই গুণ শ্রীকৃষ্ণের মধ্যেই বিদ্যমান কিন্তু প্রকৃতির উপর কর্তৃত্ব করার হোন্ডা বিদ্যমান করার কর্তৃত্ব করার বাই ভাবন্দুগীতাতে এর বিশ্বদ ব্যাখ্যা করা হয়েছে

স্কৃতি কিং গীতায় তাকে ব্যাখ্যা করা হয়েছে যে, তা হতে নিকৃষ্টা প্রকৃতি আর জীবকে কলা হয়েছে উৎকৃষ্টা প্রকৃতি উৎকৃষ্ট হোক বা নিকৃষ্টই হোক, প্রকৃতি সব সময় নিয়ন্ত্রণাধীন, স্থ্রী যেমন স্বামীর দ্বারা পরিচালিত হয়, নারীস্বরূপা প্রকৃতিও তেমনই ঈশ্বরের ধারা পরিচালিত হয়। জীব ও জড়া প্রকৃতি উভয়কে প্রমেশ্বর পরিচালিত করেন গীতাতে বলা হয়েছে, জীব যদিও ভগবানের অপরিহার্য অংশ, তবুও ভাকে প্রকৃতি বলেই স্বীকার করতে হবে ভগবদগীভার সপ্তম অধ্যায়ে তা স্পষ্টভাবে বলা হয়েছে অপরেয়মিতজ্লনাং প্রকৃতিং বিদ্ধি মে প্রাম/জীবভূতাম্—"এই জড়া প্রকৃতি আমার নিম্নতর প্রকৃতি, এই নিম্নতর প্রকৃতির অতিত আর একটি প্রকৃতি আহে—জীবভূতাম্ অর্থাৎ জীবসন্তা

ব্রুড়া প্রকৃতি গঠিত হয়েছে সন্ম, বজ ও তম—এই ডিনটি গুণের সমন্বরে। এই গুণত্রক্রের উপ্পর্য আছে অনন্ত কাল এবং অনন্ত কালের প্রভাবে ও পরিচালনায় এই গুণগুলির সমন্বর ঘটে এবং তার ফলে প্রকৃতি সক্রিয় হয়ে ওঠে—একে বলা হয় কর্ম। অনশু কাল গরে এই কর্মপ্রক্রিয়া ঘটে চলেছে আমরা আমাদের কর্মের ফলস্বরূপ সুখ অথবা দৃঃখ ভোগ করি। যেমন, মনে করা যাক যে, আমি একজন ব্যবসায়ী, তখন আমি যদি বৃদ্ধি খাটিয়ে কঠোর পরিশ্রম করে প্রচুর অর্থ সঞ্চয় কনি, তবে আমি সেই অর্থ উপভোগ করতে পারি কিন্তু আমি যদি আমার সমস্ত সম্পদ অপচয় করে ফেলি, তবে আমাকে ক্রেশ স্বীকার করতেই হবে সেই

রকম জীবনের প্রতিটি ক্ষেত্রেই আমরা আমাদের কর্মের ফলস্বরূপ সূব অথবা দুঃখ পেয়ে থাকি

ভগবদুগীতায় ঈশ্বর, জীব, প্রকৃতি, কাল ও কর্ম—এই সব কিছুরই ব্যাখ্যা করা হয়েছে এই পাঁচটির মধ্যে ঈশ্বর, জীব, জভা প্রকৃতি ও কাল হচ্ছে নিত্য। প্রকৃতির অভিপ্রকাশ অনিতা হতে পারে, কিন্তু তা যিখ্যা নয় । কোন কোন দার্শনিক বলে থাকেন যে, জড়া প্রকৃতির প্রকাশ মিথ্যা, কিন্তু ভগবদ্গীতার দর্শন বা বৈষ্ণব দর্শন তা স্বীকার করে না প্রকৃতির প্রকাশ যদিও সাময়িঞ, তবুও তা সতা। তাকে আকাশে ভাসমান খেছ অঞ্চবা শস্যের প্রষ্টি সাধনকারী বর্ষা খতুর সঙ্গে তুলন। করা চলে যখন বর্ষা ঋতু শেষ হয়ে যায় এবং মেঘ ভেলে চলে যায়, তখন সমস্ত শস্যকণা যা বৃষ্টির ফলে পুষ্ট হয়েছিল, তা শুকিয়ে যায়। তেমনই কোন এক সময়ে এই জড় জগতের প্রকাশ হয়, কিছুকালের জন্য তার খিতি হয় এবং ডারপর তা অন্তর্হিত হয়ে যায়। প্রকৃতি এভাবে কাঞ্জ করে চলে। এভাবে আনন্তকাল ধরে প্রকৃতির প্রকাশ, স্থিতি ও অন্তর্ধান হয়ে চলেছে। তাই প্রকৃতি নিত্য, প্রকৃতি মিধ্যা নয় ভগবান তাই একে বলেছেন, "আমার প্রকৃতি।" এই জড়া প্রকৃতি হচ্ছে পরমেশ্বর ভগবানের ভিন্না প্রকৃতি। তেমনই জীবও হচ্ছে ভগবানের শক্তি, তবে তারা বিচ্ছিন্ন নয়, ভগবানের সঙ্গে নিতা সম্পর্কযুক্ত। তাই ঈশ্বর, জীব, জড়া প্রকৃতি ও কাল একে অপরের সঙ্গে পরস্পর সম্পর্কযুক্ত এবং সকলেই নিত্য কিন্তু অন্য বিষয় কর্ম নিত্য নয়। বস্তুত কর্মের ফল অতি প্রাচীন হতে পারে। শারণাতীত কাল থেকে কর্মের ফলস্বরূপ আমরা সুখ অথবা দুঃখ ভোগ করছি কিন্তু আমরা আমাদের কর্মফগকে পরিবর্তিত করতে পারি এবং এই পরিবর্তন নির্ভর করে আমাদের জ্ঞানের পূর্ণতার উপর আমরা নানা রকমের কর্ম সম্পাদন করি নিঃসন্দেহে আমরা জানি না, কোন্ কর্ম আমাদের করা উচিত এবং কোন্ কর্ম করা উচিত নয় বিশেষ করে আমরা জানি না, কোন্ কর্ম করলে কর্মের বন্ধন থেকে মৃক্ত হওয়া যায় ভগবদগীভায় ভগবান ভার ব্যাখ্যা করে আমাদের জানিয়ে দিচ্ছেন কোন কর্ম করা আমাদের কর্তব্য।

ঈশ্বর হচ্ছেন পরম চেতনার উৎস জীব ঈশবের অপবিহার্য অংশ, তাই সেও চেতন। জীব ও জড়া প্রকৃতি উভয়কেই প্রকৃতি বা ভগবানের শক্তি বলা হয়। কিন্তু তাব মধ্যে জীবই কেবল চেতন জড়া প্রকৃতি অচেতন। সেটিই হচ্ছে পার্থক্য তাই জীব-প্রকৃতিকে উৎকৃষ্টতর প্রকৃতি বলা হয়, কেন না স্কীব ভগবানের মতো চৈতনাময় ঈশ্বর কিন্তু পরম চৈতন্যময়, কেউ যদি বলে যে, জীবও পরম চৈতন্যময়, তবে তা ভুল হবে জীব কোন অবস্থাতেই সমন্ত চেতনার উৎস হতে ারে না। জীব তার সিদ্ধি লাভের কোন অবস্থাতেই পরম চৈতন্যময় হতে গারে না, এবং জীব তা হতে পারে কোন মতবাদে যদি বলে, তবে সেটি বিদ্রান্তিকর মতবাদ। সে চৈতন্যময় ঘটে, কিন্তু পরম চৈতন্যময় নয়।

জীব ও ঈশ্বরের পার্থকা গীতার ত্রয়োদশ অধ্যায়ে বিশদভাবে আলোচনা করা হয়েছে। এই আলোচনার মাধ্যমে আমরা জানতে পারি যে, জীবের মতো ভগবামও ক্ষেত্রজ্ঞ অর্থাৎ চেতন, তবে জীব কেবল তার নিজের দেহটি সম্বন্ধে সচেতন, কিন্তু ভগবান সমন্ত দেহ সম্বন্ধেই সচেতন যেহেতু তিনি সকলের হাদমে অবস্থান করেন, তাই তিনি সকলেব অন্তর্গতম প্রদেশের কথা জানেন । এই কথা আমাদের ভললে চলবে না। এই সহস্কে আরও বাাখা করা হয়েছে যে, পরম পুরুষোত্তম ভগবান প্রমান্ত্রাক্তের সংজ্ঞীবের অন্তরে অধিষ্ঠিত এবং জীবের হাসনা অনুসারে ভিনিই তাদের পরিচালিত করেন। মোহাছহে হয়ে জীব তার কর্তব্যকর্ম ভুলে যায়। প্রথমত তার স্বাধীন ইচ্ছার বশবতী হয়ে সে কোন কিছু করার সংকল্প করে, এবং তারপর সে নিজের কর্মের ক্রিয়া-প্রতিক্রিয়ার ধারা আবদ্ধ হয়ে পড়ে সে এক দেহ পরিত্যাগ করে আর এক দেহ ধারণ করে—যেমন আমরা পুরাতন কাপড় ফেলে দিয়ে নতুন কাগড় পরি । এভাবে পূর্বকৃত কর্মের ফলসক্রপ আত্মা এক দেহ থেকে আর এক দেহে দেহাগুরিত হয় এবং তার বিগত কর্ম অনসারে সে নানা রকম কট পায়। কিন্তু জীব হখন সমুগুণে অধিন্তিত হয়ে প্রকৃতিস্থ হয় এবং তার কর্তব্যকর্ম সম্বন্ধে সচেওন হয়, তখনই সে তার পূর্বকৃত কর্মের বন্ধন থেকে মুক্ত হয়। তথন আর ডাকে ডার পূর্বকৃত কর্মের ফল ভোগ করতে হয় না। এভাবে আমরা দেখতে পাই যে, কর্ম নিতা নয় তাই *ভগবদগীতায় ব*লা হয়েছে ঈশ্বর, স্থীব, প্রকৃতি ও কাল হচ্ছে নিতা, কিন্তু কর্ম অনিতা

পরম চৈতনাময় ইশ্বর ও জীব গুণগতভাবে এক সিশ্বরের পরম চৈতনা এবং জীবের অণুচেতনা, উভয়েই অপ্রাকৃত এমন নয় যে, জড় বস্তুর সংস্পর্শে আসার ফলে জীবের চেতনার বিকাশ হয়। এই চাবগাটি প্রান্ত কোন বিশেষ প্রাকৃতিক পরিবেশে জড়ের মধ্য থেকে চেতনের উত্তব হয় সেই কথা গীতায় স্বীকার করা হয়নি। জড়া প্রকৃতিব প্রভাবে চেতনার বিকৃত প্রতিফলন হতে পারে এবং তা হচ্ছে রঞ্জিন কাঁচের মাধামে প্রতিফলিত রক্তিন আলোকের মতো। কিন্তু পরমেশ্বরের চেতনা কখনই জড়া প্রকৃতিব দ্বারা প্রভাবিত বা কলুষিত হয় না ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন, ময়াঘাজেশ প্রকৃতিঃ—"আমার শ্বারা পরিচালিত প্রকৃতি।" তিনি যখন এই জড় জগতে অবতরণ করেন, তখন তাঁর চেতনা জড়া প্রকৃতিব দ্বারা প্রভাবান্থিত হয় না। তাই যদি হস্ত, তবে তিনি পরম তত্ত্বজ্ঞান সমন্বিত ভগবদ্গীতার জ্ঞান

দান করতে পারতেম না। জড়া প্রকৃতির দারা চেতনা যতক্ষণ কলুবিত পাকে, ততক্ষণ অপ্রাকৃত জগৎ সম্বন্ধে কোন জ্ঞান ব্যক্ত করা বায় না। ভগবান প্রম চৈতনাম্য এবং তিনি জড়া প্রকৃতির কলুষ থেকে সম্পূর্ণভাবে মৃক। তাই, অপ্রাকৃত জগতেব পূর্ণ জ্ঞান কেবল তিনিই দান কবতে পারেন। আমাদের চেতনা এখন জড়া প্রকৃতির প্রভাবে কলুমিত হয়ে আছে। তাই, *ভগবদগীতার* মাধ্যমে ভগবান আমাদের শিক্ষা দিয়েছেন, কিভাবে আমাদের চেতনা কল্যযুক্ত হয়ে পবিত্র হলে আমাদের অন্তর ডগবশ্বুখী হয়ে ওঠে এবং তখন আমাদের সমস্ত কর্তবাকুমই ছগবানের ইচ্ছানুসারে সাধিত হয়, ফলে আমর। সুখী হতে পাবি। এমন সয় বে. কর্মের বন্ধন থেকে মুক্ত হতে হলে আমাদের সমস্ত কর্তব্যকর্ম ত্যাগ করতে হবে। কর্মবন্ধন থেকে মুক্ত হবার উপায় হচেছ কর্তব্যকর্মকে পবিও করা। এই পবিত্র কর্মেরই নাম ভক্তি ভক্তিন ধশবন্তী হয়ে যে কর্ম করা হয়, আপাতদৃষ্টিতে তাকে সাধারণ কর্ম বঙ্গে মনে হতে পারে, কিন্তু এই কর্মকে কোন রকম কল্মতা কথনও স্পর্শ করতে পারে না ভগবানের ভক্তকে দেখে একজন মর্থ লোক-মনে করতে পারে খে, ডিনি সাধারণ মানুষের মডোই কাজ করে চলেন্দে, কিন্তু সেটি ভার নির্বৃদ্ধিতা সে বুঝতে পারে যে, ভগবঞ্জ অথবা ভগবানের কার্যকল্যপ অপবিত্র চেতনা বা জড়ের ছারা কলুষিত হয় লা। সেই সমস্ত ক্রিগুণাতীত। তলে আমাদের মানে রাখা উচিত যে, আমাদের চেতনা এখন কল্বিত এবং তাই ভক্তিযোগ সাধন করার মাধ্যমে আমাদের চেতনাকে কলুষমুক্ত করতে হবে।

আমরা যখন জাড়ের প্রভাবে কল্বিত থাকি, তথন আমাদের সেই অবস্থাকে বলা ধ্য় বন্ধ অবস্থা এই বন্ধ অবস্থায় আমাদের চেতনা বিকৃত হয়ে থাকে এবং তার ফলে আমরা মনে করি যে, জড় পদার্থ থেকে আমরা উত্তত হয়েছি। এরই নাম অহস্কার। যে মানুষ তার দেহগত চিন্তায় মথ, সে কখনও তার বরুপ জানতে পারে না ভগবান ভগবন্গীতায় বলেছিলেন যাতে মানুষ তার দেহগঙ ভাবনাকে অতিক্রম করে তার স্বরূপ উপক্রি করতে পারে। ভগবানের কাছ থেকে এই জ্ঞান লাভ কবার জন্যই অর্জুন নিজেকে সেই অবস্থায় উপস্থাপিত করেছিলেন। দেহাবাবৃদ্ধি থেকে অবশাই মুজিলাভ করতে হবে, অধ্যাত্মবাদীদের সেটিই প্রাথমিক কর্তবা এই জড় বন্ধন থেকে যে মুক্ত হতে চায়, তাকে প্রথমে জানতে হবে যে, তার প্রকৃত স্বরূপ তার জড় দেহটি নয়। মুক্তির অর্থই হচ্ছে জড় চেতনা থেকে মুক্ত হওয়া প্রমন্ত্রাগবতেও মুক্তির অর্থ হচ্ছে এই জড় জগতের কল্বিত চেতনা থেকে মুক্ত হওয়া প্রসন্ত্রাগবতেও মুক্তির অর্থ হচ্ছে এই জড় জগতের কল্বিত চেতনা থেকে মুক্ত হরে শুক্ত হরে অর্বাহিত হওয়া।

ভগবদ্গীতার প্রতিটি নির্দেশই এই পবিত্র শুদ্ধ চেতনার স্তরে অবস্থিত হওয়ার কথা বলছে এবং তাই আমরা দেখতে পাই যে, ভগবদ্গীতার শেষ পর্যায়ে শ্রীকৃষ্ণ অর্ধুনকে জিজেস করছেন যে, তাঁর চেতনা কলুযমুক্ত হয়ে পবিত্র হয়েছে কি না। পবিত্র বা বিশুদ্ধ চেতনা কলতে বোঝায় ভগবানের নির্দেশ অনুসারে কর্ম করা এই হচ্ছে বিশুদ্ধ চেতনার মর্মার্থ। আমরা যেহেত্ ভগবানের অপবিহার্য অংশ, তাই আমরা চেতন, কিন্তু জড়া প্রকৃতির সান্নিধ্যে আসার ফলে প্রকৃতির তিনটি শুণের ঘারা আমাদের চেতনা প্রভাবান্বিত হয়ে পড়ে, কিন্তু ভগবান যেহেতু পরমেশ্বর, তাই তিনি কখনই এর হারা প্রভাবান্থিত হম না। ক্ষুদ্র স্বতন্ত্র জীব ও ভগবানের মধ্যে এটিই হচ্ছে পার্যকা।

এই চেতনা কলতে কি বোঝারং এই চেতনা হচ্ছে "আমি আছি।" তারপর আমি কিং কলুবিত তেতনায় এই আমি মানে, "আমি হচ্ছি সমস্ত জগতের অধীশ্বর। আমি হচ্ছি ভোকা।" এই জগৎ প্রতিনিয়তই আবর্তিত হচ্ছে, কারণ প্রত্যেকটি জীবসন্তা মনে করে যে, সে হঞে এই জড় জগতের স্রন্থী ও অধীশ্বর জাড় চেতনার দুটি প্রকাশ হর। তার একটির প্রভাবে জীব মনে করে সে হচ্ছে শ্রষ্টা এবং অন্যটির প্রভাবে সে মনে করে সে হচ্ছে ভোক্তা। বিস্তু প্রকৃতপক্ষে প্রমেশ্বর ভগবানই হচ্ছেন সব কিছুর বন্ধা ও ভোজা, আর জীব ভগবানের অপরিহার্য অংশ হবার কলে সে ভাষ্টাও নয়, ভোক্তাও নয়, সে হচ্ছে সহায়ক সে হচ্ছে সৃষ্ট ও ভোগা। উদাহরণস্বরূপ বলা যেতে পারে, একটি যন্ত্রের একটি অংশ বেমন সমগ্র যশ্রটির পরিচালনার সহযোগিতা করে, ঠিক তেমনই ভগবানের অংশ হবার ফলে জ্রীবের একমাত্র কর্তব্য হচ্ছে ভগবানের কাজে সর্বতোভাবে সহযোগিতা করা। হাত, পা, চোখ, মুখ আদি হচ্ছে দেহের অংশ, কিন্তু তারা কখনই ভোক্তা নয়। ভোক্তা হয়েছ উদর, এগুলি সমষ্টিগডভাবে কাজ করে উদরকে ভোগ করতে সাহায্য করে। ধেমন পা দেহকে বহন করে নিয়ে চলে, হাত খাদা সংগ্রহ করে, দাঁত চর্বণ করে। এভাবে সমস্ত দেহই উদবকে ভোগ করতে সহযোগিতা করে, কারণ উদর ভৃষ্ট হলে সমস্ত দেহ পুষ্ট হয় তাই সব কিছু উদরকে দেওয়া হয় এবং তার ফলে সমস্ত দেহ বলিষ্ঠ ও সক্রিয় হয়। গাছের গোড়ায় জল দিলে বেমন সমস্ত গাছটিকে জল দেওয়া হয়, উদরকে খাদ্য দিলে যেমন দেহকে বাদ্য দেওয়া হয়, ঠিক তেমনই পরম স্কেটা ও পরম ভোক্তা ভগবানের সৃষ্টিকার্যে ও ভোগের কার্যে সহযোগিতা করাই আমাদের কর্তব্য এভাবে তাঁকে তৃষ্ট করার ফলেই আমাদের অন্তিত্বের উদ্দেশ্য সফল হয় , যদি হাতের আঙুল মনে করে, উদরকে না দিয়ে সে নিজেই সব কিছু খাবে, তা হলে ডাকে

নিরাশ হতে হবে ঠিক তেমনই জীব যদি মনে করে, ভগবানকে বাদ দিয়ে সে
নিরোশ হতে হবে। ভগবান সৃষ্টিকর্তা এবং তিনিই
হচ্ছেন একমাত্র ভোক্তা, আব সমস্ত জীব হচ্ছে তাঁব সহায়ক। ভগবানের সহায়তঃ
করার মাধামে জীব তার অন্তিম্বের সার্থকতা উপলব্ধি করতে পারে এবং তার ফলেই
সে আনন্দ উপভোগ করতে পারে ভগবানের সঙ্গে জীবের সম্পর্ক হচ্ছে প্রভূ
ও ভূত্যের সম্পর্ক প্রভূ যদি সম্পূর্ণভাবে সন্তুষ্ট হয়, তবে ভূতাও সজুন্ট হয়।
সেই রকম, পরমেশ্বর ভগবানকে সন্তুষ্ট করা উচিত। যদিও সৃষ্টিকর্তা হওয়ার
প্রবশতা এবং জড় জগৎ উপভোগের প্রবশতা জীবদের মধ্যেও রয়েছে, কেন না
প্রকাশমান জগতের সৃষ্টিকর্তা পরমেশ্বর ভগবানের মধ্যে সেই একই প্রবণতা
বিদ্যমান

সুওরাং, ভগবদ্গীতাতে আমরা দেখতে পাব যে, পরম নিয়ন্তা, নিয়ন্ত্রণাধীন জীবসকল, নিখিল জগৎ, মহাকাল ও কর্ম—এই সব নিয়েই পূর্ণ সন্তা বিরাজিত, এবং সব কিছুরই আলোচনা এখানে ব্যাখ্যা করা আছে। এগুলি এক সাথে নিয়েই পূর্ণ পরম সন্তা গঠিত হয় এই পূর্ণ সন্তাকে বলা হয় পরমতন্ত্ব। এই পূর্ণ সন্তা ও পূর্ণ পরমতন্ত্ব হচ্ছেন পূর্ণ পুরুষোভয় ভগবান শ্রীকৃষণ। তারই বিভিন্ন শক্তির ফুলে সমস্ত কিছুরই অভিপ্রকাশ ঘটে থাকে। তিনিই হচ্ছেন সমাক্তাবে পূর্ণ।

গীতাতে এই কথাও বলা হয়েছে যে, নির্বিশেষ ক্রমণ্ড হচ্ছে পূর্ণ পরম প্রবরের অধীন (রক্ষণো হি প্রতিপ্রাহম্) নির্বিশেষ রক্ষার আরও বিশ্বন বাখ্যা করে রক্ষাস্ত্রতে বলা হয়েছে যে, নির্বিশেষ রক্ষা হচ্ছে সূর্যরশিরে মতো নির্বিশেষ রক্ষা হছে পরম প্রবর্গতে বলা হয়েছে যে, নির্বিশেষ রক্ষা হচ্ছে সূর্যরশিরে মতো নির্বিশেষ রক্ষা হছে পরম প্রথমেত্ব জগনানের রশ্মিছেটা। তাই, নির্বিশেষ রক্ষা হচ্ছে পূর্ণ পরমাত্রের অসম্পূর্ণ উপলব্ধি এবং পরমান্যার ধারণাও সেই রক্ষা। ভগনানৃগীতার পঞ্চলশ অধ্যায়ে দেখা যারে যে পরমান্যা উপলব্ধিও ভগবানের পূর্ণ উপলব্ধি নয়। কারণ পরমান্যা হচ্ছে ভগবানের আংশিক প্রকাশ। ভগনান্যার জানতে পারি যে, পুরুষোত্তম ভগবানে হচ্ছেন নির্বিশেষ রক্ষা ও পরমান্যা উভয়েরই উর্বের্ধ পরমাতত্ত্ব ভগবান হচ্ছেন সচিদানন্দ বিগ্রহা। রক্ষাসার্হিতার ভরতেই বলা হয়েছে— ক্রম্বার পরমাঃ কৃষণ্ণ সচিদানন্দবিগ্রহা/অনাদিরাদির্গোবিন্দর সর্বকারণারান্যায়। "পরমোন্যর পরমাঃ কৃষণ্ণ সার্হিন্দ হচ্ছেন সর্বকারণারান্যায়। "পরমোন্যর শ্রীকৃষ্ণর বা গোবিন্দ হচ্ছেন সর্বকারণার কারণ, অনাদির আদি গোবিন্দ এবং সৎ, চিৎ ও আনন্দের মূর্তবিগ্রহ হচ্ছেন তিনিই।" ব্রন্ধা-উপলব্ধি হচ্ছে তার সং (শান্থত সনাতন) বৈশিষ্ট্যের উপলব্ধি, পরমান্ত্রা উপলব্ধি হচ্ছে তার সং কের উপলব্ধি কিন্তু পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণরকে উপলব্ধি করা হচ্ছে তার সং, চিৎ ও আনন্দের অপ্রাকৃত রূপকে পূর্ণভাবে অনুন্তব করা।

অন্ধর্দ্ধিসম্পর মানুষের। মনে করে যে, পরমতত্ত্ব হচ্ছেন নির্বিশেষ, তাঁর কোন রূপ নেই, কোন আকার নেই, কিন্তু তাদের এই ধারণাটি ভূল। তিনি হচ্ছেন অ্যাকৃত চিনায় পুরুষ; সমস্ত বৈদিক শান্তে এই কথা দৃঢ়ভাবে প্রতিপন্ন করা হয়েছে। নিজ্যো নিত্যানাং চেতনক্ষেতনানাম্। (কঠ উপনিষদ ২/২/২৩) যেমন আমরা সকলে বতত্ত্ব জীব এবং আমাদের ব্যক্তিগত স্বাতন্ত্র্য আছে, তেমনই পরম তত্ত্বের সর্বোচ্চ ভরে যিনি সর্বকারণের কারণ, তাঁরও রূপ আছে তিনি পুরুষ, তিনি ভগবান এবং গ্রাকৃত প অপ্রাকৃত সমস্ত কিছুর উৎস হচ্ছেন তিনিই তাঁকে উপলব্ধি করা হলে তাঁর অপ্রাকৃত রূপের সব কিছুই উপলব্ধি করা হয়ে যায়। যিনি স্বয়ং পূর্ব, তিনি কথনই নির্বিশেষ হত্তে পারেন না যদি তিনি নির্বিশেষ হন, যদি তিনি কোন কিছু থেকে নূল হন, তবে তিনি পূর্ণ হবেন কেমন করে? আমাদের অভিজ্ঞতায় যা আছে এবং যা আমাদের অভিজ্ঞতার অতীত, তা সবই ভগবানের মধ্যে বিদ্যমান। নতুবা তা পূর্ণতত্ত্ব হতে পারে না

সমাক্ সম্পূর্ণ প্রদ্বোত্তম ভগবানের মধ্যে রয়েছে বিপুস শক্তিরাজি (পরাস্যা শক্তিবিবিধেও জ্লাতে)। শ্রীকৃক্ষের শক্তির বিভিন্ন প্রকাশ কিভাবে হয়, তাও ভগবদ্গীতাতে ব্যাখ্যা করা হয়েছে। এই যে পরিদৃশামান জ্লগৎ অথবা অনিত্যা জড় জগৎ, বাতে আমরা অধিষ্ঠিত হয়েছি, এটিও স্বয়ং পূর্ণ, কারণ যে চবিশটি উপাদান হারা এই জড় জগৎ অনিতারুপে অভিবাক্ত হয়েছে, সাংখ্য-দর্শন অনুযায়ী, তাদের সমাক্রপে সমব্যের ফলে উল্লুত হয়েছে পূর্ণ সম্পদ, যা এই রক্ষাণ্ডের অভিত্ব ও বক্ষাব্যেকপের জন্য অপরিহার্য। এর মধ্যে কোন কিছুই অতিরিক্ত নেই, আবার অন্য কিছুর দরকারও নেই। এই অভিপ্রকাশের স্থায়িত্ব পরম পূর্ণের শক্তির স্থারা নির্ধারিত নিজম্ব সময়ের উপর নির্ভরশীল সেই সময় শেষ হয়ে গোলে, পরম পূর্ণেব পূর্ব বাবস্থার নির্দেশে এই অস্থায়ী অভিবাক্তির লয় হয়ে যায় এখানে জীবও তার ক্ষুস্ত সন্তা নিয়ে পূর্ণ এবং পরম পূর্ণ ভগবানকে পূর্ণরূপে উপলব্ধি করবার সমস্ত সূর্যোগ সূবিধা সমস্ত জীবেরই আছে স্বয়ংসম্পূর্ণ ভগবানের সম্বন্ধে আমাদের জ্ঞান অপূর্ণ, তাই আমরা সব বক্ষমের অপূর্ণতা অনুভব করি। ভগবৎশতত্বজ্ঞানের পূর্ণ প্রকাশ হয়েছে বেদে এবং বৈদিক জ্ঞান পূর্ণরূপে প্রকাশিত হয়েছে ভগবদ্দীতাতে।

বেদের সমস্ত জ্ঞানই অপ্রান্ত। হিন্দুরা জানে যে, বেদ পূর্ণ ও অপ্রান্ত। যেমন স্মৃতি, অর্থাৎ বৈদিক অনুশাসন অনুযায়ী পশুর মল অপবিত্র এবং তা স্পর্শ করকে মান করে পবিত্র হতে হয়। আবার বৈদিক শাস্ত্রেই বলা হচ্ছে যে, গোময় পশুর মল হলেও তা পবিত্র, এমন কি কোন স্থান যদি অপবিত্র হয়ে থাকে, তবে সেখানে

গোময় লেপন করলে তা পবিত্র হয়ে বায়। আপাতদৃষ্টিতে এটি গরস্পরবিরোধী উলি বলে মনে হতে পারে, কিন্তু বৈদিক অনুশাসন বলেই এটি গ্রহণ করা হয়েছে এবং এটি গ্রহণ করে কেউ ভূল করেছে, তা বলা হয় না। পরবভী কালে আধুনিক বৈজ্ঞানিক বিশ্লেষণে প্রমাণিত হয়েছে যে, গোময়ে সব কয়টি জীবাণুনাশক গুল বর্তমান বয়েছে। সূতরাং বৈদিক জ্ঞান সম্পূর্ণরূপে অভ্রান্ত এবং তাই বেদকে নিঃশঙ্কচিত্তে অনুসরণ করা যায় বৈদিক জ্ঞান সব রক্ষ সন্দেহ ও প্রান্তির অতীত, এবং ভাবদদীতা হতে সমস্ক বৈদিক জ্ঞানের সারাহল।

বৈদিক জ্ঞান নিয়ে গবেষণা চলে নাঃ গবেষণা বগতে সাধারণত যা বোঝার, তা ক্রটিপূর্ণ, কারণ ক্রটিপূর্ণ ইন্দ্রিয়ের সাহায়ের ঐ সব গবেবণা হয়ে থাকে। ক্রটিহীন, অস্রান্ত জান আমাদের *ভগবদ্গীতা* খেকে প্রহণ করতে হবে, বার উৎস হচ্ছেন স্বন্ধং ভগবান এবং যা শুরু-শিষ্য পরস্পরাক্রমে সম্পূর্ণ অপরিবর্তিভভাবে প্রবাহিত হঙ্ছে অর্জুন যখন শিব্যরূপে ভগবান শ্রীকৃঞ্জের কাছ থেকে গীতার জ্ঞান আহরণ করেন, তখন তিনি কোন রকম বাদানুবাদ না করে, ভগবানের মুখনিঃসৃত বাণীকে পরম সত্য বলে গ্রহণ করেছিলেন। ভগবদ্গীতাকে আংশিকভাবে গ্রহণ করা চলে না আমরা কলতে পারি না যে, ভগবদুগীতার একটি অংশ আমরা গ্রহণ করব, আর ব্যক্তিটা গ্রহণ করব না। ভগবদগীতার বাণী সম্পূর্ণ অপরিবর্তিজভাবে খেয়ালখুশি মতো বাদ না দিয়ে কিংবা মনগড়া ব্যাখ্যা না করেই আমাদের প্রহণ করতে হবে. ভগবান শ্রীকৃষণ অর্জুনকে যেভাবে তা বলেছিলেন, ঠিক সেভাবেই জগবদগীতার বথায়থ নির্দেশ গ্রহণ করতে হবেঃ আমাদের সব সময় মনে রাখতে হবে, গীতা হচ্ছে বৈদিক জ্ঞানের পূর্ণ প্রকাশ। বৈদিক জ্ঞান এই জড় জগতের জ্ঞান নয়, এর প্রবর্তক হচ্ছেনে স্বয়ুং ভগবান, ভাই বেদের জ্ঞান হচ্ছে দিব্যজ্ঞান। অপ্রাকৃত উৎস থেকে বৈদিক জ্ঞান প্রহণ কবতে হয় এবং এর প্রথম বাণী নিঃসৃত হয়েছিল স্বয়ং ভগবানের কাছ থেকেই। ভগবানের মুখনিঃসূত বাণীকে বলা হয় *অপৌক্রেয়*, অর্থাৎ ভগবানের কথা সাধারণ মানুষের কথার থেকে সম্পূর্ণ আলাদা , কারণ, সাধারণ মানুষ চারটি ক্রটিব দ্বারা কল্বিত— শ্রম, ২) প্রমাদ, ৩) বিপ্রলিক্সা, ৪) করণাপটেব। ল্রম সাধারণ মানুষ অবধাবিতভাবে ভূল কবে, প্রমাদ—সে মায়াব দারা আছে৯. বিপ্রলিন্সা—সে অন্যকে প্রতাবণা করতে চেষ্টা করে এবং করুণাপটিব—সে তার ক্রটিপূর্ণ ইন্দ্রিয়ের দ্বারা সীমিত এই সমস্ত ক্রটি থাকার ফলে মানুষ সর্বপরিব্যাপ্ত পরম জ্ঞান প্রহণ করতে ও প্রদান করতে অক্ষম।

বৈদিক জ্ঞান এই ধরনের ক্রটিপূর্ণ জীবদের দ্বারা প্রদন্ত হয়নি প্রথম সৃষ্ট জীব ।
বন্ধার হাদমে ভগবান সর্বপ্রথমে এই জ্ঞান প্রদান করেন, তারপর ব্রন্ধা যেভাবে
পরমেশ্বরের কাছ থেকে সেই জ্ঞান পেয়েছিলেন, ঠিক সেভাবেই তার সন্তান ও
শিব্যদের মধ্যে তা বিভরণ করেন। ভগবান হচ্ছেন পূর্ণ, জড়া প্রকৃতির নিয়মের
দ্বারা তাঁর কখনই প্রভাবিত হওয়ার সন্তাবনা নেই তাই যারা যথেষ্ট বৃদ্ধিমন্ত্রাসম্পর
ভারা বৃথতে পারেন, ভগবানই হচ্ছেন আদি অন্তা—ব্রন্ধাকে তিনিই সৃষ্টি করেছেন
ক্রম তিনিই হচ্ছেন এই বিশ্বরুমাণ্ডের সমস্ত কিছুর ভোক্তা ভগবদ্দীতার একাদশ
ক্রধ্যায়ে ভগবানকে প্রণিতামহ বলে বর্ণনা করা হয়েছে, কারণ তিনি পিতামহ
বন্ধারও পিতা। এভাবে সর্বত্রই আমরা দেখতে পাই যে, ভগবানই হচ্ছেন সব
কিছুর স্ক্রা। তাই আমাদের কখনই মনে করা উচিত নয়, আমরা কোন কিছুর
মালিক। মালিক কেবল তিনিই, যিনি সব কিছু সৃষ্টি করেছেন জীবন ধারণ
করার জনা থেটুকু প্রয়োজন এবং ভগবান আমাদের জনা যতটুকু নির্ধারিত করে
রেখেছেন, ঠিক ততটুকুই আমাদের প্রহণ করা উচিত

আমাদের জন্য ভণবান মতাঁকু নির্ধারিত করে রেখেছেন, তা কিভাবে সন্থাবহার করতে হবে তার অনেক সৃশ্বর সৃদ্ধর প্রারম্ভেরণ আছে। ভগবদ্গীতাতেও এর বাাখা করা হয়েছে। কুলক্ষেত্রর মুদ্ধের প্রারম্ভে অর্জুন ঠিক করেন তিনি যুদ্ধ করবেন না। এটি ছিল তাঁর নিজের সিদ্ধান্ত অর্জুন পরমেশ্বর ভগবানকে বলেন বে, সেই মুদ্ধে নিজের আশ্বীয়-পরিজনদের হতা। করে রাজ্যাতোগ করা তাঁর পক্ষে সম্ভব নয়।, দেহাশ্ববৃদ্ধির ফলে তিনি এই সিদ্ধান্ত নিয়েছিলেন তিনি মনে করেছিলেন যে, তাঁর প্রকৃত স্বরূপ হচ্ছে তাঁর দেহ, এবং তাঁর দেহজাত আশ্বীয়-পরিজন, ভাই, ভাইপো, ভগ্নীপতি, পিতামহ প্রভৃতিকে তিনি তাঁর আপনম্বান বলে মনে করেছিলেন। তাই তিনি তাঁব দেহের দাবিগুলি মেটাতে চেয়েছিলেন। তাঁর ঐ আন্ত দৃষ্টিভঙ্গি পরিবর্তন করার জন্যই ভগবান ভগবদ্গীতার দিবাজান তাঁকে দান করেন। এই জ্ঞান প্রাপ্ত হয়ে তাঁর প্রকৃত অর্থ হাদয়ঙ্গম করতে পাবার ফলেই অর্জুন ভগবানের পরিচালনার যুদ্ধ করতে ব্রতী হন। তথন তিনি বলেন, করিয়ো কান্ত তথ—"তুমি যা বলবে আমি তাই করব।"

এই পৃথিবীতে মানুষ কৃক্ব-ধেড়ালের মতো ঝগড়া কবে দিন কাটারাব জন্য আসেনি। ভাকে তার বৃদ্ধিমন্তা দিয়ে মানব জীবনের ধর্থার্থ উদ্দেশ্য সম্বন্ধে সচেতন হতে হবে এবং একটি পশুর মতো জীবন যাপন কবা বর্জন কবন্তে হবে সমস্ত বৈদিক শান্ত মানব-জীবনের ধর্মার্থ উদ্দেশ্য সম্বন্ধে নির্দেশ দিছে এবং সমস্ত বৈদিক ভানের সারাংশ ব্যক্ত হরেছে ভগবদ্গীতাতে বৈদিক সাহিত্য মানুষের জনা

পশুদের জন্য নয়। তাই প্রতিটি মানুষের কর্তন্য হছে বৈদিক জ্ঞান হলয়সম করে মানবজীবন মার্থক করে জেলো। কোন পশু কথন জন্য পশুকে হত্যা করে, তাতে তার পাপ হয় না, কিন্তু মানুষ যদি তার বিকৃত ক্রচির তৃপ্তি সাধনের জন্য কোন পশুকে হত্যা করে তখন সে প্রকৃতির নিয়ম ভঙ্গ করার অপরাধে অপরাধী হয়। জগবদ্গীতাতে বিশ্বজাবে ব্যাখ্যা করে বলা হয়েছে যে, প্রকৃতির বিভিন্ন শুণ অনুসারে তিন রকমের কর্ম সাধিত হয় যথা সম্বশুদের প্রভাবে কর্ম, রজ্যোত্তণের প্রভাবে কর্ম। তেমনই আহার্য কন্ত্রও আছে তিন বর্ষনের—সন্ধৃত্তণের আহার, রজ্যোত্তণের আহার, আর তমোত্তণের আহার। এই সবই পরিশ্বারজাবে বর্ণনা করা আছে এবং যদি আমরা ভগবদ্গীতার এই সব নির্দেশ যথার্থজাবে কাজে লাগাই, তা হলে আমাদের সারা জীবন পবিত্র হয়ে উঠবে এবং পরিণামে আমরা এই জড় জগতের আকাশের উধের্য আমাদের পরম লক্ষ্যে উপনীত হতে পারব (যদ গড়া ন নির্বর্তন্তে জন্মান পরমহে মুমা)।

এই পরম গন্ধবাস্থলের নাম 'সলাতন ধাম'। সেই নিতা শাধত অপ্রাকৃত আগৎই হচেছ আমাদের প্রকৃত আলম এই জড় জগতে আমরা দেখতে পাই সব কিছু আন্থায়ী। তাদের প্রকাশ হয়, কিছুকাণের জন। তারা অবস্থান করে, কিছু থকা প্রসব করে, ক্ষয় প্রাপ্ত হয় এবং তারপর এক সময় তারা অদুশা হয়ে খার। এটিই হচ্ছে এই জড় জগতের ধর্ম, আমাদের এই দেহ, অথবা এক টুক্নো ফল অথবা আন্য যে-কোন কিছুরই দৃষ্টান্ত আমরা দিই না কেন। কিন্তু এই অস্থায়ী জগতের অতীত আর একটি জগৎ আছে, যার কথা আমরা জানতে পারি বৈদিক শাল্লের মাধ্যমে সেই জগৎ শাশ্বত, সনতেন। বৈদিক শান্তের মাধ্যমে আমরা জানতে পারি জীবও শাশ্বত, সনাতন। *জগবদৃগীতার* একাদশ অধ্যায়ে বলা হয়েছে, ভগবান সনাতন এবং সনাতন ভগবানের অবিচেহন অংশ হবার ফলে জীবাদ্মাও সনাতন। ভগবানের সঙ্গে আমানের অন্তরঙ্গ সম্পর্ক বয়েছে, এবং যেহেতৃ গুণদতভাবে সনাতন থাম, সনাতন ভগবান ও সনাতন জীব—সবই এক, তাই ভগবদ্গীতার একমাত্র উদ্দেশ্য হচ্ছে আমাদের সনাতন বৃত্তি অথবা আমাদের সনাতন ধর্মকে পুনর্জাগরিত করা। অস্থায়ীভাবে আমরা নানা ধরনের কর্মে নিয়োজিত হয়ে রয়েছি কিন্তু এই সমস্ত কর্ম পবিত্রতা অর্জন করতে গারে, যদি আমরা এই সমস্ত অস্থায়ী কর্ম বর্জন কবি আর প্রযোধর ভগবানের নির্দেশ মতো কর্মভার গ্রহণ করি। এরই নাম পবিত্র জীবন।

ভগবান ও তাঁর দিব্যধাম উভয়ই সনাতন। জীবও সনাতন। জীব যখন তার সনাতন প্রবৃত্তিকে জাগিয়ে তুলে সনাতন ধামে ভগবানের সারিধ্যে জাসে, তখনই তার জীবন সার্থক হয়ে ওঠে। বেহেতু সমন্ত জীব প্রমেশ্বরেরই সন্তান, সেই কারণে তাদের সকলেরই প্রতি তিনি পরম করুণাময় তগবান প্রীকৃষ্ণ ভগবানগীতাতে (১৪/৪) বলেছেন, সর্ব্যোনিষু কৌন্তের মূর্তরঃ সম্ভবন্তি যাঃ/তাসাং রক্ষা মহদ্যোনিরহং বীজপ্রনঃ পিতা—"হে কৌন্তের। সমন্ত যোনিতে যে সমন্ত দেহ উৎপন্ন হয়, রক্ষারূপা প্রকৃতিই তাদের জননী এবং আমিই বীজ প্রদানকারী পিতা।" অবশাই বিভিন্ন কর্ম অনুসারে সব রক্মের জীব রয়েছে, কিন্ত এখানে ভগবান বলেছেন বে, তিনি সকলেরই পিতা। তাই এই পৃথিবীতে ভগবান অবতরণ করেন এই সমন্ত পতিত, বন্ধ জীবাদ্মাদের উদ্ধার করবার জনা, যাতে তারা তাদের শাখত সনাতন অবস্থা ফিরে পেরে ভগবানের সঙ্গে চিরন্তন সঙ্গ লাভ করে এবং সনাতন শাখত চিদাকাশে আবার অধিষ্ঠিত হতে পারে। ভগবান স্বয়ং বিভিন্ন অবতাররূপে অবতরণ করেন, কখনও বা তিনি তাঁর বিশ্বন্ত অনুতরকে অথবা তাঁর প্রির সন্তানকে পাঠান, কখনও বা তার অনুগামী ভৃত্যকে বা আচার্যকে পাঠান কন্ধ জীবাদ্ধাদের উদ্ধার করবার জনা।

তাই সনাতন ধর্ম বলতে কোন সাম্প্রদায়িক ধর্মপদ্ধতিকে বোঝায় না, এটি ইচ্ছে পরম শাশ্বত ভগবানের সঙ্গে সংধ্যযুক্ত নিতা শাশ্বত জীবসকলের নিত্য ধর্ম আগেই বলা হয়েছে, সনাতন ধর্ম হছে জীবের নিত্য ধর্ম জীপাদ রামানুজাচার্য সনাতন শব্দটির বাখ্যা করে বলেছেন, "যার কোন শুরু নেই এবং শেষ নেই।" তাই যথন আমরা সনাতন ধর্মের কথা বলি, জীপাদ রামানুজাচার্যের নির্দেশানুসারে আমাদের মনে রাখতে হবে যে, এই ধর্মের আদি নেই এবং গ্রন্ত নেই।

বর্তমান জগতে ধর্ম বলতে আমরা সাধারণত যা বৃদ্ধি, সনাতন ধর্ম ঠিক তা নয়। ধর্ম বলতে সাধারণত কোন বিশ্বাসকে বোঝায়, এবং এই বিশ্বাসের পরিবর্তন হতে পারে। কোন বিশেষ পঞ্চার প্রতি কারও বিশ্বাস থাকতে পারে, এবং সে এই বিশ্বাসের পরিবর্তন করে জন্য কিছু গ্রহণ করতেও পারে। কিছু সনাতন ধর্ম বলতে সেই সন কার্যকলাপকে বোঝায়, যা পরিবর্তন হতে পারে না। যেমন, জল থেকে তার তরলতা কখনই বাদ দেওয়া যায় না, আগুন থেকে যেমন তাপ ও আলোককে বাদ দেওয়া যায় না, তেমনই সলাতন জীবের সলাতন বৃত্তি জীবের বেকে আলাল করা যায় না। জীবের সঙ্গে তার সনাতন ধর্ম ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। সূতরাং যক্ষ আমরা সনাতন ধর্মের কথা বলি, তথন শ্রীপাদ রামানুজাচার্যের প্রামাণ্য ভাষ্য মেনে নিতে হবে যে, এর কোন আদি অন্ত নেই। যায় কোন আদি নেই, অন্ত নেই, সেই ধর্ম কঝনই সাম্প্রদায়িক হতে পারে না এই ধর্ম সমস্ত জীবের ধর্ম, তাই তাকে কথনই কোন সীমার মধ্যে সীমিত রাখা যায় না একে

মুখবন্ধ

কোন সম্প্রদায়ের মধ্যে বন্ধ রাখাও চলে না। কিন্তু তবুও কিছু সাম্প্রদায়িক লোক মনে করে যে, 'সনাতন ধর্মও' একটি সাম্প্রদায়িক ধর্ম, কিন্তু এটি তাদের দৃষ্টিভঙ্গির সঙ্কীর্ণতা ও বিকৃত বৃদ্ধিজাত অন্ধতার প্রকাশ। আমরা বখন আধূনিক বিজ্ঞানের পরিপ্রেক্ষিতে সনাতন ধর্মের যথার্থতা বিশ্লেষণ করি, তখন দেখি যে এই ধর্ম পৃথিবীর প্রতিটি মানুষের ধর্ম—তথু তাই নয়, এই ধর্ম সমগ্র বিশ্ববন্ধাণ্ডের প্রতিটি জীবের ধর্ম।

অসনাতন ধর্মবিশ্বাসের স্ত্রপাতের ইতিহাস পৃথিবীর ইতিহাসের বর্ষপঞ্জিতে লেখা থাকতে পারে, কিন্তু সনাতন ধর্মের স্ত্রপাতের কোন ইতিহাস নেই, কারণ সনাতন ধর্ম সনাতন জীবের সঙ্গে অঙ্গান্ধিভাবে যুক্ত থেকে চিরকালই বর্তমান। জীব সম্বন্ধেও শাস্ত্রে বলা হয়েছে যে, সে জন্ম-মৃত্যুর অভীত। ভগবদ্যীতাতে বলা হয়েছে যে, জীবের জন্ম নেই, মৃত্যু নেই। সে শাশ্বত ও অবিনশ্বর এবং তার দেহের মৃত্যু হলেও তার কথনই মৃত্যু হয় না। সনাতন ধর্ম বলতে বে ধর্ম বোঝায়, তা আমাদের বুবাতে হবে ধর্ম কথাটির সংস্কৃত অর্থের মাধ্যমে। ধর্ম কলতে বোঝায় যা অপরিইার্য অঙ্গরূপে কোন কিছুর সঙ্গে অঙ্গান্সভাবে জড়িত থাকে। যেমন, তাপ ও আলোক এই দৃটি ওণ আগুনের সঙ্গে অঙ্গান্সভাবে জড়িত। ভাপ ও আলোক হাড়া আগুনের কোন রকম প্রকাশ হতে পারে না। তেমনই, জীবের অপরিহার্য অঙ্গ কিং জীবের অভিত্যের প্রকাশ কিডাবে হয়ং ভার নিত্য সঙ্গীরূপে যা তার সঙ্গে চিরকাল বিদ্যমান তা কিং তার এই নিত্য সঙ্গী হচ্ছে তার শাশ্বত গুণবৈশিষ্ট্য, এবং এই শাশ্বত গুণবৈশিষ্ট্যই হচ্ছে তার সনাতন ধর্ম।

সনাতন গোন্ধামী যখন প্রীটিতন্য মহাশ্রভুকে জীবের স্বরূপ সম্বন্ধে ব্রিক্সাসা করেন, তখন প্রীটিতন্য মহাশ্রভু বলেন, "জীবের 'স্বরূপ' হয়—কৃষ্ণের নিতাদাস।" পরম পুরুষোন্তম ভগবানের নিতাদাসগুই হচ্ছে জীবের স্বরূপ-বৈশিষ্টা। প্রীমন্মহাশ্রভুর এই উদ্ভির বিশ্লেষণ যদি আমরা করি, তা হলে আমরা সহজেই বুবাতে পারি যে প্রতিটি জীবই সর্বক্ষণ কারও না কারও সেবার ব্যস্ত। এতাবে অপরেব সেবা করার মাধ্যমেই জীব জীবনকে উপাতোগ করে। নীচ্ন্তরের পশুরা ভূতা যেতাবে প্রভুব সেবা করে, ঠিক সেতাবে মানুষের সেবা করে। মানুষের ক্ষেত্রেও আমরা দেখতে পাই যে, 'ব' প্রভুকে 'ক' সেবা করে, 'গ' প্রভুকে 'ব' সেবা করে, আর 'গ' সেবা করে 'য' প্রভুকে। এতাবে সকলেই কারও না কারও দাসত্ব করে চলেছে এই পবিবেশে আমরা দেখতে পাই, বন্ধু বন্ধুর সেবা করে, মা সন্তানের সেবা করে, গ্রী স্বামীর সেবা করে, স্বামী ব্রীর সেবা করে ইত্যাদি। এতাবে খোঁজ করলে দেখা যাবে যে, জীবকুন্তার সমাজে সেবামূলক কাজের কোন

জন্যথা নেই। রাজনীতিবিদেরা জনগণের কাছে তাদের নানা প্রতিশ্রুতি শুনিয়ে তাদের সেবার ক্ষমতা বোঝাবার চেষ্টা করে থাকে ভোটদাতারা তাই মনে করে যে, রাজনীতিবিদেরা সমাজের বুব ভাল সেবা করতে পারবে, তাই তারা তাদের মূল্যবান ভোট তাদের দিরে দেয়। দোকানদার ধরিদ্ধারের সেবা করে এবং শিল্পী ধনিক সম্প্রদারের সেবা করে। ধনিক সম্প্রদার তাদের পরিবারের সেবা করে এবং পরিবারের প্রতিটি সদস্য নিত্য জীবের নিত্য সামর্থ্য অনুযায়ী রাষ্ট্র ও সমাজের সেবা করে। এভাবে আমরা দেখতে পাই যে, কোন জীবই অপর কোন জীবের সেবা না করে থাকতে পারে না। এর ফলে আমরা সিদ্ধান্ত করতে পারি যে, সেবা হচ্ছে জীবের সর্বকারীন সাথী এবং সেবাকার্যই হচ্ছে জীবের শাশ্বত ধর্ম

তবুও মানুষ দেশ-কাল-পার অনুসারে হিন্দু, মুসলমান, খ্রিস্টান, বৌদ্ধ ইত্যাদির তির ভিন্ন বিশ্বাসের সঙ্গে নিজেদের যুক্ত করার ফলে ভিন্ন ভিন্ন ধর্মবিলারী হয়ে পড়ে। এই ধরনের ধর্মবিশ্বাস কাধনাই সনাতন ধর্ম নয় কোন হিন্দু তার বিশ্বাস পরিবর্তন করে মুসলমান হতে পারে অথবা কোন মুসলমান তার ধর্ম পরিবর্তন করে হিন্দু হতে পারে, কিংবা কোন খ্রিস্টান ভার বিশ্বাস বদলাতে পারে কিন্তু এই ধর্ম-বিশ্বাসের পরিবর্তন হলেও, অপরকে সেবা করার যে শাশ্বত প্রবৃত্তি মানুয়ের আছে, তার কোন পরিবর্তন হয় না হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রিস্টান যে কোন ধর্মবিলারীই হোক না কেন, মানুষ প্রতিনিয়তই অপরের সেবা করার অর্থ এক নয় সেবা করাই হচ্ছে স্থনাতন ধর্ম। তাই সেবা করাই হচ্ছে স্থনাতন ধর্ম।

বার্ডবিকই ভগবানের সঙ্গে আমা ।র সম্পর্ক হচ্ছে সেবা করার সম্পর্ক পরমেশ্বর হচ্ছেন পরম ভোক্তা এবং আমবা, জীবেরা হচ্ছি তার সেবক তারই সন্তোব বিধানের জন্য আমাদের সৃষ্টি হয়েছে এবং ভগবানকে সন্তুষ্ট করার জন্য আমরা ঘদি সর্বদাই তার সেবা করে চলি, তবেই আমরা সৃষী হতে পারি। এ ছাভা আব কোনভাবেই সৃষী হওয়া আমাদের পক্ষে সন্তব নয়। উদরকে বাদ দিয়ে শরীরের কোন অন্ন বেমন স্বতন্ত্বভাবে সৃষী হতে পারে না আমরাও তেমন ভগবানের সেবা না করে সৃষী হতে পারি না।

বিভিন্ন দেব দেবীর পূজা করা বা তাঁদের সেবা করা ভগবদ্গীতাতে অনুমোদন করা হয়নিঃ সপ্তম ঋথারের বিংশতি শ্লোকে কনা হয়েছে—

> কামৈত্তৈস্তৈর্ভতজ্ঞানাঃ প্রপদ্যন্তেহনাদেবতাঃ। তং তং নিরমমাস্থায় প্রকৃত্যা নিয়তাঃ স্বয়া॥

"জড়-জাগতিক কামনা-বাসনা হারা যাদের জান অপহতে হয়েছে, ভারা তাদের স্বীয় বভাব অনুযায়ী এবং পৃজার বিশেষ নিয়মবিধি পালন করে বিভিন্ন দেব-দেবীদের শরণাগত হয় " এখানে পরিষ্কার ভাবেই বলা হয়েছে যে, যারা কামনা-বাসনা দ্বারা পরিচালিত হয়, তারা পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের সেবা না করে বিভিন্ন দেব দেবীব পূজা করে। শ্রীকৃষ্ণ বলতে কোন সাম্প্রদায়িক ব্যক্তি বিশেষের নাম বোঝায় না। শ্রীকৃষ্ণ নামের অর্থ হছে পরম আনন্দ। পরমেশ্বর ভগবান হচ্ছেন সমস্ত আনদের উৎস, সমস্ত আনন্দের আধার আমরা সকলেই আনন্দের অভিনাবী। আনন্দময়োহভাগোলং (বেদান্তস্তু ১/১/১২)। ভগবানের অপে হবার ফলে জীব চৈতন্যময় এবং তাই সে সর্বদাই আনন্দের অনুসন্ধান করে। ভগবান সদানন্দ্রয়ে, তিনি সমস্ত আনন্দের আধার, তাই জীব যথন ভগবানুত্বী হয়ে সর্বতোভাবে ভগবানের সেবাগরায়ণ হয়ে ভার সান্ধিধ্যে আনে, তথন তার চিরবাঞ্চিত দিবা আনন্দ্র সেবাভব করতে পারে

ভগবান এই মর্তালোকে অবতরণ করেন তাঁর আনন্দময় কুনাবন-বাঁলা প্রদর্শন করার জন্য এই বৃন্দাবন-বাঁলা হছে আনন্দের চরম প্রকাশ। প্রীকৃষ্ণ যখন বৃন্দাবনে থাকেন, তখন সেখানে রাখাল বালকদের সঙ্গে, গোপ-বালিকাদের সঙ্গে, বৃন্দাবনেবাসীদের সঙ্গে এবং গার্ভীদের সঙ্গে তাঁর সমস্ত লীলা হছে দিবা আনলে পরিপূর্ণ। বৃন্দাবনের প্রতিটি জীবই কৃষ্ণাত প্রাণ, প্রীকৃষ্ণ ছাড়া আর কিছুই তাঁরা জানেন না, তিনি যে সব কিছুর পরম ভোজা, তাঁর পাদপন্ধে আনুসমর্পণিই যে প্রেণ্ড সমর্পণ এবং বিভিন্ন দেব-দেবীর পূজা তরাটা যে নিভান্ত নিম্প্রয়োজন, তা প্রতিপন্ন করবার জনা তিনি তাঁর পিতা নন্দ মহারাজকেও ইন্দ্রের পূজা করা থেকে নিরম্ভ করেন কারণ তিনি প্রতিপন্ন করতে চেয়েছিলেন যে, জনা কোন দেব-দেবীর পূজা করবার কোন মবকার নেই মানুষের প্রমেশ্বর ভগবানের সেবা করাই প্রতিটি মানুষের একমাত্র কর্তবা, কারণ মানব-জীবনের একমাত্র উন্দেশ্য হচ্ছে ভগবৎ-ধামে কিরে যাওয়া

ভগবদ্গীতার পঞ্চনশ অধ্যায়ের ষষ্ঠ শ্লোকে ভগবান শ্রীকৃষ্ণের আলয় ভগবং-খামের বর্ণনা করে বলা হয়েছে—

> न छम् झामग्रस्ड मृत्यी न मागारका न शायकः । यम् भदा न निवर्टस्ड छकाम शतमः यम ॥

'আমার পরম ধাম সৃষ্, চন্ত্র, অগ্নি অথবা বৈদ্যুতিক আলোকের ছারা আলোকিত নয়। সেখানে একবার পৌছলে আর এই জড় জগতে ফিরে আসতে হয় না।"

এই শ্রোকে সেই চিরশার্থত অপ্রাক্ত ভাকাশের কথা বলা হয়েছে আকাশ সম্বন্ধে আমাদের একটি জড-জাগতিক ধারণা আছে এট জড আকাশের কথা যবনই আমরা ভাবি, তখন সর্য, চন্দ্র, গ্রহ, নক্ষত্র আদির কথা আপনা থেকেই মনে আসে। কিন্তু এই স্লোকে ভগবান বলেছেন যে, দিব্য আকাশকে আলোকিত করার জন্য সূর্য, চশ্র, অগ্নি অথবা কোন বৈদ্যুতিক আলোর প্রয়োজন হয় না, কারণ সেই আকাশ দিবা ব্রহ্মজ্যোতির মারা আলোকিত। এই ব্রহ্মজ্যোতি হচ্ছে ভগবানের দেহনির্গত রশ্মিষ্ণটো। আন্যান্য প্রহাদিতে পৌছানোর জন্য আমুবা কঠিন পরিশ্রম করছি, কিন্তু পরমেশ্বরের আলয় সম্বন্ধে ধারণা করা কিছুই কঠিন নয় ভগবানের দিব্য বামের নাম গোলোক। *ব্রহ্মসংহিতায়* (৫,৩৭) এই গোলোকের ব্ব সুন্দর বিবরণ আছে— গোলোক এব নিবসতাবিলায়ভডঃ। ভগবান চিরকালট তাঁর আলয় গোলোকে অবস্থান করেন, তব এই জগতে থেকেও তাঁর সমীপবতী ইওয়া যায় এবং এই জগতে ভগবন তার প্রকৃত সচ্চিদানন্দময় রূপ নিয়ে আবির্ভত হন। তিনি ধখন তাঁর এই রূপ নিয়ে প্রকাশিত হন, তখন আর ওাঁর রূপ নিয়ে জন্তনা-করনা করার কোন প্রয়োজনীয়তা আমাদের থাকে না এই ধরনের জন্ধনা-কম্মনা থেকে মানুবকে নিবৃত্ত করবার জন্য তিনি তাঁর স্বরূপে অবতীর্ণ হন এবং তার শ্যামসুন্দর রূপ প্রদর্শন করেন। দুর্ভাগ্যবশত অন্নবৃদ্ধিসম্পন্ন লোকেরা তাঁকে চিনতে পারে না এবং তাঁকে সাধারণ মানুষ বলে মনে করে উপহাস করে ভগবান আফাদের কাছে আমাদেরই মতো একজনের রূপ নিয়ে আদেন এবং আমাদের সঙ্গে নীলাখেলা করেন, কিন্তু ভাই বলে ভাঁকে আমাদের মতো একজন বলে মনে করা উচিত নয়। তার অনন্ত শক্তির প্রভাবে তিনি তার অপ্রাকৃত রূপ নিয়ে আমাদের সামনে আসেন এবং তাঁব দীলা প্রদর্শন করেন তাঁর আপন আলয় গোলোক কুদাবনে ভার যে লীলা, এই দীলা ভারই প্রতিরূপ।

চিশার আকাশের রক্ষাজ্যোজিতে অসংখা গ্রহ ভাসছে এই রক্ষাজ্যোতি বিন্ধরিত হচ্ছে পরম ধাম কৃষ্যলোক থেকে এবং জড় পদার্থ দারা গঠিত নয় সেই রকম অসংখ্য আনন্দমর চিশার প্রহ সেই রক্ষাজ্যোতিতেই ভাসছে ভগবান বলেছেন—
ন তদ্ ভাসরতে সূর্যো ন শশালো ন পাবকঃ / যদ গড়া ন নিবর্তন্তে তদ্ধাম পরমং
মম। যে একবার সেই অপ্রাকৃত আকাশে বায়, তাকে আর এই জড় আকাশে
নেমে আসতে হর না। এই জড়-জাগতিক আকাশে, চাঁদের কথা ছেড়েই দিলাম,
যদি মানুষ সবচেরে উর্ধ্বে যে ব্রম্বালোক আছে সেখানেও যায়, তবে দেখবে যে,
সেখানেও এবানকার মতো জন্ম, মৃত্যু, জরা ও ব্যাধির হাত থেকে নিস্তার নেই
এই জড় জগতের কেনে গ্রহলোকের পক্ষেই এই চারটি জড় নিয়মের হাত থেকে
নিস্তার পাওয়া সম্ভব নর।

জীবসকল এক গ্রহ থেকে অন্য গ্রহে প্রমণ কবছে, কিন্তু যে-কোন গ্রহেই আমরা ইছো কবলে যান্ত্রিক উপায়ে যেতে পারি না। জন্যান্য গ্রহে যেতে হলে ভার জন্য একটি পদ্ধতি আছে সেই সম্বন্ধে উল্লেখ আছে যে—যান্তি দেবলতা দেবান্ পিতৃন্ যান্তি পিতৃরতাঃ, আমাদের গ্রহান্তরে প্রমণের জন্য কোন যান্ত্রিক ব্যবস্থার প্রয়োজন হয় না। গীতাতে ভগবান বলেছেন—যান্তি দেবলতা দেবান্। চন্ত্র, সূর্য আদি উচ্চন্তরের গ্রহদের বলা হয় স্বর্গলোক। গ্রহমণ্ডলীকে ভিনটি পর্বায়ে ভাগ করা হয়েছে—বর্গলোক (উচ্চ), ভূলোক (মধ্য) ও পাডাললোক (নিম্ন)। পৃথিবী ভূলোকের অন্তর্গত ভগবদ্গীতা থেকে আমরা জানতে পারি, কিভাবে আমরা দেবলোক বা স্বর্গলোকে অতি সহজ প্রক্রিয়ায় যেতে পারি—যান্তি দেবলতা দেবান্। কোন বিশেব গ্রহের বিশেষ দেবতাকে পূজা করলেই সেই গ্রহে যাওয়া যায়। যেমন সূর্যদেবকে পূজা বরলে স্থালোকে যাওয়া যায় চন্দ্রদেবকে পূজা বরলে চন্দ্রলোকে যাওয়া যায়। এভাবে যে-কোন উচ্চত্যর গ্রহলোকেই যাওয়া যায়।

কিন্তু ভগবদ্গীতা এই অড় জগতের কোন গ্রহলোকে যেতে উপদেশ দিছে না, কারণ জভু জগতের সর্বাচ্চলোক ব্রহ্মলোকে কোন ধরনের যান্ত্রিক কৌশলে হয়ত চল্লিশ হাজার বছর প্রমণ করে (আর ততদিন কেই বা বাঁচবে) গেলেও জন্ম, মৃত্যু, জরা ও ব্যাধির জড়-ভাগতিক ক্রেশ থেকে সেবানেও নিস্তার পাওয়া যাবে না কিন্তু থদি কেউ পরম পোক কৃষ্ণলোকে কিবো চিন্তার আকাশের অন্যক্ষেন গ্রহে থেডে চায়, তা হলে তাকে সেখানে এই সব জড়-জাগতিক দুর্দশা ভোগ করতে হবে না। চিন্তার আকাশে যে সমন্ত গ্রহলোক আছে, তার মধ্যে সর্বোৎকৃষ্ট হচ্ছে গোলোক বৃদ্দাবন, যেখানে পরমেশ্বর ভগবান প্রীকৃষ্ণ থাকেন। ভগবদ্গীতার এই সব কিছুই বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে এবং জড় জগতের বন্ধন থেকে মৃক্ত হয়ে কিভাবে সেই চিন্তার আকাশে কিরে গিয়ে প্রকৃতই আনন্দময় জীবন শুরু করা বায়, তার নির্দেশত দেওয়া হয়েছে।

ভগবদ্গীতার পঞ্চদশ অধ্যায়ে এই জড় জগতের প্রকৃত রূপের বর্ণনা করে বলা হয়েছে—

> উধর্ম কুলমধঃশাখমশ্বাখং আছরবারম্ । ছলাংসি যসা পর্ণানি যন্তং বেদ স বেদবিং ॥

''উধর্বমূল ও অধ্যশাখানিশিস্ত একটি অশ্বত্ধ গাছ রয়েছে। বৈদিক মন্ত্রগুলি হচ্ছে এর পাতা যে এই গাছটিকে জানে, সে বেদকে পূর্ণরূপে উপলব্ধি করেছে।'' এখানে জড় জগৎকে বলা হয়েছে উধামূল ও অধ্যশাখানিশিস্ত একটি অশ্বত্ধ গাছের মতো। সাধারণত গাছের শাখা থাকে উধর্যমুখী এবং তার মূল থাকে নিম্নমুখী কিছু আমরা যথন জলাশয়ের সামনে দাঁড়িয়ে সেই জলে গাছের প্রতিবিদ্ধ দেখি, তখন দেখতে পাই তার মূল উধর্বমুখী এবং তার শাখা অধ্যামুখী সেই রকম, এই জড জগৎ হচ্ছে অপ্রাকৃত জগতের প্রতিবিদ্ধ প্রতিবিশ্বের কোন স্থায়িত্ব নেই, সে শুধু একটি ছায়া মাত্র। কিছু এই ছায়া থেকে আমরা ব্বতে পাবি যে, প্রকৃত বস্তু রয়েছে। মাকুভ্মিতে জল নেই, কিছু মবীচিকার মাধ্যমে আমরা ইনিত পাই যে, জল বলে একটি পদার্থ আছে। জড় জগতে তেমনই জল নেই, আনন্দ নেই, কিছু প্রকৃত আনন্দের, বাস্তবিক জলের সন্ধান রয়েছে অপ্রাকৃত জগতে

মুখ্বস্থ

ভগবান ইন্নিত দিয়েছেন যে, নিম্নলিখিত উপায়ে আমরা চিগ্নয় জগৎ লাভ করতে পারি (ভঃ গীঃ ১৫/৫)—

> निर्मानस्याद्य जिल्लानस्याः । अक्षाज्ञनिजाः विनिवृत्तकायाः । वर्देष्वर्विम्साः मूचपूर्वमादेख-र्शव्यामृगः नमस्यासः जर ॥

সেই পদম অব্যয়ম বা নিজ্য জগতে সে-ই যেতে পারে, যে নির্মানমোহ অর্থাৎ যে যোহমুক্ত হতে পেরেছে। এর অর্থ কি ে এই ছড় জগতে সকলেই কিছু না কিছু হতে চায়। কেউ চায় রাজা হতে, কেউ চায় প্রধানমন্ত্রী হতে, কেউ চায় ঐথর্যশালী হতে, এভাবে সকলেই কিছু না কিছু হতে চায়। যতক্ষণ পর্যস্ত খ্যামরা এই অভিলাহওলির প্রতি আসক্ত থাকি, ততক্রণ আমরা আমাদের দেহকে আমাদের স্বরূপ বলে মনে করি, কার্শ দেহকে কেন্দ্র করেই এই সমস্ত্র আশা-আঞ্চাক্ষাগুলি ব্দম নেয়। আমরা যে আমাদের দেহ নই, এই উপলব্ধিটাই হচ্ছে অধ্যান-উপলব্ধির প্রথম সোপদা। ব্রুড ব্রুগতের যে তিনটি গুণের দ্বারা আমরা আবদ্ধ হয়ে পড়ি. তার থেকে মুক্ত হওরাটাই হচ্ছে আমাদের প্রথম কর্ডব্য এবং তার উপায় হচ্ছে ভগবস্তুজি। ভক্তির মাধ্যমে ভগবানের সেবা করলে এই বন্ধন আপনা থেকেই খনে পড়ে। কামনা বাসনার ক্ষরতী হবার ফলে আমরা জড়া প্রকৃতির উপরে আধিপতা করতে চাই এবং ভার ফলে জড জগতের বন্ধনে আবদ্ধ হয়ে পড়ি যতক্ষণ না আমরা আধিপভা করার এই বাসনাকে সম্পূর্ণভাবে পরিত্যাগ করতে পারছি, ততক্ষণ আমরা জড় বঞ্চন থেকে মুক্ত হয়ে ভগবানের আলয় সনাতন ধামে ন্ধিরে ষেতে পারব না। সেই ভগবং ধাম, যা সনাতন, সেখানে কেবল তাঁরাই বেতে পারেন, বাঁরা জড় জগতের ভোগ-বাসনার দ্বারা লালায়িত নন, যাঁরা ভগবানের

সেবায় নিজেদের সর্বতোভাবে নিয়োজিত করেছেন। কেউ এভাবে অধিষ্ঠিত হলে তিনি অনায়াসে পরম ধামে উপনীত হন।

७१वम्भीणाऱ चनाव (৮/২১) वना श्*राह*—

ष्यराखाःश्चम रेड्राक्षसमान्य नवमार भिर्म् । यर योगा न मिर्नर्टास छन्नाम भवमर माम ॥

অব্যক্ত মানে অপ্রকাশিত। এমন কি এই জড় জগতের সব কিছু আমাদের কাছে প্রকাশিত হয়নি আমাদের জড় ইন্দ্রিয় এতই সীমিত যে, জড় আকাশে যে সমস্ত গ্রহ্-নক্ষপ্রাদি আছে, তাও আমাদের গোচরীভূত হর মা। বৈদিক সাহিত্যে সমস্ত উল্লেখযোগ্য গ্রহ্-নক্ষপ্রের কথা ধর্বনা করা হয়েছে। আমরা সেই সব বিশ্বাস করতে পারি অথবা বিশ্বাস নাও করতে পারি। বিশেব করে প্রীমন্তাগবতে এর বিশদ ধর্বনা পাওয়া খায়। এই জড় আকাশের উপ্লেধ যে অপ্রাকৃত লোক আছে, প্রীমন্তাগবতে তাকে অব্যক্ত অর্থাৎ অপ্রকাশিত বলে বর্ণনা করা হয়েছে। সেই যে অপ্রাকৃত লোক যা নিতা, সনাতন, যেখানে প্রতিনিয়ত দিবা অন্যক্ষর আস্বাদন পাওয়া যাম, থেখানে প্রতিনিয়ত ভগবানের সামিধা লাভ করা যায়, সেই যে দিবা ভগৎ, ভাই হচ্ছে মানব-জীবনের পরম লক্ষ্য-ন্যানব-জীবনের পরম গতবান্থল সেখানে একবার উত্তীর্থ হলে আর এই রাড় ভগতে ফিরে আসতে হয় না। সেই পরম রাজ্যের জনাই মানুদ্রের বাসনা ও আগ্রহ থাকা উচিত।

এখানে প্রশ্ন হতে পারে —কিভাবে সেই অপ্রাকৃত জগতে যাওয়া বায় । ভগবদ্গীতার অষ্টম অধ্যায়ে এই বিষয়ে তথ্য দেওয়া হয়েছে। সেখানে বলা হয়েছে—

पर्खकारम ह मारमव चात्रभूका करमकाम् । यह अथाजि म महावर याजि नासाज मध्ययः ॥

"মৃত্যুকান্দে যিনি আমাকে শ্মবণ কবে শ্রীর ত্যাগ করেন তিনি তৎক্ষণাৎ আমাব ভাব প্রাপ্ত হন। এই বিষয়ে কোন সংশয় নেই।" (ভঃ গীঃ ৮/৫) মৃত্যুকালে শ্রীকৃষ্ণের কথা স্মরণ করতে পারলেই শ্রীকৃষ্ণের কাছে ফিরে যাওয়া যায়। শ্রীকৃষ্ণের দিব্য কাপ স্মরণ করতে হকে, এই কাপ স্মরণ করতে করতে যদি কেউ দেহত্যাগ করে, তা হলে সে অবশাই দিব্য ধামে চলে যায়। এখানে মন্ত্রাবম্ বলতে প্রমেশ্বর ভগবানের পরম ভাবের কথা বলা হয়েছে। প্রমেশ্বর ভগবান হচ্ছেন সং- চিং আনন্দ বিগ্রহ অর্থাং তাঁর কাপ নিতা, জ্ঞানময় ও আনন্দময়। আমাদের এই জড় দেহ সং-চিং-আনন্দমন্ত নয়। এই দেহ অসং, এই দেহের কোল হায়িত্ব নেই। এই দেহ বিনাশ হয়ে যাবে। এই দেহ চিৎ বা জ্ঞানময় নয়, পক্ষান্তরে এই দেহ অজ্ঞানতার পরিপূর্ণ। অগ্লাক্ত জগৎ সম্বন্ধে আমাদেব কোন জান নেই, এমন কি এই জড জগৎ সম্বন্ধেও আমাদের যে জ্ঞান আছে, তা লাভ ও সীমিত। এই দেহ নিরানন্দ, আনন্দময় হয়ার পরিবর্তে এই দেহ দুংব-দুর্দশার পরিপূর্ণ। এই জগতে যত রক্ষমের দুংখ দুর্দশা আমরা পেয়ে থাকি, তা সবই এই দেহটির জনাই। কিন্তু যখন আমবা এই দেহটিকে ত্যাগ করবার সমর পরম পুরুষোভ্তম ভগবান শ্রীকৃষ্ণের দিবা রূপটি খারণ করি, তখন আমরা জড় জগতের কল্বযুক্ত সং-চিং-আনন্দময় দিবা দেহ প্রাপ্ত হই

এই জগতে দেহত্যাগ করা এবং অন্য একটি দেহ লাভ করা প্রকৃতির নিয়মের বারা সূচারুভাবে পরিচালিত হয়। পরবর্তী জীবনে কে কি রকম দেহ প্রাপ্ত হবে, তা নির্ধারিত হবার পরেই মানুব মৃত্যাবরণ করে। জীব নিজে নয়, তার থেকে উচ্চন্তরে বে-সমন্ত নির্ভরযোগ্য অধিকারীরা রয়েছেন, যাঁরা ভগবানের আদেশ অনুসারে এই ভড় ভগতের পরিচালনা করেন, তাঁরাই জীবের কর্ম অনুসারে তাদের ভবিষ্যৎ নির্ধারণ করেন। আমাদের কর্ম অনুসারে আমরা উর্দ্ধলোকে উত্তীর্ণ হই অথবা নির্দ্ধলোকে পতিত হই। এভাবেই প্রতিটি জীবন তার পরবর্তী জীবনের প্রস্তৃতির কর্মক্ষেত্র। এই জীবনে যদি আমরা জড় জগতের বন্ধন থেকে মৃত্য হয়ে ভগবৎ-ধামে উত্তীর্ণ হবার যোগতো অর্জন করতে পারি, তবে এই দেহত্যাগ করবার পর আমরা অবশ্যই ভগবানের মতো সৎ-চিৎ-আনন্দময় দেহ প্রাপ্ত হয়ে ভগবৎ-ধামে ফিরে ব্যেতে পারব।

পূর্বে আমবা আলোচনা করেছি, বিভিন্ন ধরনের প্রমার্থবাদী আছেন—ব্রহ্মবাদী, পরমান্থবাদী ও ভক্ত। আর এই কথাও বলা হয়েছে যে, ব্রহ্মজ্যোতিতে বা চিন্মর আকাশে অগণিত চিন্মর গ্রহাদি ভাসছে। এই সব গ্রহের সংখ্যা সমস্ত জড় জগতের গ্রহের থেকে অনেক বেশি। এই জড় জগতের আয়ন্তন সৃষ্টির এক চতুর্থাংশের সমান বলে অনুমিন্ত ইয়েছে (একাংশেন স্থিতো জগং) এই জড় জগতের অংশে অগণিত সূর্ব, চন্দ্র, গ্রহ, নক্ষত্র সমস্তিত কোটি কোটি ব্রহ্মাণ্ড রয়েছে। কিন্তু তা সংহও এই সমস্ত জড় সৃষ্টি হচ্ছে সমগ্র সৃষ্টির এক অতি ক্ষুদ্র অংশ মাত্র সৃষ্টির অধিকাংশই রয়েছে চিন্ময় আকাশে। পরমার্থবাদীদের মধ্যে যাঁরা নির্বিশেষবাদী, যাঁরা ভগবানের নিরাকার রূপকে উপলব্ধি করতে চান, তাঁরা ভগবানের দেহনির্গত ব্রহ্মজ্যোতিতে বিলীন হয়ে যান। এভাবে তাঁরা চিদাকাশ প্রাপ্ত হন কিন্তু ভগবানের ভক্ত ভগবানের দিব্য সাত্রিধ্য লাভ করতে চান, তাই তিনি বৈকুঠলোকে উন্নীত হয়ে ভগবানের নিতা সাহচর্য লাভ করেন। অসংখ্য

মুখবন্ধ

বৈক্ঠলোকে ভগবান তার অংশ প্রকাশ—চতুর্ভূজ বিষ্ণু এবং প্রদাস, অনিকল্প, গোবিন্দ আদি রূপে তার ভক্তদের সঙ্গদান করেন। তাই জীবনের শেষে প্রমার্থবাদীরা ব্রহ্মজ্যোতি, প্রমান্থা কিবো পরম পুরুষোন্তম ভগবান প্রীকৃষের চিন্তা করে থাকেন। সকলের ক্ষেত্রেই তারা চিদাকাশে উন্তীর্ণ হন, কিছু তাদের মধ্যে কেবল ভগবানের ভক্তরাই বৈক্ঠলোকে অথবা গোলোক বৃন্দাবনে ভগবানের সামিধ্য লাভ করার সৌভাগ্য অর্জন করেন ভগবান এই বিষয়ে বলেছেন, "এডে কোনও সন্দেহ নেই" এটি দৃঢভাবে বিশাস করতেই হবে। আমাদের কন্ধনার অতীত বলে এই কথা অবিশ্বাস করা উচিত নয়। আমাদের মনোভাব অর্জুনের মাতা হওয়া উচিত—"তুমি যা বলেছ তা আমি সমন্তই বিশ্বাস করি।" তাই ভগবান যখন বলেছেন যে, যুতার সময় ব্রহ্ম, প্রমান্থা কিংবা পরম পুরুষোন্তর ভগবান ব্রীকৃষেক্স দিবা রূপের ধ্যান করলেই তার আল্বয় অপ্রাকৃত জগতে উত্তীর্ণ হওয়া যায়, এই কথা ধনৰ সত্য বলে গ্রহণ করাই বন্ধিমানের কাজ।

মৃত্যুর সময়ে ভগবানের রূপের চিন্তা করে চিন্ময় জগতে প্রবেশ করা যে সম্ভব, তা ভগবদ্গীতায় (৮/৬) বর্লিভ হয়েছে—

यर यर वाणि चारन् भावर जाळाजात्त कालवत्त्रम् । जर जरमरेवजि क्लिस्ता मना जन्नावस्त्राविश्वः ॥

"যে যেভাবে ভাবিত হয়ে শরীর ত্যাগ করে, সে নিঃসন্দেহে সেই রকম ভাবমৃক্ত শরীর প্রাপ্ত হয় " এখন, আমাদের অবশাই বুঝতে হবে যে, জড়া প্রকৃতি হচেছ ভগবানের বছ শক্তির মধ্যে একটি শক্তির প্রকাশ। বিকুপুরাশে (৬/৭/৬১) ভগবানের শক্তির বিশদ কর্মা করা হয়েছে—

> विकृष्णिकः भन्ना (शास्त्रा एकतस्त्राचा उथाभना । व्यविमा कर्ममस्त्राना जुजीया गस्त्रियास्त्र ॥

ভগবানের শক্তি বিচিত্র ও অনস্তর্নপে প্রকাশিত। আমাদের সীমিত অনুভৃতি দিরে তাঁর সেই শক্তি আমরা উপলব্ধি করতে পারি না। কিন্তু মহাজ্ঞানী মুনি কবিরা, যাঁরা মুক্ত পুরুষ, যাঁরা সত্যমন্ত্রী, তাঁরা ভগবানের শক্তিকে পূর্ণরূপে উপলব্ধি করতে পেরেছেন এবং এই শক্তিকে তাঁরা তিনটি ভাগে বিভক্ত করে তার বিশ্লেষণ করেছেন এই সমস্ত শক্তিই হছেছ বিষ্কুশক্তিব প্রকাশ, অর্থাৎ তাঁরা ভগবান জীবিষ্ণুর বিভিন্ন শক্তি সেই প্রথম শক্তিকে করা হয় পরা শক্তি বা চিৎ-শক্তি। জীবও এই উৎকৃষ্ট শক্তি থেকে উদ্ভৃত, সেই কথা ইতিপূর্বেই বলা হয়েছে। ভগবানের এই অন্তর্মনা শক্তি বাতীত আর যে সমস্ত শক্তি, তাকে বলা হয় জড়া শক্তি।

এই সমস্ত শক্তি নিম্নতর শক্তি এবং সেগুলি তামসিক গুণের দ্বারা প্রভাবিত মৃত্যুর সময় আমরা এই জড় জগতের তামসিক গুণের দ্বারা আচ্ছাদিত নিম্নতর শক্তিতে থাকতে পারি অথবা চিম্ময় স্কগডের চিং-শক্তিডে উত্তীর্ণ হতে পারি। তাই ভগবন্দীতায় (৮/৬) বলা হয়েছে—

> बर बर बाणि चावन ভावर छाजछारख करलवतम् । छर छरमरेवछि स्कीरखा नमा छन्नावछारिजः ॥

"যে যেভাবে ভাবিত হয়ে শরীর ত্যাগ করে, সে নিংসন্দেহে সেই রকম ভাবযুক্ত শরীর প্রাপ্ত হয়।"

আমাদের জীবনে আমরা হয় জড়া শক্তি নতুবা চিৎ-শক্তির সম্বন্ধে ভাবতে অভ্যন্ত। এখন, আমাদের চিন্তা-ভাধনাধে জড়া শক্তি খেকে চিৎ-শক্তিতে কিভাবে রূপান্তরিত করতে পারি? খবরের কাগজ, উপন্যাস আদি নানা রক্ষম বই আমাদের মনকে জড়া শক্তির ভাবনার যোগান দেয়। আমাদের চিন্তাধারা এই ধরনের সাহিত্যের দাবা আবিষ্ট হয়ে আছে বলেই আমরা উচ্চতর চিৎ-শক্তিকে উপলব্ধি করতে অক্ষম হয়ে পড়েছি। আমরা যদি এই চিৎ-শক্তিকে জানতে চাই, বা ভগবৎ-তত্ত্তান লাভ করতে চাই, তবে আমাদের বৈদিক সাহিত্যের শরণ নিতে হবে। মানুবকে অপ্যাকৃত জগতের সন্ধান দেবার জনাই ভারতের মুনি-খবিদের মাধামে ভগবন কেদ, পুরাণ আদি বৈদিক শান্ত প্রণান করিয়েছেন এই সমস্ত সাহিত্য মানুবের কন্ধনাপ্রসূত নয়; এওলি হজে সভা দর্শনের বিশ্বদ ঐতিহাসিক বিবরণ ঐতিহান-চরিতামৃতে (মধ্য ২০/১২২) কলা হয়েছে—

याग्राम्थः कीरवद नारि चणः कृष्यकान । कीरवरद्र कृषाद्र रेकना कृष्यः रक्म-भूगण ॥

শ্বৃতিবন্ত জীবেরা ভগবানের সঙ্গে ভাদের শান্বত সম্পর্কের কথা ভূমে গেছে এবং তাই তারা জড় জাগতিক কার্যকলাপে মগ্ন হয়ে আছে তাদের চিন্তাধারাকে অপ্রাকৃত ভরে উন্নীত করবার জন্য শ্রীকৃষ্ণছৈপায়ন ব্যাস বহু বৈদিক শান্ত প্রদান করেছেন। প্রথমে তিনি বেদকে চার ভাগে ভাগ করেন। তারপর পূরাণে তিনি তাদের ব্যাখা করেন এবং জন্মবুদ্ধিসম্পন্ন লোকদের জন্য তিনি মহাভারত রচনা করেন। এই মহাভারতে তিনি জগবদগীতার বাণী প্রদান করেন তাবপর সমস্ত বৈদিক সাহিত্যের সংক্ষিপ্রসার বেদান্তসূত্র প্রণয়ন করেন কেনান্তসূত্রকে সহজবোধ্য করে তিনি ভার ভাষা শ্রীমন্তাগবত রচনা করেন মনোনিবেশ সহকারে এই সমস্ত বৈদিক সাহিত্যে প্রথমন করা আমাদের একান্ত কর্তব্য। জড় জগতে আবদ্ধ

সাংসারিক ল্যেকেরা ফেমন খবরের কাগজ, নানা রক্তমের পত্রিকা, নাটক, ন্যুভল আদি পড়ে থাকে এবং তার ফলে জভ জগতের প্রতি তাদের মোহমুগ্ধ খানুরাগ গভীর থেকে গভীরতব হতে থাকে. তেমনই ফারা ভগবানের স্বকশশন্তিকে উপলব্ধি করে ভগবং ধামে ফিরে যেতে চায তাদের কর্তবা হচ্ছে মহামুনি ব্যাসদেবের রচিত বৈদিক সাহিত্য অধ্যয়ন করা বৈদিক সাহিত্য অধ্যয়ন করার ফলে আমরা জানতে পারি –ভগবান কে. তাঁর স্বরূপ কি, আমাদের সঙ্গে তাঁর কি সম্পর্ক। এই সমস্ত শান্ত্র অধ্যয়ন করার ফলে মন ভগবনাুখী হয়ে ওঠে এবং তার ফলে অন্তক্তানে ভগবানের সচিদানন্দময় মাপের ধানে করতে করতে আমরা নেহত্যাগ করতে পারি। ভগবাদির তাবান বারবার আমাদের মনে করিয়ে দিছেল যে, এটিই হতেই তাঁর কাছে ফিরে যাবার একমান্ত পথ এবং তিনি বলেছেন যে "এতে কোন সন্দেহ নেই"

जन्मार मर्टिय् कारमन् मामनुष्यत यूथा ह ! ययार्गिजयत्मानुक्रियार्यस्वयानास्यः ॥

"অতএব অর্জুন। সর্বন্ধণ আমাকে শারণ করে তোমার বভাব বিহিত যুদ্ধ করা উচিত তোমার মন ও বৃদ্ধি আমাতে অর্পণ করে কার্য করলে নিঃসন্দেহে তুমি আমার কাছে ফিরে আমুবে।" (*ডঃ গীঃ ৮/*৭)।

তিনি অর্জ্নকে তাঁন কর্তব্যকর্ম থেকে বিরত হয়ে তাঁর ধান করতে আদেশ দেননি। ভগবান কোন অবান্তব পরামর্শ দেন না। পকান্তরে, তিনি বলেছেন, ''আমাকে স্মান্ত করে তুমি তোমার কর্তব্যকর্ম করে যাও।'' এই জড় জগতে দেই ধারণ করতে হলে কাজ করতেই হবে। কর্ম অনুসারে মানব-সমাজকে রাজ্মণ, ক্যান্তিয়, বৈশা ও শৃত্র-—এই চারটি ভাগে ভাগ করা হয়েছে। এতে ব্রাক্ষণেরা বা সমাজের বৃদ্ধিমান লোকেরা এক ধবনের কাজ করছে, ক্ষান্তিয়েরা বা পরিচালক সম্প্রদায় অন্য ধরনের কাজ করছে এবং বাবসায়ী ও শ্রমিক সম্প্রদায় তাদের বিশেষ ধরনের কার্জ করছে মানব-সমাজে প্রত্যেকেই, সে শ্রমিকই হোক, বাবসায়ী হোক, যোদ্ধা হোক, চাষী হোক অথবা এমন কি সমাজের সর্বোচ্চ স্তরে বৃদ্ধিজীবী সম্প্রদায়, বৈজ্ঞানিক কিংবা ধর্মতত্ত্ববিদই হোন না কেন, এদের সকলকেই জীবন ধারণ করবার জন্য তাদের নির্ধাবিত কর্ম করতেই হয়। তাই ভগবান অর্জুনকে তাঁর কর্তব্যকর্ম থেকে বিরত থাকতে নিষেধ করেছেন। পক্ষান্তরে তিনি বলেছেন যে, সব সময় সকল কর্মের মাঝে তাঁকে স্করণ করে, (মাননুস্মর) তাঁব পাদপ্রদায় ও বৃদ্ধি অর্পণ করে কর্তব্যকর্ম করে হেতে। দৈনন্দিন জীবনে জীবনু সংগ্রামের সময় যদি শ্রীকৃষ্ণকে স্মরণ না করা যায়, তবে মৃত্যুর মৃহূর্তে তাঁকে স্করণ করা ব্যব্য করা

সম্ভব হবে না। শ্রীচেতনা মহাপ্রভুগু এই উপদেশ দিয়ে গেছেন তিনি বলে গেছেন বে, কীর্তনীয়া দল হবিঃ—সর্বক্ষণ ভগবানের পবিত্র নাম কীর্তনের অভ্যাস করা উচিত। ভগবানের নাম তাঁর রূপের থেকে ভিন্ন নয়, তাই যখন আমরা তাঁর নাম কীর্তন করি, তখন আমরা তাঁর পবিত্র সায়িধা লাভ করে থাকি। তাই অর্জুনের প্রতি ভগবান শ্রীকৃষের উপদেশ, "সব সময় আমাকে শ্বরণ কর" এবং শ্রীচেতনা মহাপ্রভুর নির্দেশ "সর্বদাই ভগবান শ্রীকৃষ্ণের নাম কীর্তন কর"—এই দুটি একই উপদেশ। ভগবানের দিবা রূপকে শ্বরণ করা এবং তাঁর দিবা নামের কীর্তন করার মধ্যে কোন পার্থক্য নেই। অপ্রাকৃত ভারে নাম ও রূপ অভিয়। তাই আমাদের সর্বন্ধন চিবৃদ্দ ঘণ্টাই ভগবানকে শ্বরণ করার অভ্যাস করতে হবে। তাঁর পবিত্র নাম কীর্তন করে আমাদের জীবনের কার্যকলাপ এমনভাবে চালিত করতে হবে যাতে আমরা সর্বদাই তাঁকে শ্বরণ করতে পারি

এটি কিভাবে সম্ভব? এই প্রসঙ্গে উলাহরণস্থরূপ আচার্যরা বলেন যে, যখন কোন বিবাহিতা খ্রীলোক পর-পুরুবে আসন্ত হয় কিংবা কোন পুরুব পরস্তীতে আঞ্চর হয়, তখন সেই আসন্তি অত্যন্ত প্রবল হয় । তখন সে সারাক্ষণ উৎকাষ্টিত হয়ে থাকে কিভাবে, কখন সে তার প্রেমিকের সাথে মিলিড হবে, এমন কি যখন ভার গাংকর্মে সে ব্যস্তে থাকে, তখনও তার মন প্রেমিকের সঙ্গে মিলিত হবার আশায় আকল ২য়ে পাকে। সে তখন অভি নিপুণতার সঙ্গে তার গৃহকর্ম সমাধা করে, যাতে তার ধাবী তাকে তার আগন্তির জন্য কোন রকম সন্দেহ না করে। ঠিক তেমনই, আমাদের সর্বকণ ভগবান শ্রীকাঞ্জের ভাবনায় মথ থাকতে হবে এবং সন্থভাবে আমানের সমস্ত কর্তব্যকর্ম সম্পাদন করতে হবে । এই জানা ভগবানের প্রতি গভীর অনুবাধের একান্ত প্রয়োজন ভগবানের প্রতি গভীর ভালবাসা **থাকলেই** মানুষ ভাগতিক কর্তব্যগুলি সম্পাদন করার সময়েও তাঁকে বিশ্বত হয় না তাই আমাদের চেটা করতে হবে যাতে ভগবানের প্রতি এই গভীর ভালবাসা আমাদের অন্তরে এর্ণগ্রে ভুলতে পারি। অর্জুন যেমন সব সময়ই ভগবানের কথা চিন্তা করতেন, আমাদেরও তেমন ভগবানের চিন্তার মগ্ন থাকা উচিত্ত অর্জুন ছিলেন ভগবাতের নিত্যসন্ধী এবং তিনি ছিলেন যোদ্ধা প্রীকৃষ্ণ তাঁকে যুদ্ধ করা পেকে বিরত হতে বলে গিয়ে ধ্যান করতে উপদেশ দেননি। যোগ সম্বন্ধে যখন তিনি বিশাদ বংখ্যা করে অর্জুনকে শোনান, তথন অর্জুন তাঁকে স্পাষ্ট বলেন যে, তা खन्नीलन करा ठीत शक्त मस्य नम्। खर्जन वर्लाहरणन--

> त्याश्वः (सार्गञ्चःसा ध्याकः मात्सान प्रथुमृनन । এতস্যাহः न भभागि ४४४नदाः शिकिः श्विताम् ॥

"হে মধুসূদন! যোগ সম্বন্ধে তুমি আমাকে বা বললে তা থেকে আমি বুঝতে পারছি যে, এর অনুশীলন করা আমার পক্ষে অসন্তব ও অসহনীয়, কারণ আমার মন অতান্ত চঞ্চল ও অস্থির।" (জঃ গীঃ ৬/৩৩)

কিন্তু ভগবান ডখন তাঁকে বলেছিলেন,—

र्याधिनामिश मर्दियार मन्धराजनाखनाथना । सम्बादान् कळाड रया मार म स्म गुरुकामा मजः ॥

"যোগীদের মধ্যে যে গভীর প্রদ্ধা সহকারে মদৃগভিচিন্তে নিজের অন্তরাত্মার আমাকে চিন্তা করে এবং আমার অপ্রকৃত সেবার নিরোজিত থাকে, সে-ই বেগসাধনার অন্তরঙ্গভাবে আমার সঙ্গে যুক্ত এবং সেই হচ্ছে যোগীশ্রেষ্ঠ এবং সেটিই আমার অভিমত "(ভঃ গীর ৬,৪৭) সূতরাং যিনি সব সময় ভগবন্তাবনার মধ্য, তিনিই হচ্ছেন যোগীশ্রেষ্ঠ, তিনি হচ্ছেন পরম জ্ঞানী এবং তিনিই হচ্ছেন শুদ্ধ ভক্ত। ভগবান অর্জুনকে আরও বলেছেন যে, ক্ষত্রির হ্বার ফলে তাঁকে যুদ্ধ করতেই হবে, কিন্তু তিনি যদি প্রীকৃষ্ণকে অরণ করে যুদ্ধ করেন, তবে সেই যুদ্ধে জয়লাভ তো হবেই, উপরস্ক অন্তর্গাল তিনি প্রীকৃষ্ণকে অরণ করেতে সমর্থ হবেন। এভাবে আমরা দেখতে পাই, যিনি ভগবানের কাছে সম্পূর্ণভাবে আধ্যসমর্পণ করেছেন, তিনিই পারেন ভগবানের কৃপা লাভ করতে।

আমরা সাধারণত আমালের দেহ দিয়ে কাক্স করি না, মন ও বৃদ্ধি দিয়ে কাক্স করি ডাই, যদি মন ও বৃদ্ধি ভগবানের ভাবনায় মধ্য থাকে, তা হলে ইন্দ্রিয়গুলি আপনা থেকে ভগবানের দেবায় নিযুক্ত হয়ে যায়। তখন আপাতদৃষ্টিতে ইন্দ্রিয়ের কর্মগুলি অপরিবর্তিত থেকে যায়, কিন্তু মনোবৃদ্ধির আমূল পরিবর্তন হয়ে যায়। ভগবদৃগীতা আমাদের শিক্ষা দিছে, কিভাবে মন ও বৃদ্ধিকে ভগবানের ভাবনায় মধ্য করতে হয় এভাবে সর্বত্যভাবে ভগবানের ভাবনায় মধ্য হবার ফলেই আমরা ভগবানের আগরে প্রকেশ কর্মার যোগাতা অর্জন করি। মন যদি কৃষ্ণসেবায় নিযুক্ত হয়, তা হলে ইন্দ্রিয়গুলি আপনা থেকেই তাঁর সেবায় দিয়োজিত থাকে। এটিই হচ্ছে কৌশল এবং এটি ভগবদৃগীতার রহস্যও—শ্রীকৃষ্ণের চিন্তায় সর্বতোভাবে নিমশ্য থাকা

আধুনিক মানুষ টাদে পৌছানোর জন্য অনেক পরিশ্রম করে চলেছে, কিন্তু তার পারমার্থিক উন্নতির জন্য সে কোন রকম চেন্তাই করেনি। পঞ্চাশ-বাট বছরের অল্ল আয়ু নিয়ে আমরা এখানে এসেছি, তাই আমাদের কর্তব্য হচ্ছে তগ্বানকে স্মরণ করবার জন্য এই সময়টি পুরোপুরিভাবে ভগবস্তুক্তির অনুশীলন করা এবং তার পদ্ধতি হচ্ছে— स्वतनः कीर्जनः विरखाः ऋतनः भामराज्यनम् । व्यर्जनः कमनः बाम्यः मथामाम्यनिदयनम् ॥

(খ্রীমন্তাগবত ৭/৫/২৩)

ভক্তিযোগ সাধনের নয়টি প্রণালীর মধ্যে সবচেয়ে সহজ হচ্ছে প্রবণম্ অর্থাৎ আত্মতত্ত্বন্ধ পুরুষের কাছে ভগবদ্গীতা প্রবণ করা এবং এর ফলে মন ভগবন্মুখী হরে উঠবে। তথন পরমেশ্বর ভগবানকে স্মরণ করা সহজ হবে এবং এই জড় দেহ ভ্যাগ করার পর চিন্মা দেহ লাভ করে ভগবানের আলারে উন্নীত হয়ে আমরা ভগবানের সাহচর্ব লাভ করতে সক্ষম হব।

ভগবান আরও বলেকেন—

अज्ञानत्यागयुरखन ८५७मा नानागायिना । भन्नमर भूकवर विवार यांजि भार्थानुष्ठिश्वयन् ॥

"অভ্যাদের দ্বারা যে সর্বদা ভগবানরূপে আমার ধ্যানে মগ্ন, বিপথগামী না হয়ে যার মন সর্বদা আমাকে স্মরণ করে, হে পার্থ সে নিঃসন্দেহে আমার কাছে ফিরে ভাসবে।" (গীঃ ৮/৮)

এই পদ্ধতি মোটেই বঠিন নয়। তবে আসল কথা হলে, এর অনুশীলনের শিক্ষা তার কাছ থেকেই নিতে হবে, যিনি অভিন্ধ ভগবৎ-তত্ত্বপ্ত ভিন্তানার্থার স ওক্রমেবাভিগতেছং—যিনি ইতিমধ্যেই অনুশীলনে প্রবৃত্ত হয়েছেন, তার সমীপবতী হতে হবে। মনের কাজই হচ্ছে সর্বদা এখানে ওখানে ঘূরে বেড়ানো, তাই অভ্যাস করতে হবে মনকে একাপ্ত করে ভগবান প্রীকৃষ্ণের নাম ও রূপে নিবদ্ধ করতে। মন স্বভাবতই চঞ্চল, কিন্তু প্রীকৃষ্ণের নামের শব্দতরঙ্গে একে স্থির করা বার। এভাবে পরবাোমে চিশ্ময় জগতে পরম পুক্তর ভগবানের ধ্যান করে তার করণা লাভ কবা সত্তব। ভগবদ্বীতায় চরম উপলব্ধির পদ্ম ও উপায় বা পরম প্রাপ্তির কথা বিশদভাবে ব্যাখ্যা কবা হয়েছে, এবং এই জ্ঞান-ভাগ্ডারের দ্বার্থ সকলের জনাই উন্মুক্ত হয়ে আছে কাউকেই নিবিদ্ধ কবা হয়নি ভগবান প্রীকৃষ্ণকে শ্বরণ করে সকল শ্রেণীর মানুবই তার সমীপবতী হতে পারে, কেন না শ্রীকৃষ্ণের নাম শ্রবণ ও শ্বরণ সকলের পক্ষেই সম্ভব

ভগবান আরও বরেছেন (তঃ গীঃ ৯/৩২-৩৩)—

भाः रि भार्थ गुलाञ्चिक स्वर्शन मृद्धः भानस्यानग्रः । श्वित्ता देन्यास्था मृत्यास्थ्यनि यासि भवाः गिर्क्ति ॥ किः नृत्वीक्षनाः भूगा चस्त वास्तर्यस्था । स्रनिजयमृत्यः स्नाकियमः शाना चस्त्रस्य याम् ॥ এভাবে ভগবান বলছেন যে, এমন কি বৈশ্য, পভিতা স্ত্রীলোক অথবা শৃদ্র কিংবা নিম্নস্তরের মানুষেরাও পবম গতি লাভ করতে পারে। ভগবানের কৃপা লাভ করতে হলে যে উচ্চমানের বৃদ্ধিমন্তা-সম্পন্ন হতে হবে, এমন কেনে কথা নেই। আসল কথা হছে, যদি কেউ ভক্তিযোগের দ্বাবা ভগবানের সেবার ব্রতী হন এবং ভগবানকে জীবনের পরম আশ্রয় বলে মনে করেন, তবে তিনি অপ্রাকৃত জগতে উত্তীর্ণ হয়ে ভগবানের সামিধ্য লাভ করতে সক্ষম হন। কেউ যদি ভগবদ্গীতার উপদেশ্বাদীকে সর্বান্তরকরণে গ্রহণ করে ভার অনুশীলন করেন, তবে তিনি তার জীবনকে সর্বান্সমূলর করে তুলতে পারেন এবং এই জড়া প্রকৃতির সাম্লিশ্বে অসার ফলে যে সমক্ষাজাগতিক সমস্যার উত্তব হয়, তার সম্পূর্ণ সমাধান করতে পারেন। এই হচেছ ভগবদগীতার মূল কথা

উপসংহারে বলা যায়, ভগবদ্গীতা হছে এক অপ্রাকৃত সাহিতা, যা অতি
পৃষ্ণানৃপৃষ্টভাবে অধ্যয়ন করা উচিত। গীতাশাস্ত্রমিদং পৃশাং যা পঠেৎ প্রবতঃ
পৃশানৃ—ভগবদ্গীতার নির্দেশকে যথায়থভাবে অনুসমণ করতে পারলে, অতি
সহজেই সমস্ত ভয় ও উরোগ থেকে মুক্ত হওয়া যায়। এই জীবনে ভয় ও শোকানি
বর্জিত হয়ে পরবতী জীবনে চিশ্বয় সন্তা অর্জন করা যায়। (গীতা-মাহাম্যে ১)
আরও একটি সুবিধা হতে—

भीजाधात्रनभीनम्। यागात्रमभत्रम्। ह । देनद मस्ति वि भागानि भुर्वस्त्रकृजानि ह ॥

"কেউ যদি আন্তরিকভাবে এবং অত্যন্ত গুরুত্ব সহকারে ভগবদৃগীতা পাঠ করে, তা হলে ভগবানের করুণায় তার অতীতের সমস্ত পাপকর্মের ফল তাকে প্রভাবিত করে না " (গীতা-মাহাম্ম ২) ভগবদৃগীতার শেব পর্যায়ে (১৮/৬৬) অতি উচ্চস্বরে ভগবান বলেজে—

मर्वधर्मन् भरि**णुका यात्यकः मन्नभः वस**ः च्याः द्वारं मर्वनात्नित्वाः शास्त्रियायि या चनः ॥

"সব রকমের ধর্মানুষ্ঠান পরিত্যাগ করে আমার শরণ নাও। তা হলে আমি সমস্ত পাপ থেকে তোমাকে মুক্ত করব , তুমি কোন ভয় করো না।" এভাবে ভগবানের পাদপারে যিনি সম্পূর্ণভাবে আত্মসমর্পণ করেন, ভগবান তাঁর সমস্ত দায়িত্ব গ্রহণ করেন এবং সেই মানুষের সকল পাপকর্মের প্রতিক্রিয়া থেকে তাকে রক্ষা করেন भनित्न त्यारुमः भूश्माः खनज्ञानः मित्न पित्न । मनुष् श्रीणाभुज्ञानः मश्मात्रभनगणनम् ॥

"প্রতিদিন জলে সান করে মানুষ নিজেকে পরিচয়ে করতে পারে, কিন্তু কেউ যদি ভগবদ্গীতার গঞ্চজলে একটি বারও স্নান করে, তা হলে তার গুড জীবনের মলিনভা একেবারেই বিনম্ভ হরে খাঃ।" (গীতা-মাহাত্মা ৩)

> भीखा मूगीजा कर्जना कियरेनाः माखनिस्टेंदरः । या बदरः भवनासमा यूर्यभक्षाम विनिःम्छा ॥

বেহেতু ভাগেদ্গীতার বাণী স্বয়ং পরম পুরুষোত্তম ভগবানের মুখনিঃসৃত বাণী, তাই এই গ্রন্থ গাঠ করলে আর অন্য কোন বৈদিক সাহিত্য পড়বার দরকার হয় না গভীর নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে নিয়মিগুভাবে ভগবদ্গীতা শ্রবণ ও কীর্তন করলে আমাদের অন্তরিকিতার সঙ্গে নিয়মিগুভাবে বিবাদ হয় বর্তমান ভগতে মানুষের। নানা রকম কাজে এতই বাক্ত থাকে যে, তাদের পজে সমস্ত বৈদিক সাহিত্য পাঠ করা সত্তব নায়। সমস্ত বৈদিক সাহিত্য পড়বার প্রয়োজনও নেই। এই একটি প্রমৃ ভগবদ্গীতা পাঠ করদেই মানুষ সমস্ত বৈদিক ভানের সারমর্ম উপলব্ধি করতে পারবে, কারণ ভগবদ্গীতা হচ্ছে বেদের সার এবং এই গীতা স্বয়ং ভগবানের মুখনিঃসৃত উপদেশ বাণী। (গীতা-মাহাস্কা ৪)

আরও বদা হয়েছে—

ভারতামৃওসর্বস্থং বিশুবফ্রাদ্ বিনিঃসৃতম্ । গীতাগঙ্গোদকং পীদ্বা পুনর্জন্ম ন বিদ্যতে ॥

"গঙ্গান্ধক পান করলে অবধাবিতভাবে মুক্তি পাওয়া যায়, আর যিনি ভগবদ্গীতার পূণা পীযুর পান করেছেন, জাঁর কথা আর কি বলবার আছে? ভগবদ্গীতা হচ্ছে মহাভারতের অমৃতরম, যা আদি বিষ্ণু ভগবান শ্রীকৃষ্ণ নিজেই বলে গেছেন।" (গীতা-মাহাত্মা ৫) ভগবদ্গীতা পরম পুরুষোত্তম ভগবান শ্রীকৃষ্ণেব মুখনিঃসৃত, আর গঙ্গা ভগবানের চরণপত্ম থেকে উদ্ভূত বলে উল্লেখ করা হয়েছে। ভগবানের মুখ ও পায়ের মধ্যে অবশ্য কোন পার্থক্য নেই তবে আমাদের এটি বুঝতে অসুবিধা হয় না যে, ভগবদ্গীতার তরুত্ম গঙ্গার চেয়েও বেশি।

मर्त्वाथनियस्म भारता स्माक्षा स्थापाननन्तः । भारत्या नश्मः मुरीर्त्जास्म मृक्षः थीठामृष्टः म्यः ॥ "এই গীতোপনিষদ্ ভগবদ্গীতা সমস্ত উপনিষদের সারাতিসার এবং তা ঠিক একটি গাভীর মতো এবং রাখাল বালকরূপে প্রসিদ্ধ ভগবান শ্রীকৃষ্ণই এই গাভীকে দোহন করেছেন অর্জুন যেন গোবংসের মতো এবং জানীগুণী ও গুদ্ধ ভজেরাই ভগবদ্গীতার সেই অমৃতময় দৃশ্ধ পান করে থাকেন।" (গীতা-মাহাম্বা ৬)

> একং শাস্ত্রং দেবকীপুত্রগীতম্ একো দেবো দেবকীপুত্র এব । একো মন্ত্রস্তুস্য নামানি যানি কর্মাপোকং তস্য দেবস্য দেবা ॥

> > (शीठा-माशसा १)

বর্তমান জগতে মানুষ আকুলভাবে আধানকা করছে একটি শান্তের, একক ভগবানের, একটি ধর্মের এবং একটি বৃত্তির তাই, একং শাস্ত্রং দেবকীপুত্রগীতম্—সারা পৃথিবীর মানুষের জানা সেই একক শাস্ত্র হোক ভগবদ্গীতা। একো দেবো দেবকীপুত্র এক—সমগ্র বিশ্বচরাচরের একক ভগবান হোন ভগবান শ্রীকৃষ্ণ। একো ময়ন্তস্য নামানি—একক মন্ত্র, একক প্রার্থনা, একক স্ত্রেও হোক তাঁর নাম কীর্তন—

रत कृष रत कृष कृष कृष कृष रत रत । रत ताम रत ताम ताम ताम रत रत ॥

এবং কর্মাপোকং তসা দেবসা সেবা—সমস্ত মানুষের একটিই বৃত্তি হোক—পরম পুরুষোত্তম ভগবান শ্রীকৃষ্ণের সেবা করা।

গুরু-পরম্পরা

প্রবং পরস্পরা প্রাপ্তমিষং রাজর্ষয়ো বিদৃঃ (ভগবদ্গীতা ৪/২) এই ভগবদগীতা যথায়থ নিম্নোক্ত শুরু-পরস্পরাক্রমে প্রাপ্ত হয়েছে ঃ

(১) ভগবান শ্রীকৃষ্ণ	(১৮) ৰ্যাস তীৰ্থ
(২) ব্ৰহ্মা	(১৯) লক্ষ্মী পত্তি
(৩) নারদ	(২০) মাধবেন্দ্রপুরী
(8) ग्रांमरमव	(২১) ঈশ্বরপূরী, (নিড্যানন্দ, অবৈত আচার্য প্রভু)
(৫) মধবাচার্য	(২২) শ্রীটোতন্য মহাপ্রভূ
(৬) পদ্মনাত	(২৩) শ্রীরূপ গোস্বামী, (শ্রীশ্বরূপ দামোদর,
(१) नृश्ति	শ্রীসনাতন গোশ্বামী)
(৮) মাধৰ	(২৪) প্রীরঘুনাধ দাস গোস্বামী, জ্রীজীব গোস্থামী
(৯) অক্ষোভ্য	(২৫) শ্রীকৃষদাস কবিরাজ গোস্থামী
১০) জয়তীর্থ	(২৬) শ্রীনরোত্তম দাস ঠাকুর
১১) জানসিদ্ধ	(২৭) শ্রীবিশ্বনাথ চক্রবতী ঠাকুর
১২) पद्मानिवि	(२४) (बीजीवनरमय विमाष्ट्र्यण),
১৩) বিদ্যানিষি	শ্রীজগন্নাথ দাস বাবাজী মহারাজ
১৪) রাজেস্ত	(২৯) শ্রীদ্রক্তিবিনোদ ঠাকুর
১৫) জন্নধর্ম	(৩০) ইনগৌরকিশোর দাস বাবাজী মহারাজ
(১৬) পুরুষোত্তম	(৩১) ব্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর
১৭) ব্ৰহ্মণ্যতীৰ্থ	(৩২) শ্রীল অভয়চরপারবিন্দ ভক্তিবেদান্ত স্বামী

প্রভূপাদ।

প্রথম অধ্যায়



বিষাদ-যোগ

শ্লোক ১

খৃতরাষ্ট্র উবাচ

ধর্মক্ষেত্রে কুরুক্কেরে সমবেতা যুযুৎসবঃ । মামকাঃ পাণ্ডবালৈচৰ কিমকুর্বত সঞ্জয় ॥ ১ ॥

ধৃতরাষ্ট্রঃ উবাচ—মহারাজ ধৃতরাষ্ট্র বলগেন; ধর্মক্লেক্ত্র—ধর্মক্লেক্ত্রে, কুরুক্লেক্ত্রে— কুরুক্লের নামক স্থানে, সমবেতাঃ—সমবেত হয়ে; যুযুৎসবঃ—যুদ্ধকারী, মামকাঃ—আমার দল (পুরেরা), পাশুবাঃ—পাশুর পুরেরা, চ—এবং, এব— অবশ্যই, কিম্—কি; অকুর্বত—করেছিল, সঞ্জয়—হে সঞ্জয়

গীতার গান

ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে ইইয়া একর । যুদ্ধকামী মমপুত্র পাণ্ডব সর্বত্র ॥ কি করিল তারপর কহত সঞ্জয় । ধৃতরাষ্ট্র জিজ্ঞাসয়ে সন্দিগ্ধ হাদয় ॥

অনুবাদ

শৃতরাষ্ট্র জিজ্ঞাস। করজেন—হে সঞ্জয়! ধর্মক্ষেত্রে যুদ্ধ করার মানসে সমবেত হয়ে আমার পুত্র এবং পাণ্ডুর পুত্রেরা তারগর কি করল?

লোক ২ী

তাৎপর্য

ভগবদগীতা হচ্ছে বহুজন-পঠিত ভগবং তত্ত্ববিজ্ঞান, বাঁর মর্ম গীতা-মাহাত্ত্বো বর্ণিত হয়েছে সেখানে বলা হয়েছে, ভগবদগীতা পাঠ কবতে হয় ভগবং-তবদশী কৃষ্ণভক্তের তত্ত্বাবধানে। ব্যক্তিগত দৃষ্টিভঙ্গির পরিপ্রেক্ষিতে *গীতার* বিশ্লেষণ করা কখনই উচিত নয় গীতার যথায়থ অর্থ উপলব্ধি করার দৃষ্টান্ত ভগবদগীতাই আমাদের সামনে ভূলে ধরেছে অর্জুনের মাধ্যুয়ে, যিনি শ্বয়ং ভগবানের কাছ খেকে সরাসরিভাবে এই গীতার জ্ঞান লাভ করেছিলেন। অর্জুন ঠিক খেলাবে গীতার মর্ম উপলব্ধি করেছিলেন, ঠিক সেই দৃষ্টিভঙ্গি ও মনোবৃত্তি নিরে সকলেরই গীতা পাঠ করা উচিত তা হলেই *গীতার* যথায়থ মর্ম উপলব্ধি করা সম্ভব। সৌভাগ্যবশত যদি কেউ গুরুপরম্পরা-সূত্রে *ভগবদ্গীতার* মনগড়া ব্যাখ্যা ব্যতীত যথায়থ অর্থ উপলব্ধি করতে পারেন, তবে তিনি সমস্ত বৈদিক জ্ঞান এবং পৃথিবীর সব রক্মের শান্ত্রনে আয়ন্ত করতে সঞ্চম হন। *ভগবদ্গীতা প*ড়ার সমর আমরা দেখি, অনা সমস্ত শাল্রে যা কিছু আছে, তা সবই *ভগবদ্গীভায়* আছে, উপরস্ত ভগবদ্গীতায় এমন অনেক তম্ব আছে যা আন কোপাও নেই। এটিই হ**ছে** গীতার মাহাত্ম্য এবং এই জনাই *গীতাকে সর্বশ্রেষ্ঠ শান্ত্র বলে* অভিহিত করা হয়। *গীতা* হচ্ছে প্রম তবুদর্শন, কারণ পর্মেশ্বর ভগবান জীকৃষ্ণ নিজে এই জ্ঞান দান করে গৈছেন

মহাভারতে বর্ণিত গৃতরাষ্ট্র ও সঞ্জারের আলোচনার বিষয়বন্ধ হছে ভগবদ্গীতার মহৎ তত্ত্বদর্শনের মূল উপাদান এখানে আফরা জানতে পারি যে, এই মহৎ তত্ত্বদর্শন প্রকাশিত হয়েছিল কুরুক্তেরের রণাঙ্গনে, যা স্থাটীন বৈদিক সভ্যতার সময় থেকেই পবিত্র তীর্থস্থানরূপে খ্যাত। ভগবান যখন মানুষের উদ্ধারের জন্য এই পৃথিবীতে অবতরণ করেছিলেন, তখন এই পবিত্র তীর্থস্থানে তিনি নিজে পরম তত্ত্ব সময়িত এই গীতা দান করেন।

এই শ্রোকে ধর্মক্ষেত্র শক্ষটি থুবই ভাৎপর্যপূর্ণ, কারণ কুলক্ষেত্রের যুদ্ধক্ষেত্রে ডগবান জ্রীকৃষ্ণ অর্জুন তথা পাশুবদের পক্ষে ছিলেন। দুর্যোধন আদি কৌরবদেব পিতা ধৃতরাষ্ট্র তাঁর পুত্রদের বিজয় সন্তাবনা সম্বন্ধে অন্তান্ত সন্দিশ্ধ হয়ে পড়েছিলেন। দ্বিধাগ্রন্ত-চিন্তে তাই তিনি সঞ্জয়কে জিজেস করেছিলেন, "আমার পুত্র ও পাশুর পুত্রেরা তারপর কি করল?" তিনি নিশ্চিত ছিলেন যে, তাঁর পুত্র ও পাশুপুত্রেরা কুরুক্ষেত্রের বিস্তীর্ণ ভূমিতে যুদ্ধ করবার জ্বন্য সমবেত হয়েছিলেন। কিন্তু তবুও তাঁর অনুসন্ধানটি ছিল তাৎপর্যপূর্ণ। তিনি চাননি যে, পাশুর ও কৌরবের মধ্যে কোন আপস মীমাংসা হোক, কিন্তু তিনি চেয়েছিলেন যুদ্ধে তাঁর পুত্রদের ভাগ্য

সুনিশ্চিত হোক। তার কারণ হচ্ছে কুরুক্ষেত্রের পুণ্য তীর্থে এই যুদ্ধের আয়োজন হরেছিল। বেদে বলা হরেছে, কুরুক্ষেত্র হচ্ছে অতি পবিত্র স্থান, যা দেবতারাও পূজ্য করে থাকেন। তাই, যৃতরাষ্ট্র এই যুদ্ধের ফলাফলের উপর এই পবিত্র স্থানের প্রভাব সম্বন্ধে শব্ধাকুল হয়ে পড়েছিলেন। তিনি খুব ভালভাবে জানতেন যে, অর্জুন এবং পাণ্ডুর জনান্য পুরুদের উপর এই পবিত্র স্থানের মঙ্গলময় প্রভাব সঞ্চারিত হবে, কারণ তাঁরা সকলেই ছিলেন অত্যন্ত ধর্মপরায়ণ সঞ্জয় ছিলেন ব্যাসদেবের শিষা, তাই ব্যাসদেবের আশীর্বাদে তিনি দিবচেক্ষ্ প্রাপ্ত হন, যার ফলে তিনি ঘরে ব্যেপও কুরুক্ষেত্রের সমস্ত ঘটনা দেখতে পাছিলেন তাই, যুডরাষ্ট্র তাঁকে কুরুক্ষেত্রের পরিস্থিতি সম্পর্কে জিজ্ঞানা করেন।

পাওবেরা এবং ধৃতরাষ্ট্রের পুত্রেরা ছিলেন একই বংশজাত, কিন্তু ধৃতরাষ্ট্রের মনোভাব এখানে প্রকাশ পেরেছে। তিনি কেবল তাঁর পুত্রদেরই কৌরব বলে গণ্য করে পাণুর পুত্রদের বংশগত উত্তরাধিকার থেকে বঞ্চিত করেছেন এন্ডাবে প্রাতৃত্পুত্র বা পাণুর পুত্রদের সঙ্গে সম্পর্কের মাধ্যমেই ধৃতরাষ্ট্রের বিশেষ দৃষ্টিভঙ্গি হাদরদম করা যায়। ধানক্ষেতে যেমন আগাছাণ্ডলি তুলে ফেলে দেওয়া হয়, তেমনই ভগবন্গীতার সূচনা থেকেই আমরা দেখতে পাঙিং, কুরুক্ষেত্রের রগাঞ্চনে ধর্মের প্রবর্তক ভগবান স্বয়ং উপস্থিত থেকে ধৃতরাষ্ট্রের পালিন্ত পুত্রদের সমূলে উৎপাটিত করে ধার্মিক মুধিনিরের নেতৃত্বে ধর্মপরায়ণ মহান্মাদের পুনঃ প্রতিন্তার করবার আয়োজন করেছেন। বৈদিক এবং ঐতিহাসিক ওরুত্ব ছাড়াও সমগ্ন গীতার তত্ত্বদর্শনের পরিপ্রেক্ষিতে ধর্মক্ষেত্রে ও কুরুক্ষেত্রে—এই শব্দ দৃটি ব্যবহারের তাৎপর্য বুমতে পারা যায়।

শ্লোক ২

সপ্তয় উবাচ

पृष्ठा ज् शाखवानीकः ब्रागः पूर्याथनछना । जानार्यमूलमक्रमा लाका बन्नमञ्जीर ॥ २ ॥

সঞ্জয়ঃ উবাচ—সপ্তয় বললেন, দৃষ্টা—দর্শন করে, ভু কিন্তু, পাশুবানীকম্ পাশুবদেব দৈন্য; ব্যুচ্ম্—সামরিক ব্যুহ, দুর্যোধনঃ রাজা দুর্যোধন, তদা সেই সমন্ত, আচার্যম্—দ্রোণাচার্য, উপসঙ্গম্য—কাছে গিয়ে, রাজা রাজা, বচনম্ বাক্য, অববীৎ—বলেছিলেন।

খুক ভা

গীতার গান

সঞ্জয় কহিল রাজা শুন মন দিয়া।
পাণ্ডবের সৈন্যসজ্জা সাজান দেখিয়া ॥
রাজা দুর্ঘোধন শীফ্র দ্রোণাচার্য পাশে।
যহিয়া বৃত্তান্ত সব কহিল সকাশে ॥

অনুবাদ

সঞ্জয় বললেন—হে রাজন্। পাশুবদের সৈন্যসক্তা দর্শন করে প্রাক্তা দুর্ঘোধন শ্লোপাচার্যের কাছে গিয়ে বললেন—

তাৎপর্য

ধতরাষ্ট্র ছিলেন জন্মান্ধ দুর্ভাগ্যবশত, তিনি পারমার্থিক তত্ত্বদর্শন থেকেও বঞ্চিত ছিলেন। তিনি ভালভাবেই জানতেন যে, ধর্মের খ্যাপারে তাঁর পুরুবরাও ছিল তাঁরই মতো অন্ধ, এবং তিনি নিশ্চিত ছিলেন যে, তাঁর পাপিষ্ঠ পত্রেরা পাণ্ডবদের সঙ্গে কোন বৰুম আপস-মীমাংসা কথতে সক্ষম হবে না, কারণ পাওবেরা সকলেই স্কন্ম থেকে অত্যন্ত ধর্মপরায়ণ ছিলেন। তণ্ড তিনি ধর্মক্ষেত্র কুরুক্ষেত্রের প্রভাব সম্বন্ধে সন্দিশ্ধ ছিলেন - যুদ্ধক্ষেত্রের পরিস্থিতি সন্থন্ধে গুতরাষ্ট্রের এই প্রশ্ন করার প্রকৃত উদ্দেশ্য সঞ্জয় বৃথতে প্যেরছিলেন তাই তিনি নৈরাশাগ্রন্ত রাম্লাকে সাবধান করে দিয়ে বঙ্গেছিলেন, এই পধিত্র ধর্মক্ষেত্রের প্রভাবের ফলে তাঁর সন্তানেরা পংগুরুদের সঙ্গে কোন রকম আপস্-মীমাংসা করতে সক্ষম হবে না। সঞ্জয় তথ্নই খতরাষ্ট্রকে বললেন যে, তাঁর পুত্র দুর্যোধন পাণ্ডবদের মহৎ সৈন্যসক্ষা দর্শন করে, তার বিবরণ দিতে তৎক্ষণাৎ সেনাপতি প্রোণাচার্যের কাছে উপস্থিত হপেন। দুর্যোধনকে যদিও রাজা বলা হয়েছে, তবুও সেই সম্ভটময় অবস্থায় তাঁকে তার সেনাপতির কাছে উপস্থিত হতে দেখা যাছে এব থেকে আমরা বৃক্ততে পারি, চতুর রাজনীতিবিদ হবার সমস্ত গুণগুলি দুর্যোধনের মধ্যে বর্তমান ছিল। কিন্তু পাণ্ডবদের মহতী সৈন্যসজ্জা দেখে দুর্যোধনের মনে যে মহাভয়ের সঞ্চার হয়েছিল, ভা তিনি তাঁর চতরতার আবরণে ঢেকে রাখতে পারেননি।

শ্ৰোক ৩

পশ্যৈতাং পাণ্ডুপুব্ৰাদামাচাৰ্য মহতীং চমূম্ ৷ ব্যুঢ়াং দ্ৰুপদপুত্ৰেণ তব শিষ্যোপ ধীমতা ৪ ৩ ৪ াশ্য—দেখুন: এতাস্—এই, পাণ্ডুপ্রাণাম্ পাণ্ড্র পুত্রদেব, আচার্য—হে আচার্য, মহতীম্—মহান; চমূম্—দৈনাবল, ঝুঢ়াম্—ব্যহ, দ্রুপদপূত্রণ—দ্রুপদের পুত্র কর্তৃক, তব আপনার, শিক্ষ্যেক শিয়ের হারা, ধীমতা—অত্যন্ত বৃদ্ধিমান।

গীতার গান

আচার্য চাহিয়া দেখ মহতী সেনানী।
পাণ্ডুপুত্র রচিয়াছে ব্যুহ নানাস্থানী ॥
তব শিব্য বুদ্ধিমান ক্রপদের পুত্র ।
সাজাইল এই সব করি একসূত্র ॥

অনুবাদ

হে আচার্য। পাণ্ডযদের মহান সৈন্যবল দর্শন করুন, যা আপনার অত্যন্ত বুদ্ধিনান শিবঃ দ্রুপদের পুত্র অভ্যন্ত দক্ষভার সঙ্গে ব্যুহের আকারে রচনা করেছেন।

ভাহপর্য

চতর কটনীতিবিদ দুর্যোধন মহৎ ব্রাহ্মণ সেনাগতি লোগচার্যকে তাঁর ভূল-ভেটিশুলি দেখিয়ে দিয়ে তাঁকে সতর্ক করে লিতে চেয়েছিলেন, পঞ্চপাশুবের পত্নী শ্রৌপদীর পিতা দ্রুপদকাজের সঙ্গে প্রোণাচার্যের কিছু রাজনৈতিক মনোমালিন্য ছিল । এই মনোমালিলোর ফলে রুপদ এক বজের অনুষ্ঠান করেন, এবং সেই ফজের ফলে ভিনি বর লাভ করেন বে, তিনি এক পুত্র লাভ করবেন, যে প্রোণাচার্যকে হত্য করতে সক্ষয় হবে। শ্রোণাচার্য এই বিষয়ে সম্পূর্ণভাবে অবগতে ছিলেন, কিন্তু প্রুপদ তাঁর সেই পুত্র ধৃষ্টপুত্রকে যথন অন্ত্রশিকার জন্য তাঁর কাছে প্রেরণ করেন, তখন উদার হুদার সভানিষ্ঠ ব্রাক্ষণ শ্রেপেচার্য তাঁকে সব বুকুমের অন্তুশিক্ষা এবং সমুস্ত সামরিক কলা কৌশলের গুপ্ত তথা শিখিয়ে দিতে কোনও প্রিধা করেননি। এখন, কুকুক্ষেত্রের মৃদ্ধক্ষেত্রে মৃষ্টিদৃয়ে পাশুবদের পক্ষে যোগদান করেন এবং পাশুবদের সৈনাসম্জা তিনিই পরিচালনা করেন, যেই শিক্ষা তিনি গ্রোগাচার্যের কাছ থেকেই পেরেছিলেন। দ্রোণাচার্যের এই ক্রটির কথা দুয়োধন তাঁকে স্মরণ করিয়ে দিলেন, যাতে তিনি পূর্ণ সতর্কতা ও অনমনীয় দুঢ়তার সঙ্গে যদ্ধ করেন দুর্যোধন মহৎ ব্রাহ্মণ দ্রোণাচার্যকে এটিও মনে করিয়ে দিন্দেন যে, পাণ্ডবদের, বিশেষ করে অর্জনেব বিশ্রুম্মে যুদ্ধ করতে তিনি যেন কোন রকম কোমলতা প্রদর্শন না করেন, কারণ ভারাও সকলে তাঁর প্রিয় শিষ্য, বিশেষত অর্জুন ছিলেন সবচেয়ে প্রিয় ও মেধাবী

84

শিষ্য দুর্যোধন সতর্ক করে দিতে চেয়েছিলেন যে, এই ধরনের কোমলতা প্রকাশ পেলে যুদ্ধে অবধারিতভাবে পরাজয় হবে।

(計画 8 %

অত্র শ্রা মহেধাসা তীমার্জুনসমা যুখি ।

যুযুধানো বিরাটশ্চ ক্রপদশ্চ মহারথঃ ॥ ৪ ॥

শৃষ্টকেতৃশ্চেকিতানঃ কাশিরাজশ্চ বীর্ঘবান্ ।

পুরুজিং কুন্তিভোজশ্চ শৈক্ষণ নরপুলবঃ ॥ ৫ ॥

যুধামনুশ্চে বিজ্ঞান্ত উন্তমৌজাশ্চ বীর্ঘবান্ ।

সৌভলো ক্রৌপদেয়াশ্চ সর্ব এব মহারথাঃ ॥ ৬ ॥

অপ্ত—এখানে; শ্রাঃ—বীরগণ, মহেষ্াসাঃ—কাবান ধনুর্ধরগণ, জীমার্ক্র—ভীম ও অর্জ্ন, সমাঃ—সমকক; যুধি—খুজে, যুযুধানঃ—এ্যুধান; বিরাটঃ—বিরাট, চ—ও, দ্রুপদঃ—দ্রুপদ, চ—ও, মহারথঃ—মহারথী; ধৃষ্টকেডুঃ—খৃষ্টকেড্, চেকিভানঃ—চেকিভান, কাশিরাজঃ—কাশিরাজ; চ—ও, বীর্যবান্—অভান্ত বলবান, পুরুবিধ—পুরুগিও, কুরিভোজঃ—কৃতিভোজ, চ—এবং, শৈবাঃ—শৈবা, চ—ও, নরপুক্রঃ—মানব-সমাজে শ্রেষ্ঠ, যুধামানুঃ—যুধামানু।, চ—এবং, বিরুগন্তঃ—বলবান, উত্তমৌজাঃ—উভমৌজা, চ—এবং, বীর্যবান,—অভান্ত লক্তিশালী; সৌভদ্রঃ—সৃত্তার পুত্র, স্তৌপদেয়াঃ—শ্রৌপদীর পুত্রেরা, চ—এবং, সর্বে—সকলে, এই—অবশাই, মহারথীঃ—মহারথীগণ।

গীতার গান

এইস্থানে বর্তমান বহু যোদ্ধাগণ ।
ভীমার্জুনসম তারা ধনুর্ধারী হন ॥

মৃযুধান বিরাট ক্র-পদ মহারথী সব ।

ধৃষ্টকেতৃ চেকিতান কাশীর পুঙ্গব ॥

পুক্জিৎ কৃন্তিভাজ শৈব্যরাজাগণ ।

মুধামন্য বিক্রান্ত নহে সাধারণ ॥

বীর্যবান যে এই সৌভদ্র দ্রৌপদেয় ।

সকলেই মহারথী কেহ নহে হেয় ॥

অনুবাদ

সেই সমস্ত সেনাদের মধ্যে অনেকে ভীম ও অর্জুনের মতো বীর ধনুর্ধারী রয়েছেন এবং যুষ্ধান, বিরটি ও দ্রুপদের মতো মহাযোদ্ধা রয়েছেন। সেখানে ধৃষ্টকেড়, চেকিভান, কাশিরাজ, প্রুজিং, কৃত্তিভাজ ও শৈব্যের মতো অত্যন্ত বলবান যোদ্ধারাও রয়েছেন। সেখানে রয়েছেন অত্যন্ত বলবান যুধামন্যু, প্রবল পরাক্রমশালী উত্তমৌজা, সৃভপ্রার পূত্র এবং দ্রৌপদীর পুরগণ। এই সব যোদ্ধারা সকলেই এক-একজন মহারখী।

তাৎপর্য

যদিও শ্রোণাচ্যর্যের অসীম শৌর্য, বীর্য ও সামরিক কলা-কৌশলের কাছে ধৃষ্টপুত্র ছিলেন এক অতি নগণ্য প্রতিবন্ধক এবং তাঁর ভয়ে ভীত হবার কোন কারণ্ট ছিল না প্রোণাচার্যের পক্ষে, কিন্তু ধৃষ্টপুত্র ছাড়াও পাওবপক্ষে অন্য অনেক রথী-মহারথী ছিলেন, ধাঁরা সন্তিসেতি্টি ভয়ের কারণ হয়ে গাঁড়িয়েছিলেন। পূর্যোধনের পক্ষে সেই যুজজারের পথে তাঁরা ছিলেন এক-একটি দুরতিক্রম্য প্রতিবন্ধকের মতো, কারশ তাঁরা সকলেই ছিলেন ভীম ও অর্জুনের মতো ভয়ংকর ভাঁদের বীরত্বের কথা দুর্যোধন ভালভাবেই জানতেন, তাই তিনি অন্যান্য রথী-মহারথীদেরও ভীম ও অর্জুনের সম্বা

শ্লোক ৭

অস্থাকস্ত বিশিষ্টা থে তারিবোধ হিজোতম । নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥ ৭ ॥

জন্মকম্—আমাদের; জু—কিন্তু; বিশিষ্টাঃ—বিশেষভাবে শক্তিমান, যে—যাঁরা, তান্—তাদের, নিবোষ—জেনে রাখুন, বিজোজম—দ্বিজপ্রেচ, নায়কাঃ— দেনানায়ধানপ, মম—জামার, মৈন্যমা—সৈন্যদের, সংজ্ঞার্থম্—অবগতির জন্য, তান্—তাদের, রবীহি—জামি কলছি, তে—আপনাকে

গীতার গান

আমাদের মধ্যে যারা বিশিষ্ট মহান । দিজোত্তম ওন ভাহা করিয়া মনন ॥ দেনাপতি যে যে সব মম সৈন্যপাশে । সংজ্ঞার্যে তোমারে কহি অশেষ বিশেষে ॥

শ্লোক ১১]

অনুবাদ

হে বিজোন্তম। আমাদের পক্ষে যে সমস্ত বিশিষ্ট সেনাপতি সামরিক শক্তি পরিচালনার জন্য রয়েছেন, আপনার অবগতির জন্য আমি তাঁদের সমৃদ্ধে বলছি।

শ্লৌক ৮

ভবান্ ভীত্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ । অশ্বসামা বিকর্ণশ্চ সৌমদন্তিভ্তথেৰ চ n ৮ n

ভবাদ্—আপনি স্বয়ং, ভীদ্মঃ—পিতামহ ভীদ্ম, চ—ও; কর্ণঃ—কৃষ্টীপূত্র কর্প, চ—এবং, কৃপঃ—কৃপাচার্য, চ—এবং, সমিতিঞ্জয়ঃ—সর্বদা সংগ্রামে বিভায়ী; অশ্বস্থামা—দ্রোণাচার্যের পুত্র অশ্বস্থামা, বিকর্ণঃ—দুর্যোধনের ভাতা বিকর্ণ; চ—ও; সৌমদন্তিঃ—সোমদন্তের পুত্র ভূরিশ্রবা; তথা—এবং; এব—অকণাই, চ—ও।

গীতার গান

্ আপনি আর পিতামহ ভীকাদিগণ।
কৃপাচার্য রণজয়ী হয় একরে বর্ণন ।
অক্থখামা বিকর্ণাদি সৌমদন্তি আর ।
যথাযথা তথা তথা সৈন্য সে অপার ।

অনুবাদ

সেখানে রয়েছেন আপনার মতোই ব্যক্তিত্শালী—ডীশ্ম, কর্ণ, কৃপা, অধ্যধাসা, বিকর্ণ ও সোমদন্তের পুত্র ভূরিশ্রবা, যাঁরা সর্বদা সংগ্রমে বিজয়ী হয়ে থাকেন।

তাৎপর্য

পাশুক পক্ষের রথী-মহারথীদের বর্ণনা কববার পর দুর্যোধন তার স্থপক্ষে যে সমস্ত বীরেরা যোগদান করেছেন তাঁদের বর্ণনা করেছে। বিকর্ণ হচ্ছেন দুর্যোধনের ভাই, অশ্বথামা হচ্ছেন দ্রোণাচার্যের পুত্র এবং সৌমদন্তি বা ভূরিশ্রবা হচ্ছেন বাহ্রীকের রাজার ছেলে। কর্ণ ছিলেন অর্জুনের বৈপিত্রেয় লাতা, কেল না রাজা পাশুর সঙ্গে বিবাহ হবার আগে কুন্তীদেবীর কোলে তাঁর জন্ম হয়। কৃপাচার্যের বসজ ভন্নীদ্বরের সাথে দ্রোণাচার্যের বিবাহ হয়।

শ্ৰোক ১

অন্যে চ বহবঃ শ্রা মদর্থে ত্যক্তজীবিতাঃ । নানাশস্ত্রপ্রহরণাঃ সর্বে যুদ্ধবিশারদাঃ ॥ ৯ ॥

অন্যে— অন্য অনেকে, চ—ও, বহব:—কং, শ্রাঃ—সেনানায়কগণ, মদর্যে জামার জন্যা, ভাক্তজীবিভাঃ— তাঁদের জীবন ত্যাগ করতে প্রস্তুত, নানা—নানা প্রকার, শক্তক্তায়, প্রহরণাঃ—সুসজ্জিত, সর্বে—তাঁরা সকলে, যুদ্ধবিশারদাঃ—সামরিক বিজ্ঞানে অভিজ্ঞ যোগা।

গীতার গান

আর বে অনেক বীর আমার লাগিয়া।
আসিয়াছে হেথা সব জীবন ত্যজিয়া।
নানা-অন্ত্রপাণি সব যুদ্ধে বিশারদ।
এরা সব হয় মোর যুদ্ধের সংসদ 1

অনুবাদ

এ স্কণ্ডা আরও বহু সেনানায়ক রয়েছেন, যাঁরা আমার জন্য তাঁদের জীবন ত্যাগ করতে প্রস্তুত। তাঁরা সকলেই নানা প্রকার অন্ত্রশন্ত্রে সক্তিত এবং তাঁরা সকলেই সামরিক বিজ্ঞানে বিশারত।

তাৎপর্য

অন্য আব যে সমস্ত বীরেরা দুর্যোধনের পক্ষে ছিলেন, যেমন—জয়দ্রথ, কৃতবর্মা, শলা আদি, এঁরা সকলেই দুর্যোধনের জন্য প্রাণ পর্যন্ত দিতে প্রস্তুত ছিলেন এখানে স্পষ্টভাবে বৃক্তিয়ে দেওয়া হয়েছে যে, পাপিষ্ঠ দুর্যোধনের পক্ষ অবলম্বন করার ফলে কৃকক্ষেত্রের রপাঙ্গনে এঁদের সকলেরই মৃত্যু অবধারিত ছিল দুর্যোধনের কিন্তু দৃট্ বিশাস ছিল যে, এই সমস্ত বীরপুঙ্গবেরা স্বপক্ষে থাকায় ভার জয় অনিবার্য

প্রোক ১০-১১

অপর্বাপ্তর তদন্দাকং বলং জীম্মাভিরক্ষিতম্।
পর্যাপ্তর স্থিদমেতেশাং বলং জীমাভিরক্ষিতম্ ॥ ১০ ॥
ভারনেবু চ সর্বেধু যথাভাগমবস্থিতাঃ।
ভীক্ষমেবাভিরক্ষম্ভ ভবতঃ সর্ব এব হি ॥ ১১ ॥

e5

শ্ৰোক ১২]

অপর্যাপ্তম্ অপরিমিত, তৎ—তা, অস্থাকম্ আমাদের; বলম্—বল, ভীস্থাপিতামহ ভীত্মের দারা, অভিরক্ষিত্তম্—সম্পূর্ণরূপে রক্ষিত্য, পর্যাপ্তম্—সীমিত, তু কিন্তু ইদম্—এই সমস্ত, এতেষাম্—পাওবদের, কলম্—বল, জীম—তীমের দ্বারা, অভিরক্ষিত্তম্—সতর্কভাবে রক্ষিত্য, অরনেযু—মধাস্থানে, চ—ও, সর্বেযু—সর্বত্র, মধাতাগম্—যথাযথভাবে বিভক্ত হয়ে, অবস্থিতাঃ—অবস্থিত, তীক্ষম্—পিতামহ ভীত্মকে, এব—অবশাই, অভিরক্ষম্ভ রক্ষা করুন, তবস্তঃ—আপনারা, সর্বে—সকলে; এব হি—নিশ্চিতভাবে।

গীতার পান

অপর্যাপ্ত মম সৈন্য জীয় সেনাপতি । পর্যাপ্ত ওদের সৈন্য জীম যার গতি ॥ যথাস্থানে স্থিত থাকি আপনি সকলে । রক্ষ ভীয়া পিতামহে হেন যুদ্ধস্থলে ॥

অনুবাদ

আমাদের সৈন্যবল অপরিমিত এবং আমরা পিতামত্ ভীত্মের দ্বারা পূর্ণরূপে সূরক্ষিত, কিন্তু ভীমের দ্বারা সতর্কভাবে সূরক্ষিত পাশুবদের শক্তি সীমিত। এখন আপনারা সকলে সেনাব্যুত্বে প্রবেশপথে নিজ নিজ গুরুত্বপূর্ণ স্থানে স্থিত হয়ে পিতামত্ব- ভীত্মকে সর্বতোভাবে সাহায্য প্রদান করুন।

ডাৎপর্য

এখানে দুর্যোধন পাগুর-পক্ষ ও কৌরব-পক্ষের সামবিক শক্তির তুজনা করেছে।
পিতামহ বীরশ্রেষ্ঠ ভীষাদেরের রক্ষণাবেক্ষগাধীন অমিত শক্তিশালী এক সৈনাবাহিনী
ছিল দুর্যোধনের স্থপক্ষে অপর পক্ষে, পাগুরদের সৈন্যবাহিনী ছিল সীমিত এবং
তার সেনাপতি ছিলেন ভীমসেন, বাঁর শৌর্যবীর্য ও সৈন্য পরিচালনার ক্ষমতা
পিতামহ ভীত্মদেবের তুলনায় ছিল নিতান্তই কাণ্য। দুর্যোধন চিরকালই ভীমের
প্রতি ঈর্যান্বিত ছিল, কারণ সে জানত যে, যদি তাঁকে কোন দিন মরতে হয়,
তবে ভীমেব হাতেই তার মৃত্যু হবে। কিন্তু ভীম্বের মতো বিচক্ষণ ও দুর্যর্য যোদ্ধা
তার পক্ষেব সেনাপতি থাকায় সে নিশ্চিতভাবে ধরে নিয়েছিল, জয় তার হকেই।
দুর্যোধনের প্রতিটি কথাতে বোঝা থাছে, যুদ্ধজয় সম্বন্ধে তার মনে কোনই সংশয়
ছিল না।

चीत्पत भौगिवीत्पत अनस्मा करात शहर, मुर्त्याधन वित्वहना करत रहत्रल, चरानाहा মনে করতে পারে, তাঁদের শৌর্যবীর্যের গুরুত্ব লাঘ্য করে হেয় করা হচ্ছে, তাই তার স্বভাবসূদভ কূটনৈতিক চাতুরীর সাহায্যে সেই পরিস্থিতির ভারসাম্য বজায় রাখার জন্য সে উপরোক্ত কথাগুলি বলেছিল , এভাবে সে মনে করিয়ে দিল বে, ভীন্মদেব যত বড় যোদ্ধাই হন, তিনি বৃদ্ধ হয়ে পড়েছেন এবং সব দিক থেকে তাই ভীন্মদেবকে তাঁদের সকলেরই রক্ষা করা উচিত। যদ্ধ করতে করতে যদি তিনি কোনও একদিকে এগিয়ে যান, তা হলে শত্রুপক্ষ ভার সুযোগ নিয়ে অন্য দিক থেকে আক্রমণ করতে পারে। তাই অন্য বীরপুঙ্গবেরা যাতে নিজ নিজ স্থানে অধিষ্ঠিত থেকে শত্রুসৈনাকে ব্যহ ডেদ করতে না দেয়, তার গুরুত্ব সম্বন্ধে **শ্রেণাচার্যকে দুর্যোধন মনে করিয়ে দিয়েছিল** দুর্যোধন স্পষ্টই অনুভব করেছিল মে, কুরুক্ষেত্রের যুদ্ধে তার জয়লাভ সম্পূর্ণভাবে নির্ভর করছে ভীত্মদেবের উপর। পুর্যোধনের দৃঢ় বিশ্বাস ছিল, সেই যুদ্ধে ভীত্মদেব ও প্রোণাচার্য তাঁকে সম্পূর্ণভাবে সহযোগিতা করবেন। কারণ সে আগেই দেখেছিল, যখন হন্তিনাপরের রাজসভায় সমস্ত রাজপুরুষের সামনে ক্রোপদীর বস্তু হরণ করা হচিত্র, তথন তাঁদের প্রতি অসহায় শ্রৌপদীর আকৃষ আবেদনে সাড়া দিয়ে তাঁরা একটি কথাও বলেননি যদিও দুর্যোধন জ্ঞানত, তার দুই সেনাপতিই পাওবদের বেশ স্নেহ করতেন, কিন্তু তার বিবাস ছিল যে, পাশা খেলার নিয়মানুসারে তাঁরা যেমন তাঁদের ল্লেহপ্রবণ্ডা বর্জন করেছিলেন, এই কুদ্ধেও তারা ভাই করবেন।

শ্লোক ১২

তদ্য দঞ্জনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ । সিংহনাদং বিনদ্যোজিঃ শদ্ধং দশ্মৌ প্রতাপবান্ ॥ ১২ ॥

তসা—তাঁব: সঞ্জনমন্ বর্ধিত করে, হর্ম—হর্ব, কুরুবৃদ্ধঃ—কুরুবংশের মধ্যে বৃদ্ধ; শিতামহঃ—পিতামহ, সিংহনাদম্—সিংহের মতো গর্জন, বিনদ্য—কম্পিত করে, উজৈঃ—অতি উচ্চলাদে, শন্ধুম্—শন্ধ, দশেমী—বাজালেন, প্রভাপবান্ প্রতাপশালী।

গীতার গান ভবে সেই পিতামহ বৃদ্ধ কুরুপতি । হর্ষ উৎপাদনে যবে কৈল স্থিরমতি ॥

প্লোক ১৪]

সিংহনাদে বাজাইল শস্ত্র সেই বীর । উচ্চরব সেই সব অতীব গঞ্জীর ॥

অনুবাদ

তথন কুক্তবংশের বৃদ্ধ পিতামহ ভীত্ম দুর্যোধনের হর্ষ উৎপাদনের জন্য সিহের গর্জনের মতো অতি উচ্চনাদে তার শব্ধ বাজালেন।

ভাৎপর্য

কুল-রাজবংশের পিতায়হ দুর্যোধনের হাদ্কম্প অনুভব করতে পেরে তার স্বভাবসূদভ করণার বশবতী হয়ে তাঁকে উৎসাহিত করবার জনা সিংহনাদে তার শন্ধ বাজাদেন পরোকভাবে, শন্ধবনির মাধ্যমে তিনি তাঁর হতাশালয় পৌর দুর্যোধনকে জানিয়ে দিলেন যে, এই যুদ্ধে জয়লাভ করার কোন আশাই তাঁর নেই, কারণ ভগবান শ্রীকৃঞ্চ ছিলেন তাঁর বিপক্ষে। তকুও, জাত্রধর্ম জনুসারে জায়-পরাজয়ের কথা বিবেচনা না তরে যুদ্ধ করাই তাঁর কর্তব্য এবং এই ব্যাপারে তিনি কোন রক্ষ অধ্যেহলা করবেন না। সেই কথা তিনি দুর্যোধনকে মনে করিয়ে দিলেন।

শ্রোক ১৩

ততঃ শঙ্খাশ্চ ভের্যশ্চ পণবানকগোমুখাঃ । সহসৈবাভ্যহনান্ত স শব্দস্তম্লোহভবৎ ॥ ১৩ ॥

ডড:—তারপর, শঙ্ঝাঃ—শঙ্খসমূহ চ—ও, ডের্মঃ—ভেরীসমূহ, চ—এবং, পগর-আনক—পণব ও আনক ঢাক, গোমুখাঃ—গোমুখ শিশু, সহসা—হঠাৎ, এব— অবশাই, অভ্যহন্যস্ত—একসঙ্গে বাজতে লাগল, সঃ—সেই, শক্ষঃ—মিলিত শক্ষ, ভূমুলঃ—ভূমুল, অভ্যবং—হয়েছিল

গীতার গান

ন্তনি সেই শক্ৰৱৰ যত শন্ধ ভেরী । গোমুখ পদবানক ৰাজিল সত্তরি ॥ সহসা উঠিল সেই রণের ঝন্ধার । তুমুল ইইল শব্দ বহুল অপার ॥

অনুবাদ

বিষাদ-যোগ

তারপর শব্ধ, ভেরী, পণৰ, আনক, ঢাক ও গোমুখ শিল্পাসমূহ হঠাৎ একত্রে ধ্বনিড হয়ে এক ভুমুল শব্দের সৃষ্টি হল।

(湖本 78

ততঃ শেতৈহয়ৈর্থ্তে মহতি সান্দনে স্থিতৌ। মাধবঃ পাণ্ডবশৈষ দিবৌ শন্ধৌ প্রদণমতুঃ ॥ ১৪ ॥

ডড:—তবন, থেতৈঃ—শেত, হয়ৈঃ—অধগণ, মুক্তে—যুক্ত হয়ে; মহতি— মহান, সাক্ষ্যে—এথ, ছিটোে—অবহিত হয়ে, মাধবঃ—শ্লীকৃষ্ণ (লক্ষ্মীর পতি); পাওবঃ—অর্জুন (পাণ্ডুর পুত্র); চ—ও; এব—অবশাই, দিন্টো—অপ্রাকৃত; শন্থোে— শহাওলি; প্রদম্মতঃ—বাজালেন।

গীতার গান

ভারপর শ্বেত অশ্ব রথেতে বসিয়া।
আসিল যে মহাযুদ্ধে নিযুক্ত হইয়া।
মাধৰ আর পাশুব দিব্য লগ্ধ ধরি।
বাজাইল পরে পরে অপূর্ব মাধুরী ॥

অনুবাদ

অন্য দিকে, থেত অধ্যযুক্ত এক দিব্য রূপে স্থিত জীকৃষ্ণ ও অর্জুন উভয়ে উাদের দিব্য শাখ বাজাবেশ।

তাৎপর্য

ভীন্মদেবের শব্দের সঙ্গে বৈসাদৃশ্য দেখিয়ে গ্রীকৃষ্ণ ও অর্জুনের শৃদ্ধকে 'দিব্য' বঙ্গে অভিহিত করা হয়েছে। এই দিবা শব্দ্ধধনি ঘোষণা করল যে, কৃষ্ণপক্ষের যুদ্ধজয়ের কোন আশাই নেই, কারণ ভগবান গ্রীকৃষ্ণ পাশুবদের জয় অবধারিত, কাবণ জনার্দন গ্রীকৃষ্ণ ভাদের পক্ষে যোগদান করেছেন জয়ন্ত পাশুবদের জর অবধারিত, কাবণ জনার্দন গ্রীকৃষ্ণ ভাদের পক্ষে যোগদান করেন, সৌভাগ্য-লক্ষ্মীও সেই পক্ষেই থাকেন, কারণ সৌভাগ্য-লক্ষ্মীও সেই পক্ষেই থাকেন, কারণ সৌভাগ্য-লক্ষ্মীও হেই বিষ্ণু বা গ্রীকৃষ্ণের দিন্তু শন্ধকনির মাধায়ে ছোবিত হল যে,

রেক ১৭1

অর্জুনের জন্য বিজয় ও সৌভাগা প্রতীক্ষা করছে। তা ছাড়া, যে রখে চড়ে দুই বন্ধু শ্রীকৃষ্ণ ও অর্জুন কুরুক্ষেত্রের যুদ্ধে অবতীর্ণ হয়েছিলেন, তা অগ্নিদেব অর্জুনকে দান করেছিলেন এবং সেই দিব্য বথ ছিল সমগ্র প্রিভুবনে সর্বএই অপরাজেয়।

প্রোক ১৫

পাঞ্জন্যং হ্ববীকেশো দেবদন্তং ধনপ্রয়ঃ । পৌডুং দংশ্মী মহাশন্থাং শ্রীসকর্মা বুকোদরঃ ॥ ১৫ ॥

পাঞ্চজদাম্—পাঞ্চজন্য নামক শৃষ্ধ, ষ্বাধীকেশঃ—স্বাধীকেশ (প্রীকৃষ্ণ, বিনি উরি ভাঙাদের ইপ্রিয়ের পরিচালক); দেবদন্তম্—দেবদন্ত নামক শৃষ্ধ, ধনপ্রয়ঃ—ধনপ্রয় (অর্জুন, যিনি ধনসম্পদ জয় করেছেন); পৌজুম্—গৌডু নামক শৃষ্ধ, দুশেষ্ট—বাজালেন, মহালাশ্বাম্—ভয়ংকর শৃষ্ধ, ভীমকর্মা—গ্রচণ্ড কর্ম সম্পাদনকারী, বৃকোদরঃ—বিপুল ভোজনপ্রিয় (ভীম)।

গীতার গান
হাবীকেশ ভগবান পাঞ্চজন্যরবে
ধনপ্রয় বাজাইল দেবদন্ত সবে
আ
ভীমকর্মা ভীমসেন বাজাইল পরে
পৌপ্রনাম শন্তা সেই অভি উল্ডৈপ্রেবি
য

অনুবাদ

তখন, শ্রীকৃষ্ণ পাঞ্চজন্য নামক তাঁর শধ্য বাজালেন, অর্জুন বাজালেন, তাঁর দেবদত্ত নামক শধ্য এবং বিপুল ভোজনপ্রিয় ও তীমকর্মা জীমসেন বাজালেন গৌণ্ড নামক তাঁর ভয়ংকর শধ্য

তাৎপর্য

শ্রীকৃষ্ণকে এই শ্রোকে হারীকেশ করা হয়েছে, যেহেতু তিনি হচ্ছেন সমস্ত হারীক বা ইন্দ্রিয়ের ঈশ্বর জীবেরা হচ্ছে তার অবিচ্ছেদ্য অংশ, তাই জীবদের ইন্দ্রিয়সমূহের হচ্ছে তাঁব ইন্দ্রিয়সমূহের অবিচ্ছেদ্য অংশ। নির্বিশেষবাদীরা জীবের ইন্দ্রিয়সমূহের মূল উৎস কোথায় তার হদিস খুঁজে পায় না, তাই তারা সমস্ত জীবদের ইন্দ্রিয়বিহীন ও নির্বিশেষ বলে বর্ণনা করতে তৎপর। সমস্ত জীবের অস্তরে অবস্থান করে ভগবান এনের ইন্দ্রিয়ণ্ডলিকে পরিচালিত করেন তবে এটি নির্ভর করে আদ্মসমর্পণের মাত্রার উপর এবং শুদ্ধ ভক্তের ক্ষেত্রে তার ইন্দ্রিয়ণ্ডলিকে ভগবান প্রত্যক্ষভাবে পরিচালিত করেন। এখানে কুরুক্ষেত্রের ধুদ্ধক্ষেত্রে অর্জুনের দিবা ইপ্রিয়ণ্ডলিকে ভগবান সরাসরিভাবে পরিচালিত করেছেন, তাই এখানে তাকে হারীকেশ নামে মভিহিত করা হয়েছে। ভগবানের বিভিন্ন কার্যকলাপ অনুসারে তার ডিন্ন ভিন্ন নাম আছে। যেমন, মধু নামক দানবকে সংহার করার জন্য তার নাম মধুসূদন; গাভী ও ইন্দ্রিয়ণ্ডলিকে আনন্দ দান করেন বলে তার নাম গোবিন্দ, বসুদেবের পুত্ররূপে অবতীর্ণ হয়েছিলেন বলে তার নাম বাসুদেব, দেবকীর সন্ধানরূপে অবতীর্ণ হয়েছিলেন বলে তার নাম দেবকীনন্দন, বৃদ্ধাবনে যশোদার সন্তানরূপে তিনি তার বাল্যলীলা প্রদর্শন করেন বলে তার নাম যশোদানন্দন এবং সথা অর্জুনের রথের সারেথি হয়েছিলেন বলে তার নাম পার্থসারথি সেই রবাম, কুরুক্ষেয়ের রণাঙ্গনে মর্জুনরে পরিচালনা করেছিলেন বলে তার নাম হারীকেশ।

এখানে অর্থনেকে ধনপ্রম বলে অভিথিত করা হয়েছে, কারণ বিভিন্ন যাগযজের প্রনৃত্যন করার জন্য তিনি যুধিছিরকে ধন সংগ্রহ ধরতে সাহায়্য করতেন তেমনই, ভারকে এখানে ব্রেচ্ছর বলা হয়েছে, কারণ থেমন তিনি ছিড়িম্ব আদি দানবকে ধ্য করতে পারতেন। করতে পারতেন, তেমনই তিনি প্রচুর পরিমাণে প্রাহার করতে পারতেন। সূত্রাং পাশুবপক্ষে ভগবান শ্রীকৃষ্ণ সহ বিভিন্ন ব্যক্তিরা যখন তাঁদের বিশেষ ধরনের শশ্ব বাজালেন, সেই দিব্য শশ্বধ্বনি তাঁদের সৈন্যদের অনুপ্রেরণা সংগ্রার করপ। পকান্তরে, কৌরবপক্ষে আমরা কোন রকম শুভ লক্ষণের ইন্নিত পাই না, সেই পশ্বে পরম নিয়ন্তা ভগবান নেই, সৌভাগ্যের অনিহারী কন্দ্বীদেবীও নেই। অতএব, তাঁদের পক্ষে যে মৃদ্ধ-জয়ের কোন আশাই প্রনা তা পূর্বেই নির্মারিত ছিল এবং যুদ্ধের গুরুতেই শশ্বধ্বনির মাধ্যমে সেই ব গা গোবাহিত হল।

শ্ৰেক ১৬-১৮

অনন্তবিজয়ং রাজা কৃত্তীপুত্রো যুখিছিরঃ । নকুলঃ সহদেবক্ষ সুযোষমণিপুষ্পাকৌ ॥ ১৬ ॥ কাশ্যক্ষ পরমেধাসঃ শিখন্তী চ মহারথঃ । ধৃষ্টদাস্থো বিরাউক্চ সাত্যকিশ্চাপরাজিতঃ ॥ ১৭ ॥ [১ম অধ্যায়

গ্ৰোক ১৯]

ፈው

দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্বশঃ পৃথিবীপতে। সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দুখমুঃ পৃথক্ পৃথক্ ॥ ১৮ ॥

অনন্তবিভায়ন্—অনন্তবিভায় নামক শছা রাজা—রাজা, কৃষ্টাপুত্রঃ—কৃতীর পুত্র, মুধিষ্ঠিরঃ -মুধিষ্ঠির, নকুলঃ—নকুল, সহদেবঃ—সহদেব, চ—এবং, সুষোল-মিপিপুত্পকৌ—সুযোষ ও মণিপুত্পক নামক শহা; কাশ্যঃ—কাশীর (বারাণসীর) রাজা; চ—এবং, পরমেষ্ট্রঃ—মহান ধন্ধর, শিষতী—শিষতী, চ—ও; মহারথঃ—সহস্র সহস্র যোদ্ধার বিরুদ্ধে একাকী যুদ্ধ করতে সক্ষম মহারথী, ষৃষ্টপুন্থঃ—সহস্র সহস্র যোদ্ধার বিরুদ্ধে একাকী যুদ্ধ করতে সক্ষম মহারথী, ষৃষ্টপুন্থঃ—(মহারাজ প্রুপদের পুত্র) ষৃষ্টপুন্থ; বিরাটঃ—বিরাট (যিনি পাওবদের অজ্যাতবাস কালে আশ্রয় দিয়েছিলেন); চ—ও, সাজাকিঃ—সাজাকি (শ্রীকৃষ্ণের সাম্বি যুদ্ধানের মতো); চ—এবং, অপরাজিতঃ—যিনি কখনও প্রাজিত হননি, ফুপ্দঃ—পাধ্যালের রাজা প্রুপদ, শ্রৌপদেয়াঃ—শ্রৌপদীর পুত্রগণ; চ—ও; সর্কশঃ—সকলে, পৃথিবী-পতে—হে মহারাজ; সৌভন্তঃ—সুভন্তার পুত্র অভিমন্যু; হ—ও; মহারাভঃ—মহা বলবান, পদ্ধান্—শহাসমূহ, দশ্মঃ—বাজান্তেন; পৃথক্ পৃথক্—একে একে।

গীতার গান

যুখিন্তির ধরে শন্ধা রাজা কৃতীপুত্র ।
অনন্তবিজয় সেই ঘোষণা সর্বত্র ॥
নকুল বাজাল শন্ধা সুযোব তার নাম ।
সহদেব বাজাল মণিপুস্পক নাম ॥
তারপর একে একে ঘত মহারপী ।
ধনুর্থর কালীরাজ শিখণ্ডী সারপি ॥
ধৃউদ্যুস বিরাটাদি বীর সে সাত্যকি ।
মহাযোদ্ধা পারে ধারা যুঝিতে একাকী ॥
ফ্রপদ আর জৌপদের পৃথিবীপতে ।
সৌতত্র বাজাল শন্ধা ধার যার মতে ॥

অনুবাদ

কুন্তীপূত্র মহারাজ খৃধিষ্ঠির অনস্কবিজয় নামক শহা বাজালেন এবং নকুল ও সহদেব বাজালেন সূখোয় ও মণিপূপ্পক নামক শহা। হে মহারাজ! তবান মহান ধনুর্ধর কাশীরাজ, প্রবল ধোদ্ধা শিখণ্ডী, ষ্ট্রদুস, বিরাট, অপরাজিত সাজ্ঞকি, দ্রুপদ, স্লৌপদীর পুরগণ, সৃভদ্রার মহা বলবান পুত্র এবং অন্য সকলে তাঁদের নিজ নিজ পুথক শব্ধ বাজানেন।

বিষাদ-যোগ

ভাৎপর্য

সঞ্জয় সুকৌশলে ধৃতরাষ্ট্রকে জানিয়ে দিলেন যে, পাণ্ডুপুদ্রদের প্রতারণা করে তাঁর নিজের ছেলেদের সিংহাসনে বসাবার দুরভিসন্ধি করাটা তাঁর পক্ষে মোটেই প্রশংসনীয় কঞে হয়নি। চারদিক থেকেই ইক্সিত পাওয়া মচ্ছিল যে, কুরুবংশের সমূলে কিনাশ হবে এবং পিতামহ ভীত্ম থেকে শুক্ত করে অভিমন্যু আদি পৌত্রেরা সকলেই যুদ্ধে নিহত হকে। পৃথিবীর নানা দেশ থেকে উপস্থিত রাজ্ঞা-মহারাজা ও রখী-মহারখীরা সকলেই নিহত হকেন। এই বিপর্যয়ের মূল কারণ ছিলেন মহারাজ্ঞ গৃতরাষ্ট্র স্বয়ং, কারণ তাঁর পুরুদের দুন্ধর্ম তিনি কখনও কোন রকম বাধা দেননি, উপরস্কু তাদের সব রকম দুন্ধর্ম তিনি অনুপ্রেরণা যুগিয়েছেন।

প্ৰেকি ১৯

স যোবো ধার্তরাষ্ট্রাশাং জদমানি বাদারমং। নভশ্চ পৃথিবীং চৈব তুমুলোহস্ত্যনুনাদয়ন্ ॥ ১৯ ॥

সঃ—সেই, ছোষঃ—শব্দ-শব্দনার থার্ডরাট্রাপাম্—ধৃতরাষ্ট্রের পুরদের, জনমানি— হানর; বাদাররৎ—চূর্ণবিচূর্ণ করেছিল, নডঃ—আকাশ, চ—ও, পৃথিবীম্—পৃথিবীকে, চ—ও, এব—অবশ্যই, ভুমুলঃ—প্রচণ্ড, অন্ত্যনুনাদমন্—অনুরণিত হয়ে,

গীতার গান

সে শব্দ ভাঙিল বৃক ধার্তরাষ্ট্রগণে। আকাশ ভেদিল পথী কাঁপিল সহনে॥

অনুবাদ

শব্ধ নিনাদের সেই প্রচণ্ড শব্দ আকাশ ও পৃথিবী প্রতিধ্বনিত করে ধৃতরাষ্ট্রের পুত্রদের জনম বিদারিত করতে লাগল।

ভাৎপর্য

ভীদ্মদেব আদি কৌরব-পক্ষের বীরেবা যখন শব্ধ বাজিয়েছিলেন, তখন পাণ্ডবদের বুক ভয়ে কেঁপে ওঠেনি। কিন্তু এই শ্লোকে আমরা দেখছি যে, পাণ্ডবদের শব্ধনানে ee.

্রিম ভাগোয়

ধৃতরাষ্ট্রের প্রদের হাদয় ভয়ে বিদীর্ণ হল। পাণ্ডবদের মনে কোন ভয় ছিল না, কাবণ তাঁরা ছিলেন সদাচারী এবং ভগবান প্রীকৃষ্ণের শরণাগত। ভগবানের কাছে যিনি আত্মসর্মপণ করেন তাঁর মনে কোন ভয় থাকে না, চরম বিপদেও ভিনি থাকেন অবিচলিত।

শ্লোক ২০

অথ ব্যবস্থিতান্ দৃষ্টা থার্তরাস্ট্রান্ কপিধবজঃ । প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যমা পাওবঃ । স্থাকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে ॥ ২০ ॥

আও—অতঃপর, ব্যবস্থিতান্—অবস্থিত, দৃষ্টা—দেখে, ধার্তরাষ্ট্রান্—ধৃতরাষ্ট্রের পূত্রদের; কপিথবজাঃ—খার পতাকার হনুমান চিহ্ন শোভা পার, প্রবৃদ্ধে—প্রবৃত্ত হওয়ার সময়, শস্ত্রসম্পাতে—অস্ত্র নিক্ষেপ করতে; ধনুঃ—ধনুক, উদ্যমা—তুলে নিয়ে; পাশ্বয়—পাশ্বপুর (অর্জুন); হ্রবীকেশম্—গ্রীকৃষ্ণকে; তদা—তথন; বাক্যম্—বাক্য, ইদম্—এই; আহ্—বল্চেন; মই)পত্তে—হে মহারাজ।

গীতার গান

কপিখনজ দেখি ধার্তরাষ্ট্রের গণেরে। যুদ্ধের সজ্জায় সেথা মিলিল অচিরে । নিজ অন্ত ধনুর্বাণ যথাস্থানে ধরি। যুদ্ধের লাগিয়া সেথা স্মরিল শ্রীহরি।

অনুবাদ

সেই সময় পাণ্ডপুত্র অর্জুন হনুমান চিহ্নিত পতাকা শোভিত রথে অধিষ্ঠিত হয়ে, তাঁর ধনুক তুলে নিয়ে শর নিক্ষেপ করতে প্রস্তুত হলেন। হে মহারাজ। খৃতরাষ্ট্রের পুত্রদের সমরসজ্জায় বিন্যস্ত দেখে, অর্জুন তথন শ্রীকৃষ্ণকে এই কথাণ্ডলি বল্লেন—

তাৎপর্য

কুরুক্ষেত্র-যুদ্ধের শুরুতেই আমরা দেখতে পাই, গাণ্ডবদের অপ্রত্যাশিত সৈনসম্ভা দেখে ধৃতবাষ্ট্রের পুত্রদেব হৃদ্কম্প শুরু হয়ে গোছে। পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ দেং কৃতকেত্রের যুদ্ধে উপস্থিত থেকে পাশুবদের পরিচালিত করেছিলেন, তাই নারবদের এই হাদ্কম্প হওয়াটা স্বাভাবিক। অর্জুনের রথে হন্মান অঞ্চিত ধবজাও নাটি বিজয়সূচক ইন্দিত, কারণ রাম-রাবণের যুদ্ধে হন্মান প্রীরামচন্দ্রকে সহযোগিতা হরেছিলেন এবং প্রীরামচন্দ্র বিজয়ী হয়েছিলেন কুকক্ষেত্রের যুদ্ধেও অর্জুনকে নাহায় করবার জন্য তার রথে শ্রীরামচন্দ্র ও হন্মান দুজনকেই উপস্থিত থাকতে নাহায় করবার জন্য তার রথে শ্রীরামচন্দ্র ও হন্মান দুজনকেই উপস্থিত থাকতে নাহায় করবার জন্য তার রথে শ্রীরামচন্দ্র এবং যেখানে শ্রীরামচন্দ্র, সেখানেই তার নিতা সেবক ভক্ত হন্মান এবং নিতা সন্ধিনী সীতা লক্ষ্মীদেবী উপস্থিত থাকেল। তাই, অর্জুনের কোন শত্রের ভয়েই তীত হবার কারণ ছিল না, আর্র সবচেরে বড় কথা হচ্ছে যে, সমস্ত ইন্দ্রিয়ের অধীশ্বর ভগবান শ্রীকৃষ্ণ তাঁকে পরিচালিত করবার জন্য স্বয়ং উপস্থিত ছিলেন এভাবে, যুদ্ধান্তরের সমস্ত শুভ পরায়র্শ অর্জুন পাঞ্চিলেন। তার নিত্যকালের ভক্তের জন্য ভগবানের দ্বারা আরোজিত এই রকম গুভ পরিস্থিতিতে সুনিন্দিত জয়েরই ইঞ্চিও বহন করে।

विश्वाह-(श्राप्त

লোক ২১-২২ অর্জুন উবাচ

সেনরোক্তরোর্মধ্যে রথং স্থাপর মে২চ্যুত । যাবদেতানিরীক্ষেহহং যোজুকামানবস্থিতান্ ॥ ২১ ॥ কৈর্ময়া সহ যোজব্যমন্মিন্ রণসমুদ্যমে ॥ ২২ ॥

অর্জুনঃ উবাচ—অর্জুন বললেন, সেনরোঃ— দৈন্যদের, উভয়োঃ—উভয়, মথ্যে—
মধ্যে, রথম্—রথ; স্থাপন—হাপন কর, মে—আমার; অচ্যুত—হে অচ্যুত, যাবং—
যাতে; এতান্—এই সমগু; নিরীক্ষে—দেখতে পারি, অহম্—আমি, যোজুকামান্—
যুদ্ধ করতে অভিলায়ী, অবস্থিতান্—যুদ্ধকেরে অবস্থিত, কৈঃ—কাদের সঙ্গে;
মদ্রা—আমাকে; সহ—সঙ্গে; যোজবাম—যুদ্ধ করতে হবে; অস্মিন্—এই, রণ—
সংখ্যাম; সমুন্যমে—প্রচেষ্টার।

গীতার গান

মহীপতে। পাঞ্পুত্র কহে হৃষীকেশে। উভয় মেনার মাঝে রথের প্রবেশে॥ যাবৎ দেখিব এই যুদ্ধকামীগণে। ভাবৎ রাখিবে রথ অচ্যুত এখানে॥ ্রিম অধ্যায়

(副本 文8]

দেবিবারে চাহি কেবা আসিয়াছে হেথা । কাহার সহিত হবে যুঝিবারে সেখা ॥

অনুবাদ

অর্জুন বললেন—হে অচ্যুত। তুমি উভয় পক্ষের সৈন্যদের মাঝখানে আমার রথ স্থাপন কর, যাতে আমি দেখতে পারি মৃদ্ধ করার অভিলামী হয়ে কারা এখানে এসেহে এবং এই মহা সংগ্রামে আমাকে কাদের সঙ্গে যুদ্ধ করতে হবে।

ডাৎপর্য

যদিও খ্রীকৃষ্ণ হচ্ছেন পর্মেশ্বর ভগবান, তবুও তিনি অহৈতৃকী কৃপাবশে তাঁয় প্রিয় সখা অর্জুনের রপের সাধ্যয়ি হয়ে তাঁর সেবা করছেন। ভাক্তের প্রতি করশা প্রদর্শনে ভগবান কখনও চ্যুত হন না, তাই ওাঁকে এখানে অচ্যুত বলে সন্তামণ করা হয়েছে। অর্জনের রথের সারথি হবার ফলে তাঁকে অর্জনের আদেশ অনুযায়ী কাজ করতে হয়েছিল এবং যেহেড় তা করতে তিনি কৃষ্টিত চুননি, ভাই তাঁকে অচ্যুত বলে সম্বোধন করা হয়েছে। যদিও তিনি তাঁর ভক্তের রথের সার্থা হয়েছেন, তবও তাঁর পরম পদ কেউ দাবি করতে পারে না। সকল অবস্থাতেই তিনি হচ্ছেন পরম পরুষ ভগবান বা সমস্ত ইন্দ্রিয়ের অধীশ্বর দ্রাবীকেশ। ভগবানের সঙ্গে ভত্তের সম্পর্ক মধুর ও অহাকৃত ভক্ত সর্বদাই ভগবানের সেবায় উন্মুখ, ঠিক তেমনই ভগবানও তাঁর ভক্তের কোন রকম পরিচর্যা করতে সুযোগের অন্ধেরণ করেন। ভগবান যখন তাঁর কোন শুদ্ধ ভক্তের আদেশ অনুসারে তাঁকে পরিচর্যা করার সুযোগ পান, তখন তিনি অসীম আনন্দ উপভোগ করেন। ভগবান হচ্ছেন সর্বলোক-মহেশ্বর। যেখেতু তিনি হচ্ছেন প্রভূ, প্রত্যেকেই তার অনেশের অধীন, এবং ভাই তাঁকে আদেশ দেবার মতো তাঁর উধের্য আর কেউ নেই। কিন্তু যখন তিনি দেখেন যে, কোন গুদ্ধ ভক্ত তাঁকে আদেশ করছেন, তখন তিনি দিবা আনৰ লাভ করেন, যদিও সকল অবস্থাতেই তিনি হচ্ছেন অভ্রান্ত প্রভা

ভগবানের শুদ্ধ ভক্তকাপে এর্জুন কখনই কোঁরবনের সঙ্গে যুদ্ধ করতে চাননি, কিন্তু কোন রকম শান্তিপূর্ণ মীমাংসা করতে অনাগ্রহী দুর্যোধনের দুর্দমনীয় মনোভাব তাঁকে যুদ্ধে অবতীর্ণ হতে বাধ্য করেছিল . তাই, তিনি যুদ্ধের আগে একবার দেখে নিতে চেয়েছিলেন, তাঁর বিপক্ষে যুদ্ধ করতে কে কে সেই রণান্ধনে উপস্থিত হয়েছিল যদিও যুদ্ধক্তেরে শান্তি স্থাপন করার কোন প্রশ্নই ওঠে না, তবৃও যুদ্ধের আগে অর্জুন একবার সকলকে দেখতে চেয়েছিলেন এবং তিনি দেখে নিতে চেয়েছিলেন দেই অনাায় যুদ্ধে কোঁরবেরা কভখানি উৎসাহী ছিল।

প্লোক ২৩

ষোৎস্যমানানবেক্ষেহহং য এতেহত্ত সমাগতাঃ । ধার্তরাষ্ট্রস্য দুর্ভুদ্ধে প্রিয়চিকীর্যবঃ ॥ ২৩ ॥

যোৎসামানান্—যারা যুদ্ধ করবে, অবেক্ষে—দেখতে চাই, অহম্—আমি, থে— যে, এতে—যারা, অত্র—এখানে, সমাগতাঃ—সমবেত হরেছে, ধার্তরাষ্ট্রসা— ধৃতরাষ্ট্রের পুত্রের পক্ষে, দুর্বুছেঃ—দুর্বুদ্ধিসম্পন্ন, যুদ্ধে—যুদ্ধে, প্রিয়—ভাল, চিকীর্ষবঃ—বাসনা করে।

> গীতার গান বুজকামীগর্গে আজ নির্বিব আমি ৷ দুর্বুদ্ধি ধার্তরাষ্ট্রের জন্য যুক্তকামী ॥

অনুবাদ

ধৃতরাষ্ট্রের দুর্বৃদ্ধিসম্পার প্রকে সম্ভষ্ট করার বাসনা করে যারা এখানে যুদ্ধ করতে এসেছে, তাদের আমি দেখতে চাই।

ভাৎপর্য

এই কথা সকলেরই জানা ছিল বে, দুর্যোধন তার পিতা ধৃতরাষ্ট্রের সহযোগিতায় অন্যায়ভাবে পাওবদের রাজস্ব আত্মসাৎ করতে চেন্টা করছিল। তাই, যারা দুর্যোধনের পক্ষে যোগ দিয়েছিল, তারা সকলেই ছিল 'এক গোয়ালের গরু'। যুদ্ধের প্রারেত্র অর্জুন দেখে নিতে চেয়েছিলেন তারা কারা কৌরবদের সঙ্গে শান্তিপূর্ণ মীমাংসা করবার সব রকম প্রচেটা বার্থ হবার ফলেই কুরুক্তেত্রে যুদ্ধের আয়োজন করা হয়, তাই সেই যুক্তকেত্রে শান্তি প্রতিষ্ঠা করার কোন রকম বাসনা অর্জুনের ছিল না। অর্জুন ধদিও স্থির নিশ্চিতভাবে জানতেন, জয় তাঁর হবেই, কারণ শ্রীকৃথ্য তাঁর পাশেই বসে আছেন, তবুও যুদ্ধের প্রারম্ভে তিনি শত্রুপক্ষের সৈনাবল ক্তটা ভা দেখে নিতে চেয়েছিলেন।

শ্লোক ২৪ সঞ্জয় উবাচ এবসুকো হাৰীকেশো গুড়াকেশেন ভারত ! সেনয়োকভয়োর্মধ্যে স্থাপয়িত্বা রূপোত্তমম ॥ ২৪ ॥

শ্ৰোক ১৬1

সঞ্জয়ঃ উবাচ সঞ্জয় বললেন, এবম এভাবে, উক্তঃ-আদিউ হয়ে: হ্ববীকেশঃ—শ্রীকঞ্চ, ওডাকেশেন অর্জনের দ্বারা, ভারত—হে ভরতবংশীয়; সেনয়োঃ—সৈন্যদের, উভয়োঃ উভয় পক্ষের, মধ্যে -মধ্যে, স্থাপরিস্থা—স্থাপন করে: স্থপ-উত্তমম—অতি উত্তম রুথ,

গীতার গান

সে কথা গুনিয়া হ্রায়ীকেশ ভগবান। উভয় সেনার দিকে ইইল আশুয়ান ॥ উভয় সেনার মধ্যে হাখি রথোভ্য । কহিতে লাগিল কৃক ইইয়া সম্ভ্ৰম য

অনুবাদ

সঞ্জয় বললেন--তে ভরত-বলেধর। অর্জন কর্তক এভাবে আদিষ্ট হয়ে, শ্রীকৃষ্ণ সেঁহ অতি উদ্রেম রথটি চালিয়ে নিয়ে উভয় পক্ষের সৈন্যানের মারখানে রাখলেন।

ভাৎপর্য

এই গ্লোকে অর্জনকে গুড়াকেশ বলে অভিহিত করা হয়েছে। *গুড়াকা* মানে হচেছ নিদ্রা এবং যিনি নিদ্রা জয় করেছেন, তাঁকে বলা হয় *ওড়াকেশ*। নিদ্রা অর্থে অজ্ঞানতাকেও বোঝায় অতএব শ্রীক্ষের বন্ধত লাভ করার ফঙ্গে অর্জুন নিয়া ও অঞ্চানতা উভয়কেই জয় করেছিলেন। শ্রীক্ষের পরম ভক্ত অর্জন এক মুহুর্তের জনাও শ্রীকাষ্ণকে বিশ্বত হতেন না, কারণ এটিই হচ্ছে ভক্তের লক্ষণ। শরনে অথবা জাগরণে ভক্ত ভগবানের নাম, রূপ, গুণ ও দীলা স্মরণে কবনও বিরত হন না এভাবেই কৃষ্ণভক্ত সর্বদাই কৃষ্ণচিন্তার মণ্ন থেকে নিদ্রা ও অক্তানতা জয় করতে পারেন একেই বলা হয় কৃষ্ণভাবনা বা সমাধি। হানীচকশ অথবা সমস্ত জীবের ইন্দ্রিয় ও মনের নিয়ন্তা হকার ফলে শ্রীকৃষ্ণ অর্জুনের অভিগ্রায় বুঝাও পেরেছিলেন, কেন তাঁকে সৈন্যের মধ্যে রথ স্থাপন করতে বলেছেন। এভাবে অর্জনের নির্দেশ পালন কবার পর তিনি বললেন।

প্ৰোক ২৫

ভীত্মদ্রোণপ্রমুখতঃ সর্বেষাং চ মহীক্ষিতাম । উবাচ পার্থ পশৈতান সমবেতান কুরানিতি ॥ ২৫ ॥ ভীন্ধ-পিতামহ ভীত্ম, দ্রোপ-দ্রোপাচার্য, প্রমুখতঃ সম্মুখে, সর্বেষাম্ সমস্ত, চ—ও; মহীকিভাম — সপতিদের, উবাচ—বললেন, পার্থ—হে পার্থ, পশ্য –দেখ **এভান**—এদের সকলকে, সমবেতান—সমবেত, কুরুন—কুরুবংশের সমস্ত সদস্যদের: ইঙি-এভাবে।

60

গ্ৰীতাৰ গান দেখ পার্থ সমবেত খার্তরাষ্ট্রগণ । ভীক্ষ দ্রোণ প্রমুখন যত যোদ্ধাগণ ।।

অনুবাদ

জীয়, স্লোপ প্রসুধ পৃথিবীর জন্য সমস্ত নৃপতিদের সামনে ভগবান হবিকেশ ৰললেন, তে পাৰ্থ! এখানে সমবেত সমস্ত কৌরবদের দেখ

ভাৎপর্য

সর্বজীবের প্রমান্তা প্রীকৃষ্ণ জানতেন অর্জুনের মনে কি হছিল এই প্রসঙ্গে তাঁকে হারীকেশ বলার মধা দিয়ে বোঝানো হচেছ, তিনি সবই জানতেন, তিনি সর্বজ্ঞ। এখানে অর্জুনকে পার্ব, অর্থাৎ পৃথা বা কুন্তীর পূত্র বলে অভিহিত করাটাও খুবই তাৎপর্যপূর্ণ। বন্ধু হিসাবে তিনি অর্জুনকে জানাতে চেয়েছিলেন যে, যেহেড় অর্জুন হুলেন তাঁর পিতা বসুদেবের ভগ্নী পুথার পুত্র, ডাই তিনি তাঁর রথের সার্যথি হতে স্থাত হয়েছেন। এখন শ্রীকৃষ্ণ যখন বলদেন, "দেখ পার্থ, সমবেত গার্ডরাষ্ট্রগণ", ওখন তিনি কি অর্থ করেছিলেন? সেই জনাই কি অর্জুন সেখানে থমকে দাঁড়িয়ে পড়ে, যুদ্ধ করতে অসম্মত হননি? পিতামহ ভীম্ম, পিতৃতুলা আচার্য প্রোণ, এঁদের দেখে কি অর্জুনের হৃদয় আর্দ্র হয়ে ওঠেনি > কিন্তু শ্রীকৃষ্ণ তার পিতৃত্বসা কস্তীদেবীর পত্র অর্জনের কাছ থেকে এমন আচরণ কখনই আশা করেননি অর্জনের মনের ভাব বুঝতে পেরে পরিহাসছলে শ্রীকৃষ্ণ তাঁর ডবিবাৎ-বাণী করচেন

শ্লোক ২৬

ক্তরাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৃনথ পিতামহান্ । আচার্যান্যাতুলান্ লাতৃন্ পুত্রান্ পৌত্রান্ স্থীক্তেথা । শ্বতরান্ সূক্দলৈব সেনয়োরুভয়োরপি ॥ ২৬ ॥

শ্ৰোক ২৮]

তত্র—সেখানে, অপশ্যৎ—দেখলেন, স্থিতান্—অবস্থিত, পার্যঃ—অর্জুন, পিতৃন্
পিতৃ বাদের , অথ ও, পিতামহান্—পিত্যমহদের ; আচার্যান্ শিক্ষকদের ,
মাতৃলান্ মাতৃলদের , ভাতৃন—হাতাদের , পুত্রান্—প্রদের ; পৌত্রান্ পৌত্রদের ;
স্বীন্—বন্ধুদের , তথা—ও , মাত্রান্—খণ্ডরদের , সুহদেঃ—ভভাকা-ফীদের ; চ—
ও , এব—অবশ্যই , সেনরোঃ—সেনদলের , উভয়োঃ—উভয় , আপি—অন্তর্ভূজ ।

গীড়ার গান

তারপর দেখে পার্থ যোজ্পিতৃগণ ।
কাচার্য মাতৃল আদি পিতৃসম হন ॥
দেখে পুত্র পৌত্রাদিক যত সথাজন ।
আর সব বহু লোক আত্মীয়স্তলন ॥
শ্বত্রাদি কুটুমীয় নাছি পারাপার ।
উভয়পকীয় সৈনা সে হল অপার ॥

অনুবাদ

তখন অর্জুন উভয় পক্ষের সেনাদলের মধ্যে পিতৃবা, পিতামহ, আচার্ব, মাতৃক, বাতা, পুর, পৌর, শ্বণুর, মির ও শুভাকাংকীদের উপত্তিত দেখতে পেলেন।

তাৎপর্য

যুদ্ধক্ষেত্রে অর্জুন সমস্ত আর্থীয়সজনকে দেখতে পেলেন। তিনি ভূবিশ্রবা আদি পিতৃবন্ধুদের দেখলেন, জীপ্পদের, সোমদন্ত আদি পিতামহদের দেখলেন, মোণাচার্য, কৃপাচার্য আদি শিক্ষা-গুরুদের দেখলেন; শুরুদ্ধ, শুকুনি আদি মাতৃলদের দেখলেন; দুর্যোধন আদি ভাইদের দেখলেন; পুত্রত্বা লক্ষ্মণকে দেখলেন, অধ্যামার মতো বন্ধুকে দেখলেন, কৃতবর্মার মতো শুভাকান্দ্দীকে দেখলেন এভাবে শত্রপক্ষের সৈন্যদের মধ্যে তিনি কেবল আন্থীয়স্বক্ষন ও বন্ধবান্ধবদেরই দেখলেন।

শ্লোক ২৭

তান্ সমীক্ষা স কৌস্তেয়ঃ সর্বান্ বন্ধুনবস্থিতান্। কুপরা পরয়াবিস্টো বিধীদ্যাদ্যবাধি ॥ ২৭ ॥ ভান্ তাঁদের, সমীক্ষ্য—দেখে, সং—তিনি, কৌন্তেরঃ—কুন্তীপুত্র, সর্বান্ সব রকমের, বন্ধুন্—বন্ধুদের, অবস্থিতান্—অবস্থিত, কৃপরা কুপার দারা, পররা অত্যন্ত, আবিষ্টঃ—অভিভূত হয়ে, বিধীদন্—দুঃখ করতে কবতে, ইদম্ এভাবে, অত্যন্তি, বন্ধানে।

গীতার গান
তাদের দেবিল পার্থ সবই বান্ধব !
কাঁপিল হৃদের তার বিষপ্ত বৈতৰ ॥
কৃপাতে কাঁদিল মন অতি দয়াবান ।
বিষয় ইইয়া বলে তন ভগবান ॥

অনুবাদ

বৰন কৃষ্টাপুর অর্জুন সকল রকমের বন্ধু ও আন্মীয়-স্বজনদের যুদ্ধক্ষেরে অবস্থিত ক্লেখনেন, তথ্য তিনি অত্যন্ত কৃপানিষ্ট ও বিষয় হয়ে বললেন।

শ্লোক ২৮

অৰ্জুন উবাচ

দৃষ্টেমং স্বজনং কৃষ্ণ যুযুৎসুং সমূপস্থিতম্ । সীদন্তি মম গাত্রাণি মুখং চ পরিশুবাতি ॥ ২৮ ॥

অর্জ্যঃ উবাচ—অর্জুন বললেন; দৃষ্ট্য়—দেখে, ইমম্—এই সমস্ত; হজনম্—আশ্বীয়-বজনদের, কৃষ্ণ—হে কৃষণ, বৃষ্ৎসৃষ্—সৃদ্ধাভিলাবী, সমুপস্থিতম্—সমবৈড; সীদন্তি—অবসর হচ্ছে; মম—জামার, গাঞানি—সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গ, মুখম্—মুখ, চ—ও; পরিশুব্যভি—শুদ্ধ হচ্ছে।

গীতার গান

অর্জুন কহরে কৃষ্ণ এরা যে স্বজন । রণাঙ্গনে আসিয়াছে করিবারে রণ ॥ দেখিয়া আমার গাত্রে হয়েছে রোমাঞ্চ । মুখমখ্যে রস নাই এ যে মহাবঞ্চ ॥

(अक २)

অনুবাদ

অর্জুন বললেন হে প্রিয়বর কৃষ্ণ। আমার সমস্ত কছুবান্ধর ও আদ্মীয়-সম্ভাদের এমনভাবে মৃদ্ধাভিলাধী হয়ে আমার সামনে অবস্থান করতে দেবে আমার অস-প্রতাস অবশ হতে এবং মুখ তম্ব হয়ে উঠছে।

ভাৎপর্য

যিনি প্রকণ্ড ভগবন্তকে তাঁর মধ্যে সদগুণগুলিই বর্তমান থাকে, যা সাধারণত দেবতা ও দৈবী ভাষাপন্ন মানুৰেন মধ্যে কেবল দেখা যায়। পক্ষান্তৰে যাবা অভক্ত, ডগ্গবং-বিমুখ, তারা জাগতিক শিক্ষা-সংস্কৃতির মাপকাঠিতে যতই উন্নত বলে প্রতীত হোক. ভাদের মধ্যে এই সমস্ত দৈব গুণগুলির প্রকাশ একেবারেই দেখা যায় না। সেই কারণেই, যে সমস্ত হীন মনোভাবাপক্ষ আন্থীয়ম্বজন ও বন্ধ-বান্ধবেরা অর্জনকে সব রকম দুঃখ-কটের মধ্যে ঠেনে দিতে কুণ্ঠারেঃধ করেনি, যারা ভাঁকে তাঁর ন্যাযা ঋধিকার থেকে বক্ষিত করবার জন্য এই যুদ্ধের আয়োজন করেছিল, এই যুদ্ধক্ষেত্র তাদেরই দেখে অর্জুনের অন্তরাদ্যা কেঁদে উঠেছিল। তাঁর স্বপক্ষের সৈন্যদের প্রতি অর্জুনের সহানুভতি ছিল অতি গন্তীর, কিন্তু যুক্তের পূর্যমূহুর্তে এমন কি শত্রুপক্ষের সৈনাদের দেখে এবং তানের আসম মৃত্যুর কথা ভেবে অর্জুন শোকাতুর হয়ে পড়েছিলেন সেই গভীর শোকে তাঁর দরীর কাঁপছিল, মুখ ওকিয়ে গিয়েছিল। কুরুপক্তের এই যুদ্ধদানুসা ওাঁকে আক্রর্যান্তিত করেছিল। বাস্তবিকপক্ষে সমস্ত শ্রেদীর লোকেরা এবং অর্জনের রক্তের সঙ্গে সম্পর্কিত সমস্ত আন্ধীয়-সজনেরা তার সঙ্গে যুদ্ধ করতে এসেছিল তিনি বুঝতে পারছিলেন না তাঁর সমস্ত আস্বীয়- শ্বজনেরা কেন তার সঙ্গে যুদ্ধ করতে সমকেত হয়েছে। তাদের এই নিশ্বর মন্যেতাব অর্জনের মতো দয়ালু ভগবন্তজকে অভিভূত করেছিল। এখানে যদিও এই কথার উল্লেখ করা হয়নি, তবু আমাদের অনুমান করতে অসুবিধা হয় না যে, অর্জুনের শ্বীর কেবল শুম্ব ও কম্পিতই হয়নি, সেই সঙ্গে অনুকম্পা ও সহানুভৃতিতে তার চোখ দিয়ে অঝোর ধারায় জলও পড়ছিল। অর্জুনের এই ধরনেব আচরণ তাঁর দুর্বলতার প্রকাশ নয়, এ হচ্ছে তাঁর হদেয়ের কোমলতার প্রকাশ। ভগবানের ভক্ত ধ্বকুণার সিদ্ধু, অপরের দৃঃখে তাঁর অন্তর কাঁদে। তাই, শুদ্ধ ভগবস্তক্ত অর্জুন বীব্রশ্রেষ্ঠ হলেও তাঁব অন্তরের কোমলতাব পরিচয় আমরা এখানে পাই। তাই শ্রীমন্ত্রাগবতে বলা হয়েছে-

> যস্যান্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা সর্বৈর্তগৈন্তত্ত সমাসতে দুরাঃ ।

रतांवज्वन्याः कृरजाः भरपृथमाः भरतावरथनामजि भावरजा विदेशः ॥

"ভগবানের প্রতি বাঁর অক্টিলিত ভক্তি আছে, তিনি দেবতাদের সব কয়টি মহৎ গুণের দ্বারা ভৃষিত। কিন্তু যে ভগবস্তক্ত নয়, তার যা কিছু গুণ সবই জাগতিক এবং সেগুলির কোনই মূল্য নেই। কারণ, সে মনোধর্মের দ্বারা পরিচালিত হয় এবং সে অবধারিত ভাবেই চোখ-ধার্ধানো জাগতিক শক্তির দ্বারা আকর্ষিত হয়ে পড়ে।" (ভাগবত ৫/১৮/১২)

শ্ৰোক ২৯

বেপখুশ্চ শরীরে মে রোমহর্ষল্য জায়তে ! গাণ্ডীবং স্রংসতে হস্তাৎ ত্বক চৈব পরিদহাতে ॥ ২৯ ॥

বেপপৃ:—কম্প. চ—ও: শরীরে—দেহে; মে—আমার, রোমহর্বঃ—রোমাঞ্চ; চ— ও. **জায়তে**—হচ্ছে, গাঞ্জীবম্—গাঞ্জীব নামক অর্জুনের ধনুক, প্রংসতে—স্বলিত হচ্ছে, হস্তাৎ—হাত থেকে, ত্বক্—ড্বক; চ—ও, এব—অবশ্যই, পরিদহাতে— দক্ষ হচ্ছে।

গীতার গান কাঁপিছে শরীর মোর সহিতে না পারি । গাণ্ডীব খসিয়া যায় কি করিয়া ধরি ॥ জ্বলিয়া উঠিছে ত্বক মহাতাপ বাণ । ইইও না ইইও না বন্ধু আরু আগুয়ান ॥

অনুবাদ

আমার সর্বপরীর কম্পিত ও রোমাঞ্চিত হচ্ছে, আমার হাত থেকে গাতীব খদে পড়ছে এবং শ্বক যেন শ্বলে খাতে।

তাৎপর্য

শ্বীরে কম্পন দেখা দেওরার দৃটি কারণ আছে এবং রোমাঞ্চ হওয়ারও দৃটি কারণ আছে। তার একটি হচ্ছে চিন্মর আনন্দের অনুভৃতি এবং অন্যটি হচ্ছে প্রচণ্ড জড়-জাগতিক ভয়। অপ্রাকৃত অনুভৃতি হলে কোন ভয় থাকে না অর্জুনের এই রোমাঞ্চ ও কম্পন অপ্রাকৃত আনন্দের অনুভৃতির ফলে নয়, পক্ষান্তরে জড়-জাগতিক ভরের ফলে। এই ভয়ের উদ্রেক হয়েছিল তার আস্থীয় পরিজনদের প্রাণহানির আশক্ষার ফলে। ভার অনান্য লক্ষ্ণ দেখেও আমরা তা স্পষ্টভাবে বুঝতে পারি।

[2e 本性)

অর্জুন এতই অস্থির হয়ে পড়েছিলেন যে, তাঁর হাত থেকে গাণ্ডীব ধনু বনে পড়েছিল এবং প্রচণ্ড দুঃখে তাঁর হদম দগ্ধ হবার ফলে, তাঁর তক জ্বলে যাছিল। এই সমস্ত কিছুরই মূল কারণ হছে ভয়। অর্জুন এই মনে করে তীবণভাবে তীত হয়ে পড়েছিলেন যে তাঁর সমস্ত আত্মীয় সজনেরা সেই যুদ্ধে হত হবে এবং এই যে হাবাবার ভয়, তারই বাহ্যিক প্রকাশ হছিল তাঁর দেহের কম্পন, রোমাঞ্চ, মুখ শুকিয়ে যাওয়া, গা জ্বালা করা আদির মাধ্যমে। গভীবভাবে বিকেনা করলে আমরা দেখতে পাই, অর্জুনের এই ভয়ের কারণ হছে, তিনি তার দেহেটিকেই তাঁর স্বরূপ বলে মনে করেছিলেন এবং তাঁর দেহের সম্বন্ধে যারা তথাকবিত আন্মীয়, তাদের হারাবার শোকে তিনি মুহ্যমান হয়ে পড়েছিলেন।

(倒事 00

ন চ শক্লোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ । নিমিস্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব ॥ ৩০ ॥

ন—না, চ—ও, শক্লোমি—সক্ষম হই; অবস্থাতুম্—স্থির থাকতে, দ্রমতি—বিশ্বরণ, ইব—যেন, চ—এবং, মে—আযার, মনঃ—মন, নিমিস্তানি—নিমিওসমূহ, চ—ও, পশ্যামি—দেখছি, বিপরীতানি—বিপরীও, কেন্দ্রং—হে কেশী দানবহন্তা গ্রীকৃঞ্চ)।

গীতার গান

অন্থির হয়েছি আমি স্থির নহে মন।
সব ভূল হয়ে যায় কি করি এখন ।
বিপরীত অর্থ দেখি শুনহ কেশব।
এ যুদ্ধে কাজ নাহি হল পশু সব।

অনুবাদ

হে কেশব! আমি এখন আর স্থির থাকতে পারছি না। আমি আত্মবিশ্বত হঞি এবং আমার চিত্ত উদ্বাস্ত হচ্ছে: হে কেশী দালবহন্তা শ্রীকৃষণ। আমি কেবল অমঙ্গলসূচক লক্ষণসমূহ দর্শন করছি।

ভাৎপর্য

অর্জুন অস্থির হয়ে পড়েছিলেন, তাই তিনি যুদ্ধক্ষেত্রে থাকতে **অক্ষম** হয়ে পড়েছিলেন এবং তাঁর মন এতই বিমর্শ হয়ে পড়েছিল যে, তিনি আত্মবিস্কৃত হয়ে পড়িছেলন। অড় ক্রপাতের প্রতি অত্যধিক আসন্ধি মানুয়কে মোহাচ্ছয় করে ফেলে। ভয়ং ছিতীয়াভিনিকেশতঃ স্যাৎ (ভাগবত ১১/২/৩৭)—এই ধরনের ভীতি ও আদ্মিবিশৃতি তখনই দেখা দেয়, যখন মানুষ জড়া শক্তির দ্বারা অত্যন্ত প্রভাবিত হয়ে পড়ে। অর্জুন অনুভব করেছিলেন, সেই যুদ্ধের পরিণতি হচ্ছে কেবল স্বজন হত্যা এবং এভাবে শক্রনিধন করে যুদ্ধে ক্রয়লাড করার মধ্যে কোন সুখই তিনি পাবেন না। এখানে নিমিডানি বিপরীতানি কথাগুলি তাৎপর্যপূর্ণ মানুষ যখন নৈরাশ্য ও হতাশার সম্মুখীন হয়, তখন সে মনে করে, "আমার বেঁচে থাকার তাৎপর্য কি?" সকলেই কেবল তার নিজের সুখ-সৃবিধার কথাই চিন্তা করে। ভগবানের বিষয়ে কেউই যাথা ঘামায় না। শ্রীকৃষ্ণের ইচ্ছাতেই অর্জুন তার প্রকৃত স্থার্থ বিষয়ে অজ্ঞতা প্রদর্শন করেছেন। মানুষের প্রকৃত স্থার্থ নিহিত রয়েছে বিষয়ু এর্থাৎ শ্রীকৃষ্ণেরই মাঝে। মায়াক্ষ জীবেরা এই কথা ভুলে গেছে, তাই তারা নানাভাবে কউ পার। এই দেহাধাবুদ্ধির প্রভাবে মোহাচ্ছম হয়ে পড়ার ফলে অর্জুন মনে করেছিলেন, তার পক্ষে কুরফ্কতের যুদ্ধে জয় লাভ করাটা হবে গাভীর মর্মবেদনার ক্রয়ণ্য।

শ্লোক ৩১

ন চ শ্রেরোংনৃপন্যামি হয়া স্বজনমাহবে। ন কাক্ষে বিজয়ং কৃষ্ণ ন চ রাজ্যং সুখানি চ ॥ ৩১ ॥

ন—না, চ—ও, শ্রেষঃ—মঙ্গল, জনুপাশ্যামি—দেখছি, ছত্মা—হত্যা করে;
স্বন্ধনন্—আত্মীয়-স্বন্ধনদের, আহবে—যুদ্ধে, ন—না, কাঞ্চে—আকাজ্জা করি,
বিজয়শ্—বৃদ্ধে জয়, কৃষ্ণ—হে কৃষ্ণ, ন—না, চ—ও, রাজ্যম্—রাজা, সুখানি—
শৃখ: চ—ও।

গীতার গান

কোন হিড নাহি হেথা শ্বজনসংহারে । যুদ্ধে মোর কাজ নাই ফিরাও আমারে ॥ হে কৃষ্ণ। বিজয় মোর নাহি সে আকাক্ষা । রাজ্য আর সূথ শান্তি সবই আশঙ্কা ॥

অনুবাদ

93

হে কৃষ্ণ। যুদ্ধে আন্মীয়-স্কলদের নিধন করা শ্রেম্বরর দেখছি না। আমি খুদ্ধে জয়লাভ চাই না, রাজ্য এবং সুখডোগও কামনা করি না।

তাৎপর্য

মায়াবদ্ধ মানুষ বৃঝতে পারে না, তার প্রকৃত স্বার্থ নিহিত আছে বিঞ্চ বা শ্রীকষেজ মাঝে এই কথা ব্যুতে না পেরে তারা ডাদের দেহজাত আন্দীর-সজনদের দারা আকট্ট হয়ে। তাদের সাহচর্যে সুখী হতে চার। জীবনের এই প্রকার অন্ধ-ধারণার বশবর্তী হয়ে, তারা এমন কি জাগতিক সংখর করেণগুলিও ভলে যার। এখানে অর্জনের আচরণে আমরা দেখতে পাই, তিনি তাঁর কাত্রধর্মও ভলে গেছেন। শায়ে বলা হয়েছে, দুই রকমের মানষ দিবা আলোকে উত্তাসিত সর্যলোকে উত্তীর্ণ হন, তারা হচ্ছেন (১) গ্রীকৃষ্ণের আঞ্জানুসারে যুদ্ধে অবতীর্ণ হয়ে যে ঋত্রিয় রণভমিতে প্রাণত্যাগ করেন, তিনি এবং (২) যে সর্বত্যাগী সম্র্যাসী অধ্যান-চিন্তার গভীবভাবে অনুরক্ত, তিনি অর্জনের অন্তকরণ এতই কোমল যে, তাঁর আগীয়-সম্বনের প্রাণ হনন করা ডো দুরের কথা, তিনি তার শত্রুকে পর্যন্ত হত্যা করতে নারাজ ছিলেন। তিনি মনে করেছিলেন, তার স্বজনদের হত্যা করে তিনি সুখী হতে পরেকেন না। যার ক্ষুধা নেই সে যেমন রাগ্না করতে চায় না, অর্জুনও তেমন যুগ্ধ করতে চাইছিলেন না পক্ষান্তরে তিনি ছিত্ত করেছিলেন, অরণ্যের নির্জনতায় নৈরাশ্য-পীড়িত জীবন অভিবাহিত করবেন, অর্জুন ছিলেন ক্ষত্রিয়, এই ধর্ম পালন করার জন্য তার রাজতের প্রয়োজন ছিল। কিন্তু নায়সসতভাবে পাওয়া সেই বারুড থেকে দুর্যোধন আদি কৌরবেরা তাঁকে বঞ্চিত কবার ফলে, সেই রাজ্যে তাঁর অধিকারের পুন:প্রতিষ্ঠা করার জন্য কৌরবদের সঙ্গে যুদ্ধ করা অপরিহার্য হয়ে পড়েছিল। কিছু যুদ্ধ করতে এসে তিনি যখন দেখলেন, তার আত্মীয়-সঞ্জনকে হত্যা করে সেই রাজ্যে তার অধিকারের প্রতিষ্ঠা করতে হবে, তখন তিনি গভীর দুংখে ও নৈরাশ্যে স্থির করলেন যে, তিনি সব কিছু ত্যাগ করে বনবাসী হবেন।

রোক ৩২-৩৫

কিং নো রাজ্যেন গোবিন্দ কিং ভোগৈলীবিতেন বা । যেযামর্থে কাম্প্রিকতং নো ব্রাজ্ঞ্যং ভোগাঃ সুখানি চ n ৩২ n ত ইমেংবস্থিতা যুদ্ধে প্রাণাস্থ্যেক্তা ধনানি চ ৷ আচার্যাঃ পিতর: পুরাস্তথৈব চ পিতামহা: 11 ৩৩ 🛚 মাতলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা । এতার হন্তমিক্ষামি মুডো২পি মধুসদন ॥ ৩৪ ॥ অপি ত্রৈলোক্যরাজাস্য হেতোঃ কিং ন মহীকতে ৷ নিহত্য থার্তরাষ্ট্রান্তঃ কা প্রীতিঃ স্যাজ্জনার্দন ॥ ৩৫ ॥

किय-कि श्राताकनः मः-व्यामारमय, ब्राह्मान-वारकाः शादिक-ए कृषः, ক্সি-কি, ভোবেঃ-সুখডোগ, জীবিতেন-বেঁচে থেকে: বা-অথবা, যেযাম্-বাদের, অর্থে—জন্য, স্বাধিকতম্-আকাধিকত, নঃ—আমাদের, রাজ্যম্-রাজ্য; জোগাঃ—ভোগসমহ: সুখানি—সমস্ত সুখ, চ—ও: জে—ভারা সকলে, ইমে— এই, অবস্থিতাঃ—অবস্থিত, মুদ্ধে—রণজেতে, প্রাদান—প্রাণ, ত্যক্তা—ত্যাগ করে; ধননি—ধনসম্পদ, চ---ও, আচার্যাঃ—আচার্যগণ, পিতরঃ—পিতৃবাগণ, পুত্রাঃ— পত্ৰগণ, তথা--এবং এব--অবশ্যই, চ--ও; শিভামহাঃ--পিতামহগণ, মাতৃলাঃ---মাতৃলগণ: শশুরাঃ—শশুরগণ, পৌত্রাঃ—পৌত্রগণ, শ্যালাঃ—শ্যালবন্ধণ: সমন্ধিনঃ —কট ধ্বাণ, তথা—এবং, এভান—এই সমস্ত, ন—না, হন্তম—হত্যা করতে, ইচ্ছামি—ইচ্ছা করি, মুতঃ—হত হলে; অপি—ও; মধুসুদন—হে মধু দৈতাহন্তা (খ্রীকৃষ্ণ), অশি—এমন কি, হৈলোকা—ডিডুবনের; রাজ্যস্যা—রাজ্যের জন্য, হেজোঃ—বিনিময়ে, কিম নু—কি আর কথা, মহীকৃত্তে—পৃথিবীর জন্য, নিহত্য— বধ করে, ধার্তরাষ্ট্রান—ধৃতরাষ্ট্রের পুত্রগণের, নঃ—আমাদের; স্থা—কি, শ্রীডিঃ— সুধ: স্যাৎ—হবে: জনার্দন—হে সমস্ত জীবের পালনকর্তা

গীতার গান

যাদের লাগিয়া চাহি সুখ-ভোগ শান্তি। ভারটি এসেছে হেথা দিতে সে অশান্তি॥ ধন প্রাণ সব ভাজি মরিবার তরে 1 সবহি **এসেছে হেথা কে** জীয়ে কে মরে ।। এসেছে আচার্য পূজ্য পিতার সমান 1 সক্তে আছে পিতামহ আর পুত্রগণ ম

98

মাতল খণ্ডর পৌত্র কত যে কহিব ৷ শালা আৰু সমন্ত্ৰী সৰাই মহিৰ II আমি মরি ক্ষতি নাই এরা যদি মরে। এদের মরিতে শক্তি নাতি দেখিবারে n ত্ৰিভবন রাজ্য যদি পাইৰ জিনিয়া। তথাপি না লই তাহা এদের মারিয়া 🏾 ধার্তরাষ্ট্রগণে মারি কিবা প্রীতি হবে । জনাৰ্দন তুমি কৃষ্ণ আপনি কহিবে ॥

অনবাদ

হে গোবিন্দ! আমানের রাজ্যে কি প্রয়োজন, আর সথভোগ বা জীবন ধারণেই या की श्राप्ताक्षम, यथम (मथहि---यारमह खना हाला ७ (फानगुरश्व कामना, णावा সকলেই এই রণক্ষেত্রে আজ উপস্থিত? হে মধুসুদদঃ যখন আচার্য, পিতৃব্য, পুত্র, পিতামহ, মাতৃল, শশুর, পৌত্র, শ্যালক ও আত্মীয়স্বজন, সকলেই প্রাণ ও ধনাদির আশা পরিত্যাগ করে আমার সামদে যুক্তে উপস্থিত হয়েছেন, তখন তারা আমাকে বধ করলেও আমি ওাঁদের হত্যা করতে চাইব কেন? হে সমস্ত জীবের প্রতিপালক জনার্মন। পৃথিবীর তো কথাই নেই, এমন কি সমগ্র ব্রিস্তবনের বিনিময়েও আমি যুদ্ধ করতে প্রস্তুত নই। গুতরাষ্ট্রের প্রদের নিখন করে কি সল্ভোষ আমরা লাভ করতে গারবং

তা€পর্য

অর্জুন শ্রীকৃষ্ণকে গোবিন্দ নামে সম্বোধন করেছেন, যেহেতু শ্রীকৃষ্ণ গো অর্থাৎ গরু ও ইন্দ্রিয়গুলিকে আনন্দ দান করেন। এই তাৎপর্যপূর্ণ নামের ঘারা তাঁকে সম্বোধন করার মাধ্যমে তিনি প্রকাশ করেছেন, কিসে তাঁর নিজের ইন্দ্রিয় তথ্ হবে। বান্তবিকপক্ষে, গোবিন্দ নিজে আমাদের ইচ্চিয়গুলিকে তথ্য করেন না, কিন্তু আমরা যদি গোবিন্দের ইন্দ্রিয়ণ্ডলিকে তপ্ত করি, তবে আমানের ইন্দ্রিয়ণ্ডলি আপনা থেকেই তৃপ্ত হয়ে যায় দেহাত্মবৃদ্ধি সম্পন্ন মানুবেরা তাদের নিজেদের ইন্দ্রিয়গুলির ভৃপ্তিসাধন করতে ব্যস্ত এবং তারা চায়, ভগবান ভাদের ইন্দ্রিয়গুলির সব রকম তৃপ্তির যোগান দিয়ে যাবেন। যার ষতটা ইন্দ্রিয়তৃপ্তি প্রাপা, ভগবান তাকে তা দিয়ে থাকেন। কিন্তু তা বলে আমরা ফত চাইব, ভগবান ততই দিয়ে যাবেন, মনে করা ভল , কিন্তু তার বিপরীত পন্থা গ্রহণ করে, অর্থাৎ ধরন আমরা আমাদের

ইন্দ্রির-তৃত্তির কথা না ভেবে গোবিন্দের ইন্দ্রিয়ের সেবায় হতী হই, তখন গোবিন্দের আশীর্বাদে আমাদের সমস্ত বাসনা আপনা থেকেই তপ্ত হয়ে যায় আত্মীয় স্বজনের প্রতি অর্জনের গভীর ষমতা তাঁর স্বভাবজাত করুণার প্রকাশ এবং এই মমতার ধশবর্তী হয়ে তিনি বন্ধ করতে নারাজ হন প্রত্যেকেই নিজের সৌভাগ্য ও ঐশ্বর্য তার বন্ধবান্ধব ও আত্মীয়-সঞ্জনকে দেখাতে চায় কিন্তু অর্জুন যখন বুঝতে পারলেন, যদ্ধে তাঁর সমস্ত আত্মীয়ন্তজন নিহত হবে এবং যদ্ধের পেষে সেই যদ্ধলক ঐশর্য ভোগা করবার জন্য তাঁর সঙ্গে আর কেউ থাকবে না, তথন ভয়ে ও মৈরাশ্রে তিনি মুহ্যমান হয়ে পড়েন। সাংসারিক মানুষের স্বভাবই হচেহ ভবিষাৎ সম্বন্ধে এই ধরনের হিসাব-নিবয়শ এবং জল্পনা-কল্পনা করা কিন্তু অপ্রাক্ত অনভতিসম্পন্ন জীবন অবশ্য ভিন্ন ধরনের। তাই ভগবস্তুন্তের মনোভাব সম্পূর্ণ ভিন্ন। ভগবানকে তপ্ত করটাই হচ্ছে তাঁর একয়াত্র ব্রত, তাই ভগবান যখন চান, তখন তিনি পথিবীর সব রক্তম ঐশ্বর্য গ্রহণ করতে কৃষ্টিত হন না আবার ভগবান যখন চান না, তখন তিনি একটি কপর্দকও গ্রহণ করেন না। অর্জন সেই যুদ্ধে তাঁর আনীয়-স্বভানদের হতা৷ করতে চাননি এবং তাঁলের হতা৷ করাটা খদি একাশুট প্রয়োজন থাকে. তবে তিনি চেয়েছিলেন, জীকুঞ্চ স্বয়ং তাদের বিনাশ করুন তথ্যত অবশ্য তিনি ভানতেন না, যুদ্ধক্ষেত্রে আসার পূর্বেই ভগবান শ্রীকৃঞ্জের ইচ্ছায় তারা সকলেই হত হয়ে আছে, এবং সেই ইচ্ছাকে কপ দেবার জনা তিনি ছিলেন কেবল একটি উপসক্ষা মাত্র। পরবর্তী অধ্যায়গুলিতে এট কথা বিশদভাবে বর্ণনা করা হয়েছে। ভগবানের শুদ্ধ ভক্ত অর্জুনের কোন ইচ্ছাই ছিল না তাঁর দুর্বন্ত ভাইদের উপর প্রতিশোধ নেবার, কিন্তু ভগবান চেয়েছিলেন তাদের সকলকে বিনাশ করতে। ভগবানের ভক্ত কখনই কারও প্রতি প্রতিহিংসা পরায়ণ হন না, অন্যায়ভাবে যে তাকে প্রতারণা করে, তার প্রতিও তিনি করুণা বর্ষণ করেন - কিন্তু জগবানের ভক্তকে যে আঘাত দেয়, ভগবান কখনই তাকে সহ্য করেন না ভগবানের শ্রীচরণে কোন অপরাধ করলে ভগবান তা ক্ষমা করতে পারেন, কিন্তু তাঁর ভক্তের প্রতি অন্যায় ভগবান ক্ষমা করেন না। তাই অর্জুন যদিও সেই দুর্বৃত্তদেব ক্ষমা করতে চেয়েছিলেন, তবও ভগবান তাদের বিনাশ করা থেকে নিরম্ভ খননি

শ্ৰোক ৩৬

পাপমেবাশ্রয়েদস্মান্ হত্ত্বৈতানাততায়িনঃ । ভস্মান্নার্হা বয়ং হন্তং ধার্তরাষ্ট্রান্ সবান্ধবান্ 1 স্বজনং হি কথং হত্বা সৃখিনঃ স্যাম মাধব ॥ ৩৬ ॥

্ৰোক কাদ্

পাপ্য্—পাপ, এব—নিশ্চয়ই, আশ্রেষ্থেং—জ্ঞায় করবে; অস্মান্—আয়দের, হত্বা—বধ করলে, এডান্ -এদের সকলকে, আডডায়িনঃ—আডডায়ীদের, ডমাং—তাই, ন—না, অর্হা—উচিড, বরুম্—আমাদের, হন্তম্ -হত্যা করা; ধার্ডরাষ্ট্রান্ -ধৃতরাষ্ট্রের পুত্রদের, সবান্ধরান্—সবান্ধর; সঞ্জনদের, হি—অবশাই, কথ্য্—কিভাবে, হত্বা—হত্যা করে; সুক্ষিক্র—সুধী, স্যাম—হব, মাধৰ—হে লক্ষ্মীপতি শ্রীকৃঞ্জ

গীতার গান

এদের মারিলে মাত্র পাপ লাভ হবে।

এমন বিপক্ষ শক্ত কে দেখেছে কবে।

এই ধার্তরাষ্ট্রগণ সবান্ধব হয়।
উচিত না হয় কার্য তাহাদের কর ।
স্থালেশ নাহি মাত্র হব ওধু দুঃখী।

অনুবাদ

এই ধরনের আততায়ীদের বধ করলে মহাপাপ আমাদের আছের করবে। সূতরাং বন্ধুবান্ধব সহ ধৃতরাষ্ট্রের পুত্রদের সংহার করা আমাদের পক্ষে অবশাই উচিত হবে না। হে মাধব, লক্ষ্মীপতি শ্রীকৃষ্ণ। আত্মীয়-শ্রজনদের হত্যা করে আমাদের কী লাভ হবে? আর তা থেকে আমরা কেমন করে সুখী হব?

ভাৎপর্য

বেদের অনুশাসন অনুযায়ী শত্র- ছয় প্রকার—১) যে বিষ প্রয়োগ করে, ২) বে ঘরে আগুন লাগায়, ৩) যে মারাত্মক অস্ত্র নিয়ে আক্রমণ করে, ৪) বে ধনসম্পদ লুইন করে, ৫) যে অন্যের জমি দখল করে এবং ৬) বে বিবাহিত স্ত্রীকে হরণ করে। এই ধরনের আততায়ীদের অবিলয়ে হতা৷ করার নির্দেশ শাস্ত্রে দেওরা হয়েছে এবং এদের হতা৷ করলে কোন রকম পাপ হয় না। এই ধরনের শত্রকে সমূলে বিনাশ করাটাই সাধারণ মানুবের পঞ্চে রাভাবিক, কিন্তু অর্ভুল সাধারণ মানুবের পঞ্চে রাভাবিক, কিন্তু অর্ভুল সাধারণ মানুব ছিলেন না তাঁর চরিত্র ছিল সাধ্যুসুলভ, তাই তিনি ভাসের সঙ্গে সাধ্যুলভ ব্যবহারই করতে চেয়েছিলেন কিন্তু এই ধরনের সাধ্যুসুলভ ব্যবহার ক্ষব্রিয়দের জন্য নয়। যদিও উচ্চপদস্থ বাজপুরুবকে সাধ্র মতেই ধীর, শাস্ত ও সংযক্ত হতে হয়, তাই

আত্মাকে খণ্ড খণ্ড অংশে বিভক্ত করা যায় না এই যক্তিতে, আশ্বা ও পরমান্তার একও সম্বন্ধে মায়াবাদীদেব যে মতবাদ, তা গ্রহণযোগা নয়। প্রমান্ধাকে খণ্ড খণ্ড করে বিভক্ত করার ফলে যদি জীবাবার উদ্ভব হত, তবে পরমাথ। হতেন পরিবর্তনশীল। কিন্তু এই সিদ্ধান্ত পরমান্তা যে অপরিবর্তনীয় তার পরিপন্তী। গীতাতে ভগবান বলেছেন পরমেশ্বরের অংশ জীবাগা সনাতন এবং ভাকে বলা হয় করু অর্থাৎ, তার জড়া প্রকৃতিতে পতিত হবার প্রবণত। থাকে। জীবান্ধা পর্মাখারই অংশ এবং জড় ধন্দন থেকে মুক্ত হবার পরেও সে পর্মান্ধার অংশক্রপেই বর্তমান থাকে তবে মুক্ত হবার পর সে সং, চিৎ ও আনন্দমর দেহপ্রাপ্ত হয়ে ভগবং-ধামে ভগবানের সাহচর্য পাভ করে: জনে যখন জাকাশের প্রতিফলন দেখা যায়, ডখন তাতে সূর্য, চঞ্চ, এমন কি ভারাদেরও পর্যন্ত দেখা ষ্যায় তারাখুলিকে জীবান্ধার সঙ্গে ভূপনা করা চলে এবং সূর্য অথবা ১শুকে শরমেশ্বরের সঙ্গে তুলনা করা চলে অর্জুন হচ্ছেন স্বথন্ত অণুচৈতন্য-বিশিষ্ট জীবাস্থা এবং বিভুট্টেডনা প্রমান্ধা হঞ্চেন ভগবান ঐকৃষ্ণ। জীবাধা ও প্রমান্ধা সমপর্যায়ন্ত কু নয়, চতর্থ অধায়ের প্রথমেই তা আমরা দেখতে পাব। অর্জন থানি শ্রীক্ষের সমপর্যায়ড়ক হতেন এবং শ্রীকৃষ্ণ অর্জুনের উর্ধাতন না হতেন ও। হলে তাঁদের মধ্যে ওক্ন-শিখ্যের সম্পর্ক গতে ওঠা কথনই সপ্তব হত না। তাঁধা দুজনেই যদি মায়ার ছারা মোহাচ্ছম হতেন, তা হলে একজন উপনেষ্টা এবং অন্য জন উপদেশ গ্রহণকারী হওয়ার কোন প্রয়োজন ছিল না। এই প্রকার উপদেশ অর্থহীন হয়ে পড়ে, কারণ মায়ায় কবলিত কেউ প্রামাণিক উপদেষ্টা হতে পাবে না। এই অবস্থান আমাদেব স্বীকার কবতে হবে যে, শ্রীকৃষ্ণ হচ্ছেনে প্রমেশর ভগবান, দিনি জীব থেকে অতি উধের্ব অবস্থিত আর অর্জুন হচ্চে বিস্মরণদীল আন্ধা, যে মায়ার দ্বারা মোহিত

শ্লৌক ১৪

মাত্রাস্পর্শাস্ত কৌন্তের শীতোঞ্চসুখদুঃখদাঃ । আগমাপায়িনোহনিত্যাস্তাংস্তিতিক্ষয় ভারত 1 ১৪ ॥

মাত্রাস্পর্শাঃ—ইন্দ্রিয়গ্রাহ্য অনুভূতি, তু—কেবল, কৌন্তেয়—হে কুন্তীপুর; শীত— শীত, উষঃ—গ্রীল্ম, সুখ—সুখ, দুঃখলাঃ—দুঃখলায়ক, আগম—আসে, অপায়িনঃ— ্'ল ধায়, **অনিত্যাঃ—অহ্রে**শ্রায়ী**; ডান**্সগুলিকে, **তিভিক্ষস্থ**—সহ্য করার চেষ্টা কর, **ভারত—হে** ভারত।

গীতার গান

শীত উক্ষা সুখ দুঃখ ইন্দ্রিয় বিকার !
ইন্দ্রিয়েক্স দাস খারা তাহে অধিকার ॥
যে সব অনিত্য বস্তু আসি চলি যায় ।
সহিষ্ণুভক্ষ মাত্র গুণ তাহার উপায় ॥

অনুবাদ

হে কৌছের। ইন্দ্রিয়ের সা সে বিষয়ের সংযোগের ফলে অনিত্য সুখ ও দুঃখের অনুভব হয়। সেওলি ঠিক্কে যেন শীত ও গ্রীম্ম ঋতুর গমনাগমনের মতো। হে ভরতকুল-প্রদীপ। সেই ইক্লিক্সফলত অনুভৃতির দ্বারা প্রভাবিত না হয়ে সেওলি সহ্য করার চেন্টা কর।

তাৎপর্য

- দাব জীবনের প্রকৃত কর্তব্য সম্পাদন করতে হলে মানুষকে সংসদীলভার ও দুঃখ কেবল ইন্দ্রিরের বিকার মাত্র। শীতের পর নাধ্যমে বৃঞ্জে হবে, সৃষ যাফা গ্রীমা আলে, তেমনাক্রই পর্যায়ক্রমে সূথ ও দুঃখ আলে সভাকে উপলব্ধি ানে দুঃখে ও সুখে অবি;≘ভালিত থাকাই মানুনের কর্তব্য বেদে নিৰ্দেশ দেওয়া মাছে, শ্ব সকালে স্থান ক—কা উচিত। যে শাস্ত্রেই অনুশাসন মেনে চলে, সে মাছ নাদের প্রচণ্ড শীতেও বৃহক্র ভোরে স্নাম করতে ইতস্তত করে না তেমনই, গীক্তালে প্রচণ্ড গবমেও গু । হিণীর। রান্না করা থেকে বিরত থাকেন না। আবহাওয়া জনিত অসুবিধা সম্বেও মানা নুষকে তার কর্তবাকর্ম করে যেতেই হয় দৃদ্ধ কর্বটাই হচ্ছে ক্ষত্রিয়েক্ত্র ধর্ম এবং কর্তবোব খাতিরে তাকে যদি তার আত্মীয় ন্দ্রনের সক্ষেপ্ত যুদ্ধ করতে হয়, তবও সে ভার কর্তবাকর্ম থেকে বিবত হতে পারে শাস্ত্র-নির্ধারিত অনুশা ক্রন মেনে চলাটাই হচ্ছে সভ্য মানুদের লক্ষণ এই অনুশাসন মেনে চলার ফলেক্স মানুষের বৃদ্ধিমন্তার বিকাশ হয় এবং সে তখন ভগবৎ-্রপ্তরান লাভ করতে সক্ষাস্কার হয়। এই জ্ঞানের প্রভাবে তার হাদয়ে ভগবদ্যুক্তির প্রধার হয় এবং ভগবানের 💳তি তার এই আপ্তরিক ভক্তি তাকে মায়ার বন্ধন থেকে মুক্ত করে।

প্ৰোক ১৬ী

এই শ্লোকে অর্জুনকে কৌন্তের ও ভারত নামে সম্বোধন করাটা খুবই তাৎপর্যপূর্ণ তাঁকে কৌন্তের নামে সম্বোধন করার যাধ্যমে ভগবান শ্রীকৃষ্ণ তাঁরে মাতৃকৃষ্ণের মহান বক্তের সম্পর্ক অরণ করিয়ে দিয়েছেন এবং ভারত নামে সম্বোধন করে তাঁর পিতৃকৃলের মহত্বের কথা স্মরণ করিয়ে দিয়েছেন। উভয় দিক থেকে তিনি সুমহান বংশজাত ছিলেন। মহৎ বংশে জাত পুরুষ কখনই তাঁর কর্তব্যকর্ম থেকে বিচ্যুত হন না তাই, শ্রীকৃষ্ণ তাঁকে জানিয়ে দিলেন, তাঁর বংশ-গৌরবের কথা স্মরণ করে তাঁকে যুক্ধ করতেই হবে।

শ্রোক ১৫

ষং হি ন ব্যথমক্তোতে পুরুষং পুরুষর্যত । সমদৃঃখসুখং ধীরং সোহমৃতত্বার কল্পতে ॥ ১৫ ॥

যম্—্যে, টি—অবশ্যই, ন—না, ব্যথয়ন্তি—বিচলিত হন, এতে—এই সমস্ক,
পুরুষম্—ব্যক্তিকে, পুরুষম্ভ—হে পুরুষমেন্ত, সম—অপরিবর্তিত; মুঃখ—দুঃখ,
সুখম্—সুখ; ধীরম্—সহিষ্ণ, সঃ—িনি, অস্তদ্বায়—মুক্তি লাভের, করতে—
্যোগ্য হয়।

গীতার গান

বাধা নাহি দেয় যারে অনিত্য এইসব।
সেজন বুঝিল জান প্রুবার্থ বৈক্তব ॥
সমদৃঃখ সুখধীর অনিত্য ব্যাপারে।
অমরত্ব সেই পায় জিতিয়া সংসারে॥

অনুবাদ

হে পুরুষপ্রেষ্ঠ (অর্জুন)! যে জ্ঞানী ব্যক্তি সুখ ও দুংখকে সমান জ্ঞান করেন এবং শীত ও উষ্ণ আদি দশ্বে বিচলিত হন না, তিনিই মুক্তি লাভের প্রকৃত অধিকারী,

ভাৎপর্য

যে মানুষ সুথে দুংখে সম্পূর্ণ অবিচলিত থেকে তাঁর পার্মার্থিক উন্নতি সাধন করতে দৃচপ্রতিজ্ঞ হন তিনি অনায়াসে এই ভবযন্ত্রণা থেকে মুক্তি লাভের যোগ্য হন।

প্রতিথকে সার্থক করে তুলতে হান, তিনি সমস্ত রকম অসুবিধা সংস্থিও এই সন্নাস্থাপম প্রথণ করে তুলতে হান, তিনি সমস্ত রকম অসুবিধা সংস্থিও এই সন্নাস্থাপম প্রথণ করতে বিধা করেন না। সন্নাস্থাপ্ত এই সন্নাস্থাপম প্রথণ করেল বিধা করেন না। সন্নাস্থাপ্ত এই বন্ধনমুক্ত প্রেরা পূরই কন্তকর । কিন্তু থিনি এই বন্ধন থেকে মুক্ত হতে পারেন, নিঃসন্দেহে পার পারমার্থিক জীবন সার্থক হয়ে ওঠে এবং অচিরেই তিনি ভগবৎ-দর্শন লাভ করেন। ঠিক তেমনই, অর্জুনকে তার জাত্রধর্ম পালন করার উপদেশ দিয়ে ভগবান একে বনলেন, এই ধর্মমুক্তে তার আস্মীয়-পরিজনদের সঙ্গে মুক্ত করা মদিও অত্যন্ত প্রশাসক এবং কন্টসাপেক, কিন্তু তবুও তার কর্তব্যকর্ম সম্পাদন করবার জন্য পর। বিক্তান মহাপ্রভূ চবিশ বহুর বয়সে সন্মান প্রথণ করেন, যরে তখন গর মূক্তী শ্রী এবং বৃদ্ধা মাতা ছিলেন। তাদের দেখাশোনা করার জন্য কেউই ছিল না। কিন্তু তা সন্থেও, মহন্তর উদ্দেশ্য সাধন করবার জন্য কিন্তি বাদের বিত্যাপ করে সন্মান-ধর্ম প্রহণ করেন। মায়ার বন্ধন থেকে মুক্ত হ্বার এই গুছে উপায়।

গ্রোক ১৬

নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ । উভয়োরপি দৃষ্টো২ন্তস্ত্বনয়োক্তবুদর্শিভিঃ ॥ ১৬ ॥

া—না, অসতঃ—অনিত্য বস্তুর; বিদ্যতে—হয়; ভাষঃ—স্থায়িত্ব; ম—না, অভাবঃ
- বিনাশ, বিদ্যতে—হয়, সতঃ—নিত্য বস্তুর, উভয়োঃ—উভয়ের, অপি—যথার্থই,
দৃষ্টঃ —দর্শন করে, অন্তঃ—সিদ্ধান্ত, তু—কিন্তু, অনয়োঃ—তাদের, তত্ত্—সত্য,
দশিতিঃ—ক্ষ্যদের দ্বারাঃ

গীতার গান

ভাসং শরীর এই সন্তা নাহি তার । নিত্যসত্য জীব হয় মৃত্যু নাহি যার ॥ উভয় বিচার করি করিল নিশ্চিত । তত্ত্বদর্শী সেই কহে যেই হয় হিত ॥ হিয় অধ্যায়

558

অনুবাদ

যাঁরা তত্ত্বদ্রস্তা তাঁরা সিদ্ধান্ত করেছেন যে অনিত্য জড় বস্তুর স্থায়িত্ব নেই এবং নিতা বস্তু আত্মার কখনও বিনাশ হয় না। তাঁরা উচ্চয় প্রকৃতির যথার্থ শ্বরূপ উপলব্ধি করে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন।

ভাৎপর্য

প্রতি মৃহুর্তে এই জড় দেহের পরিবর্তন হচ্ছে -এই দেহের কোনই স্থারিত্ব নেই।
আধুনিক চিকিৎসা-বিজ্ঞানের সাহাযোও জানা যায়, বিভিন্ন জীবকোষের ক্রিয়াপ্রতিক্রিয়ার ফলে প্রতি মৃহুর্তে জীবদেহের অবিরাম পরিবর্তন হচ্ছে, তার কলে
জীবদেহ শিশু অবস্থা থেকে ক্রমে ক্রমে পূর্ণ যৌবনে বিকলিত হয় এবং অবশেবে
বৃদ্ধ অবস্থায় উপনীত হয় কিন্তু দেহ ও মনের সব রকম পরিবর্তন হওয়া সস্ত্রেও
জীবের প্রকৃত সন্থা আত্মার কোন পরিবর্তন হয় না। জড় দেহ ও সনাতন আত্মার
মধ্যে এটিই হচ্ছে পার্থক্য দেহের প্রকৃতিই হচ্ছে চিব পরিবর্তনশীল আর আত্মা
হচ্ছে চিরশান্ত —সনাতন। এই সিদ্ধান্ত নির্বিশেষবাদী ও সবিশেষবাদী উত্য
রোণীর তত্ত্বস্তারা স্থীকার করেছেন। বিষ্ণু পুরাণে (২/১২/৬৮) কলা হয়েছে,
শ্রীবিষ্ণু ও তাঁর ধামসকল স্বতঃশুর্ত চিত্রর জ্যোতির শ্বারা উদ্থানিত জ্যোতির বিষ্ণুপ্র) তত্ত্বদশী মহাজনেরা যথাক্রমে সং, অসং—নিতা ও অনিশ্রে
খলতে চেত্রন ও জড় কন্ত্বকেই উল্লেখ করেন।

মায়ার দ্বারা মোহান্তরে বন্ধ জীবের প্রতি ভগবান শ্রীকৃষ্ণের এটিই হচ্ছে সর্বপ্রথম উপদেশ জীব হচ্ছে ভগবানের অবিচ্ছেদ্য অংশ, তাই সে ভগবানের নিতানাস। এই জ্ঞান উপলব্ধি করা হগেই অজ্ঞানতার আবরণ উন্মোচিত হয় এবং সে তব্দর ভগবানের সঙ্গে উপাস্য আর উপাসকের সম্পর্কের পুনংপ্রতিষ্ঠা করে। পূর্ণের সঙ্গে অংশের যে সম্পর্ক, ভগবানের সঙ্গে জীবের সেই সম্পর্ক—ভগবান হচ্ছেন পূর্ণ, আর জীব তাঁব অংশ বেদান্তসূত্র ও শ্রীমন্তাগবতে বলা হয়েছে, ভগবান হচ্ছেন সব কিছুই উদ্ভূত হয়েছে ভগবানের থেকে। ভগবানের থেকে উদ্ভূত এই প্রকৃতিতে পরা ও অপরা এই দুটি ভর আছে, জীব ভগবানের পরা প্রকৃতিব অন্তর্গত। সপ্তম অখ্যায়ে এই সম্বন্ধে বিশদভাবে আলোচনা করা হয়েছে। শক্তি ও শক্তিমানের মধ্যে যদিও কোন ভেদ নেই, তবুও শক্তিমান হচ্ছেন শক্তির নিয়ন্ত্রণধীন তাই, প্রভূ ও ভৃত্য অথবা গুরু ও শিষ্যের সম্পর্কের মতো জীবসমূহ পর্যাশ্বর ভগবানের অধীন। মায়ার অন্ধকারে বখন ভীব আছের থাকে,

্যান সে ভগবং-তার উপলব্ধি করতে পারে না ভগবান তাই জীবকে মায়ান্ধকার। পাকে মুক্ত হয়ে সভা দর্শন করাবার জন্য এই ভগবদ্গীতার শিক্ষা দান করেছেন।

শ্লোক ১৭

অবিনাশি ভূ তহিদ্ধি যেন সর্বমিদং ততম্। বিনাশমব্যরস্যাস্য ল কশ্চিৎ কর্তুমর্হতি ॥ ১৭ ॥

অবিনাশি—বিনাশ রহিত; তু—কিন্ত, তৎ—তা, ৰিদ্ধি—জানবে, যেন—যার ধারা, স্বায়—সমগ্র শ্রীর, ইদ্দ্—এই: ডতম্—ব্যাপ্ত, বিনাশম্—বিনাশ, অব্যয়স্যু— ১৯ব্যের, অস্যু—এই, ব কন্চিৎ—কেউ নয়, কর্তুম্—করতে; অইডি—সমর্থ।

গীতার গান

অবিনাশী সেই বুঝ সর্বত্র বিস্তার । মাহার জভাবে হর দেহ মহাভার ॥ ক্ষয়ব্যয় নাহি যার কে মারিতে পারে । অমরের মার কিবা করহ বিচার ॥

অনুবাদ

যা সমগ্র সরীরে পরিব্যাপ্ত হয়ে রয়েছে, তাকে তুমি অবিনাশী বলে জানবে। সেই অব্যয় আস্থাকে কেউ বিনাশ করতে সক্ষম নয়।

তাংপর্য

ে ছোকে আরও স্পষ্টভাবে আন্থার প্রকৃত স্বরূপ ব্যাখ্যা করা হয়েছে এই আন্ধা সারা দেহ জুড়ে বিস্তৃত ব্যয়েছে। যে-কেউ হন্দয়ঙ্গম করতে পারে, সমগ্র নহ জুড়ে কি বিস্তৃত হয়ে আছে—সেটি হঙ্গে চেতনা প্রত্যেকেই তার দেহের নুখ ও বেননা সম্বন্ধে সচেতন। চেতনার এই বিস্তার প্রত্যেকের তার নিজেব দেহেই নামাবন্ধ। কিন্তু একজনের দেহের অনুভূতি অন্য আর কেউ অনুভব করতে পারে বা। এর থেকে বোঝা যায়, এক-একটি দেহ হঙ্গে এক-একটি স্বতম্ব আন্থার বিজ্ঞাপ এবং স্বত্ত্বে চেতনার মাধামে আত্মার উপস্থিতির লক্ষণ অনুভূত হয় এই গ্রামার আয়তন কেশাগ্রের দশ সহক্র ভাগের একভাগের সমান বলে বর্ণনা কবা হয়েছে। শ্রেভাশ্বতর উপনিষ্কে (৫/৯) প্রতিপন্ন করা হয়েছে—

रानाधगठভाগमा भज्या कन्निज्या ह । ভাগো जीवः म विख्याः म हामखाग्न कन्नटः ॥

"কেশাগ্রকে শতভাগে ভাগ করে তাকে আবার শতভাগে ভাগ করনে তার যে আয়তন হয় আত্মার আয়তনও ততখানি।" সেই রকম অনুরূপ একটি শ্লোকে যলা হয়েছে—

> (कगाश्रमण्डाभम् मङ्गारमप्रमृत्राञ्चकः । कीवः मञ्जूषकारमाध्यार मरगाजीखा हि हिरकनः ॥

''অসংখ্য যে চিৎকণা বয়েছে, ভার আয়তন কেখাগ্রের দশ সহস্র ভাগের এক ভাগের সমান।''

সুতরাং, এর থেকে আমরা বুঝতে পারি, জীবাছা হচ্ছে এক-একটি চিংকণা, যার আয়িতন পরমাণুর থেকেও আনক ছোট এবং এই জীবাছা বা চিংকণা সংখ্যাতীত এই অতি সৃষ্ম চিংকণাওলি জড় দেহের ও চেতনার মূল তত্ব কোন ওরুধের প্রভাব যেমন দেহের সর্বত্ত ছড়িয়ে পড়ে, এই চিং-ম্ফুলিকের প্রভাবও তেমনই সারা দেহ জুড়ে বিজ্বত থাকে। আছার এই প্রবাহ চেতনারূপে সমগ্র দেহে অনুভূত হয় এবং সেটিই হল্পে আদার উপস্থিতির প্রমাণ। সাধারণ মানুবও বৃথতে পারে, জড় দেহে যখন চেতনা থাকে না, তখন তা মৃত দেহে পরিণত হয় এবং কোন রক্ষম জড় প্রচেষ্টার ছারাই আর সেই দেহে চেতনা কিরিয়ে আনা যায় না এব থেকে বোঝা যায়, চেতনার উত্তব জড় পদার্থের সংমিশ্রণের কলে হয় না, তা হয় আছার থেকে চেতনা ইছেই আধার স্বাভাবিক প্রমাণ সম্বন্ধ মুঙক উপনিষদে (৩/১/৯) বলা হয়েছে—

करवाश्रृताचा रूठमा रामिज्या यन्त्रिन् थानः मध्यमा मरविरयम् । श्रारमिन्छः मर्वस्माजः अज्ञानाः यन्त्रिन् विश्वरक्ष विज्वरकाय जाता ॥

"আত্মা পরমাণুসদৃশ এবং শুদ্ধ বৃদ্ধিমন্তার ছারা তাকে অনুভব করা যায়। পরমাণুসদৃশ এই আত্মা পঞ্চবিধ বায়ুতে (প্রাণ, অপান, সমান, ব্যান ও উদান) ভাসমান থেকে হাদয়ে অবস্থান করে এবং জীবাত্মার সমগ্র দেহে তার প্রভাব বিস্তার করে আত্মা যখন এই পঞ্চবিধ জড় বায়ুর কলুষিত প্রভাব থেকে পবিত্র হয়, তখন তার অপ্রাকৃত গুণাবলীর প্রকাশ হয়।"

হঠযোগের প্রকৃত উদ্দেশ্য হচ্ছে বিভিন্ন আসন প্রণালী অভ্যাস করার মাধ্যমে জড় পরিবেশের বন্ধন থেকে ক্ষুদ্রাতিকুত্র আত্মাকে মুক্ত করার জন্য আত্মার চারদিকে পরিবেষ্টিত পঞ্চবিধ বায়ুকে নিয়ন্ত্রণ করা। কিন্তু দুর্ভাগ্যবশত, দেহতত্ত্বের এই অতি উল্লভ বিজ্ঞানকৈ তথাকথিত হঠযোগীরা এক অতি বিকৃত রূপ দান করে জাগতিক সুখতোগ ও ইন্দ্রিয়-তৃত্তির বাসনায় প্রয়োগ করছে

সমস্ত বৈদিক শান্তেই কলা হয়েছে, জীবাঝা পরমাণুসদৃশ। সৃষ্ণ বুদ্ধিমন্তা-সম্পন্ন যে কোন মানুষই উপলব্ধি করতে পারে যে, আছা হচ্ছে পরমাণুসদৃশ চিৎকণা। যারা বলে থাকে যে, জীবাঝাই হচ্ছে সর্বব্যাপ্ত বিষ্ণুতত্ত্ব, অতি সহজেই বোঝা যার বে, তারা বিকৃত মন্তিষ্কসম্পন্ন—অপ্রকৃতিস্থ মানুষ

পরমাণ হৈতনাবিশিষ্ট জীবাদ্ধা কোন একটি বিশেষ দেয়ের সর্বত্র পরিবাধ্য হতে পারে, কিন্তু জীবাদ্ধা কোন অবস্থাতেই সর্বব্যাপ্ত বিষ্ণুতত্ত্ব হতে পারে না স্বাঞ্চক উপনিষদে বলা হয়েছে, প্রতিটি জীবের হাদয়ে জীবাত্মা বর্তমান থাকে, কিন্তু এই থাথা এত সূক্ষ্ণ যে, জড় ইন্দ্রিয়ের সাহায়ো তা দেখা যায় না বর্তমান যুগে অণুৰীক্ষণ ৰন্তের সাহাব্যেও এই অতি সৃক্ষ আত্মা মানুষের ইন্দ্রিয়প্রাহ্য হয় না। তাই আধুনিক যুগের তথাকথিত বৈজ্ঞানিকেরা হঠকারিতা করে আস্থার অভিত্বক অস্বীকার করে। কিন্তু একটু সৃস্থ-মন্তিত্তে চিন্তা করনেই আব্যার অন্তিত্ব সম্বন্ধে সমস্ত সন্দেহের নিরসন হয়। ভারণ জীবের প্রদায়ে আছার সঙ্গে একসাথে অধিনিত থেকে পরমান্থাই জীবকে পরিচালিত করেন তাই আপাতদৃষ্টিতে দেখা যায়, জীবদেহের সমস্ত কার্যকলাপ ক্রময়ের হার। পরিচালিত হয় যে সমস্ত রক্তকণিকা ফ্রফ্স থেকে অন্নিজেন বহন করে, তারা তাদের শক্তি আহরণ করে আন্ধা থেকে। থায়। যখন জড় দেহ ত্যাগ করে চলে যায়, তখন বক্ত সঞ্চালন, স্থাস-প্রস্থাস আদি ন্দরের সমস্ত ক্রিয়াগুলিই বন্ধ হয়ে যায়। চিকিৎসা-বিজ্ঞানীরা রক্তকণিকার এই ৬৫জ স্বীকার করে থাকে, কিন্তু সমস্ত শক্তির উৎস যে আখ্যা, তা ভারা বৃথতে পারে না। কিন্তু তা হলেও তারা স্বীকার করে যে, হাদয়ই হচেছ দেহের সমস্ত র্শক্তির কেন্দ্রস্থল।

আন্তার এই পারমাণবিক চিৎ-কণাগুলিকে সূর্যকিরণের অণুর সঙ্গে জুলনা করা গ্রে থাকে। সূর্যকিরণের মধ্যে অসংখ্য প্রভাময় অণু আছে সেই রকম, পরমেশ্বর চগবানের বিচ্ছুরিত চিৎকণাগুলি পরমেশ্বরের জ্যোতির পারমাণবিক কণাশ্বরূপ—
থাকে বলা হয় প্রভা অর্থাথ উৎকৃষ্টা শক্তি সূতবাং, বৈদিক তত্ত্বিজ্ঞান কিংবা মার্যনিক বিজ্ঞান, বা কিছুই অনুসরণ করা যাক, সেহের মধ্যে আত্মার অন্তিত্ব কেউ এই বিজ্ঞানিক তথ্য প্রম পুরুষোত্তম গ্রামন করতে পারে না। আত্মা সম্পর্কিত এই বৈজ্ঞানিক তথ্য প্রম পুরুষোত্তম গ্রামন করা করা করা করেছেন

(4)本 (5)

(創本 2년

অস্তবস্ত ইয়ে দেহা নিতাস্যোক্তাঃ শরীরিণঃ। অনাশিনোহপ্রমেয়স্য তম্মাদ্ যুধ্যম্ম ভারত ॥ ১৮ ॥

আন্তবন্তঃ—বিনাশদীল, ইয়ে এই সমস্ত, দেহাঃ—গুড় দেহসকল, নিত্যস্য— নিত্যস্থায়ী, উচ্চাঃ—বলা হয়; শরীরিণঃ—দেহী আত্মার, অনাদিনঃ—অবিনাশী, অপ্রমন্ত্রস্য—অপরিমেয়, তত্মাৎ—অতএব, মুধ্যস্ব—যুদ্ধ কর, ভারত—হে ভরত-বংশীয়।

গীতার গান

নিঃশেষ হইয়া যাবে এই জড় দেহ।
নিত্য আছা জান ভাল না মরিবে কেহ।
বিনাশি প্রমেয় নহে আছা ভাল মতে।
সত্য বুঝি দৃত্রত হও ড' যুক্কেতে।

অনুবাদ

অবিনাশী, অপরিমেয় ও শাশ্বত আব্যার জড় দেহ নিঃসন্দেহে বিনাশশীশ। অতএব হে ভারত। ভূমি শান্তবিহিত স্থধর্ম পরিত্যাগ না করে ফুদ্ধ স্কর।

তাৎপর্য

জড় দেহের ধর্মই হচ্ছে বিনাশ প্রাপ্ত হওয়া। জড় দেহ এই মুহূর্তে ধ্বংস হয়ে থেতে পারে, নয়তো একশ বছর পরে ধ্বংস হতে পারে, কিন্তু একদিন না একদিন এর ধ্বংস হবেই অনির্দিষ্ট কাল পর্যন্ত আত্মাকে টিকিয়ে রাখার কোন সুযোগ নেই কিন্তু আত্মা এত সৃক্ষ্ম যে, তাকে দেখাই যার না, সৃতরাং কোন শত্রুই তাকে হত্যা করতে পারে না পূর্ববতী প্রোকে বর্গনা করা হয়েছে, আত্মা এত সৃক্ষ্ম যে, তাকে পরিমাপ করাও অসন্তব সূত্রাং দেহ ও আত্মা এই দূই তত্ত্বের পরিপ্রেক্ষিতে জীবের স্বরূপ বিচার করলে তথ্ন আর কোন অনুশোচনা থাকতে গারে না, কারণ মানুবের প্রকৃত ক্রমপ আত্মা চিরুশাব্দত এবং কোন অবস্থাতেই তার বিনাশ হয় না, আর জড় দেহ হচ্ছে অনিতা, একদিন না একদিন যবন তার ধ্বংস হবেই, তথ্ন কোনতাবেই অনির্দিষ্ট কালের জন্য অথবা চিরুকালের জন্য দেহটিকে বাঁচিয়ে বাখা যায় না। পূর্বকৃত কর্ম অনুসারে সমগ্র আত্মার ক্ষ্মাতিক্মুপ্ত

গংশ এক-একটি জড় দেহ প্রাপ্ত হয়। সেই জন্যই শাস্ত্রের নির্দেশ অনুসারে ভীবনযাগন করা উচিত। শাস্ত্রের নির্দেশ অনুসারে কর্তব্যকর্ম অনুষ্ঠান করার ফলে উপফুল্ড দেহ প্রাপ্ত হয়ে জীবাদ্ধা জড় বন্ধন থেকে মুক্ত হতে পারে। বেদান্ত-সূত্রে আন্থাকে আলোক বলে সম্বোধন করা হয়েছে, কারণ সে হছে পরম আলোকের অংশ। সূর্বের আলোক যেমন সমন্ত ব্রজাওকে প্রতিপালন করে, তেমনই আন্থার আলোকও জড় দেহকে প্রতিপালন করে। যে মুহূর্তে আন্থা তার সেইটি পরিত্যাগ করে, তবন থেকেই সেই দেহটি পটতে শুক্ত করে। এর থেকে গোঝা যায়, আত্মাই এই দেহটিকে প্রতিপালন করে। দেহে আন্যা থাকে বলেই দেহটিকে এন্ড সূক্রর বলে মনে হয়, কিন্তু আন্যা বাতীত দেহের কোনই শুরুত্ব নেই। ভগবান ব্রীকৃষ্ণ তাই অর্জুনকে উপদেশ দিয়েছিলেন, দেহাত্বাবৃদ্ধি পরিত্যাগ করে ধর্ম সংস্থাপনের জন্য যুদ্ধ করতে।

শ্লোক ১৯

ষ এনং বেন্তি হন্তারং ঘটেশ্চনং মন্যতে হত্তম্ । উত্তৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে ॥ ১৯ ॥

মঃ যিনি, এনম্—একে, বেন্তি—জানেন; হন্তারম্—হন্তা; যঃ—যিনি, চ—
ানং, এনম্—একে; মনাতে—মনে করেন; হত্তম্—নিহত, উত্তৌ—উভরে, তৌ—
ানা, ন—না, বিজ্ঞানীতঃ—জানেন; স—না, অয়ম্—এই, হন্তি—হত্যা করেন;
ম—না; হন্যতে—নিহত হন।

গীতার গান

বে জন বুঝেছে আড়া মরে যেতে পারে । অথবা বে জন বুবো আড়া অন্যে মারে ॥ উভয়েই শ্রমাত্মক কিছু নাহি বুঝে । মরে না মারে না আড়া জান যুদ্ধ যুবো ॥

অনুবাদ

মিনি জীবাত্মাকে হস্তা মলে মনে করেন কিবো মিনি একে নিহত বলে ভাবেন, ধারা উভয়েই আত্মার প্রকৃত স্বরূপ জানেন না। কারণ আত্মা কাউকে হত্যা করেন না এবং কারও দ্বারা নিহতও হন না।

প্রোক ২০1

ভাৎপর্য

যখন কোন দেহধারী জীব মারাত্মক অস্ত্রের দ্বারা আঘাত গ্রাপ্ত হর, তখন জানতে হবে যে, দেহের মধ্যে আত্মার মৃত্যু হয় না। আত্মা তখন আর সেই দেহে বাস করতে পারে না। বাস করাব অনুপযোগী বলে আত্মা তখন সেই দেহটি ভ্যাগ করে। যাবা মূর্য তারা আত্মাব এই দেহত্যাগ করাকে আত্মার মৃত্যু বলে মনে করে। কিন্তু পরবর্তী শ্লোকে আমবা জনেতে পারব—আঝা এত সৃন্ধ বে, কোন অন্ত্রের শ্বারাই তাকে হত্যা করা সম্ভব নয়। আর ভা ছাড়া আরা চিরশ্বাহ্যন্ত ও চিন্ময় হবার ফলে, কোন অবস্থাতেই তার বিনাশ হয় না। যার মৃত্যু হয় অথবা মতা হয়েছে বলে মনে হয়, তা হচ্ছে ছাত দেহটি মাঞ। অবশ্য তা বলতে এটি বোঝায় না যে, দেহটিকে হত্যা করলে কোন অন্যয়ে হয় না। বেদে নির্দেশ দেওয়। আছে, *য়া হিংস্যাৎ সর্বা ভূতানি*—কোন জীবের প্রতি হিংসা করো না। কেচেও জীবের আদ্মিক সন্তাকে হত্যা করা যায় না, এই উপলব্ধি হওয়ার ফলে প্রাণহভারে উৎসাহ লাভ করা উচিত নর বিনা কারণে জন্যায়ভাবে যখন পশু হত্যা করা হয়, তখন তাতে অবশাই পাপ হয় , অনায়ভাবে কাউকে হত্যা কর্মে যেমন রাষ্ট্রের আইন অনুসারে হত্যাকারী শান্তি পায়, ভগবানের আইনেও তেমনই তার জনা শান্তি পেতে হয় সনাতন-ধর্মকে রক্ষা করার জন্ম ভগবান অবলা অর্জুনকে যুদ্ধ করতে অনুপ্রাণিত করেছিলেন, ডিনি কখনই অর্জুনকে তাঁর খ্যোলখুদি মতো হতা করতে আদেশ দেননি

শ্লোক ২০

ন জায়তে প্রিয়তে বা কদাচিন্
নায়ং ভূড়া ভবিতা বা ন ভূয়ঃ ।
অন্ধো নিত্যঃ শাশ্বতোহয়ং পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে ॥ ২০ ॥

ন—না, জায়তে—জন্ম হয়, ব্রিয়তে সৃত্যু হয়, বা—অথবা, কদাচিৎ—কবনও (অতীত, বর্তমান অথবা ভবিষাতে), ন না, অয়মৃ—এই, ভূছা—উৎপন্ন হয়েছে, অজঃ—ভবিতা -উৎপন্ন হয়েছে, বা অথবা, ন—না, ভূমঃ—উৎপন্ন হয়েছে, অজঃ—জন্মরহিত, নিত্যঃ—নিতা, শাশ্বতঃ—চিবস্থায়ী, অয়ম্—এই, পুরাণঃ—পুরাতন, ন—না, হন্যতে—নিহত হয়, হন্যমানে—হত হলেও, শরীরে—দেহ।

গীতার গান

জনম মরণ নাই, হয়ে নাই, হবে নাই, হয়েছিল তাহা নহে আত্মা 1 অজ নিত্য শাশ্বত, পুরাতন নিত্যসত্য, শরীরের নাশ নহে মৃত্যু 1

অনুবাদ

আন্ত্রার কখনও জন্ম হয় না বা মৃত্যু হয় না, অথবা পুনঃ পুনঃ তাঁর উৎপত্তি বা বৃদ্ধি হয় না। তিনি স্কন্মরহিত, শাখত, নিত্য এবং পুরাতন হলেও চিরনবীন শ্রীর নষ্ট হলেও আ্বা কখনও বিনষ্ট হয় মা।

তাৎপর্য

ওবং ওভাবে প্রমান্তা ও তার প্রমানুস্দুল অংশ জীবাগ্যার মধ্যে কোনই পার্থক্য নেই। জড় দেহের যেমন পরিবার্তন হয়, আত্মার তেমন কোন পরিবর্তন হয় না এই অস্থ্যকে বদা হয় কৃটস্থ, অর্থাৎ কোন কালে, কোন অবস্থায় তার কোন পবিস্তান হয় না। জড় দেহে ছয় রকমের পরিবর্তন দেখা যায়। মাতৃগর্ভে তার ক্রম হয়, তার বৃদ্ধি হয়, কিছুকালের জন্য স্থায়ী হয়,ুতা কিছু ফল প্রসব করে, জ্ঞা এন্দ্র তা ক্ষয়প্রাপ্ত হয় এবং অবশেষে তার বিনাশ হয় আছার কিন্তু এই রকম কোন পবিবর্তনই হয় না। আত্মার কখনও জন্ম হয় না, কিন্তু, যেহেও সে জ্জু দেহ ধাবন কবে, তাই সেই দে: ীর জন্ম হয় ধার জন্ম হয়, তার মৃত্যু হবধাবিত। এটিই প্রকৃতির নিয়ম তেমনাই আধার, যার দ্বাদ্রা হয় না তার কখনই ্রা ইতে পারে না। আত্মার কখনও জন্ম হয় না, তাই তার মৃত্যুও হয় না, আর সেই জন্য এর অতীত, বর্তমান অথবা ভবিষাৎ বলে কিছু নেই সে নিত্য, শারত ও পুরাতদ অর্থাৎ করে বে তার উদ্ভব হয়েছিল তার কোনও ইতিহাস 🔻 আনবা দেহ চেতনার ধারা প্রভাবিত, ভাই আমরা আগার জন্ম ইতিহাস পারি। কিন্তু যা নিগ্র, শাশ্বত, তার তো কোনও গুরু থাকতে পারে না .নহের ৯০০ আল্লা কথনত জরাগ্রন্ত হয় না তাই, বৃদ্ধ অবস্থাতেও মানুধ তার অন্তরে শৈশ্ব অথকা যৌবনের উদ্যমতা অনুভব করে সেত্রের পরিবর্তন কখনই আল্লাকে প্রভাবিত করে না। জন্দ দেহের মতো আন্থার কখনও ক্ষয় হয় না। ৰেহের মাধ্যমে থেমন সন্তান সন্ততি উৎপন্ন হয়, আত্মা কখনও ডেমনভাবে অন্য কোনও আরা উৎপাদন করে না দেহজাত সন্তান সন্ততিরা প্রকৃতপক্ষে ভিন্ন ভিন্ন

আত্মা স্থ্রী-পুরুষের দেহের মিলনের ফলে আত্মা নতুন দেহ প্রাপ্ত হয় বলে, সেই আত্মাকে কোন বিশেষ দ্রী-পুরুষের সন্তান বলে মনে হয়। আত্মার উপস্থিতির ফলে দেহের বৃদ্ধি হয়, কিন্তু আত্মার কখনও বৃদ্ধি বা কোন রকম পরিবর্তন হয় না এভাবেই আমরা উপলব্ধি করতে পারি, দেহে যে হয় রকমের পরির্তন হয়, আত্মা ভার দ্বারা প্রভাবিত হয় না।

কঠ উপনিষদেও (১/২/১৮)গীতার এই প্রোকের মতো একটি প্রোক আছে—

न खाद्याराज सियाराज या विश्रमिक्षायर कूछम्विक वसून कम्प्रिक । खाळा निजाः भाषराजास्थार भुतारमा न स्नाराज स्नायान भतीरत ॥

এই ক্লোকটির সঙ্গে ভগবদ্গীভার শ্লোকটির পার্থক্য কেবল এখানে *বিপশ্চিৎ* শ্**লটি** যাবহনত হয়েছে, যার অর্থ হচ্ছে জ্ঞানী অথবা জ্ঞানের সহিতঃ

আদ্যা পূর্ব জ্ঞানময়, অথবা সে সর্বদাই পূর্ণচেতন। তাই, চেতনাই বচ্ছে আদ্মার লক্ষণ এমন কি আদ্মানে হাদয়ের মধ্যে দেখা না গেলেও চেতনার প্রকাশের মধ্যে দিয়ে তার উপস্থিতি অনুভব করা যায়। অনেক সমগ্য মেঘের আড়ালে ঢাকা পড়ে যাবার ফলে অথবা অন্য কোন কারণে সূর্যকে দেখা যায় না, কিন্তু সূর্যের আলো সর্বদাই সেখানে রয়েছে এবং আমরা দৃঢ়ভাবে কিশ্বাস করি যে, এখন দিনের বেলা ভোরের আকাশে মখনই একটু আলোর আভাস দেখতে পাওয়া যায়, তখনই আমরা বৃথাতে পারি, আকাশে সূর্যের উদয় হছে। ঠিক তেমনই, মানুযই হোক বা পশুই হোক, কীট-পতঙ্গই হোক বা উদ্বিদিই হোক, একটুখানি চেতনার বিকাশ দেখতে পেলেই আমরা তাদের মধ্যে আদ্মার উপস্থিতি অনুভব করতে পারি। আশ্বার সচেতনতার মধ্যে অবশা অনেক পার্থকা রয়েছে, কারণ পরমাশ্বা হচেছন সর্বজ্ঞা তিনি সর্ব অবস্থায় ভূত, ভবিষাৎ ও বর্তমান সম্বজ্ঞে সম্পূর্ণভাবে অবগতা স্বতম্ভ জীবের চেতনা বিশ্বতিগ্রবণ, সে যখন তার সচিচদানলময় স্বরূপের কথা ভূলে যায়, তখন সে প্রীকৃষ্ণের পরম উপদেশ থেকে শিক্ষা ও আলোক প্রাপ্ত হয় কিন্তু শ্রীকৃষ্ণ বিশ্ববর্ণশীল জীবের মতো নল। যদি তাই হত, কৃষ্ণের ভারকাগিতার উপদেশাবেলী অর্থহীন হয়ে পড়ত।

আত্মা দুই রকমের—অণু আত্মা ও পরমাত্মা বা বিভূ-আত্মা। কঠ উপনিয়দে (১/২/২০) তার বর্ণনা করে বলা হয়েছে—

ष्याधारणीयाचाराजा महीयान् व्याचामा व्याखनिशित्वा करामाम् । एमकाकुः भगाजि वीजस्थारका थाकुः शमामाचरिमानमाचनः व "পরমাদ্বা ও জীবাদ্বা উভয়েই বৃক্ষসদৃশ জীবদেহের হৃদয়ে অবস্থিত যিনি সব বক্ষম জড় বাসনা ও সব বক্ষমের শোক থেকে মুক্ত হতে পেরেছেন, তিনি কেবল ভগবানের কৃপার ফলে আদ্বার মহিমা উপসন্ধি করতে পারেন " ভগবান শ্রীকৃষ্ণ হচ্ছেন পরমাদ্বারও উৎস, যা পরবতী অধ্যায়ে বিশদভাবে ব্যাখ্যা করা হবে আর অন্ধৃন হচ্ছেন তাঁর প্রকৃত স্বরূপ সম্পর্কে আত্মবিস্মৃত জীবাদ্বা, তাই তাঁকে শ্রীকৃষ্ণের কাছ থেকে অথবা তাঁর সুযোগ্য প্রতিনিধি সদ্ভবনর কাছ থেকে এই পরম তত্ত্জান লাভ করতে হয়।

সাংখ্য-(মাগ

শ্লোক ২১

বেদাবিনাশিনং নিত্যং য এনমজমব্যয়ম্। কথং স পুরুবঃ পার্থ কং ঘাতয়তি হন্তি কম্॥ ২১॥

বেদ—জানেন; **অবিনাশিনহ**—অবিনাশী, মিত্যায়—সর্বদা বর্তমান, যঃ—যিনি, এনম্—এই (আন্মাকে): অজ্ञয়—জন্মরহিত, অব্যায়য়—অক্ষয়; কথ্যয়—কিভাবে; দঃ –সেই, পুরুষঃ—ব্যক্তি, পার্থ—হে পার্থ (অর্জুন), কম্—কাকে, ঘাত্যাতি— কথ করাতে; হাত্তি—হত্যা করতে; কয়—কাউকে।

গীতার গান

বে জেনেছে আত্মা নিত্য অজ অবিনাশী। অব্যয় অজর আত্মা সর্ব দিবানিশি ॥ সে কেন মারিবে অন্যে মূর্খের মতন। সে জানে নিশ্চিত আত্মা মরে না কখন॥

অনুবাদ

হে পার্য। যিনি এই আস্থাকে অবিনাশী, শাশ্বত, জন্মরহিত ও অক্ষয় বলে জানেন, তিনি কিভাবে কাউকে হত্যা করতে বা হত্যা করতে পারেন?

তাৎপর্য

নব কিছুরই যথার্থ উপযোগিতা আছে এবং বিনি পূর্ণ জ্ঞানসম্পন্ন, তিনি জানেন কোন জিনিস কোথায় এবং কিভাবে নিয়োগ করলে তার পূর্ণ সন্থাবহার করা হবে আর সব কিছুর মতো হিংসারও যথার্থ উপযোগিতা আছে এবং যিনি যথার্থ জ্ঞানী,

তিনি জানেন কোথায়, কখন, কিভাবে হিংসার প্রয়োগ করতে হয়। বিচারক যথন আসামীকে খুনের জন্য দোষী সাব্যক্ত করে প্রাণদণ্ড দেন, তখন হিংসাম্বক কাজ করেছেন বলে বিচারককে কেউ অভিযুক্ত করে না। তার কারণ, তিনি বিচারের রীতি অনুযায়ী এই দণ্ড দেন মানব সমাজের শ্রেষ্ঠ নীতিশায় মনুসংহিতাতে খুনীকে প্রাণদণ্ডে দণ্ডিত করার নির্দেশ দেওয়া আছে। কারণ, এই শান্তি পাবার ফলে সেই খুনির মহাপাপের ভার লাঘব হয়, পরবর্তী জীবনে তাকে আর তার ফলভোগ করতে হয় না সূত্বাং, বাজা যথন খুনীকে প্রাণদণ্ড দেন, তখন ভার মঙ্গকের জন্যই তা দেওয়া হয় তেমনই, শ্রীকৃষ্ণ যখন যুদ্ধ করবার আদেশ দেন,

ফলভোগ করতে হয় না স্তবাং, রাজা যথন বুনীকে প্রাণদণ্ড দেন, তথন ভার মঙ্গলের জন্যই তা দেওয়া হয় তেমনই, শ্রীকৃষ্ণ যখন বৃদ্ধ করবার আদেশ দেন, তখন আমরা সহজেই বৃঞ্জে পারি, চরম বিচারের জন্যই তিনি এই হিসেরে আশ্রয় গ্রহণ করেছেন তাই অর্ধুনের কর্তব্য হচ্ছে ভগবানের নির্দেশ পালন করা। ভগবান শ্রীকৃষ্ণ হচ্ছেন পরম করুণাময়, তাই আপাতেদৃষ্টিতে তার কার্যকল্যপ হিসোম্বাক বলে মনে হলেও প্রকৃতপক্ষে তা হচ্ছে তার আশীর্বাদ। তেমনই, তার নির্দেশে যখন হিংলার আশ্রয় গ্রহণ করা হয়, তখন সেই হিসো আশীর্বাদে পরিণত হয়। আর তা ছাড়া, ভগবান শ্রীকৃষ্ণ এখানে অর্জুনকে শিক্ষা দিয়েছেন যে, মানুবের প্রকৃত পরিচয় হচ্ছে তার আশ্রা এবং সেই আশ্রাকে কখনও হত্যা করা যায় না। স্তরাং স্বিচারমূলক প্রশাসনের স্বার্থে ঐ ধরনের হিংলাম্বক কার্যকলাপের অনুমতি দেওয়া হয়েছে শল্য-চিকিৎসক অল্লোপচার করেন রোগ সারাবার জনা, রোগীকে

শ্লোক ২২

মেরে ফেলবার জন্য নয় প্রীকৃষ্ণ হচ্ছেন স্বয়ং ভগবান, তার আদেশ অনুসারে

যুদ্ধ করার ফলে অর্জুনের কোনও পাপ হবারই সম্ভাবনা নেই, উপরস্ক তাতে সমগ্র

মানব-সমাজের সর্বাঙ্গীণ মঙ্গল হওয়াটাই স্থাডাবিক।

বাসাংসি জীর্ণানি হথা বিহায়

নবানি গৃহাতি নরোহপরাণি ।
তথা শরীরাণি বিহায় জীর্ণান্য
ন্যানি সংযাতি নবানি দেহী ॥ ২২ ॥

ৰাসাংসি বস্তু, জীর্ণানি—জীর্ণ, যথা— যেমন, বিহার পরিত্যাগ করে, নবানি— নতুন বস্তু; গৃহুতি—প্রহণ করে, নরঃ মানুর, অপরাণি—অন্য, তথা—তেমনই, শরীরাণি—শরীর, বিহায়—জ্যাগ করে, জীর্ণানি জীর্ণ, অন্যানি অন্য, সংযাতি— ধারণ করে, মবানি—নতুন দেহ, দেহী—শরীরী।

গীতার গান

পুরাতন বস্ত্র ষথা, ভসুর শরীর তথা,
এক ছাড়ি অন্য বস্ত্র পরে ৷
পুরাতন বস্ত্র ছাড়ে, নবীন বসন পরে,
নবীন শরীর হাড়ি, নবীন শরীর ধরি,
দেহীনব্য হয় পুনর্বার ৷
দেহ দেহী এই ভেদ, ভাহাতে বা কিবা খেদ,
ছাড় দুঃখ যুদ্ধ করিবার ॥

অনুবাদ

মানুষ বেমন জীর্ণ বস্ত্র পরিজ্যাপ করে দতুন বস্ত্র পরিধান করে, দেহীও ভেমনই জীর্ণ শরীর ভ্যাপ করে নতুন দেহ ধারণ করেম।

তাৎপর্য

পারমাণবিক জীবাদা যে এক সেহ ছেড়ে আর এক দেহ ধারণ করে, তা সর্বজনস্বীকৃত তথা। তবু আধুনিক যুগের কিছু বৈজ্ঞানিক আবার অভিত্নে বিশ্বাস করে না, অথচ হলর থেকে কেমন করে শক্তি সঞ্চালিত হয় তা বোঝাতে পারে না। কিন্তু তারাও স্বীকার করতে বাধা হয় যে, প্রতি মৃহূর্তে দেহের পরিবর্তন প্রচ্ছে এবং এই পরিবর্তনের ফলেই দেহে শেশব, যৌরন ও বার্ধক্য দেখা দেয় গোর্ধক্যের পর আদ্বা অনা দেহ ধারণ করে। এই সম্বন্ধে ইতিপ্রেই (২/১৩) বিশ্বভাবে আলোচনা করা হয়েছে।

পরমান্বার কৃপার ফলেই অণু জান্ধা ভিন্ন ভিন্ন দেহ প্রাপ্ত হয়। বন্ধু যেমন গদ্ধর মনোবাঞ্চা পূর্ণ করে, পরমান্বাও তেমন জণু আন্থার মনোবাঞ্চা পূর্ণ করেন এতক উপনিষদে আন্ধা ও পরমান্বাকে একই গাছে বদে পাকা দৃটি পাবির সঙ্গে তুলনা করা হয়েছে তাদের মধ্যে একটি পাথি (জীবাত্বা) সেই গাছের ফল ঝাছে, অন্য পাথিটি (ত্রীকৃষ্ণ) তাঁর বন্ধুকে পর্যবেক্ষণ করে চলেছেন। এই দৃটি পাবি গুণগতভাবে যদিও এক, তবুও তাদের একজন সেই ওও জাগতিক গাছের ফলের আকর্ষণে আবদ্ধ, আর অন্য জন একান্ত সুহাদের মতো এর কার্যকলাপ কেবল পর্যবেক্ষণ করে চলেছে। ত্রীকৃষ্ণ হছেন সাক্ষীরূপ পাথি,

আব অর্জুন হচ্ছেন ফল আহারে বত পাখি। বদিও তারা একে অপরের বন্ধ, তবুও তাদের একজন হচ্ছেন প্রভূ এবং অন্য জন হচ্ছেন পূজ। জীবান্ধা পরমান্ধার সঙ্গে তার এই সম্পর্কের কথা ভূপে যাবার ফলেই এক গাছ থেকে আব এক গাছে অর্থাৎ এক দেহ থেকে আর এক দেহে সে ঘুরে বেড়ায়। এই জড় দেহরূপ বৃক্ষে জীবান্ধা কঠোর সংগ্রাম করছে, কিন্তু বে মৃহুর্তে সে অন্য পাবিটিকে পরম ওকুরাপে গ্রহণ করতে সন্মত হয়, যেভাবে অর্জুন শ্রীকৃষ্ণের উপদেশ লাভের জনা স্বতঃম্পূর্তভাবে তার কান্তে আন্মন্সর্পণ করতে সন্মত হয়েছিলেন, তংক্ষণাৎ অধীন পাহিটি সমন্ত শোক থেকে মৃত্ত হয় মৃতক উপনিবদে (৩/১/২) ও শেন্তাপ্রতর উপনিবদে (৪/৭) প্রতিপর করে বলা হয়েছে—

मगात्न वृत्क शृक्तवा निग्नश्चारुनीयता त्याक्रिक मूरुगानः । कृष्ठेर यमा भगाजानात्रीयभमा महिमानमिजि वीजल्याकः ॥

"দৃটি পাথি একই গাছে বসে আছে, কিন্তু যে পাথিটি ফল আহারে রত সে গাছের ফালের ভোকারূপে সর্বদাই শোক, আশবা ও উরেগের হারা মৃহ্যমান। কিন্তু যদি সে একারার তার নিভার্বালের বন্ধু অপর পাথিটির দিকে ফিরে ভাকার, তবে তথেশাথ ভার সমস্ত শোকের অবসান হয়, কারণ তার বন্ধু হয়েনে পরমেশর ভাবান এবং তিনি সমগ্র ঐশ্বর্যের হারা মহিমানিত।" অর্জুন তার নিভার্বালের বন্ধু ভগবান শ্রীকৃন্ধের দিকে ফিরে ভাকিয়েছেন এবং তার কাছ থেকে ভগবদ্গীতার তন্ধ জানতে পোরেছেন এজার্থেই ভগবান শ্রীকৃন্ধের কাছ থেকে শ্রবণ করার ফলে তিনি ভগবানের পরম মহিমা উপলব্ধি করতে পারেন এবং সমস্ত শোক থেকে মৃক্ত হন। ভগবান এখানে অর্জুনকে উপান্দশ দিয়েছেন তার বৃদ্ধ পিতামহ, শিক্ষক আদি আর্থ্যায়-পরিস্তানদের জন্য শোক না করতে। পক্ষান্তরে, সেই ধর্মযুক্তে প্রাণ ভাগে হরার ফলে তাঁদের দেহণত কর্মফণ জনিত সমস্ত পাপ থেকে তাঁরা মৃক্ত হবেদ বলে, আনন্দিত হওয়া উচিত যজবেদিতে অর্থ্যা ধর্মযুদ্ধে আছোৎসর্গ করলে তথকাং সমস্ত পাপ থেকে মৃক্ত হওয়া যায় এবং তার ফলে উচেতৰ জীবন লাভ হয়। সৃত্রাং, অর্জুনের গোক করবার কোনই কারণ ছিল না।

গ্রোক ২৩

নৈনং ছিদন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাৰকঃ । ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুভঃ ॥ ২৩ ॥ ন—না, এনম্—এই আম্বাকে, ছিন্দন্তি—ছেন্ন করতে পারে, শস্ত্রানি—অস্ত্রসমূহ, ন—না, এনম্—এই আত্মাকে, দহডি—দহন করতে পারে, পাবকঃ—অগ্নি; ন—না, চ—ও, এনম্—এই আত্মাকে, ক্লেদয়ন্তি—আর্র করতে পারে, আপঃ—জল ন—না; লোময়তি—শুরু করতে পারে, মারুতঃ—বায়।

গীতার গান

অপ্রাঘাতে নাহি কাটে চিন্ময় শরীর।
অগ্নি না জ্বালায় তাহা শুন বিজ্ঞ বীর।
জল মারা নাহি ভিজে বায়ু না শুকায়।
মাত প্রতিঘাত সব জড়েতে জুয়ায়।

অনুবাদ

আত্মকে অন্তরে দারা কটিঃ বার না, আগুনে পোড়ানো যায় না, জকে ভেজানো যায় না, অথবা হাওয়াতে শুকানোও যায় না।

তাৎপর্য

তরবারি, আধার অন্ত্র. পর্জনান্ত্রে, বামবীর অন্ত্র আদি কোন রকমের অন্ত্রশস্ত্রই আন্থাকে হতা। করতে পারে না। এই ঝোকে বোঝা যায়, মহাভারতের যুগে আগুনিক যুগের মতো আগোয়াপ্র তে। ছিলই, আর তা ছাড়া জল, বায়, আকাশ আদির তৈরি অন্তের ব্যবহারও ছিল আধুনিক যুগের পারমাণবিক অন্তর্শস্তর্ভাল এক রকমের আগ্রেয়াপ্র কিন্তু তথাকথিতভাবে বিজ্ঞানের উন্নতি হলেও জল, বায়, আকাশ আদির থারা নির্মিত অন্তের ব্যবহার আগুনিক বৈজ্ঞানিকদের কাছে সম্পূর্ণ জজ্ঞাত। মহাভারতের যুগে জলীয় অন্তের দ্বাবা পারমাণবিক অন্তের মতো আগ্রেয়ান্ত্রকে বন্ধন করা হত—যা আজকের বৈজ্ঞানিকদের কল্পনারও অতীত সেই যুগের বীরেবা যে-সমস্ত অন্তত্ত ঝটিকা অন্তের ব্যবহার জানতেন, তা আধুনিক বৈজ্ঞানিকেরা কল্পনাও করনাও করেওে পারে না। অগ্নি, জল, বায়ু, আকাশ আদির এত সমস্ত অন্ত্র পারকে। কেনে বৈজ্ঞানিক অন্তের দ্বারাই আদ্বাকে হত্যা করা যায় না।

মায়াবাদীরা বোঝাতে পারেন না কেমন করে জীবাদ্ধা নিতান্তই অজতার ফলে ব্রুড় অভিন্ন লাভ করে এবং তার ফলে মায়াশক্তিতে আচ্ছন্ন হয়ে পড়ে আন্মাকে যেমন অস্ত্রের দ্বারা কটো যায় না, তেমনই আন্মাকে তার উৎস প্রমান্মার থেকেও কথনও বিচ্ছিত্র করা যায় না; বরং, স্বতন্ত্র জীবাদ্বাগুলি প্রমাদ্বার শাশত ভিনাগে যেহেতু সনাতন জীবাদ্বা প্রমাণুসদৃশ তাই ভগবানের বহিরঙ্গা মায়াশন্তির দ্বারা তাদেব আচহাদিত হয়ে পড়ার প্রবণতা দেখা বায় এবং এভাবে তারা ভগবানের সান্নিধা থেকে বিচ্যুত হয়ে পড়ে, ঠিক ফেন্স জাগুনের স্ফুলিঙ্গ, বনিও আগুনের সঙ্গে তা তণগতভাবে এক ও অভিন্ন, কিন্তু আগুনের থেকে বেরিরে এলেই তা নিভে যায় এবং তথন আর ভার মধ্যে আগুনের বৈশিষ্টাওলি দেখা যায় না। তেমনই প্রমাণুসদৃশ জীবাদ্বা ভগবং-বিমুখ হরে পড়ারে কলে নানা রকম দুঃখকট ভোগ করতে থাকে ব্রাহ প্রকৃত স্থরণ বিশ্বত হয়ে পড়ার কলে নানা রকম দুঃখকট ভোগ করতে থাকে ব্রাহ পুরাণে বলা হয়েছে, জীবাদ্বার সঙ্গে প্রমাণ্যার এই সম্পর্ক নিত্য শাশ্বত। সুওরাং, মায়ার বন্ধন থেকে মুক্ত হরার পরও জীবাদ্বা থতার স্বরূপেই বিদ্যানা থাকে, যা অর্জুনের প্রতি ভগবান শ্রীকৃষ্কের উপদেশেই সুম্পন্থ উপলব্ধি হয় ভগবং-তত্বজ্ঞান লাভ করার পর অর্জুন মায়ার বন্ধন থেকে মুক্ত হয়ে খনিন।

শ্ৰোক ২৪

অক্তেন্যোহ্যমদাহ্যোহ্যমক্রেদ্যোহশোষ্য এব চ। নিত্যঃ সর্বগতঃ স্থাপুরচলোহয়ং সনাতনঃ ॥ ২৪ ॥

অছেদ্য:—অচেদ্য: অয়ম্—এই আখ্যা: অনহাঃ—পোড়ানো যায় না, অয়ম্— এই আখ্যাকে, অক্রেদ্য:—ভিজ্ঞানো যায় না, অশোষ্যঃ—ওকানো যায় না: এব— অবশাই, চ—এবং, নিত্য:—চিবস্থায়ী, সর্বগতঃ—সর্বব্যাপ্ত, স্থাণুঃ—অপরিবর্তনীয়, অচলঃ—নিশ্চল; অয়ম্—এই আশ্বা; সনাতশঃ—নিতা বর্তমান।

গীতার গান

অচ্ছেদ্য যে আত্মা হয় অক্লেদ্য অশোষ্য ।
চিদানন্দ আত্মা নহে জড়ের সে পোষ্য ॥
সর্বত্র আত্মার গতি স্থির সনাতন ।
অচল অটল আত্মা নিত্য সে নৃতন ॥

অনুবাদ

এই আশ্বা অচ্ছেদ্য, অধাহ্য, অক্রেদ্য ও অশোষ্য। তিনি চিরস্থায়ী, সর্বব্যাপ্ত, অপরিবর্তনীয়, অচল ও সনাতন।

ভাৎপর্য

পানমাণ্নিক আন্তার এই সমস্ত গুণাবলী নিঃসন্দেহে প্রমাণ করে যে, সে অবশাই পরমানার প্রমাণুসদৃশ জংশ এবং সে নিত্যকাল অপরিবর্তিত ভাবে একই পরমাণুকাপে চিরকাল বর্তমান থাকে অন্তৈতবাদীরা যে বলে থাকেন, মানামুক্ত হলে জীবাধা পরমানায় পরিণত হয়, সেই তথু এই শ্লোকে এণ্ড বলে প্রমাণিত হয়। মায়ামুক্ত হবার পর জীবাধা ইচ্ছা করলে ভগবানের দেহনির্গত ব্রহ্মজ্যোতিতে চিংকগারূপে বিরাজ করতে পারে, কিন্তু বৃদ্ধিমান জীবাধারা ভগবং-ধামে প্রবেশ করে ভগবানের সাহচর্য আভ করে।

এখানে স্বগত ('সর্ববাপ্ত') শব্দটি তাৎপর্যপূর্ণ, কেন না কোন সন্দেহ নেই

ে স্থাবের সৃষ্টির সর্বত্রই আত্মা বিবাজা করছে জাগে, ছলে, অন্তর্নীক্ষে, এমন

'ক আওনেও জীবাদ্ধা ররেছে। আপাতদৃষ্টিতে মনে হয় আগুনে আদ্ধা নেই, কিন্ত

এই শ্লোকে আমরা বৃথাতে পারি, সেই ধারণাটি লাভ, কারণ এখানে স্পষ্টভাবে

পলা হছেছে, আগুন আন্থাকে দহন করতে পারে না এর থেকে বোধা যায়,

স্বলোকেও সেখানকার উপযোগী দেহ ধারণ করে জীবাদ্ধা ররেছে, স্বর্থলোকে

মদি জীব না থাকত, তা হলে স্বর্গত, অর্থাৎ 'সর্বত্র আদ্ধার গতি কথাটি বাবহার

করা হত না।

শ্ৰোক ২৫

অব্যক্তোহয়মচিন্ত্যোহয়মবিকার্যোহয়মূচ্যতে । তন্মাদেবং বিদিত্বৈনং নানুলোচিত্মহসি ॥ ২৫ ॥

অব্যক্তঃ—ইক্রিয়াদির অগোচর, অয়খ্—এই আত্মা, অচিন্ত্যঃ—চিন্তার অতীত অন্তম—এই আত্মা, অবিকার্যঃ অপরিবর্তনীয়, জয়ম্—এই আত্মা, উচ্যতে বঙ্গা হয়, কল্পাৎ অতএব, এবম্—এভাবে, বিদিত্বা ভালভাবে জেনে, এনম্ এই আত্মাকে, ম—নম; অনুশোচিতুম্—শোক করা; অর্থনি—উচিত

গীতার গান

কটি। জ্বানা ভিজা শুকা জড়ের লক্ষণ । জড়ের দ্বারা ব্যক্ত নহে অব্যক্ত কখন ॥

শ্ৰোক ২৬ী

মন দ্বারা চিস্ত্য হয় জড়ের লক্ষণ।
আত্মা জড় বস্তু নহে অচিশ্ব্য কথন ।
জড়ের বিকার হয় আত্মা অবিকার।
জড় আত্মা বিভিন্নতা শুন বার বার ॥
যথাযথ আত্মতত্ত্ব করহ বিচার।
বিচার করিলে চিত্তে পাবে চমৎকার ॥

অনুবাদ

এই আত্মা অব্যক্ত, অচিন্তা ও অবিকারী বলে শান্তে উক্ত হয়েছে। অভএব এই সনাতন স্বরূপ অবগত হয়ে দেহের জন্য তোমার শোক করা উচিত নয়।

তাৎপর্য

পর্বে বলা হয়েছে, জড-জাগতিক বিচারে আত্মার অয়েতন এত সৃত্যু যে, সবচেয়ে শক্তিশালী অণুবীক্ষণ যন্ত্রের সাহায্যেও তাকে দেখা যায় না. ১হি সে অনুশ্য। আখ্যার অক্টিভকে পরীক্ষামূপকভাবে বা কৈন্তানিক গবেধণার দ্বারা প্রমাণ করা যায় না, এর একমাত্র প্রমাণ হচ্ছে *প্রান্তি-প্রমাণ* বা বৈদিক জ্ঞান। আখার অভিত্র আমরা সব সময়েই অনুভব করতে পারি। আত্মার অন্তিত্ব সন্থন্ধে কারও মনেই কোন সম্পের থাকা উচিত নয় তাই এই বৈদিক সভাকে আমাদের গ্রহণ করতেই হবে, কারণ এ ছাড়া আর কোন উপারেই আন্মার অক্তিত্বের এই নিগ্রু তত্ত্বকে জ্ঞানতে পারা যায় না উচ্চতর কর্তৃপঞ্চের উপর নির্ভর করে আমাদের অনেক কিছুকেই শ্বীকার বরতে হয় আমাদের পিতৃপরিচয় যেমন মায়েব কাছ থেকে জানা ছাড়া कात (कात উপাर्स्सेट ब्लानरूठ भाता याग्र ना कवर भरत्रत अम्ब भिजुभितिहरूक स्वभन আমহা অস্বীকাব করতে পারি না, আঘা সম্বন্ধেও তেমন বৈদিক জ্ঞান বা শ্রুতি-প্রমাণ ছাড়া আর কোন উপায়েই জানা সম্ভব নয়। পক্ষান্তরে বলা যায়, মদুবের সীমিত ইন্দ্রিয়লন জড় জ্ঞানেব দ্বারা কখনই আত্মাব তত্ত্ব উপলব্ধি করা যায় না। বেদে বলা হয়েছে আত্মা হচেছ চেতন। আত্মাব খেকেই সমস্ত চেতনের প্রকাশ হয়। এই সত্যকে আমরা অনায়াসে উপলব্ধি কবতে পারি। তাই ধাঁরা বৃদ্ধিমান, তাঁৰা এই বৈদিক সতাকে স্বীকার করেন , দেহের পরিবর্তন হলেও আন্মার কখনও কোন পরিবর্তন হয় না চিত্র-অপবিবর্তনীয় আবা চিত্রকালই বিভূটেভন্য পরমান্দার পরমাণুসদৃশ অংশরুপেই বিদ্যমান থাকে। প্রমান্তা অসীম তলস্ত এবং আত্মা প্রমাণুসদৃশ আত্মার ক্থনও কোন রকম পরিবর্তন হয় না, তাই শে চিরকালই পরমাণুসদৃশই থাকে: তার পক্ষে বিভূচৈতন্য বিশিষ্ট পরযাত্মা বা ভগবান হওয়া কখনই সম্ভব নয়। বেদে নানা রকমভাবে বারবার এই কখার উল্লেখ করা হয়েছে, যাতে আমরা আত্মার অভিহকে উপলব্ধি করতে পারি কোনও তত্ত্বকে নির্ভূলভাবে ৪ সমাক্রতে বৃথতে হলে, সেই ছলা ভার পুনরাবৃত্তি দরকার

শ্লোক ২৬

অথ টেনং নিত্যজাতং নিত্যং বা মন্যসে মৃতম্ । তথাপি দ্বং মহাবাহো নৈনং শোচিতুমহঁসি ॥ ২৬ ॥

ক্ষৰ—আর যদি, চ—ও, এনম্—এই আত্মাকে: নিত্যক্লাতম্—সর্বদা জন্মশীল, নিত্যম্—নিতা, ষা—অথবা, মনাসে—মনে কর, মৃত্যম্—মৃত, তথাপি—তবুও, দ্বম্—তুমি, মহাবাহো—হে মহাবীর, ন—না, এনম্—এই আত্মার জনা, শোচিতুম্—শোক করা; অর্হসি—উচিত নয়।

গীতার গান

বিচার করিবে যবে শোক নাহি রবে ।
আন্মার নিতাত্ব জানি নিতাানন্দ পাবে ॥
যদি তাই মান তৃমি দেইই সর্বস্থ ।
পরিচয় নাহি কিছু আত্মার নিজন ॥
নিত্যজন্ম নিতামৃত্যু দেই মাত্র হয় ।
তবুও ভোমার দৃঃখ নাহি তবু তায় ॥

অনুবাদ

হে মহাবাহে। আর যদি ভূমি মনে কর যে, আন্থার বারবার জন্ম হয় এবং মৃত্যু হয়, তা হলেও ভোমার শোক করার কোন কারণ নেই।

তাৎপর্য

পায় সৈত্তদেব মতো কিছু দার্শনিক আছে, যারা আত্মার দেহাতীত স্বতন্ত্র অন্তিত্বের কথা মানতে চায় না। ভগবান ত্রীকৃষ্ণ যখন *ভগবদ্গীতা বলেন সেই যুগেও* এই ধরনের নান্তিক ছিল, তাদের কলা হত লোকাযতিক ও কৈতাষিক এই সমস্ত লাশনিকদের মতবাদ হচেছ, জড় পদার্থের সমন্বয়ের কোন এক বিশেষ পরিণত

শ্লোক ২৭ী

অবস্থায় প্রাণেব উদ্ভব হয়। আধুনিক জড় বিজ্ঞানী ও জড়বাদী দার্শনিকেরাও এই মতবাদ পোষণ করে। তাদেব মতে, দেহটি হচ্ছে কডকগুলি জড় উপাদানের সমন্বয় মাত্র এবং কোনও এক পর্যায়ে জড় উপাদান ও রাসায়নিক উপাদানের ক্রিয়া প্রতিক্রিয়ার ফলে প্রাণের লক্ষণ বিকশিত হয়। এন্থ্রোপোলজি বা নৃবিজ্ঞান এই মতবাদের ভিত্তিতে প্রচলিত হয়েছে। আধুনিক যুগে, বিশেষ করে আমেরিকাতে এই মতবাদ ও বৌদ্ধধর্মের নিরীশ্বরবাদের ভিত্তির উপর অনেক নকল ধর্ম গজিয়ে উঠছে

বৈভাষিক দার্শনিকদের মতো অর্জন যদি আত্মার অন্তিত্বে অবিশাস করতেন, তা হলেও তাঁর শোক করার কোন কারণ ছিল না কিছু পরিমাণ গ্রাসয়েনিক পদার্থের বিনাশের জনা কেউ শোক করে না এবং ভার কর্তব্যকর্ম থেকে বিরুত হয় না। পঞ্চান্তরে, আধুনিক বিঞ্জান ও বৈজ্ঞানিক যুদ্ধবিগ্রহে শত্রু জয় করার উদ্দেশ্যে কত টন টন ধাসাধনিক উপাদান তো নম্ভই হচেছ। বৈভাষিক দৰ্শন অনুসারে, দেহের সঙ্গে সঙ্গে তথাকথিও আদার বিনাশ হয়। সুতরাং, অর্জুন যদি বৈদিক মতবাদকে অস্থীকার করে আত্মাকে নশত্র ব্যাপ মনে করতেন অর্থাৎ দেহের সঙ্গে সঙ্গে আত্মাও বিনাশপ্রাপ্ত হয় বলে মনে করতেন, তা হলেও তাঁর অনুশোচনা করার কোনই কারণ ছিল না এই মতবাদ অনুযায়ী, যেহেতু ঘটনাচক্রে শুড পদার্থ থেকে প্রতি মুহুর্তে অসংখা জীবের উদ্ধব হচ্ছে এবং প্রতি মুহুর্তেই এই রকম তাসংখ্য জীব বিনাশপ্রাপ্ত হয়ে পুনরায় জড় পদার্থে পরিণত হচেছ, তাই এর জন্য দুঃর্থ করার কোনই কারণ নেই এই মতবাদের ফলে থেহেতু পুনর্জন্মের কোন প্রশ্নই ওঠে না, তাই অর্জুনের পিতামহ, আচার্য আদি আশ্মীয়-পরিজনদের হত্যাজনিত পাপের ফল ভোগ করাবও কোন ভয় নেই। কিন্তু সেই সঙ্গে ওগবান শ্রীকৃষ্ণ বিদ্রাপ সহকারে অর্জুনকে মহাবাহ অর্থাৎ খাঁর বাবছর মহাশক্তি-সম্পন্ন খলে সম্বোধন করেছেন, কারণ, অন্ততপক্ষে তিনি বৈদিক জ্ঞানের বিরোধী বৈভাষিকদের মতবাদ স্বীকার করেননি এবং তার ফলে তাঁকে মনে করিয়ে দিয়েছেন যে, তিনি ক্ষত্রিয়, এই বর্ণ বিভাগ বৈদিক সংস্কৃতির অবিচেদ। অঙ্গ এবং যে এই বৈদিক বর্ণাশ্রম-ধর্ম মেনে চলে, সে বৈদিক নির্দেশ অনুধায়ী আন্মার অন্তিছে বিশ্বাস করে।

শ্লোক ২৭

জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্জবং জন্ম মৃতস্য চ । তন্মাদপরিহার্যেহর্যে ন স্বং শোচিতুমর্হসি ॥ ২৭ ॥ জাতস্যা বার জন্ম হয়েছে, হি—য়েহেতু, ধ্বং—নিশ্চিত, মৃত্যুঃ মৃত্যু, ধ্বম্ নিশ্চিত, খ্বন্ধ—জন্ম, মৃতস্যু—মৃতের, চ—এবং, তম্মাৎ অতএব, অপরিহার্যে— অবশ্যস্তাবী; অর্থে—বিষয়ে, ম—নয়, দ্বম্—তৃমি, শোচিতুম্—শোক করা, অর্হসি— উচিত।

গীতার পান

জড় দেই উপজয় অনিবার্য কয় ।
কয় হয়ে জড় প্রব্য পুনঃ উপজয় ॥
জড় প্রব্য রূপ ছাড়ি অন্য রূপ হয় ।
নৃতন রূপের জন্য অন্য রূপ কয় ॥
এই জড় বিজ্ঞ যদি করয়ে বিচার ।
ভথাপি শোকের কথা নহে তিলধার ॥

অনুবাদ

যার ক্রম্ম হয়েছে তার মৃত্যু অবশাস্তানী এবং যার মৃত্যু হয়েছে তার জন্মও অবশাস্তানী। অভএব অপরিহার্য কর্তব্য সম্পাদন করার সময় ডোমার শোক করা উচিত নয়।

ভাৎপর্য

পূর্বকৃত কর্ম অনুসারে কোন বিশেষ দেহপ্রাপ্ত হয়ে আদ্বা জন্মগ্রহণ করে আর দেই দেহের মাধ্যমে কিছুকাল জড় জগতে অবস্থান করার পর, সেই দেহের বিনাশ হয় এবং তার কর্মের ফল অনুযায়ী সে আবার আর একটি নতুন দেহ ধারণ করে জন্মগ্রহণ করে, এভাবেই আদ্বা জড় বন্ধন থেকে মুক্ত না হওয়া পর্যন্ত জন্ম-মৃত্যার চক্রে আবর্তিত হতে থাকে। সে যাই হোক, এই জন্ম-মৃত্যার চক্র অনর্থক যুদ্ধ, হত্যা ও হিংসাকে কোন প্রকারেই অনুমোদন করে না কিন্তু তবুও মানব-সমাজে নিয়ম শৃদ্ধলা কলায় রাথার জন্য হিংসা, হত্যা ও যুদ্ধ অপবিহার্য হয়ে পড়ে এবং তা বন্ধন সমাজের মঙ্গলের জন্য সাধিত হয়, তন্ধন তা সম্পূর্ণ নায়সঙ্গত

ভগবানের ইচ্ছার ফলে কুরুক্ষেত্রের যুদ্ধ আয়োজিত হয়েছিল বলৈ তা সম্পূর্ণ অবশাস্তাবী ছিল এবং ন্যায়নঙ্গত কারণে যুদ্ধ করাটা ক্ষত্রিয়েব ধর্ম। যেহেতু তিনি সঠিকভাবে কর্তব্যকর্মের অনুষ্ঠান করছিলেন, তাই তাঁব আত্মীয় স্বজনের বিয়োগে কেন তিনি ভীত অথবা শোকান্বিত হবেন? কর্তব্যকর্ম থেকে এন্থ হলে পাপ হয় 5.58

এবং অর্জুন যে স্বজন-হত্যার পাপের ভয়ে ভীত হচ্ছিলেন, প্রকৃতপক্ষে সেই পাপ তাঁর হত যদি তিনি যুদ্ধে বিমুখ হয়ে রণাঙ্গন পরিত্যাগ করতেন। এই বর্মযুদ্ধ থেকে বিরত থাকলেও মৃত্যুর হাত থেকে তিনি তাঁর তথাকথিত আশ্বীয়-স্বজ্ঞনদের রক্ষা করতে পারতেন না প্রকৃতির বিধান অনুসারে একদিন না একদিন তাদের মৃত্যু অবধাবিত, কিন্তু অর্জুন যদি ভাঁর কর্তব্যুক্ম থেকে কিচ্যুত হরে পথস্তম্ভ হয়ে পড়াতেন, তা হলে তাঁর মান, মর্যাদা ধূলিসাৎ হত।

শ্রোক ২৮

অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত । অব্যক্তনিধনান্যের তত্ত্ব কা পরিদেবনা ॥ ২৮ ॥

অব্যক্তাদীনি—পূর্বে অপ্রকাশিত, ভৃতানি—প্রাণীসমূহ, ব্যক্ত—প্রকাশিত, মধ্যানি— মাঝখানে, ভারত—হে ভরতবংশঞ্জ, অব্যক্ত—অশুকাশিত, নিধনানি—বিনাশের পর, এব—এমনই, তত্ত্ব—সূতরাং, কা—কি, পরিদেবদা—শোক।

গীতার গান

জড়ের রূপাদি নাহি পরেও থাকে না 1 মধ্যে মাত্র রূপ গুণ সকলি ভাবনা ॥ অতএব নিরাকার যদি নিরাকার । তাহাতে তোমার দৃঃখ কিসের আবার ॥

অনুবাদ

হে ভারত। সমস্ত সৃষ্ট জীব উৎপন্ন হওয়ার আগে অপ্রকাশিত ছিল, ভাদের স্থিতিকালে প্রকাশিত থাকে এবং বিনাশের পর আবার অপ্রকাশিত হয়ে বার। সুওরাং, সেই জন্য শোক করার কি কারণ?

তাৎপর্য

আধার অস্তিত্বে বিশ্বাসী এবং অবিশ্বাসী উভয় মতবাদকে মেনে নিলেও শোকের কোন কারণ নেই যারা আদ্মার অস্তিত্ব স্বীকাণ্ড করে না, বৈদিক মতাবলখীরা ত্যদের নাস্তিক বলে অভিহিত করে। তবুও এমন কি বদি তর্কের খাতিরে এই ্যান্ত্রিক মতবাদকে সত্য বলে গ্রহণ করা হয়, তা হলেও অনুশোচনা করার কোনই কারণ নেই। কাবণ, ক্রন্ডের মধ্য থেকে প্রাণের উল্লব হয়ে যদি তা জাবার জ্রন্ডের মধোই বিলীন হয়ে যায়, তবে সেই জনিতা বস্তুর জনা শোক করা নিতান্তই নিরর্থক। আস্থার ফল্স অন্তিপ্রের কথা ছেডে দিলেও সৃষ্টির পূর্বে জড় উপাদানগুলি থাকে অব্যক্ত। এই সৃত্যা অব্যক্ত থেকে আকারের প্রকাশ হয়, যেমন আকাশ থেকে বাষর উন্নব হয়, বায় থেকে অগ্নি, অগ্নি থেকে জল এবং জল থেকে মাটির উন্তব হয়। এই মাটি থেকে নানা রূপের উত্তব হয়। উদাহরণস্বরূপ বলা যায়—ইট. সিমেন্ট, চন, বালি, লোহা আদি সবই মাটি। সেই মাটি থেকে ফখন একটি শ্রাসাদ তৈরি হয়, তথন তা রাগ ও আকার প্রান্ত হয়। তারপর এক সময় সেই প্রাসাদ ধ্বংসপ্রাপ্ত হয়ে খাট্টিতে যিশে যায়। যে বস্তু দিয়ে প্রাসাদটি গাড়া হয়েছিল, তার অপু-পর্মাশগুলির কোন পরিবর্তন হয় না , শক্তি সংরক্ষণের নীতি বর্তমানই থাকে. কেবল সময়ের প্রভাবে তার রূপের প্রকাশ হয় এবং অন্তর্ধান হয়—সেটিই হঞে পার্থকা। সুওরাং, এই আবিষ্ঠাব ও অন্তর্ধানের জন্য শোক করার কি কারণ থাকতে পারে : যে-কোনভাবেই হোক না কেন, এমন কি অবাস্থ্য অবস্থাতেও বস্তুর বিনাশ হর না। আদিতে ও অত্তে জড়ের রূপ থাকে না, কেবল মধ্যে তার রূপ ও গুলের প্রকাশ হয়ে আমাদের ইন্দ্রিয়গ্রাহ্য হয়। সূতরাং, এর ফর্লে কোন জড়-ফ্রারতিক পার্থকা সচিত হয় না।

मश्चि।-(यांश

আর স্থামরা যদি ভগবদ্গীতায় উক্ত বৈদিক সিদ্ধান্তকে মেনে নিই, অর্থাৎ এপ্রবন্ধ ইমে দেহাঃ—এই জড় দেহটি কালের প্রভাবে বিনম্ভ হবে, নিজসোজাঃ দারীরিগঃ—কিন্তু আত্মা চিরশাশ্বত, তা হলে আমাদের আর বৃথতে অসুবিধা হয় না য়ে, দেহটি একটি পোশাকের মতো। তাই এই পোশাকটির পরিবর্তনের জন্য কেন আমরা শোক করবং আত্মার নিউড়ার পরিপ্রেক্ষিতে বিচার করে দেখলে সহছেই বৃথতে পারা যায়, জড় দেহের যথাইই কোন অন্তিত্ম নেই—এটি অনেকটা রপ্রের মতো। হপ্রে যেমন কর্ষনও আমরা দেখি, আকাশে উড়িছ অথবা রাজা হয়ে সিহোসনে বসে আছি, কিন্তু বর্ষন মুম ভেঙে যায়, তথন বৃথতে পারি, আমরা আকাশেও উভিনি অথবা রাজা হয়ে সিহোসনেও বসিনি আমাদের জড় অক্তিত্মটিও তেমনই আমাদের মন, বৃদ্ধি ও অহজারের বিকার বৈদিক জ্ঞান আমাদের দেহের অনিভাতার পরিপ্রেক্ষিতে আত্ম তত্মজারে বিকার বৈদিক জ্ঞান আমাদের দেহের অনিভাতার পরিপ্রেক্ষিতে আত্ম তত্মজার উপালন্ধি করতে অনুপ্রাণিত করে স্তরাং, কেউ আত্মার অন্তিত্ম বিশ্বাস করক অথবা আত্মার অন্তিত্ম অবিশ্বাস করক ভাবা আত্মার অন্তিত্ম করার কারণ নেই।

50%

শ্লোক ২৯

আশ্চর্যবৎ পশ্যতি কশ্চিদেনম্ আশ্চর্যবদ্ বদন্তি তথৈব চান্যঃ ৷ আশ্চর্যবচ্চৈনমন্যঃ শৃণোতি প্রক্রাপ্যেনং বেদ ন চৈব কশ্চিৎ ৷৷ ২৯ ৷৷

আশ্চর্যবৎ—বিশায়জনক ভাবে, পশ্যতি—দেখেন, কশ্চিৎ—কেউ; এনম্—এই আত্মাকে, আশ্চর্যবং—আশ্চর্যভাবে, বদতি—বলেন, তথা—দেভাবে, এব—নিশ্চিত; চ—ও, অন্যঃ—অপরে, আশ্চর্যবং—তেমনই আশ্চর্যক্রপে, চ—ও, এনম্—এই আদ্মাকে, অন্যঃ—অনা কেউ, শৃণোতি—শ্রবণ করেন, শ্রুক্মা—তানও, অশি—এমন কি; এনম্—এই আত্মাকে, বেদ—জানতে পারেন, ন—না, চ—এবং, এব—নিশ্চিতভাবে, কশ্চিৎ—কেউ

গীতার গান

আশ্চর্য আত্মার কথা, না বুঝায়ে যথা তথা
আশ্চর্য তাহার দেখাশুনা।
আশ্চর্য কেহবা বলে, আশ্চর্য কেহবা ছলে
আশ্চর্য তাহার অধ্যাপনা ।।
আশ্চর্য ইয়া শুনে, তথাপি বা নাহি মানে
আশ্চর্য যে আশ্চর্যের কথা ।
আশ্চর্য ইয়া রহে, আশ্চর্য বুঝিতে নহে
আশ্চর্য অভি দুর্লভতা ॥

অনুবাদ

কেউ এই আত্মাকে আশ্চর্যবৎ দর্শন করেন, কেউ আশ্চর্যভাবে বর্ণনা করেন এবং কেউ আশ্চর্য জ্ঞানে প্রবণ করেন, আর কেউ শুনেও ভাকে বুখতে পারেন না।

তাৎপর্য

উপনিষদের তত্ত্বজ্ঞানের ভিত্তির উপর গীভোপনিষদ অধিষ্ঠিত, তাই এই শ্লোকের ভাষ কঠ উপনিষদের (১/২/৭) শ্লোকটিভেও দেখা ষায়— खन्मग्राभि वर्ष्यकर्ता न नजाः मुश्रत्सार्थभ वरता यः न विमाः । चान्कर्त्या वका कुमलारमा जनान्कर्त्या खाजा कुमलानृभिष्ठः ॥

সত্য ঘটনা হচ্ছে যে, পারমাণবিক আত্মা বিশালকায় পশুর দেহে, বিশাল বটবক্ষে, আবার অতি ক্ষম্র জীবাণ যারা লক্ষ কোটি সংখ্যায় মাত্র এক ইঞ্চি পরিমাণ জায়গাতেও থাকতে পারে, তাদের দেহেও অবস্থান করে, এটি অতি আশ্চর্যের কথা। বে সমস্ত মানুধ সীমিত জ্ঞানসম্পন্ন এবং যাদের চিপ্তাধারা সংযম ও তপক্ষর্যার প্রভাবে পরিত্র হয়নি, তারা কখনই পার্মাণবিক জীবাত্মার বিস্ময়কর স্ফলিস রহসা উপলব্ধি করতে পাবে না। এমন কি বৈদিক জ্ঞানের মহান প্রবক্তা ভগবান শ্রীকঞ্চ, যিনি ব্রক্ষাণ্ডের প্রথম সৃষ্ট জীব ব্রন্ধাকে পর্যন্ত ভগবং-তত্তুজ্ঞান দান করেছিলেন, তিনি নিজে এসে সেই জ্বান দান করার পরেও তার মর্ম তারা উপলব্ধি করতে পারে না। খুল ভড় পদার্থের দ্বারা অতি মাত্রায় প্রভাবিও হয়ে পভার ফলে বর্ডমান যুগের অধিকাংশ মানুষ কল্পনা করুডে পারে না, পরমাণুর চাইতেও এনেক ছোট যে আত্মা, তা কি করে ডিমি মাছের মতো বৃহৎ জন্তুর দেহে, আবার জীবাণুর মতো ২০ ক্ষুদ্র প্রাণীর দেহে উপস্থিত থেকে ভাতে প্রাণ সঞ্চার করতে পারে। তাই, মানুষ আত্মার কথা শুনে অথবা আখ্যার কথা অনুমান করে অভান্ত আশ্বর্য হয়। মায়াশক্তির প্রভাবে মোহাঞ্চর হয়ে পড়ার ফলে, মানুষ তাদের ইন্দ্রিয়ের তপ্তিসাধন করতে এতই বাস্ত যে, আত্মতত্ত্ব সম্বন্ধে কোন রকম চিন্তা করার সময় পর্যন্ত তাদের নেই এমন কি যদিও এই কথাটি সভা যে, এই আন্ধ-উপশব্ধি ছাড়া জীবন-সংগ্রামে তাদের সমস্ত প্রচেষ্টাই শোচনীয় পরান্ধরে পর্যবসিত হবে। অনেকেই হয়ত আত্মন্তান শাভ করার প্রয়োজনীয়তা উপস্তরি করতে পারে না, ফলে জড়-জার্গতিক ক্লেশের পীড়নে ডারা অহরহ নির্যাতিত হয় এবং তার থেকে মুক্ত হবার কোন উপার খুঁজে পায় না

অনেক সমর নিছু মানুব আদা তাইজান লাভ করার প্রয়াসী হয়, কিন্তু দুর্ভাগ্যবশত সাধুসঙ্গ বলে মনে করে একদল মূর্যের সঙ্গ লাভ করে ভাবতে শেখে যে জীবাদ্ধা ও পরমান্ধার মধ্যে কোনই পার্থক্য নেই —মায়ামুক্ত হলেই জীবাদ্ধা পরমান্ধাতে পরিণত হয়। এমন মানুব খুবই বিরল যিনি জীবাদ্ধা, পরমান্ধা, তাঁদেব নিজ কার্যকলাপ ও পরস্পারের মধ্যে সম্পর্ক এবং অন্যান্য পুজানুপুদ্ধ তত্ত্ব বুবাতে গারেন। আরও বিরল হচ্ছে সেই মানুবকে খুঁজে পাওয়া যিনি এই তত্ত্বকে সম্পূর্ণভাবে উপলব্ধি করেছেন এবং যিনি বিভিন্ন কাপের মধ্যে আত্মার অবস্থানের বর্ণনা নিতে সক্ষম। যদি কেউ আত্মাব এই জ্ঞানকে যথাযথভাবে উপলব্ধি করতে পারে, তা হলেই তার জ্বা সার্থক হয়।

মানবঞ্জম লাভ করার একমাত্র উদ্দেশ্য হচ্ছে, এই তত্তক: পলব্ধি করে মায়ামুক্ত হয়ে চিং জগতে কিরে যাওয়া, এই তত্তকান লাভ করা: ববচেয়ে সহজ উপায় হচ্ছে অনানা, মতংগদের দ্বারা বিপথগামী না হয়ে মহও প্রবজন ভগবান শ্রীকৃষ্ণের মুখ নিঃসৃত ভগবদ্গীতার বাণীর যথায়থ মর্ম উপলব্ধি করা এবং তার শিক্ষা অনুযায়ী জীবনযাপন করা। বহু জন্মের পুগোর ফলে এবং বহু তপসার বলে, ভগবান শ্রীকৃষ্ণকে মানুষ সর্ব কারণের কারণ প্রমেশ্বর রূপে উপলব্ধি করতে পারে এবং তার চরণে আব্দিবিদন করতে সমর্থ হয়। অনেক সৌভাগোর ফলে মানুষ সন্তর্জব সন্ধান পায়, যাঁর অহৈতুকী কৃপার ফলে সে ডগবং-তব্জ্ঞান বাভ করতে পারে।

প্ৰোক ৩০

দেহী নিতামবধ্যোহয়ং দেহে সর্বস্য ভারত । তশাং সর্বাণি ভূতানি ন ত্বং শোচিতুমর্হসি ॥ ৩০ ॥

দেই —জড় দেহের মাজিক, নিজাম্—নিতা, অবধ্যঃ—অবধ্য; অয়ম্—এই আস্তা, দেহে—দেহে, সর্বস্য—সকলের, ভারত—হে ভরতবংশীয়; তন্মাৎ—অতএব, সর্বাদি—সমস্ত, ভৃতানি—জীবসমূহ (যাদের জন্ম হয়েছে), ন—না, ভূম্—তৃমি, শোচিতুম্—শোক করা, অর্হনি—উচিত .

গীতার গান

সিদ্ধান্ত আত্মার কথা শুন হে ভারত। বেদান্ত আমার কথা শুন সেই মত ॥ দেহী নিত্য মরে নাহি সকল দেহের। দেহের বিনাশ তাই নহে ত শোকের ॥

অনুবাদ

হে ভারত। প্রাণীদের দেহে অবস্থিত আত্মা সর্বদাই অবখ্য। অতথ্রৰ কোন জীবের জন্য তোমার শোক করা উচিত নয়।

তাৎপর্য

আত্মার অবিনশ্বরতার কথা প্রতিপন্ন করে ভগবান আবার উপসংহারে অর্জুনকে মনে কবিয়ে দিয়েছন যে, দেহের বিনাশ হলেও আত্মার বিনাশ হয় না। দেহ অনিতা, কিন্তু আন্ধা নিতা, তাই দেহের বিনাপ হলে তা নিয়ে শোক করবার কোন কারণ থাকতে পারে না। অন্তএব পিতামহ ভীন্ম ও আচার্য শ্রোণ নিহত হরেন বলে ভয়ে ও শোকে যুদ্ধ করতে বিমুখ হয়ে স্বধর্ম পরিত্যাগ করা ক্ষত্রিয় বীর অর্জুনের উচিত না। ভগবান শ্রীকৃষ্ণের নির্ভরযোগ্য প্রামাণিক উপদেশামৃতের উপর আস্থারেও, প্রত্যেকের বিশাস করতে হবে যে, জড় দেহ থেকে ভিন্ন আত্মার অন্তিত্ব রয়েছে, এই নায় যে, আত্মা বলে কোন বস্তু নেই, অথবা রাসায়নিক পদার্থের পারত্বারিক ক্রিয়ার ফলে জাগতিক পরিপক্ষতার কোন এক বিশেষ অবস্থায় চেতনার লক্ষণওলির বিকাশ ঘটে। অবিনশ্বর আত্মার মৃত্যু হয় না বলে নিজের ইন্থোমতো হিংসার আচরণ করাকে কথনই প্রশ্রেয় দেওরা যায় না, কিন্তু যুদ্ধের সময় হিংসার থাক্রয় নেওয়াতে কোন অন্যায় নেই, কারণ সেখানে তার যথার্থ প্রয়োজনীয়তা আছে। এই প্রয়োজনীয়তা অবশাই আমাদের খেয়ালথুলি অনুখায়ী বিবেচিত হয় না—তা হয় ভগবানের বিধান অনুসারে।

প্লোক ৩১

স্বধর্মাপি চাবেক্ষ্য ন বিকম্পিতৃমর্হসি । ধর্ম্যাদ্ধি যুদ্ধাক্ষ্রেয়োহন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যুতে ॥ ৩১ ॥

স্বধর্মন্—স্বধর্মের প্রতি, অপি চ—আরও, অবেক্ষ্য—বিবেচনা করে, ন—না, বিকম্পিতৃম্—থিয়া করতে, অর্থনি—উচিত, ধর্ম্যাৎ—ধর্মের জন্য: ছি—যেহেতু, বৃদ্ধাৎ—বৃদ্ধ অপেক্ষা, শ্রেমঃ—শ্রেয়ন্ত্রর কর্ম: অন্যৎ—অন্য কিছু, ক্ষত্রিয়স্য—শ্বত্রিয়ের; স্ব বিদ্যুক্ত—নেই।

গীতার গান নিজ ধর্ম দেখি পুনঃ না হও বিকল । ক্ষত্রিয়ের যুদ্ধ করা ধর্ম যে সকল ॥

অনুবাদ

ক্ষরিয়রতে তোমার স্বধর্ম বিবেচনা করে ডোমার জানা উচিত যে, ধর্ম রক্ষার্থে যুদ্ধ করার থেকে ক্ষরিয়ের পক্ষে মঙ্গলকর আর কিছুই নেই। তাই, ভোমার দ্বিধাপ্রস্ত হওয়া উচিত নয়।

গ্রোক ৩১ী

ভাৎপর্য

চতুর্বর্ণের দ্বিতীয় বর্ণকে বলা হয় ক্ষব্রির। এদের কাজ হচ্ছে রাজ্যশাসন ও প্রজাপালন করা। ক্ষং কথাটির অর্থ হচ্ছে আঘাত। আঘাত বা বিপদ থেকে (ক্রায়তে—রাণ করে) যে রাণ করে, সে হচ্ছে ক্ষব্রিয়। ক্ষরিয়ের অস্ত্রচালনা শিক্ষালাভ করে তাতে পারদর্শিত। লাভ করত। তাদের এই শিক্ষার একটি অস হচ্ছে, বনে থিয়ে হিংল্র পশু শিকার করা। এভাবে অস্ত্রশিক্ষা সমাপ্ত হলে ক্ষব্রিয় সন্তান বনে থিয়ে হিংল্র বাঘকে যুদ্ধে আহ্বান করত এবং তথু তলোয়ার হাতে সেই বাঘের সঙ্গে মুদ্ধ করে তাকে নিধন করও। তারপর সেই বাঘকে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদার সঙ্গে সংকার করা হত এই প্রথা আজও জরপুরের ক্ষব্রিয় রাজপরিবারে প্রচলিত আছে ক্ষব্রিয়েরা শক্রকে যুদ্ধে আহ্বান করে তার প্রথা সংহার করতে দ্বিয়া করে না রাজ্যশাসন ও প্রজাপাননের জন্য এই প্রথার প্রয়োজন অপরিহার্য। তাই, ক্ষব্রিয়েরা সরাসরিভাবে সধ্যাস্থ গ্রহণ করতে পারে না। রাজনীতির ক্ষেত্রে অহিংসার পথ অবলম্বন করা কূটনীতি হতে পারে, কিন্তু ওা কখনই নীতিগত পছা নয়। নীতিশান্তে আছে—

आइरतम् मिरधाश्रत्मानाशः किचाश्मरताः मशीकिन्छः यूक्तमानाः भन्नशः भक्ताः चर्णरः वाश्चभन्नासूचाः । यरक्षम् भग्नरवा जन्नम् श्मराखः मण्डशः विरोक्तः भश्युकाः किम महैक्षणः रण्टशि वर्गमयाधूकन् ॥

"কোন রাজা অথবা ক্ষত্রিয় যখন যুদ্ধক্ষেত্রে ইর্যান্থিত শত্রন সঙ্গে সংগ্রামে রত হন, মৃত্যুর পর তিনি স্বর্গলোকে গমন করেন, তেমনই রাক্ষণ যজে পশুবলি দিলে স্বর্গ লাভ করেন ' তাই, যুদ্ধক্ষেত্রে শত্রুকে হত্যা করা এবং বজে পশু বলি দেওয়াকে হিংসাত্মক কার্য বলে গণা করা হয় না, কারণ এই ধর্ম অনুষ্ঠানের ফলে সকলেই লাভবান হয়। যজে উৎস্থাকিত পশু জৈব বিবর্তনের মাধ্যমে ধীরে ধীরে উন্নত থেকে উন্নতত্ব জীব দেহ ধাবন না করে, সরাসরিভাবে মনুষ্ঠানীর প্রাপ্ত হয় এবং সেই যজেব ফলে দেবতারা তুট হয়ে মর্ভ্যবাসীদের ধনৈশ্বর্থ দান করেন। স্ত্রাধ, ধর্মাচরণ করলে গ্রভাবে সকলেই লাভবান হয়।

স্বধর্ম দুই রকমের জড় বন্ধনমুক্ত না হওয়া পর্যস্ত জ্বীবকে শাস্ত্রের বিধান অনুযায়ী তার দেহের ধর্ম পালন কবতে হয় এবং তার ফলে সে জড় বন্ধন থেকে মুক্ত হয়। মুক্ত অবস্থায় জীব তাব অপ্রাকৃত স্বম্ধাপে অধিষ্ঠিত থাকে। তবন আর তার দেহাত্মবৃদ্ধি থাকে না, তাই তখন ভাকে জড়-জাগতিক অববা দেহগত আচাব অনুষ্ঠান করতে হয় না শাস্ত্রের বিধান অনুযায়ী, বদ্ধ অবস্থার দেহাত্মবৃদ্ধির

সূতবাং এখানে যথাপই বলা হয়েছে যে, জন্ধনা কন্ধনার মাধ্যমে সৃষ্ট ইন্দ্রিরসৃখ ভোগেব সব বকমের ইচ্ছা পরিত্যাগ করতে হবে। কৃত্রিসভাবে এই ইচ্ছাকে কন্ধনই সংববণ কবা যায় না। কিন্তু মানুর যখন কৃষ্ণভাবনায় নিজেকে নিয়েজিত করে, তথন কোন বকম বাহ্যিক প্রচেষ্টা ছাড়া আপনা থেকেই এই সমস্ত ইন্দ্রিয়সৃথ ভোগের বাসনা প্রশমিত হয়। তাই মানুর মাত্রেরই কর্তব্য হচ্ছে বিধাইনিভাবে ভজিযোগের পথ অবলম্বন করা, কেন না এই পথ অবলম্বন করার ফলে সে অচিরেই অপ্রাকৃত চেতনায় অধিষ্ঠিত হতে পারে। বিনি মহান্মা তিনি ভালেন, তিনি হচ্ছেন ডগবান জীকৃষ্ণের নিত্যকালের দাস এবং এই সত্য উপলব্ধির ফলে তিনি হিছেনে ডগবান জীকৃষ্ণের নিত্যকালের দাস এবং এই সত্য উপলব্ধির ফলে তিনি নিত্যানন্দ অনুডব করেন জড় ছগৎকে ভোগ করার তুঞ্চ কোন বাসনাই তথন আর তাঁর থাকে না তিনি তাঁর প্রকৃত স্বরূপে পর্যুমশ্বের নিত্য সেবায় মধ্য থেকে সদাই সুখে থাকেন

ৰোক ৫৬

দূঃখেষ্নুদ্ধিগ্নমনাঃ সুখেষু বিগতস্থঃ । বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীমুনিক্চ্যতে ॥ ৫৬ ॥

দূরখেবু—ত্রিতাপ দৃঃখে, অনুধিশ্বমনাঃ—উরেগশ্ন্য চিত্ত, সুখেবু—সৃখে, বিগতম্পৃহঃ
—স্পৃহাশ্ন্য, বীত—মৃক্ত, রাগ—আসক্তি, ভয়—ভয়, ক্লেখঃ—ক্রেখ, স্থিতধীঃ
—স্থিতপ্রজা, মুনিঃ—মননদীল ব্যক্তি, উচ্যক্তে—কলা হয়।

গীতার গান

দুঃখে অনুদ্বিগ্নমনা সুখে নাহি স্পৃহা । নিজ্ঞ সেবাকার্ফে যাঁর একমাত্র ঈহা ॥ বীতরাগ শোক ভয় ক্রোখ নাহি যাঁর । সে জন স্থিতধী মুনি বিদিত সবার ॥

অনুবাদ

ব্রিতাপ দুংখ উপস্থিত হলেও যাঁর মন উদ্বিগ্ন হয় না, সৃষ্ণ উপস্থিত হলেও যাঁর স্পৃহা হয় না এবং যিনি রাগ, তয় ও ক্লোম থেকে মুক্ত, তিনিই স্থিতধী অর্থাৎ স্থিতপ্রজ্ঞ।

ভাৎপর্য

जुने' औरक बना दश, धिन रक्षत छित जिल्लास छेनरील सा दस्य माना दक्क खनमान কবৰৰ জনা মনতে নামাভাবে আলোডিত কবতে পারেন। তাই বলা হয় যে, নালা মুনির নালা মত।' কোন মনির মত যদি জন। মনির থেকে স্বতন্ত্র না হয়, তবে তাঁকে ফথার্থ মুনি বলা যায় না , নাসাবৃষ্টির্যসা মতং ন ভিন্নম (মহাভারত, বনপর্ব ৩১৩/১১৭) কিন্তু ভগবান এখানে বলেন্ডেন, স্থিতধীর্মনি সাধারণ মনিদের থকে ভিয়। স্থিতধীর্মুন সর্বদাই কম্মজাবনায় মগ্ন, কেন না তিনি জল্পনা-কল্পনামূলক সমস্ত কার্যকলাপের প্রসিমাধ্যি করেছেন। তাকে বলা হয় প্রশান্ত-নিঃলেম-*২নোরখানের (জোররত,* ৮০), অথবা ঘিনি জন্ননা-কল্পনার স্তব্ধ অভিনেত্র করে উপগ্রমি করতে পেবেছেন যে, বসুদেব-তনয় ভগবান বাসুদেব বা শ্রীকৃষ্ণাই হচ্ছেন সব্যক্তি (বাস্তানের: সর্বামিতি স মহাত্মা সদর্শতঃ) তাঁকে বলা হয় মুনি, যাঁর মন একনিষ্ঠ। এই ধরনের ক্ষেত্রাকনাময় ভগবঞ্জভাবে মাড জগতের জিতাপ রেমনের ক্রান আক্রমণই আর বিচলিত করতে পারে না কারণ, ডিনি সব রক্ষমের ৮:খ-দর্শশকে ভগবানের আশীর্বাদ বলে মনে করেন তিনি মনে করেন, তার পূর্বকত অসং কর্মের ফলস্থরূপ আরও দঃখ-দর্মণা তাঁর একমাত্র প্রাণ্য, কিন্তু ভগবানের অহৈতৃকী কলোর ফলে তাঁর সেই সমস্ত দুঃখ-দুর্দশার ভার অনেক লাঘব হয়ে গেছে। তেমনই, যখন ঠার স্থান্ডতি ধ্যা, তখন তিনি নিজেকে সেই সুখের থয়োগ্য বলেই মনে করেন, তিনি ভারেন, ভগবানের কুপাড়েই তিনি ঐ রকম পুপপ্রদ অবস্থায় রয়েছেন এবং ভগবানের সেবায় তাই আরও বেশি করে আখুনিয়োগ কবতে পাবছেন। ভগবানের সেবা করবার জনা তিনি সব সময়ই সংসাহসী ও তংপর এবং কোন রকম আসন্তি বা বিবৃত্তি ভাঁকে সেই সেবা থেকে বিরুত করতে পারে না . নিজের ইক্সিয়তন্তি করার আকাশ্চাকে বলা হয় আসন্তি এবং এই ধরনের ইন্দ্রিয়-ভৃত্তির আকাৎকা না থাককে বলা হয় বির্ত্তি কিন্তু যিনি ক্ষজভাবনায় অবিচলিত, তাঁর কোন কিছুর প্রতি আসন্তিও নেই বিরক্তিও নেই, েকন না ভগবানের সেবায় তিনি নিজেকে সম্পূর্ণভাবে উৎসর্গ করেছেন। তাই ঠার কোন প্রচেষ্টা বার্থ হলে তিনি ক্রোধান্তিত হন না সফল হন বা বার্থই হন, তিনি তাঁর সংকল্পে সর্বদাই একনিষ্ঠ।

শ্লোক ৫৭

ষঃ সর্বত্রানভিন্নেহস্তত্তৎ প্রাপ্য ওভাওভম্ । নাভিনন্দভি ন ছেষ্টি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৭ ॥

যঃ—যিনি, সর্ব্য—সর্বত্র, **অনভিন্নেহ**ঃ—আসন্তি বর্জিত, তৎ তৎ—সেই সেই; প্রাপ্য—লাভ করে, শুভ ভাল, অশুভঙ্গ, খারাপ, ন—না, অভিনন্ধতি—প্রশংসা করেন, ন—না, ছেম্ভি শ্বেষ করেন, তস্যা—গোর, প্রজ্ঞা পূর্ণ জ্ঞান, প্রতিষ্ঠিতা প্রতিষ্ঠিত

গীতার গান

দেহস্তি নাহি যাঁর শুভাশুভ কিবা তাঁর । সর্বত্র অনভিমেহ লোক ব্যবহার ॥ অভিনদ্দ দেব নাই সর্ব হিতে রঙ । ভাঁহার জানিও প্রজ্ঞা স্থির প্রতিষ্ঠিত ॥

অনুবাদ

জড় জগতে যিনি সমস্ত জড় বিষয়ে আসক্তি রহিত, যিনি প্রিয় বস্ত লাভে আনন্দিত হন না এবং অপ্রিয় বিষয় উপস্থিত হলে ছেন করেন না, তিনি পূর্ণ জ্ঞানে প্রতিষ্ঠিত হয়েছেন

তাৎপর্য

জড় স্বাগতে সব সময়ই নানা রকম উথান-পতন ঘটে চলেছে, সেগুলি কথনও গুড় বা অগুড় হতে পারে। যিনি এই ধরনের উথান-পতনে বিচলিত হন না, যিনি ভাল-মন্দে প্রভাবিত হন না, তাঁকেই কৃষ্ণভাবনার অবিচলিত বলে বিবেচনা করতে থবে মানুহ জড় জগতে থাকলে সব সময়েই ওভ-অবভ সম্ভাবনা থাকে, কারণ জড় জগটোই এই হুন্দুভাবেব হারা প্রভাবিত। কিন্তু কৃষ্ণভাবনায় একনিও ভক্ত কথনই এই গুড়-অবভঙ দন্দের হারা প্রভাবিত। কিন্তু কৃষ্ণভাবনায় একনিও ভালবাম প্রীকৃষ্ণের সেবায় মধ্য ভাগবান প্রীকৃষ্ণের প্রতি এই অনুরাগের ফলে তিনি ধর্বদাই ভাগবান প্রীকৃষ্ণের প্রভাব থেকে মৃক্ত হয়ে বিশুদ্ধ অপ্রাকৃত অবস্থার অধিষ্ঠিত হন, বাকে পরিভাবায় বলা হয় 'সমাধি'

শ্ৰোক ৫৮

যদা সংহরতে চায়ং কুর্মোহঙ্গানীর সূর্বশঃ ৷ ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ফর্না—যখন, সংহরতে—প্রত্যাহার করেন, চ—এবং, অয়ম্—তিনি, কুর্যঃ—কছেপ, অঙ্গানি—অঙ্গসমূহ, ইব—যেখন, সর্বশঃ—সর্বভোভাবে, ইন্দ্রিয়ানি ইন্দ্রিয়সমূহ, ইন্দ্রিয়ার্কেড্যঃ—ইন্দ্রিয়প্রাহ্য বিষয় থেকে, তস্য—তার, প্রজ্ঞা –চেতনা, প্রতিষ্ঠিতা—প্রতিষ্ঠিত।

গীতার গান

গোদাস ইন্দ্রিয়সুখে বিচলিত সদা ।
গোসামী হয়েছে ধীর আত্মাতে সর্বদা ॥
তাই সে ইন্দ্রিয় সব কুর্ম অন্ত মত ।
ইন্দ্রিয় ভোগার্থ সদা বিষয়ে বিরত ॥
অতএব জানি তাঁর প্রজা প্রতিষ্ঠিত ।
সে জন উপাধিমুক্ত গোস্বামী বিদিত ॥

অনুবাদ 🔒

কর্ম যেমন তার জনসমূহ তার কঠিন বহিরাবরণের মধ্যে সম্পৃতিত করে, তেমনই যে ব্যক্তি তাঁর ইন্দ্রিয়ণ্ডলিকে ইন্দ্রিয়ের বিষয় থেকে প্রত্যাহার করে নিতে পারেন, তার চেতনা চিন্মর জ্ঞানে প্রতিষ্ঠিত।

তাৎপর্য

মার তর্ত্তানী, যোগী অথবা ভগবন্তক্তের সঞ্চল হচেছ, তিনি তাঁর ইচ্ছা অনুসারে শান ইন্দ্রিয়ের দানত্ব শান ইন্দ্রিয়ের দানত্ব শানে অর্থাৎ তাদের ইন্দ্রিয়ের দানত্ব শানে অর্থাৎ তাদের ইন্দ্রিয়ের দানত্ব শানে অর্থাৎ তাদের ইন্দ্রিয়ের নির্দেশ অনুযায়ী পরিচালিত হয়। প্রকৃত যোগীকে শতাবে চিনতে পারা যায়। ইন্দ্রিয়গুলিকে বিষধ্য সর্পের সঙ্গে তুলনা করা হয় দাশারণ অবস্থার ইন্দ্রিয়গুলি ফেতাচারী, উচ্ছুন্থল, কিন্তু সাপুড়ে যেমন সাপকে পান মানায়, যোগী বা ভগবন্তক ঠিক তেমনভাবে তাঁদের ইন্দ্রিয়গুলিকে নিজের শানা অনুযারে পরিচালিত করেন। তিনি তাদের কখনই স্বাধীনভাবে কোন কাজ শাতে দেন না। শান্তে কর্তবা-অকর্তবা, বিধি নিষেধ সম্বন্ধে নানা রক্তম নির্দেশ শেওয়া আছে। এই সমস্ত বিধি-নিষেধের নির্দেশগুলি আচরণ করার মাধ্যমে ইন্দিয়গুলিকে সংযক্ত না করতে পারলে, ঐকান্তিক নিষ্ঠার সঙ্গে ভগবস্তুক্তি সাধন কনা যায় না। এই সমস্তে এবানে বুব সুন্দরভাবে কুর্মের উনাহরণ দেওয়া আছে কুম যে কোন সময় তার হাত, পা, মাথা আদি অঙ্গগুলি তার খোলসের মধ্যে শেনিয় নিতে পারে, আবার প্রয়োজন হলে তাদের বাব করে আনতে পারে। ঠিক

ाउन काडा

266

তেমনই, কৃষ্ণভাবনাময় ভগবন্তক ভগবানের বিশেষ প্রয়োজনেই তার ইন্দ্রিরগুলিকে প্রয়োগ করেন, আর জন্য সময় তাদের গুটিয়ে রাখেন। এভাবেই ইন্দ্রির দম্বন করার মাধ্যমে একাগ্রচিন্তে ভগবানের সেবা করা ষায়। শর্জুনকে এখানে সেভাবেই নির্দেশ দেওয়া হচ্ছে, যাতে তিনি নিজের ভৃণ্ডি-সাধনের জনা তার ইন্দ্রিরগুলিকে কাজে না লাগিয়ে ভগবানের সেবায় তা নিয়োগ করেন। ভগবানের সেবায় কিভাবে সর্বদা ইন্দ্রিয়াদি নিয়োজিত রাখতে হয়, ক্রের দৃষ্টান্ত দিয়ে তা বোঝানো হয়েছে। ক্রের্য় মতো ইন্দ্রিয়গুলিকে নিয়ন্তাণ করা দরকার।

প্ৰৌক ৫১

বিষয়া বিনিবর্তন্তে নিরাহারস্য দেহিনঃ ৷ রসবর্জাং রসোহপ্যস্য পরং দৃষ্ট্য নিবর্ততে ॥ ৫৯ ॥

বিষয়াঃ—ইন্সিয়স্থ ভোগের বিষয়সমূহ, বিনিবর্ডক্তে—নিবৃত্ত হয়, নিরাহারস্য—
কৃত্রিমভাবে বিষয় থেকে ইন্সিয়গুলিকে নিবৃত্ত করে; দেহিনঃ— দেহীর; রসকর্জম্—
বিষয়রস বর্জন করে, রসঃ—ইন্সিয়সুখ ভোগ; অপি—যদিও; অস্য—তাঁর; গরম্—
উৎকৃষ্ট বস্তু; দৃষ্ট্যা—দর্শন করে; নিবর্ডক্তে—নিবৃত্ত হন।

গীতার গান

বৈরাগ্য করিয়া হয় বিষয়-নিবৃত্তি । তাহা নহে স্থিতপ্রজ্ঞা স্বাভাবিক বৃত্তি ॥ পরমানক্ষ জানি যেবা জড়ানক ছাড়ে । স্থিতপ্রজ্ঞা সেই বীর বিষয়ে বিহারে ॥

অনুবাদ

দেহবিশিস্ট জীব ইন্দ্রিয়সুখ ডোগ খেকে নিকৃত হতে পারে, কিন্ত তবুও ইন্দ্রিয়সুখ ভোগের আসন্তি খেকে যায়। কিন্তু উচ্চতর স্বাদ আস্থাদন করার ফলে তিনি সেই বিষয়তৃষ্ণা থেকে চিরতরে নিকৃত হন।

তাৎপর্য

অপ্রাকৃত স্তরে অধিষ্ঠিত না হলে মানুষ ইন্দ্রিয়সুখ ভোগ পরিত্যাগ করতে পারে না বিধি-নিষেধের দ্বারা ইন্দ্রিয়সুখ ভোগ থেকে নিবৃত্ত হওয়ার পদ্ম অনেকটা ্রাগীব বিশেষ ধরনের বাদ্যের প্রতি নিষেধাজ্ঞার মড়ো রোগী সাধারণত এই সমন্ত বিধি-নিষেধ মানতে চায় না এবং তার প্রোগের জন্য এই সমন্ত খাদ্যদ্রব্য থেতে সাময়িকভাবে বিরত থাকলেও তার খাওয়ার লালসা কোনও অংশে কমেনাঃ তেমনই, যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রতাহার, ধারণা, ধান আদি সমষিত মায়েদরে মতো কিছু পারমার্থিক পদ্ধতির দ্বারা যে ইন্দ্রিয় সংযম, তা উন্নত প্রনহীন, জন্ম বৃদ্ধিসম্পন্ন ব্যক্তিদের জন্য অনুযোদিত হয়েছে কিন্তু যিনি কুমন্তারনায় প্রণতি স্থাধনের মাধ্যমে ভগবান প্রীকৃষের কন্দর্প-কোটি কমনীয় রূপকে উপলব্ধি করতে পেরেছেন, তাঁর আর নিজ্ঞাণ জড় বস্তার প্রতি কোনে রকম কটি গাকে না। তাই, অধ্যাদ্ধ-মার্গের প্রথমিক স্থারই কেবল বিধি-নিষেধের মাধ্যমে ইন্দ্রিয়ওলিকে দমন করতে হয়, কিন্তু কৃষ্ণভাবনায় যতক্ষণ কটি না হয়, ততক্ষণ এই বিধি-নিষেধ মঙ্গলজনক হয়। যখন কেন্তু প্রকৃতপক্ষে কৃষ্ণভাবনায় অধিষ্ঠিত ধন, ওখন তিনি আপনা থেকেই ইতর বন্তুর প্রতি তাঁর কটি হারিয়ে ফেলেন।

শ্ৰোক ৬০

ষততো হাপি কৌন্তেয় পুরুষস্য বিপশ্চিতঃ । ইন্দ্রিয়াণি প্রমাধীনি হরন্তি প্রসভং মনঃ ॥ ৬০ ॥

যতভঃ—ষত্মশীল, হি—বেহেতৃ; অপি—সংখও, কৌন্তেম—হে কুতীপুত্র; পুরুষস্য—মানুষের, বিপশ্চিতঃ—বিচার-বৃদ্ধিসম্পন্ন; ইন্তিয়াণি—ইন্তিয়সমূহ; প্রমাধীনি—চিত্ত বিক্লেপকারী, হরতি—হরণ করে, প্রসভ্যন্—বলপূর্বক, মনঃ— ফাকে।

গীতার গান

আছার সম্পর্ক নাই বৈরাগ্যের যতন । পণ্ডিত হলেও তার প্রসতিত মন ॥ প্রমাধী ইন্দ্রির ভাকে বিষয়েতে ফেলে । তাম বৈরাগীর লাগে আওন কপালে ॥

অনুবাদ

হে কৌন্দ্রের! ইন্দ্রিয়সমূহ এতই বলবান এবং ক্ষোভকারী যে, তারা অতি ষত্মশীল বিবেকসম্পন্ন পুরুষের মনকেও বলপূর্বক বিষয়াভিমূবে আকর্ষণ করে। Stro

শ্ৰোক ৬১]

ভাৎপর্য

অনেক ঝিন, মুনি ও অধ্যাদ্যবাদী আছেন, যাঁরা ইন্দ্রিয়ণ্ডলিকে দমন করতে চেন্টা করেন, কিন্তু ঐকান্তিক চেন্টা সত্তেও অনেক সময় তাঁদের সংযমের বাঁধ ভেঙে যায় এবং তাঁরা ইন্দ্রিয়ের দাস হয়ে পড়েন। মহর্ষি বিশ্বামিরের মতো যোগী, বিনি তাঁর মন ও ইন্দ্রিয়কে সংযত করবার জন্য গভীর নিষ্ঠার সঙ্গে কঠোর ভপস্যায় রত ছিলেন, তিনিও স্বর্গের অব্ধরা মেনকার রূপে মুগ্ধ হয়ে কামান্ত হয়ে অধংপতিত হন পৃথিবীর ইন্ডিহাসে এই রকম অনেক ঘটনার উল্লেখ পাওয়া যায় এর থেকে বোঝা যায়, কৃষ্ণভক্তি ছাড়া মন ও ইন্দ্রিয়কে সংযত করা অত্যন্ত কঠিন। মনকে শ্রীকৃষ্ণে নিয়োজিত না করে, কেউই এই প্রকার জাগতিক কার্যকলাপ থেকে বিরত হতে পারে না একটি কার্যকর দৃষ্টান্তের মাধ্যমে মহাসাধক ও ভগবন্তক্ত শ্রীযামুনাচার্য বলেছেন—

यनवंधि सम (इ.ज.इ.कृष्यभगातविदम्म नक्नवत्तमधामनुष्माणः त्रस्तमात्रीरः । छमवंधि वण नात्रीमकदम स्वर्थभारम छवणि मृथविकातः मृष्ट्रं निष्टीकारः ह ॥

"আমার মন এখন ভগবান শ্রীকৃষ্ণের চরণারবিন্দের সেবায় নিয়োজিত হয়েছে এবং আমি প্রতিনিয়তই নব নব অপ্রাকৃত বঙ্গের আস্থানন করছি। এখন কোন স্থীলোকের সঙ্গে যৌন সম্পর্কের কথা মনে হলেই আমার মন কিতৃষণ্য ভবে ওঠে এবং আমি সেই চিন্তার উদ্দেশ্যে খুখু ফেলি।"

কৃষ্ণভক্তি এমনই এক অপ্রাকৃত আনন্দে পরিপূর্ণ যে, এর বাদ একবার পেলে আড় সূখভোগের প্রতি আর কোন আকর্ষণ থাকে না। নানা রকম সৃষাদু থাবার থারে ক্ষুধার নিবৃত্তি হলে যেমন আর আজেবাজে জিনিস থাবার ইছা থাকে না, তেমনই কৃষ্ণভক্তির স্বাদে পরিতৃত্ত মন আর কিছুই চার না। কৃষ্ণভক্তি আস্বাদন করার পর মন আপনা থেকেই শান্ত হয়ে ধার এবং কোন অবস্থাতেই তা আর বিচলিত হয় না তাই আমরা দেখতে পাই, মহাবাজ অম্বরীয়কে বিনাশ করতে উদ্যুত হলে, মহা ডেজম্বী মুনি দুর্বাসার প্রাণ বিপন্ন হয়ে পড়ে এবং অবশ্বেষে তিনি মহারাজ অম্বরীয়ের কাছে ক্ষমা ভিক্ষা করে প্রাণ বক্ষা করেন। কারণ, মহারাজ অম্বরীয়ের মন কৃষ্ণভাবনায় মন্ন ছিল (স বৈ মনঃ কৃষ্ণপদারবিদ্যযোবিচাংসি বৈকুগভাবনবর্ণনে)।

শ্ৰোক ৬১

তানি সর্বাণি সংক্ষা যুক্ত আসীত সংপরঃ । বশে হি কসোক্রিয়াণি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬১ ॥

তানি সেই ইন্দ্রিয়সমূহ, সর্বাণি—সমস্ত, সংয়য়্য—সংয়ত করে, যুক্তঃ—যুক্ত হয়ে, আসীত—অবস্থিত হয়ে, মংপরঃ—আমার সঙ্গে সম্পর্ক যুক্ত, বশে—সম্পূর্ণরূপে গলীভূত, ছি—অবশাই, ষস্য—খাঁর, ইন্দ্রিয়াণি—ইন্দ্রিয়সমূহ, তস্য—তাঁর, প্রজ্ঞা—জান, প্রতিষ্ঠিতা—প্রতিষ্ঠিত।

গীতার গান

কৃষ্ণসেবা মুক্ত হয় ইন্দ্রিয় সংযত। ইন্দ্রিয় সে কশ হয় প্রক্তা প্রতিষ্ঠিত য়

অনুবাদ

যিনি তার ইন্দ্রিয়ওলিকে সম্পূর্ণরূপে সংযক্ত করে আমার প্রতি উত্তমা ডক্তিপরায়ণ ধরে তার ইন্দ্রিয়ওলিকে সম্পূর্ণরূপে বশীভূত করেছেন, তিনিই ছিতপ্রভাগ

তাৎপর্য

ভিত্রোগই বে শ্রেষ্ঠ যোগ তা এখানে স্পষ্টভাবে ব্যাখ্যা করা হয়েছে। কৃষ্ণভত্তি তাঙা ইন্দ্রিয়কে সংখত করা যায় না। ইতিপ্রেই উল্লেখ করা হয়েছে, মহা-ভেজস্বী পূর্বাসা মূলি জকারবে মহারাজ অস্বরীবের প্রতি কৃত্ধ হয়ে তার ইন্দ্রিয়-সংযম হায়িয়ে ফলেছিলেন। পক্ষান্তরে, মহারাজ অস্বরীয় দুর্বাসার মতো শক্তিশালী তপস্বী জিলেন বা, কিন্তু তিনি ছিলেন কৃষ্ণভক্ত। অন্তরে ভগবানের খ্যানে মন্ম থেকে বিনি দুর্বাসার সমস্ত অত্যাচার ও অপমান নীরবে সহা করেছিলেন এবং তার ফলে বান জয় হয়েছিল। শ্রীমন্তাগবতে (১/৪/১৮ ২০) বর্ণিত নিম্নোক্ত গুণাবলীর আদকারী হবার ফলেই মহায়াজ অস্বরীয় তার ইন্দ্রিয়গুলিকে দমন করতে সক্ষম হয়েছিলেন—

স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো বঁচাংসি বৈকুষ্ঠগুণানুবর্ণনে। করৌ হরেমন্দিরমার্জনাদিযু শুভিং চকারাচ্যুতসংকথোদয়ে॥

্ৰোক ধতা

১৮২

मूक्नलिकालग्रमर्गतः मृत्यो वष्ठ्ठागात्यः वर्णादः कममम् १ द्वानः ६ जरुवाममाताकामाताः ज्यानितः ॥ श्रीमकृतमा तमनाः ज्यानितः ॥ श्रामो रातः क्ष्यानम् मर्गतः विता स्वीरकम् वर्णानिकम्बनः । कामः ६ वात्मा न जु कामकामामा मात्याकामाकानाः ग्रानिः ॥

"মহারাজ অম্বরীষ তাঁর মনকে ত্রীক্ষের চরশারবিশের ধ্যানে, তাঁর বাণী দিরে বৈকুঠের গুণ বর্ণনার, তাঁর হাত দিয়ে তিনি ভগবানের মন্দির মার্জনে, তাঁর কান দিরে ভগবানের দীলা প্রবণে, তাঁর চোখ দিয়ে ভগবানের সক্রিদানক্ষমর রূপ দর্শনে, তাঁর দেহ দিয়ে ভগবানের শীলের ভগবানের ত্রীচরণে অর্পিত কুলের স্থাণ প্রহণে, তাঁর জিহুা দিয়ে ভগবানেক অর্পিত তুলসীর স্বাল আধাদনে, তাঁর পদস্বর দ্বারা যেখানে ভগবানের মন্দির বিরাজমান সেই সব ত্রীর্থস্থানে ত্রমণে, তাঁর মন্তক্ষিয়ে ভগবানেক প্রণতি নিবেদনে এবং তাঁর কামনা দিয়ে ভগবানের কামনা সম্পাদনে নিয়েজিত করেছিলেন। এই সমন্ত গুণাবলী তাঁকে ভগবানের মংগর ভক্ত করে তোলে।"

এখানে মহপর শব্দটি বুব তাৎপর্যপূর্ণ। কিন্তাবে মংপর হওয়া যায়, তা মহারাজ আদ্বরীদ্বের আচরণের মাধ্যমে আমরা উপলব্ধি করতে পারি। মংপর পরস্পারার আচার্য মহাপণ্ডিত শ্রীল বলদেব বিদ্যাভ্রণ মন্তব্য করেছেন, মন্তাজিপ্রভাবেন সর্বেজিয়বিজয়পূর্বিরা স্বাপ্রদৃষ্টিঃ সুলভোতি ভাবঃ। "ভগবান শ্রীকৃষ্ণের সেবা করার মাধ্যমেই কেবল ইন্দ্রিয়ণ্ডালিকে সম্পূর্ণভাবে সংযত করা যায়।" তা ছাড়া, কবনও কথনও আগুনের দৃষ্টান্ত দেওয়া হয়—"একটি আতানের শিশ্বা যেমন একটি ঘরের মধ্যে সব কিছু পৃড়িয়ে যেলতে পারে, তেমনই যোগীর হলরে অবস্থিত ভগবান শ্রীবিষ্ণু তাঁর অন্তর থাকে সব রকমের কল্বতা দহন করেন।" যোগস্ক্রেও খানের প্রণালী বর্ণনা করে নির্দেশ দেওয়া হয়েছে যে, ভগবান শ্রীবিষ্ণুকে খ্যান করতে। শূন্যকে খ্যান করার কোন কথাই বলা হয়নি। যে সমন্ত তথাকবিত যোগী শ্রীবিষ্ণু ছাড়া অন্য কিছুর খ্যান করে, তারা কোন অলীক ছায়ামূর্তির দর্শন করার আশায় অনর্থক সময় নই করে থাকে। কিছু য়ায়া পরমার্থ সাধনের প্রয়সী, তারা কেবল ভগবন্তক্তিই আকাক্ষা করেন—সর্বতোভাবে ভগবানের সেবার নিজেদের নিম্নোজিত করেন। এটিই হছেছ ষোগের প্রকৃত উদ্দেশ।।

প্লোক ৬২-৬৩

ধ্যায়তো বিষয়ান্ পৃংসঃ সঙ্গন্তেষ্পজায়তে । সঙ্গাৎ সঞ্জায়তে কামঃ কামাৎ ক্রোধোহভিজায়তে ॥ ৬২ ॥ ক্রোধাদ্ ভবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিল্লমঃ । স্মৃতিলংশাদ্ বৃদ্ধিনাশো বৃদ্ধিনাশাৎ প্রণশ্যতি ॥ ৬৩ ॥

ধ্যারভঃ—ধ্যান করতে করতে, বিষয়ান্—ইন্দ্রিয়ের বিষয়সমূহ, পুসেং—মানুষের; সঙ্গঃ—আসন্তি: তেয়ু—ইন্দ্রির-বিবয়ে, উপজায়তে—উৎপন্ন হয়, সঙ্গাৎ—আসন্তি থেকে; সঞ্জানতে—সঞ্জত হয়, কামঃ—কাম, কামাৎ—কাম থেকে; ক্রোধঃ—কোধ: অভিজায়তে—জন্মান, ক্রোধাৎ—কোধ থেকে; ভবতি—হয়; সন্মোহঃ—পূর্ণ মোহ, সন্মোহাৎ—সন্মোহ থেকে, মৃতি—ম্মৃতির, বিলমঃ—বিভাজি, ম্মৃতিরংশাৎ—স্মৃতিরংশ হওয়ার কলে, বৃদ্ধিনাশঃ—সং-অসং বিচারবৃদ্ধির বিনাশ; বৃদ্ধিনাশাৎ—বৃদ্ধিনাশ হওয়ার কলে, বৃদ্ধিনাশাং—সং-অসং বিচারবৃদ্ধির বিনাশ;

গীতার গান

শুক্ক বৈরাপ্য খে আর বিষয়েতে খ্যান ।
ক্রমে ক্রমে সঙ্গ সেই হয় আগুমান ॥
সঙ্গ ক্রমে কাম হয় কামে ক্রোধ হয় ।
ক্রোধে সম্মোহন পরে বিজম বাড়ায় ॥
মৃতি ক্রম্ভ হলে পরে বুদ্ধিনাশ হয় ।
বৈরাগীর সর্বনাশ সেই সে পর্যায় ॥

অনুবাদ

ইন্দ্রিয়ের বিষয়সমূহ সম্বন্ধে চিন্তা করতে করতে মানুষের তাতে আসন্তি জন্মায়, আসন্তি থেকে কাম উৎপন্ন হয় এবং কামনা থেকে ক্রোধ উৎপন্ন হয়। প্রোধ থেকে সন্মোহ, সন্মোহ থেকে মৃতিবিজ্ঞম, মৃতিবিজ্ঞম থেকে বৃদ্ধিনাশ এবং বৃদ্ধিনাশ হওয়ার ফলে সর্বনাশ হয়। অর্থাৎ, মানুষ পুনরায় জড় জগতের অন্ধকূপে অবংগতিত হয়।

ভাৎপর্য

যার অন্তরে ভগবড়ক্তির উদয় হয়নি, ইন্দ্রিয়গ্রাহ্য বিষয় সম্বন্ধে চিন্তা করা মাত্রই ভার মনে আসন্তি ক্ল্যায়। ইন্দ্রিয়ণ্ডলিকে সঠিকভাবে নিযুক্ত করা দরকার, তাই

প্ৰোক ৬৪1

সেগুলিকে যখন ভগবানের প্রেয়ময় সেবায় নিয়েন্ডিত করা না হয়, তখন সেই ইন্দ্রিয়ণ্ডলি জড় জাগতিক বিষয়ের সঙ্গে যক্ত হবার জন্য তৎপর হয়ে ওঠে। জড়-জগতের সকলেই ইন্দ্রিয়গ্রাহা বিষয়ের দারা প্রভাবিত হয়, এমন কি রক্ষা এবং শিবও এব দ্বাবা প্রভাবিত - স্বর্গালোকের অন্যান্য দেব দেবীদের ভো জ্যেন কথাট নেই জড় জগতের এই গোলক-ধাধা থেকে বেরিয়ে আসবার একমাত্র উপায় হচ্ছে কফডাবনায় ভাবিত হওয়া এক সময় মহাদেব গভীর ধ্যানে মণ্গ ছিলেন. পার্বতী যখন কামার্ত হয়ে তাঁব সঙ্গ কামনা করেন, তখন তাঁর ধ্যান ভঙ্গ হয় এবং তিনি পার্বতীর সঙ্গে মিলিত হন, কলে কার্ডিকের জন্ম হয়। ভগবানের একনিষ্ঠ ভক্ত ঠাকর হরিদাসও এভাবে স্বয়ং যায়াদেবীর হার। প্রলব্ধ হন, কিন্তু ভগবানের প্রতি ঐকান্তিক ভজির প্রভাবে তিনি অনারাসে এই পরীক্ষায় উত্তীর্ণ হন শ্রীয়ামনাচার্যের লেখা পর্বোক্ত প্লোকের মাধ্যমে আমরা জানতে শেরেছি যে, নিষ্ঠারান ছক্ত ভগবানের দিব্য সাহচার্য লাভ করে এক অপ্রাকৃত আনন্দের স্থাদ লাভ করেন, যার ফলে তিনি মাত ইপ্রিয়ন্ত্রখ ভোগ পরিহার করতে পারেন। ভগবন্তুকির প্রভাবে মন আপনা থেকেই আগতি বহিত হয়ে পড়ে এবং হদনে। বৈরাগোর উদয় হয়। সেটিই হচ্ছে সাফল্যের রহস্য পক্ষান্তরে, ভগবন্তুক্তি ছাড়া জোর করে ইন্দ্রিয়-দমন করার চেষ্টা করলে তা কখনই ফলপ্রসূ হয় না, কারণ ইন্দ্রিয় সম্ভোগের সামান্য চিন্তার ফলে সংযমের বাঁধ ভেঙে গিয়ে ইন্দ্রিয়-ভণ্ডির বাসনায় মন উন্মত इत्स खर्छ।

গ্রীল রূপ গোস্বামী আমাদেরকে এই নির্দেশ দিয়েছেন—

शाभिकरण्या वृक्ता रतिमश्वकिरक्षमः । भूमृकुष्टिः भविजारमा देवताभार **गव्** कथारण ॥

(ভক্তিবসামৃতসিদ্ধু ১/২/২৫৬)

ভগবন্ধক্তির বিকাশ হলে ভক্ত ব্যুয়তে পারেন, সব কিছু দিয়েই ভগবানের সেবা করা যায় থাবা ভগবং-তত্ব জানে না, তারা কৃত্রিম উপায়ে জড় বিষয়বস্তু পরিহার করার চেষ্টা করে এবং ফলম্বরূপ, যদিও তারা মাড় বন্ধন থেকে মুক্তির কামনা করে, কিছু এই রকম শত চেষ্টা করেও তানের হাদয়ে বৈরাগ্যের উদর হয় না। তাদের তথাকথিত বৈরাগ্যকে বলা হয় কয়ু জর্থাৎ অসার। পক্ষান্তরে, ভগবন্ধক জানেন কিভাবে সব কিছু ভগবানের সেবায় ব্যবহার করতে হয়; তাই তিনি আর জড় চেতনার দ্বারা আছের হয়ে পড়েন নাঃ দৃষ্টান্তস্ক্রপ্য, নির্বিশেষবাদীদের মতে, ভগবান অথবা পরমতন্ত হচ্ছেন নিরাকার, তাই তিনি থেতে পারেম না, ভোগও করতে পারেন না। সেই জন্য নির্বিশেষবাদীরা জ্ঞার করে ইন্দ্রিয়-দমন করবার অভিপ্রায়ে ভাল খাবার আদি দব বকমের ভোগ পরিত্যাগ করার চেষ্টা করে কিন্তু ভগবস্তুক্ত জানেন যে, প্রীকৃষ্ণ হচ্ছেন পরম ভোক্তা এবং ভক্তিভারে যা কিছু নেবেদা তাকে নিবেদন করা হয়, তা তিনি ভোজন করেম। তাই, ভক্ত উৎকৃষ্ট খাদ্যের ভগবানের ভোগের জনা নিবেদন করে, সেই নিবেদিত প্রসাদ গ্রহণ করেম। ভক্তকে তাই জোর করে ইন্দ্রিয়-দমন করতে হয় না এভারেই ভগবানকে নিবেদন করার ফলে সব কিছু পরিত্র হয়ে ওঠে এবং সেই ভগবং-প্রসাদ গ্রহণ করার ফলে সধংলতনের আর কোন সন্তাবনা থাকে না। পকান্তরে, নির্বিশেষবাদীরা জড় বন্ধন থেকে মুক্ত হবার প্রয়াদে দব কিছুই পার্থিব বলে পরিত্যাগ করতে সচেষ্ট হয়, কিন্তু এই ধরনের কৃত্তিম বৈরাগ্যের ফলে তারা জীবনকে উপভোগ করতে পারে না। সামান্য উত্তেজনাতেই ভাই তাদের সংযমের বাঁধ ভেত্তে যায় এবং তারা গ্রহ জগতের আরর্তে পতিও হয়। সেই জনাই এই সমন্ত মুক্তকামীরা জড় বন্ধন গেকে মুক্ত হবার পারেও, ভগবঞ্জিক অবলন্ধন না থাকার কলে, আর্যার জড় বন্ধন

শ্রোক ৬৪

রাগবেষবিমূকৈন্ত বিষয়ানিন্তিয়েশ্চরন্ ৷ আত্মবশ্যৈবিধেয়াত্ম' প্রসাদমধিগক্ষতি ॥ ৬৪ ॥

রাগ—আসন্তি, **ছেব**—বিষেষ, বিমৃক্তিঃ—যিনি মৃক্ত হয়েছেন; ডু—কিন্তু, বিষয়ান্—ইঞ্জিয়ের বিষয়, ইন্তিয়েঃ—ইন্ডিয়ের হারা; চরন্—আচরণ করে, আন্তবশোঃ—স্থীয় বশীভূত, বিষয়ান্মা—সংযতিত মানুষ, প্রসাদম্—ভগবানের দুলা অধিগত্তি—লাভ করেন

গীতার গান

অতএব রাগ ছেষ নাহি যাঁর অতি । মুক্ত ষেবা ইইয়াছে বিষয়ের গতি ॥ চিক্ত প্রসাদে সে হয় কৃষ্যার্পিত মন । বিষয়ে থাকিয়া তিনি জীবনুক্ত হন ॥ Shre

অনুবাদ

সংযত্তিক্ত মানুষ প্রিয় বস্তুতে স্থাভাবিক আসন্তি এবং অপ্রিয় বস্তুতে স্থাভাবিক বিছেষ থেকে মুক্ত হয়ে, তার বশীভূত ইন্সিয়ের দ্বারা ভগবস্তুক্তির অনুশীলন করে ডগবানের কৃপা লাভ করেন।

তাৎপর্য

ইভিপূর্বে ব্যাখ্যা করা হয়েছে যে, অস্তাঙ্গ-যোগ, হঠযোগ আদি কৃত্রিম উপায়ে সাম্যয়িকভাবে ইন্সিয়াগুলিকে সংযত করা সম্ভব হলেও, ভগবানের সেবায় ভালের নিযক্ত না করলে, প্রতি মুহর্তে মায়ার করা মোহাচ্ছন হয়ে পড়ার সম্ভাবনা থাকে। অনেক সময় ভগবানের ভড়েকে আপাতদন্ধিতে ইপ্রিয়াস্ক বলে মনে হলেও, জ্ঞাবানের পজি নির্মান জড়ি লাভ করার কলে ইন্দ্রিয়-পরায়ণ কর্যবহলাপের প্রতি তাঁব কোন আস্তি থাকে ন্য ভগবানের প্রতি ভালবাসা এতই গভীর বে. আর কোন কিছুর প্রতি তাঁর কোন রক্তম মোহ থাকে না। ভগবানের প্রেমামুতের আস্থাদন অর্জন করার ফলে বিষয়-বিবের প্রতি তাঁর আর আসক্তি গাকে না। ভগবানের ভক্তের একমাত্র চিন্তা হঞে, কিভাবে তিনি ভগবানের দেখা করবেন. বিভাবে ভগবানকে তুষ্ট করবেন, এ ছাড়া আর কোন বিবয়েই তিনি চিন্তা করেন মা তাই তিনি সমস্ত রকমের আসক্তি ও নিরাসন্তির অতীত। খ্রীকৃষ্ণের ইচ্ছা অনসারে কেবল তিনি তার সমস্ত কর্তব্যকর্ম করেন। ইত্যিক যদি চান, তবে তিনি এমন কাজও করেন, যার জন্য সারা জগৎ তাঁকে নিন্দা করতে পারে। আবার শ্রীক্ষম না চাইলে তিনি তাঁর অবশ্য করণীয় কর্মও পরিত্যাগ করেন। কর্ডব্যকর্ম সাধন সাধারণত নির্ভর করে আমাদের ইচ্ছার উপরে, কিন্তু কৃষ্ণভঞ্জ কেবল ভগবানের নির্দেশ অনুসারে তাঁর কর্তব্যকর্ম করে চলেন। ভগবানের অহৈতৃকী বাপার ফলে ভক্ত এই ধরনের শুদ্ধ চেতনা লাভ করেন, যার ফলে কেনে রকম জড় কল্যময় পরিবেশে তিনি সংশ্লিষ্ট থাকলেও কোন কল্যতা আর তাঁকে স্পর্শ করতে পারে না

শ্লোক ৬৫

প্রসাদে সর্বদৃঃখানাং হানিরস্যোপজায়তে । প্রসন্নচেতসো হ্যাণ্ড বৃদ্ধিঃ পর্যবতিষ্ঠতে ॥ ৬৫ ॥ প্রসাদে—ভগবানের অহৈতৃকী কৃপা লাভ করার ফলে; সর্ব—সমস্ত, দৃংখানাম্—
জড় দৃংখের; হানিঃ বিনাশ, অদ্য তার, উপজায়তে—হয়, প্রসন্ধচেতসং—
প্রসন্ধতিত ব্যক্তির, হি—অবশ্যই, আশু—অতি শীঘ্র, বৃদ্ধিঃ—বৃদ্ধি, পরি—
সর্বতোভাবে, অবভিষ্ঠতে—হির হয়।

গীতার গান

পরমানন্দ সৃধ যেই প্রসাদ তার নাম।

যাহার প্রাপ্তিতে দুঃখ হয় অন্তর্ধান ।

সে প্রসাদে প্রতিষ্ঠিত যে হয় নিশ্চিত ।

আজুনিষ্ঠা বৃদ্ধি তার জগতে বিদিত ।

অনুবাদ

চিশ্বর চেতনার আধিষ্টিত হওরার ফলে তখন আর জড় জগতের ত্রিতাপ দুঃখ থাকে না; এভাবে প্রসম্মতা লাভ করার ফলে বৃদ্ধি শীঘ্রই স্থির হয়।

শ্ৰোক ৬৬

নান্তি বৃদ্ধিরযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা । ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য সৃতঃ সৃথম্ ॥ ৬৬ ॥

ন অক্সি—থাকতে পারে না, বৃদ্ধিঃ—চিশায় বৃদ্ধি, অযুস্তস্য—যে কৃষ্ণভাবনায় যুক্ত নর, ম—না, চ—এবং, অযুক্তস্য—কৃষণভক্তিবিহীন ব্যক্তির, ভাবনা—সুখের চিন্তায় মহচিত্ত, ন—না; চ—এবং, অভাবয়তঃ—পরমার্থ চিন্তাশূন্য ব্যক্তির, শান্তিঃ—শান্তি, ক্ষশান্তস্য—শান্তিরহিত ব্যক্তির, কৃতঃ—কোথায়, সৃত্য—সৃথ

গীভার গান

জীবের শ্বরূপ হয় আনন্দেতে মতি । বৃদ্ধিযোগ বিনা ভার কোখায় বা গতি ॥ অতএব সে ভাবনা নাহি যার স্থিতি। কোধা শান্তি ভার বল সুখের প্রগতি ॥

অনুবাদ

যে ব্যক্তি কৃষ্ণভাবনায় যুক্ত নয়, তার চিন্ত সংযত নয় এবং তার পারমার্থিক বৃদ্ধি থাকতে পারে না। আর পরমার্থ চিন্তাপুন্য ব্যক্তির শান্তি লাভের কোন সম্ভাবনা নেই! এই রকম শান্তিহীন ব্যক্তির প্রকৃত সুখ কোখার?

তাৎপর্য

ভগবানের সেবায় নিজেকে নিয়োজিত না করলে কোন মতেই শান্তি পাওয়া থেতে পারে না ভগবান নিজেই পঞ্চম অধ্যায়ে (৫/২৯) প্রতিপন্ন করেছেন যে, বখন কেউ ফ্রন্মক্রম করতে পারে, কৃষ্ণই হচ্ছে সমস্ত যন্ত্র ও তপসার একমার ভোক্তা, তিনিই সমস্ত বিশ্ব চরাচরের অধীশ্বর এবং তিনিই সমস্ত জীবের প্রকৃত ওভাকাশ্বনী বন্ধু, তবেই সে প্রকৃত শান্তি লাভ করতে পারে। তাই, যে কৃষ্ণভাবনায় যুক্ত নয়, তার জীবনের কোন চরম উদ্দেশ্যই খাকে না। জীবনের চরম উদ্দেশ্য কি, তা না জানাই তার সমগ্র অশান্তির কারশ। কিন্তু কেউ যখন বুঝতে পারে, শ্রীকৃষ্ণই যেছেন পরম ভোক্তা, অধীশ্বর ও সর্বভূতের পরম সূহদ্, তখন তার মন শ্রীকৃষ্ণের সেবায় একাগ্র হরে ওঠে এবং তার ফলে সে প্রকৃত শান্তি লাভ করে। তাই, শ্রীকৃষ্ণের সঙ্গে সম্বন্ধ রহিত হয়ে যে তার সময় অতিবাহিত করে, সে যতই লোক দেখানো তথাকথিত শান্তি ও পারমার্থিক প্রণতির বুলি আওড়াক না কেন, সে সর্বদাই দৃংখ-দূর্দশায় পীড়িত ও কশান্ত। কৃষ্ণভাকনামৃত হচ্ছে একটি স্বয়ং-প্রকাশিত শান্তিপূর্ণ পরিবেশ, যা শ্রীকৃষ্ণের সঙ্গে একমাত্র সম্বন্ধ গড়ে তোলার মাধ্যমেই লাভ করা যায়।

গ্রোক ৬৭

ইন্দ্রিয়াণাং হি চরতাং ফশ্মনোহনুবিধীয়তে । তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্নাবমিবাস্তসি ॥ ৬৭ ॥

ইন্দ্রিয়াণাম্ ইন্দ্রিয়সমূহের, হি—নিশ্চিতভাবে; চরতাম্—বিচরণকালে; ঘৎ—যার দারা মনঃ—মন, অনুবিধীয়তে—সদা অনুসরণ করে, তৎ—তা, অস্য ভার, হরতি হরণ করে, প্রজ্ঞাম্—বৃদ্ধিকে, বায়ুঃ –বায়ু, নাবম্—নৌকা; ইব—মতো; অস্তুসি জালে

গীতার গান

ইন্দ্রিয় চালিত করি মনোধর্মে স্থিতি ৷
বাযুর মধ্যেতে যথা নৌকার প্রগতি ৷
সে নৌকা যেমন সদা টলমল করে ৷
অযুক্ত ব্যক্তির প্রজ্ঞা সেইরূপ হরে ॥

অনুবাদ

প্রতিষ্ক বায়ু নৌকাকে যেমন অস্থির করে, তেমনই সদা বিচরণকারী যে কোন একটি মাত্র ইন্দ্রিয়ের আকর্ষণেও মন অসংযক্ত ব্যক্তির প্রজাকে হরণ করতে পারে।

তাৎপর্য

ভগৰন্তক বদি তাঁর সব কমটি ইপ্রিয়কে ভগবানের সেবায় নিয়োজিত না করেন, বদি তাঁর কোন একটি ইপ্রিয়ও জড় সুখ উপভোগ করার প্রয়াসী হয়, তা হপেও তাঁর মন ভগবানের শ্রীচরণকমল থেকে বিরিয়ে হয়ে পড়বে, ফলে তাঁর পারমার্থিক উমতি বাধাপ্রাপ্ত হবে। মহারাজ অম্বরীকের ভগবত্তভির মাধামে আমবা শিক্ষা পাই, তাঁর মতো আমাদেরও সব কমটি ইপ্রিয়কে ভগবানের সেবায় নিয়োজিত করতে হবে। তা হলেই মন একাপ্র হয়ে ভগবানের শ্রীচরণে সমাধিত্ব হবে, কেন না সেটিই হচ্ছে মনকে নিয়ন্ত্রণ করার মধার্থ কৌশল।

শ্ৰোক ৬৮

তন্মাদ্ ষদ্য মহাবাহো নিগৃহীভানি সর্বশঃ। ইক্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তদ্য প্রজ্ঞা প্রতিষ্ঠিত। ॥ ৬৮ ॥

ভশাৎ—অতএব, মদা শাঁর, মহাবাহ্যে—হে মহাবীর, নিগৃহীভানি—নিবৃত হওয়ার ফলে; সর্বশঃ —সর্ব প্রকারে; ইক্রিয়াদি—ইক্রিয়সমূহ, ইক্রিয়ার্থেড্যঃ—ইক্রিয়েব বিষয় থেকে, ভদ্য—তাঁর; প্রজা—প্রজা, প্রভিচিতা—স্থিব।

গীতার গান

অভএব মহাবাহো শুন মন দিয়া । নিগৃহীত মন ধাঁর আমারে সঁপিয়া ॥

শ্ৰোক ৭০]

তাঁহার ইন্তিয় বশ মোরে সমর্গিত। তাঁহারই প্রভা হয় পূর্ব প্রতিষ্ঠিত।

অনুবাদ

সূতরাং, হে মহাবাহোঃ খাঁর ইন্দ্রিয়ণ্ডলি ইন্দ্রিয়ের বিষয় খেকে সর্বপ্রকারে নিবৃত্ত হয়েছে, তিনিই স্থিতপ্রজ্ঞা,

তাৎপর্য

কেবলমাত্র কৃষ্ণভাবনা অথবা ডগবানের অপ্রাকৃত প্রেমমন্ত্রী সেবার সমস্ত ইল্লিয়ওলিকে নিয়োজিও করার যাধায়ে ইল্লিয়-তর্গণের বেগওলিকে দমন করা বায়। বেগন উচ্চতর শক্তি প্রয়োগ করে শক্তদের দমন করা যায়, ইল্লিয়ওলিকে তেমনই উপায়ে দমন করতে হয়—কোনও মানবিক প্রচেষ্টায় তা হয় না। সেওলিকে ভগবানের সেবায় নিয়োজিত রাখার মাধামেই তা সভব। এই সত্য যিনি উপলব্ধি খরতে শেরেছেন যে, কৃষ্ণভাবনাই মানুষকে পরিগ্রন্ধ বৃদ্ধি ও প্রভা এনে দের এবং কোন সন্তর্গর পথনির্দেশ মতোই সেই পদ্ধতির অনুশীক্ষন করতে হয়, তাঁকেই বলা হয় সাধক, অর্থাৎ তিনি ক্ষড় বন্ধন থেকে মুক্ত হবার যোগা পাত্র।

য়োক ৬৯

যা নিশা সর্বভূতানাং তস্যাং জাগর্তি সংযমী। যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ ॥ ৬৯ ॥

যা—যা, মিশা—রাত্রি, সর্ব—সগস্ত, স্কৃতানাম্—জীবদের, তস্যাম্—ভাতে, জাগতি জাগ্রত থাকেন, সংঘমী—আবাসংঘমী, মস্যাম্ থাতে, জাগ্রতি জাগ্রত থাকেন, ভূতানি—সমস্ত জীব, সা—তা, নিশা—বাত্রি, পশাতঃ—তব্বদশী, মুনে—মননশীল ব্যক্তির পক্ষে।

গীতার গান বিষয়ী বিষয়ে নিষ্ঠা করে সে প্রচুর । সর্বদা জাগ্রত সেই সদা ভরপুর ॥ সংযমীর সেই চেষ্টা নিশার সমান । সংযমী জাগ্রত থাকে আত্মবিষয়ান ॥ বিষয়ীর সেই আত্মা রাত্রির সমান । উভয়ের কার্য হয় বহু ব্যবধান ॥

অনুবাদ

সমস্ত জীবের পক্ষে যা রাত্রিশ্বরূপ, ছিতপ্রজ্ঞ সেই রাত্রিতে জাগরিত থেকে আত্ম-বৃদ্দিনিষ্ঠ আনন্দকে সাক্ষাৎ অনুভব করেম আর বর্ধন সমস্ত জীবেরা জেগে থাকে, তথস তত্ত্বসর্গী মুনির নিকট ভা রাত্রিশ্বরূপ।

তাংপর্য

এই ক্ষণতে দুই রকমের বৃদ্ধিমান লোক আছে এক ধরনের বৃদ্ধিমান লোক ইন্দ্রিয় ভোগভৃত্তির উদ্দেশ্যে বৈষয়িক ব্যাপারে খুব উন্নতি লাভ করে, আর জন্য ধরনের বৃদ্ধিয়ানেরা আন্ধানুসন্ধানী এবং আন্ধানুতত্বজ্ঞান লাভের চেষ্টায় সদা জাগ্রন্ত আন্ধানুসন্ধানী সাধু বা চিন্দ্রশীল মানুষের কাজকর্ম জড়-জাগতিক ভাবে আছের মানুষদের কাছে যেন রাত্রির জন্ধকারে বলে মনে হয়। আন্ধা-উপলব্ধি সম্পর্কে অক্সতার কানুই কড়-জাগতিক মানুষেরা তেমন রাত্রির জন্ধকারে খুমিয়ে থাকে, কিন্তু তত্মপানী মূলি জড়-জাগতিক মানুষদের রাত্রিতে শুক্ষাগ থাকেন সেই সময় সাধুক্তন আধ্যান্দিক চর্চায় ক্রমণ অগ্রগতির পথে অপ্লাকৃত আনন্দ উপলব্ধি কারেন, আর তখন সংসারী লোক রাত্রিতে খুমিয়ে থেকে নানা রকম ইন্দ্রিয় উপভোগের শ্বে দেখে এবং সেই স্বথে সে ক্ষনও নিজেকে সুখী মনে করে, ক্ষনও খুমের খোরে দুহখীও মনে করে। এই সমন্ত জড়-জাগতিক সুখ-দুহখের প্রতি আধ্যানুসন্ধানী ব্যক্তি সর্বদাই উদাসীন থাকেন। তিনি জড়-জাগতিক প্রতিক্রিয়ায় সম্পূর্ণ নিম্পৃহ থেকে জান্ধ-উপলব্ধির কাজে সচেষ্ট থাকেন।

শ্লোক ৭০

আপূর্যমাশমচলপ্রতিষ্ঠং
সমুদ্রমাপঃ প্রবিশস্তি যদং ৷
তদ্ধ কামা যং প্রবিশস্তি সর্বে
স শাস্তিমাথ্যোতি ন কামকামী ॥ ৭০ ॥

シカウ

আপূর্যমাণম্—সর্বদা পূর্ণ, অচলপ্রতিষ্ঠম্—স্থির, সমুদ্রম্ সমুদ্রম্ সমুদ্রে, আপঃ জলরাশি, প্রবিশক্তি প্রবেশ করে, বছৎ—বেমন, তছৎ—তেমন, কামাঃ—কামনাসমূহ, মমু— যার মধ্যে, প্রবিশক্তি প্রবেশ করে, সর্বে—সমস্ত, সঃ—সেই বাজি, শান্তিম্ শান্তি, আপ্রোতি—লাভ করেন, না না, কামকংমী—বিষয়কামী ব্যক্তি।

গীতার গান

সমুদ্রে মদীর জল যেমন প্রবেশ । বিচলিত নহে সেই সদা নির্বিশেষ ॥ সেইডাবে মনে যার কামের চালনা । সে শান্তি পাইবে ফল শান্তির সাধনা ॥

আনুবাদ

বিষয়কামী ব্যক্তি কখনও শান্তি লাভ করে না। ভলরাশি যেমন সদা পরিপূর্ণ এবং স্থির সমূদ্রে প্রবেশ করেও তাকে কোভিত করতে পারে না, কামসমূহও তেমন স্থিতপ্রতা ব্যক্তিতে প্রবিষ্ট হয়েও তাঁকে বিকৃত্ব করতে পারে মা, অভএব তিনিই শান্তি লাভ করেন

তাৎপর্য

যদিও মহাসমুদ্র সব সময় জলে পূর্ণ থাকে এবং বর্ধার সময় নদীবাহিত হয়ে আরও জল সমুদ্রে প্রবেশ করে, কিন্তু সমুদ্রের কোনও পরিবর্তন হয় না—ছির থাকে; সমুদ্র তখনও বিক্ষৃত্ব হয় না, এখন কি বেলাভূমি অতিক্রম করে প্লাবিত হয় না। কৃষ্ণভাবনায় মধ্য কৃষ্ণভান্তও সর্ব অবস্থাতেই তেখনই অকিন্তু থাকেন। যতক্ষণ মানুষ ক্ষাড় দেহ নিয়ে আছে, ততক্ষণ ইন্ত্রিয় ভৃত্তির জনা দেহের চাহিদাও থাকবেই। কিন্তু ভগবানের ভতে তার পূর্ণতার জন্য এই সমস্ত কামনা বাসনার ঘারা কখনই বিচলিত হন না কারণ, কৃষ্ণভক্তের কোন কিছুরই অভাব নেই, ভগবান তার সমস্ত অভাব মোচন করেছেন। তাই তিনি সমুদ্রের মতো—নিজের মধ্যেই সর্বদা পরিপূর্ণ ইন্ত্রিয়ের নদী বেয়ে কামনা বাসনার যত জলই তার হৃদয়ে প্রবেশ করক, তার হৃদয় সমুদ্রের মতোই অবিচলভাবে পরিপূর্ণ থাকে। এটিই হচ্ছে ভগবস্তুন্তের লক্ষণ—জড় জগতের ভোগবাসনার প্রতি তিনি সম্পূর্ণ উদাসীন, যদিও বাসনাগুলি তাব মধ্যে বয়েছে ভগবানের সেবায় গভীরভাবে মধ্য থাকার ফলে তিনি যে শান্তি লাভ করেছেন তা সমুদ্রের মতোই অভলস্পশী। কোন কিছুই তাকে আর

বিচলিত করতে পারে না। পক্ষান্তরে, অনোরা, এমন কি যারা মুক্তির আকাদক্ষী জাগতিক সাফল্যের আকাদক্ষীদের কি জার কথা, তারাও সর্বদাই অশান্ত সকাম কর্মা, মুক্তিকাসী ও সিদ্ধিকাসী যোগী—সকলেই অশান্ত, যেহেতু তাদের অপূর্ণ বাসনা। কিন্তু কৃষ্ণভক্ত ভগবানের সেবার সর্বতোভাবে পরম শান্তি লাভ করে থাকেন, তাঁর কোন বাসনাই অপূর্ণ থাকে না বাস্তবিকপক্ষে, তিনি এমন কি জড় জগতের তথাকথিত বন্ধন থেকে মুক্তির কামনাও করেন না। কৃষণভক্তদের কোন কড় কামনা থাকে না, ভাই ভাঁরা সম্পর্ণরূপে শান্ত

শ্লোক ৭১

বিহার কামান্ যঃ সর্বান্ পুমাংশ্চরতি নিঃস্পৃহঃ 1
নির্মযো নিরহজারঃ স শান্তিম্থিগজ্ঞতি ॥ ৭১ ॥

বিহার—ত্যাগ করে, কামান্—ইপ্রিয়সুখ ভোগের বাসনাসমূহ, মঃ—যে ব্যক্তি; সর্বাদ্—সমন্ত: পুমাদ্—পুরুষ, চরতি—বিচরগ করেন, নিঃস্পৃহঃ—স্পৃহাশৃনা; নির্ময়ঃ—মমন্তব্যেধ রহিত, নিরহজ্বারঃ—অহভারশূন্য, সঃ—তিনি; শান্তিম্—প্রকৃত শান্তি; অধিগক্তি—প্রাপ্ত হন।

গীতার গান

কাম ছাড়ি সব বেবা নিস্পৃহ ধীমান্। সর্বত্র ভ্রমণ করে নারদীয় গান ॥ মমভাবিহীন আর অহঙ্কার নাই। তার শান্তি বিনিশ্চিত সেইড গোঁসাই ॥

অনুবাদ

ষে ব্যক্তি সমস্ত্র কামলা-বাসলা পরিত্যাগ করে জড় বিষয়ের প্রতি নিম্পৃহ, নিরহন্ধার ও মমন্থবোষ রহিত হয়ে বিচরণ করেন, তিনিই প্রকৃত শান্তি লাভ করেন।

তাৎপর্য

িকাস হওরার অর্থ হচ্ছে নিজের ইন্দ্রিয়-চৃপ্তির জন্য কোন কিছু কামনা না করা। পক্ষান্তরে, ভগবান শ্রীকৃষ্ণকে সেবা করার কামনাই হচ্ছে নিষ্কামনা। এই জড়

শ্ৰোক ৭২]

দেহটিকে বৃথাই আমাদের প্রকণ্ড সন্তা বলে না ভেবে এবং জগতের কোনও কিছর উপরে বথা মালিকানা দাবি না করে, খ্রীকঞ্চের নিতাদাস রূপে নিজের যথার্থ স্বরূপ উপলব্ধি করাটাই হচ্ছে কফভাবনার পরিভদ্ধ পর্যায়। এই পরিভদ্ধ পর্যায়ে যে উন্নীত হতে পারে, সে বৃঞ্জে পারে, যেহেতু শ্রীকৃষ্ণ হচ্ছেন সব কিছুর অধীদ্মর, ভাই ভাঁকে সম্ভুষ্ট করবার জন্য সব কিছুই ভাব সেবত্ম উৎসর্গ করা উচিত কুমক্ষেত্র যুদ্ধের প্রারম্ভে অর্জন নিজের ইন্দ্রিয়স্থ ভোগ কবার উদ্দেশ্যে যন্ধ করতে নারাজ হয়েছিলেন, কিন্তু ভগবানের কপার ফলে চিকি ধর্ম পরিপর্ণভাবে কফভাবনাময় হলেন, তখন ভগবানের ইচ্ছা অনুসারে তিনি যদ্ধ করতে প্রস্তুত হলেন নিজের জন্য যন্ধ করার ইচ্ছা অর্জনের ছিল না, কিন্তু ভগবানের ইচ্ছাব কথা জেনে সেই একই অর্জুন যথাসাধা বীবতের সঙ্গে যদ্ধ করেছিলেন ভগবানক সন্ত্রাই করার বাসনাই হচ্ছে বাসনা বহিত হওয়ার একমত্রে উপার। কেন ব্রক্ত কৃত্রিম উপায়ে কামনা-বাসনাগুলিকে জয় করা যায় না। জীব কখনই ইন্সিয়া-নুড়তিশুনা অথবা বাসনা রহিত হতে পারে না। তবে ইন্দ্রিয়ানুড়তি ও কামনা-বাসনার বন্ধন থেকে মুক্ত হবার জন্য সে তালের বৈশিষ্ট্য পরিবর্তন করে যথাযথভাবে প্রয়োগ করতে পারে। জঙ-কাগতিক বাসনাশনা মানব অবশাই বোরোন যে, সব কিছুই গ্রীক্ষেত্র (ঈশাবাসামিদং সর্বম) এবং সেই জন। তিনি কোন কিছুর উপরেই মালিকানা পবি করেন না এই পারুমার্থিক স্কান আয়ু-উপলব্দির উপর প্রতিষ্ঠিত অর্থাৎ তখন যথাখনভাবে কোঝা যায় যে, ভিনন্ত স্বন্ধপে প্রত্যেকটি জীব শ্রীকৃষ্ণের নিতা অবিছেদা অংশ এবং তাই জীবের নিতা স্থিতি কথনই শ্রীকুম্বের সমকন্দ বা তার চেয়ে বড় নয়। কুয়াতাকনামূতের এই মত্য উপশ্রম্ভি করাই হক্ষে প্রকৃত শান্তি লাভের মূল নীতি।

শ্লোক ৭২

এযা ব্রান্ধী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহ্যতি ৷ স্থিত্বাস্যামস্তকালেহপি ব্রহ্মনির্বাণমূচ্ছতি ॥ ৭২ ॥

এষা→এই, ব্রাহ্মী চিন্ময় স্থিতিঃ—স্থিতি, পার্থ—হে পৃথাপুত্র; ন—না, এনাম্—এই, প্রাপা লাভ করে, বিমুহাতি—বিমোহিত হন, স্থিত্বা স্থিত হরে; অস্যাম্—এতে, অন্তকালে জীবনের অন্তিম সময়ে, অপি—ও, ব্রহ্মনির্বাণম্—অড় বন্ধন থেকে মুক্ত হয়ে চিন্ময় স্তর্জ, শব্দুতি—লাভ করেন।

গীতার গান

সেই সে স্থাতির নাম ব্রাহ্মীস্থিতি হয় । যাঁর প্রাপ্তি হয় তাঁর মোহন কোপায় । সেই স্থিতি যদি হয় মরণের কালে । ব্রহ্মস্থিতি ভাব নহে কালের কবলে ।

অনুবাদ

এই প্রকার স্থিতিকেই ব্রাক্সীস্থিতি বলে। হে পার্থ! যিনি এই স্থিতি লাভ করেন, তিনি মোহপ্রাপ্ত হন না । জীবনের অন্তিম সময়ে এই স্থিতি লাভ করে, তিনি এই জড় জগতের বন্ধন থেকে যুক্ত হরে ডগবং-ধামে প্রবেশ করেন।

ভাৎপর্য

কৃষ্যভাবনামত অর্থাৎ ভগবৎ-পরায়ণ দিব্য জীবন এক মুহূর্তের মধ্যে লাভ করা সম্ভব, আনুন লক্ষ-কোটি জীবনেও তার নাগাল পাওয়া সম্ভব না হতেও পারে ্রের জীনে পাত করতে হলে কেবল পর্ম সতাকে উপলব্ধি করে ভাকে প্রহণ করতে হাব বাটাল মহারাজ তার মুদ্রার মাত্র কয়েক মুহর্ত পূর্বে ভগবানের इत्पादिक्त भाष्याध्यम् क्वार कृत्व औराज्य स्थे **पर्या**स **উপনীত इस्सिल्स** নির্বাপ ব ব^{্ৰ}্য এর্থ ২চেছ জড় জীবনের সমান্তি। বৌদ্ধদের মতে জড় জীবনের সমাপ্তি ১০০ হলে অসীম দ্যাতায় বিলীন হয়ে যায় ভগবদগীতা কিন্তু আমাদের ্রেই নিজে। ও না। এই জড় জীবনের সমাপ্তি হবার পরে আমাদের প্রকৃত পীন- এর হার এই জার জারতিক জীকাধারা পবিসমার করতে হতে, সেই কথাটি 🕯 🖅 ছল জড়বাদীর পক্ষে যথেষ্ট, কিন্তু যিনি পরিমার্থিক জান অর্জন করেছে। তিল জামেন যে, এই হাড জীবনের পরেও আর একটি জীবন আছে। এই জীবানত পরিসমান্তির পূর্বে, সৌভাগ্যক্রমে কেও বদি কৃষ্ণভাবনাময় হয়, তবে ্স তৎক্ষণাৎ ক্রন্ধনির্বাধ স্তর লাভ করে। ভগবৎ-ধাম ও ভগবৎ-সেধার মধ্যে কোনও পর্যকা নেই। যেহেত উভয়ই চিন্ময় তাই ভক্তিযোগে ভগবানের অপ্রাকত প্রমাম্যী, সবায় নিয়োজিত হওয়াই হচ্ছে ভগবং ধাম প্রাপ্তি, জড় জগতের সমস্ত কমই ইন্দ্রিক ভৃত্তির জন্য সাধিত হয়, কিন্তু চিত্রায় জগতের সমস্ত কর্মই ভগবান শ্রীকৃষ্ণের সেবার জন্য সাধিত হয়। এমন কি এই জীবনে কৃষ্ণভাবনায় উদ্বন্ধ হলে সঙ্গে ব্রহ্মপ্রাপ্তি হয় এবং যিনি কৃষ্ণভাবনায় মগ্ন, ডিনি নিঃসন্দেহে शेरियद्यारि जगरप-थाटा श्रतम कदास्ताः।

ব্রহা হচ্ছে জড় বস্তুর ঠিক বিপরীত। তাই ব্রহ্মী স্থিতি বলতে বোঝার 'জড়জাগতিক স্তুরের অতীত' ভক্তিযোগে ভগবানের সেবা নিবেদনকে ভগবদুগীতার মুক্ত স্তুররূপে স্বীকাব করা হয়েছে (স গুণান সমতীত্যৈতান ব্রহ্মভূরার করতে)। তাই, জড় বন্ধন থেকে মুক্তিই হচ্ছে ব্রাহ্মী স্থিতি।

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর ভগবদ্গীতার ছিতীয় অধ্যায়কে সমগ্র ভগবদ্গীতার সারাংশ বলে বর্ণনা করেছেন ভগবদ্গীতার বিষয়কপ্ত হচ্ছে কর্মযোগ, জ্ঞানযোগ ও জন্মযোগের বিশন্দ বর্ণনা করা হয়েছে এবং সমগ্র গীতার সারমর্ম-স্থকপ ভক্তিযোগের আভাস দেওয়া হয়েছে।

ভক্তিবেদান্ত করে খ্রীগীতার গাল। খনে যদি খন্দ ভক্ত কৃষ্ণগতপ্রাণ ॥

ইতি—গীতার বিষয়ধন্তর সারমর্ম পরিবেশিত বিষয়ক 'সাংখ্য-যোগ' নামক শ্রীমন্ত্রগবদ্গীতার দ্বিতীয় অধ্যায়ের ভক্তিবেদান্ত তাৎপর্য সমাপ্ত।

তৃতীয় অধ্যায়



কৰ্মযোগ

গ্রোক ১

অর্জুন উবাচ

জ্যায়সী চেৎ কর্মণত্তে মতা বুদ্ধির্জনার্দন ৷ ভং কিং কর্মণি ঘোরে মাং নিয়োজয়সি কেশব ॥ ১ ॥

অর্জুনঃ উবাচ—অর্জুন বললেন, জ্যায়সী—শ্রেয়তর; চেৎ—বদি, কর্মণঃ—সক্ষয় কর্ম অপেকা, ডে—তোহার, মতা—মতে, বৃদ্ধিঃ—বৃদ্ধি; জনার্দন—হে শ্রীকৃষ্ণ; তৎ—তা হলে, কিম্—কেন, কর্মণি—কর্মে, ঘোরে—ভয়ানক, মাম্—আমাকে; নিরোজয়সি—নিযুক্ত করন্ধ; কেশব—হে শ্রীকৃষ্ণ।

গীতার গান

অর্জুন কহিলেন : যদি বৃদ্ধিযোগ শ্রেষ্ঠ ওহে জনার্দন ৷ ঘোর যুদ্ধে নিয়োজিত কর কি কারণ ॥

অনুবাদ

অৰ্জুন কমলেন—হে জনাৰ্দন। হে কেশৰ। যদি তোমার মতে কর্ম অপেকা ভক্তি বিৰয়িনী ৰুদ্ধি শ্রেয়তর হয়, তা হলে এই ভয়ানক যুদ্ধে নিযুক্ত হওয়ার জন্য কেন আমাকে প্রয়োচিত করছ?

প্ৰোক ভী

ভাৎপর্য

পর্ববর্তী অধ্যায়ে পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ তাঁর প্রিয় সখা অর্জনকে কড জগতের দঃখার্গর থেকে উদ্ধার করবার জন্য আখার হুরূপ বিশ্বদভাবে বর্ণনা করেছেন এবং সেই সঙ্গে তিনি আত্মার স্বরূপ উপলব্ধি করার পদ্মাধ কর্নো করেছেন—সেই পথ হচ্ছে বদ্ধিযোগ অর্থাৎ কঞ্চভাবনা , কখনও কখনও এই বদ্ধিযোগের কর্ম্বর্ করে একদল নিষ্কর্মা লোক কর্ম-বিমুখতার আশ্রয় গ্রহণ করে। কৃঞ্চভাবনার নাম করে ভারা নির্জানে বলে কেবল ছবিনাম রূপ করেই কফজাবনাময় হতে ওঠার দুরাশা করে - কিছু যথায়থভাবে স্থগবং-তছজ্ঞানের শিক্ষ্য লাভ না করে নির্হানে বসে কৃষ্ণনাম জপ করলে নিরীহ, অন্ধ লোকের সন্তা বাহবা পাওয়া বেতে পারে, কিন্তু তাতে কোন লাভ হয় না। অর্জুনও প্রথমে বৃদ্ধিযোগ বা ভঙ্জিযোগকে কর্মজীবন থেকে অবসর নেবার নামান্তর বলে বিবেচনা করেছিলেন এবং মনে করেছিলেন, নির্মান অরণ্যে কছেসাধনা ও তপশ্চর্যার জীবনযাপন করকেন। পক্ষান্তরে, তিনি ক্ষণভাবনার অজ্বগুড় দেখিয়ে স্কৌশলে ক্রুক্তেরে যুদ্ধ থেকে নিবন্ত হতে চেয়েছিলেন। কিন্তু নিষ্ঠাবান শিষোর মতে। যখন তিনি ভার গুঞ্জাবে ভগবান শ্রীকজকে তাঁর কর্তব্য সম্বন্ধে জিজেন করলেন, তখন ভগবান শ্রীকম্ম এই ততীয় অধায়ে তাঁকে কর্মধ্যের বা কৃষ্ণভাবনাময় কর্ম সম্বন্ধে বাাখা করে শোনান

শ্লোক ২

ব্যামিশ্রেণের বাক্যেন বৃদ্ধিং মোহয়সীব মে। তদেকং বদ নিশ্চিত্য যেন শ্রেয়োহহমাপুয়াম্ ॥ ২ ॥

ব্যামিশ্রেণ—হার্থবোধক, ইং—েয়েন, বাক্যেন—বাক্যের ছারা; বৃদ্ধিম—বৃদ্ধি, মোহয়সি—মোহিত করছ, ইং স্থাতো, মে আমার, তং—ক্ষতএব, একম্— একমার, বদ –দয়া করে বল, নিশ্চিত্য—নিশ্চিতভাবে; দেন—যার ছারা, শ্রেয়ঃ —প্রকৃত কল্যাণ, অহম্—আমি, আপুয়াম্—লাভ করতে পারি।

গীতার পান

দ্বার্থক কথায় বৃদ্ধি মোহিত যে হয় । নিশ্চিত যা হয় কহ শ্রেম উপজয় ॥

অনুবাদ

ভূমি যেন দ্বার্থবোষক বাকোর দারা আমার বৃদ্ধি বিদ্রান্ত করছ। ভাই, দশা করে আমাকে নিশ্চিতভাবে বল কোন্টি আমার পক্ষে সবচেয়ে শ্লেমসর

ভাৎপর্য

ভগবস্গীতার ভূমিকাসকল পূর্বতী অধ্যারে সাংখা-যোগ, বুদ্ধিয়োগ, ইন্দ্রিয় সংখ্যা, নিয়ায় কর্ম, কনিষ্ঠ ভাষ্টের ভিতি আদি বিভিন্ন পদ্মা নিয়ে আলোচনা করা হয়েছে। সেওলি সবই অসমদ্ধভাবে পরিবেশিত হয়েছিল। কর্মোদোগ গ্রহণ এবং উপলব্ধির জন্য যথায়থ পথা-প্রগালী সম্পর্কিত বিশেষভাবে সুবিন্যান্ত নির্দেশাবলী একান্ত প্রয়োজন সুতরাং, ভগবানেরই ইচ্ছার ফলে অর্জুন সাধারণ মানুবের মতো কিংকওরাকিয়েত্ব হয়ে তাঁকে নানা রক্ষা প্রশ্ন করেছেন, যাতে সাধারণ মোহাচ্ছার মানুবেরাও ভগবানের উপদেশান্তক বাণীর যথায়থ অর্থ উপলব্ধি করতে পারে। ভগবৎ-তত্বের মধার্থ অর্থ না বৃষ্ণতে পেরে অর্জুন বিদ্রান্ত হয়ে পড়েছিলেন। কুতার্কিকলের মতো কথার জাল বিস্তার করে ভগবান অর্জুনকে বিদ্রান্ত করতে চাননি নিন্তিরতা অথবা সঞ্জির সেবা—কোনভাবেই অর্জুন কৃষ্ণভাবনাম্যুতের পদ্ম অনুসরণ করতে পারছিলেন না। পক্ষান্তরে, কৃষ্ণভাবনাময় পথ সুগম করে তোলার উদ্দেশ্যে ভগবানের অনুগ্রেরণার অর্জুন ক্ষান্তাবনাময় পথ সুগম করে তোলার উদ্দেশ্যে ভগবানের অনুগ্রেরণার অর্জুন ক্ষান্তাবনাময় পথ সুগম করে তোলার উদ্দেশ্যে ভগবানের অনুগ্রেরণার অর্জুন ক্ষান্তাবনাময় পথ সুগম করে তোলার উদ্দেশ্যে ভগবানের অনুগ্রেরণার অর্জুন ক্ষান্তাবনাময় গণ্ডীরভাবে আগ্রহী, তাঁলের সুবিধা হয়।

গ্রোক ৩

শ্রীভগবানুবাচ
লোকেহস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ান্য ।
জ্ঞানধোগেন সাংখ্যানাং কর্মধোগেন যোগিনাম্ ॥ ৩ ॥

শ্রীভগবান্ উবাচ—পব্যেশ্বর ভগবান বললেন, লোকে জগতে, অস্মিন্—এই, ভিবিশা—দূই প্রকার, নিষ্ঠা—নিষ্ঠা, পুরা ইতিপূর্বে, প্রোক্তা—উক্ত হযেছে, মন্ত্রা—আমার ছারা, জনম—হে নিজ্পাপ; জ্ঞানযোগেন—জ্ঞানযোগের ছারা, সাংখ্যানাম্ অভিজ্ঞতালম্ভ নার্শনিকদের, কর্মযোগেন—ভগবানে অর্পিত নিষ্কাম কর্মযোগের ছারা, যোগিনাম্ ভক্তদের।

প্ৰোক 8]

গীতার গান

শ্রীভগবান কহিলেন ঃ দ্বিবিধ লোকের নিষ্ঠা বলেছি ভোমারে । সাংখ্য আর জ্ঞানযোগ যোগ্য অধিকারে ॥

অনুবাদ

পরমেশ্বর জগবান বললেন—হে নিস্পাপ অর্জুন! আমি ইভিপূর্বে ব্যাখ্যা করেছি যে, দৃই প্রকার মানুষ আত্ম-উপলব্ধি করতে চেষ্টা করে। কিছু লোক অভিক্রপ্রালম্ভ দার্শনিক জ্ঞানের আলোচনার মাধ্যমে নিজেকে জানতে চান এবং অন্যেরা আবার তা অক্তির মাধ্যমে জানতে চান।

ভাৎপর্য

দ্বিতীয় অধ্যারের ৩৯তম শ্লোকে ভগবান সাংখা-যোগ ও কর্মযোগ বা বন্ধিযোগ— এই দৃটি পছার ব্যাখ্যা করেছেন এই ম্যোকে ভগবান তারই পিশদ ব্যাখ্যা করেছেন। সাংখ্য-যোগ চেতন ও জড়ের প্রকৃতির বিশ্লেবণমূলক বিষয়বস্ত্র। যে সমস্ত মানুষ পরীক্ষা-নিরীক্ষা করে দার্শনিক তত্তের মাধ্যমে জ্ঞান আহরণ করতে চায়, তাদের বিষয়বন্ধ হচ্ছে এই সাংখ্য-যোগ, অন্য পছাটি হচ্ছে কৃষ্ণভাষন্য বা বৃদ্ধিযোগ, যা দ্বিতীয় অধ্যায়ের ৬১তম প্রোকে ব্যাখ্যা করা হয়েছে - ভগবান ৩১ওম প্লোকেও ব্যাখ্যা করেছেন যে, এই বৃদ্ধিযোগ বা কৃষ্ণভাবনা অনুদীক্ষা করলে অতি সহস্কেই কর্মবন্ধন থেকে মুক্ত হওয়া যায় এবং অধিকন্ত এই পদ্বায় কোন দোষ-ক্রটি নেই। ৬১তম রোকে ব্যাখ্যা করে বলা হয়েছে যে, ভগবান গ্রীকৃষেত্র উপর সম্পূর্ণভাবে নির্ভর করাই হচ্ছে বুদ্ধিযোগ এবং তার ফলে দুর্দমনীয় ইপ্রিয়গুলি অভি সহজেই সংযত হয় তাই, এই দটি যোগই ধর্ম ও দর্শনরূপে একে অপরের উপর নির্ভরশীল দর্শনবিহীন ধর্ম হচ্ছে ভাবপ্রবণতা বা অন্ধ গোঁড়ামি, আর ধর্মবিহীন দর্শন হচ্ছে মানসিক জল্পনা-কল্পনা ্পত্তিম লক্ষ্য হচ্ছে ভগবান শ্রীকৃষ্ণ, কারণ যে সমস্ত দার্শনিকেবা বা জ্ঞানীরা গভীর নিষ্ঠার সঙ্গে পরম সভ্যকে জানবার সাধনা করছেন, তাঁরাও অবশেষে কৃষ্ণভাবনায় এসে উপনীত হন। *ভগবদ্গীতায়ও* এই কথা বন্ধা ইয়েছে সমগ্র পস্থাটি ইচ্ছে পরমান্তার সঙ্গে সম্পর্কের পরিপ্রেক্ষিতে আত্মাব স্থিতি হাদরক্ষম কবা পরোক্ষ পঞ্চাটি হচ্ছে দার্শনিক জল্পনা-কছনা, যার দারা ক্রমান্বয়ে সে কৃঞ্চভাবনামূতের স্তরে উপনীত হতে পারে; আর অন্য পছাটি হচ্ছে ভগৰান শ্রীকৃষ্ণকে পরম সূত্য, প্রমেশ্ব বলে উপলব্ধি করে তাঁর সঙ্গে

আমাদের সনাতন সম্পর্কের প্রতিষ্ঠা করা। এই দুটির মধ্যে কৃষ্ণভাবনার পছাই শ্রেয়, কেন না এই পছা দার্শনিক জন্ধনা কন্ধনার মাধ্যমে ইন্সিয়গুলির গুদ্ধিকরণের উপর নির্ভরশীল নয়। কৃষ্ণভাবনামৃত স্বয়ং শুদ্ধিকরণের পছা এবং কৃষ্ণভাবনার এমৃত প্রবাহ স্বতঃস্ফুর্ত হয়ে জন্তরকে কল্বমৃক্ত করে। ভক্তি নিবেদনের প্রত্যক্ষ পদ্ধারণে এই পথ সহজ্ব ও উচ্চন্ডরের।

প্লোক ৪

ন কর্মপামনারস্তান্ নৈস্কর্ম্যং পুরুষোহখুতে । ন চ সন্ত্যসনাদেব সিদ্ধিং সমধিগাছটি ॥ ৪ ॥

ন-না; কর্মণাম্ শান্তীয় কর্মের, অমারক্তাৎ—অনুষ্ঠান না করে; নৈত্বর্ম্যম্—কর্মথন্ত থেকে মুক্তি: প্রুবঃ—মানুষ: অনুতে—লাভ করে, ন—না; চ—ও: সন্ন্যসমাৎ— কর্মভ্যাগের স্বারা, এব—কেবল, সিদ্ধিম্—সাফল্য, সমধিগক্ততি—লাভ করে

গীতার গান

বিহিত কর্মের নিষ্ঠা না করি আরম্ভ । নৈষ্কর্ম জ্ঞান যে চর্চা হয় এক দন্ত ॥ বিহিত্ত কর্মের জ্যাগে চিত্তগুদ্ধি নয় । কেবল সংগ্রাসে কার্যসিদ্ধি নাহি হয় ॥

অনুবাদ

কেবল কর্মের অনুষ্ঠান না করার মাধ্যমে কর্মফল থেকে মুক্ত হওয়া যায় না, আবার কর্মত্যাগের রাধ্যমেও সিদ্ধি লাচ করা যায় না

ভাৎপর্য

শাস্ত্রের নির্দেশ অনুযারী বিধি-নিষেধের আচবণ করার ফলে যখন অন্তর পবিত্র হয় এবং জড় বন্ধনগুলি শিথিল হয়ে ধায়, তখন মানুষ সর্বত্যাগী জীবনধাবায় সন্ন্যাস আশ্রম গ্রহণ করাব যোগ্য হয়। অন্তর পবিত্র না হলে—সম্পূর্ণভাবে কামনা বাসনা থেকে মুক্ত না হলে, সন্ন্যাস গ্রহণ করাব কোন মানেই হয় না মায়াবাদী জ্যানীবা মনে করে, সংসার ত্যাগ করে সন্মান গ্রহণ করা মাত্রই অথবা সকাম কর্ম পরিহাব করা মাত্রই ভারা তৎক্ষণাৎ নারায়ণের মতো ভগবান হয়ে যায়। ভগবান শ্রীকৃষ্ণ

গ্ৰোক ৬ী

কিন্তু তা অন্মোদন করছেন না অন্তর পবিত্র না করে, স্কন্ত বন্ধন মুক্ত না হয়ে সন্নাস নিলে তা কেবল সমাজ-ব্যবস্থায় উৎপাতেবই সৃষ্টি করে পক্ষান্তরে, যদি কেউ ভক্তিযোগে ডগবানের সেবা করেন, তবে তার বর্ণ ও আশ্রমজনিত ধর্ম নির্নিশেষে তিনি ভগবানের কৃপা লাভ করেন, ভগবান নিজেই সেই কথা বলেছেন। স্বল্পমপাসা ধর্মস্য ত্রায়তে মহতো ভয়াং। এই ধর্মের স্বল্প আচরণ কর্লেও জড় জগতের মহাভায় থেকে ব্রাণ পাওয়া যায়।

প্ৰোক ৫

ন হি কশ্চিৎ ক্ষণমণি জাতু ভিৰ্তত্যকৰ্মকৃৎ ৷ কাৰ্যতে হ্যবশঃ কৰ্ম সৰ্বঃ প্ৰকৃতিজৈণ্ডণৈঃ য় ৫ য়

ন—না, হি—অবশাই, কশ্চিৎ—কেউ, ক্ষণম্—কণ মাত্রও, অপি—ও; জাতু— কখনও, ডিচডি—থাকতে পারে: অকর্মকৃৎ—কর্ম না করে; কার্যতে—করতে বাধ্য ২ম: হি—অবশাই, অবশঃ—অসহায়ভাবে, কর্ম—কর্ম, সর্বঃ—সকলে, প্রকৃতিকৈঃ —প্রকৃতিজ্ঞাত, গুটুণঃ—গুশসমূহের হারা।

গীতার গান

ক্ষণেক সময় মাত্র মা করিয়া কর্ম । থাকিতে পারে না কেহ স্বাভাবিক ধর্ম ॥ প্রকৃতির গুণ যথা সবার নির্বন্ধ । সেই কার্য করে যাতে করমের বন্ধ ॥

অনুবাদ

সকলেই মায়াজাত গুণসমূহের দারা প্রভাবিত হয়ে অসহায়ভাবে কর্ম করতে বাধ্য হয়; তাই কর্ম না করে কেউই ক্ষণকালও থাকতে পারে না।

তাৎপর্য

কর্তবাকর্ম না করে কেউই থাকতে পারে না আগ্নার ধর্মই হচ্ছে সর্বন্ধণ কর্মরত থাকা আগ্নার উপস্থিতি না থাকলে জড় দেহ চলাকেরা করতে পারে না। প্রকৃতপক্ষে জড় দেহটি একটি নিচ্পাণ গাড়ি মাত্র, কিন্তু সেই দেহে অবস্থান করে আগ্না সর্বক্ষণ তাকে সক্রিয় রাখার কর্তব্যকর্ম করে যাচ্ছে এবং এই কর্তব্যকর্ম খেকে সে এক মুহূর্তের জনাও বিরত হতে পারে না। সেই হেতু, জীবাদ্মাকে কৃষ্ণভাবনার সঙ্গলমর কর্মে নিয়োজিত করতে হয়, তা না হলে মায়াব প্রভাবে মোহাচ্ছর হয়ে জীবাদ্মা অনিত্য জড়-জাগতিক কর্মে ব্যাপৃত থাকে জড়া পকৃতির সংস্পর্শে আসার ফলে আত্মা জড় ওপের দ্বারা প্রভাবিত হয়ে পড়ে, তাই এই জড় ওপের কল্ম থেকে মৃক্ত হবার জনা শাস্ত্র-নির্ধারিত কর্মেব আচরণ করতে হয়। কিন্তু আত্মা যখন শ্রীকৃষ্ণের সেবায় স্বাভাবিকভাবে নিযুক্ত হয়, তথন সে বা করে, তার পক্ষে তা মঙ্গলময় হয়ে ওঠে। এই প্রসঙ্গে শ্রীমন্ত্রাগবতে (১/৫/১৭) বলা হয়েছে—

शास्त्र व्यथं हत्रभाष्ट्रकार इत्त-र्डकत्त्रभारकाश्य भारणखरणा यमि । यक्त व थालजभञ्जमभूषा किः रका वार्थ खारखाश्रुकणाः स्थमाणः ॥

"বলি কেউ কৃষ্ণভাবনা গ্রহণ করে এবং তথন সে যদি শান্ত-নির্দেশিও বিধি-নিষেধগুলি পৃথানুপৃথাভাবে না মেনেও চলে অথবা তার স্বধর্ম পালনও না করে, এমন কি সে যদি অধ্যপতিত হয়, তা হলেও তার কোন বকম ক্ষতি বা অমঙ্গল হয় না কিন্তু সে যদি পবিত্র হবার জন্য শান্ত-নির্দেশিত সমস্ত আচার-আচরণ পালনও করে, তাতে তার কি কাভ, যদি সে কৃষ্ণভাবনাময় না হয়?" সুভরাং কৃষ্ণভাবনামৃত লাভ করার জন্মই গ্রন্থিকবলের পন্থা গ্রহণ করা আবশাকা তাই, সন্ত্রাস আগ্রমের অথবা যে-কোন চিত্তগদ্ধি করণ পদ্ধার একমাগ্র উদ্দেশ্য হচ্ছে কৃষ্ণভাবনামৃতের চরম লক্ষো পৌহাতে সাহায়্য করা। তা না হলে স্ব কিছুই নির্পক।

শ্লোক ৬

কর্মেন্ডিয়াণি সংযম্য য আন্তে মনসা স্মরন্ । ইক্রিয়ার্থান্ বিমৃঢ়ান্ধা মিথ্যাচারঃ স উচ্যতে ॥ ৬ ॥

করে বিষয় করে করে করে করে বিষয় সংযায় সংযাত করে যঃ—যে আন্তে—অবস্থান করে মনসা—মনের প্রারা, শারন—শারণ করে, ইন্দ্রিয়ার্থান্—ইন্দ্রিয়ের বিষয়সমূহ, বিমৃত্ মৃত্; আশ্বা—আশ্বা, মিশ্যাচারঃ—কপটাচার, সঃ তাকে, উচ্যতে—বলা হয়।

(湖本 9)

গীতার গান

কর্মেন্ডিয় রোধ করি মনেতে স্মরণ । ইহা নাহি চিত্তত্ত্বি নৈদ্ধর্ম কারণ ॥ অতএব সেই ব্যক্তি বিমৃঢ়াত্মা হয় । ইন্ডিয়ার্থ মিথ্যাচারী শাস্ত্রেতে কহয় ॥

অনুবাদ

যে ব্যক্তি পঞ্চ-কর্মেন্সিয় সংযক্ত করেও মনে মনে শব্দ, রস আদি ইন্সিয় বিবন্ধওলি স্মন্ত করে, সেই মৃঢ় অবশাই নিজেকে বিপ্রস্ত করে এবং তাকে মিথ্যাচারী ডও বলা হয়ে থাকে,

তাৎপর্য

অনেক মিখ্যাচারী আছে, যারা কৃষ্ণভাবনাময় সেব্যকার্য করতে চায় না. কেবল ধ্যান করার ভান করে। কিন্তু এতে কোন কাব্রু হয় না। কারণ, তারা তাদের কর্মেন্দ্রিয়ণ্ডলিকে রোধ করলেও মন তামের সংখত হয় না। পক্ষান্তরে, মন অভ্যন্ত তীব্রভাবে ইপ্রিয়-পুথের জন্ধনা-কল্পনা করতে থাকে। তারা লোক ঠকানোর রুন। দুই-একটি তত্ত্বকথাও বলে কিন্তু এই ক্লোকে আমরা জানতে পারছি যে, তারা হচ্ছে সব চাইতে বড় প্রতারক বর্ণাশ্রম ধর্মের আচরণ করেও মানুষ ইন্দ্রিয়সুখ ড়োগ করতে পারে, কিন্তু বর্ণাশ্রম ধর্ম অনুসারে মানুষ যখন তার স্থর্ম পালন করে, তখন ক্রমে ক্রমে ভার চিন্ত শুদ্ধ হয় এবং দে ভগবন্তজ্ঞি লাভ করে। কিন্তু য়ে বান্ডি যোগী সেডে লোক ঠকায়, সে আসলে ত্যাগীর বেশ ধারণ করে ভোগের চিন্তায় মন্ম থাকে, সে হচ্ছে সব চাইতে নিকৃষ্ট জরের প্রতারক। মাঝে মাঝে দুই-একটি তত্ত্বকথা বলে সবলচিত্ত সাধারণ মানুহের কাছে তার তত্ত্বভ্রান ভাহির করতে চায়, কিন্তু বৃদ্ধি দিয়ে বিচার করলে দেখা যায়, সেগুলি ভোভাপাখির মতো মুখস্থ করা বুলি ছাড়া আর কিছুই নয় তগরান শ্রীকৃষ্ণ তাঁর মায়াশক্তির প্রভাবে ঐ ধরনের পাপাচারী প্রতারকদের সমস্ত জান অপহরণ করে নেন। এই প্রকার প্রতারকের মন স্বাদাই অপবিত্র এবং সেই জন্য তার তথাক্থিত লোকদেখানো ধ্যান নিবর্থক

শ্লোক ৭

বস্থিত্তিয়াণি মনসা নিয়মাারভতেহর্জুন । কর্মেন্ডিরেঃ কর্মযোগমসক্তঃ স বিশিষ্যতে ॥ ৭ ॥

ষঃ বিনি: ভূ—কিন্তু, ইন্দ্রিয়াণি—ইন্দ্রিয়সমূহ, মনসা—মনের দ্বারা, নিয়ম্যা— সংযত করে, **আরভতে—আরন্ত করেন, অর্জুন—হে অর্জুন, ভর্মেন্দ্রিয়েঃ—** কর্মেন্দ্রিয়ের ধারা, কর্মধোপ্তম্—কর্মযোগ, অসক্তঃ—আসন্তি রহিত, সঃ—তিনি, বিশিষাতে—বিশিষ্ট হন।

গীভার গান

কিন্ত যদি নিজেন্দ্রিয় সংযত নিয়মে ।
কর্মের আরম্ভ করে যথা যথা ক্রমে ॥
বাতুল লা হর মর্কট বৈরাগ্য করি ।
অন্তর্নিষ্ঠা হলে হয় সহার শ্রীহরি ॥
সেই হয় কর্মযোগ কর্মেন্দ্রিয় হারা ।
আসক্তিরহিত কর্ম বিশেষ প্রকারা ॥

অনুবাদ

কিন্তু যিনি মনের দারা ইপ্রিয়ওলিকে সংযত করে অনাসক্তভাবে কর্মযোগের অনুষ্ঠান করেন, তিনি পূর্বোক্ত মিখ্যাচারী অপেকা অনেক গুণে শ্রেষ্ঠ

<u>তাৎপর্য</u>

সাধুব বেশ ধরে উচ্ছেখন জীবনযাপন ও ভোগভৃত্তির জন্য লোক ঠকানোর চাইতে স্বকর্মে নিযুক্ত থেকে জীবনের প্রকৃত উদ্দেশ্য সাধন করা শত-সংশ্র গুণে ভাল জীবনের প্রকৃত উদ্দেশ্য হচ্ছে জড় বন্ধন থেকে মৃক্ত হয়ে ভগবানের কাছে ফিরে যাওয়া। সার্থগতি অর্থাৎ জীবনের প্রকৃত স্বার্থ হচ্ছে জীবিষুক্র শ্রীচরণারবিন্দের আশ্রর লাভ করা। সমশ্র বর্ণাশ্রম ধর্মের উদ্দেশ্য হচ্ছে মানুধকে সেই চরম গন্তব্যের দিকে নিয়ে যাওয়া, কৃষ্ণভাবনায় উদ্দৃদ্ধ হয়ে কর্তব্যকর্ম কবার ফলে একজন গৃহস্থুও ভগবানের কাছে ফিরে যেতে পারে। আত্ম-উপদানির জন্য শাস্তের নির্দেশ অনুসারে সংযত জীবনযাপন করে কেউ যথন কর্তব্যকর্ম করে, তথন আব তার কর্মবন্ধনে আবদ্ধ হয়ে পড়ার কোন আশ্রেছা থাকে না, কারণ সৈ তথন আসন্তিবহিত হয়ে সম্পূর্ণ নিয়ম্পৃহভাবে তার কর্তব্যকর্ম করে চলে এভাবে সংযত ও নিয়ম্পৃহ থাকার

(इंक है)

ফলে তার অন্তর পবিত্র হয় এবং ভগবানের সালিধ্য লাভ হয়। অন্ত জনসাধারণের প্রতাশণাকারী মর্কট বৈরাগী হবার চাইতে একজন ঐকান্তিক ব্যক্তি যে এই পদ্ধতি অনুসরণ করে, দে অনেক উন্নত ক্তরে অধিষ্ঠিত। যে-সমস্ত ভণ্ড সাধু লোক ঠকাবার জনা ধ্যান করার ভান করে, তাদের থেকে একজন কর্তবানিষ্ঠ মেথরও অনেক মহং।

শ্লোক ৮

নিয়তং কুরু কর্ম ত্বং কর্ম জ্যায়ো হ্যকর্মণঃ। শরীর্যাত্রাপি চ তে ন প্রসিদ্ধ্যেদকর্মণঃ॥ ৮॥

নিয়তম্ শাস্ত্রোক্ত, কুরু কর, কর্ম কর্ম, ত্বম্ তুমি, কর্ম কার্জ, জ্যায়ঃ— শ্রেয়, ছি—অবশাই, অঞ্চর্মণঃ—কর্মত্যাগ অপেন্দা, শরীরবারা—দেহধারণ, অপি— এমন কি, চ—ও, তে—তোমার, ন—না, প্রসিজ্ঞেৎ—সিদ্ধ হয়; অকর্মণঃ—কর্ম না করে

গীতার গান

নিয়মিত কর্ম ডাল সেই অকর্ম অপেকা। অন্থিকারীর কর্মত্যাগ, প্রমুখাপেকা॥ শ্রীর নির্বাহ যার নহে কর্ম বিনা। কর্মত্যাগ তার পক্ষে হয় বিডম্বনা॥

অনুবাদ

ভূমি শাস্ত্রোক্ত কর্মের অনুষ্ঠান কর, কেন না কর্মত্যাগ থেকে কর্মের অনুষ্ঠান শ্রেয়। কর্ম না করে কেউ দেহযাত্রাও নির্বাহ করতে পারে না।

তাৎপর্য

অনেক তও সাধু আছে, যারা জনসমক্ষে প্রচার করে বেডার যে, তারা শুত্যন্ত উচ্চ বংশজাত এবং কর্ম জীবনেও তারা অনেক সাফলা লাভ করেছে, কিন্তু তা সন্থেও আধ্যান্থিক উন্নতি সাধনের জন্য তারা সব কিছু ত্যাগ করেছে। ভগবান শ্রীকৃষ্য অজুনকে এই বকম ভও সাধু হতে নিষেধ করেছিলেন। পশান্তরে, তিনি ঠাকে শান্ত্র-নির্বারিত ক্ষব্রিয় ধর্ম পালন করতে উপদেশ দিয়েছিলেন। অর্জুন ছিলেন গৃহস্থ ও স্নোপতি, তাই শাস্ত্র-নির্ধারিত গৃহস্থ ক্ষত্রিয়েব ধর্ম পালন করাই ছিল ভাঁর কর্তব্য। এই ধর্ম পালন করার ফলে জড় বন্ধনে আবদ্ধ মানুষের হানয় পবিত্র যে এবং ফলে সে জড় কলুব থেকে মৃক্ত হয়। তথাকথিত ত্যাগীরা, যারা দেহ প্রতিপালন করবার জনাই ত্যাগের অভিনয় করে, ভগবান তাদের কোন রকম স্বীকৃতি দেননি, শাস্ত্রেও তাদের স্বীকৃতি দেওয়া হয়নি। এমন কি দেহ প্রতিপালন করবার জনাও মানুষকে কর্ম ধনতে হয়। তাই, জড় জাগতিক প্রবৃত্তিওলিকে শুদ্ধ না করে, নিজের বেয়ালগুলি মতো কর্ম ত্যাগ করা উচিত ময় এই জড় জগতে প্রত্যাকেরই অবশ্য জড়া প্রকৃতির উপর কর্তৃত্ব করবার কল্যময় প্রসৃত্তি আছে অর্থাৎ ইন্দ্রিয়া-রুপ্তির বাসনা আছে। সেই কলুয়মর প্রবৃত্তিওলিকে কর্মতে হবে শাস্ত্রানির্দ্রের তাবার তা না করে, কর্তবাকর্ম তাগ করে এবং আনোর সেবা নিয়ে জাবিক। নির্বাহ করে তথাকথিত প্রতীন্ধ্রিয়বাদী খোগী হবার চেন্তা করা কথনই উচিত নয়।

শ্লোক ৯

ষজ্ঞার্থাৎ কর্মণোহনাত্র লোকোহয়ং কর্মবন্ধনঃ । তদর্থং কর্ম কৌস্তেয় মুক্তসঙ্গং সমাচর ॥ ৯ ॥

যজার্থাৎ—যজ বা বিষুদ্ধ জন্যই কেবল; কর্মণঃ—কর্ম, জন্যন্ধ—তা ছাড়া, লোকঃ
—এই জগতে, অন্তম্—এই, কর্মবন্ধনঃ—কর্মবন্ধন, তৎ—তার, অর্থম্—নিমিত্ত,
কর্ম—কর্ম; কৌন্তেম—হে কৃতীপুত্র; মুক্তসঙ্গঃ—অ'সক্তি রহিত হয়ে সমাচর—
ধনুষ্ঠান কর।

গীতার গান

যজেশ্বর ভগবানের সন্তোধ লাগিয়া।
নিয়মিত কর্ম কর আসক্তি ত্যজিয়া॥
আর যত কর্ম হয় বন্ধের কারণ।
অতএব সেই কার্ম কর নিবারণ॥
ভগবদ্ সন্তোবার্ম কর্মের প্রসঙ্গ।
যত কিছু আচরণ সব মৃক্ত সঙ্গ॥

(関係 50)

অনুবাদ

বিষ্ণুর প্রীতি সম্পাদন করার জন্য কর্ম করা উচিত: ভা না হলে কর্মই এই জড় জগতে বন্ধনের কারণ। ভাই, হে কৌন্তেয়! জগবানের সম্ভাষ্ট বিধানের জন্যই কেবল ভূমি ভোমার কর্তব্যকর্ম অনুষ্ঠান কর এবং প্রভাবেই ভূমি সর্বদাই বন্ধন থেকে মুক্ত থাকতে পারবে।

তাংপর্য

যোহতু দেহ প্রতিপালন করবার জন্য প্রতিটি জীবকে কর্ম করতে হয় তাই সমাজের বর্গ ও আশ্রম অনুসারে ভিন্ন ভিন্ন ভ্রমের জীবের জন্য ভিন্ন ভিন্ন কর্ম নির্ধারিত করা হয়েছে, যাতে তাদের উদ্দেশ্যগুলি যথায়থভাবে সাধিত হয়। যজ্ঞ বলতে ভগবান জীবিকু অথবা যজ্ঞানুষ্ঠানকে বোঝায়। তাই তাঁকে প্রীতি করার জন্যই সমাও যজের অনুষ্ঠান করা হয় বেদে কলা হয়েছে—যজ্ঞো নৈ বিকুছ। পক্ষাকরে, নানা গ্রকম আচার-অনুষ্ঠানের মাধ্যমে যজ্ঞ করা আর সরাসরিভাবে ভগবান জীবিকুল সেবা করার রারা একই উদ্দেশ্য সাধিত হয়। সূত্রাং কৃষ্ণভাবনামৃত হচ্ছে হঙ্গেনুষ্ঠান, কেন না এই জোকে তা প্রতিপন্ন হয়েছে। কর্ণাশ্রম ধর্মের উদ্দেশ্যও হতে ভগবান জীবিকুল কর্মান বিক্রারাধ্যতে (বিকুল পুরাণ ৩/৮/৮)।

তাই বিকুবে সম্ভন্ন করার জনাই কেবল কর্ম করা উচিত। এ ছাড়া আর সমাক্ত করাই আমাদের এই জড় জগতের বগুনে আবদ্ধ করে রাখে। সেই কর্ম জালই হোক আর খারাগই হোক, সেই কর্মের ফল অনুষ্ঠাতাকে জড় বগুনে আবদ্ধ করে রাখে। তাই, প্রীকৃষ্ণকে (অথবা শ্রীবিষ্ণুকে) সম্ভন্ন করার জনা কৃষ্ণভাবনামর হয়ে কর্ম করতে হয় এভাবেই যে ভগবানের সেবাপরারণ হয়েছে, সে আর ক্ষণেও জড় বগুনে আবদ্ধ হয় না—মৃক্ত স্তরে বিরাজিত। এটিই হচ্ছে কর্ম সম্পাদনের মহৎ কৌশল এবং এই পছার শুকুর প্রারম্ভে দক্ষ পথ-প্রদর্শকের প্রয়োজন হয় ভগবং-তত্ত্বজানী শুদ্ধ ভক্তের উত্তাবধানে অথবা করং ভগবানের তত্ত্বাবধানে (যেমন ভগবান শ্রীকৃষ্ণের তত্ত্বাবধানে অর্জুন করেছিলেন) গভীর নিষ্ঠার সঙ্গে এই যোগ সাধন করতে হয়। ইন্দ্রির তর্পণের জন্য কিছুই করা উচিত নয়, বরং সব কিছুই শ্রীকৃষ্ণের সম্ভন্তি বিধানের জন্য করা উচিত। এভাবেই অনুশীলনের ফলে শুধু যে কর্মফলের বন্ধন থেকেই মৃক্ত থাকা বার, তাই নয় স্ভা ছাড়া ভগবানের অপ্রাকৃত প্রেমভক্তির স্তরে ক্রমণ উন্নীত হওৱা যার, যার কলে ভার সচিতদানন্দময় পরম ধামে উপনীত হওৱা সম্ভব হয়।

গ্লোক ১০

সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্টা পুরোবাচ প্রজাপতিঃ । অনেন প্রসবিষ্যধ্বমেষ বোহস্তিউকামধুক্ ॥ ১০ ॥

সহ সহ , যজাঃ—যজাদি, প্রজাঃ প্রজাসকল, সৃষ্টা সৃষ্টি করে, পুরা পুরাকালে, উরাচ —বলেছিলেন, প্রজাপতিঃ —সৃষ্টিকর্তা, অনেম—এর দারা, প্রসবিষ্যাধনম্—উত্রোক্তর বৃদ্ধিপ্রাপ্ত হও; এবঃ—এই সকল, বঃ—তোমাদের, অন্ত—হোক, ইষ্ট—সমস্ত অভীষ্ট, কামধুক্—প্রদানকারী

গীতার গান

প্রজাপতি সৃষ্টি করি যজ্যের সাধন । উপদেশ করেছিল শুনে প্রজাগণ ॥ যজ্ঞের সাধন করি সুখী হও সবে । যজ্ঞারা ভোগ পাবে ইন্দ্রিয় বৈভবে ॥

অনুবাদ

সৃষ্টির প্রারক্তে সৃষ্টিকর্তা মজাদি সহ প্রজাসকল সৃষ্টি করে বলেছিলেন—"এই যজের দারা তোমরা উত্তরোত্তর সমৃদ্ধ হও। এই যজে তোমাদের সমস্ত অভীস্ট পূর্ণ করবে।"

তাৎপর্য

ভগনান শ্রীবিষ্ণু এই জড় জগৎ সৃষ্টি করে মায়াবদ্ধ জীবদের ভগবৎ-ধামে গিরে ধাবার সুযোগ করে দিয়েছেন। পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের সঙ্গে তাদের যে নিজা সম্পর্ক রয়েছে, সেই সম্পর্কের কথা ভূলে যাবার ফলেই জীবসকল এই জড়া প্রকৃতিতে পতিত হয়ে জড় বদ্ধানের দ্বারা আবদ্ধ হয়ে পড়েছে বেনেব বাণী আমাদের এই শাশ্বত সম্পর্কের কথা মনে করিয়ে দেয়। ভগবদ্শীতাম ভগবান বলেছেন—বেনেশ্চ সর্বৈরহমেব বেদাঃ। ভগবান বলছেন যে, বেদের উদ্দেশ্য হছে তাঁকে জানা। বৈদিক মদ্রে বলা হয়েছে—পতিং বিশ্বস্যাত্মেশ্বরম্ তাই, সমস্ত জীবের ঈশ্বর হচ্ছেন ভগবান শ্রীবিষ্ণু শ্রীমন্ত্রাগবতেও (২,৪২০) শ্রীভকদেব গোস্বামী নানাভাবে বর্ণনা করেছেন যে, ভগবানই হচ্ছেন সব কিছর পতি—

(अक २२)

শ্রিয়ঃ পতির্যজ্ঞপতিঃ প্রজাপতি-র্যিয়াং পতির্লোকপতির্ধরাপতিঃ ৷ পতিগতিশ্চান্ধকবৃষ্ণিসাত্তাং প্রসীদতাং মে ভগবান্ সতাং পতিঃ ॥

ভগবান বিষ্ণু হচ্ছেন প্রভাপতি, তিনি সমস্ত জীবেব পতি, তিনি সমস্ত বিশ্ব চরাচরের পতি, তিনি সমস্ত সৌন্দর্যের পতি এবং তিনি সকলের ব্রাণকতা। তিনি এই জড় জগৎ সৃষ্টি করেছেন যাতে জীব যজ অনুষ্ঠান করে তাঁকে তুই করতে পারে এবং তার ফলে তারা এই জড় জগতে নিরুদ্বিশ্বভাবে সুধে ও শান্তিতে বসবাস করতে পারে। তারপর এই জড় দেহ তাাগ করার পর তারা ভগবানের অপ্রাকৃত লোকে প্রবেশ করতে পারে। অপার করুশাময় ভগবান মায়াবদ্ধ জীবের ভনা এই সমস্ত আরোজন করে রেখেছেন। যজ অনুষ্ঠান করার ফলে বন্ধ জীব ক্রমশ কৃষ্ণটেতনা লাভ করে এবং সর্ব বিষয়ে ভগবানের দিবা তথাবলী অর্জন করে। বৈনিক শান্তে এই কলিযুগে সংকীর্তন যঞা অর্থাং সংঘবক্ষভাবে উচ্চমরে ভগবানের নাম বীর্তন করার নির্দেশ দেওয়া হয়েছে, জীচেতনা মহাগ্রন্থ এই সংকীর্তন বছের প্রবর্তন করে গেছেন যাও এই যুগের সর জীবই এই জড় বন্ধনমুক্ত হয়ে ভগবানের কাছে ফিরে যোকে গারে। সংকীর্তন যজ এবং কৃষ্ণভাবনা একই সঙ্গে চলনে। কলিযুগে প্রিচেতনা মহাগ্রন্থকা যোকে বাজের প্রবর্তন করে গেছেন মাহাগ্রন্থকাপে অবতরণ করে ভগবান জীকৃষ্ণ যে সংকীর্তন যজের প্রবর্তন করেবন, সেই কথা জীমন্তাগরতে (১১/৫/৩২) বলা হয়েছে—

कृश्ववर्गः वियाकृष्यः मात्राभावाञ्चभार्यमम् । योख्यः मःकीर्जनशारमधान्ति वि मूरमधमः ॥

"এই কলিয়ুগে যথেষ্ট বুদ্ধিয়ন্তা-সম্পন্ন মনীষিবা সংকীর্তন যন্তের দ্বারা পার্কদযুক্ত ভগবান শ্রীশৌরহরির আবাধনা করবেন।" বৈদিক শান্তে আর যে সমস্ত যাগয়ন্তের কথা বলা হয়েছে, সেগুলির অনুষ্ঠান করা এই কলিয়ুগে সম্ভব নর, কিন্তু সংকীর্তন যন্ত এত সহক্ত ও উচ্চক্তবের যে, সকল উদ্দেশ্য অনায়াসে যে কেউ এই যন্ত অনুষ্ঠান করতে পারে এবং ভগবদ্গীতায়ত (১/১৪) তা প্রতিপন্ন হয়েছে।

শ্লোক ১১

দেবান্ ভাবয়তানেন তে দেবা ভাবয়স্ত বং । প্রস্পারং ভাবয়স্তঃ শ্রেয়ঃ প্রম্বাক্যাথ ॥ ১১ ॥ দেবান্—দেবতারা, ভাবরতা—সম্ভন্ত হরে, অনেন—এই যজের দ্বারা, তে—সেই, দেবাঃ—দেবতারা, ভাবরন্ত প্রীতি সাধন করবেন, বঃ—তোমাদের, পরস্পর্ম পরস্পর, ভাবরন্তঃ -প্রীতি সাধন করে, শ্রের:—মঙ্গল, পরম্—পবম, অবাঞ্চাও—লাভ করবে।

গীতার গান
অধিকারী দেবগণ যজের প্রভাবে ।
যজ্ঞ অনুষ্ঠান দেখি সবে প্রীত হবে ॥
পরস্পর প্রীতিভাব হলে সম্পাদন ।
ভোগের সামগ্রী শ্রেষ নহে অন্টন ॥

অনুবাদ

তোমাদের যন্তা অনুষ্ঠানে প্রীত হয়ে দেবতারা তোমাদের প্রীতি সাধন করবেন।
এভাবেই পরস্পারের প্রীতি সম্পাদন করার মাধ্যমে তোমরা পরম মঙ্গল পাড়
করবে।

তাৎপর্য

৬০বাদ। জড় জগতের দেখাশোলার ভার নান্ত করেছেন বিভিন্ন দেব-দেবীর উপর
এই জড় জগতের প্রতিটি জীবের জীবন ধারণের জন্য আলো, বাতাস, জল আদির
প্রয়োজনীয়তা অপরিহার্য। ভগবান তাই এই সমন্ত অকাতরে দান করেছেন এবং
এই সমন্ত বিভিন্ন শন্তির তদ্বাবহান করার ভার তিনি দিয়েছেন বিভিন্ন দেব-দেবীর
উপর, যারা হচ্ছেন তাঁর দেহের বিভিন্ন অংশস্বরূপ এই সমন্ত দেব-দেবীর প্রসায়তা
ও অপ্রসম্ভতা নির্ভর করে মানুষের যজ্ঞ অনুষ্ঠান করার উপর। ভিন্ন ভিন্ন যজ্ঞ
ভিন্ন ভিন্ন দেব-দেবীর তৃষ্টি সাধনের জন্য অনুষ্ঠিত হয়, কিন্তু তা হলেও সমন্ত
সক্তের মন্তপ্রতি এবং পরস ভোক্তার্রাপে শ্রীবিষ্ণুর আরোধনা করা হয়
ভারতপ্রসান্ন তাই মন্তপ্রতির চরম তৃষ্টিবিধান করাই হচ্ছে সমন্ত যজ্ঞের প্রধান
ভারতপ্রসান্ন তাই মন্তপ্রতির চরম তৃষ্টিবিধান করাই হচ্ছে সমন্ত যজ্ঞের প্রধান
ভারতগ্রান এই সমন্ত মন্তন্তির বিভা সূচাককাপে অনুষ্ঠিত হয়, তথ্যন বিভিন্ন বিভাগীয়
প্রধান দেব-দেবীরা সন্তন্ত হয়ে প্রচুর পরিমাণে প্রাকৃতিক ঐপর্য দান করেন এবং
মানুষের তথ্যন আর জেন অভাব স্বাক্তি না।

এভাবে যজ্ঞ অনুষ্ঠান করলে ধন ঐশ্বর্য লাভ হয় ঠিকই, কিন্তু এই লাভগুলি ফ্রেন্ডের মুখ্য উদ্দেশ্য নয়। বড়েন্তর মুখ্য উদ্দেশ্য হচেছ জড় বন্ধন থেকে মুক্ত হওয়া

শ্লোক ১২ী

যজ্ঞপতি বিষ্ণু যখন প্রীত হন, তখন তিনি জীবকে মারার বন্ধন থেকে মৃক্ত করেন।
যজ্ঞ অনুষ্ঠানের ফলে সব রক্ষমের কার্যকলাপ পরিশুদ্ধ হয়, তাই বেদে বলা
হয়েছে—আহার ডক্টো সত্ত জিঃ সত্ত জেনী জ্বনা স্মৃতিঃ স্মৃতিলন্তে সর্বপ্রস্থীনাং
বিপ্রমোক্ষঃ যজ্ঞ অনুষ্ঠান করার ফলে খাদ্যসমন্ত্রী ৬% হয় এবং তা আহার করার
ফলে জীবের সন্ত্রা শুদ্ধ হয় সন্তা শুদ্ধ হবার ফলে স্মৃতি শুদ্ধ হয় এবং তখন
সে মোন্ধ লাভের পথ খুঁজে পায়। এতাবেই জীবের চেতনা কল্বমৃক্ত হয়ে
কৃষ্ণভাবনার পথে অগ্রসর হয় এই শুদ্ধ চেতনা সূপ্ত হয়ে গেছে বলেই আল্লাকেব
জগৎ এই রক্ষম কিন্তান্ত হয়ে পড়েছে।

রোক ১২

ইন্তান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যক্তভাবিতাঃ। তৈৰ্দন্তানপ্ৰদায়ৈভোৱা যো ভূঙ্তে তেনে এব সং ॥ ১২ ॥

ইউনি—বাঞ্জি: জোগান—ভোগ্যবস্তু: হি—অবশ্যই, বঃ—ভোমানের, দেবাঃ— দেবতারা, দাস্ত্তে—দান করবেন, যায়স্তাবিত্তাঃ—যাত অনুষ্ঠানের ফলে সন্তুট হরে, ভৈঃ—তাঁদের দ্বারা, দত্তান্—প্রদত্ত বস্তুসকল; অপ্রদায়—নিবেনন না করে, এজঃ —দেবতাদেরকে; যাঃ—যে, ভূজ্তে—ভোগ করে, তেনঃ—চোর, এব—অবশাই, সং—সে,

গীতার গান যজ্ঞেতে সন্তুষ্ট হয়ে অভীষ্ট যে ভোগ । দেবতারা দেয় সব প্রচুর প্রয়োগ ॥ সেই দত্ত অম ফাহা দেবতারা দেয় । ভাঁহাদের না দিয়া খায় চোর সেই হয় ॥

অনুবাদ

যজের ফলে সম্ভন্ত হয়ে দেবতারা তোমাদের বাঞ্ছিত ভোগাবস্ত প্রদান করবেন। কিন্তু দেবতাদের প্রদন্ত বস্তু তাঁদের নিবেদন না করে যে ভোগ করে, সে নিশ্চয়ই চোর

তাৎপর্য

জীবের জীবন ধারণ করার জন্য যা কিছু প্রয়োজন, তা সবই ভগবান শ্রীবিষ্ণুর নির্দেশ অনুসারে বিভিন্ন দেব দেবীবা সরববাহ করছেন। তাই, যঞ্জ অনুষ্ঠান করে

কর্মযোগ

আমানের বোঝ। উচিত বে, মনুষা-সমাজে যা কিছু প্রয়োজন, তা সবই আসাছে ভগবানের প্রতিনিধি বিভিন্ন দেব-দেবীদের কাছ থেকে । কোন কিছু তৈরি করার ক্ষরত। আয়াদের নেই। যেমন, মানব-সমাজের নিত্য প্রয়োজনীয় খাদ্য— ফল-মুল, শাক-সবজি, দুধ, চিনি, এগুলির কোনটাই আমরা তৈরি করতে পারি নাং তেমনই আবের, নিভা প্রয়োগ্রনীয় জিনিসগুলি—যেখন উত্তাপ, আলো বাডাস, প্রলা আদিও কেউ তৈরি কষ্ণতে পারে না। ভগবানের ইচ্ছার ফলেই সূর্য কিরণ লান করে, চন্দ্র ভেলাংকা বিশুর্ব করে, বায় প্রবাহিত হয়, বৃষ্টির ধারায় ধরশী রসসিক্ত হয় এগুলি ছাণ্ডা কেউই বাঁচতে পারে না। এডাবেই আমরা দেখতে পাই, আমাদের জীকা ধারণ করাব জন্য যা কিছু প্রয়োজন, তা সবই ভগবান আমাদের নিচেন। এমন কি, কলকারখানার আমরা বে সমস্ত জিনিস বাদাছি, তাও তৈবি ২ডে ভগবানেরই দেওয়া বিভিন্ন ধাতু, গদ্ধক, পারদ, ম্যাঙ্গানীজ আদি প্রয়োজনীয় ভপাদানগুলি দিয়ে। আমাদের অগোচরে ভগবান আমাদের সমস্ত প্রয়োজনগুলি মিটিয়ে দিয়েছেন, যাতে আমরা আত্ম উপলব্ধির জন্য স্বচ্ছল জীবন যাপন করে জীবনের প্রম লক্ষ্যে পরিচালিত হতে পারি, অর্থাৎ যাকে বলা হয় জড-জাগতিক জীবন সংগ্রাম থেকে চিরতারে মৃক্তি। জীবনের এই উদ্দেশ্য সাধিও হয় যজ এনুষ্ঠান করার মাধ্যমে। আমরা ধদি জীবনের উদ্দেশ্য ভূলে গিয়ে ভগবানের দেওয়া সম্পদগুলি কেবল ইন্দ্রিয়সুখ ভোগের জন্য ব্যবহার করি এবং তার বিনিময়ে ক্রাব্যনকে এবং তার প্রতিনিধিদের কিছুই না দিই, তবে তা চুরি করারই সামিল

(割本 28]

এবং তা যদি আমরা করি, তা হলে প্রকৃতিন আইনে আমাদের শাস্ত্রিতাগ করতেই হবে যে সমাজ চোরের সমাজ, তা কখনই সুখী হতে পারে না, কেন না তাদের জীবনেব কোন উদ্দেশ্য নেই স্থুল জড়বাদী যে সমাজ চোরের। ভগবানের সম্পন চুরি করে জড় জগৎকে ভোগ করতে উন্মান্ত, তাদের জীবনের কোন উদ্দেশ্য নেই। তাদের একমাত্র বাসনা হচ্ছে জড় ইন্দ্রিয়সুখ ভোগ করা, যল্ল করে কিভাবে ভগবানের ইন্দ্রিয়াকে তুষ্ট করতে হয়, তা তারা জানে না। প্রীচেতনা মহাপ্রভু সব চাইতে সহজ যজ্ঞ—সংকীতন যজ্ঞেব প্রবর্তন করে গেছেন। এই যজ্ঞ থে কেউ অনুষ্ঠান করতে পারে এবং তার ফলে কৃষ্ণভাবনার অমৃত পান করতে পারে।

প্লোক ১৩

যজনিস্টাশিনঃ সন্তো মূচ্যন্তে সর্বকিন্দিরীয়ঃ । ভূঞাতে তে মুখং পাপা যে পচন্ত্যামূকরেণাং ॥ ১৩ ॥

গীতার গান

যজের সাধন করি আর যেবা খায় । মুক্তির পথেতে চলে পাপ নাহি হয় ॥ আর যেবা আর পাক নিজ স্বার্থে করে । পাপের বোঝা ফ্রন্মে বাড়ে দুঃখভোগ তরে ॥

অনুবাদ

ভগবন্তন্তেরা সমস্ত পাগ থেকে মুক্ত হন, কারণ তাঁরা বজাবশিষ্ট জন্মদি প্রহণ করেন। যারা কেবল হার্থপর হয়ে নিজেদের ইক্রিয়ের তৃপ্তির জন্য জন্মদি পাক করে, তারা কেবল পাগই ভোজন করে।

ভাৎপর্য

থে ভগবন্তুক্ত কৃষ্ণভাবনামৃত পান করেছেন, তাঁকে বলা হয় সন্ত। তিনি সব সময় ভগবানের চিন্তায় মথ্য। *বৃক্ষসংহিতাতে* (৫/৩৮) তার বর্ণনা করে বলা হয়েছে— প্রেমাঞ্জনজুরিতভক্তিবিলোচনেন সন্তঃ সদৈব হদযেষু বিলোকয়ন্তি যেহেওু সন্তগণ পদাসর্বদাই পরম প্রবোদ্ধয় ভগবান গোবিন্দ (আনন্দ প্রদানকারী), অথবা মুকুন্দ (মুভিদাতা) অথবা প্রীকৃষ্ণ (সর্বাক্তর্যক পুরুষ)-এর প্রেমে মগ্ন থাকেন, সেই জন্য ইবা ভগবানকে প্রথমে অর্পণ না করে কোন কিছুই গ্রহণ করেন না তাই, এই ববনের ভক্তেরা প্রবণ, কীর্তন, স্মরণ, অন্দি আদি বিবিধ ভক্তির অস্কের দ্বাধা সর্বক্ষণই মন্দ্রে অনুষ্ঠান করছেন এবং এই সমন্ত অনুষ্ঠানের ফলে তাঁরা কখনই জভ জগতের কন্মবভার দ্বারা প্রভাবিত হন না। অন্য সমন্ত লোকেরা, মারা আত্মতৃত্তির জন্য নানা রকম উপাদের খাদা প্রস্তুত করে থার, শাস্ত্রে হাদের চোর বলে গণ্য করা কথনই অবং তাদের সেই খাদোর সক্ষে সঙ্গে তারা প্রতি গ্রাসে গ্রাসে পাপও গ্রহণ করে। যে মানুষ চোর ও পাপী সে কি করে সুখী হতে পারেং তা কখনই সত্তন নয়। তাই, সর্বতোভাবে সুখী হবার জন্য তাদের কৃষ্ণভাবনায় উথুন্ধ হয়ে সংক্ষীতন গ্রম্ভ করার শিক্ষা গ্রহণ করতে হবে। তা না হলে, এই পৃথিবীতে সুখ ও লান্তি লাভের কোন আশাই নেই।

শ্লোক ১৪

অন্নাদ্ ভবত্তি ভূতানি পর্জন্যাদরসম্ভবঃ । যজ্ঞাদ্ ভবতি পর্জন্যো যজ্ঞঃ কর্মসমুভবঃ ॥ ১৪ ॥

সন্ত্রাৎ—অন্ন থেকে; ভবন্তি—উৎপন্ন হয়, ভূতানি—উড় দেহ, পর্জনাৎ—বৃষ্টি পেকে, অন্ন—অন্ন; সম্ভবঃ—উৎপন্ন হয় যজাৎ—যজ থেকে; ভবতি—সড়ব হয়, পর্জনাঃ—বৃষ্টি, যজাঃ—যঞ্জ অনুষ্ঠান, কর্ম—শাস্ত্রোক কর্ম; সমুদ্ধবঃ—উড়ব হয়

গীতার গান

আর খেরে জীব বাঁচে আর যে জীবন।
সেই জর উৎপাদনে বৃষ্টি যে কারণ ।
সেই বৃষ্টি হয় যদি যক্ত কার্যে হয়।
সেই মঞ্জ সাধা হয় কর্মের কারণ।

অনুবাদ

মল খেরে প্রাণীপণ জীবন বারণ করে। বৃষ্টি হওয়ার ফলে অর উৎপর হয় মল্র অনুষ্ঠান করার ফলে বৃষ্টি উৎপর হয় এবং শান্ত্রোক্ত কর্ম থেকে যজ্ঞ উৎপর হয়।

(制本 54)

তাৎপর্য

প্রীল বলদেব বিদ্যাভূষণ ভগবদগীতার ভাষো লিখেছেন —যে ইস্তাদ্যস্পতমাবস্থিতং যজ্ঞং সর্পেশ্বরং বিষ্ণুমভার্চ্য তচ্ছেষমগ্রন্তি তেন ডক্ষেহযাত্তাং সম্পাদয়ন্তি তে সস্তঃ मर्राभव्या वस्त्रभूक्यमा ७ साः मर्वाके निर्देशस्य वापिकानवितृहे स्वासान् छ व প্রতিবন্ধকৈনিখিলৈঃ পাপৈবিমূচ্যপ্তে পরমেশ্বব ভগবান হচ্ছেন মন্তপুক্রম, অর্বাৎ সমস্ত যজেব ভোক্তা হচ্ছেন তিনিই তিনি হচ্ছেন সমস্ত দেব-দেবীরও ঈশ্বর। দেহের অঙ্গ-প্রতান্ধ যেমন সাবা দেহের সেবা করে. ভগবানের অঙ্গস্থরূপ বিভিন্ন দেব-দেবীরাও তেমন ভগবানের সেবা করেন। ইন্দ্র, চন্দ্র, বরুণ আদি দেবতাদের ভগবান নিযুক্ত করেছেন জড় জগৎকে সৃষ্ঠভাবে পরিচালনা করার জনা এবং *বেলে* নির্দেশ দেওয়া হয়েছে, কিভাবে যঞ করার মাধ্যমে এই সমস্ত দেবতাদের সঞ্জষ্ট করা गায়। এভাবে সম্বন্ধ হলে তাঁকা আপো, বাতাস, ভল আদি দান করেন, যার ফন্সে প্রচর পরিমাণে ফসল উৎপন্ন হয়। ভগবনে শ্রীকৃষ্ণের আরাধনা করা হলে ভগবানের অংশ-বিশেষ দেব-দেবীরাও সেই সঙ্গে পুভিত হন, তাই তাদের আর আলাদা করে পূজা করায় কোন প্রয়োজন হয় ন। এই করেনে, ক্রডোকাময় ভগবানের ডাক্তেরা ভগবানকৈ সমস্ত খাদ্যক্রক্য নিবেদন করে তারপর ৩) গ্রহণ তার ফলে দেহ চিমায়ত্ব প্রাপ্ত হয়। এভাবে খাদা গ্রহণ কনার ফলে শুধু যে দেহের মধ্যে সঞ্চিত বিগত সমস্ত পাপ কর্মণল নষ্ট হয়ে যায়। তাই নয় জড়া প্রকৃতির সকল কলুব থেকেও দেহ বিমৃক্ত হয়। যথন কোন সংক্রামক নাধি মহামারীরূপে ছড়িয়ে পড়ে, তখন রোগ-গুড়িবেধক টীকা নিলে মানুষ তা থেকে রক্ষা পার। সেই রকম, ভগবান বিষ্ণুকে অর্পণ করার পরে সেই আহার্য প্রসাদরূপে গ্রহণ করদে জাগতিক কলুষতার প্রভাব থেকে যথেষ্ট রক্ষা গাওয়া যার এবং খাঁরা এভাবে অনুশীলন কবেন, তাঁদেব ভগবস্তুক্ত বলা হয়। তাই, কৃষকভাবনাময় ব্যক্তি, যিনি কেবল কৃষ্ণপ্রসাদ গ্রহণ করে জীবন ধারণ করেন, তিনি বিগত ভড সংক্রমণগুলিকে প্রতিরোধ করতে পারেন এবং এই সংক্রমণগুলি আরু উপলব্ধির উন্নতির পথে বাধাস্বরূপ। পক্ষান্তরে যে ভগবানকে নিবেদন না করে কেবল নিজের ইন্দ্রিযত্তপ্তি লাভের জন্য খাদ্য গ্রহণ করে, তার পাপের বোঝা বাভতে খাকে এবং তার মনোবৃত্তি অনুসারে দে পরবর্তী জীবনে শৃকর ও কুকুরের মতো নিকৃষ্ট পশুদেহ ধারণ করে, যাতে সমস্ত পাপকর্মের ফল ভোগ করতে পারে। এই জড় জনৎ কল্যভাপূর্ণ, কিন্তু কৃষ্ণপ্রসাদ গ্রহণ করলে সে কল্যখুক্ত হয় এবং সে ভার ভদ্ব সতায় অধিষ্ঠিত হয়। ভাই যে তা করে না, সে ভব-রোগের কলুযভার দারা আক্রান্ত হয়ে মন্ত্রণা ভোগ করে।

বাদ্য-শসা, শকে-সবজি, ফল ফুলই হচ্ছে মানুষের প্রকৃত আহার্য, আর পশুরা মানুষের উচ্ছিট ও ঘান পাতা খেয়ে জীবন ধারণ করে। যে সমস্ত মানুষ আমিব আহার করে, তাদেরও প্রকৃতপক্ষে গাছপালার উপরই নির্ভর করতে হয়, কারণ যে পত্যাংস তারা আহার করে, সেই পশুওলি শাছপালা ও অন্যান্য উদ্ভিদের দারাই পূট। এভাবেই অম্মরা বুঝাতে পারি যে প্রকৃতির দান মাঠের ফসলেব উপর নির্ভর করেই আমরা প্রকৃতপক্ষে জীবন ধারণ করি, বছ বছ কলকারখানায় তৈরি জিনিসের উপরে নির্ভর করে নয় আকাশ থেকে বৃষ্টি থবার ফলে ক্ষেতে ফসল হয়। এই বৃষ্টি নিয়মুণ করেন ইন্দ্র, চন্দ্র, সূর্য আদি দেবতারা এরা সকসেই হচ্ছেন ভগবানের আঝাবারের ভূতা। তাই, যজ্ঞ কার, তা বানকে তুটী করলেই তার ভূতোরাও তুটী হন এবং তারা তখন সমস্ত অভাব মোচন করেন। এই যুগোর জন্য নির্ধারিত যাল হচ্ছে সংকীর্তন যাল, তাই অন্তর্ভপক্ষে খাদা সরবরাহের অভাব-অনটন থেকে রহাই পেতে গেলে, সকলেরই কর্তবা হচ্ছে এই ফল অনুষ্ঠান করা। এই সংকীর্তন যাল করলে মানুষের খাওয়া-পরার আর কোন অভাব বাকবে না।

শ্লোক ১৫

কর্ম ব্রক্ষোন্তবং বিদ্ধি ব্রক্ষাক্ষরসমূত্তবম্ । স্কুশাৎ সর্বগতং ব্রক্ষ নিত্যং যক্তে প্রতিষ্ঠিতম্ ॥ ১৫ ॥

কর্ম—কর্ম; ব্রহ্ম—বেদ থেকে, উদ্ভবম্—উদ্ধৃত, বিদ্ধি—জানবে, ব্রহ্ম—বেদ, ব্রহ্ম—পরপ্রহা (পরমেশ্বর ভগবান) থেকে, সমৃদ্ধবম্—সমাকরূপে উদ্ধৃত, ভদ্মাৎ—শুতএব, সর্বস্বতম্—পর্বব্যাপক; ব্রহ্ম—ব্রহ্ম, নিত্যম্—নিতা, যান্তা—যান্তে, প্রতিষ্ঠিতম্—প্রতিষ্ঠিত।

গীতার গান

কর্ম বাহা বেদবাণী নহে মনোধর্ম। বেদবাণী ভগবদুক্তি অক্ষরের কারণ ॥ অতথ্যব কর্ম হয় ঈশ্বরসাধনা। সর্বগত ব্রহ্মনিত্য যজ্ঞেতে স্থাপনা॥

(割本 26)

অনুবাদ

যজাদি কর্ম বেদ থেকে উদ্ধৃত হয়েছে এবং বেদ অব্দর বা পরমেশ্বর ভগবান থেকে প্রকাশিত হয়েছে অতএব সর্বব্যাপক ক্রন্ম সর্বদা যজে প্রতিষ্ঠিত আছেন।

তাংপর্য

যজার্থাও কর্যাঃ অর্থাৎ ভগবান ত্রীকৃষ্ণকে তুষ্ট করার জনাই যে কর্ম করা প্রয়োজন, সেই কথা এই শ্লোকটিতে স্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে। যঞ্জপুরুষ শ্রীবিষ্ণুর সভান্তির জনাই যখন আমাদের কর্ম করতে হয়, তখন আমাদের কর্তবা হচেছ *বেদের* নির্দেশ অনুসারে সমস্ত কর্ম সাধন করা বেদে সমস্ত কর্মপদ্ধতির বর্ণনা করা ছয়েছে। যে কর্ম *বেদে* অনুমোদিত হয়নি, তাকে বলা হয় বিকর্ম বা পাপকর্ম। ডাই, বেদের নির্দেশ অনুসারে সমস্ত কর্ম করাটাই হচ্ছে বৃদ্ধিমানের কান্ধ, ভাওে কর্মঞ্চলের বছন থেকে মুক্ত থাকা যায় ৷ সাধারণ অবস্থায় বেমন মানুষকে রাষ্ট্রের নির্দেশ অনুসারে চলতে হয়, তেমনই ভগবাদের নির্দেশে তাঁর পরম রাষ্ট্রবাবস্থায় পরিচালিত হওয়াই মানুষের কর্তব্য কেনের সমস্ত নির্দেশগুলি সবাসরি ভগবানের নিঃশ্বাস থেকে উদ্ভুত হয়েছে তাতে বলা হয়েছে—*অসা মহতো ভূওসা* निश्चत्रितास्त्रकः यम् अरथरमा यक्तर्यमः भागरतरमार्थ्यसम्बद्धाः। "अरथमः सक्तर्यमः *সামবেদ ও অথর্কবেদ*—এই সব কয়টি *বেনই* ভগবানের নিঃশ্বাস থেকে উদ্রভ হয়েছে " (বহুদার্যণাক উপনিষদ ৪/৫/১১) ভগবান সর্বশক্তিমান, তিনি নিংশাদের দারাও কথা বলতে পারেন - ব্রঞ্চসংহিতাতে বলা হয়েছে, সর্ব শক্তিমান ভগবান তাঁর যে কোন ইন্দ্রিমের হারা সধ কয়টি ইন্ধ্রিমের কাজ করতে পারেন। অর্থাৎ ভাগান ভার নিম্বোদের থানা কথা কথতে পানেন, ভার দৃষ্টির দ্বারা গর্ভসঞ্চার করতে পারেন প্রকতপক্ষে, ভগবান জড়া প্রকৃতির প্রতি দৃষ্টিপাত করেন এবং তার ফলে সমস্ত বিশ্ব-চরাচরে প্রাণের সঞ্চার হয়, জড়া প্রকৃতির গর্ভে জীব সৃষ্টি করার পর এই সমস্ত বন্ধ জীবেরা যাতে জড় বন্ধন থেকে মুক্ত হয়ে তাঁর কাছে ফিরে আসতে পারে, সেই জনাই তিনি বৈদিক জ্ঞান দান করেন। আমাদের মনে রাখা উচিত, এই জন্ত স্থাগতে প্রতিটি বদ্ধ জীবই জড় সুখভোগ করতে চায়। কিন্তু বৈদিক নির্দেশাবলী এমনভাবে বচিত হয়েছে যে, আমরা যেন আমাদের বিকৃত বাসনাগুলিকে পরিতৃপ্ত করতে পারি, তারপর তথাকথিত সুখভোগ পরিসমাপ্ত করে ভগবং-ধামে ফিবে সেঁতে পারি। জড় জগতের দুঃখময় বন্ধন থেকে মুক্ত হবার জন্য ভগবান জীবকে এডাবে করণা করেছেন। তাই, প্রতিটি জীবের কর্তব্য হচ্ছে

কৃষ্ণভাবনায় উদ্বন্ধ হয়ে সংকীর্তন যজ করা। যারা বৈদিক নির্দেশ অনুসারে জীবন যাপন করতে পারে না, তারা যদি কৃষ্ণচেতনা বা কৃষ্ণভক্তি লাভ করতে পারে, এবে তারাও বৈদিক যজের সমস্ত সুফলগুলি প্রাপ্ত হয়

শ্লোক ১৬

এবং প্রবর্তিতং চক্রং নানুবর্তয়তীহ যঃ। অঘায়ুরিক্রিয়ারামো মোঘং পার্থ স জীবতি ॥ ১৬ ॥

এবম্—এই প্রকারে, প্রবর্তিভম্—বেদের দ্বারা প্রতিষ্ঠিত; চক্রম্—১জ; ন—করে না, অনুবর্তরতি—গ্রহণ, ইহ—এই জীবনে, দ্বঃ—থিনি, অদ্বায়ুঃ—পাপপূর্ণ জীবনং ইন্সিরারামঃ—ইন্সিয়াসন্ত, মোদম্—বৃধা, পার্থ—হে পৃথাপূত্র (অর্জুন); সঃ—সেই ক্রিড় জীবতি—জীবন ধারণ করে।

গীতার গান

সেই সে বন্ধের চক্র আছে প্রবর্তিত । সে চক্রে যে নাহি হয় বিশেষ বর্তিত । পাপের জীবন তার অতি ভয়ঙ্কর । ইন্দ্রির প্রীতরে করে পাপ পরস্পর ॥

অনুবাদ

হে অর্জুন। শে ব্যক্তি এই জীবনে বেদের দারা প্রতিষ্ঠিত যত অনুষ্ঠানের পস্থা অনুসরণ করে না, সেই ইন্সিরসৃত্ধ-পরায়ণ পাণী ব্যক্তি বৃথা জীবন ধারণ করে।

ভাৎপর্য

বৈষয়িক জীবন দর্শন অনুযায়ী, অক্লান্ত পরিশ্রমের দ্বারা অর্থ উপার্জন করে ইন্দ্রিরসুখ ভোগ করার যে অর্থহীন প্রচেষ্টা, তা অতি ভয়ংকর পাপের জীবন বলে ভগবান ভা পরিত্যাগ করতে নির্দেশ দিয়েছেন তাই, যারা জভ জাগতিক সুখন্তোগ করতে চার, ভালের এই সমস্ত যজ অনুষ্ঠান করা অবশ্য কর্তব্য। যারা তা করে না, তারা অতান্ত জ্বখনা জীবন যাপন করণছ, কারণ তাদেব পাপের বোখা ক্রমশই বেছে চলোহে এবং তারা ক্রমশই অধংপতিত হচছে। প্রকৃতির নিয়মে এই মনুব্য-জীবন পাওয়ার বিশেষ উদ্দেশা হচ্ছে কর্মযোগ, জ্ঞানযোগ ও ভতিযোগের মধ্যে

(4)(本 (2)

পূর্বজ্ঞানে ভগবানে ভক্তির করে যেই । আত্মতৃপ্ত আত্মজ্ঞানী ভূ<u>ত্রিত উ</u>ট আত্মাতেই ॥

অনুবাদ

কিন্তু যে ব্যক্তি আত্মাতেই প্রীত, আত্মাতেই তৃপ্ত 🗪 এবং আত্মাতেই সভষ্ট, ঠার কোন কর্তব্যকর্ম নেই।

তাৎপর্য

যিনি সম্পূর্ণভাবে কৃষ্ণভাবনাময় এবং কৃষ্ণসেবাস্থানায়ে যিনি সম্পূর্ণভাবে মধ্য, তাঁর অনা কোন কর্তব্য নেই। কৃষ্ণভাতি লাভ করার ফলেক্ত্রান্তানেও যে ফল লাভ করা যায় না, কৃষ্ণভাতির প্রভাবে হাজার বাজার হাজার প্রভাবে চেতনা ওজা হলে জীব পরমোধ্যেরের সঙ্গে তাঁর নিত্যকালের সম্পার্কাশিক্তি ই করতে পারেন তখন ভগবানের কৃপায় তাঁর কর্তবাক্রম খারং প্রানাক্রা হিন্তর মধ্যে আবদ্ধ থাকেন না। এই বিদিক নির্দেশ অনুসারে কর্তবাক্র জড় বিবয়াসন্তি থাকাক্রাক্র না এবং কামিনী-কাঞ্চনের প্রতি তাঁর জার কোন মেহে থাকে লা।

গ্লোক ১৮-৩টিস

নৈব তস্য কৃতেনার্থো নাকৃত্যে তেনেহ কশ্চন । ন চাস্য সর্বভৃতেষু কশ্চিদর্থককিবিস্পাঞ্জয়ঃ ॥ ১৮ ॥

ন—নেই. এব—অবগাই, তদা—তার, ক্তেন——কর্তব্যকর্ম অনুষ্ঠানের দ্বারা, অর্থঃ
—প্রয়োজন, ন—নেই, অকৃতেন—কর্তব্যক্রম্যানের না করলেও; ইছ—এই জগতে,
কল্চন—কোন কারণ, ন—নেই, চ—ও; অস্যান্ত সাল্ডার্য়া —এর, সর্বভূতেনু সমস্ত প্রাণীর
মধ্যে, কল্চিং—কেউই, অর্থ—প্রয়োজন, ব্যক্তার্ত সাল্ডায়া—আশ্বর প্রহণ

গীতার গালা বিন অর্থানর্থ বিচারাদি আত্মকু হুপ্ত নহে। কর্তব্যাকর্তব্য ধাহা কিছু হু বেদশান্ত্র কহে।

একটিতে অবলম্বন করে আদা-উপঙ্গন্ধি করা , পাপ-পূপোব অতীত প্রমার্থবাদীদের কঠোরভাবে শাস্ত্রোক্ত যজ্ঞ অনুষ্ঠান করার কোন আবশাকতা নেই, কিন্তু যারা ভড় বিষয়ভোগে লিপ্ত, তাদের এই সমস্ত যজ্ঞ করার মাধ্যমে পরিত হওয়া প্রয়োজন। মানুয নানা, ধরনের কর্মে ধিপ্র থাকতে পারে। কিন্তু ভগবানের সেবায় কর্ম না করা হলে সমস্ত কর্মই সাধিত হয় ইন্দ্রিয়-তৃপ্তির জন্য, তাই পুণাকর্ম করে তানের প্যপের ভার লাঘষ করতে হয়। যে সমস্ত মানুধ কামন্য বাসনরে বন্ধনে আবদ্ধ, তারা ইন্দ্রিয়সুখ ভোগ করতে চায় ভগবান শ্রীকৃষ্ণ তাই তাদের জ্বন্য যঞ্জের প্রবর্তন করেছেন থাতে তারা ডাদের আকাল্ফিড ইন্দ্রিয়সুথ ভোগ করতে পারে, অথচ সেই কর্মফলের বন্ধনে আবন্ধ না হয়ে পড়ে। এই জগতের উরতি আনাদের প্রচেষ্টার উপর নির্ভর করে না, তা নির্ভর করে অলকে ভগবানের ব্যবস্থাপনা অর্থাৎ তাঁর আজ্ঞাবাহক দেব দেবীর উপর তাই বেদের নির্দেশ অনুসারে যান্ত করে দেব-দেবীদের তুষ্ট করা হলে পৃথিবীর সর্বাঙ্গীণ উন্নতি সাধিত হয় ৷ আপাতদৃষ্টিতে মনে হয় যে, বিভিগ্ন দেব-দেবীদের তুষ্ট করার জন। যঞের অনুষ্ঠান করা হয়, থিন্ত প্রকৃতপাক্ষে যন্ত্র-অনুসাম করার উদ্দেশ। হচেছ, ভগবান শ্রীকৃষ্ণকে ভুট করা এবং এভাবেই যজ্ঞ অনুষ্ঠান করতে করতে ^{ক্রা}কের এগুরে কৃষ্ণভক্তির বিকাশ হয়। কিপ্ত যজ্ঞ অনুষ্ঠান করা সক্ষেও যদি অওরে কুম্মছাজির উদঃ না হয়, তাবে বৃঝতে হবে, তা ধেবল উদ্দেশ্যহীন নৈতিক আচার-অনুষ্ঠান হাড়া আর কিছু নয়। তাই মানুদের কর্তবা ২৮ছে, বেদের নির্দেশগুলিকে কেবল নৈতিক আচার-অনুষ্ঠানের মধ্যে সীমিও না রেখে, তার মাধ্যমে কৃষ্ণভক্তি গাভের চেন্তা করা।

শ্ৰোক ১৭

যঞ্জাত্মরতিরের স্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ । আত্মন্যের চ সম্ভুটস্তস্য কার্যং ন বিদ্যুতে ॥ ১৭ ॥

মঃ — যে, জু — কিন্তু, আবাৰতিঃ — আত্মানাম, এন – অবশাই, স্যাৎ —থাকেন, আত্মতৃপ্তঃ — আত্মতৃপ্তঃ, চ— এবং, মানবঃ — মানুৰ, আবাদি — আত্মাতে, এন — কেবল; চ— এবং, সম্ভতঃ — সম্ভতঃ তম্য তাব কাৰ্যম্ কতন্বকৰ্ম, ন— নেই, বিদ্যাত্ত — বিদ্যামন

গীতার গান আর যে বুঝিয়াছে আত্মতত্ত্বসার । কার্য কর্ম কিছু নাই করিবার তার ॥

শ্লোক ২০]

সে নহে কাহার ঋণী নিজার্থ সাধনে । সর্বস্ব হয়েছে পূর্ণ শরণ্য শরণে ॥

অনুবাদ

আখ্যানন্দ অনুভবকারী ব্যক্তির এই জগতে ধর্ম অনুষ্ঠানের কোন প্রয়োজন নেই এবং এই প্রকার কর্ম না করারও কোন কারণ নেই। তাকে অনা কোন প্রাণীর উপর নির্ভর করতেও হয় না।

তাৎপর্য

যে মানুয তাঁর করুপ উপলব্ধি করে জানতে পেরেন্ডো যে, তিনি ২৫ছন ভগবান প্রীকৃষ্ণের নিতাদাস, তিনি আর সামাজিক কর্তব্য-অকর্তবার গণ্ডিতে আবদ্ধ থাকো না কারণ, তিনি তখন বৃথতে পারেন, প্রীকৃষ্ণের সেবা করাটাই হচ্ছে একথাএ কর্তব্যকর্ম। আনেকে আবাজ্ঞান লাভ করার নাম করে কর্মবিহীন আলস্যপূর্ণ জীবন যাপন করে কিন্তু পরবর্তী প্লোকে ভগবান আমাদের বৃন্ধিয়ে দিয়েছেন, নিন্ধর্মা, অলস লোকেরা কৃষ্ণভত্তি লাভ করাতে পারে না। কারণ, কৃষ্ণভত্তি মানে হচ্ছে কৃষ্ণদেবা, প্রীকৃষ্ণের দাস্য করা, তাই কৃষ্ণভত্ত একটি মুহুর্তকেও নাই হতে দেব না। তিনি প্রতিটি মহুর্তকে ওগবানের সেবায় নিয়োজিত করেন। অন্যানা দেব-দেবীদের পূজ করটোও কর্তব্য বন্ধে ভগবানের ভক্ত মনে করেন না কারণ, তিনি জানেন, কেবল ভগবানের সেবা করনেই সকলের সেবা করা হয়।

গ্লোক ১৯

তত্মাদসক্তঃ সততং কার্যং কর্ম সমাচর । অসক্তো হ্যাচরন্ কর্ম পর্মাপ্রোতি পুরুষঃ ॥ ১৯ ॥

তন্মাৎ—অতএব, অসক্তঃ—আসক্তি রহিত হয়ে, সতত্তম্—সর্বল কার্যম্—কর্তবা, কর্ম কর্ম সমাচর অনুষ্ঠান কর, অসক্তঃ অনাসক্ত হয়ে, হি -অবশাই, আচরন্ অনুষ্ঠান ধনলে, কর্ম—কর্ম, পরম্—পরতন্ত্ব, আপ্রোতি—প্রাপ্ত হয়, পুরুষঃ —মানুষ

> গীতার গান অতএব অনাসক্ত হয়ে কার্য কর। যুক্ত বৈরাপ্য সেই তাতে হও দৃঢ়॥

অনাসক্ত কার্য করে পরম পদেতে। শোগ্য হয় ক্রমে ক্রমে সে পদ লভিতে॥

অনুবাদ

অতপ্রব, কর্মফলের প্রতি আসন্তি রহিত হয়ে কর্তব্যকর্ম সম্পাদন কর। অনাসক্ত হরে কর্ম করার ফলেই মানুষ পরতত্তকে লাভ করতে পারে।

ভাৎপর্য

নির্বিশেষবাদী জানী মুক্তি চান, কিন্তু ভক্ত কেবল পরম পুরুষ ভগবানকো চান তেই, সন্প্রকা তত্ত্বাবধানে ধনন কেউ ভগবানের সেবা করেন, তথন মানব-জীবনের পরম উৎদেশ্য সাধিত হয়। কুরুক্ষেত্রের যুগ্ধে ভগবান শ্রীকৃষ্ণ অর্জুনকে যুগ্ধ করতে কেলেন, কারণ সেটি ছিল তার ইচ্ছা। সহ কর্ম করে, অহিংসা ব্রত পাধান করে ভাল মানুষ হওয়াটিই স্বার্থপর কর্ম, কিন্তু সং-অসহ, ভাল-মান, ইচ্ছা-অনিচ্ছার বিচার না করে ভগবানের ইচ্ছা অনুসারে কর্ম করাটাই হচ্ছে কৈরাগ্য এটিই ইচ্ছে সর্বশ্রেষ্ঠ কর্ম, ভগবান নিজেই সেই উপদেশ দিয়ে গ্রেছেন।

বৈনিক আচার-অনুষ্ঠান, যাগ-যথা করার উদ্দেশ্য হচ্ছে ইন্দ্রিয় উপজোগ জনিত প্রসং কর্মের কুফল থেকে মুক্ত হওয়া কিন্তু ভগবানের সেধায় যে কর্ম সাধিত হয়, তা অপ্রাকৃত কর্ম এবং তা ওভ ও অগুভ কর্মবদ্ধানের অতীত কৃষ্যভন্ত যথন কোল কর্ম করেন, তা তিনি কার ফলা করার জন্য করেন না, তা তিনি করেন কেনপ শ্রীকৃষ্ণের সেধা করার জন্য ভগবানের সেধা করার জন্য তিনি সব রক্ম কর্ম করেন, কিন্তু সেই সমন্ত কর্ম থেকে তিনি সম্পূর্ণ নিঃম্পূহ থাকেন

শ্লোক ২০

কর্মণের হি সংসিদ্ধিমান্তিতা জনকাদয়ঃ। লোকসংগ্রহমেবাপি সংপশ্যন্ কর্তুমর্হসি ॥ ২০ ॥

কর্মণা কর্মের দ্বারা, এক কেবল, ছি অবশাই, সংসিদ্ধিম—সিদ্ধি, আন্থিতাঃ— শ্রন্ত হরেছিলেন, জনকাদয়ঃ—জনক আদি বাজারা, লোকসংগ্রহম—জনসাধাবণুকে শিক্ষা দেওয়াব জনা; এব অপি—ও, সংপশ্যন্ –বিধেচনা করে, কর্তুম্—কর্ম কবা, অর্হসি—উচিত। গীতার গান জনকাদি মহাজন কর্ম সাধ্য করি । সিদ্ধিলাভ করেছিল আপনি আচরি ॥ তুমিও সেরূপ কর লোকশিক্ষা লাগি।

অনুবাদ

লাভ নাই কিছুমাত্র মর্কট বৈরাগী 1

জনক আন্দি রাজারাও কর্ম ছারাই সংসিদ্ধি প্রাপ্ত ইয়েছিলেন। অতএব, জনসাধারণকৈ শিক্ষা দেওয়ার জন্য ডোমার কর্ম ধরা উচিত।

তাৎপর্য

জ্ঞাক রাজা আদি মহাজনেরা ছিলেন ভগবৎ-তত্ত্বানী, তাই বেদের নির্দেশ অনুসাবে ন্দা রকম যাগ-যন্ত করার কোন বাধাবাধকতা তাঁদের ছিল না কিন্তু তা সত্ত্বেও লোকশিকার জন্য তাঁরা পুঞ্জানুপূজ্জাতাবে সমস্ত বৈদিক আচার অনুষ্ঠান করতেন। ভাগে রক্তা ছিলেন সীতাদেবীর পিতা এবং হীরামচাদ্রের ৰঙর। ভগবানের অতি অন্তরঙ্গ ভক্ত হবার ফলে তিনি চিয়ায় ভরে অধিন্তিত ছিলেন, কিন্তু যেহেতু তিনি মিথিকার (ভারতবর্মের অন্তর্গত বিহার প্রদেশের একটি অঞ্চলেন) প্রায়ণ ছিলেন, ছাই তার প্রজানের শিক্ষা স্পেওয়ার জন্য তিনি শাস্থ্রোক্ত কর্মের অনুষ্ঠান করেছিলেন। তেমনই, ভগবান শ্রীকৃষ্ণ এবং তার চিবন্তন সখা অর্জুনের পক্ষে কুরুক্ষেক্তে যুক ৰসায় কোনও দরকার ছিল না, কিন্তু সদুপদেশ বার্থ হলে হিংস। অবনম্বনেরও থ্যোজন আছে, এই কথা সাধারণ মানুষকে বোঝাবার জনাই তারা যুদ্দে নেমেছিলেন কুরুক্ষেত্রের যুদ্ধেব আগে, শান্তি স্থাপন করার জন্য নালাভাবে চেষ্টা করা হয়েছিল, এমন কি ভগবান শ্রীকৃষ্ণ নিজেও বছ চেম্বা করেছিলেন, কিয় দুরাত্মারা যুদ্ধ করতেই বন্ধপরিকব। এই বক্ষ অবস্থায় বখার্থ কারণে হিংসার আশ্রম নিয়ে তাদেন উপযুক্ত শিক্ষা দেওয়াটা অবশাই কর্তব্য। বদিও কৃষ্যভাবনাময় ভগবন্তুক্তের জড় জগতের প্রতি কোন রকম স্পৃহা নেই, কিন্তু তবুও তিনি সাধারণ মানুষকে শিক্ষা দেবার জন্য কর্তব্যকর্মগুলি সম্পাদন করেন। অভিজ্ঞ কৃষ্ণভক্ত এমনভাবে কর্ম করেন, মাতে সকলে তার অনুগামী হয়ে ভগবস্তুক্তি লাভ করতে পারে, সেই কথা পরবর্তী শ্লোকে বলা হয়েছে।

শ্লোক ২১

্লাক ২১]

যদ্ যদাচরতি শ্রেষ্ঠস্তওদেবেতরো জনঃ । স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদন্বর্ততে ॥ ২১ ॥

মৎ মং—বেভাবে বেভাবে, আচরতি—আচরণ করেন, শ্রেষ্ঠঃ—শ্রেষ্ঠ ব্যক্তি, তৎ তৎ—সেই সেভাবেই, এব—অবশৃহি, ইতরঃ—সাধারণ, জনঃ—মানুষ, সঃ —তিনি, মং —মা, প্রমাণম্—গ্রমাণ, কুরুতে—স্বীকার করেন, লোকঃ—সাবা পৃথিবী, তৎ—গ্রা, অনুবর্ততে—অনুসরণ করে।

গীতার গান

শ্রেষ্ঠ ব্যক্তি বাহা করে লোকের আদর্শ।
ইতর জনতা যাহা করে হয় হর্ব ॥
শ্রেষ্ঠ ব্যক্তি যাহা কিছু প্রামাণ্য বীকারে।
তাহাঁই বীকার্য হয় প্রতি ঘরে ঘরে ॥

অনুবাদ

≝েষ্ঠ ব্যক্তি ষেডাৰে আচরণ করেন, সাধারণ মাদ্ধেরা তার অনুকরণ করে। তিনি যা প্রমাণ বলে শ্বীকার করেন, সমগ্র পৃথিবী তারই অনুসরণ করে।

তাৎপর্য

সাধানণ মানুধদের এমনই একজন নেতার প্রয়োজন হয়, যিনি নিজের আচরণের নাধামে তাদেরকে শিক্ষা দিতে পারেন। যে নেতা নিজেই ধূমপানের প্রতি আসন্ত, তিনি জনসাধারণকে ধূমপান থেকে বিরত হতে শিক্ষা দিতে পারেন না। প্রীচেতন্য মহাপ্রত্ বলেছেন, শিক্ষা দেওয়া শুরু করার আগে থেকেই শিক্ষাকের সঠিকভাবে এচরণ করা উচিত। এভাবেই যিনি শিক্ষা দেন, তাকে বলা হয় আচার্য অথবা আদর্শ শিক্ষক। তাই, জনসাধারণকে শিক্ষা দিতে হলে শিক্ষককে অবশাই শান্তের আদর্শ অনুসরণ করে চলতে হয়। কেউ যদি শান্ত বহির্ভূত মনগড়া কথা শিক্ষা দিরে শিক্ষক হতে চায়, তাতে কোন লাভ ডো হয়ই না, বরং ক্ষতি হয়। মনুসাহিতা ও এই ধরনের শান্তে ভগবান নিখুত সমাজ-ব্যবস্থা গড়ে তোলার শিক্ষা দিয়ে গেছেন এবং এই সমস্ত শান্তের নির্দেশ অনুসারে সমাজকে গড়ে তোলাই গছে মানুবের কর্তব্য। এভাবেই নেতাদের শিক্ষা এই ধরনের আদর্শ শান্ত অনুযায়ী

শ্লোক ২৩]

হওয়া উচিত। যিনি নিজেব উন্নতি কামনা করেন, তার আদর্শ নীতি অনুসরণ করা উচিত যা মহান আচার্যেরা অনুশীলন করে বাকেন। জীমন্তাগনতেও বলা হয়েছে, পূর্বতন মহাজনদের পদান্ত অনুসরণ করে জীবনযাপন করা উচিত, তা হলেই পাবমার্থিক জীবনে উন্নতি লাভ করা যায়। রাজা, রাষ্ট্রপ্রথান, পিতা ও শিক্ষক হচ্ছেন স্বাভাবিকভাবেই নিরীহ জনগণের পথপ্রদর্শক। জনসাধারণকে পরিচালনা করার মহৎ দায়িত্ব তাঁদের উপর নান্ত হয়েছে। তাই তাঁদের উচিত, শান্তের বাণী উপলব্ধি করে, শান্তের নির্দেশ অনুসারে জনসাধারণকে পরিচালিত করে, এক আদর্শ সমাজ গড়ে তোলা। এটি কোন কঠিন কাজ নয়, কিন্তু এর ফলে যে সমাজ গড়ে উঠবে, তাতে প্রতিটি মানুকের জীবন সার্থক হবে।

শ্ৰোক ২২

ন মে পার্থান্তি কর্তব্যং ত্রিযু লোকেযু কিঞ্চন । নানবাপ্তমবাপ্তব্যং বর্ত এব চ কর্মণি ॥ ২২ ॥

ন—না, মে—আমার, পার্থ—হে পৃথাপুত্র, অক্তি—আছে, কর্তব্যম্—কর্তবা, ত্রিমু—তিন, শোকেরু—জগতে, কিঞ্কন—কোন, ন—না, অনবাপ্তম্—অপ্রাপ্ত, অবাপ্তব্যম্—প্রাপ্তবা, বর্তে—ফুক্ত আছি, এব—অবগাই, চ—ও, কর্মণি— শাল্রোক্ত কর্মে।

গীতার গান

আমার কর্তব্য নাই ত্রিভূবন মাঝে । পার্থ তুমি জান কেবা সমতৃল্য আছে ॥ প্রাপ্তব্য বলিয়া কিছু কোথা নাহি মোর । তথাপি দেখহ আমি কর্তব্যে বিভার ॥

অনুবাদ

হে পাৰ্থ। এই ব্ৰিজগতে আমার কিছুই কর্তব্য নেই। আমার অপ্রাপ্ত কিছু নেই। এবং প্রাপ্তব্যও কিছু নেই। তবুও আমি কর্মে ব্যাপ্ত আছি।

ভাৎপর্য

বৈদিক শান্তে পুরুষোত্তম ভগবানের বর্ণনা করে বলা হয়েছে—

श्रीश्वतापीर श्रेत्रपर घटश्वतः
 श्र (प्वयानार श्रेत्रपर ह एपवाण्यः)
 श्रीश्री श्रीमार श्रीपर श्रीश्रीश्रीश्री ।
 विमाय एपवर क्वरनभ्यीश्रीश्रीश्र ।
 विमार क्वर्यः ह विमार ।
 विमार ।
 भ्रीमा श्रीशिविद्या द्वाराख
 श्रीशाविकी कानवनाक्रिया ह ।

কর্মধ্যেগ

ভগবান হচ্ছেন ঈশ্বনেরও পরম ঈশ্বর এবং দেবতাদেরও পরম দেবতা সকলেই তার নিয়প্রগাধীন। তিনিই সকলকে ভিন্ন ভিন্ন শক্তি দান করেন, তারা কেউ পরমেশ্বর নয়। তিনি সমস্ত দেবতাদের পূজা এবং তিনি হচ্ছেন সমস্ত পতিদের পান্য পতি। তিনি হচ্ছেন এই স্তাড় জগতের সমস্ত অধিপতি ও নির্ভার অতীত, সকলের পূজা। তার থেকে বড় আর কিছুই নেই, তিনি হচ্ছেন সূর্ব কারণের পরা কারণ।

তার দেহ সাধারণ জীবের মতো নয়। তার দেহ এবং তাঁর আত্মার মধো
ানান পার্থক্য নেই তিনি হচ্ছেন পূর্ব, তাঁর ইন্দ্রিয়ওলি অপ্রাকৃত। তাঁর প্রতিটি
তিন্দুই মে-কোন ইন্দ্রিয়ের কর্ম সাধন করতে পারে। তাই তাঁর থেকে মহৎ আর
াকত নেই, তাঁর সমকক্ষণ্ড কেউ নেই। তাঁর শক্তি অসীম ও বছমুখী, তাই তাঁর
সমস্য কর্ম সাভাবিকভাবেই সাধিত হয়ে যায়।" (মেতাশ্বতর উপনিয়দ ৬,৭-৮)

ইগবান শ্রীকৃষ্ণ ইচ্ছেন সমস্ত ঐশ্বর্যের অধীশ্বর এবং তিনিই ইচ্ছেন পরমতন্ত্ব, এই ওাঁর কোন ফর্তবা নেই। কর্মের ফল যাদের ভোগ করতে হয় তাদের জনাই কর্তবাতর্ম করার নির্দেশ দেওয়া আছে কিন্তু এই ব্রিভূখনে যাঁর কোন কিছুই ক্যা নেই, তাঁব কোন কর্তবাকর্মও নেই কিন্তু তা সপ্তেও ভগবান কুরাক্ষেব্রের ক্রান্তের উপস্থিত থেকে দুষ্টের দমন আর শিষ্টের পালন করেছেন কেন না দ্বান্তের রক্ষা করা ক্ষান্তিরের কর্তব্য। যদিও তিনি শাল্পের বিধি নির্দেশ্বর অতীত, কিন্তু তব্ও তিনি শাল্পের নির্দেশ লংখন করেন না।

শ্লোক ২৩

ষদি হাহং ন বর্তেয়ং জাতু কর্মণ্যতন্ত্রিতঃ । মম বন্ধনিবর্তমে মনুষ্যাঃ পার্থ সর্বশঃ ॥ ২৩ ॥ ২২৮

८श्रीक ५८]

যদি—যদি, হি অবশ্যই, অহম্ আমি; ন না, বর্তেয়ম্ প্রবৃত্ত হই, জাতু ক কখনও, কর্মণি -শাম্রোক্ত কর্মে, অভজ্রিতঃ—অনলস হয়ে, মম—আমার, বর্ম— পথ, অনুবর্তন্তে—অনুসরণ করবে, মনুষ্য়ঃ—সমস্ত মানুধ; পার্ম—হে পৃথাপুত্র, সর্বশঃ—সর্বতোভাবে

গীতার গান আমি যদি কর্ম ত্যজি অতক্রিত হয়ে। মম বর্ম সবে অনুগমন করয়ে॥

অনুবাদ

হে পার্থ। আমি যদি জনলস হয়ে কর্তব্যকর্মে প্রবৃত্ত না ইই, তবে আমার অনুবর্তী হয়ে সমস্ত মানুষই কর্ম ড্যাগ করবে।

তাৎপর্য

পারমার্থিক উট্টেড লাভের জনা সুশৃদ্ধান্ত সমাজ-ব্যবস্থা গড়ে তুলতে হয় এবং এভাবে সমাজকে গড়ে তোলবার জন্য প্রতিটি সভ্য মানুষকে নিরম ও শৃদ্ধালা অনুসরণ করে সুসংযত জীবন যাপন করতে হয়। এই সমস্ত নিয়মকানুনের বিধি নিবেধ কেবল বন্ধ জীবেদের জন্য, ভগবানের জন্য নয় যোহতু তিনি ধর্মনীতি প্রবর্তনের জন্য অবতরণ করেছিলেন, তাই তিনি শাস্ত্র-নিদেশিত সমস্ত বিধির অনুষ্ঠান করেছিলেন। ভগবান এখানে বলছেন, যদি তিনি এই সমস্ত বিধি নিবেধের আচবণ না করেন; তবে তার পদান্ধ অনুসরণ করে সকলেই যথেজাচারী হয়ে উঠবে। গ্রীমন্তাগ্যত থেকে আমরা জানতে পারি, এই পৃথিবীতে অবস্থান করার সময় ভগবান প্রীকৃষ্ণ ঘরে-বাইরে সর্বপ্র গৃহস্থোচিত সমস্ত ধর্মীয় আচার অনুষ্ঠান করেছিলেন

গ্ৰোক ২৪

উৎসীদেয়ুরিমে লোকা ন কুর্যাং কর্ম চেদহম্ ৷ সঙ্করস্য চ কর্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ ॥ ২৪ ॥

উৎসীদেয়:—উৎসর হবে, ইয়ে—এই সমস্ত, লোকাঃ—সমস্ত লোক, न—न।, কুর্যাম্—করি; কর্ম—শ্যস্তোক্ত কর্ম; চেৎ—যদি; অহম্ আহি, সম্করসা নর্শসন্ধনের, চ—এবং, কর্তা—কর্তা, স্যাম্—হব, উপহন্যাম্ বিনম্ভ হবে ইয়াঃ—এই সমস্ত; প্রজাঃ—জীব।

গীতার গান ফল এই হবে সবাই উচ্ছন্ন যাবে । আমার দর্শিত পথ দেখার অভাবে । বিধি আর কিছু নাহি রবে ধরাতলে । বিনষ্ট ইইবে এই প্রজারা সকলে ॥

অনুবাদ

আহি যদি কর্ম না করি, তা হলে এই সমস্ত লোক উৎসন্ন হবে। আমি বর্ণসন্ধর সৃতির কারণ হব এবং তার ফলে আমার ছারা সমস্ত প্রজা বিনষ্ট হবে।

তাংপর্য

শসিন্তর হবার ফলে অবাঞ্জিত মানুরে সমাজ ভরে ওঠে এবং তার ফলে সমাজের শাখি ও শৃত্বলা ব্যাহত হয়। এই ধরনের সামাজিক উপদ্রব রোধ করবার জন্য শংক্রে নানা রকমের বিধি-নিবেধের নির্দেশ দেওয়া আছে, যা অনুসরণ করার ফলে ্রানুষ অভাবিকভাবেই শান্তিপ্রিয় এবং সৃষ্ণু মনোভাবাপন্ন হয়ে ভগবন্তুন্তি লাভ করতে পারে। ভগবান যখন এই পৃথিবীতে অবতরণ করেন, তখন তিনি জীরের সর্বাপ্তীপ মঙ্গলা সাধনের জনা এই সমস্ত শাস্ত্রীয় বিধি-নিষ্কেধের তাৎপর্য ও তাদের ৭াও প্রয়োজনীয়তার কথা মানুষকে বৃঝিয়ে দেন। ভগবান হচ্ছেন সমস্ত জগাওের পিতা, তাই জীব যদি বিপথগামী হয়ে পথস্কট হয়, পক্ষান্তরে ভগবানই ডার জন্য ৰাণী ইন। তাই, মানুষ যখন শাস্ত্রের অনুশাসন না মেনে যথেছাচার করতে শুরু ানে, তথন ভগবান নিজে অবতবণ করে পুনরায় সমাজের শাস্তি ও শৃদ্ধালা প্রতিষ্ঠা েরেন। তেমনই আমাদের মনে রাখতে হবে, ভগবানের পদান্ক অনুসরণ করাই থামদের কর্তবা, ভগবানকে অনুকরণ কবা কোন অবস্থাতেই আমাদের উচিত নয় ৯-১৯বৰ করা আর অনুকরণ করা এক পর্যায়ভুক্ত নয়। ভগবান তাঁর শৈশবে গোনধন পর্বত ভুলে ধরেছিলেন, কিন্তু তাঁকে অনুকরণ করে আমরা গোন্বর্ধন পর্বত ;লতে পারি না। কোন মানুষের পক্ষে আ করা সম্ভব নয়। ভগবানের সমস্ত নালাই অসাধারণ, তাঁর লীলা অনুকরণ করে ভগবান হবার চেষ্টা করা মুর্যভারই ন্যনাপ্তর। তাই আমাদের কর্তব্য হচ্ছে, তাঁকে অনুসরণ করে আমাদেব জীবনের

(型体 20)

প্রকৃত উদ্দেশ্য খুঁজে পাওয়া, কোন অবস্থাতেই তাঁব অস্বাভাবিক লীলার অনুকরণ করা আমাদের কর্তব্য নয়। *শ্রীমন্ত্রাগবতে* (১০/৩৩/৩০-৩১) বলা হয়েছে—

> देनज्द সমাচরেজ্জাতু भनमाणि द्यनीश्वतः । दिनमाजाठतर्त्वीागामाशाकरमादिककर विषय् त देशवागार वहः मजार जर्रयवाठतिज्दः कृष्टिर । एकार यद स्वरहायुक्तः वृक्षिभारक्दः समाठतदः ॥

"ভগবান এবং তার শক্তিতে শক্তিমান ভক্তদের নির্দেশ সকলের অনুসরণ করা কর্তবা তাঁদের দেওয়া উপদেশ আমাদের সর্বাহ্বীণ মঙ্গল সাধন করে এবং বে মানুব বুদ্ধিমান, সে যথাবথভাবে এই সমস্ত উপদেশগুলিকে পালন করে। কিন্তু আমাদের সব সময় সতর্ক থাকা উচিত যাতে আমরা কথনও তাঁদের অনুকরণ না করি দেবাদিদেব মহাদেবকে অনুকরণ করে বিষ পাল করা আমাদের কথনই উচিত নয় "

আমাদের সর্বদা ঈশক্ষের পদ বিবেচনা করা উচিত, অথবা খারা এসীম ক্ষমতাশালীরূপে চন্দ্র ও সূর্যের গতি প্রকৃতপক্ষে নিয়ন্ত্রণ করতে পারেন। এই প্রকার শক্তি ছাড়া, ঝারও অসাধারণ শক্তিসম্পন্ন ঈশ্বরদের অনুকরণ করা উচিত নয়। আমাদের কর্তব্য হচেহ তাঁদের অনুসরণ করা। সমূত্র-মছদের সময় যে বিষ উঠেছিল, তা পান করে মহাদেব জগৎকে রক্ষা করেছিলেন, কিন্তু কোন সাধারণ মান্য যদি গুরে এক কণা বিষ্ণু পান করে, তবে তার মৃত্যু অবগারিত। কিছু মর্খ লোক আছে, যাবা নিজেদের মহাদেবের ভক্ত বলে প্রচার করে এবং মহাদেবের বিধ খাওয়ার অনুকরণ করে গাঁজা আদি মাদক্রমবা পান করে। তারা জানে না, এর মাধামে ভাদের মৃত্যাকে তারা ভেকে আনছে। তেমনই, কিছু ভণ্ড কৃষ্ণভন্তও দেখা যায়, যারা নিরেদের ইন্সিয়তৃধ্রি করবার জন্য ভগবানের অভি অন্তরক লীলা—বাসলীলার অনুকরণ করে। তারা তেবেও দেখে না, ভগবানের মতো গোবর্ধন পর্বত ভোলবার ক্ষমতা তাদের নেই। তাই শক্তিমানকে অনুকরণ না করে তাঁকে অনুসরণ কবাটাই হচ্ছে আমাদের কর্তবা। আমাদের শিক্ষা দেবার জন্য ভগবান যে সমস্ত উপদেশ দিয়ে গেছেন, তা পালন করলেই আমাদেব প্রমার্থ সাধিত হবে কিন্তু ডা না করে, যদি আমরা নিজেরাই ভগবান সাজ্রতে চাই, তা হলে আমাদের অধঃপতন অবধারিত। আজ্রাক্তর জগতে বহু অবতারের দেখা মেলে—লোক ঠকাবার জন্য অনেক ভণ্ড নিজেদের ভাগানের অবতার বলে প্রচার করে, কিন্তু সর্ব শক্তিমান ভগবানের সর্ব শক্তিমন্তার কোন চিহ্নই ভাদের মধ্যে দেখা যায় না।

শ্লোক ২৫

সক্তাঃ কর্মণ্যবিদ্বাংসো ফথা কুর্বন্তি ভারত । কুর্যাদ্ বিদ্বাংস্তথাসক্তশ্চিকীর্মুর্লোকসংগ্রহম্ ॥ ২৫ ॥

সম্ভা:—আসন্ত হয়ে, কর্মণি শান্ত্রোক্ত কর্মে, অবিশ্বাংসং—অজ্ঞান মানুবেরা, মথা—বেমন, কুর্বস্তি—করে; ভারত—হে ভরতবংশীয়, কুর্যাৎ—কর্ম করবেন, বিদ্যান—জ্ঞানী ব্যক্তি; ভথা—তেমন, অসক্তঃ—আসক্তি রহিত হয়ে, চিকীর্বৃঃ—পরিচালিত করতে ইচ্ছা করে, লোকসংগ্রহম্—জনসাধারণকে।

গীতার গান

বিদ্যানের যে কর্তব্য অবিদ্যান সম ৷ বাহ্যত আসক্ত হয়ে কর্ম সমাগম ॥ অন্তরে আসক্তি নাই লোকের সংগ্রহ ৷ বিদ্যানের হয় সেই কর্মেতে আগ্রহ ॥

অনুবাদ

ে ভারত! অজ্ঞানীরা যেমন কর্মফলের প্রতি আসম্ভ হয়ে তাদের কর্তব্যকর্ম করে, তেমনই জ্ঞানীরা জনাসক্ত হয়ে, মানুষকে সঠিক পথে পরিচালিত করার জন্ম কর্ম কর্মেন।

তাৎপর্য

ার প্রবিনাময় ভক্ত এবং কৃষ্ণভাবনা-বিমুখ অভক্তের মধ্যে পার্থক্য ছাছে তাদেব বান বৃত্তির পার্থকা। কৃষ্ণভাবনার উন্নতি সাধনের পক্ষে যা সহায়ক নয়, গোলাকাময় ভক্ত সেই সমস্ত কর্ম করেন না। অবিদারে অন্ধকারে আছের মায়ামুগা বের কর্ম জার কৃষ্ণভাবনাময় মানুবের কর্মকে জনেক সময় আপাতদৃষ্টিতে একই াম বলে মনে হয়, কিন্তু মায়াছয়ে মুর্গ মানুষ ভার সমস্ত কর্ম করে নিজের ালহার্ছান্ত করার জনা, কিন্তু কৃষ্ণভাবনাময় মানুষ ভার কর্ম করে প্রীকৃষ্ণের তৃত্তি াঘন করবার জনা। ভাই মানব-সমাজে কৃষ্ণভাবনাময় মানুবের অভান্ত প্রয়োজন, কন না ভারাই মানুবকে জীবনের প্রকৃত গান্তবাস্থানের দিকে পরিচালিত করতে গারেন। কর্মকলে জাবন্ধ হয়ে জীব জন্ম মৃত্যু জরা-ব্যাধির চক্ষে পাক খাছের, মই কর্মকে কিভাবে জীকৃষ্ণের শ্রীচরণে অর্পন করা যায়, ভা কেবল ভারাই শেষতে পারেন।

শ্লোক ২৭ী

শ্লোক ২৬

ন বুদ্ধিতেদং জনয়েদজ্ঞানাং কর্মসঙ্গিনাম্। জোষয়েৎ সর্বকর্মাণি বিদ্ধান যুক্তঃ সমাচরন্য ২৬ ॥

ন—নয়, বৃদ্ধিভেদম্ বৃদ্ধিসন্ত, জনয়েং—জন্মানো উচিত, জ্ঞানাম্—জ্ঞা যাজিদের কর্মসন্ধিনাম্—কর্মফলের প্রতি আসক্ত; জ্যোষয়েং—নিযুক্ত করা উচিত, সর্ব—সম্প্র, কর্মাণি—কর্ম, বিশ্বান্—জ্ঞানবান, যুক্তঃ—যুক্ত হয়ে, সমাচরন্— অনুষ্ঠান করে

গীতার গান

বুদ্ধিভেদ নাহি করি মৃঢ় কর্মীদের । অজ্ঞানী বে হয় তারা তাই হেরকের ॥ তাই সে সাজাতে হবে সর্বকর্ম মাঝে । আপনি আচরি সব অবিদ্যার সাজে ॥

অনুবাদ

জ্ঞানবান ব্যক্তিরা কর্মাসক্ত জ্ঞানহীন ব্যক্তিদের বৃদ্ধি বিদ্রান্ত করবেন না। বরং, তারা ভক্তিযুক্ত চিত্তে সমস্ত কর্ম অনুষ্ঠান করে জ্ঞানহীন ব্যক্তিদের কর্মে প্রবৃত্ত করবেন

তাংপর্য

বেদৈশ্য সর্বৈরহমের বেদাঃ সেটিই হচ্ছে বেদের শেষ কথা। বেদের সমস্ত আচার-অনুষ্ঠান, খাগ-খন্তর আদি, এমন কি জড় কার্যকলাপের সমস্ত নির্দেশানির একমাত্র উদ্দেশ্য হচ্ছে ভগবান শ্রীকৃষ্যকে জানা। যেহেতু বন্ধ জীবেরা ভাদের জড় ইন্দ্রিয় তৃত্তির অতীত কোন কিছু জানে না, তাই তারা সেই উদ্দেশ্যে কেদ অধায়ন করে কিন্তু বৈদিক আচার-অনুষ্ঠানের বিধি নিষেমের দ্বারা নিয়ন্ত্রিত হয়ে সকাম কর্ম ও ইন্দ্রিয়-তর্পগের মাধ্যমে মানুষ ক্রমান্বয়ে কৃষ্ণতাবনায় উন্নীত হয়। তাই কৃষ্ণ তত্ত্বেরা কৃষ্ণভন্ত কথনই অপরের কার্যকলাপ ও বিশ্বাসে বাধা দেন পালাগ্রনে, তিনি তার কার্যকলাপের মাধ্যমে শিক্ষা দেন, কিন্তবে সমস্ত কর্মের ফল শ্রীকৃষ্ণের সেবায় উৎসর্গ করা যেতে পারে। অভিজ্ঞ কৃষ্ণতাবনাময় ভক্ত এমনভাবে আচবণ করেন, যার কলে ইন্দ্রিয়-তর্পণে রত দেহান্ম বৃদ্ধিসশ্রন অজ্ঞ

লোকেরাও উপলব্ধি করতে পারে, তাদের কি করা কর্তব্য যদিও কৃষ্ণভাবনাহীন এজ লোকদের কাজে বাধা দেওয়া উচিত নয়, তবে অল্প উন্নতিপ্রাপ্ত কৃষ্ণভক্ত বেদিক ধর্মানুষ্ঠানের বিধির অপেকা না করে সরাসরি জ্রীকৃষ্ণের সেবায় নিয়োজিত হতে পারে। এই ধরনের ভাগ্যবান লোকের পক্ষে বৈদিক আচার-অনুষ্ঠানের আচরণ কনার কোন প্রয়োজনীয়তা থাকে না, কারণ জ্রীকৃষ্ণের সেবা করলে আর কোন কিছুই করার প্রয়োজনীয়তা থাকে না ভগবৎ-তত্ত্বেতা সদৃগুরুর নির্দেশ অনুসারে শ্রীকৃষ্ণের সেবা করলে সর্বকর্ম সাধিত হয়।

প্লোক ২৭

প্রকৃতেঃ ক্রিরমাণানি গুগৈঃ কর্মাণি সর্বশঃ। অহকারবিমূঢ়াকা কর্তাহমিতি সন্যতে ॥ ২৭ ॥

প্রকৃতেঃ—জড়া প্রকৃতির, ক্রিছমাণানি—গ্রিদ্মমাণ, ওগৈঃ—গুণের ধারা, কর্মাণি— সমস্ত কর্ম; সর্বশঃ—স্বপ্রকার; অহজার-বিমৃঢ়—অহজারের ধারা মোহাজ্য, আস্মা— এয়া কর্জা—কঠা, অহম্—আমি; ইতি—এভাবে, মন্তে—মনে করে

গীতার গাম

বিধান মূর্যেতে হয় এই মাত্র ভেদ।
প্রকৃতির কশ এক অন্য সে বিচ্ছেদ।
প্রকৃতির গুণে কশ কার্য করি যায়।
অহধারে মন্ত হয়ে নিজে কর্তা হয়।
আপনার পরিচয় প্রকৃতির মানে।
দেহে আগুবৃদ্ধি করে অসত্যের খ্যানে।

অনুবাদ

সংস্কারে মোহাছের জীব জড়া প্রকৃতির ত্রিণ্ডপ দ্বারা ক্রিয়মাপ সমস্ত কার্যকে শ্বীয় কার্য বলে মনে করে 'আমি কর্ডা'—এই রকম অভিমান করে।

তাৎপর্য

কৃষ্ণভাবনাময় ভক্ত ও দেহাস্থ বৃদ্ধিসম্পন্ন বিষয়ী, এদের দুজনের কর্মকে আপাডদৃষ্টিভে একই পর্যারভুক্ত বলে মনে হতে পারে কিন্তু প্রকৃতপক্ষে তাদেব

গ্লোক ২৯]

মধাে এক অসীম বাবধান রয়েছে যে দেহান্ম-বুদ্ধিসম্পন্ন, সে অহন্তান্তে মন্ত হরে নিজেকেই সব কিছুর কর্তা বলে মনে করে। সে জানে না যে, তার দেহের মাধামে যে সমস্ত কর্ম সাধিত হচ্ছে, তা সবই হচ্ছে প্রকৃতির পবিচালনায় এবং এই প্রকৃতি পবিচালনায় এবং এই প্রকৃতি পবিচালনায় হচ্ছে ভগবানেবই নির্দেশ অনুসারে। ভড় ভাগতিক মানুষ বুঝতে পারে না যে সে সর্বত্যেভাবে ভগবানের নিয়ন্ত্রণাধীন। অহন্তারের প্রভাবে কর্ম করে চলেছে, তাই সমস্ত কৃতিত্ব সে নিভেই গ্রহণ করে। এটিই হচ্ছে অজ্ঞানতার লক্ষণ সে জানে না যে, এই দ্বুল ও স্ব্রুষ্থ দেহটি পরম পুরুষোগ্রম ভগবানের নির্দেশ জড়া প্রকৃতির সৃষ্টি এবং সেই জনাই কৃষ্ণভাবনার অধিষ্ঠিত হয়ে তার দৈহিক ও মানসিক সমস্ত কাঞ্ডই শ্রীকৃষ্ণের কেবায় নিয়োগ কবতে হবে। কেহান্ম-বৃদ্ধিসম্পন্ন মানুয ভালে যায় যে, ভগবান হচ্ছেন হারীকেশ, অর্থাৎ তিনি হচ্ছেন সমস্ত ইন্দ্রিয়ের নিয়ার করার ফলে মানুর বাত্তবিকপক্ষে অহন্তারের ধারা বিমাহিত হয়ে পত্তে এবং ভারই ফলে সে ভগবান শ্রীকৃষ্ণের সঙ্গে তার নিতা সম্পর্কের করা ভূলে যায়

শ্লোক ২৮

তত্ত্বিকু মহাবাহো গুণকর্মবিভাগয়োঃ । গুণা গুণেষু বর্তন্ত ইতি মদ্ধা ন সজ্জতে ॥ ২৮ ॥

তত্ত্ববিৎ—তত্ত্বর, ছু—কিন্তঃ, মহাবাহো—হে মহাবীর, গুণকর্ম—গ্রকৃতির প্রভাব জনিত কর্ম, বিভাগায়ো:—পার্থক্য গুণাঃ—ইন্দ্রিয়সমূহ, গুণেবৃ—ইন্দ্রিয়-তর্গণে; বর্তন্তে—প্রবৃত্ত হন, ইতি—এভাবে; মন্থা—মনে করে, ন—না: সম্জতে— আসকে হন।

গীতার গান

তত্বিৎ যে ৰিদ্ধান বুঝে গুণকর্ম। গুণ দারা কার্য হয় জানে সারমর্ম॥ অতএব গুণকার্য না করে সজ্জন। প্রকৃতির গুণকার্য আসক্ত না হন॥

অনুবাদ

হে মহাৰাহেঃ। তত্ত্বক্ত ব্যক্তি ভগবন্তক্তিমূৰী কৰ্ম ও সকাম কৰ্মের পার্থক্য ভালভাবে অবগত হয়ে, কখনও ইন্দ্রিয়স্থ ডোগাত্মক কার্যে প্রবৃত্ত হন না।

ভাৎপর্য

ানি তহুবেরা, তিনি পূর্ব উপলব্ধি করেন যে, জড়া প্রকৃতির সংস্রাবে তিনি প্রতিনিয়ত বিত্রত হয়ে আছেন। তিনি জানেন যে, তিনি হচেহন প্রমা পুরুষোধ্যম ডগারান আকৃত্যের অবিছেদা অংশ এবং এই জড়া প্রকৃতি তার প্রকৃত আলায় নয় ১ চিচদানন্দরয় ভগারানের অবিছেদা অংশকাপে তিনি টার প্রকৃত অরপণ্ড জানেন তিনি হদেয়ক্ষম করেছেন যে, কোন না কোন কারণে তিনি দেহাত্ত্বিদ্ধিতে আবদ্ধ হয়ে পড়েছেন। তার ওক্ষ অরপে তিনি হচেছে ভগরানের নিতাদাস এবং ভত্তি সহকার ভগরান প্রীকৃষ্ণের সেবার সমস্ত কর্ম করাই হছেে তাঁর কর্তবা তাই তিনি আনুষ্পিক ও অনিতা কার ইচিয়ের কার্যকলাপের প্রতি মেনারেও হয়ে পড়েন। তিনি জানেন যে, ভগরানের ইচিয়ের কার্যকলাপের প্রতি মেনারেও পতিও হয়েছেন, তাই এই দুঃখম্মর জড় জগাতের কোন দুঃখাকেই তিনি জা বাল মনে করেন। গাওল মান করেন। গাওল মান করেন। গাওল মান করেন। গাওল জানের তিনি তা ভগরানের আলীর্যাদ বলা মনে করেন। গাওলে জানের, তাকে কলা হয়েছে, যিনি ভগরানের তিনিটি প্রকাশ—ব্রক্ষ, পরমান্ধা ও ভগরান গাওলে জানের, তাকে কলা হয়েছে, যিনি ভগরানের ভিনটি প্রকাশ—ব্রক্ষ, পরমান্ধা ও ভগরান গাওলে তানিন তা করেন। তিনি জানেন। তিনি ভারনেন। তিনি তা ভগরানের আলীর্যাদ বলা মনে করেন। গাওলে জানেন, তাকে কলা হয় তত্ত্বিদ্ধ, কারণ ভগরানের সঙ্গে তার নিতা সম্পর্তের বাদ্ধি জানেন।

প্লোক ২৯

প্রকৃতের্গুণসংস্তৃাঃ সজ্জন্তে গুণকর্মসূ ৷ তানকৃৎপ্রবিদো সন্দান্ কৃৎপ্রবিদ্ধ বিচালয়েৎ ॥ ২৯ ॥ -

প্রকৃতেঃ জন্তা প্রকৃতিব, গুলসংমৃদ্যঃ—গুণের প্রভাবে বিমৃদ্ ব্যক্তিবা সম্জন্তে পূও হয়, গুলকর্মসু—প্রাকৃত কার্যকলাপে, জান্ কেই সকল, অকৃৎস্থবিদঃ অল্পজ্ঞ নাজিবগকে, মন্দ্রান্—সন্দর্ভি, কৃৎস্থবিৎ—তত্ত্বজ্ঞ, ন—না, বিচালয়েৎ বিচলিও কবেন।

্লোক ৩০ী

গীতার গান

ওণকর্মে আসক্তি সে ওপেতে সংমৃত । প্রাকৃত নিজেকে মানে সেই কার্যে দৃঢ় ॥ ভবরোগী মৃঢ় জনে না করি বঞ্চন । কর্মের যোজনা হতে ক্রমে জ্ঞান বল ॥

অনুবাদ

জড়া প্রকৃতির ওণের দারা মোহাছের হয়ে, অজ্ঞান ব্যক্তিরা জাগতিক কার্যকলাপে প্রকৃত হয়। কিন্তু তাদের কর্ম নিকৃষ্ট হলেও ডড়জানী পুরুষেরা সেই মন্দবৃদ্ধি ও অল্লজ্ঞ ব্যক্তিগণকে বিচলিত করেন না।

তাৎপর্য

যারা অঞ্জানতার অন্ধকারে আছের, তারা গ্রাদের জড় সন্তাকে তাদের স্বরূপ বলে মনে করে, তার ফলে তারা জড় উপাধিব হার। ভূষিত হয়। এই দেহটি জড়া প্রফুডিন উপহার। এই জড় দেহের সঙ্গে যারা গভীরভাবে আসক্ত, তাদের বলা হয় *মন্দ*, অর্থাৎ তারা হচ্ছে আবা-তক্ষাদ রহিত অলস ব্যক্তি। মূর্ব লোকেরা তাদের জড় দেহটিকে ভাদের আয়া বলে মনে করে; এই দেহটিকে কেন্দ্র করে যে সমস্ত মানুষের সঙ্গে তাদের সম্পর্ক গড়ে উঠেছে, তাদেরকৈ তারা আগ্রীয় বলে সীকার করে, যে দেশে তারা জন্ম নিয়েছে অর্থাৎ যে দেশে তারা তাদের জন্ত দেহটি প্রাপ্ত হয়েছে, সেটি তাদের দেশ আর সেই দেশকে তারা পূজা করে এবং তাদের অনুকলে কতকগুলি সংস্কারের অনুষ্ঠান করাকে তারা ধর্ম বলে মনে করে সমাজদেশ্য, জাতীয়তাবাদ, পরমার্থবাদ আদি হাছে এই ধরনের ক্রন্ত উপাধি প্রাপ্ত ব্যক্তিদের ফতকগুলি আদর্শ এই সমস্ত আনর্শের হারা অনুপ্রাণিত হয়ে ভারা মানা রকম জাগতিক কাজে বাস্ত থাকে। তাবা মনে করে, ভগবানের কথা হচ্ছে রূপকথা, তাই ভগবানকে নিয়ে মাথা ঘামানার মতো সময় ভালের নেই। এই ধননের মোহাজ্জ্ল মানুবেরা অহিংসা-নীভি আদি দেহগত হিতক্তর কার্যে ব্রতী হয়, কিন্তু তাতে কোন কাজ হয় না পারমার্থিক জ্ঞান অর্জন করে খাঁরা তাঁদের প্রকৃত শ্বরূপ আত্মাকে জানতে পেরেছেন, তাঁরা এই সমস্ত দেহসর্বস্থ মানুষদের কাছে কোন রক্তম বাধা দেন না, পক্ষান্তরে তাঁবা নিঃশব্দে তাঁদের পারমার্থিক কর্ম ভগবানের সেবা করে চলেন

বারা অন্ধ-বৃদ্ধিসম্পন্ন, ভারা ভগবন্ধক্তির মর্ম বোঝে না তাই ভগবান শ্রীকৃষ্ণ ভগদেশ দিয়েছেন, ভাদের মনে ভগবন্ধক্তির সংগ্রার করার চেষ্টা করে অনর্থক সময় নষ্ট না করতে। কিন্তু ভগবানের ভডেনা ভগবানের চাইতেও বেশি কৃপালু, তাই তাবা নানা রকম দৃঃখকন্ট সহ্য করে, সমস্ত বিপদকে অগ্রাহ্য করে সকলের অন্তরে হণবন্ধক্তির সংকার করতে চেষ্টা করেন। কারণ, তারা জ্যানেন যে, মনুযাজন্ম লাভ করে ভগবন্ধক্তির সাধন না করণে, সেই জন্ম সম্পূর্ণ বৃথা

শ্লোক ৩০

মার সর্বাণি কর্মাণি সংন্যস্যাখ্যাত্মতেতসা : নিরাশীনির্মমো ভূত্বা যুখ্যস্থ বিগতজ্বরঃ ॥ ৩০ ॥

য়ারি—আমাকে, সর্বাণি—সর্বপ্রকার, কর্মাণি—কর্ম, সংন্যসা—সমর্পণ করে, অধ্যাত্ম—আত্মনিষ্ঠ, চেত্তমা—চেতনার দাবা, নিরাশীঃ—নিদ্ধাম, নির্মায়ঃ— এই শ্রেনা, জুদ্ধা—হয়ে, যুখ্যস্থ—যুদ্ধ কর, বিগ্রুজ্বরঃ—শোকশুনা হয়ে

গীতার গান

অতএব তুমি পার্থ ছাড় অভিমান । তোমার সমস্ত শক্তি কর মোরে দান ॥ কর্মফল আশা ছাড় নির্মম ইইয়া । যুদ্ধ কর আশা তাজি মুঢ়তা তাজিয়া ॥

অনুবাদ

থাত এব, হে আর্কুন! অধ্যাপ্তচেতনা-সম্পন্ন হয়ে তোমার সমস্ত কর্ম আমাকে সমর্পণ কর এবং সমতাশূনা, নিদ্ধাম ও শোকশূন্য হয়ে তুমি যুদ্ধ কর।

তাৎপর্য

া প্রাক্তে স্পষ্টভাবে ভগবদ্গীতার উদ্দেশ্য বর্ণনা করা হয়েছে এখানে ওগবান গ্রাদেশ করছেন যে, সম্পূর্ণভাবে ভগবং-চেতনায় উদ্দূদ্ধ হয়ে কর্তবাকর্ম করে যেতে ধরে। সৈনিকেরা মেমন গভীর নিষ্ঠা ও শৃদ্ধলার সঙ্গে ডাদের কর্তব্যকর্ম করে, মানুবের কর্তব্য হছে ঠিক তেমনভাবে ভগবানের সেবা করা। ভগবানের আদেশকে কর্ণনিও কর্যন্ত অন্তন্ত কঠোর বলে মনে হত্তে গারে, কিন্তু ভার আদেশ পালন

্রেক্ষ ৩১]

২৩৮

কবাই হচ্ছে মানুমেৰ ধর্ম তাই, শ্রীকৃষ্ণের উপর নির্ভবলীল হয়ে তা আমাদের পালন কবতেই হবে কেন না সেটিই হচ্ছে জীবের স্বরূপ ভগবান শ্রীকৃষ্ণের **मिया ना करत मानुस रावि गुन्धी शरफ क्रिया करता, जर्दा जात राम किया कान विनर्श** সফল হবে না ভগবানের ইচ্ছা অনুসারে কর্ম করাই হচ্ছে জ্রীবের কর্তব্য এবং সেই জন্য তাকে যদি সৰ কিছু ভাগে কবতেও হয়, ভবে তা-ই বিধেয়। ভাল-यम, लाख-कवि, मृतिधा-अमृतिधात कथा तित्तहमा मा कृत ज्ञातात्मत आएमा भागम কবাই হচ্ছে আমাদের কর্তব্য সেই জনাই শ্রীকৃষ্ণ যেন সামবিক নেতার মতোই जर्जुगरक युष्ट्रान निर्दर्शन निराहित्यान - अर्जुरनन शक्क एनरे निर्दर्शन याहारे करात কোন পথ ছিল না তাকে সেই নির্দেশ মনেতেই হয়েছিল ভগবান হচ্ছেন সমস্ত আত্মার আত্মা, তাই, নিজের সুখ-স্বিধান কথা বিবেচনা না করে যিনি সম্পূর্ণভাবে পরমাধার উপর নির্ভরশীল, অথবা পক্ষান্তরে, যিনি সম্পূর্ণরূপে কৃষ্ণভাবনাময়, তিনিই ২চেনে অধ্যান্যক্রত *নিরাশীঃ* মানে হচেছ, ভত্য যথন প্রভুর সেবা করে, তখন সে কোন কিছুর আশা করে না। খাজান্তী লক্ষ লক্ষ টাকা গণনা করে, কিন্তু তার এক কপর্দকও সে নিজের বলে মনে করে না, কারণ সে জানে যে, সেই টাকা তার মালিকের - ঠিক তেমনই, এই ভাগতের সদ কিছুই ভগবানেন, তাই তাঁর সেবাতে সব কিছু অর্পণ করাই হছে আমাদেব কর্তবা। আমবা যদি তা করি, তা হলে আমরা ভগবানের যথার্থ ভত্য হতে পাবি। তা হলেই আমানের জন্ম সার্থক হয় এবং আমর। পরম শান্তি লাভ করতে পারি। সেটি হচ্চে *ময়ি* অর্থাৎ 'আমাকে' কথাটির প্রকৃত তাৎপর্য। কেউ যখন এই প্রকাব কৃষ্ণভাবনাময় হরে কর্ম করে, তখন নিঃসন্দেহে সে কোন কিছুর উপর মালিকানা দাবি করে मा योरे भागानुचितक वना दश निर्भाग, वर्षाष 'काम किन्दूरे खामात मरा।' च्हावात्मत এট কটোর নির্দেশ পালন কবতে যদি আমরা অনিচ্ছা প্রকাশ করি—যদি আমরা আমাদের তথাকথিত আখীয় স্বজনের মায়ায় আবদ্ধ হরে ভগবানের নির্দেশকে অবজ্ঞা করি, তবে তা যুঢ়তাবই নামান্তর। এই বিকৃত মনোবৃত্তি ত্যাগ করা অবশ্যই কর্তবা। এভাবেই মানুষ *বিগতক্তব* অর্থাৎ শোকশুনা হতে পারে। গুণ ও কর্ম অনুসারে প্রত্যেকেরই কোন না কোন বিশেষ কর্তব্য আছে এবং কৃষ্ণভাবনায় উদ্বন্ধ হয়ে সেই কর্তব্য সম্পাদন করা প্রত্যেকের কর্তব্য। এই ধর্ম আচরণ করার ফলে আমরা জড় জগতের ক্ষম থেকে মুক্ত হতে পাবি।

শ্লোক ৩১

যে যে মতমিদং নিত্যমনৃতিষ্ঠন্তি মানবাঃ । শ্রদ্ধাবন্তোহনসূয়ন্তো মুচ্যন্তে তেহপি কর্মভিঃ ॥ ৩১ ॥ শে—থাঁবাঃ মে—আমার, মতম্—নির্দেশাবলী, ইদম্—এই, নিত্যম্—সর্বদা, প্রনৃতিষ্ঠান্তি নিয়মিতভাবে অনুষ্ঠান করেন, মানবাঃ—মানুষেরা, প্রদ্ধাবন্তঃ— শ্বাবান, অনস্বস্তঃ —মাৎসর্থ রহিত, মৃচ্যক্তে—মৃক্ত হন, তে ভাঁৱা সকলে, অণি—এফা কি, কর্মজিঃ—কর্মের বন্ধন থেকে

গীতার গান

আমার এষড কার্য অনুষ্ঠান করি ।
সর্ব কর্ম করে ওধু ভজিতে শ্রীহরি ॥
শ্রদাবান মোর ভজ অস্যাবিই, ল ।
কর্মকল মুক্ত হয় ভজিতে বিলীন ॥

অনুবাদ

থানার নির্দেশ অনুসারে যে-সমন্ত মানুব তাঁদের কর্তব্যকর্ম অনুষ্ঠান করেন এবং গারা প্রজাব্যন ও মাৎসর্থ রহিত হয়ে এই উপদেশ অনুসরণ করেন, তাঁরাও কর্মবন্ধন থোকে মুক্ত হুন।

তাৎপর্য

াবান প্রীকৃষ্ণ অর্জুনকে যে আদেশ করেছেন, তা বৈদিক ছানের সার্মর্ম, তাই । বন্ধানি ভালে তা শাশত সতা বেদ যেমন নিতা, শাশত, কৃষ্ণভাবনার এই । এও তেমন নিতা, শাশত। ভগবানের প্রতি ঈর্যাধিত না হয়ে এই উপদেশের পা । সৃদ্ধ বিশাস থাকা উচিত। তথাকথিত আনেক নাশনিক ভগবদ্গীতার ভাষ্য বিশাস করে প্রীকৃষ্ণের প্রতি তাদের বিশাস নেই তারা কোন দিমও গীতার নান উপলব্ধি করতে সক্ষম হবেন না এবং সকাম কর্মের বন্ধান থেকেও মৃত হতে প্রাণ্ডান না। কিন্তু অতি সাধারণ কোন মানুহও যদি ভগবানের নাশতে নির্দেশের বাব দুরু প্রভাবন হয়, অথচ সমস্ত নির্দেশগুলিকে হথাহথভাবে পালন করতে একার্ম হয়, তবুও সে অবধারিতভাবে কর্মের অনুশাসনের বন্ধান থেকে মৃত্ত হবে । বিশাপ সাধন করার প্রাথমিক পর্যায়ে কেন্ড হয়ত ভগবানের নির্দেশ ঠিক । বন্ধান নাও করতে পারে, কিন্তু মেহেতু সে এই পত্নার প্রতি বিরক্ত নয় । বিদ্যাপ বাব করার প্রার্থতা বিবেচনা না করে ঐকান্তিকভার সঙ্গে এই একান্তানিক। অনুষ্ঠান করতে থাকে, তবে সে নিশ্চিতভাবে বীরে বীরে শুদ্ধ ক্ষাকানার পর্যায়ে অবশাই উন্নীত হবে।

180 mm

শ্লোক ৩২

যে ত্বেতদভাস্যান্তো নান্তিষ্ঠন্তি মে মতম্। সর্বজ্ঞানবিমৃঢ়াংস্তান্ বিদ্ধি নন্তানচেতসঃ ॥ ৩২ ॥

যে—যারা, তৃ—কিন্তঃ এতং—এই; অভ্যস্যতঃ—মাংসর্যবশত; ন—না; অনুতিগ্রন্তি—নিয়মিতভাবে অনুষ্ঠান করে: মে—আমার; মতম্—নির্দেশ; সর্বজ্ঞান— সর্বপ্রকার জ্ঞানে, বিমৃদ্যান্—বিমৃদ্য তান্—তাদেরকে, বিদ্ধি—জানবে, নষ্টান্—বিনষ্টঃ অচেতসঃ—কৃষ্ণভক্তিকীন।

গীতার গান

প্রকৃতিসদৃশ চেষ্টা করে গুণবান। প্রকৃতির বশে সর্ব কার্য অনুষ্ঠান ॥

অনুবাদ

কিন্তু যারা অস্য়াপূর্বক আমার এই উপদেশ পালন করে না, তাদেরকে সমস্ত জ্ঞান থেকে যঞ্জিত, বিমৃত্ এবং পরমার্থ লাভের সকল প্রচেন্টা থেকে এট বলে জানবে

তাৎপর্য

কৃষ্ণভাবনাময় না হওয়ার ক্ষতি সম্পর্কে এখানে উল্লেখ করা ২য়েছে। কর্মক্ষেত্র সর্বোচ্চ কর্মকর্তার নির্দেশ মানতে অবাধ্যতা করলে যেমন শান্তি হয়, তেমনই পরম পুরুষোত্তম ভগবানের নির্দেশ অমান্য করলেও নিশ্চমই শান্তি আছে। অমান্যকাবী লোক, তা সে যতই উচ্চ স্তারের হোক, তার কাতজ্ঞানহীন বৃদ্ধি-বিবেচনার জ্ঞান, তার নিজের স্বরূপ সম্পর্কে, এমন কি প্রমন্ত্রন্ম, পরমান্ত্র্য ও পরম পুরুষোত্তম ভগবানের স্বরূপ সম্পর্কেও সে অজ্ঞ। সৃতরাং তার জীবনের পূর্ণতা লাভের কোনই জাশা নেই।

শ্লোক ৩৩

সদৃশং চেষ্টতে স্বস্যাঃ প্রকৃতের্জ্জানবানপি । প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি ॥ ৩৩ ॥ সদশম অনুরূপভাবে, চেষ্টতে—চেষ্টা করে, শ্বস্যাঃ—স্বীয়, প্রকৃতেঃ প্রকৃতিব স্ জ্ঞানবান্ আনবান; আপি—যদিও; প্রকৃতিম্—স্বভাবকে; ফান্তি অনুগমন স্ব স্ভাবি—সমস্ত জীব, নিগ্রহঃ—দমন, কিম্—কি, করিয়াতি—কবতে পারে।

গীতার গান

ৰহুকাল হতে যারা প্রকৃতির বশ । নিগ্রহ করিতে নারে ইইয়া বিবশ ॥

অনুবাদ

গ্রানগান বাক্তিও তাঁর স্বভাব অনুসারে কার্য করেন, কারণ প্রত্যেকেই ত্রিগুগজাত এব বীয় স্বভাবকে অনুসমন করেন। সূতরাং নিগ্রহ করে কি লাভ হবে?

তাৎপর্য

্না-াবনাৰ অপ্তাকৃত স্তবে অধিষ্ঠিত না হতে পারলে জড়া প্রকৃতির ওণের প্রভাব । বৃক্ত হওয়া যায় না ভগবদ্গীতার সপ্তম অধ্যায়ে (৭/১৪) ভগবান সেই । পাঁওপঞ্জ করেছেন। তাই, এমন কি উচ্চশিক্ষিত ব্যক্তির পক্ষেও কেবলমার । ৩ জান অথবা দেহ থেকে আগাকে পৃথক করেও মায়ায় বন্ধন থেকে । এসা অসত্তব। কি তথ্যকথিত তথ্যবিদ্ আছে, যায়া ভগবং-তত্ত্বদর্শন লাভ । প্রতিষ্ট করে, কিন্তু অন্তর তাদের সম্পূর্ণভাবে মায়ায় দ্বায়া আগ্রম । ভারা । পাঁও এব পারদর্শী হতে । বিশ্ব বন্ধনাল থবে দ্বায়া আবন্ধ । পৃথিগত বিদায়ে কেউ খুব পারদর্শী হতে । বিশ্ব বন্ধনাল ধরে মায়াজালে আবন্ধ থাকার কলে সে জড় বন্ধন থেকে । বিশ্ব বন্ধনাল ধরে মায়াজালে আবন্ধ থাকার কলে সে জড় বন্ধন থেকে । বিশ্ব বন্ধনাল বাম এই ক্ষমে থেকে মুক্ত হতে পারে কেবল মার পৃত্তা নার ভাবে এবং এই ক্ষমচেতনা থাকানে সংসার-ধর্ম পালন করেও জড় বন্ধন এক মুক্ত হওয়া যায়। তাই, ভগবং-তব্জ্ঞান লাভ না করে হঠাৎ যর্বাজ্ঞান । তার থেকে বরং নিজ নিজ্ঞ আগ্রমে অবস্থান করে কোন ভন্ধবেত্তার । বান্ধর ফলে মানুষ সায়াম্বর্জ ইতে পারে

শ্ৰোক ৩৪

ইন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষ্টো ব্যবস্থিতৌ । তয়োন বশমাগদ্বেং তৌ হাস্য পরিপদ্ধিনৌ ॥ ৩৪ ॥

ইন্দ্রিরস্য —সমস্ত ইন্দ্রিরের, ইন্দ্রিরস্য অর্থে—ইন্দ্রির বিষরসমূহে, বাপ্প—আসন্তি, ছেমো—বিদ্রের, বাবস্থিতৌ—বিশেষভাবে অবস্থিত, তেরোঃ—ভাদের, ন—নম, বশম্—বশীভূত, আগছেৎ হওয়া উচিত , তৌ—তাদের, হি—হবশাই, অদা—ভাব, পরিপদ্থিনৌ—প্রতিবন্ধক।

গীতার পান

অতএব ইন্দ্রিয়ার্থে রাগ বেষ ছাড়ি। বিষয়েতে রাগ বেষ কিছু নাহি করি । ভাহার বশেতে নিজে কভু না রহিবা। অনাসক্ত বিষয়েতে মাধ্বের সেবা ।

অনুবাদ

সমস্তে জীবই ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুতে আসন্তি অধব্য বিরক্তি অনুভব করে, কিন্তু এভাবে ইন্দ্রিয় ও ইন্দ্রিয়ের বিষয়ের ধনীভূত হওয়া উচিত নয়, কারণ তা পারমার্থিক প্রগতির পথে প্রতিবন্ধক

তাৎপর্য

যাদের মনে কৃষ্ণভাবনার উদয় হয়েছে, তাদের আর এড়-জাগতিক ই প্রিয় উপভোগের বাসনা থাকে না কিন্তু যাদের চেডনা শুজ হয়নি, তাদের কর্তবা হছে শাশ্রের নির্দেশ অনুসারে জীবন যাপন করা। তা হসেই পবমার্থ সাধনের পথে অগ্রসর হওয়া যায়, উদ্ধৃত্বল জীবন যাপন করে বিষয়ভোগ করার কলে মানুষ জড় বন্ধনে আবদ্ধ হয়ে পড়ে, কিন্তু শাস্তের নির্দেশ অনুসারে জীবন যাপন করেশ আর ইপ্রিয়গ্রাহা বিষয়ের হারা আবদ্ধ হতে হয় না। যেমন, যোনিসজোগ করার বাসনা প্রতিটি বন্ধ জীবাজার মথোই থাকে, তাই শাস্তে নির্দেশ দেওয়া ইয়েছে বিবাহ করে সাম্পত্য জীবন যাপন করতে। বিবাহিত স্থী রাতীত অন্য কোন ব্রীলোকের সঙ্গে অনুসরণ করতে শান্তে নির্দেশ কর হয়েছে এবং অন্য সমস্ত শ্রীলোকের মানুষ ভা অনুসরণ করতে বলা হয়েছে, কিন্তু শান্তে এই সমস্ত নির্দেশ থাকা সত্ত্বেও মানুষ ভা অনুসরণ করতে হয়ে না, কলে সে জড় বন্ধনের নাগপাশ থেকে মুক্ত হতে পারে না । এই ধরনের বিকৃত বাসনাগুলি দমন করতে হবে, তা না হলে সেগুলি আত্ব উপলব্ধির পথে দুরতিক্রম্য প্রতিবন্ধক হয়ে দীড়াবে। জড় দেহটি যতক্রণ আছে, ততক্রণ তার প্রয়োজনগুলিও মেটাতে হবে, কিন্তু ভা

াতে হবে শান্তের বিধি-নিষেধ অনুসরণ করার মাধ্যমে আব তা সত্ত্বেও আমাদের পতর্ক থাকতে হবে, যাতে কোন রকম দুর্ঘটনা না ঘটে। রাজপথে যেমন দুর্ঘটনা ঘটনা সন্তাবনা থাকে, তেমনই শান্তের বিধি নিষেধের দ্বারা নিয়ন্তিত হওয়া সত্ত্বেও পথন্তই হবার সন্তাবনা থাকে। কহকাল ধরে এই জড়া প্রকৃতির সংসর্গের ফলে আমাদের ইন্তিরসুখ ভোগ করবার ইচ্ছা অতান্ত প্রবল তাই, নিয়ন্ত্রিত ইপ্রিয়ন্তুখ হল করলেও প্রতি পদক্ষেপে অধঃপতিত হবার সন্তাবনা থাকে। তাই নিয়ন্ত্রিত শেশা উপভোগের আসন্তিও পর্বজ্ঞোন্তারে বর্জনীয় ভগবান শ্রীকৃষ্ণকৈ ভালাবেকে শেল সেবায় এতী হলে, অচিরেই আমরা জড় সুখভোগ করার বাসনা থোকে মুক্ত গেল পরি। তাই, কোন অবস্থাতেই ভগবানের সেবা থেকে বিরত হওয়া উচিত নয়। ইন্তিরসুখ বর্জন করার উল্লেখ্য হচেছ কৃষ্ণভাবনামৃত লাভ ধরা, তাই কোন এবায়ুক্তেই ভা পরিত্যাগ করা উচিত নয়।

প্লোক ৩৫

শ্রেরান্ ব্ধর্মো বিশুণঃ প্রধর্মাৎ বনুষ্ঠিতাৎ । ব্যুখরে নিধনং শ্রেরঃ প্রধর্মো ভয়াবহঃ ॥ ৩৫ ॥

শ্রেয়ান—শ্রেষ্ঠ, স্বধর্মঃ—স্বধর্ম; বিশুবঃ—দোষযুক্ত, পরধর্মাৎ—অন্নের জনা নির্দিষ্ট ক থেকে, স্বনুষ্ঠিতাৎ—উত্তমক্রপে অনুষ্ঠিত, স্বধর্মে—স্বধর্মে, নিধনম্—নিধন, শ্রেয়ঃ—ভাল্য, পরধর্মঃ—অনোর ধর্ম, জয়াবহঃ—বিপজ্জনক

গীতার গান

নিজ ধর্ম শ্রের জান পরধর্মাপেকা । ভগবদ সেবা লাগি কর্মযোগ শিকা ॥ স্বধর্মে নিধন ভাল নহে পরধর্ম । ভাল করি বুঝ ভূমি এই গৃঢ় মর্ম ॥

অনুবাদ

মণর্মের অনুষ্ঠান দোষযুক্ত হলেও উত্তমরূপে অনুষ্ঠিত পরধর্ম থেকে উৎকৃষ্ট বগর্ম সাধনে যদি মৃত্যু হয়, তাও মঙ্গলজনক, কিন্তু অন্যের ধর্মের অনুষ্ঠান করা বিপক্তনক। 288

শ্লোক ৩৭]

তাৎপর্য

পরধর্ম পরিত্যাগ করে সম্পূর্ণভাবে ভগবান শ্রীকৃষ্ণের শবণাগত হয়ে, স্বধর্ম আচরণ করাই মানুষের কর্তবা তড়া প্রকৃতির ওপ অনুসারে শাস্ত্র-নির্দেশিত ধর্মাচরণগুলি মানুধের দেহমানেব বৈশিষ্ট্য অনুযায়ী নির্ধারিত হয়েছে। সদ্ওক থে আদেশ দেন, তাই হচ্ছে পারমার্থিক কর্তব্য , এই কর্তব্য সম্পাদন করার মাধামে আমরা শ্রীকৃষ্ণের অপ্রকৃত দেবা করে থাকি। কিন্তু ভাগতিক অথবা পারমার্থিক মাই হোক না কেন, অনোর ধর্ম অনকরণ অপেক। মৃত্যকাল পর্যন্ত হধর্মে নিষ্ঠাবান পাকা প্রভাবেন একান্ত কর্তব্য জাগতিক জনের কর্তব্য এবং পানমার্থিক জনের কর্তনা ভিন্ন হতে পারে, কিন্তু সেগুলি সম্পাদন করা সব সময় মঙ্গলভনক। মানুব যথন জণ্ডা প্রকাতির প্রারা কবলিত থাকে, তখন তার কর্তব্য হচেছ, তার বিশেষ এবস্থান জন্য নির্মিষ্ট বিধান পালন করা এবং কোন অবস্থাতেই অপরকে অনুকরণ করা উচিত ক্ষেম, সম্বর্ধণের দ্বারা প্রভাবিত ব্রাহ্মণ ১টেছন অহিংসা-পরারণ, কিন্তু ব্যুজাগুণের দ্বারা প্রভাবিত শ্বন্তিয় প্রয়োজন হলে হিংসার আশ্রয় নিতে পারেন স্বধর্ম আচুরণ করতে গিয়ে ক্ষরিয়কে যদি মৃত্যুবরণ করতে হয়, তাও ভাল, কিস্ত ব্রাক্ষাণক্রে অনুকরণ করে অহিংসার অচেরণ করা তার উচিত নর। চিত্তপৃত্তির পনিশোধন করা সকলেরই কর্তবা, কিন্তু তা সাধন করতে হয় ধীরে ধীরে তাভাত্তো করে নয় তবে মানুষ ফখন জড় গুণের প্রভাবমূক্ত হয়ে সম্পূর্ণভাবে ক্ষম্প্রচেতনা লাভ করেন, তথন তিনি যে কোন রকম আচরণ করতে পারেন কিন্তু ঠার সেই সমস্ত কর্ম অনুষ্ঠিত হয় সদওকর নির্দেশ অনুসারে - কৃষ্ণভারনার সেই পূর্ব স্তাক্ষণ ক্ষরিয়ের মতো আচরণ করতে পারেন, ক্ষরিয় ব্রাক্ষণের মতো আচরণ করতে পারেম। অপ্রাকৃত করে জড় জগতের গুণ অনুসারে গুর-বিভাগ নেই। যেমন, ক্ষাত্রিয় হওয়। সত্ত্বেও বিশ্বমিত্র হালাণের মতো আচরণ করেছিলেন, আবার ব্রাহ্মণ হওয়া সত্ত্বেও পরশুরাম ক্ষত্তিয়ের মতো আচরণ করেছিলেন। তারা অপ্রাক্তর স্তারে অধিন্তিত ছিলেন, তাই তানা এতানে আচনণ কনতে পারতেন। কিন্তু মানুষ যখন প্রাকৃত স্তবে থাকে, তখন জড়া প্রকৃতির গুণ অনুসারে তাকে তার স্বধর্ম আচুরণ করে সমাকভাবে কৃষ্ণচেতনা লভি করতে হয়।

শ্লোক ৩৬

অর্জুন উবাচ

অথ কেন প্রযুক্তোহয়ং পাপং চরতি পুরুষঃ ৷ অনিচ্ছন্নপি বার্ষেয় বলাদিব নিয়োজিতঃ ৷ ৩৬ ৷ মর্জুনঃ উবাচ—অর্জুন কললেন; অর্থ—তবে; কেন কার দ্বারা, প্রযুক্তঃ—প্রেরিত বয়ে, অন্তয়—এই; পাপম্—পাপ, চরতি —আচরপ করে, পুরুষঃ—মানুদ, অনিচ্ছন,—অনিচ্ছায়, অপি—খদিও, বার্ষেয় হে বৃষ্ণি-বংশাবতংশ, বলাৎ— বসপূর্বক, ইব—বেন; নিয়োজিতঃ—নিয়োজিত।

গীতার গান

व्यर्जुन कहिरमन 1

হে বার্ষ্ণের কর্ তুমি বুঝাইয়া মোরে।

কি লাগি হয়েছে জীব মুক্ত পাপ হোরে॥

অনিজ্ঞা সম্বেও হয় পাপে নিয়োজিত।

অবশ ইইয়া করে পাপ সে গহিত॥

অনুবাদ

প্রস্তুন বললেন—হে বার্ষের মানুহ কার দারা চালিত হয়ে অনিছা সত্ত্বেও যেন বলপুর্বক নিয়োজিত হয়েই পাপাচরপে প্রবৃষ্ধ হয়?

ভাৎপর্য

• প্রবাদন ব প্রবিচ্ছেদ্য অংশ জীব মূলত চিম্ময়, পরিত্র ও সমস্ত জড় কল্ম থেকে বৃত্ত । তাই, সে জড় জগতের পাপের অধীন নয়। কিন্তু সে যখন জড় জগতের সা ক্ষেত্র অপুন, তথন সে বিনা দ্বিধায় ইচ্ছাকৃতভাবে ও অনিচ্ছাকৃতভাবে নানা ক্ষিত্র বাক্তরার্থ লিপ্ত হয়। তাই, এখানে অর্জুন জীবদের এই বিকৃত স্বভাষ সকলে আকৃত্যের কাছে যে প্রশ্ন উত্থাপন করেছেন, তা থুবই ন্যায়সঙ্গত যদিও করেছে করাজ করাজ চার না, তবুও সে পাপকর্ম করতে বাধা গ্রাভ অন্যাদের করেছে মধ্যে অবস্থান করে প্রমান্ত্রা কিন্তু আমাদের পাপকর্ম করতে করাজ করেছেন। তার আমাদের পাপকর্ম করতে করাল প্রবাদন বাবিধা বাবিধ

শ্লোক ৩৭ শ্ৰীভগবানুবাচ

কাম এব ক্রোথ এব রজোওপসমূত্রঃ । মহাশনো মহাপাশমা বিদ্যোনমিহ বৈরিপম্ ॥ ৩৭ ॥

্রাক ত৮]

শ্রীভগবান উবাচ পরমেশর ভগবান বললেন কাম:—কাম; এবঃ—এই, ক্রোধঃ
—েত্রেগধ; এবঃ—এই, রজোগুণ রজোগুণ, সমৃদ্ভবঃ—উত্তুত হয়, মহাশনঃ— সর্বগ্রাসী মহাপাশমা— অত্যন্ত পাপী, বিদ্ধি—জানবে; এনম্—একে, ইহ—এই জড জগতে, বৈরিণম্—প্রধান শত্রু।

গীতার গান
আভগবান কহিলেন ঃ
কাম আর ক্রোধ হয় রজোওণ দ্বারা ।
অভিত্ত বন্ধজীব ত্রিজগতে সারা ॥
জ্ঞানী জীব এই দুই মহা শক্ত জানে ।
করে তাই গুণাতীত কার্য সাবধানে ॥

অনুবাদ

পরমেশ্বর জগবান বলবেন—হে অর্জুন! রজোণ্ডণ থেকে সমৃত্তুত কামই মানুষকে এই পাপে প্রবৃত্ত করে এবং এই কামই ক্রেয়খে পরিণত হয়। কাম সর্বগ্রাসী ও পাপাত্মক, কামকেই জীবের প্রধান শক্ত বলে জানবে।

ভাৎপর্য

জীব যখন জড়া প্রকৃতির সংস্পর্শে আসে, তথন তার অন্তরের শামত কৃষ্ণপ্রম রঞ্জোওণের প্রভাবে কামে পর্যবসিত হয়। টক তেঁতুলের সংস্পর্শে দুধ যেমন দই হয়ে যায়, তেমনই ভগবানের প্রতি আমানের অপ্রাকৃত প্রেম কামে ক্রপাণ্ডরিত হয়। তারপর, কামের অতৃত্তির ফলে হলয়ে ক্রোমের উদয় হয়, ক্রোধ থেকে মোহ এবং এভাবেই মোহাচ্চর হয়ে পভার ফলে জীব জড় জগতের বন্ধনে স্থায়িভাবে আবদ্ধ হয়ে পড়ে। তাই, কাম হচ্ছে জীশের সব চাইতে বড় শক্র। এই কামই ওদ্ধ জীবাদ্মাকে এই জড় জগতে আবদ্ধ হয়ে থাকতে অনুপ্রাণিত করে। ক্রোধ হচ্ছে তমোগুণের প্রকাশ, এভাবে প্রকৃতিব বিভিন্ন ওপের প্রভাবে কাম, ক্রোধ আদি চারিত্রিক বৈশিষ্ট্যের প্রকাশ হয়। তাই, রজোগুণের প্রভাবকে তমোগুণে অধ্যপতিত না হতে দিয়ে, যদি ধর্মাচরশ করার মাধ্যমে তাকে সন্ধ্রতণে উরীত করা যায়, তা হলে আমরা পারমার্থিক অনুশীলনের মাধ্যমে ক্রোধ আদি যভ রিপুর হাত থেকে বক্ষা পেতে পারি

ভগবান তাঁর নিতা-বর্ধমান চিদানন্দের বিগাসের জন্য নিজেকে অসংখ্য মৃতিতে । খাব করেন। জীব হচ্ছে এই চিন্ময় আনন্দের আংশিক প্রকাশ। ভগবান তাঁর বিশেষদা এংশ জীবকে আংশিক স্বাধীনতা দান করেছেন, কিন্তু যখন তারা সেই বিশালার অপবাবহার করে এবং ভগবানের সেবা না করে নিজেদের ইন্দ্রিয়তৃত্তি করে করতে শুক্ত করে, তবন তারা কামের করলে পতিত হর। ভগবান এই ওবং সৃষ্টি করেছেন খাতে বদ্ধ জীব তার এই কামোন্মখী প্রবৃত্তিগুলিকে পূর্ণ । এর সার্ভ্যে তার সমস্ত কামনা-বাসনাগুলিকে চরিতার্থ করতে গিয়ে । এরন সম্পূর্ণভাবে দিশাহারা হয়ে পড়ে, তখন সে তার স্বর্জপের আছেষণ । এতে বন্ধ করি।

াই অধ্যেশ থেকেই কোন্ত-সূত্রের সূচনা, যেখানে বলা হয়েছে, অথাতো
শনা-প্রাসা—মানুহের কর্তর হছে পরমতন্ত্র অনুসন্ধান করা প্রীমন্তাগরতে পরম
াবে কনা করে বলা হয়েছে—জন্মানস্য যেডাংখনাদিওরতন্ত, অর্থাং "সর কিছুর
স হক্তের পরমন্ত্রকা।" সূত্রাং কামেরও উৎস ইচ্ছের ভগবান। তাই, যদি

া কেংবা সব কিছু ভগবান জীক্তের সেবায় নিয়োজিত করা যায়, তা হলে

া কংবা সব কিছু ভগবান জীক্তের সেবায় নিয়োজিত করা যায়, তা হলে

া ও ত্রের্থ উভরই অপ্রাকৃত চিম্মররূপ প্রাপ্ত হয় এভাবেই কামের সঙ্গে সঙ্গে
বিধান ভগবান জনা রাবনের ফ্রান্ডা বর্ণা শুরুর ভড় হনুমান জীরামচন্ত্রের
বিধান কর্ত্তে রূপান্তরিও হয়। জীরামচন্ত্রের ভড় হনুমান জীরামচন্ত্রের
বিধান কর্ত্তে রূপান্তরিও হয়। জীরামচন্ত্রের ভড় হনুমান জীরামচন্ত্রকে
বিকাশক্রনিধন কার্যে প্রয়োগ করেছিলেন এবং এভাবেই ভিনি তার
বিক্রেমন্তর্কার তার রাবনের ফ্রান্ডার শক্রেরিলেন এখানেও ভগবন্ত্রীতায়, ভগবান
শাল্পা অর্জুনকে তার সমন্ত ক্রোধ শক্রবাহিনীর উপরে প্রয়োগ করে ভগবানেই
বিধানের কামেও ক্রেমন্তর আগতে উৎসাহ দিক্তেন এভাবে আমরা দেখতে পাই
বিধানের কামেও ক্রেমন্তর যথন আমরা ভগবানের সেবায় নিয়োগ করি, তথন
গ্রানা লার শক্ত থাকে লা, আমাদের বঞ্জুতে রূপান্তরিত হয়।

শ্লোক ৩৮

ধূমেনাব্রিয়তে বহির্মধাদর্শো মলেন চ । মধোল্বেনাবৃতো গর্ভস্তথা তেনেদমাবৃতম্ ॥ ৩৮ ॥

শ্রেন -শ্রেমর দ্বারা, **আরিয়তে**—আবৃত, বহিঃ—আগুন, যথা—বেমন, আদর্শঃ
দর্গণ, মানেন—ময়লার দ্বাবা, ৮—ও, যথা—বেমন, উল্কেন—জরায়ুর দ্বাবা,
আবৃতঃ—আবৃত থাকে, গর্ডঃ গর্ভ, তথা—তেমন, তেন—কামের দ্বাবা, ইদম্
াই, আবৃত্য—আবৃত থাকে।

গ্লোক ৩১]

গীতার গান

ত্রিজগতে কাস মাত্র সর্ব আবরণ।
আশুনেতে ধূম যথা ধূসর দর্শন ॥
অথবা জরায়ু যথা গর্ভ আবরণ।
অক্সাধিক এই সব কামের কারণ॥

অনুবাদ

অগ্নি যেমন ধ্ম দারা আবৃত থাকে, দর্শণ যেমন মরলার স্থারা আবৃত থাকে অথবা গর্ভ যেমন জরায়ূর স্থারা আবৃত থাকে, তেমনই জীবাত্মা বিভিন্ন মাত্রায় এই কামের দ্বারা আবৃত থাকে.

তাংপর্য

জীবের শুদ্ধ চেতনা সাধারণত তিনটি আবরণের হার্যা আছে।দিত হয়ে। गায়। অগ্নি থেমন ধুমের স্বারা আছেদিও থাকে, দর্গণ যেমন খুগোর স্বারা আছেদিও থাকে এবং গর্ভ খেমন জরায়ুর দ্বারা আচ্ছাদিত থাকে, জীবের ওদ্ধ চেতনাও তেমন ধ্যমের আবরণে আচ্ছাদিত থাকে। কামকে যথন ধুমের সঙ্গে তুলনা করা হয়, তখন আমরা বুঝাতে পারি যে, ধুম আগুনকে ঢেকে রাখাদেও যেফন আগুনের অক্তিত্ব উপলব্ধি করা যায়, তেমনই কামের অগুরালে শুদ্ধ কৃষ্ণভাবনা উপলব্ধি করা যায় পক্ষান্তরে বলা যায়, জীবের অন্তরে যখন অব-বিত্তর কৃষ্ণভাবনার প্রকাশ দেখা যায়, তখন আমরা বুঝতে পারি যে, ধূমাচহাদিত অগ্নির মতো জীবের ভগবস্তুতি তামের দ্বারা আঙ্গদিত হয়ে আছে - প্রাঞ্জনের প্রভানেই ধুমের উৎপত্তি হয় কিন্তু আগুন জ্বালাবার প্রথম পর্যায়ে আগুনকে দেখা যায় না। তেমনই, কৃষ্ণভাষনাৰ প্ৰাথমিক পৰ্যায়েও বিশুদ্ধ, নিৰ্মাণ ভগৰৎ প্ৰেম প্ৰকট হয়ে ওঠে না। দর্পণের ধূলো পরিষ্কার করার পর ফেন্সে জাবার ভাতে সব কিচুর প্রভিবিশ্ব দেখা যায় তেমনই নানা বক্তম পারমার্থিক প্রচেষ্টার দারা চিন্ত দর্পপকে মার্জন করবার শ্রেষ্ঠ উপায় হচ্ছে ভগবানের নীম সমন্বিত মহামন্ত্র উচ্চারণ করা। গর্ভের দ্বার। আচ্ছাদিত জনায়ুব সঙ্গে জীবের বন্ধ অবস্থার তুলনার মাধ্যমে আমরা বুঝতে পারি যে, এই অবস্থায় জীব কত অপহায়। জঠনস্থ শিশু নডাচড়া পর্যন্ত করতে পারে না জীবনের এই অবস্থাকে গাঁছের দঙ্গে তুলনা করা যেতে পারে। গাছেরাও জীব কিন্তু প্রবল কামের বশবর্তী হয়ে পভার ফলে ভারা এমন অবস্থায় পতিত হযেছে যে, তাদের চেতনা প্রায় সম্পূর্ণভাবে লুপ্ত হয়ে গেছে। ধূলোর দ্বারা

আচাদিত দর্পথকে পশু-পক্ষীর সঙ্গে তুলনা করা যায়, আর ধুমাচ্ছাদিত অগ্নির সঙ্গে সানুষের তুলনা করা যায়। সন্যা শরীর প্রাপ্ত হলে জীব তার সূপ্ত কৃষ্ণচেতনাকে জণিয়ে তুলতে পারে। ধুমাচ্ছাদিত আগুনকে খুব সাবধানতার সঙ্গে হাওয়া দিতে থাকলে, তা যেমন এক সময়ে দাউ দাউ করে জ্বলে ওঠে, তেমনই খুব সন্তর্গণে ভক্তিযোগ অনুশীলন করার ফলে মানুষ তার অন্তরে ভগবন্ধজির আগুন জ্বালিয়ে তুলতে পারে। এভাবেই মনুষ্য-জন্মের যথার্থ সন্থাবহার করার ফলে জীব জড় জগতের বছন থেকে মুক্ত হতে পারে মনুষ্যজন্ম লাভ করার ফলে জীব তার শক্ত কাম প্রবৃত্তিকে দমন করতে পারে আর তা সম্ভব হয় সন্তর্গর ভশ্ববাদে কৃষ্ণভাবনা অনুশীলন করার মাধ্যমে।

কর্মধোগ

শ্লোক ৩৯

আবৃতং জানমেডেন জানিনো নিতাবৈরিণা ৷ কামরূপেণ কৌল্ডের দুস্পুরেগান্সেন চ ॥ ৩৯ ॥

আবৃত্তম্—আবৃত: জানম্—ওছ চেতনা, এতেন—এর হারা; জানিনঃ—জানীর, নিতাবৈরিণা—চিরশঞ্জর হারা, কামজপেণ—কামরূপ; কৌন্তেম—হে কৃন্টীপুত্র, দৃষ্পুরেণ—অপ্রণীয়; অনবেদ—অগ্নির হারা; চ—ও;

গীতার গান

এই নিত্য বৈরী করে জ্ঞান আবরণ। জীব তাহে বন্ধ হয় নহে সাধারণ ॥ কাম হয় দুষ্পুরণ অগ্নির সমান। অতথ্য কাম লাগি হও সাবধান।

অনুবাদ

কামরূপী চির শত্রুর ছারা জীবের শুব্ধ চেতনা আবৃত হয় এই কাম দুর্বারিত এগ্রির মতো চিরঅভৃপ্ত।

ভাৎপর্য

ন-ৃস্মৃতিতে বলা হয়েছে বে, বি ঢেলে বেমন আগুনকে কখনও নেভানো যায় না তেমনই কাম উপভোগের দারা কখনই কামের নিবৃত্তি হয় না। জড় জগতে

গ্লোক ৪১]

200

সমস্ত কিছুর কেন্দ্র হচ্ছে যৌন আকর্ষণ, তাই জড় জগৎকে বলা হয় 'মৈপুনাগার' অথবা যৌন জীবনের শিকল। আমরা দেখেছি, অপরাধ করনে রানুধ কারাগারে আবদ্ধ হয় তেমনই, যারা ভগবানের আইন অমানা করে, তারাও যৌন জীবনের শৃঙালে আবদ্ধ হয়ে এই মেপুনাগারে পতিত হয়। ইন্দ্রিয়-তৃত্তিকে কেন্দ্র করে জড় সভ্যতাব উন্নতি লাভের অর্থ হচ্ছে, বদ্ধ জীবনের জড় অন্তিম্বের বন্দীদশার মেয়াদ বৃদ্ধি করা। তাই, এই কাম হচ্ছে অজ্ঞানতার প্রতীক, যার দারা জীবনের এই জড় জগতে আবদ্ধ করে রাখা হয়েছে। ইন্দ্রিয়তৃত্তি সাধন করার সময় সাময়িকভাবে সুখের অনুভৃতি হতে পারে, কিন্তু প্রকৃতপক্ষে সেই তথাক্তিত সুখই হচ্ছে জীবের পরম শত্ত

(湖本 80

ইন্দ্রিয়াণি মনো বৃদ্ধিরস্যাধিষ্ঠানসূচ্যকে । এতৈর্বিমোহ্যাভ্যেষ স্কানমাবৃক্ত দেহিনস্ ॥ ৪০ ॥

ইন্দ্রিয়াপি—ইপ্রিয়তলি; মন:—মন; বৃদ্ধি:—বৃদ্ধি; অস্থা—এই কংমের: অধিষ্ঠানম্— অধিষ্ঠান, উচাতে—বলা হয়, এতিঃ—এদের হারা; বিমোহয়তি—বিমোহিত হয়; এবঃ—এই কাম, জ্ঞানম্—জ্ঞান; আবৃত্য—জাবৃত করে, দেহিনম্—দেহাভিমানীঃ জীবকে।

গীতার পান

সেই কাম অধিষ্ঠিত ইন্দ্রিয়াদি মনে । বুদ্ধিতে বসিয়া আঁকে নিখিল স্কুবনে ॥ বদ্ধ জীব সে কারণ দেহ অভিমানী । স্বাতন্ত্রের ব্যবহার নাহি জানে জানী ॥

অনুবাদ

ইন্দ্রিয়সমূহ, মন ও বৃদ্ধি এই কামের আগ্রেয়স্থল। এই ইন্দ্রিয় আদির দ্বারা কাম জীবের প্রকৃত জ্ঞানকে আচ্ছার করে তাকে বিশ্রাক্ত করে।

তাৎপর্য

বদ্ধ জীবাত্মার দেহের ভিন্ন ভিন্ন গুরুত্বপূর্ণ অংশতে শব্রু অধিকার করে বসেছে, তাই ভগবান শ্রীকৃষ্ণ সেই সমস্ত অংশের কথা ইঙ্গিতে আমাদের বৃবিয়ে দিচ্ছেন, নাতে জামরা সেই শক্তকে পরাভূত করতে পারি। ইন্দিয় আদির সমস্ত কার্যকলাপের কেন্দ্র হচ্ছে মন, তাই মন হচ্ছে সমস্ত ইন্দ্রিয়স্থ ভোগ কবার বাসনার কেন্দ্রগুল। তাই বধন জামরা ইন্দ্রিয় উপভোগের কথা ওনি, তখন হলারতেই মন ইন্দ্রিয় ভূপ্তির সকল প্রকার চিন্তাভাবনার আশ্রয়স্থল হযে ওঠে ও গ্রন্থ ফলে মন ও ইন্দ্রিয়ওলি হয়ে ওঠে কামপ্রবৃত্তির আধার, এর পরে, বৃদ্ধি বিভাগতি হয় এই সমস্ত কামপ্রবৃত্তির রাজধানী কৃদ্ধি হচ্ছে আত্মার সব চাইতে মন্তরঙ্গ প্রতিকেশী। এই বৃদ্ধি যখন কামের হারা উন্মন্ত হয়ে ওঠে, তখন সে সারাতে অহছারের সঞ্চার করে, যার ফলে আত্মা জড় ইন্দ্রিয় ও মনের সঙ্গে গণ্ডিয়ে গিয়ে জড়ের মাঝে তার ফলপ অছেষণ করে জড় ইন্দ্রিয়-সুখকেই প্রকৃত পৃথ বলে মনে করে আত্মা তখন ও। উপভোগ করতে মন্ত হয়ে ওঠে শামস্থাগরতে (১০/৮৪/১৫) আন্ধার এই আত্মবিশ্বতিকে খুব সুপরভাবে ব্যাখ্যা করে বলা হয়েছে—

यमास्तर्किः कूनरन विधापुरक स्वीः कनवामित् रहीम देकावीः । मसीर्थद्किः मनिस्म न करिंग्जि जनस्किरकार्यु म এव গোখतः ॥

› ত্রিশত সমন্ত্রিত এই জড় দেহকে পরম প্রেমাম্পদ আশ্বা, ন্ত্রী-পুরাদিকে আশ্বীয়, ল'লব জন্মস্থানকে পূজনীয় মনে করে এবং তীর্থস্থানে নিধে কেবলমাত্র নদীতে ে সেরে চলে আসে, কিন্তু পারমার্থিক জ্ঞানসম্পন্ন সেখানকার মানুষদের সঙ্গে শ্রাং-তত্ত্ব আলোচনা করে না, সে একটি গাধা অথবা গরু।"

শ্লোক ৪১

তক্ষাত্মিক্রিয়াণ্যাদৌ নিয়ম্য ভরতর্বত । পাশ্মানং প্রজহি হ্যেনং জ্ঞানবিজ্ঞাননাশনম্ ॥ ৪১ ॥

ভশাৎ—সেই হেতৃ, ত্ব্য—তৃমি, ইন্দ্রিয়াণি—ইন্দ্রিয়গুণি, আদৌ— প্রথমে, নিয়ম্য— নিয়ন্তিত করে, ভরতর্যন্ত—হে ভরতপ্রেষ্ঠ, পাণমানম্ –পাপের প্রধান প্রতীক, প্রভাহি বিনাশ কর, হি—অবশাহি, এনম্ এই, জ্ঞান—জ্ঞান, বিজ্ঞান—আগ্র ধ্যবিজ্ঞান, নাশনম্—নাশক। গীতার গান

অতএব হে ভারত! প্রথমেতে কাম ।
নিয়মিত করি হও সম্পূর্ণ নিষ্কাম ॥
ভক্তির ধারণ সেই কাম জয় জন্য ।
সে জ্ঞান বিজ্ঞাননাশী, নাহি পথ অন্য ॥

অনুবাদ

অতএব, হে ভরতন্তেষ্ঠ! তুমি প্রথমে ইন্দ্রিয়ণ্ডলিকে নিয়ন্ত্রিভ করে জ্ঞান ও বিজ্ঞান-নাশক পাপের প্রতীকরূপ এই কামকে বিনাশ কর।

তাৎপর্য

ভগবান প্রথম থেকেই অর্জুনকে ইন্দ্রিয়ণ্ডলিকে দমন করবার উপদেশ দিয়েছেন যাতে তিনি পর্বম শক্ত কামকে ভায় করতে পালেন, করেণ এই কামের প্রভাবে জীব আগ্রেজান বিস্মৃত হয়ে তার করপ ভূপে থার। এখানে জান বলতে সেই জানকে বোঝানো হয়েছে, যে জান আমাদের প্রকৃত শ্বরূপের কথা মনে করিয়ে দেয়, অর্থাৎ যে জান আমাদের প্রকৃত শ্বরূপের কথা মনে করিয়ে দেয়, অর্থাৎ যে জান আমাদের প্রকৃত স্বরূপের আমাদের আমাদের প্রকৃত স্বরূপে আমাদের জাত দেহটি একটি আবরণ মাত্র বিজ্ঞান করতে সেই বিশেষ জ্যানতে গোঝায় যা ভগবানের সঙ্গে আমাদের নিতা সম্পর্কের কথা মনে তরিয়ে দেয়। এর ব্যাখ্যা করে শ্রীমন্ত্রাগবতে (২/৯/৩১) বলা হয়েছে—

खानः शतमञ्ज्ञाः स्य यम् विकानममश्रिजम् । मरदमाः छमकः इ शृहाय धनितः प्रदाः ॥

"আখাজ্ঞান ও ভগবং-তব্জ্ঞান প্রম গোপনীয় ও গভীব বহসাপূর্ণ, কিন্তু ভগবান যখন নিজে এই জ্ঞান বিশ্লেষণ করেন, তখন তা হানয়গম হবা যায় " ভগবন্গীতা আমাদেরকে আছতত্ত্ব সম্পর্কে সাধারণ ও বিশেষ জ্ঞান প্রদান করে। জীবেরা ভগবানের অবিচ্ছেদ্য অংশ, তাই তাদের ধর্ম হচ্ছে ভগবানের সেবা করা। এই উপলব্ধিকে বলা হয় কৃষ্ণভাবনামৃত ভাই, জীবনের শুরু স্বেক্টে আমাদের উচিত কৃষ্ণভাবনায় উদ্বৃদ্ধ হওয়া, যাতে আমরা সম্পূর্ণভাবে কৃষ্ণচেতনাময় হয়ে আমাদের জীবন সার্থক করে তুলতে পারি।

প্রতিটি জীবের অন্তরে যে ভগবং-প্রেম আছে, তাবই বিকৃত প্রতিবিস্থ হচ্ছে কাম। কিন্তু জীবনের তক্ত থেকেই যদি আমরা ভগবানকে ভালবাসতে শিথি চা হলে জায়াদের স্বাভাবিক ভগবৎ প্রেম জার কামে পর্যবসিত হতে পারে না

গাবৎ-প্রেম কামে বিকৃত হয়ে গোলে, তখন তাকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে
আনা অতান্ত কঠিন। তা সন্থেও কৃষ্ণভাবনা এমনই শক্তিশালী যে, এমন কি

ভীননের শেষ পর্যায়েও যদি কেউ গভীর নিষ্ঠার সঙ্গে ভগবন্তক্তির বিধি নিষেধগুলি
অনুশীলন করে, তবে সে কৃষ্ণপ্রেম ফিরে পায় তাই, জীবনের যে কোন পর্যায়ে
শক্ষভাবনার অনুশীলন শুরু করা যায়। যখন আমরা কৃষ্ণভাবনার মাহাত্মা উপলব্ধি
শোতে পারি, ভগবন্তক্তির প্রয়োজনীয়তা উপলব্ধি করতে পারি, জীবনের যে পর্যায়েই

গাব, তখন থোকেই আমরা ভক্তিযোগের অনুশীলন করতে পারি এবং আ্যাদের
পর্ব্য শক্ত কামকে কৃষ্ণপ্রেমে রূপান্তরিত করতে পারি। এটিই হচ্ছে মানব-জীবনের
সর্বোত্তর পূর্ণতার কর।

कर्मटमान

(क्रीक 8२

ইন্দ্রিয়াণি পরাণ্যান্থরিন্দ্রিয়েড্যঃ পরং মনঃ ৷
মনসন্ত পরা বুদ্ধির্যো বুদ্ধেঃ পরতন্ত সঃ ॥

ই জিয়াণি—ই জিয়সমূহ, পরাণি—গ্রেয়, আন্থ্য—বলা হয়: ই জিয়েজ্যঃ— > জিয়গুলি অপেকা, পরম্—শ্রেয়, মনঃ—মন; মনসঃ—মনের থেকে, তু—ও, পরা—শ্রেয়, বৃদ্ধিঃ—বৃদ্ধি; মঃ—যিনি, বৃদ্ধেঃ—বৃদ্ধির থেকে; পরতঃ—গ্রেয়, তু— বিশ্ব সং—তিনি।

গীতার গান

বদ্ধজীব জড়বৃদ্ধি ইন্দ্রিয় প্রধান । ইন্দ্রিয়াধিপতি মন কর্মের বিধান ॥ মন হতে পরবৃদ্ধি তারপর আত্মা । অভএব কর সেবা সেই পর্যাত্মা ॥

অনুবাদ

ছুল জড় পদার্থ থেকে ইন্দ্রিরগুলি শ্রেয় ইন্দ্রিয়গুলি থেকে মন শ্রেয়, মন থেকে বৃদ্ধি শ্রেয়; আর ভিনি (জাল্পা) সেই বৃদ্ধি থেকেও শ্রেয়।

শ্লোক ৪৩]

268

ভাৎপর্য

কামের নানাবিধ কার্যকলাপের নির্গম পথ হচ্ছে আমাদের ইন্দ্রিয়গুলি। কামের সঞ্চয় হয় আমাদের দেহে, কিন্তু ইন্দ্রিয়ওলির মাধামে তার বহিঃপ্রকাশ হয়। তাই, সামগ্রিকভাবে রুড় দেহের থেকে ইপ্রিয়গুলি শ্রেয়। আমাদের অন্তরে যখন উচ্চজুরের চেতনার বিকাশ হয় অথবা ক্ষণ্ডচেতনার বিকাশ হয়, তখন এই সমস্ত निर्धय भणश्रम वस २८ग यात्र । अखरत कृष्णजाननात উत्पाद २८न भत्रमासा वा শ্রীকুমের সঙ্গে আখ্যা তার নিতা সম্পর্ক অনুভব করে, তাই তথন আর তার জড় (मरहर चनुक्ठि थारक ना <u>(स्थ</u>नक कार्यकलाभक्त हाइह ই<u>स्टि</u>रहर कार्यकलाभ, তাই ইন্দ্রিয়গুলি নিদ্ধিয় হলে, দেহও নিম্নিয় হয়ে যায়। কিন্তু সেই অবস্থার মন সত্রিনা থাকে, যেমন নিত্রিত অবস্থায় আমরা স্বাথ দেবি। কিন্তু মনেরও উর্ফো হচ্ছে বৃদ্ধি এবং বৃদ্ধিত্তও উধের্য হচ্ছে আবা।। তাই, আবা। যখন প্রমায়ার সঙ্গে যুক্ত হয়, তথন বৃদ্ধি, মন ও ইন্দ্রিয়গুলি স্বাভাবিকভাবে পরমান্বার সঙ্গে যুক্ত হয়ে খায় ত্ৰিক এভাবেই *কঠোপনিষদে*ও বলা হয়েছে যে, ইন্দ্ৰিয়া থেকে ইন্দ্ৰিয়া উপ্ভোগের সামগ্রীগুলি প্রেয়, কিন্তু ইন্দ্রিয় উপ্ভোগের সামগ্রীগুলি থেকে মন শ্রেয়। তাই, মন যদি সর্বতোভাবে নিরওর ভগবানের সেবায় নিয়েঞিত থাকে, ডখন ইপ্রিয়গুলির বিপদগার্মী হবাব আন কোন স্যোগ থাকে না . এই মানসিক প্রবৃত্তির কথা পুরেই বাখো কর। হয়েছে। পরং দৃষ্টা নিবর্ততে। মন বদি ভগবানের অপ্রকৃত সেবায় মন্ন থাকে, তা হলে নিম্নগামী প্রবৃত্তিগুলিতে আকৃষ্ট হওয়ার কোন সম্ভাবনাই তার আর থাকে ন্য কঠোপনিষদে আত্মাকে মহান বলে বর্ণনা করা হয়েছে তাই আখ্যা হচ্ছে—ইঞ্জিয়গ্রাহা বিষয়, ইঞ্জিয়, মন ও বৃদ্ধির উর্থেট, তাই, আত্মার স্বরূপ সরসেধি উপশ্বন্ধি কবতে পারলে সমস্ত সমস্যাব সমাধান হয়ে যায়।

বৃদ্ধি দিয়ে আত্মার ফলপ সম্বন্ধে অকগত হরে, মনকে কৃষণ্টতনাম নিযুক্ত করাই সকলের কওঁবা। তা হরেই সমস্ত সমস্যার সমাধান হয়ে গায়। পরমার্থ সাধান নবীন ভাঙাকে সাধাবণত ইন্দ্রিয়গ্রাহ্য সমস্ত বিষয় গোকে দূরে থাকতে উপদেশ দেওয়া হয়। কেন না তার ফলে ইন্দ্রিয়গুলি ধীরে ধীরে সংঘত হয়। তা হাতা, বৃদ্ধি দিয়েও মনকে তার সম্বন্ধে দৃঢ় কবতে হয়। বৃদ্ধির দ্বারা যদি আমরা কৃষণভাবনার মাধামে ভাগানের চরণ-কমলে আত্মনিবেদন করি, তা হলে মন ভাগানের সেবায় নিয়োজিত হয়ে একাগ্র হয়, তখন ইন্দ্রিয়ের প্রলোভনগুলি আর মনকে বিচলিত করতে পারে না। ইন্দ্রিয়গুলি ভখন বিষদাতহীন সাপের মতো নিন্ধিয় হয়ে পড়ে। কিন্তু আত্মা ধদিও বৃদ্ধি, মন ও ইন্দ্রিয়ের অধীশ্বর, তবৃও ভাগান শ্রীকৃষ্ণের আশ্রয় গ্রহণ না করনে, যে কোন মুহূর্তে মনের প্রভাবে বিচলিত হয়ে আত্মা অধঃপতিত হতে পারে।

শ্লোক ৪৩

এবং বৃদ্ধেঃ পরং বৃদ্ধা সংস্তভাত্মানমাত্মনা । জহি শত্রুং মহাবাহো কামরূপং দুরাসদম্ ॥ ৪৩ ॥

এবম্ এভাবে; বুদ্ধঃ—বুদ্ধিব, পরম্—পরতর; বৃদ্ধা—জেনে, সংস্কভা—স্থির করে, আস্থানম্—মনকে, আস্থানা—নিশ্চয়ান্মিকা বৃদ্ধিব দ্বারা, জহি—জয় কবে, শত্রুম্— শত্রুকে; মহাবাহো—হে মহাবীর, কামরূপম্—কামরূপ, দুরাসদম্—দুর্জগ্ন

গীতার গান
অপ্রাকৃত বৃদ্ধি ছারা কর দাস্য তার ।
ঘূচিবে সকল মোহ কাম ব্যবহার ॥
সেই সে উপায় এক শক্ত জিনিবার ।
কামরূপ দুরাসদ কেহ নাই আর ॥

অনুবাদ

হে মহাবীর অর্জুন! নিজেকে জড় ইচিয়ে, মন ও বৃদ্ধির অতীত জোনে, নিশ্চয়াস্থিকা বৃদ্ধির ছারা মনকে স্থির কর এবং এভাবেই চিৎশক্তির ছারা কামরূপ দর্জয় শক্তকে জয় কয়।

তাংপর্য

লগদেশীতার এই তৃতীয় অধ্যায়ে আহাদের ম্বর্গপ যে পরম পুরাষোদ্ধম জগবানের কিন্তালের দাস, সেই সত্য উপলব্ধি করতে পেরে জগবানের সেবায় নিয়োজিত গার নির্দেশ দেওয়া হরেছে। এই অধ্যায়ে জগবান বিশদভাবে বৃবিয়ো দিয়েছেন য, নির্বিশেষ প্রকে লীন হওয়া জীবনের চরম উদ্দেশ্য নয় জড় জীবনে আমরা পাতাবিকভাবে কাম-প্রবৃত্তি ও জড়া প্রকৃতিকে ডোগ করবার প্রবৃত্তিব দারা প্রলোভিত হঠ। কিন্তু জড়া প্রকৃতিব উপর আধিপত্য বিস্তাব করা এবং জড় ইন্দ্রিয় উপভোগ শোর বাসনা হছে বন্ধ জীবের পরম শক্ত কিন্তু কৃষ্ণভোবনা অনুশীলন করার শলে আমরা আমাদের ইন্দ্রিয়, মন ও বৃদ্ধিকে নিয়ন্ত্রিত রাখতে পারি। আমাদের প্রবৃত্তিতিলকে মৃত্তের মধ্যে সংঘত করা সন্তব নর, কিন্তু আমাদের অন্তরে গ্রহারনার বিকাশ হবার ফলে আমরা অপ্রাকৃত স্তরে উনীত হতে পারি, বৃদ্ধির ঘারা কন ও ইন্দ্রিয়গুলিকে ভগবানের শ্রীচবণারবিদ্দে একাগ্র করতে পারি। এটিই

হক্ষে এই অধ্যায়ের মর্মার্থ। জড় জীবনের অপবিগত অবস্থায়, নানা রকম দার্শনিক জল্পনা কল্পনা এবং তথাকথিত যৌগিক ক্রিয়ার মাধ্যমে ইন্দ্রিয়-সংখনের প্রচেষ্টার দ্বারা আমবা অপ্রাকৃত স্তরে উন্নীত হবার যতই চেষ্টা করি না কেন, পারমার্থিক জীবনধাবার অপ্রগতিব ক্ষেত্রে নেই সমস্ত প্রচেষ্টা বার্থ হবে। উন্নত বৃদ্ধিযোগের দ্বারা কৃষ্ণভাবনার অমৃত লাভ করলেই পারমার্থিক উদ্দেশ্য সাধিত হবে।

ভক্তিবেদান্ত করে শ্রীগীভার গান । শুনে যদি শুদ্ধ জন্ত কৃষ্ণগভ প্রাণ ॥

ইতি—কৃষ্ণভাগনাময় কর্তবাকর্ম সম্পাদন বিষয়ক 'কর্মযোগ' নামত শ্রীমধ্রগবণ্গীভার তৃতীয় অধ্যায়ের ভক্তিবেদান্ত ভাৎপর্য সমাপ্ত।

চতুর্থ অধ্যায়



জ্ঞানযোগ

শ্লোক : শ্রীভগবানুবাচ ইমং বিবস্বতে যোগং প্রোক্তবানহমব্যয়ম্ 1 বিবস্বাস্থনবে প্রাহ্ মনুরিক্টাকবেংব্রবীৎ ॥ ১ ॥

শাভগবান উবাচ—পরমেশ্বর ভগবান বলালেন, ইমম্—এই, বিবস্ততে—সূর্যদেবকে, গোগম—ভগবানের সঙ্গে জীবের সম্পর্ক সম্বন্ধীয় বিজ্ঞান, প্রোক্তবান্—বলাহিলাম, গুলম —আমি: জবায়ম্—অব্যয়, বিবস্থান—বিবস্থান (সূর্যদেবের নাম), মনবে—
১০ বলাভির জনক বৈবস্বত মনুকে, প্রায়—বলাহিলেন, মনুঃ—মনু, ইক্লেক্বে—
১০ বলাভির উন্ধান্তকে, জারবীৎ—বলাহিলেন।

গীতার গান

ভগবান কহিলেন :
পূর্বে আমি বলেছিলাম, সূর্যকে প্রথম !
এই সে নিষ্কাম কর্ম অপূর্ব কথন ॥
সূর্য বলেছিল পরে মনুকে স্বপুত্রে ।
ইক্ষাকু গুনিল পরে পরস্পরা সূত্রে ॥

অনুবাদ

পর্মেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ বলমেন—আমি পূর্বে সূর্যদেব বিবশ্বনেকে এই অব্যয় নিদ্ধাম কর্মসাধ্য জ্ঞানধ্যোগ বলেছিলাম। সূর্য তা মানবজাতির জনক মনুকে বলেছিলেন এবং মনু তা ইক্ষাকৃকে বলেছিলেন।

তাৎপর্য

এখানে ভগবান ভগবদ্গীতার ইতিহাস কর্ণনা করেছেন। বহু প্রাচীনকালে সূর্যপোক আদি বিভিন্ন প্রহলোকের রাজাদের ভগবান ওগবান এই জ্ঞান দান করেন। সমস্ত গ্রহলোকের রাজাদের বিশেষ কর্তবা হছে প্রজাপালন করা এবং সেই জ্ঞান তাদের সকলেরই ভগবদ্গীতার বিজ্ঞান সম্পর্কে পূর্ণভাবে অবহিত হওয়া প্রয়োজন, যাতে তাঁদের প্রজাদের পারমার্থিক লক্ষার দিকে তারা পরিচালিত করতে পারেন। তাই ভগবাদের কৃপার এই জ্ঞান লাভ করে প্রতীনকালের রাজারা মানুষকে কামনা-বাসনার জড় বছন থেকে মৃক্ত হবার পথ প্রদর্শন করতেন। মানন-জীবনের উদ্দেশাই হচ্ছে পারমার্থিক জ্ঞানের অনুশীলন করা এবং ভগবানের সঙ্গে তার যে নিত্য সম্পর্ক রয়েছে, সেই সংঘধে অবগত হওয়া তাই, সকল গ্রহলোকের ও সকল রাষ্ট্রের শাসকবর্গের কর্তবা হচ্ছে, শিক্ষার মাধ্যমে, সংস্কৃতির মাধ্যমে ও ভত্তির মাধ্যমে জানগদ্বে এই জ্ঞান বিভরণ করা। পক্ষাত্রের কলা যায়, সকল রাষ্ট্রের কর্ণধার এবং সমাজের নেতাদের একমাত্র কর্তবা হচ্ছে, কৃষ্ণভাবনার অমৃত বিজ্ঞান সকলের কাছে বিতরণ করা, যাতে প্রতিটি মানুষ এই মহাবিজ্ঞানের সুক্ষল অর্ঞনি করতে পারে এবং মান্যব-জীবনের সুযোগ-সুবিধা ক্ষাজে লাগিয়ে সাফলোর পথে অনুসরণ করতে পারে।

এই মহাকাল কম্মে সূর্যদেবের নাম বিবস্থান, তিনিই হচ্ছেন সূর্যনোকের অধীশর। এই সূর্য থেকেই সৌরজগতের সমস্ত প্রহের সৃষ্টি হয়েছে। *রক্ষাসংহিতাতে* (৫/৫২) কলা হয়েছে—

> যক্তক্ষুরেষ সবিতা সকলগ্রহাপাং রাজা সমস্তস্বস্তিরশেষতেজাঃ। যস্যাজ্ঞয়া ভ্রমতি সংভূতকালচক্রেণ গোবিন্দমাদিপুরুষং ওমহং ভ্রজামি ॥

ব্রহ্মা বলেছেন, "সমস্ত গ্রহের বাজা, ঋশেষ তেজোবিশিষ্ট, সূরমূর্তি সবিতা বা সূর্য জগতের চক্ষুস্বকপ। তিনি থার আজ্ঞায় কালচক্রারাত হয়ে শ্রমণ করেন, সেই আদিপুরুষ গোবিন্দকে (শ্রীকৃষ্ণকে) আমি ভজন করি।" সূর্য হচ্ছেন গ্রহণ্ডলির রাজা এবং বর্তমানে সূর্যদেব বিবস্থান সূর্যগ্রহকে পরিচালনা করছেন। এই সূর্যগ্রহ সমস্ত গ্রহণ্ডলিকে তাপ ও আলোক দান করে সেগুলিকে নিয়ন্ত্রণ করছে। ভগবান শ্রীকৃষ্ণের আদেশ অনুসারে সূর্য তার কক্ষপথে পরিভ্রমণ করছেন। এই সূর্যদেবকে ভগবান শ্রীকৃষ্ণ তার অহৈতৃকী কৃপার ফলে প্রথম শিষারূপে গ্রহণ করে ভগবদ্গীতার জনে দান করেন। এই থেকে আমবা বুবতে পানি, ভগদেগীতা প্রাকৃত পণ্ডিতদের জল্পনান সর্বার সামগ্রী নয়, গীতা শ্বরণাতীত কাল থেকে গ্রহাহিত হরে আসা ভগবানের মুখ-নিঃসূত বালী।

মহাভারতের শান্তিপর্বে (৩৪৮/৫১-৫২) আমনা ভগবদগীতার ইতিহাসের উলেখ পাই—

> (क्छायुत्रास्मी ह खरणा विरम्राम् यमस्य मस्मी । यमुन्ह (लाककृष्टार्थर मूर्णासकृष्टार मस्मी । इक्काकृषा ह कथिएणा बााधा स्माकानविश्वितः ॥

দ্রেতাযুগের প্রারত্তে বিধয়ান মনুকে ভগবং-তত্তজান দান করেন মানব-সমাজের পিতা মনু এই এনে তার পুত্র সমাগরা পৃথিবীর অধীশ্বর এবং রঘুবংশের জনক ১ঞ্চতুকে দান করেন। এই রঘুবংশে জীরামচন্দ্র আবির্ভূত হন "সূত্রাং, ৮গবনগীতা মহারাজ ইন্দ্রাক্র সময় থেকেই মানব-সমাজে বর্তমান

এই পৃথিবীতে এখন কলিয়ুগের পাঁচ হাজার বছর চলছে। কলিযুগের স্থায়িত্ব র ১২,০০০ বছর। এর আগে ছিল দ্বাপরযুগ (৮,০০,০০০ বছর) এবং তার আগে 🚁 ব্রেস্টার্যুর (১২,০০,০০০ বছর)। এভাবে প্রায় ২০,০৫,০০০ বছর আগে মনু · দ পত্র এই পৃথিবীর অধীশার ইম্ফাকুকে এই *ভগবদ্গীতার* জ্ঞান দান করেন বত্যাল মনুর আছু ৩০,৫৩,০০,০০০ বছর, তার মধ্যে ১২,০৪,০০,০০০ ্রিক্তিত হয়েছে। আমৰা যদি মনে করি, মনুর জন্মের সময় ভগবান শ্রীকৃষ্ণ প্রদাকে ভগবদগীতার জান দান করেছিলেন, তা হলেও *গীতা* প্রথমে বলা হয় .. ০৪,০০,০০০ বছর আগে এবং মানব-সমাজে এই জান প্রায় ২০,০০,০০০ চাৰ ধৰে বৰ্তমান। পাঁচ হাজার বছর আগে ভগবান এই জ্ঞান পুনরায় অর্জুনকে নান কৰেন। *গীতার* বক্তা ভগবাদ জীকুম্বের বর্ণনা অনুযায়ী এই হচ্ছে *গীতার* গ্রিভাস। ভগবান সর্বপ্রথম এই জ্ঞান বিবস্থানকে দান করেন, কারণ বিবস্থানও 🕶 🤲 একজন ক্ষত্রিয় এবং সূর্যবংশজাত সমস্ত ক্ষত্রিয়ের ডিনিই হচ্ছেন আদি ভগবানের কাছ থেকে আমরা ভগবদগীতা প্রাপ্ত হয়েছি বলে ভগবদগীতা ্রুরই মতো পরম তবুজান সমন্বিত—এই জ্ঞান অপৌরুষেয়। বৈদিক জ্ঞানকে ক্ত যথানুরূপভাবে প্রহণ করতে হয়, মানুষের কল্পনাপ্রসূত ব্যাখ্যা সেখানে প্রযোজ্য দা না, ভগবদগীভাও তেমনই জড় বৃদ্ধিপ্রসূত ব্যাখ্যার কলুমমূক্ত অবস্থায় গ্রহণ

শ্লোক ৩]

কবতে হবে প্রাকৃত তার্কিকেরা ভগবানের দেওয়। ভগবদগীতার উপর তানের পাণ্ডিতা জাহির কবার চেষ্টা করে, কিন্তু তা মথাযথ ভগবদগীতা নয়। ভগবদ্গীতার যথার্থ মর্ম উপলব্ধি করতে হয় ওর-পরস্পরার ধারাম এবং এখানে বর্ণনা করা হয়েছে যে, ভগবান এই জ্ঞান প্রথমে বিবস্থানকে দান করেন। বিবস্থান তা দেন মনুকে, মনু ইক্ষাকৃকে—এভাবেই ওর-শিষ্য পরস্পরাক্রমে এই জ্ঞান প্রবাহিত হয়ে আসছে

গ্লোক ২

এবং পরস্পরাপ্রাপ্রমিমং রাজর্বয়ো বিদৃঃ । স কালেনেহ মহতা যোগো নস্টঃ পরস্তপ ॥ ২ ॥

এবম্—এভাবে; প্রস্পরা—পরস্পরাক্রমে; প্রাপ্তম—গ্রাপ্ত, ইমম্—এই বিজ্ঞান, রাজর্ষয়ঃ—রাজর্মিরা, বিদুঃ—বিদিও হয়েছিলেন, সঃ—সেই ওানা; কালেন—কালের প্রভাবে, ইহ—এই জগতে, মহতা—সুদীর্ঘ; যোগঃ—পরমেশ্বর ভগবানের সঙ্গে জীবের সম্বন্ধ জ্ঞান সমন্বিও বিজ্ঞান, নক্টঃ—বিনষ্ট, পরস্তপ—হে শত্রু দমনকারী অর্জুন।

গীতার গান

সেই পরস্পরা দ্বারা রাজর্ষিগণ।
একে একে ওনে সব গীতার বচন ॥
কালক্রমে পরস্পরা হয়েছে বিনষ্ট।
পরস্পরা বিনা দ্বান সব অর্থ এই ॥

অনুবাদ

এভাবেই পরস্পরা মাধ্যমে প্রাপ্ত এই পরম বিজ্ঞান রাজবিরা লাভ করেছিলেন। কিন্তু কালের প্রভাবে পরস্পরা ছিন্ন হয়েছিল এবং ভাই সেই যোগ নউপ্রায় হয়েছে।

তাৎপর্য

এখানে স্পষ্টভাবে বলা হয়েছে যে, গীতা রাজর্ষিদের জনাই বিশেষভাবে উদ্দিষ্ট হয়েছিল, কারণ প্রজাপালনের কাজে তাঁরা ফথার্থভাবে এই শাস্ত্রের উদ্দেশ্য কার্যকরী করবেন। *ভগবদ্গীতার* অমৃতময় উপদেশ কথনই অসুরদের জনা নয়। তারা

ে জানকে গ্রহণ করতে অক্ষম এবং জনগণের সেবায় প্রয়োগ করতে অক্ষম স্ক্রাপ্তর, তারা নিজেদের খেয়ালখনি মতো ভগবানের দেওয়া এই দিবা জ্ঞানের ালগ করে। এই সমস্ত মৃঢ় দুরাচারীদের কদর্থ সমন্থিত মন্তব্যে *ভগবদুগীতার* প্রকৃত উদ্দেশ্য যখন ব্যাহন্ত হয়, তখন ওক-শিষ্যের পরস্পরার পুনঃপ্রতিষ্ঠা করার প্রবাজনীয়তা দেখা দেয়। পাঁচ হাজার বছর আগে ভগবান স্বয়ং লক্ষ্ণ করেন য সেই ওক্ত শিষা পরস্পরার ধারা বিভিন্ন হরে গেছে, তাই তিনি ঘোষণা করেন শ, *গীতার উদ্দেশ্যে* হারিয়ে গেছে। আজকের জগতেও আমরা দেখাত পাই, *ীতার* অর্থ কিন্তাবে বিকত হয়ে গোছে—গীতার অনেক সংস্করণ আছে (বিশেষ ানে ইংরেজী ভাষায়), কিন্তু তালের মধ্যে প্রায় কোনটাই গুরু-পরস্পরার ধারা ২-ুনারী নর। তথাকথিত সমস্ত পণ্ডিতেরা গীতার অসংখা ধরনের ব্যাখ্যা লিখে ্যসক্ষপার নামে একটি ভাল ব্যবসা জাঁকিয়ে বসেছে, কিন্তু তাদের মধ্যে প্রায় কেউই পূর্বর পুরুষোত্তম ভগবান শ্রীকৃষ্ণকে স্বীকার করে না এটিই হচ্ছে আসুরিক প্রবৃত্তি এসরের কথনও ভগবানকে বিশ্বাস করে না, কিন্তু তারা কেবল ভগবানের সম্পত্তি ভাগ করার ব্যাপারে অভ্যন্ত তৎপর। পরস্পরার ধারায় প্রাপ্ত *ভগবদুগীভার* মথামথ েটে ব্যাখ্যা প্রচার করার বিশেষ প্রয়োজন আছে, তা উপপন্ধি করে এই সংস্করণটি প্রকাশত হয়েছে। *ভগবদ্গীতা* মানুষের প্রতি ভগবানের **আলী**র্বাদ, মানব-সমাজে 🕫 এক অমৃদ্যা সম্পদ। এই গ্রন্থটিকে যথাযথভাবে গ্রহণ না করে, দার্শনিক ্র্যা-কল্পনাম্পক নিবদ্ধ মনে কর্তো, কেবল সময়েরই অপচয় করা হবে

গ্লোক ৩

স এবারং ময়া তেহদ্য যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ । ভক্তোহসি যে সখা চেতি রহস্যং হ্যেতদুত্তমম্ ॥ ৩ ॥

সঃ দেই, এব—অবশাই, অয়ম্—এই, ময়া—আমার দ্বাবা, তে—তোমাকে, অন—আছ, ধোপঃ—বোগ বিজ্ঞান, প্রোক্তঃ—বলা হল, পুরাতনঃ—অতি প্রাচীন, বক্তঃ ভক্ত, অসি—ভূমি ২৩, মে—আমার, সধা—সধা, ১—৩, ইতি অতএব, বহস্যম্—রহসা; হি—অবশাই, এতং—এই; উত্তমম্—উত্তম .

গীতার গান অভএব কহি পুনঃ সেই পুরাতন । পুনর্বার পরস্পরা করিতে স্থাপন ॥

(明季 8]

২৬২

ডক্তি বিনা কে বুঝিবে গীতার রহস্য । তুমি মোর প্রিয়সখা করহ বিমুখ্য ॥

অনুবাদ

সেই সনাতন যোগ আজ আমি তোমাকে বললাম, কারণ তুমি আমার ভক্ত ও সখা এবং তাই তুমি এই বিজ্ঞানের অতি গুঢ় রহস্য ফ্রন্মশ্রম করতে পারবে।

ভাৎপর্য

মানব-সমাজে দুই রক্ষের মানুষ আছে, তারা হচ্ছে ভক্ত ও অসুর। ভগবান অর্জুনকে ভগবদগীতা দান করতে মনস্থ করেছিলেন, কারণ অর্জুন ছিলেন তার শুদ্ধ ভক্ত অসুরেরা কখনই এই রহসায়বৃত জানের মুমার্থ উপলব্ধি করতে পারে না এই মহৎ শাস্ত্র *ভগবদগীতার* বহু সংস্করণ আছে, তাদের মধ্যে কোনটি ভত্তের মন্তব্য সমন্বিত, আর কোনটি অসুরের মন্তব্য সমন্বিত। ভড়েন্ডর মন্তব্য সমন্বিত ভূপবদগীতা পড়লে অন্যয়াসে গীতার যথায়থ অর্থ উপলব্ধি করা যায় এবং তার ফলে ভগবানের মহত্ব উপলব্ধি করতে পেরে হাদরে। ওঞ্জির সঞ্চার হয়। কিন্তু चामरताव प्रस्तवा भाष्ट्रसा रकानाँदे काळा दश ना, डिन्सस्य भार्यनाम दश । व्यर्धन स्थानराजन, শ্রীকৃষ্ণ হক্ষেন স্বয়ং পর্মেশ্বর ভগবান, তাই অর্জুনের পদান্ত অনুসরণ করে, ভগবান দ্রীকৃষ্ণকে সর্ব কারণের কারণ, পরমেশ্বর ভগবান বলে মেনে নিয়ে ভগবদগীতাকে इपराज्य करातारे और भराय विख्यात्मर शक्ति यथायथ अन्य वर्भण करा रहा। जनुरस्ता কিন্তু শ্রীকৃষ্ণকে মথায়থভাবে গ্রহণ করে না। বরং তারা নানা রকম জন্মনা-কল্পনা ষ্ণরে জ্রীক্ষেত্রে পরিচয় নির্ধারণ করতে চেট্টা করে। তারা ভগবানের নানা রক্ষ পরিচয়ও খুঁজে বার করে। এভাবেই তারা জনসাধারণকে বিভ্রান্ত করে পথভাষ্ট করে এবং ভশবৎ-বিশ্বেষী করে তোলে তাই আমাদের স্বেধনে হওয়া উচিত, যাতে এই সমস্ত অস্ত্রেরা আমাদের আর অনিষ্ট না করতে পারে: আমাদের উচিত অর্জনের পদায় অনুসরণ করে ভগবদগীতার মর্মার্থ উপলব্ধি করা এবং ভগবানের দেওয়া এই আশীর্বাদকে সর্বতোভাবে গ্রহণ করে আমাদের মানবজন্ম সার্থক করে ভোলা

গ্লোক ৪

অর্জুন উবাচ

অপরং ভবতো জন্ম পরং জন্ম বিবস্থতঃ । কথমেতদ বিজানীয়াং তুমাদৌ প্রোক্তবানিতি ॥ ৪ ॥ এঞ্জনঃ উবাচ—অর্জুন বললেন, অপরম্—পরবর্তী; ভবতঃ—তোমার, জন্ম—গুন্ম; পরম্—পূর্বে, জন্ম—জন্ম, বিবন্ধতঃ—সূর্যদেকের, কথম্—কিন্ডাবে, এতং—এই, বিজ্ঞানীয়াম্—আমি বুকব, স্বম্—তুমি, আদৌ—পুরাকালে, প্রোক্তবান্—বলেছিলে, ইতি—এভাবে।

গীতার গান

অর্জুন কহিলেন ।

তুমি ত নবীন সখা সেদিন জন্মিলে ।
কোটি কোটি বর্ষ পূর্বে সূর্য জন্ম নিলে ॥

এ কথা কি করে বুঝি পূর্ব এত দিনে ।
উপদেশ পূরাতন তুমি বলেছিলে ॥

অনুবাদ

ত্রের্ল বললেন—সূর্যদেব বিবস্থানের জন্ম হয়েছিল ছোমার অনেক পূর্বে। কৃষি যে পুরাকালে ভাকে এই জান উপদেশ করেছিলে, তা আমি কেমম করে বুঝব?

তাৎপৰ্য

্রাণ্ডন হচ্ছেন বিশ্রুত ভগবানের ওদ্ধা ভাত, তা হলে এটি ফি করে সম্বাধান তিনি ভগবানের কথা বিশ্বাস করছেন নাং তার কারণ হচ্ছে, অর্জুন এই কারণ্ডলি তাঁর নিজের জনা জিল্লাসা করছেন নাং কার বারা ভগবানকে বিশ্বাস করে বা অথবা যে সমস্ত অসুরেরা শ্রীকৃষ্ণকৈ ভগবান বলে মানতে চায় না, তাদের করা জিল্লাসা করছেন। দশম অখ্যায়ে প্রমাণিত হবে যে, অর্জুন সব সময়ই কারতেন শ্রীকৃষ্ণ হচ্ছেন পরম প্রুযোগ্ডম ভগবান, সব কিছুর উৎস এবং পরমানরের শেষ কথা। সাধারণ মানুষের পক্ষে এটি বুঝাতে পারা খুবই কঠিন যে, গেদ্দের ও দেবকীর সন্তান শ্রীকৃষ্ণ কিভাবে অনন্ত শক্তির উৎস ও অনাদির মানুষের ভগবান হতে পারেন। তাই, অর্জুন শ্রীকৃষ্ণকে সেই সম্বাধা প্রথম করছেন, যাতে তিনি নিজেই তার পরিচর দান করে সকলের সন্দেহের নিরসন করেন শাক্তিয় যে স্বয়ং ভগবান সেই কথা তথু আজ নয়, পুরাকাল থেকে সমগ্র জগতের নকলেই বিশ্বাস করে জাসছে, কিন্তু অসুরেরাই কেবল সেই সভাকে মানতে চায় না, সে যাই হোক, শ্রীকৃষ্ণ যেহেতু সর্বজনগ্রাহ্য প্রামাণ্য উৎস সেই জনা অর্জুন

अकि की

এই প্রশ্নটি তাঁব কাছেই উপস্থাপন করেছিলেন যাতে তিনি নিজেই তার যথার্থ ব্যাখ্যা দিতে পারেন, অসুরদের কাছে ব্যাখ্যা শুনতে তিনি চাননি। কারণ, অসুরেরা সব সময়ে তাদের নিজেদেব এবং অনুগামীদের বোধগম্য বিকৃত ব্যাখ্যা দিয়েই শ্রীকৃষ্ণকে বোঝাতে চেয়েছে। প্রত্যেকেরই তার নিজের স্বার্থে শ্রীকৃষ্ণ সম্পর্কিত প্রকৃত তত্ত্বিজ্ঞান জানা উচিত। তাই, ভগবান হখন নিজেই তাঁর অপ্রাকৃত পরিচয় দান করেন, তখন সমস্ত জগতের মঙ্গল হয়। ভগবান খ্রীকৃষেজ দেওয়া এই ওত্তবান অসুরদেব কাছে বিস্ময়কর বলে মনে হতে পারে, কারণ তারা অনাদি, অনস্থ ভগবং-তত্ত্বকে তাঞ্চের সীমিত মস্তিঞ্জের পরিপ্রেকিতে অনুযান করতে চায়, কিন্তু ভগবানের ভক্ত ভগবানের নিজের দেওয়া ভগবৎ-তত্ত্বকে সর্বাস্তকেরণে প্রহণ করে কৃতার্থ হন ভক্তবুন্দ চিনকালই এই পরমতত্ত্ব গ্রহণে আগ্রহী, কারণ ঠারা সর্বদা ভগবানের অনন্ত নীলা সম্বন্ধে জানতে আগ্রহী। যারা নিরীশ্বরদেরী ভগবং-বিষেধী, যায়। মনে করে। ভগবানও হচ্ছেন একজন সাধারণ মানুষ, তাবাও এভাবেই শ্রীক্ষের লীলা প্রবণ করে বুঝতে পারে যে, ত্রীকৃষ্ণ হচ্ছেন অভি মানবিক, তাঁর রূপ সচিদানসময়, তিনি অপ্রাকৃত, তিনি মাধাতীত ও ওশাতীও। ভগবানের ভক্ত মাত্রই অর্জুনের মতো সর্বান্তকেরণে শ্রীকৃষ্ণকে বিশ্বাস করেন। ভগবনে শ্রীকৃষেল অপ্রাকৃত তত্ত্ব সশ্বন্ধে তাঁৰ মানে কোন সদেহে থাকে না। অসুবেরা যে শ্রীকৃষাকে জড়া প্রকৃতির ওণবৈশিষ্ট্রোর অধীন একজন সাধারণ মানুষ বলে মনে করে, তাদের সেই অবিশ্বাস জনিত যুক্তি খণ্ডন করার জনাই অঞ্নের মতো শুদ্ধ ভক্তেরা ভগধানের কাছে তাঁর ভগবন্তা সম্বন্ধে প্রশ্ন করেন। কিন্তু প্রকৃতপক্ষে, তাদের মনে ভগবান সম্বন্ধে সন্দেহের কোন রকম অবকাশই থাকে নাঃ

গ্ৰোক ৫

শ্রীভগবানুবাচ বহুনি মে ব্যতীতানি জন্মানি তব চার্জুন। তান্যহং বেদ সর্বানি ন স্তং বেশ পরস্তপ ॥ ৫ ॥

শ্রীভগবান্ উবাচ—পরমেশর ভগবান বলালেন, বহুনি—বহু, মে—আমার, বাতীতানি –অতীত হয়েছে, জন্মানি জন্ম; তব—তোমার; চ—এবং, অর্জুন হে অর্জুন, তানি—সেই সমস্ত, অহম্—আমি, বেদ—জানি; সর্বানি সমস্ত, ম— না, ত্বম্—তুমি, বেশ—জান, পরস্তুপ—হে শত্র- দম্যনকারী। গীতার গান

ভগবান কহিলেন ঃ
হে অর্জুন বহ জন্ম ভোমার আমার ।
হয়েছে পূর্বকালে সে সব অপার ॥
ভূলি নাই আমি সেই তুমি ভূলে গেছ।
আমি বিভু তুমি জীব এইভাবে আছ ॥

অনুবাদ

পরমেশ্বর ভগবান বলালেন—হে পরস্তুপ অর্জুন আমার ও তোফার বহু জন্ম এঠীত হয়েছে। আমি সেই সমস্ত জন্মের কথা সারপ করতে পারি, কিন্তু তুর্মি পার না।

ভাৎপর্য

প্রশাসংহিতাতে (৫/৩৩) আমর। ভগবানের মানাবিধ অবতারের সম্বন্ধে জানতে পারি। সেখানে বলা হরেছে—

অধৈতমচ্যতমনাদিমনভক্তণ-মাদাং পুরাণপুকষং নষ্টোবনঞ্চ। বেদেষু মূর্লভ্রমদূর্লভূমান্সভর্টো গোবিক্সমাদিপুরুষং তমহং ভজামি।

আমি পরম প্রশ্যোশ্তম ভগবান, আদিপুরুষ গোবিন্দের (প্রীকৃষ্ণের) ভজনা করি, ।
দিন অদ্বৈত, অচ্যুত ও অনাদি। যদিও অনস্ত রূপে পরিব্যাপ্ত, তবুও তিনি সকলের
আদি, পূরাণ-পূরুষ এবং তিনি সর্বদাই নব-যৌবনসম্পদ্ধ সুন্দর পুরুষ। যারা শ্রেষ্ঠ
ক্যেন্স, ভানের কাছেও ভগবানের সচ্চিদানন্দময় এই রূপ দুর্লভ, কিন্তু ভগবানের
শ্বদ্ধ ভক্ত সর্বশ্বদ ভগবানকে এই রূপে দর্শন করেন।"

ব্ৰহ্মসংহিতায় (৫/৩১) আরও বলা হয়েছে-

রামাদিমূর্তিবু কলানিয়মেন তিষ্ঠন্ নানাবতারমকরোস্তুবনেবু কিন্তু। কৃষণঃ স্বয়ং সমতবং পরমঃ পুমান্ যো গোক্তিমাদিপুক্তবং তমহং ভজামি॥

'আমি পরম পুরুষোভ্য ভগবান, আদিপুরুষ গোবিন্দের (শ্রীকৃষ্ণের) ভজনা করি,

য়িনি স্থীবামচন্দ্র, শ্রীনৃসিংহদের আদি বহরুপে অবতরণ করেন, কিন্তু পরম পুরুষ শ্রীকৃষ্ণ হচ্ছেন তাঁর আদি স্বরূপ এবং তিনি স্বরং অবতরণও করেন।"

বেদেও বলা হয়েছে যে, যদিও ভগবান আছৈত, তবুও তিনি জনন্ত রূপে প্রকাশিত হন বৈদুর্যমণি থেকে যেমন নানা বর্ণ বিচ্ছুরিত হলেও তার নিজের কোন পরিবর্তন হয় না, ভগবামও তেমন নামারূপে প্রকাশিত হলেও তাঁব নিজের কোন পরিবর্তন হয় না। ভগবানের সেই অনম্ভ রূপ বেদ অধ্যয়নের মাধ্যমে উপলব্ধি করা যায় মা, কিন্তু তাঁর শুদ্ধ জন্তেরা তাঁর অনন্ত রূপের মর্ম উপলব্ধি করতে পারেন (বেদের দুর্লভমদুর্লভমায়ভড়েনী)। অর্জুনের মত্যে ভড়েরা হচ্ছেন ভগবানের নিত্য সহচর। ভগবান যথন অবতরণ করেন, তখন তাঁর অধ্রঞ্ ভজেরাও তাঁদের যোগ্যতা অনুযায়ী তার সেবা ধরার জনা তার সঙ্গে অবতীর্ণ হন অর্জুন হচ্ছেন সেই রকমই একজন ভক্ত। এই ক্লোকে বোঝা যায়, লক্ষ লক্ষ বছর আগে ভগবান যখন সূর্যদেব বিবস্থানকে ভগবদ্গীতা শোনান, তখন অর্ক্তনও তান্য কোন রূপে সেখানে উপস্থিত ছিলেন। কিন্তু ভগবানের সঙ্গে অর্জুনের পার্থকা হলেছ যে, ভগবান তা ভোলেননি, কিন্তু অর্ভুন তা ভূলে গেছেন। বিস্তদৈতনা ভগবানের সঙ্গে অণুচৈতনা জীবের এটিই পার্থকা। অর্জুন ছিলেন মহা শক্তিশালী বীর, তিনি ছিলেন পরস্তপ, কিন্তু তা হলেও বহু পূর্ব জ্ঞাের কথা মনে রাখবার ক্ষমতা ঠার নেই। তাই, ক্ষমতার মাপকাচিতে জীব যত মহৎই হোড় না কেন, সে কখনই ভগবানের সমতুলা হতে পারে না। যিনি ভগবানের নিতা সহচর, তিনি অবশ্যই একজন মৃত্ত কাত্তি, কিন্তু তিনি কথনই ভগবানের সমকক হতে পারেন না *ব্রক্ষসংহিতাতে* ভগবানকে অচ্যত বলে বর্ণনা করা হয়েছে। এর প্রথ হাসেই, জড় জগতে এলেও ভগবান মায়ার ছারা প্রভাবিত হয়ে কখনই আত্মবিশ্মত হন না তাঁই জীব কখনই ভগবান হতে পারে না, এমন কি অর্জনের মতো মুক্ত জীবও সকল বিষয়ে ভগবানের সমকক্ষ হতে পারেন না। অর্জুন যদিও জ্বাব্যানের ঝন্ধ ভক্ত, তবুও তিনি মাঝে মাঝে ভগবানের স্বরূপ বিশ্বত হন, আবার ভগবানের দিব্য কুপার ফলে ভক্ত মুহুর্তের মধ্যে ভগবানের স্বরূপ উপলব্ধি করতে সমর্থ হন কিন্তু অভক্ত বা অসুরেরা কখনই ভগবানের অপ্রাকৃত কপ উপলব্ধি করতে পারে না তাবই ফলস্বরূপ *গীতায়* বর্ণিত ভগবানের এই দিবা তত্তকে আসবিক বৃদ্ধি দিয়ে হাদয়পম করা যায় না। ভগবান শ্রীকৃষ্ণ ও তাঁর নিড্য সহচর অর্জন উভয়েই নিত্য শাশ্বত, কিন্তু লক্ষ লক্ষ বছর আগে ভগবান যে লীলা প্রকট করেন, তা সমস্তই শ্রীকৃষ্ণের মনে আছে, কিন্তু অর্জুনের মনে নেই। এই শ্লোকের মাধ্যমে আমরা বুঝতে পারি, জীবের দেহান্তর হবাব ফলে তার পূর্ণ বিক্ষরণ ঘটে, ানস্ত ভগবান ভার সচিদানক্ষয় দেই পরিবর্তন করেন না, তাই তিনি কিছুই .চালেন না। তিনি অগ্রৈত অর্থাৎ তাঁর দেহ এবং তিনি স্বয়ং এক ও অভিন্ন নাবান সম্পর্কিত সব কিছুই চিনায়, কিন্তু জীবের স্বরূপ এবং তার জড় দেই এক নয়। ভগবান যখন জড় জগতে অবতরণ করেন, তখনও তাঁর দেহ এবং । নি শ্বয়ং একই থাকেন। তাই, জড় জগতে অবতরণ করলেও তিনি জীবের খেকে স্বতন্ত্র থাকেন। ভগবানের এই অপ্রাকৃত তত্ত্ব অসুরের। কিছুতেই বুঝাত পারে না। সেই কথা ভগবান পরবর্তী গোকে বর্ণনা করছেন

গ্লোক ৬

অজোহপি সন্নব্যয়াত্মা ভূতানামীশ্বরোহপি সন্ । প্রকৃতিং স্বামধিষ্ঠার সম্ভবাম্যাত্মযায়য়া ॥ ৬ ॥

প্রজঃ—গুলারহিত, **অণি**—যদিও, সন্—হরেও, অব্যয়—অক্ষয়: আত্মা—দেহ, হুজনাম্—জীবসমূহের, উত্ধরঃ—পরমেশ্বর, অণি—যদিও, সন্—হয়ে, প্রকৃতিম্— িজর রূপে, স্বাম্—আমার: অধিষ্ঠাম—অধিষ্ঠিত হরে; সম্ভবামি—আধির্ভূত হই: প্রায়ুলায়না—আমার অন্তরকা শক্তির বারা।

গীতার গান

সকলের নিয়ামক অজন্মা ইইয়া । অব্যয়াত্মা পরমাত্মা ভূবন ভরিয়া ॥ ভথাপি অশক্তি সাথে জন্ম লই আমি । সেই ভগবতা মোর ভাল বুঝ তুমি ॥

অনুবাদ

র্যানিও আমি জন্মরহিত এবং আমার চিন্ময় দেহ অবায় এবং যদিও আমি সর্বভূতের প্রশ্বর, তবুও আমার অন্তরখা শক্তিকে আশ্রয় করে আমি আমার আদি চিন্ময় গ্রহণ যুগে যুগে অবতীর্ণ ইই।

তাৎপর্য

স্থাবান এথানে তাঁর আবির্ভাবের বৈশিষ্ট্য বিশেষভাবে বর্ণনা করেছেন যদিও তিনি সাধারণ মানুবের মতো আবির্ভূত হল, তবুও তাঁর বহু বহু পূর্ব 'জন্মের' সমস্ত ঘটনাই

8িৰ্থ অধ্যায়

তাৰ মনে থাকে কিন্তু সাধাৰণ মানুষ কয়েক ঘণ্টা পূৰ্বে কি ঘটোছিল, তা মনে রাখতে পারে না। যদি কাউকে জিজেস করা হয়, একদিন আগে ঠিক একই সময়ে সে কি করেছিল, তবে সাধাবধ লোকের পক্ষে সঙ্গে সঙ্গে তাব উত্তর দেওয়া কঠিন হয়ে পড়ে। তাকে অনেক হিসাব-নিকাশ করে, স্মৃতি রোমন্থন করে, ভবে মনে করতে হয় গভ দিন ঠিক সেই সময়ে সে কি কবেছিল, অখচ তারাই আবার ভগবান হবার দুরাশা পোষণ করে। এই ধরনের অর্থহীন দাবি তনে কারও বিভান্ত হওয়া ঠিক নয়। ভগবান এখানে ডাঁর প্রকৃতি বা ক্রাপের কথা ব্যাখ্যা করেছেন। প্রকৃতি বলতে 'স্বভাব' ও 'স্বরূপ দুই-ই বোঝায়। ভগনান কলছেন, তিনি তাঁর চিথায় স্বলপে আবির্ভৃত হন সাধারণ জীবদের মতো তিনি এক দেহ থেকে আর এক দেহে দেহান্তরিত হন না। বদ্ধ জীবাদ্ধা এই ল্লাক্সে এক রকম দেহ ধারণ করতে পারে, কিন্তু পরবর্তী জাম্মে সে ভিন্ন দেহ ধারণ করে। জড় স্রণতে ফীকের দেহ খ্রারী নয়, প্রকৃতপক্ষে সে প্রতিনিয়তই তার দেহ পরিবর্তন কল্ছে কিন্তু ভগবানকে দেই পরিবর্তন করতে ইয় না যখন তিনি ভাড লগতে আবিভূত হন, ডখন তিনি তাঁর সঞ্চিদানক্ষময় দেহ নিয়েই আবির্ভুত হন। অর্থাৎ ভিনি যখন এই জড় জগতে আবির্ভুত হন, তখন তিনি তার বিভুক্ত, মুরলীধারী শাঘত রূপ নিয়েই আবির্ভূত হন - জড় ভগতের কোন কলুনই তাঁর রূপকে স্পর্শ করতে পারে না কিন্তু তিনি যদিও তার অপ্রকৃত রূপ নিয়ে এই জড় ভাগতে আবির্ভূত হন এবং সর্ব অবস্থাতেই তিনি সমস্ত জগতের অধীশ্বর থাকেন, তবুও ঠার জন্মনীশা আর পাঁচজন সাধারণ মানুধের মতোই বলে মনে হয়। তাঁর দেহ খনিও পরিবর্তন হয় না, তবুও তিনি শৈশব থেকে পৌণতে, পৌগও থেকে কিশোর এবং কৈশোর থেকে যৌবনে উত্তীর্ণ হন কিন্তু আশ্চর্যজনকভাবে যৌবনের উধর্যে তার দেহের আর কোন রূপান্তর হয় না, কুরুক্ষেত্র যুদ্ধের সময় তাঁর জনেক পৌত্র ছিল, অর্থাৎ জাণতিক হিসাবে তাঁব তথন অনেক বয়স হয়েছিল, কিন্তু তাঁকে দেখে মনে হত ফেন তিনি কৃড়ি-পঁচিশ বছরের যুক্ত। যদিও শ্রীকৃষ্ণ হচ্ছেন অভীত, বর্তমান ও ভবিষাতের সর্বকালীন আদিপুরুষ---সর্বপ্রাচীন পুরুষ, কিন্তু তাঁকে আমনা কোন অবস্থাতেই বৃদ্ধরূপে দেখি না কোন ছবিতেও শ্রীকৃষ্ণকে বার্বকাশ্রন্থ অবস্থায় দেখা যায় না কখনও তাঁব দেহের অথব্য বুদ্ধির কোন রকম বিকার হয় না। তাই আমরা সহজেই বৃঝতে পারি, এই জড় জগতে এসে সাধারণ মানুষের মতো নীলাথেঞ্চা করলেও তিনি চিরকালই জজ নিতা, শাশত, পুরাতন, আদিপুরুষ ও সচিচদানন্দময় বাস্তবিকপক্ষে, তার আবির্ভাব ও অগুর্যান সূর্বের মতে। কেন আমাদের সম্মুখে আবির্ভূত হলেন, তাবপর দৃষ্টির আডালে চলে গেলেন। আকাশে সূর্যকে দেখে যেমন আমরা মনে করি সূর্ব এখন আকাশে রয়েছে, ভারণর আমানের

দৃষ্টির আড়ালে চলে গেলে যেমন আমরা মনে করি সূর্য এখন অন্ত গেছে। পুকতপক্ষে সূর্য ভার নির্দিষ্ট কক্ষপথে রয়েছে, কিন্তু আমাদের ক্রটিপূর্ণ ইঞ্জিয়ের প্রভাবে আমরা মনে করি যে, সূর্ব উদিত হয় এবং অক্ত যায় ভগবানও তেমন নিতা, তাঁর আবির্ভাব ও অন্তর্ধান সাধারণ মানুষের জন্ম মৃত্যুর মড়ো নয়, তা সম্পূর্ণ ভিন্ন। এর থেকে আমরা স্পউই বুঝতে পারি, তাঁব অন্তরজা শক্তির প্রভাবে ভগবান সং, চিং, আনন্দময়-এবং জড়া প্রকৃতির দ্বারা তিনি কখনই কল্পিত হন না। *বেদেও* প্রতিপ**ঃ হয়েছে যে, পরমেশ্বর ভগবাম অজ, কিন্তু** তবুও মনে হয় এর বহুধা প্রকাশরূপে তিনি কেন সাধারণ মানুষের মতো জন্মগ্রহণ করেছেন। সমস্ত বৈদিক অনুশাস্ত্রাদিতেও অনুমোদন কর। হয়েছে যে, ভগবান যখন অবতরণ করেন, তখন জীবের মতো অন্মগ্রহণ করেন বলে মনে ছলেও তিনি তাঁর অপ্রাকৃত ও অপরিবর্তনীয় দেহ নিরেই অবতরণ করেন - খ্রীমধ্রাগবন্তে আছে, কংসের কারাপারে তিনি চতুর্ভুদ্ধ ও যাড়েশ্বর্যপূর্ণ নাবায়ণ রূপ নিয়ে তাঁর মায়ের সামনে আবির্ভুড হন। জীবদের প্রতি ওার অহৈতৃকী কুপার ফলেই তিনি তার শাশতে আদি রূপ নিয়ে আবিভূঁত হন, যাতে গুরা পরম পুরুষোত্তম ভগবানের প্রতি মনোনিধেশ করতে পারে—নির্বিশেষ রূপের প্রতি নয়, যা নির্বিশেষবাদীরা মাধ্রিকাত মনে করে থাকে *মায়া* অধবা *আৰুমায়া হচে*ছ ভগবানের সেই অহৈওকী কুপা—*বিশ্বকোষ* অভিধানে গ্রাই বলা হয়েছে। ভগখান তার পূর্বনতী সমস্ত অবতরণের এবং অন্তর্ধানের ঘটনাবলী পৃষ্ধানুপৃষ্ধভাবে মনে রাখেন। কিন্তু সাধারণ জীধ অনা একটি দেহ পাওয়া মাএই তার পূর্ব জন্মের সমস্ত কথা ভূলে যায়। ভগবান সমস্ত জীবের দেশর, কাবণ এই জগতে অবস্থান করার সময় তিনি বিশ্বয়কর ও অতিমানবীয় প্রসীম শৌর্যবীর্ষের লীলা প্রদর্শন করেন তাই, ভগবান সব সময়ই প্রমতত্ত্ব होत्र नाम छ जारभत मस्या, छम छ मीमात्र मस्या (काम भार्थका स्नरे। अधन মামাদের মনে প্রধা জাগতে পারে, ভগবান কেন এই জড় জগতে আবির্ভূত হন এবং আবার জন্মহিত হয়ে যান। সেই রুপা পরবর্তী শ্লোকে ব্যাখ্যা করা ইয়েছে

শ্লোক ৭

ফলা ফলা হি ধর্মস্য গ্লানির্ভবতি ভারত । অভ্যাথানমধর্মস্য তদাস্থানং সূজাম্যহম্ ॥ ৭ ॥

ফা ফা—ফান ও বেগনে, হি—ফানগুই; ধর্মস্য—ধর্মের, শ্লানিঃ—হানি; ভরতি— ২য়, ভারত—হে ভরতবংশীয়, অভ্যুখানম—উথান, অধর্মস্য অধর্মের, তদা তথন, আস্মানম্—নিজেকে, সৃজ্ঞানি—প্রকাশ করি, অহম্—আমি ঽঀ৽

শ্লোক ৮

গীতার গান

यन यन धर्मश्रानि इंडेन সংসারে । হে ভারত। বিশ্বভার লঘু করিবারে ॥ অধর্মের অভ্যুখান ধর্মগ্রানি হলে । আত্মার সূজন করি দেখরে সকলে ॥

অনুবাদ

তে ভারত যথনী ধর্মের অধঃপত্স হয় এবং অধর্মের অভাপান হয়, তখন আমি নিজেকে প্রকাশ করে অবতীর্ণ ইই।

তাৎপর্য

এখানে সূজামি কথাটি তাৎপর্যপূর্ণ। এই সূজামি কথাটি সৃষ্টি করার অর্থে ব্যবহৃত হয়নি কারণ, পূর্ববতী শ্লোক অনুযায়ী, ভগধানের সমক্ত রূপই নিত্য বিরাজমান, ভাই ভগবানের রূপ বা শরীর কথনও সৃষ্টি হয় না। সৃতবাং, সুজামি মানে— ভগবানের যা স্কলপ, সেভাবেই তিনি নিজেকে প্রকাশ করেন। যদিও রক্ষার এঞ্চদিনে, সপ্তম মনুর অন্ত-বিংশতি চতুর্যুগে দ্বাপরের শেয়ে ভগবান তাঁর স্বরূপে আবির্ভত হন, কিন্তু প্রকৃতির কোন নিয়মকানুনের বন্ধনে তিনি আবদ্ধ নন। তিনি তার ইচ্ছা অনুসারে লীলা করেন—তিনি হচেছন *করাট* । তাই, যথন অধর্মের অভ্যাথান এবং ধর্মের প্রানি হয়, তখন জগবান তাঁর ইচ্ছা অনুসারে এই জড় জগতে অবতরণ করেন । ধর্মের তার বেদে নির্দেশিত হয়েছে এবং বেদের এই নির্দেশগুলির यथायथ जाहात मा कराविष्टे २०६६ जन्म । श्रीमञ्जालक क्ला २८४७६, धरे नमस নির্দেশগুলি হল্পে ভগবানের আইন এবং ভগবনে নিজেই কেবল ধর্মের সৃষ্টি করতে পারেন বেদ ভগবানেবই বাণী এবং ব্রহ্মার হৃদয়ে তিনি এই জ্ঞান সঞ্চার করেন। তাই ধর্মের বিধান হচ্ছে সবাসবিভাবে ভগবানের আদেশ (ধর্মং তু সাক্ষান্ত-গবংপ্রণীতম) ভগবদগীতার সর্বত্রই এই তত্ত্বের বিশদ বর্ণনা করা হয়েছে। ভগবানের নির্দেশে এই ভত্তের প্রতিষ্ঠা করাই হচ্ছে বেদের উদ্দেশ্য। গীতার শেষে ভগবান স্পষ্টভাবেই বলেছেন, সর্বধর্মন পরিত্যজ্ঞা মামেকং শরণং রজ— সর্ব ধর্ম জ্যানি লও আমার শরণ 💎 বৈদিঞ্চ নির্দেশগুলি মানুষকে ভগবানের প্রতি পূর্ব শরণাগত হতে সাহায্য করে। সংনই অসুক্রো অথবা আসুরিক ভাবাপন্ন মানুষেরা তাতে বাধার সৃষ্টি করে, তখন ভগবান আবির্ভত হন। *শ্রীমদ্রাগবত* থেকে

মামরা জানতে পারি, যখন জভবাদে পৃথিবী ছেয়ে গিয়েছিল এবং জভবাদীরা বেদেব নাম করে যথেচ্ছাচার করছিল, তখন শ্রীকুফার অবভার বৃদ্ধদের অবভারণ ্রেছিলেন। বেদে কোন কোন বিশেষ অবস্থায় পশুবলি দেবার বিধান আছে, িন্ত আসুরিক ভাষাপত্ন মানুষেরা বৈদিক সিদ্ধান্ত অনুসরণ না করে নিজেদের হচ্ছামতো পত্রবলি দিতে শুরু করে। এই অনাচার দূর করে *বেদেব* আহিংস মীডিব প্রতিষ্ঠা করার জন্য ভগবান বৃদ্ধ আবির্ভূত হয়েছিলেন এভাবেই আমরা দেখতে পাই ভগবানের সমস্ত অবভার কোন বিশেষ উদ্দেশ্য সাধন করবার জন্য এই জড় ক্রাতে অবতরণ করেন এবং শাস্ত্রে তার উল্লেখ থাকে স্পান্তের প্রমাণ না থাকলে নাউকে অবতার বলে গ্রহণ করা উচিত নয়। অন্যেক ১ ব্যব মনে করেন, ভগবান করেল ভারত-ভূমিতেই অবতরণ করেন, কিন্তু এই ধারণাটি ভূল ইচ্ছা অনুসারে যে কোন জারগায় যে কোন অবস্থায়, যে কোন রূপে অবভরণ করতে পারেন। প্রত্যেক অবতর্গে তিনি ধর্ম সম্বন্ধে ততটুকুই ব্যাখ্যা করেন, ² ্টুকু সেই বিশেষ স্থান ও কালের মানুবেরা হাদয়সম করতে পারে কিন্তু তাঁর ্দ্রেশা একই থাকে—ধর্ম সংস্থাপন করা এবং মানুষকে ভগবন্মুখী করা কখনও িন স্বয়ং আবির্ভূত হন, ক্খনও ভিনি তাঁর সন্তান অথবা ভূডারুপে তাঁর র্দ্র প্রতিষ্ঠান প্রতিষ্ঠান করেন আবার কথনও তিনি ছয়াবেশে অবতরণ করেন।

এর্জনের মতো মহাভাগবতকে ভগবান ভগবদ্গীতা শুনিয়েছিলেন, কারণ *-প্রকরীতার মর্মার্থ উ*য়ত বৃদ্ধি-মন্তাসম্পন্ন মানুষেরাই কোবল বৃথাতে পারে দুই মান মুইয়ে চার হয়। এই আছিক তত্ত্ব একটি শিশুর কাছেও সত্য আবার একজন এপণ্ডিত গণিতজ্ঞের কাছেও সতা, কিন্তু তবুও গণিতের স্করভেদ আছে প্রতিটি মনতারে ভগবান একই তবুজান দান করেন, কিন্তু ত্বান-কাল বিশেষে তাদের উচ্চ 🧸 দিল্ল মানসম্পন্ন বলে মনে হয়। উচ্চ মানের ধর্ম অনুশীলন গুরু হয় বর্ণাশ্রম শ্রু সমন্ত্রিত সমাজ-ব্যবস্থার মাধ্যমে। ভগবানের অবতরণের উদ্ধেশ্য হচ্ছে সর্বত্র নকলকে কৃষ্ণভাবনায় উদ্বন্ধ কবা। কেবলমাত্র অবভাতেদে সময় সময় এই ভাবনার ঘ্ৰদাশ ও অপ্ৰকাশ হয়।

প্ৰোক ৮

পরিত্রাণায় সাধনাং বিনাশায় চ দৃষ্কতাম ৷ ধর্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥ ৮ ॥

(副本-6-]

পরিব্রাণায় পরিত্রাণ কবার জন্য, সাধূনাম্—ভক্তদের, বিনাশায়—কিনাশ করার জন্য, চ এবং, দৃষ্কৃতাম্—দৃষ্কৃতকারীদের, ধর্ম—ধর্ম, সংস্থাপনার্থায় —সংস্থাপনের জন্য, সন্তবামি—অবতীর্থ হই, যুগে যুগে—মুগে যুগে।

গীতার পান

সাধ্দের পরিব্রাণ অসাধ্র বিনাশ । যে করে অধর্ম তার করি সর্বনাশ ॥ আর ধর্ম স্থিতি অর্থ করিতে সাধন । যুগে যুগে আসি আমি মান সে বচন ॥

অনুবাদ

সাধুদের পরিত্রাণ করার জন্য এবং দুড়তকারীদের বিনাশ করার জন্য এবং ধর্ম সংস্থাপনের জন্য আমি যুগে যুগে অবতীর্গ ইই।

তাৎপর্য

ভগবদশীতা অনুসারে কৃষ্ণভাবনায় উম্বন্ধ যে মানুষ, তিনি হচ্ছেন সাধু। কোন লোককে আপাতদন্তিতে অধার্মিক বলে মনে হতে পারে, কিন্তু ডার অগুরে তিনি য়মি সম্পর্ণভাবে কফ্যভাধনামা। হন, তবে ব্যুতে হবে তিনি সাধু। আর যারা কৃষ্ণভাবনাকে গ্রাহ্য করে না, তাদের উদ্দেশ্যে দুস্কতান শব্দটি প্রয়োগ করা হয়েছে। এই সমস্ত অসাধু বা দৃদ্ধতকারীরা লৌকিক বিদ্যায় অলম্বত হলেও এদের মৃঢ় ও নরাধম বলা হয়। কিন্তু যিনি চবিন্দ ঘণ্টায় ভগবন্তক্তিতে নিয়োজিত, তিনি যদি মূর্য এবং অসভাও হন, তবুও বৃঝতে হবে যে তিনি সাধু। রাকণ, কংস আদি অসুরদেব নিধন করার জন্য পরমেশ্বর ভগবান বেমনভাবে অবতরণ করেছিলেন, নিরীশব্রাদীদের বিনাশ করবার জন্য তাঁকে তেমনভাবে অবতরণ করতে হয় না। ভগবানের অনেক অনুচৰ আছেন, যাঁরা অনায়াসে অসুরদের সংহার করতে পারেন। কিন্তু ভগবানের অবভরণের উদ্দেশ্য হচেছ তাঁর ভক্তদেব শান্তিবিধান করা। অসুরেরা ভগবানের ভক্তদের নানাভাবে কন্ত দেখ, তাঁদেব উপর উৎপাত করে, তাই তাঁদের পরিত্রাণ কববার জন্য ভগবান অবতবণ করেন। অসুরের স্বভাবই হচ্ছে ভস্তদের উপর অভাচার করা, ভক্ত যদি তার পরমায়ীয়ও হয়, ডবুও সে বেহাই পায় না ৷ প্রহ্লাদ মহারাজ ছিলেন হিরণ্যকশিপুর সন্তান, কিন্তু ভা সর্বেও হিরণ্যকশিপু তাঁকে নানাভাবে নির্যাতন করে - শ্রীকৃষ্ণের মাতা দেবকী ছিলেন কংসের ভগিনী, নিজ্ঞ তা সঞ্জেও কংস তাঁকে এবং তাঁর পতি বসুদেবকৈ নানাডাবে নির্যাতিত করে, করণ সে জানতে পেরেছিল যে, লীকৃষ্ণ তাঁদের সন্তানরূপে আবির্ভূত হবেন এর থকে বেন্দা বার, কংসকে নিধন করাটা শ্রীকৃষ্ণের অবতরণের মুখা উদ্দেশ্য ছিল না মুখ্য উদ্দেশ্য ছিল দেবকীকে উদ্ধার করা। কিন্তু এই দুটি কাজই একসঙ্গে সাধিত হয়েছিল। তাই ভগবান এখানে বলেছেন, সাধুদের পরিত্রাণ আব অসাধুর পিনাশ করবার জন্য তিনি অবতরণ করেন,

খ্রীটেতনা-চরিতামৃত গ্রন্থে খ্রীল কৃষ্ণদাস কবিরাজ নিম্নলিখিত (মধ্য ২০/২৬৩-১৬৪) শ্রোকওলির মাধ্যমে ভগবানের অবতরণের মূলতত্ম সংক্রেপে উপস্থাপনা করেছেন—

> मृष्टि-राष्ट्र राष्ट्र मृष्टि श्रमास्य चारावादा ! स्माद्र व्यवस्थार्थ 'चारावादा' नाम धरत ॥ माम्राकीच भन्नर्त्यास्य मनान चारावादा । विस्थ चारावादा धरत 'चारावादा' नाम ॥

৬গবং-বাম থেকে এই জড় জগতে প্রকট হবার ফলে ঈশ্বরমূর্তি অবভার নাম
৮৫০ এই অবভারেরা অপ্রাকৃত পরব্যোমে অবস্থান করেন প্রাকৃত জগতে অবভারণ
কবার জন্য তাঁকে অবভার বলা হয়।"

ভগবানের অনেক রকম অবতার আছে, যেমন—পুরুষাবভার, গুণাধতার, নাগবতাব, শক্তাবেশ অবতার, মহন্তর অবতার ও যুগাবতার তাঁরা নির্ধারিত ক্রান্তে বিশ্বের বিভিন্ন স্থানে অবতরণ করেন কিন্তু ভগবান শ্রীকৃষ্ণ হচ্ছেন সমস্ত ক্রান্তর উৎস—আদিপুরুষ। ভগবান শ্রীকৃষ্ণ অবতরণ করেন তাঁর গুদ্ধ ভস্তদের ক্রান্তরণ এবং পরিভোষণ করবার জন্য, যাঁরা তাঁর শাশ্বত সমাতন শ্রীকৃষ্ণর অবতরণের প্রান্ত কর্মান করবার জন্য উদ্গ্রীধ হয়ে থাকেন তাই, শ্রীকৃষ্ণের অবতরণের পুরা উদ্দেশ্য হচ্ছে তাঁর শুদ্ধ ভক্তদের পরিভোষণ করা

ভগবান এবানে বলেছেন, তিনি যুগে যুগে অবতীর্ণ হন। এর থেকে বোঝা এল, তিনি কলিযুগেও অবতরণ করেন। শ্রীমন্ত্রাগবতেও বলা হয়েছে, কলিযুগেব ১৫তার গৌরসুন্দর শ্রীচৈতনা মহাপ্রভূ সংকীর্তন যজের মাধ্যমে শ্রীকৃষের আবাধনা ২নবেন এবং সমগ্র ভারতবর্ষে ভগবন্তুক্তি প্রচার করবেন। তিনি ভবিষ্যৎ-বাণী করে গান্তেন

> शृथिवीएउ चार्ट्स वछ नजतानि श्राम । সর্বত্র প্রচার হইবে মোর নাম ॥

্গ্রাক ১ী

শ্রীকৃষ্ণের শ্রীটেতন্য মহাপ্রভুরূপে অবতরণের কথা উপনিষদ, মহাভারত, শ্রীমন্ত্রাগবন্ত আদি পাস্তের গুরুত্বপূর্ণ অংশে ওপ্রভাবে উল্লেখ আছে, কিন্তু প্রভাবন উল্লেখ নেই। শ্রীকৃষ্ণের ভক্তেরা শ্রীটেতন্য মহাপ্রভু প্রবর্তিত সংকীর্তন বচ্ছের প্রতি গভীরভাবে আকৃষ্ট হন। ভগবানের এই অবতার দৃষ্কৃতকারীদের সংহার করেন না,, বরং তিনি তাঁর অহৈতৃকী কৃপায় ভবসাগর থেকে তাদের উদ্ধার করেন।

শ্ৰোক ৯

জাগা কর্ম চ মে দিব্যমেবং যো বেত্তি ভত্মতঃ । ত্যক্তা দেহং পুনর্জন্ম নৈতি মামেতি সোহর্জুন ॥ ৯ ॥

জন্ম—জন্ম; কর্ম—কর্ম, চ—এবং, মে—আমার, দিবায়—দিবা, এবম্—এভাবে, বা:—যিনি, বেশ্বি—জানেন, তত্ত্বতঃ—যথার্থভাবে, ত্যক্তা—ভাগ করে, দেহম্—বর্তমান দেহ, প্নঃ—পূনরায়: জন্ম—জন্ম; ম—না; এতি—প্রাপ্ত হন; মাম্—আমাকে; এতি—প্রাপ্ত হন; মাম—ভিনি; কর্জুন—হে অর্জুন।

গীতার গান

আমার যে জন্মকর্ম সে অভি মহান । যে বুঝিল সেই কথা সেও ভাগ্যবান ॥ সে ছাড়িয়া দেহ এই নহে পুনর্জন্ম । মম ধামে ফিরি আসে ছাড়ে জড় ধর্ম ॥

অনুবাদ

6ই আর্জুন। যিনি আমার এই প্রকার দিব্য জনা ও কর্ম যথাযথভাবে জানেন, তাঁকে আর দেহত্যাগ করার পর পুনরায় জন্মগ্রহণ করতে হয় না, তিনি আমার নিত্য ধাম লাভ করেন

তাৎপৰ্য

পরব্যোম থেকে ভগবানের অবতরণের কথা ষষ্ঠ শ্লোকে ইতিমধ্যেই ব্যাখ্যা করা হয়েছে থিনি ভগবানের অবতবণের তত্ত্ব উপলব্ধি করতে পেরেছেন, তিনি জড় জগতেব বন্ধন থেকে ইতিমধ্যেই মুক্ত হয়েছেন এবং তাই দেহত্যাগ করার পর তিনি তৎক্ষণাৎ ভগবৎ-ধামে ফিরে যান। জড় বন্ধন থেকে এতাবে মৃক্ত হওয়া াটেই সহজ্ঞসাধ্য নয়। নির্বিশেষবাদী জ্ঞানী ও যোগীরা বছ জন্ম-জন্মাগুরের ক্ষেত্রসাধনের ফলে এই সৃক্তি লাভ করে। কিন্তু তা সত্ত্বেও, রক্ষজ্যোতিতে বিলীন হয়ে গিয়ে তারা বে সৃক্তি লাভ করে। কিন্তু তা সত্ত্বেও, রক্ষজ্যোতিতে বিলীন হয়ে গিয়ে তারা বে সৃক্তি লাভ করে, তা পূর্ণ মৃক্তি নয়, তাদের পূনরায় এই কড় জগতে পতিত হবার সন্তাবনা থাকে। কিন্তু কৃষ্ণভক্ত, ভগবানের সচিদানসময় দহ ও তাঁর লীলার অপ্রাকৃতত্ব অনুভব করতে পেরে দেহত্যাগ করার পরে ভগবানের ধামে গমন করেন এবং ভবন আর তাঁর জড় জগতে অধঃপতিত হবার কানও সন্তাবনা থাকে না। ক্রক্ষসংহিতায় (৫/৩৩) বলা হয়েছে, ভগবানের রূপ এনত্ত, ভগবানের অবতার অনন্ত—অক্তৈত্বসূত্রসনাদিমনজ্জপ্রস্থ ভগবানের রূপ এনও হলেও তিনি এক এবং অন্বিতীর পরমেশ্বর ভগবান এই সত্যাকে সূদ্য বিশাসের সঙ্গে বৃথতে হবে। দুর্ভাগ্যবশত জড় জ্ঞানী ও পণ্ডিতেরা এই পরম সত্যকে বিশ্বাস বরতে পারে না। বেদে (পুরুষবোধিনী উপনিবাসে) বলা হয়েছে—

একো দেবে। निजनीतानुत्रस्का एकचाशी श्रमाखता**शा** ।

এক ও অন্বিত্তীয় জগবান নানা দিব্যক্তপে তাঁর শুদ্ধ ভক্তদের সঙ্গে লীলা করতে নিতা অনুবক্ত।" বেদের এই উক্তিকে ভগবান নিজেই গীতার এই প্লোকে প্রমাণিত করেছেন। যিনি সৃদৃঢ় বিশ্বাদের সঙ্গে বেদের এই কথাকে, ভগবানের এই কথাকে সতা বলে গুহুণ করে দার্শনিক জন্ধনা-কল্পনার মাধ্যমে কালক্ষয় করেন না, তিনি দর্বোচ্চ ভরের মুক্তি লাভ করেন। বেদের তত্ত্বমাসি কথাটির যথার্থ তাৎপর্য এই সন্দর্ভে আছে। যিনি বুবাতে পেরেছেন, শ্রীকৃষ্ণ হচ্ছেন পরমেশ্বর অথবা যিনি ভগবানকে বলতে পারেন, "তুমিই পরপ্রাক্ষ, পরমেশ্বর, স্বয়ং ভগবান"—তাঁর তৎক্ষণাৎ মুক্তি লাভ হয় এবং ভগবানের নিত্য ধামে তিনি নিশ্চিতভাবে ভগবানের চিল্পয় সাহচর্য লাভ করেন। অর্থাৎ, ভগবানের এই বক্ষম একনিষ্ঠ ভক্তই যে পরমার্থ লাভ করেন, সেই সম্বন্ধে বৈদিক উক্তির মাধ্যমে প্রতিপন্ন হয়েছে—

७८वव विभिन्नां विभागाः विभागाः विभागाः ।

পরমেশ্বর ভগবানকে জানবার ফলেই জন্ম মৃত্যুর বন্ধন থেকে মৃক্ত হওয়া যায় এ ছাড়া আর কোনই পথ নেই।" (স্বোজান্তর উপনিষদ ৩/৮) কাবণ ভগবান শীকৃষ্যকে যে জানে না, সে তমোওণের হারা আচ্ছাদিত তাই তার পক্ষে জড় বন্ধন থেকে মৃক্ত হওয়া অসন্তব। মধুর বোতল চটিলেই যেমন মধুর স্বাদ লাভ করা যায় না, ভগবান শ্রীকৃষ্যকে না জেনে ভগবদ্গীতা পাঠ করলে এবং তার মনগড়া ব্যাখ্যা করলেও তেমন কোন কাজ হয় না এই সমস্ত দার্শনিকেরা জড় ভগতে অনেক সম্মান, জনেক গ্রভিপত্তি, অনেক অর্থ উপার্জন করতে পারে, কিন্তু

(関本 20)

তাবা ভগবানের কপা লাভ করে মৃত্তি লাভের যোগ্য নয়। ভগবস্তুক্তের আহৈতুকী কুলা লাভ না করা পর্যন্ত অহকারে মন্ত এই সমস্ত পণ্ডিতেরা জড় বন্ধন থেকে মুক্ত হতে পারে না তাই মানুষ মাত্রেরই কর্তব্য হচ্ছে সুদৃঢ় বিশাস এবং তম্বজ্ঞান সহকারে কৃষ্ণভাবনামুতের অনুশীলন করে পরমার্থ সাধন করা।

প্রোক ১০

বীতরাগভয়ক্রোধা মন্ময়া মামুপাঞ্জিতাঃ । বহুবো জ্ঞানতপসা পূড়া মন্তাবমাগতাঃ 🏾 ১০ 🖜

বীত—মুক্ত, রাগ—আসন্তি, ভয়—ভয়, ক্রোধাঃ—ক্রোধ, মন্মরা—আমাতে নিবিট চিত্ত, মাম্—আমার, উপাশ্রিভা:—একান্তভাবে আগ্রিভ হয়ে, বহব:—কং, জ্ঞান— জান, তপসা—ওপস্যার স্বারা; পৃতাঃ—পবিত্র হয়ে; মন্ত্রবয়—আমার প্রতি অপ্রাকৃত প্রেম: আগজাঃ—লাভ করেছে

গীতার গান

ছাড়ি রাগ ভয় ক্রোধ ত্রিবিধ অসার । মন্ময় মন্তব্দি সাধ্য করিয়া বিচার ॥ বছ ভক্ত জানী সব উপস্যার খারে । বিধৌত হইয়া পাপ পেয়েছে আমারে ॥

অনুবাদ

আস্তি, ভয় ও ব্রেগধ থেকে মৃক্ত হয়ে, সম্পূর্ণরূপে আমারে সহা হয়ে, একান্তভাবে আমার আশ্রিত হয়ে, পূর্বে বহ বহ ব্যক্তি আমার জ্ঞান লাভ করে পবিত্র হয়েছে—এবং এভাবেই সকলেই আমার অপ্রাকৃত প্রীতি লাভ করেছে।

তাৎপর্য

আগেই বলা হয়েছে, যে সমস্ত মানুষ জড়ের প্রতি অত্যবিক অনুরক্ত, তাদের পক্ষে প্রম তত্ত্বের স্বিশেষ রূপ উপস্থান্তি করা দৃষ্কর। সাধারণত, যে সমস্ত মানুষ দেহাত্মবন্ধির দ্বারা প্রভাবিত, তারা জড বন্ধবাদ চিন্তায় এমনই মথ যে, তাদের পক্ষে ভগবানের ব্যক্তিত্বসম্পন্ন স্কিদোনন্দময় স্বরূপ উপলব্ধি করা প্রায় অসম্ভব। এই সমস্ত জড়বাদীরা কোনমতেই বুঝে উঠতে পাত্রে না যে, ভগবানের একটি

চিন্মর দেহ আছে, বা অবিনশ্বর পূর্ণ জ্ঞানময় এবং নিত্য আনন্দময় জড়বাদী চিন্তাধারার, আমাদের জড় দেহটি নশ্বর, অজ্ঞানতার দারা আছের এবং সম্পূর্ণ নিবানন্দ। সূভবাং, এই জড় দেহটিকেই আমাদের প্রকৃত স্বরূপ বলে মেনে নিয়ে আমরা মনে করি, ভগবানের দেহটিও তেখন নম্বর, অজ্ঞান এবং সম্পূর্ণ নিবানন্দ , সূতরাং, সাধারণ মনুষকে যখন ভগবানের ব্যক্তিগত স্বরূপ সম্পর্কে কিছু বলা হয়, তক্ষ ভারা জড় দেহণত ধারণাই মনে ভাবতে থাকে। এই জড় দেহাত্মবন্ধিব ন্থারা প্রভাবিত হয়ে দেহসর্বন্ধ মানুষ মনে করে, বিদ্যানাচরের যে বিরাট্রন্ত্রপ সেট্টিই পরমতন্ত্র। তার কলে তারা মনে করে, পরমেশবের কোন আকার নেই -তিনি নির্নিশেষ। আর ভারা এতই গভীরভাবে বিষয়াসক্ত যে, জড় জগৎ থেকে মান্ত হবার পরেও যে একটি অপ্রাকৃত ব্যক্তিত্ব আছে, তা তারা মানতে ভয় পায় যখন তারা অবহিত হয় যে, চিম্ময় জীবনও হচ্ছে স্বতম্ন ও সবিশেষ, তখন ভারা পুনরায় ব্যক্তি হবার ভরে জীত হর এবং তাই নিরাকার, নির্বিশেষ শূনো বিলীন হতে পরেনেই পরম প্রাপ্তি বলে ভারা মনে করে সাধারণত তারা জীবাত্মাকে সমন্তের বৃত্তদের সঙ্গে তুলনা করে, যা সমুদ্র থেকে উপিত হয়ে সমুদ্রের মধ্যেই আবার বিলীন হয়ে যায় তালের মতে এটিই হচ্ছে পৃথক ব্যক্তিসন্তা রহিত চিন্ময় অন্তিত্তের চরম সিদ্ধি। প্রকৃতপক্ষে এটি হচ্ছে যথার্থ আখ্যুজ্ঞানশুনা জীবনের এক ভয়ংকর প্রবন্ধা। এ ছাড়া আর এক *দল লোক* আছে যারা অপ্রাকৃত অন্তিন্তের কথা একেবারেই বৃথতে পারে না। মানুবের কল্পনাপ্রসূত নানা রক্তম দাশ্নিক মতবাদ এবং তাদের মতভেদের ফলে বিভ্রান্ত হয়ে তারা এতই বিরক্ত ও ক্ষুদ্ধ হয়ে পড়ে যে, শেষকালে তারা মূর্যের মতো সিন্ধান্ত নেয়, ভগবান নেই এবং এক সময় সব িছুই শূনো পর্যবসিত হবে। এই ধরনের লোকের। বিকারগ্রন্ত রুগ্ন জীখন যাপন করে। আর এক ধরনের লোক আছে, যারা জড় বিষয়ে এতই আসন্ত যে, পারমার্থিক তন্ত্র নিয়ে তারা একেবারেই মাথা ঘামায় না তাদের মধ্যে কেউ কেউ পরম চিন্ময় কারণে গীন হতে চায় এবং কেউ কেউ আবার মনগড়া দার্শনিক তক্তের কোন কৃত্য-কিলারা না পেয়ে, নিরাশ হয়ে সব কিছুকেই অবিশ্বাস করে এই ধরনের ানুবেরা গাঁজা, চরস, ভাঙ আদি মাদকদ্রব্যের আশ্রয় গ্রহণ করে এবং তাদের ়োই নেশাগ্রস্ত বিকৃত মনের অলীক কল্পনাকে দিবা দর্শন বলে প্রচার করে भर्भ जीक किছু **মানুষকে প্র**ভারিত করে। মা<mark>নুষের কর্তব্য হচ্ছে, পারমার্থিক</mark> কর্তব্যে ঘনহেলা করা, ভগবানের অপ্রাকৃত স্বরূপকে আমাদের জড় রূপের মতো বলে ্রে করে ভীত হওয়া এবং জড় জীবনের নৈরাশোর ফলে সব কিছকে শুনা ধলে দে করা—ক্ষভ লগতের এই তিনটি আসন্তির স্তর থেকে মৃত হওয়া জভ

취소 22]

জীবনের এই তিনটি বিভ্রান্তি থেকে মৃক্ত হবার একমাণ্ড উপায় হচ্চে সদ্ভক্তর চরণাশ্রয় প্রহণ করে ভগবানের সেবা করা, বিধি অনুসারে ভক্তিযোগের অনুশীলন করা ভক্তির সর্বোচ্চ স্তরকে বলা হয় 'ভাব' অর্থাং ভগবানের প্রতি অপ্রাকৃত প্রেমের অনুভৃতি

শ্রীল রূপ গোস্বামী প্রণীত ভক্তিবিজ্ঞান *শ্রীভক্তিবসামৃতসিম্বৃতে* (১/৪/১৫-১৬) বলা হয়েছে---

> আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোহণ ভজনকিয়া ৷ তত্তোহনথনিবৃত্তিঃ স্যাৎ ততো নিষ্ঠা কচিওতঃ ॥ অথাসক্তিত্ততো ভাবস্তুতঃ শ্রেমান্ড্রাদকতি । সাধকানামনঃং গ্রেম্ণঃ প্রাদুর্ভাবে ভবেৎ ক্রমঃ ॥

"প্রথমে অবশাই আছা-উপমন্ধি লাডের গ্রন্ডি প্রাবস্তিক আগ্রহ জাগাতে হরে। এই থেকে পারমার্থিক ক্তরে উরীত সাধু ব্যক্তিদের সঙ্গ লাভের বাসনা জন্মারে। পরবর্তী স্তরে কোনও ভগবং-জানী সদ্ওকর কাছে দীকা গ্রহণ করতে হবে এবং তাঁর ভত্তাধধানে নবদীক্ষিত ভক্ত সাধনভক্তির পদ্ধতি অনুশীলন করতে উক্ত করবেন। সদ্পুরুর অধীনে এভাবেই ভগবঙুক্তি অনুশীলন করার ফলে মানুষ জড় বঙ্গনের আসজি থেকে মুক্তি লাভ করে, আত্ম-উপলব্ধির পথে অবাধ গতি লাভ করে এবং পুরুষ পুরুষোত্তম ভগবান শ্রীকৃঞ্জের কথায় ক্রচি অর্জন করে। এই 🕫চি অর্জনের ফলে মানুষ কৃষ্ণভাবনার প্রতি আরও আসত্তি লাভ করে—যা থেকে ভগবানের প্রতি পারমার্থিক প্রেমভক্তির গ্রাবঞ্জিক স্তর 'ভাব' পর্যায়ে উন্নীত হওয়া যায়। ভগবানের প্রতি প্রকৃত ভালবাসার নাম প্রেম। এই প্রেম হচ্ছে জীবনের চরম সাথকৈতার পরিণতি " এই প্রেমভন্তির স্তরে ডঞ্জ নিবস্তর ভগবানের অপ্রাকৃত প্রেমময় সেধায় নিয়োজিত থাকে। সূতরাং সদ্ওকর পথনির্দেশ অনুসারে ধাঁরে ধীরে জগবং-সেবার পদ্ধতি অনুসরণ করতে করতে মানুষ আন্মোণ্লতির সর্বোচ্চ স্তারে উপনীত হতে পাবে সে তথন ছড় বন্ধনের সমস্ত আসক্তি থেকে মুক্তি লাভ করে তাব নিজের পৃথক চিন্ময় ব্যক্তিসন্তার আতন্ত থেকে মুক্ত হয় এবং শুনাবাদী জীবনদর্শন চিতার ফলে সৃষ্ট হতাশারোধ থেকে নিদ্ধৃতি পায়। তখন সে প্রমেশব ভগবানের ধামে অবশেষে পৌছতে পারে।

গ্লোক ১১

যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজামাহম্ । মম বর্জানুবর্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্বশঃ ॥ ১১ ॥ যে—যারা, যথা—ধেভাবে; মাম্—জামাকে, প্রপদ্যন্তে—আত্মসমর্পণ করে, তান্— বাদের; তথা—সেভাবে; এব—অবশাই, ডজামি—পুরস্কৃত করি, অহম্—আমি, সম—আমার, বর্গা—পথ, অনুবর্তন্তে—অনুসরণ করে; মনুষ্যাঃ—সমস্ত মানুষ, পার্থ—হে পৃথাপুত্র, সর্বশঃ—সর্বতোভাবে:

গীতার পান

যেতাৰে বে ভজে মোৰে আমি সেই ভাবে । ৰথাযোগ্য ফল দিই আপন প্ৰভাবে ॥ আমাকেই সৰ্ব মতে চাহে সৰ ঠাই । আগুপিছু মাত্ৰ হয় পৰে ভেদ নাই ॥

অনুবাদ

মানা যেভাবে আহার প্রতি আত্মসমর্পণ করে, আমি ডানেরকে সেভাবেই প্রস্কৃত কনি। হে পার্থ। সকলেই সর্বতোভাবে আমার পথ অনুসরণ করে.

তাৎপর্য

ালেই বিভিন্ন দৃষ্টিকোণ থেকে গ্রীকৃষ্ণের অন্তেষণ করছে। পরমেশর ভগবান
ালেকে তার নির্বিশেষ রঞ্চান্তাতি কলে এবং অণু-পরমাণু সহ সর্বভৃতে
গতনান পরমান্তারূপে পূর্ণকরে উপলব্ধি করা যায় না কিন্তু তার গুজ ভাতেরই
াল গ্রীকৃষ্ণকে পূর্ণরূপে উপলব্ধি করতে পারেন। সমস্ত তত্ত্ব অনুসদ্ধানী সাধ্যকর
ানার বস্তু হচ্ছেন গ্রীকৃষ্ণ, তবে যে যেভাবে ভগবানকে পেতে চাম, তার নির্দ্ধিত
ানার বস্তু হচ্ছেন গ্রীকৃষ্ণ, তবে যে যেভাবে ভগবানকে পেতে চাম, তার নির্দ্ধিত
ানার বস্তু হচ্ছেন গ্রীকৃষ্ণ, তবে যে যেভাবে ভগবানকে পেতে চাম, তার নির্দ্ধিত
ানার বস্তু ভাবের বিনিমর করে থাকেন সেখানে কেউ গ্রীকৃষ্ণকে পরমেশর
ানার করে তাবের বিনিমর করে থাকেন সেখানে কেউ গ্রীকৃষ্ণকে পরমেশর
ানার করে, কেউ তাঁকে সন্থা বলে মনে করে খেলা করে, কেউ সন্তান
ানার করে ক্রেন করে, আবার কেউ পরম প্রিয় বলে মনে করে ভালবাসে।
ানার ও তামন তালের বাসনা অনুযায়ী তাদের সকলের সঙ্গে পীলাখেলা করে
ানার ভালবাসার প্রতিদান দেন। জড় জগতেও তেমন, বিভিন্ন লোক বিভিন্নভাবে
ানার করে এবং ভগবানও তাদের ভাবনা অনুযায়ী তাদের সঙ্গে ভাবের বিনিময
ানার করে এবং ভগবানও তাদের ভাবনা অনুযায়ী তাদের সঞ্চে ভাবের বিনিময
ানার করে এবং ভগবানও তাদের ভাবনা অনুযায়ী তাদের সঞ্চে ভগবতে ভগবানের
লালাভ করেন এবং তার সেবায় নিয়েজিত হরে অপ্রাকৃত আনন্দ অনুতব
কানের। যে সমস্তু নির্বিশেষবাদী তাদের আত্মার সন্তাকে বিনাণ করে দিয়ে

₹bro

আধ্যাদ্মিক আত্মহত্যা করতে চায়, শ্রীকৃষ্ণ ভাদের তাঁর ব্রহ্মজ্যোতিতে আত্মসাৎ করে নেন এই সমস্ত নির্বিশেষবাদীরা ভগবানের সচিদানন্দময় রূপ বিশাস করে না তাই তারা ভগবানের সামিধ্য লাভের আনন্দও উপলব্ধি করতে পারে না এবং পরিণামে তাদের ব্যক্তিগত সন্তার অনুভূতিও বিলুপ্ত হয়ে যায়। তাদের মধ্যে কেউ কেউ আবার রন্ধোও বিলীম হয়ে যেতে পারে না, তারা এই জড় জগতে ফিরে এসে তাদের সৃপ্ত ভোগবাসনা চবিতার্থ করে। তারা অপ্রাকৃত জগতে প্রবেশ করার অনুমতি পায় না, কিন্তু এই জগতে এসে আবার পবিত্র হ্বার সূযোগ পায়। বারা সকাম কর্মী, যঞ্জেশারকাপে ভগবান তাদের যাগ-যজ্ঞ অনুষ্ঠানের ফল প্রদান করেন এবং যে সমস্ত যোগী সিদ্ধি কামনা করে, তিনি তাদের সেই ক্ষমতা প্রদান করেন। এভাবেই আমরা দেখতে পাই, সকলের সাধনার সিদ্ধি লাভ হয় ভগবানেরই করুণার ফলে এবং পরমার্থ সাধনের বিভিন্ন পদ্মভিনি হছে সেই একই মার্গের বিভিন্ন ওর। তাই, কৃষ্ণভাবনার চরম সিদ্ধির ওরে অবিন্তিত না হলে সমস্ত প্রচেট্টই অসম্পূর্ণ থেকে যায়। শ্রীমন্ত্রাগবতে (২/৩/১০) এই সম্বন্ধে বলা হয়েছে—

ष्यकामः नर्वकात्मां वा स्माध्यकाम खेमात्रवीः । जीत्वथ छक्तिसारभन सरख्य भूतम्बर भक्षम् ॥

"সব রক্তম কামনা-বহিত ভক্তই হোক, সব রক্তম কামনা-বিশিষ্ট বাজিকই হোক, বা মোক্ষকামী যোগীই হোক না কেন, সকলেরই কর্তব্য হচ্ছে ভক্তিযোগের দ্বারা ভগবানের আরাধনা করা

শ্লোক ১২

কাক্ষন্তঃ কর্মণাং সিদ্ধিং যজন্ত ইহ দেবতাঃ । ক্ষিপ্রং হি মানুষে লোকে সিদ্ধির্ভবতি কর্মজা ॥ ১২ ॥

কাক্ষন্ত:—কামনা করে, কর্মপাম্—সকাম কর্মসমূহের, সিদ্ধিম্—সিদ্ধি, যজন্তে— যজের হারা উপাসনা করে, ইহ্—এই, দেবতাঃ—দেবতাদের, ক্ষিপ্রম্—অতি শীগ্র, হি—অবশ্যই মানুষে—মানব-সমাজে; লোকে—জড় জগতে, সিদ্ধিঃ—ফল লাড; তবতি—হয়; কর্মজা—সকাম কর্ম থেকে।

> গীতার গান কর্মকাণ্ডী সিদ্ধি লাগি বহু দেবদেবী। ইহলোক হয় সব বহু সেব্য সেবী ॥

শীর ষেই কর্মফল এ মনুষ্যলোকে। অনিত্য সে ফল ভুঞ্জে দুঃখে আর গোকে॥

অনুবাদ

এই স্বগতে মানুষেরা সকাম কর্মের সিদ্ধি কামনা করে এবং ডাই তারা বিভিন্ন দেব-দেবীর উপাসনা করে। সকাম কর্মের ফল অবশ্যই অতি শীঘ্রই লাভ হয়।

তাৎপর্য

এই জড় জগতের দেব-দেবীদের সম্বন্ধে বিষয়াপত ুসকলের একটি প্রান্ত ধারণা আছে। অন্ধ বৃদ্ধিসম্পন্ন বেশ কিছু লোক, যারা নিজেদের মহাপণ্ডিত বলে লোক ঠকার, তারা এই সমস্ত দেব-দেবীকে ভগধানের বিভিন্ন রূপ বলে মনে করে এবং তাদের ভ্রান্ত প্রচারের ফলে জনসাধারণও সেই কথা সত্য বলে মনে করে। প্রকৃতপক্ষে, এই সমন্ত দেব-দেবী ভগবানের বিভিন্ন রূপ নন, তাঁরা হচ্ছেন ভগবানের বিভিন্ন অংশ-বিশেষ। ভগবান হচ্ছেন এক আর অবিচেহদা অংশের। হচেছ খণ্ড বেদে বলা হয়েছে, নিত্যো নিত্যানাম্—ভগবান হচ্ছেন এক ও অদ্বিতীয় 💆 ঈশবঃ পরমঃ কুষ্ণঃ—'ভগবান শ্রীকৃষ্ণ হচ্ছেন পরমেশ্বর।'' বিভিন্ন দেব-দেবী হচ্ছেন শক্তিপ্রাপ্ত যাতে তারা এই জড় জগথকে পরিচালনা করতে পারেন এই সমস্ত দেব-দেবীও হক্ষেন স্বভূ জগতের বিভিন্ন শক্তিসম্পন্ন জীব (নিতানাম), তাই গুারা কোন অবস্থাতেই ভগবানের সমকক হতে পারেন না যে মনে করে যে দ্রীকৃষ্ণ, শ্রীবিষ্ণু, শ্রীনারায়ণ ও বিভিন্ন দেব-দেবী একই পর্যায়ভুক্ত, ডার কোন রকম শাস্ত্রজ্ঞান নেই, তাকে বলা হয় নান্তিক অথবা পাষগ্রী। এমন কি দেবাদিদেব মহাদেব এবং আদি পিতামহ ব্রহ্মাকেও ভগবানের সঙ্গে তুলনা করা চলে না প্রকৃতপক্ষে শিব, ব্রহ্মা আদি দেবতারা নির্ভর ভগবানের সেবা করেন (<u>শিববিবিঞ্চিনুতম্</u>)। কিন্তু তা সত্ত্বেও মানব-সমাজে অনেক নেতা আছে, যাদেরকে মুর্খ লোকেরা ভিগবানে মরত্ব আরোপ', এই ভ্রান্ত ধাবদার কশবতী হয়ে व्यवजंत स्त्रांत शुक्षा करत। हेंर मिवजाः वशरू और क्रफ स्त्रार्जित क्रांत मेकियासी মানুষকে অথবা দেবতাকে বোঝায়: কিন্তু ভগবান শ্রীনারায়ণ, শ্রীবিষ্ণু বা শ্রীকৃষ্ণ হচ্ছেন পরমেশ্বর, তিনি এই জড় জগতের তত্ত্ব নম। তিনি জড় জ্বগতের অতীত চিম্মর জগতে অবস্থান করেন। এমন কি মায়াবাদ দর্শনের প্রণেতা শ্রীপাদ শন্ধরাচার্য বলে গেছেন, নারায়ণ অথবা শ্রীকৃষ্ণ এই জড় জগতের অতীত। হিন্তু মুর্খ লোকেরা (হতজ্ঞান) তা সন্থেও তাংকালিক ফল লাভ করার আশায় বিভিন্ন জড

দেব-দেবীর পূজা করে চলে এই সমস্ত মূর্য লোকগুলি বুবাতে পারে না, বিভিন্ন দেব দেবীকে পজা করার ফলে যে ফল মাভ হয়, তা অনিতা থিনি প্রকৃত বৃদ্ধিমান, তিনি ভগবানেরই শেবা করেন। তুচ্ছ ও অনিত। লাভের জন্য বিভিন্ন দেব দেবীকে পূজা করা নিম্প্রয়োজন, জড়া প্রকৃতির বিনাশের সঙ্গে সঙ্গে এই সমস্ত দেব-দেবী এবং তাঁদের উপাসকের। ধ্বংসপ্রাপ্ত হবে। দেব দেবীদের দেওয়া বরও হল্পে জড় এবং অনিত্য । জড় জগৎ, জড় জগতের বাদিন্দা, এমন কি বিভিন্ন দেব-দেবী এবং ভাঁদের উপাস্কেরা সকলেই হচ্ছে মহাজাগতিক সমদের বুদ্রদ। কিন্তু তা সত্তেও এই জগতের মানব সমাজ ভসম্পত্তি, পরিবার-পরিজন, ডোগের সামগ্রী আদি অনিতা জড় ঐশ্বর্য লাভের আশায় উন্মাদ, এই প্রকার অনিত্য বস্তু कार्छद्र अन्त मानुराता मानव-अभारक विভिन्न (एव-एमवीत अथवा शक्तिमानी रकान যান্তির পূজা করে কোন রাজনৈতিক নেতাকে পূজা করে যদি কমত। লাভ করা যায়, সেটিকে তারা পরম প্রাপ্তি বলে মনে করে। তাই তারা সকলেই তথাকথিত নেতাদের দশুবং প্রণাম করছে এবং তার ফলে তাদের কাছ থেকে থেটিখাটো কিছ আশীর্বাদও লাভ করছে এই সমস্ত মুর্থ লোকেরা জড় জগতের বুঃখকট থেকে চিরকালের জন্য মুক্ত হবার জন্য ভগবানের শরণাগত হতে আগুহী নয়। পক্ষান্তরে, সকলেই তাদের ইঞ্জিয়তপ্তি সাধন করার জনা ব্যস্ত এবং তক্ষ এলটু ইন্দ্রিয়স্থ ভোগ করার জনা এরা দেব-দেবী নামক বিশেষ ক্ষমতাপ্রাপ্ত জীবদের আরাধনার প্রতি আকর্ষিত হয়। এই শ্লোক থেকে ব্যেকা যায়, গৃধ কম মানুষই ভগবান **श्रीकृत्यक जीहतत्वत्र गत्रगागछ दम अधिकारण मानुबंदे मर्वक्रण हिंख कत्राह किन्हारा** আরও একটু বেশি ইঞ্জিয়সুখ ভোগ করা যায়। আর এই সমস্ত ভোগবাসনা চরিভার্থ করবার জন্য তারা বিভিন্ন দেব-দেবীর দুয়ারে ধর্ণা দিয়ে 'এটি দাও' 'এটি দাও' বলে কাঙ্গালগনা করে তাদের সময় নষ্ট করছে।

শ্ৰোক ১৩

চাতুর্বর্গ্যং ময়া সৃষ্টাং গুলকর্মবিভাগশঃ । তস্য কর্তারমণি মাং বিদ্যুক্তারমব্যয়ম্ ॥ ১৩ ॥

চাতৃর্বর্ণাম্ মানব সমাজের চারিটি বিভাগ, মরা: আমারস্বারা, সৃষ্টম্—সৃষ্ট হরেছে; গুল গুল, কর্ম কর্ম, বিভাগশঃ—বিভাগ অনুসারে, তস্য—ভার, কর্তারম্—স্থায়, অসি –থদিও, মাম্ –আমাধে, বিদ্ধি—ভানবে; অকর্তারম্—অকর্তারমেণ, অব্যয়ম্—পবিবর্তন রহিত।

গীতার গান

চারি বর্ণ সৃষ্টি মোর গুণ কর্ম ভাগে। যার যাহা গুণ হয় কহিব সে আগে। ডথাপি সে নহি আমি গুণ কর্ম মাঝে। যদ্যপি নিয়ন্তা আমি সকলের কাজে।

অনুবাদ

প্রকৃতির তিনটি ওপ ও কর্ম অনুসারে আমি মানব-সমাজে চারিটি বর্ণবিভাগ সৃষ্টি করেছি৷ আমি এই প্রথার স্রষ্টা হলেও আমাকে অকর্তা এবং অব্যয় বলে জানবে.

তাৎপর্য

ভগবানই সৰ কিছুৱ স্ৰষ্টা। ভাঁৱ থেকেই সব কিছু সৃষ্টি হয়েছে, তিনিই সব কিছু বক্ষা করেন, আবার প্রলয়ের পরে সব কিছু তারই মধ্যে প্রবিষ্ট হয় সমায়েজর ১৯৫ বর্ণও তারই সৃষ্টি। সমাজের সর্বোচ্চ গুর সৃষ্টি হয়েছে শ্রেষ্ঠ বৃদ্ধি-মন্তাসম্পন্ন লোকদের নিয়ে, শ্রীদের বলা হয় ব্রাহ্মণ এবং জারা সবগুণের দ্বারা প্রভাবিত । এর পরের জর হচ্ছে শাসক সম্প্রদায়, এদের বলা হয় ক্ষত্রিয় এবং এরা রজ্যেগুণের হানা প্রভাবিত। তার পরের স্তর হচ্ছে ব্যবসায়ী সম্প্রদায়, এদের বলা হয় বৈশ্য এবং এরা রজ ও তমোগুণের হার। প্রভাবিত তার পরের স্তর হচ্ছে প্রমন্ত্রীবী সম্প্রদায়, এদের বলা হয় শৃষ্ট, এরা ডামোগুণের দারা প্রভাবিত তগানান যদিও এই চারটি ধর্ণ সৃষ্টি করেছেন, তবুও তিনি এই বর্ণের অন্তর্ভুক্ত নন। কারণ তিনি রাধার বন্ধনে আবন্ধ জীবের মতো নন। জীব হচেছ তগবানের অণুসদৃশ অংশ-বিশেষ, কিন্তু ভগবান হচ্ছেন বিভু। প্রকৃতপক্ষে, মানব-সমাজ হচ্ছে যে-কোনও পত্র-সমাজেরই মতো, কিন্তু মানুহকে পশুর ওর থেকে প্রকৃত মানুষের স্তরে উন্নীত করবার জন্য ভগবান এই চারটি বর্ণ বিভাগ করেছেন, যাতে মানুষ সৃষ্ঠভাবে পর্যায়ক্রমে ধীরে ধীরে কৃষ্ণভাবনাময় হতে পারে। গুণ অনুসারে মানুষের কর্ম নির্ধারিত হয়। জড়া প্রকৃতিব বিভিন্ন গুণ অনুসারে জীবনের বিভিন্ন লক্ষণ ভগবদগীতার অন্তাদশ অধ্যায়ে বর্ণনা করা হয়েছে সেই দিক দিয়ে দেখতে গেলে. ক্ষতন্ত বা বৈষ্ণৰ ব্ৰাহ্মণের খেকেও উত্তম। যদিও গুণগতভাৱে ব্ৰাহ্মণ ব্ৰহ্ম বা পরব্রহার জ্ঞানসম্পন্ন, কিন্তু তাঁদের মধ্যে অধিকাংশই ভগবান শ্রীকৃষ্ণের নির্বিশেষ বলাজোতির উপাসক। তাঁরা সবিশেষ প্রথমের শ্রীক্ষের তত্ত্ব উপলব্ধি করতে পাৰেন না। বিশৃত্ব বা কৃষ্ণতত্ত্বকে উপলব্ধি কবতে হয় ব্ৰহ্মতত্ত্বকে অতিক্ৰম

করে এবং তখন তিনি বৈষ্ণৰ পদবাচ্য হন। কৃষ্ণতন্ত্ রাম, নৃসিংহ, বরাহ আদি সব কয়টি অংশ-অবতারের তত্ত্ব সমন্থিত। ভগবান শ্রীকৃষ্ণ যেমন সমাজের চার বর্ণেব অতীত তাঁব ভক্তও তেমন এই কণিবিভাগের অতীত, এমন কি তিনি জাতি, কুলাদি বিচারেকও অতীত

শ্রোক ১৪

ন মাং কর্মাণি লিম্পন্তি ন মে কর্মফলে স্পৃহা । ইতি মাং যোহভিজানাতি কর্মভিন স বধ্যতে ॥ ১৪ ॥

ন—না, মাম্—আমাকে, কর্মাণি—সর্বপ্রকার কর্ম, দিস্পস্তি—প্রভাবিত করতে প্রবে; ন—না, মে—আমার, কর্মকলে—কর্মকলে, স্পৃহা—আকাশকা, ইতি—এভাবে; মাম্—আমাকে, যঃ—খিনি, অভিজানাতি—জানেন, কর্মতিঃ—এই প্রকার কর্মের হারা; ন—না, সঃ—তিনি; বধ্যতে—আবদ্ধ হন।

গীতার গান আমি কর্মফলে লিপ্ত নহি কোন কালে। স্পৃহা কভু নাই মোর কোন কর্মফলে ॥

আমার কর্মের কথা বুঝে ভাল মতে। বন্ধন ঘুচিল তার কর্মের ফলেতে॥

অনুবাদ

কোন কর্মই আমাকে প্রভাবিত করতে পারে না এবং আমিও কোন কর্মকণের আকাশ্ফা করি না। আমার এই তত্ত্ব থিনি জানেন, তিনিও কখনও সকাম কর্মের বন্ধনে আবদ্ধ হন না।

তাৎপর্য

এই ব্রুড় জগতের সংবিধানে উদ্রেখ থাকে যে, রাজা কোন ভুল করতে পারেন না, অথবা বাজা রাষ্ট্রের আইনের অধীন নন। তেমনই এই শুড় জগতের অধীনর ডগবানও জড় জগতের কোন কর্মের দ্বারাই আবদ্ধ নন। যদিও তিনি এই ব্রুড় জগৎ সৃষ্টি করেছেন তবৃও এই জড় জগৎ সম্পর্কে তিনি সম্পূর্ণ নিবাসক্ত ও উদাসীন কিন্তু জীব জড়া প্রকৃতির উপর আধিগত্য করতে চায় বলে কর্মফলের বন্ধনে আবদ্ধ হয়ে পড়ে। কোন প্রতিষ্ঠানের মালিক যেমন তাঁর কর্মচারীদের সংক্ষমণ কোন কর্মের জনাই দায়ী নন, কর্মচারীরাই তার জন্যে দায়ী হয়ে থাকে, জীবও জেমনই তার কর্মফল ভোগ করে থাকে। ইন্দ্রিয়সুখ ভোগ করবার জন্য জীব নালা রকম কর্ম করে চলে। ভগবান কখনও এই ধরনের কর্ম করার বিধান দেননি। কিন্তু তা সত্ত্বেও জীব উন্তরোত্তর আরও বেশি ইন্দ্রিয়সুখ ভোগ করবার জনা এই সংসারে কর্ম করে এবং মৃত্যুর পর স্বর্গসুখ ভোগ করার কামনা করে ভগবান যেহেতু স্বয়ংসম্পূর্ণ, তাই তাঁর তথাকথিত স্বর্গসুখের প্রতি কোন রক্ম আকর্ষণ নেই। স্বর্গের দেব-দেবীরা হচ্ছেন ভগবানেরই দাস-দাসী, যাঁদের ভগবান নিজেই নিয়োজিত করেছেন। কর্মচারীরা যে প্রকার নিজস্তারের সুখভোগ করতে তার, মালিক কখনই তা চায় না। ভগবানেরও তেমনই জড় সুখভোগ করার কোন ম্প্রা নেই। তিনি সব সমরই জাগতিক কর্ম এবং তার ফল সম্বন্ধে নিরাসক্ত থাকেন। উদাহরশম্বরূপ কলা যেতে পারে, পৃথিবীতে নানা রক্ম গাছুপালা সৃষ্টির জন্তার বৃত্তি দায়ী নর, যদিও বৃত্তির জন্তাবে কোন গাছুপালা জন্মানের সন্তাবনাই খাকে না। বৈদিক স্কৃতিতে সেই সম্বন্ধে কলা হয়েছে—

निभिन्नमञ्जयस्थाः में मृज्यानाः मर्गकर्याने । अधनकात्रगिज्ञा यस्या रेव मृज्यागन्तरः ॥

ই জড় সৃষ্টির পরম কারণ হচ্ছেন একমাত্র ভগবান জড়া প্রকৃতি হচ্ছে নিমিত্ত শবন, বার ফলে জড় সৃষ্টিকে প্রত্যক্ষ করা যায়।" সৃষ্ট জীব অনেক রকম, গমন—দেকতা, মানুষ, পত্ত, পাখি আদি এবং তারা সকলেই ভাদের পূর্বকৃত পূণ্য এববা পাপকর্ম জনুসারে সৃষ্ ও দুঃখ পেয়ে থাকে ভগবান ভাদের প্রকৃতির পূর্ণ অনুসারে কর্ম করার সব রকম স্থোগ দেন। কিন্তু তিনি নিজে ভাদের ভৃত ও তিবাহ কোন কর্মের জন্য দারী হন না। বাদান্ত-সূত্রে (২/১/৩৪) বলা হয়েছে, ক্রমনের্দ্ধণা ন সাপেক্ষতাং—ভগবান সর্বদাই নিরপেক্ষ থাকেন, তিনি কোন শবের প্রতি পক্ষপাভযুক্ত নন। জীব ভার নিজের ইছ্রা অনুসারে কর্ম করে এবং সই সমস্ত কর্মের সম্পূর্ণ দায়িত্ব ভার নিজের ইছ্রা অনুসারে কর্ম করে এবং সই সমস্ত কর্মের সম্পূর্ণ দায়িত্ব ভার নিজের ভগবান বহিরঙ্গা শক্তি জড়া প্রকৃতির মাধ্যমে জীবের সমস্ত ইছ্রা পূর্ণ কর্মার সূথোগ প্রদান করেন সকাম কর্মের এই জটিল তন্ম থিনি কুমতে পারেন, তিনি তার কর্মের বন্ধনে আবদ্ধ হন না। পক্ষান্তরে, যে ব্যক্তি ভগবানের অপ্রাকৃত তত্ত্ব হৃদ্যক্রম করতে পোরেছেন, তিনি কৃষ্ণভাবনার অমৃত আন্বাদন করেন, তার কল্পে কর্মের অধীন হন না ভগবানের অপ্রাকৃত তত্ত্ব বৃথতে না পেরে যে মনে করে, ভগবানও আব পাঁচটি

বদ্ধ জীবের মতো কর্মের বন্ধনে আবদ্ধ, তারা কোন দিনই কর্মবন্ধন থেকে মুক্ত হতে পারে না। কিন্তু যিনি পরমতন্ত্ব উপলব্ধি করেছেন, তিনি মুক্তাত্মারূপে কৃষ্যভাবনায় দৃঢ়চিত্ত হতে পারেন।

শ্লোক ১৫

এবং জ্ঞাত্বা কৃতং কর্ম পূর্বেরপি মৃমুক্ষৃতিঃ। কৃত্র কর্মৈব তম্মাত্তং পূর্বেঃ পূর্বতরং কৃত্য ॥ ১৫ ॥

এবম্—এভাবে, জ্বাত্মা—ক্লেনে; কৃতম্—অনুষ্ঠান করেছেন, কর্ম—কর্ম, পূর্বৈঃ— প্রাচীন, অপি—যদিও, মুমুক্সডিঃ—মুক্তিকামীগণ কর্তৃক; কুরু—কর; কর্ম—শাগ্রেড কর্ম, এব—অবশ্যই, কন্মাৎ —অতএব; দ্বম্—তৃমি; পূর্বৈঃ—প্রাচীন মহাজনগণ কর্তৃক; পূর্বতরম্—প্রাচীনকালে; কৃতম্—অনুষ্ঠিত।

গীতার গান

এই গৃঢ় ডত্তকথা পূর্বে যে বৃথিল। আনায়ানে তারা দব সংসার তরিল। তুমি পূর্ব মহাজনে যথা অনুসার। যথাবং সিদ্ধিলাত ইইবে কিন্তর।

অনুবাদ

প্রাচীনকালে সমস্ত মুক্ত পুরুষেরা আমার অপ্রাকৃত তথা অবগত হয়ে কর্ম করেছে: অতএব ভূমিও সেই প্রাচীন মহাজনদের পদাছ অনুসরণ করে তোমার কর্তব্য সম্পাদন কর।

ভাৎপর্য

পৃথিবীতে দুই শ্রেণীর মানুব আছে। তাদের মধ্যে এক শ্রেণীর মানুবের হাদর
সব বকমের কলুবে পরিপূর্ণ এবং অন্য শ্রেণীর মানুবের হাদর অত্যন্ত নির্মল।
কৃষ্ণভাবনার অমৃত—ভগবন্তক্তি এই দুই শ্রেণীর লোকেরই হিত সাধন করে।
যাদের হাদর কলুকে পরিপূর্ণ, তারা বিধিভক্তির অনুশীলন করে তাদের হাদরকে
পরিদ্ধার করতে পারে —তাদের হাদরের আবর্জনা দুর করতে পারে; আর থাদের
হাদর ইতিমধ্যেই পবিত্র হয়ে আছে, তারা কৃষ্ণভক্তি অনুশীলন করার মাধ্যমে আর

সকলকে কৃষ্ণভক্তি লাভ করার শিক্ষা দান করতে পারে যারা মুর্খ, অথবা যাদের মনে কৃষ্ণভক্তির পূর্ণ প্রকাশ হয়নি, তারা অনেক সময় মনে করে, সব রকমের কাভকর্ম পরিত্যাগ করে নির্জনে ভগবস্তজন করাটাই হচ্ছে পরমার্থ সাধন করার পছা। কিন্তু এই ধারণাটি প্রান্ত। কুরুক্তেত্রের রণাঙ্গনে অর্জুন যথন কর্তবাকর্য পরিত্যাগ করে বনবাসী হওয়ার বাসনা প্রকাশ করেন, তখন শ্রীকৃষ্ণ তাঁকে তা পেকে নিরম্ভ করেন। আমাদের কেবলমাত্র জানতে হবে কিভাবে কর্ম করতে হয় ৰুক্ষভক্তির ভান করে কর্তবাকর্ম ত্যাগ করাটা মুদতা। যথার্থ পৃষ্ণভক্তি হচ্ছে ভগবান শ্রীকৃষ্ণের সেবা করার উদ্দেশ্যে সব রক্ম কাজকর্ম করা। তাই ভগবান अर्जुनरक निर्मित्र भिराविहरतम, कृष्णक्षक बहाजनरमध शमास बनुभवन करत ভগবস্তুব্দির অনুশীধন করতে। ভগবান ত্রিকালজ, তিনি অতীত, বর্তমান ও ভবিষ্যতের সমস্ত কথাই জানেন। তাঁর ভাকেরা কথন কিভাবে তাঁর সেবা করেছেন, সেই কৰা তিনি কখনও ভোলেন না। তাই তিনি সূৰ্যদেব বিৰম্বানের উদাহরণ দিরে অঞ্জুনকে তাঁর পদান্ত অনুসরণ করতে বলেন এই বিবস্থানকে বারো কোটি বছর আগে ভগবান নিভেই *ভগবদ্গীতার* তথুঞান দান করেছিলেন এই সমস্ত ভগবত্তকে মহাজনেরা সকলেই মৃক্ত পুরুষ এবং তারা সকলেই সর্বঞ্চন শ্রীকৃষ্ণের নির্দেশ অনুসারে তাঁর সেবার রত। তাই, তিনি অর্জুনকে উপদেশ দেওয়ার মাধ্যমে আনাদের উপদেশ দিয়েছেন বে, ভগবস্তুক্ত মহান্ধনদের পদান্ধ অনুসরণ করে ভগবানের সেবায় কর্তব্যকর্ম করটোই হচ্ছে সিদ্ধি লাভের একমাত্র উপায়

গ্লোক ১৬

কিং কর্ম কিমকর্মেতি কবয়োহপ্যত্ত মোহিতাঃ। তত্তে কর্ম প্রবক্ষ্যামি যজ্ঞাত্তা মোক্ষ্যসেহগুড়াৎ ॥ ১৬ ॥

কিম্—কি: কর্ম—কর্ম, কিম্—কি: অকর্ম -অকর্ম, ইতি—এভাবে, করমঃ—বৃদ্ধিমান ব্যক্তিগণ, অপি—ও, অন্ধ—এই বিষয়ে, মোহিজাঃ—মোহিত হন; তৎ—তাই, তে—ভোমাকে, কর্ম—কর্ম, প্রবক্ষ্যামি -আমি বিশ্লেষণ করব, ঘৎ—যা, জাত্বা জেনে, মোক্ষামে—ভূমি মুক্ত হবে, অশুভাৎ—অগুড অবস্থা থেকে।

গীতার গান

কিবা কর্ম অকর্ম বা করিতে বিচার । বড় বড় মুনি ঋষি হয় চমংকার ॥

(湖本 24]

তাই সে বলিব আমি কিবা কর্ম হয়। জানিলে সে তত্ত্বকথা অশুভের কয়॥

অনুবাদ

কাকে কর্ম ও কাকে অকর্ম বলে, তা ছিব করতে বিকেকী ব্যক্তিরাও মোহিত হন। আমি নেই কর্ম বিষয়ে ডোমাকে উপদেশ করব। তুমি তা অবগত হয়ে সমস্ত অশুভ অবস্থা থেকে মুক্ত হবে।

তাৎপর্য

কৃষ্ণভক্ত মহাজনদের পদায় অনুসরণ করে কৃষ্ণভাবনামর কর্ম করা সকলেরই কর্তব্য পূর্ববর্তী গ্লোকে জগবান যে উপদেশ দিয়েছেন, পরবর্তী গ্লোকে তিনি তার ব্যাখ্যা করে বলেছেন, কেন শ্বাধীনভাবে ভগবানের সেবা করা উচিত নর।

এই অধ্যায়ের প্রথমেই বর্ণনা করা হয়েছে, পরস্পরার ধারার ভগবৎ-তন্মজ্ঞান লাভ করেছেন এমন কোন মহাপুরুষকে গুরুরূপে বরণ করতে হয়। ভগবান নিজেই ভগবৎ-তন্মজ্ঞান সর্বপ্রথমে সূর্যদেব বিবস্থানকে দান করেন। সেই তন্মজ্ঞান বিবস্থান তার পূত্র ইন্দাকুকে দান করেন। এভাবেই সৃষ্টির আদি থেকে এই তন্মজ্ঞান প্রধাহিত হয়ে আসছে। তাই গুরু-শিষা পরস্পরায় পূর্বতম যে সমস্ত মহান আচায়ের্বা রয়েছেন, তাঁদের পদাভ অনুসরণ করেই এই জ্ঞান আহরণ করতে হয়। মানুষ যত বুদ্ধিমানই হোক না কেন, তন্ধ-পরস্পরার ধারায় এই জ্ঞান আহরণ না করলে, সে কন্ধনই কৃষ্ণভাবনাময় তন্ধকে প্রমাণ্যরূপে উপলব্ধি করতে পারে না সেই জ্ঞানই ভগবান নিজে অর্জুনকে এই তন্ধজ্ঞান সরাসরি দান করতে মনন্থ করকেন। অর্জুনের পদাভ অনুসরণ করে যদি কেউ ভগবানের দেওয়া এই ভত্মজ্ঞান আহরণ করেন, তা হলে তিনি অনায়াসে জড় জগতের বিপ্রান্তি থেকে মৃক্ত হতে পারেন।

কেনল্যাত্র জাগতিক পরীক্ষা নিবীক্ষাব মাধ্যমে অভিজ্ঞতালয় জ্ঞানের সাহাযো
ধর্মীয় পদ্বাগুলি কথনই নিরূপণ করা যাব না। প্রকৃতপক্ষে, একমাত্র জগরানই
পর্মতত্ত্ব সম্বলিত ধর্মনীতি প্রণয়ন করতে পারেন। ধর্মণ তু সাক্ষান্তগরণপ্রণীতম্
(ভাঃ ৬/৩/১৯) জন্ধনা-কপ্ধনার মাধ্যমে একটি মনগড়া ধর্ম তৈরি করলে তাকে
ধর্ম বলে গ্রহণ করা যাব না। ব্রক্ষা, শিব, নাবদ, মনু, কুমার, কপিল, প্রহ্লাদ, ভীষা,
শুকদেব গোস্বামী, যমরাজ, জনক, বলী মহারাজ আদি মহাজনদের পদান্ধ অনুসরশ
করে আমাদেব ধর্মের প্রকৃত ভত্তভান লাভ করতে হর এবং তা অনুশীলন করতে
হয়। কল্পনা ও অনুমানের ভিত্তিতে আমরা আছা-উপলব্ধির পদা প্রতিপাদন করতে

পারি না। তাই ভগবান তার আহৈতুকী কৃপার বশবতী হয়ে সরাসরি অর্জুনকে সেই জ্ঞানের মাধ্যমে তিনি আমাদের বৃঝিয়ে দিয়েছেন যে, গুধুমাত্র কৃষ্ণভাষনা এনুশীলনের মাধ্যমেই আমরা এই জড় জগতের বন্ধন থেকে মৃক্ত হতে পারি।

শ্লৌক ১৭

কর্মণো হ্যপি বোদ্ধব্যং বোদ্ধব্যং চ বিকর্মণঃ। অকর্মপশ্চ বোদ্ধব্যং গহনা কর্মণো গতিঃ ॥ ১৭ ॥

কর্মণঃ—কর্মের, হি—অবশাই, অপি—ও, বোদ্ধব্যম্—জানা উচিত, বোদ্ধব্যম্— জাতবা, চ—ও, বিকর্মণঃ—শাসুনিবিজ কর্ম, অকর্মণঃ—অকর্ম, চ—ও, বোদ্ধব্যম্— জাতবা, গহনা—অত্যন্ত কঠিন, কর্মণঃ—কর্মের, গতিঃ—গতি

গীতার গান

কর্ম যে বৃথিতে তৃমি অকর্ম বৃথিবে । বিকর্ম বৃথিতে তথা ভাবে বৃদ্ধ হবে ॥ দুর্গম কর্মের পতি নিগ্ত সে তন্ত্ব । যে বৃথিক সে বৃথিক তাহার মহন্ত্ব ॥

অনুবাদ

কর্মের নিগৃত তত্ত্ব জনমঙ্গম করা অত্যন্ত কঠিন। তাই কর্ম, বিকর্ম ও অকর্ম সহজে যথায়থভাবে জানা কর্তব্য।

তাৎপর্য

কেউ যদি সতিটে জড় স্কগতের বন্ধন থেকে মৃক্ত হতে চায়, তবে তাকো কর্ম, একর্ম ও বিকর্মের পার্থকা জানতে হবে তাকে জানতে হবে তগবৎ তত্ম কি, ভগবানের সঙ্গে তার কি সম্পর্ক এবং এই জড় জগতের বিভিন্ন গুণের প্রভাবে সে কিভাবে তার কর্তব্যকর্ম করে। এই তত্মের উপলব্ধিই হচ্ছে আত্ম-উপলব্ধি এই ভত্ম পূর্ণরূপে যে উপলব্ধি করতে পারে, সে ই বুঝতে পারে যে, জীবের স্করূপ হয়— কৃক্তের নিভাগন , তাই কৃক্তভাবনায় ভাবিত হয়ে ভগবানের সেবা করাই প্রভিন্তি জীবের পরম কর্তবা। সমগ্র ভগবদ্দীতায় ভগবান আমাদের এই সিন্ধান্ত অনুযায়ী শিক্ষাই দান করেছেন। যে চিন্তাধাবা এবং যে কর্ম এই সিদ্ধান্তের বিরোধিতা করে, তাকে কলা হয় বিকর্ম অর্থাৎ নিষিদ্ধ কর্ম এই তত্মজ্ঞান সম্পূর্ণরূপে

উপলেন্ধি করতে হলে মানুষকে কৃষ্ণভাবনাময় ভাকেন সন্ন করতে হয় সাধুসদ করতে হয় এবং তাদেব কাছ থেকে এই জ্ঞানের যথার্থ মর্ম উপলন্ধি করতে হয়। ভগবস্তুন্তের কাছ থেকে এই জ্ঞান আহরণ করা এবং ভগবানের কাছ থেকে তা আহরণ করার মধ্যে কোন পার্থক্য নেই এই পরম তত্ত্বজ্ঞান এভাবেই সদ্ভর্জন কাছ থেকে আহরণ না করলে বড় কড় বৃদ্ধিয়ান মানুষের। পর্যন্ত বিভাগু হরে পত্তে এবং এই জ্ঞানের যথার্থ মর্ম উপলব্ধি করতে পারে না

শ্ৰোক ১৮

কর্মণাকর্ম বঃ প্রশাদকর্মণি চ কর্ম বঃ । স বুদ্ধিমামানুব্যের স যুক্তঃ কৃৎস্নকর্মকৃৎ ॥ ১৮ ॥

কর্মণি—কর্মে, অকর্ম—অকর্ম, যঃ—হিনি, পল্যেৎ—দর্শন করেন, অকর্মণি—
অকর্মে, চ—ও, কর্ম—কর্ম, যঃ—ফিনি, সঃ—তিনি, বৃদ্ধিমান্—বৃদ্ধিমান, মনুষ্যেরু—
মানব–সমাজে, সঃ—তিনি, যুক্তঃ—চিন্মা গুরে অধিষ্ঠিত, কৃৎক্ষকর্মকৃৎ—সব রক্ম
কর্মে লিপ্ত হওয়া সত্তেও।

গীতার গান

কর্মেতে অকর্ম দেখে অকর্মে বে কর্ম। সে বৃদ্ধিমান মনুষ্যে সে বৃষ্ণেছে মর্ম ।

অনুবাদ

খিনি কর্মে অকর্ম দর্শন করেন এবং অকর্মে কর্ম দর্শন করেন, তিনিই মানুষের মধ্যে বৃদ্ধিমান সব রকম কর্মে লিপ্ত থাকা সত্ত্বেও তিনি চিন্ময় ক্তরে অধিষ্ঠিত।

তাৎপর্য

কৃষ্ণভাবনায় অধিষ্ঠিত হয়ে যে মানুষ ভগবানের সেবার ব্রতী হয়েছেন, তিনি স্বাভাবিকভাবে সব বকমের কর্মবন্ধন থোকে মুক্ত। তিনি তার সমস্ত কর্মই করেন ভগবান শ্রীকৃষ্ণের সেবার জন্য তাই তার কৃতকর্মের ফলস্বরূপ তাকে আর সুখ অথবা দুঃখ ভোগ করতে হয় না এভাবেই ভগবান শ্রীকৃষ্ণের সেবায় বারা ব্রতী হয়েছেন, তারাই মানব সমাজে যথার্থ বুদ্ধিমান মানুধ জকর্ম কর্মাটার অর্থ হছে কর্মফল রহিত কর্ম। নির্বিশেষবাদীবা কর্মফলের ভয়ে ভীত হয়ে সব রক্তম কর্ম

পরিতাগ করে। তারা মনে করে, কর্ম করলেই তার ফল ভোগ করতে হবে এবং এই সমন্ত কর্মফল তাদের মৃত্তির পথে প্রতিবন্ধক-স্বরূপ হয়ে দাঁড়াবে কিন্তু ভগবানের ভক্ত ভালভাবেই জানেন, তিনি হচ্ছেন ভগবানের নিতাদাস। তাই তিনি সর্বতোভাবে ভগবান শ্রীকৃষ্ণের সেবার নিয়োজিত থাকেম ভগবানের সেবা করার জন্য তিনি সমন্ত কাজকর্ম করেন, তাই সেই সমন্ত কর্মের ফল ভগবানই গ্রহণ করেন, তাঁকে আর তা ভোগ করতে হয় না। এভাবেই ভগবান শ্রীকৃষ্ণের সেবা করার ফলে তিনি সব রক্ম কর্মবন্ধন থেকে মৃত্ত হন এবং সর্বগা দিয়ার আনন্দ উপভোগ করেন। তাই বলা হয়, 'কৃষ্ণভক্ত নিদ্ধাম', কারণ তাঁর ব্যক্তিগত কোন কামনা নেই। তিনি তাঁর নিজের ইন্দ্রিয়তৃত্তি সাধন করবার জন্য কোন কিছুই আশা করেন না ভগবান শ্রীকৃষ্ণের নিত্য দাসন্ত করার পরম আনন্দ লাভের ফলে তিনি মন্ত ইন্দ্রিয়তৃথ ভোগের সমন্ত বাসনার নির্থকতা উপলব্ধি করতে পারেন এবং ভার ফলে তিনি সম্পূর্ণভাবে কর্মফলের বন্ধন থেকে মৃত্ত হন।

রোক ১৯

যদ্য সর্বে সমারন্তাঃ কামসংকল্পবর্জিতাঃ। জ্ঞানাগ্রিদত্মকর্মাণং তমাহুঃ পণ্ডিতং বুধাঃ॥ ১৯॥

ষস্য—নার, সর্বে —সব রক্ম, সমারস্তাঃ—কর্ম প্রচেষ্টা, কাম—ইপ্রিয়সুখ ভোগের বাসনা সংকল্প -সংকল্প, বর্মিডাঃ—রহিত, জ্ঞান—জানের, জগ্নি—অগ্নি দারা, দগ্ধ—বদ্ধ, কর্মাণম—কর্মসমূহ, তম্—তাঁকে জাহ্য—বলেন, পণ্ডিতম্—পণ্ডিত, বৃধাঃ—জানীগণ।

গীতার গান

সকল সমারন্তে যার সংকল্প বর্জন ৷ জানাগ্নিতে দশ্ধ কর্ম পাণ্ডিত্যে গ্রহণ ৷

অনুবাদ

যাঁর সমস্ত কর্ম প্রচেষ্টা কাম ও সংকল্প রহিত, তিনি পূর্ণ জ্ঞানে অধিষ্ঠিত। জ্ঞানীগদ বন্দেন যে, তাঁর সমস্ত কর্মের প্রতিক্রিয়া পরিশুদ্ধ জ্ঞানাগ্নি ছারা দগ্ধ হয়েছে। রির্থ অধ্যায

ভাৎপর্য

যে মানুষ প্রকৃতই জ্ঞানবান, তিনিই কেবল কৃষ্ণভাবনায় ভাবিত বৈষ্ণবের কার্যকলাপ বুঝতে পারেন কারণ কৃষ্ণভক্ত বৈষ্ণব সব রক্ষ ইন্দ্রিয়তৃত্তি বিষয়ক বাসনা থেকে মুক্ত তাঁর অন্তর কলুবমুক্ত হয়েছে। তদ্ধ কৃষ্ণভক্তির আগুনে তাঁর অন্তরের সমস্ত কলুব দগ্ধ হয়ে যায় এভাবেই অন্তর যুখন কলুবমুক্ত হয়, তখন জড় ইন্দ্রিয়সুখ জোগ করার সমস্ত কামনা অন্তর্হিত হয়, তাই তিনি তখন নিম্নাম। প্রকৃত জ্ঞানী তিনিই, যিনি এই পরম তত্ত্জ্জান লাভ করতে পেরেছেন। ভগবানের নিতা দাসপ্থের এই পরম তত্ত্জ্জানকে আগুনের সঙ্গে তৃলনা করা হয়। এই আগুন একবার জ্বলে উঠলে, তা সব রক্ষম কর্মফলকে জ্বালিয়ে-পুড়িয়ে নিঃশেব করে দিতে পারে

শ্রোক ২০

ভাক্তা কর্মফলাসঙ্গং নিভাতৃপ্তো নিরাশ্রয়ঃ । কর্মণ্যভিপ্রবৃত্তেহিপি নৈব কিঞ্চিৎ করোভি সঃ ॥ ২০ ॥

ত্যক্তা—ত্যাগ করে, কর্মফলাসজম্—কর্মফলের আসন্তি; নিত্যা—সর্বদা, তৃপ্তঃ— পরিতৃপ্ত, নিরাশ্রমঃ—আগ্রমশূন্য, কর্মণি—কর্মে, অভিপ্রবৃত্তঃ—পূর্ণরাগে প্রবৃত্ত, অপি—সর্ব্যেও, ন—না, এব—অবশ্যই, কিঞ্চিৎ—কিছুই, করোতি—করেন, সঃ—তিমি

গীতার গান

ত্যক্ত কর্মফলাসঙ্গ আশ্রম বিহীন । নিত্য তৃপ্ত নিত্যানক নিজ কর্মে লীন ॥ সে প্রবৃত্ত নিজ কর্মে কিছু নাহি করে । অনাসক্ত কর্মফল স্বাচ্ছক বিহরে ॥

অনুবাদ

যিনি কর্মফলের আসক্তি সম্পূর্ণরূপে ত্যাগ করে সর্কনা ভৃপ্ত এবং কোন রকম আশ্রয়ের অপেক্ষা করেন না, ডিনি সব রকম কর্মে যুক্ত থাকা সত্ত্বেও কর্মফলের আশায় কোন কিছুই করেন না।

खानस्थान

ভাৎপর্য

কৃষ্ণভাবনায় ভাবিত হয়ে শ্রীকৃষ্ণের সন্তোষ বিধানের জন্য সব রকম কর্ম করার মাধ্যমেই কেবল কর্মবন্ধন থেকে মুক্তি লাভ করা যায়। কৃষ্ণভাবনার অমৃত লাভ করেছেন যে ভক্ত, তিনি বিশুদ্ধ ভগবৎ-প্রেমের হারা উঘুদ্ধ হয়ে কর্ম করেন, তাই তিনি কোন রকম কর্মফলের আশা করেন না তিনি সর্বতোভাবে ভগবানের লরণাগত, তাই তিনি কিভাবে তার জীবন ধারণ করবেন, সেই সম্বদ্ধেও কোন রকম চিন্তা করেন না। তিনি জানেন, ভগবান শ্রীকৃষ্ণই হচ্ছেন পরমেশ্বর এবং তিনি সর্ব কারণের কারণ, তাই তিনি সব কিছুই ভগবানের স্ত্রীচরণে সমর্পণ করেন তিনি কিছুই সংগ্রহ বা সঞ্চয় করতে চান না, কিবো এ যাবৎ যা কিছু তিনি তার অধিকারে লাভ করেছেন, সেই সবও সংরক্ষণ করে রাখতে চান না তার সমন্ত শক্তি, সমন্ত ক্ষমতা, সমন্ত সম্পদ্ধ দিয়ে তিনি কেবল ভগবানেরই সেবা করেন, এ হাড়া আর কোন কাজেই তার কোন রকম স্পৃধ্য থাকে না। এই ধরনের নিরাস্ত কৃষ্ণভক্ত ভাল ও ফল সব রকম কর্মফল থেকে মুক্ত, যেন তিনি কোন কাজকমই করছেন না। এই হচ্ছে অকর্ম অর্থাৎ কর্মফলহীন কাভাকর্মের লক্ষণ। তাই, কৃষ্ণভাবনা রহিত যে সব কর্ম, তা সমই জীবকে কর্মফলহীন কাভাকর্মের লক্ষণ। তাই, কৃষ্ণভাবনা রহিত যে সব কর্ম, তা সমই জীবকে কর্মফলের ধন্ধনে আবদ্ধ করে রাখে। তাকে বলা হয় বিকর্ম, এই কথা পূর্বেই বলা হয়েছে

শ্ৰোক ২১

নিরাশীর্যতচিত্তাদ্ধা ভ্যক্তসর্বপরিগ্রহঃ । শারীরং কেবলং কর্ম কুর্বন্নাপ্নোতি কিল্মিন্ ॥ ২১ ॥

নিরাশীঃ—কাসনাশূন্য, যত—সংযক্ত চিন্তাগ্বা—মন ও বৃদ্ধি, তাক্ত—পরিত্যাগা করে, সর্ব —সমন্ত; পরিপ্রকঃ—আধিপত্য করার প্রবৃত্তি, শারীরম্—শরীর রক্ষার্থে, কেবলম্—কেবল, কর্ম—কর্ম, কুর্বন্—করেও, ন—মা, আপ্রোতি—লাভ করেন, কিল্বিম্—পাগ।

গীতার গান

কর্মহৃদে স্পৃহাহীন দন্ত চিন্ত আত্মা । সর্ব পরিগ্রহ ভ্যক্ত যুক্ত সে সর্বথা ॥ শরীর নির্বাহ মাত্র কর্ম যেই করে । করিয়াও সর্ব কর্ম সর্ব পাপ হরে ॥

অনুবাদ

এই প্রকার জ্ঞানী ব্যক্তি তার মন ও বৃদ্ধিকে সর্বতোভাবে সংযত করে কার্য করেন। তিনি প্রভূত্ব করার প্রবৃত্তি পরিত্যাগ করে কেবল জ্ঞাবন ধারদের জন্য কর্ম করেন। এডাবেই কর্ম করার ফলে কোন রকম পাপ ভাকে স্পর্শ করতে পারে না।

তাৎপর্য

কৃষ্ণভাবনার অমৃত যিনি লাভ করেছেন, তিনি তাঁর কাজকর্মের কলস্বরূপ শুভ অথবা অশুভ কোন ফলেরই আশা করেন হা। তার মন, বন্ধি সম্পর্ণভাবে সংযত তিনি জানেন যে, যেহেত তিনি হচ্ছেন পরমেশ্বর শ্রীকঞ্চের অবিচ্ছেদ। অংশ, তাই পরমেশ্বরের অবিধ্রেদ্য অংশরূপে তার কোন কান্ধকর্মই তার নিজের কাজকর্ম নয়, সেই কাজকর্ম করা হয় ভগবানেরই নিয়ন্ত্রণে। যেমন, স্বামরা যখন আমাদের হাতটিকে নাড়ি, তখন হাতটি নিজের ইচ্ছায় নডে না। সমস্ত শরীরের প্রতেষ্টার ফলেই তা সম্পন্ন ধর। কৃষ্ণভাবনাময় ভক্ত ভগবানের বাসনার দ্বারাই পরিচালিত হন, কেন না তাঁর নিজের ইন্সিয়-তণ্ডির কোন রকম বাসনা নেই। একটি যদ্রের অংশ যেভাবে পরিচালিত হয়, তিনিও দেভাবেই পরিচালিত হন। যারের কলকজ্ঞায় ফেমন তেল দিতে হয়, পরিষ্কার করতে হয়, ভগবন্তক্তও তেমন ভগবানের সেবা করার জনাই কেবল নিজেকে সন্থ-সবল রয়খন। ভাট ভিনি সব রকম কর্মফল থেকে মৃক্ত। যেমন, একটি গশুর নিজের দেহের উপরেই কোন মালিকানার অধিকার নেই পশুর নিষ্ঠুর মালিক ইচ্ছা করনেই সেই পশুটিকে বলি দিতে পারে তবু পশুটি কোন প্রতিবাদ করে না। তার সত্যিই কোন স্বাধীনতা নেই। ভগবন্তক্তও তেমনই নির্বিকার। সম্পূর্ণভাবে ভগবানের সেবায় নিয়োজিত হয়ে তিনি যখন প্রমতত্ত্ব উপলব্ধি করেন, তিনি যখন প্রম সতাকে দর্শন করেন, উখন জড জগতের উপর আধিপত্য করার কোন বাসন্য তাঁব থাকে না। জীবন ধারণের জন্য অসৎ উপায়ে অর্থ সংগ্রহের প্রচেষ্টাকে তিনি ডখন নিতান্তই হাস্যকর বলে মনে করেন তাই, এই সমস্ত জড়-জাগতিক পাপের দ্বারা তিনি আর কলবিত হন না। তখন তিনি তাঁব সৰ রক্ষমের কাজকর্মের ফল থেকে মক্ত থাকেন।

শ্লোক ২২

যদৃচ্ছালাভসম্ভটো হন্দৃতিতো বিমৎসরঃ । সমঃ সিদ্ধাবসিদ্ধৌ চ কৃত্বাপি ন নিবধ্যতে ॥ ২২ ॥ ক্ষুক্তা—অন্যাসে, লাভ –সাজে, সম্ভষ্টঃ—সম্ভষ্ট, মন্দ্ দ্বন্দ্, অতীতঃ অতীত; বিমধসরঃ—মাৎসর্যমুক্ত, সমঃ—স্থির: সিদ্ধো সিদ্ধি লাভে, অসিদ্ধো—অসাফল্যে, চ—ও, কৃদ্ধা—করলেও, অপি—যদিও, ন না, নিবধ্যতে—প্রভাবিত হন

গীতার গান

যথালাভ তথা তুষ্ট সর্ব স্বন্ধ্যুক্ত ।
নির্মাৎসর সমচিত্ত নিজ কর্মে যুক্ত ॥
সিদ্ধাসিত্ব সমদৃষ্টি নাহিত বিষেষ ।
করিয়াও সর্ব কর্ম কর্মফল শেষ ॥

অনুবাদ

ষিনি অনায়াসে যা লাভ করেন, তাতেই সন্তুষ্ট থাকেন, যিনি সুখ-সুঃখ, রাগ-শ্বেষ আদি ছলের কণীকৃত হন না এবং মাৎসর্যপূন্য, যিনি কার্যের সাফল্য ও অসাফল্যে অনিচলিত থাকেন, তিনি কর্ম সম্পাদন কর্মকেও কর্মফলের দারা কথনও আবদ্ধ হন না।

ভাৎপর্য

কৃষ্ণভাবনার অমৃত লাভ করেছেন যে মানুব, তিনি তাঁর শরীর সংরক্ষণের জনাও অতিরিক্ত প্রচেষ্টা করেন না। অনায়াসে তিনি যা পান, তাতেই সম্বন্ত থাকেন অবাচিতভাবে তাঁর কাছে যা আসে, তিনি কেবল তা-ই প্রহণ করেন তিনি ভিক্ষা করেন না, আবার ঝণও করেন না। তাঁর সাধ্যানুসারে পরিশ্রম করে চলেন এবং ভার ফলে তিনি যা পান, ভা ভগবানের দান বলে গ্রহণ করে সম্বন্ত থাকেন তাই, তাঁর জীবন যারণের খ্যাপারে তিনি সম্পূর্ণভাবে উদাসীন। শ্রীকৃষ্ণের দাসত্ব কবার হবে বলে, তিনি জন্য আর কারও দাসত্ব করেন না, কিন্তু শ্রীকৃষ্ণের দাসত্ব কবার জন্য তিনি যে কোন রক্ম কাজ করতে প্রস্তুত থাকেন জড় জগতের দক্ষতাব শীত উষ্ণ, সৃষ দৃঃখ, তাঁকে কোন অবস্থাতেই প্রভাবিত করতে পারে না কৃষ্ণভাবনাস্তের আশ্বাদ লাভ করার ফলে তিনি জড় ইন্দ্রিয় অনুভূতির অতীত, তাই ইন্দ্রিয়ের অনুভূতির প্রকাশ স্বরূপ এই দক্ষভাব থেকে তিনি সম্পূর্ণভাবে মুক্ত থেকে সর্ব অবস্থাতেই শ্রীকৃষ্ণের সন্যোব বিধান করতে চেষ্টা করেন তাই সাফল্য ও ব্যর্বভা এই মুরের প্রভাব থেকেই তিনি মুক্ত থাকেন। পূর্ণরূপে যিনি ভগবৎ তত্ত্বজ্ঞান লাভ করেছেন, তাঁর মধ্যে এই সমস্ত্র লক্ষণগুলি প্রকট হয়।

গ্লোক ২৩

গতসঙ্গস্য মুক্তস্য জ্ঞানাবস্থিতচেতসঃ । মজ্ঞায়াচরতঃ কর্ম সমগ্রং প্রবিলীয়তে ॥ ২৩ ॥

গতসঙ্গস্য—ছড়া প্রকৃতির গুণের প্রতি অমাসন্ত বান্ডি, **মৃক্তস্য**—মৃক্ত, **জানারস্থিত** —চিন্ময় স্তরে অধিষ্ঠিত, **চেতসঃ**—চিন্ত, মজায়—যজের (শ্রীকৃঞ্জের) উদ্দেশ্যে; আচরতঃ—আচরণ করে, কর্ম—কর্ম, সমগ্রম্—সম্পূর্ণরূপে, প্রবিলীয়তে—লয় প্রাপ্ত হয়।

গীতার গান

অসক নিযুক্ত জানী চিক্তে কোন্ত নাই । জানাবস্থিত সেই স্বৰ্গা সব ঠাই ॥ সেই সে যাজ্ঞিক সদা আচরণে দক্ষ । তার কর্ম প্রবিলীত একান্ত সমক্ষ ॥

অনুবাদ

জড়া প্রকৃতির ওণের প্রভাব থেকে মুক্ত হয়ে, চিম্মম জ্ঞাননিষ্ঠ খ্যক্তি যজের উদ্দেশ্যে যে কর্ম সম্পাদন করেন, সেই সকল কর্ম সম্পূর্ণরূপে লয় প্রাপ্ত হয়।

তাৎপর্য

কৃষণভক্তি লাভ করে মানুষ যখন ছন্দুভাব থেকে মুক্ত হন, তথন তিনি প্রকৃতির বিগুণের কলুষ থেকে মুক্তি লাভ করেন, তিনি তখন যথার্থ মুক্ত, কারণ তথন তিনি শ্রীকৃষ্ণের সঙ্গে তাঁর নিতা সম্পর্ক উপলব্ধি কবতে পারেন এবং তখন আর তাঁর মন কৃষ্ণভাবনা থেকে বিচলিত হয় না তখন তিনি যা-ই করেন, তা কেবল আদি বিযুক্ত—শ্রীকৃষ্ণের জন্মই করেন। তাই, তাঁর সমস্ত কাজকর্ম যঞ্জময় হয়ে ওঠে, কারণ যজের উদ্দেশ্য হচ্ছে যন্তেশ্বর প্রীকৃষ্ণকে তুট করা। তাঁর সমস্ত কাজকর্মই অপ্রাকৃত তত্ত্বে পর্যবসিত হয়, তাই তাঁকে আর কর্মছল-জনিত ক্লেশভোগ করতে হয় না।

ঞ্লোক ২৪

ব্ৰহ্মাৰ্পণং ব্ৰহ্ম হবিৰ্ব্ৰহ্মাণ্টো ব্ৰহ্মণা হুতম্ । ব্ৰহ্মেৰ তেন গন্তব্যং ব্ৰহ্মকৰ্মসমধিনা ॥ ২৪ ॥ রক্স—চিন্ময় প্রকৃতি, **অর্পণম্** অর্পণ, রক্ষ পরম, হবিঃ— ঘৃত, রক্ষ —চিশ্ময়, **অংগ্রা**—অগ্রিতে, রক্ষাণা—আগ্রার দারা, হতম্ নিবেদিত হয়, রক্ষা—চিং-জগং, এক—অবশ্যই, তেন তার দারা, গন্তব্যম্—গন্তব্য, রক্ষা—চিন্ময়, কর্ম—কর্ম, সমাধিনা—সমাহিত হয়ে।

ह्यांना शांश

গীতার গান

ব্ৰহ্মময় কৰ্ম, ভার ব্ৰহ্মেতে অৰ্পণ । ব্ৰহ্ম হৰি ব্ৰহ্ম অগ্নি হোতা ব্ৰহ্মফল ॥ ভাহার সে ব্ৰহ্মগতি নিশ্চিত নিৰ্ণয় । ব্ৰহ্ম কৰ্ম সমাধিস্থ সৰ্বন্ধ বিজয় ॥

অনুবাদ

বিনি কৃষ্ণভাবনায় সম্পূর্ণ মগ্ন তিনি অবশাই চিং-জগতে উন্নীত হবেন, কারণ তাঁর সমস্ত কার্যকলাপ চিমার। তাঁর কর্মের উদ্দেশ্য চিমায় এবং সেই উদ্দেশ্যে ডিনি বা নিবেদন করেন, ভাও চিমায়।

তাৎপর্য

কৃষ্ণভাবনার ভাবিত কর্মের প্রভাবে কিন্তাবে প্রমার্থ সাধিত হয়, তা এখানে বর্ণনা করা হয়েছে। কৃষ্ণভাবনায়া কর্ম নানা প্রকারের হতে পারে। পরবর্তী প্লোকগুলিতে তা বিশ্বদভাবে বর্ণনা করা হরে। কিন্তু তার আগেন, এখানে কেবল কৃষ্ণভাবনার মূল তত্ত্ব বর্ণনা করা হচ্ছে। বন্ধ জীব জড় কলুষের হারা কলুষিত, তাই তাকে নিশ্চিতভাবে জড়-জাগতিক পারিপার্মিক অবস্থার মধ্যে কচ্চেকর্ম করেতে হয়। কিন্তু তাকে এই পরিবেশ থেকে বেরিয়ে আসতে হবে। যে পত্না অবলম্বন করে বন্ধ জীব এই পরিবেশ থেকে মৃত্ত "ত পারে, তাকেই বলা হয় কৃষ্ণভাবনামৃত্ত বা ভগবন্ধকি। উদাহরণস্থকপ বলা যেতে পারে যে, নানা রক্ষম দুম্বজাত খাদ্যের অত্যাহারের ফলে যখন পেটের অসুখ হয়, তখন আর একটি দুম্বজাত খাদ্য দইয়ের ঘারা সেই রোগ নিবারণ করা হয়। ঠিক তেমনই, বিষয়াসক্ত বন্ধ জীবের ভবরোগ নিরাময় করা যায় ভগবন্ধগীতায় বর্ণিত কৃষণভাবনার অস্তেব দ্বারা ভবরোগ নিরামরের এই পত্নাকে বন্ধা হয় যক্ক, অর্থাৎ যক্তেশ্বর বিষ্ণু বা শ্রীকৃষ্ণকে তৃষ্ট করার জন্য কাজকর্ম বা যক্ক করা। হন্দু জগতের যত বেশি কার্যকলাপ কৃষ্ণভাবনার অথবা বিষ্ণুর জন্য অনুষ্ঠিত হয়, সম্পূর্ণ অভিনিবিষ্টতার ফলে তত্ত বেশি জড় পরিবেশ চিল্যয়ন্ত লাভ করে। এক্স বলতে বোঝায় 'চিল্যয়'। ভগবান

হচ্ছেন চিন্ময় এবং তাঁর দেহনির্গত রশ্মিচ্চটাকে বলা হয় ব্রহ্মান্ড্রোতি 'ব্রশ্বচনাচরের সব কিছুই এই ব্রহ্মজ্যোতিতে অবস্থান করছে। কিছু সেই *ভো*ণ্ড মায়া অথবা ইন্দ্রিয় তাপ্তির কল্যবেশ দ্বারা আচহাদিত হয়ে পডলে তাকে প্রাকৃত 🗠 জড-জাগতিক মলা হয় এখন সৰ কিছুই জড় বলে প্ৰতিভাত হয়। এই হ'ড আৰব্ধকে কষ্ণভাবনার প্রভাবে উন্মেটিও করা যায়। তাই, ভগৰন্তাবনায় ভাবিত হয়ে আমরা যথন ভগবানের চরণে কোন কিছু উৎসর্গ করি তখন অর্পণ, হবি, অপ্নি, হেতা ও ফল অথবা যখন ভগবানের প্রসাদরূপে কোন কিছু গ্রহণ কবি, তখন তা সবই একই তত্ত্বে পর্যবসিত হয়—*একান* অথবা শর্মতন্ত। পর্যতন্ত্ব যখন মারার দ্বারা আঞ্চাদিত হয়ে পড়ে, তখন তাকে জড় পদার্থ বলে মনে হয়। আবার এই স্লড পদার্থ দিয়ে যখন ভগবানের সেবা করা হয়, ওখন ভা অপ্রাকৃত তত্ত্বে পর্যবসিত হয়। এভাবেই কমভাবনামত বা ভগবন্ধক্তির দ্বারা আমরা আমাদের জড চেতনাকে ব্রহ্মন অথবা পরসভারে রূপান্তরিত করতে পারি। মন যখন সর্বভোভাবে কৃষ্ণভাবনার মথ থাকে, তথন তাকে বলা হয় সমাধি। এই প্রকার অপ্রাকত চেতনায় যখন কোন কিছু করা হয়, তখন ভাকে খলা হয় যজ। এই চিশ্ময় চেতনায় অর্পণ, অর্পিত হবি, অগ্নি, হোতা -সবই ব্রক্তামর হয়ে ওঠে, অর্থাৎ অপ্রাকৃত ওয়ে পর্যবসিত হয় এটিই হচ্ছে ক্ষান্তাকনার পদ্ধতি।

গ্ৰোক ২৫

দৈবমেবাপরে যজ্ঞং যোগিনঃ পর্যুপাসতে । ব্রহ্মাগ্রাবপরে যজ্ঞং যজেনৈবোপজুত্তি ॥ ২৫ ॥

দৈবম্—দেবতাদের পূজার, এব এভাবে, অপরে—অন্য অনেকে; যজ্জম্— যজ্জ, যোগিনঃ— যোগিগণ পর্যুপাসতে—যথাযথভাবে উপাসনা করেন, ব্রহ্ম—চিশ্মর তত্ত্বরূপ, অস্ট্রৌ অগ্নিতে; অপরে—অন্যেরা, যজ্জম্ যজ্জ, যজ্জেন— যজ্জের দ্বারা; এব ~এভাবে: উপজুত্তি—আহতি প্রদান করেন।

গীতার গান

দৈৰ যজ্ঞ করে পরে সেও যোগী হয়। ব্ৰহ্মজ্ঞানী সেও যোগী হোমাদি নিলয় ॥

অনুবাদ

কোলও কোলও যোগী দেবজাদের উদ্দেশ্যে যজ্ঞ করার মাধ্যমে তাঁদের উপাসনা করেন, আর অন্য অনেকে ব্রহ্মরূপ অগ্নিতে সব কিছু নিবেদন করার মাধ্যমে ক্যুত্র করেন।

ভাৎপর্য

পূর্বের বর্ণনা অনুসারে, কৃষ্ণভাবনায় ভাবিত হয়ে যিনি তাঁর কর্তব্য পালন করেন. তাঁকে বলা হয় সর্বশ্রেষ্ঠ যোগী, কিন্তু এমনও অনেক মানষ আছেন, যাঁৱা দেবোপাসনা করার জন্য অনরূপ যঞ্জের অনষ্ঠান করেন আবার অনেকে আজেন, যাঁরা ব্রহ্ম অথবা ভগবানের নির্বিশেষ রূপের উদ্দেশ্যে সব কিছু উৎসর্গ করেন এর থেকে বোঝা যায় বে, বিভিন্ন লোকে বিভিন্নভাবে যঞ্জের অনুষ্ঠান করেন কিন্তু বান্ডবিকপক্ষে যজ্ঞ কেবল ভগবান শ্রীবিষ্ণাকে তুট্ট করার জন্য অনুষ্ঠিত হয় এবং বিষয়র আর এক নাম বজা। সমস্ত যজ্ঞ অনুষ্ঠানকে দটি ভাগে ভাগ করা বার। তার একটি হচ্ছে জড় সুখস্বাঞ্চন্দা পাজের জন্য এবং অন্যটি হচ্ছে ডগবানকে জানবার জনা। বাঁরা প্রকৃতই জ্ঞানী, বাঁরা ডগবানের ভক্ত, ঠারা ভগবানকে তুট্ট করার জ্বনা তাঁদের সব বিছেই ভগবানের চরণে অর্পণ করেন বিদ্ধ আর এক শ্রেণীর লোক আছে, যারা আরও বেশি করে জড সুখডোগ করবার জন্য ইন্দ্র-চন্দ্র, বরুণ আদি দেবতাদের উপাসনা করে যত্ত্ব করেন এই সমস্ত দেবতারা হচ্ছেন অখি, বায়ু, জল, বছ্র আদি প্রকৃতির বিভিন্ন শক্তির পর্যবেক্ষক। ভগবান শ্রীকৃষ্ণই তাঁদের এই সমস্ত দায়িত্বীল কর্মে নিয়োগ করেছেন। প্রকৃতপক্তে, এই সমস্ত শক্তি ভগবানেরই শক্তি, এগুলি কোন দেবতার নিজম শক্তি নয় তবে ভগবানের আদেশ অনুসারে তাঁরা এই সমস্ত শক্তির পরিচাগনা করেন যারা জড় স্থাতোগ করার জনা বৈদিক কর্মকাণ্ড অনুসারে বিভিন্ন যজের স্বারা দেব-দেবীর পূজা করে, তাদের বলা হয় 'কং-ঈশ্বরবাদী'। আর এক শ্রেপীর অধ্যাত্মবাদী আছেন, বাঁরঃ পরম-তত্তের নির্বিশেষ জ্লপের উপাসনা করেন এবং বিভিন্ন দেব-দেবীয় অনিতাতা অনুভব করে ব্রহ্মজ্যোতিতে তাঁদের পৃথক সন্তা উৎসর্গ করে ব্রহ্মে লীন হয়ে যান। এই সমস্ত নির্বিশেষবাদীরা ব্রহ্মতত্ত্বের চিন্ময় স্বরূপ উপলব্ধি কববার জন্য দার্শনিক মনোধর্মের পদ্বা অবলম্বন করেন পক্ষান্তরে, সকাম কর্মী ইন্দ্রিয়তৃপ্তি সামনের জনা ভার জাগতিক সম্পদ উৎসর্গ করেন, আর নির্বিশেষবাদী প্রালো বিলীন হরে বাবার জন্য তার জড় উপাধিসমূহ উৎসর্গ করেন নির্বিশেষবাদীদের কাছে যজাপ্তি হচ্ছে পরমবন্ধা এবং ক্রন্ধাগ্রিতে ভাদের অন্তিতেব আহতি হচ্ছে যজ্ঞার্পণ। কিন্তু অর্জুনের মতো কৃষ্ণভাবনাময় ভক্ত শ্রীকৃষ্ণের সন্তোষ বিধানের জনা সর্বস্থ

doo

অর্পণ করেন এমন কি তাঁর আত্ম-স্বরূপণ্ড ভগবানের শ্রীচরণে সমর্পিত। এভাবেই, কৃঞ্চভক্ত হচ্ছেন সর্বশ্রেষ্ঠ যোগী, কিন্তু তিনি ক্থনও তাঁর পৃথক স্বরূপের বিনাশ সাধন করেন না।

শ্লোক ২৬

শ্রোত্রাদীনীন্ত্রিয়াণ্যন্যে সংয্যাগ্নিষ্ জুহুতি । শব্দাদীন্ বিষয়ানন্য ইন্দ্রিয়াগ্নিষ্ জুহুতি ॥ ২৬ ॥

শ্রোত্রাদীনি—শ্রধণ আদি, ইচ্মিয়াপি—ইন্দ্রিয়সমূহ, অন্যে—অন্যেরা, সংযম— সংযমক্ষপ, শ্রাপ্তিবৃ—অগ্নিতে, জুত্তি—আহতি দেন, শব্দাদীন্—শব্দ আদি, বিষয়ান্—ইন্দ্রিয়গ্রাহ্য বিষয় আদি, অন্যে—অন্যেরা, ইন্দ্রিয়—ইন্দ্রিয়ন্তাপ; অগ্নিযু— অগ্নিতে, জুত্তি—আহতি প্রদান করেন।

গীতার গান

নৈষ্টিক ব্ৰহ্মচারীর যজ ইন্দ্রিয় সংযম।
খ্রোজাদি মানস তপ অগ্নিতে অর্পণ ॥
রূপ রস শব্দ স্পর্শ বিষয়ে সংযম।
যজ্ঞাত্তি সেই হয় ইন্দ্রিয় হবন ॥

অনুবাদ

কেউ কেউ (শুদ্ধ ব্রহ্মচারীরা) মনঃসংযমরূপ অগ্নিতে প্রবণ আদি ইপ্রিয়গুলিকে আহুতি দেন, আবার অন্য অনেকে (নিয়মনিষ্ঠ গৃহত্ত্বা) শব্দদি ইপ্রিয়ের বিষয়গুলিকে ইন্সিয়রূপ অগ্নিতে আহুতি দেন।

তাৎপর্য

ব্রহাচর্য গার্হস্থা বানপ্রস্থ ও সন্ত্রাস মানব-জীবনের এই চারটি আশ্রমের উদেশা হছে মানুষকে পূর্ণ যোগী হতে সহায়তা করা। পশুদের মতো ইন্দ্রিয়তৃত্তি করা মানব-জীবনের উদ্দেশ্য নয় তাই, মানব-জীবনের এই চারটি আশ্রমকে এমনভাবে নির্দিষ্ট করা হয়েছে, যাতে মানুষ তার পারমার্থিক জীবনে পূর্ণতা লাভ করতে পারে। ব্রহাচারীরা সদ্গুরুর তত্বাবধানে থেকে ইন্দ্রিয় দমন করে মনঃসংযম করেন। এই শ্রোকে তাঁদের সম্বন্ধে বলা হচেছ যে, তারা ভাদের শ্রবণ ইন্দ্রিয়কে এবং অন্যান্য ইন্দ্রিয়কে চিত্তসংযমরূপী অণ্ডেনে অর্পণ করে ব্রক্ষচারীরা কেবলমাত্র কৃষ্ণভাবনা সম্বন্ধীয় শব্দই প্রবদ করেন। জ্ঞান আহরণ করবার প্রেষ্ঠ উপায় হচ্ছে প্রবণ, তাই প্রকৃত ব্রক্ষচারী সর্বক্ষণ হরের্নামানুকীর্তনম্ অর্থাৎ, ভগবানের মহিমা প্রবণ ও কীর্তনে তথ্যয় হয়ে থাকেন। তিনি কখনও লৌকিক আলোচনা বা গ্রামা কথা প্রবণ করেন না। জড় জগতের যে শব্দ, সেই শব্দ মনকে জড় বন্ধনে আবন্ধ করে রাখে—মনকে জড় অভিনুধী করে তোলে তাই ব্রক্ষচারী কখনও সেই রক্ষম শব্দে কর্ণপাত না করে সর্বক্ষণ ভগবানের দিব্যনাম প্রবণ ও কীর্তন করেন—

हरतं कृषा दरतं कृषा कृषा कृषा दरतं हरते । दरतं तथा दरतं तथा तथा तथा दरतं हरते ॥

তেমনই আবার যিনি গৃহস্থ, যিনি ইন্দ্রিয়তৃত্তি করার অনুমতি লাভ করেছেন, তিনি অত্যন্ত সাবধানভার সঙ্গে সেই কার্মে লিশ্ত হন। যৌনসঙ্গ, মাদকদ্রবা সেকন, আমিব আহার আদির প্রতি মানুহের একটি থাভাবিক প্রবশতা রয়েছে। কিন্তু সংযমী গৃহস্থ মেথুনানি বিষয় বা ইন্দ্রিয়তপশে কখনই অনিয়ন্ত্রিতভাবে অবৃত্ত হন না তাই, প্রতিটি সভা সমাজেই ধর্মীয় জীবনের ভিতিতে বিবাহের প্রচলন দেখা যায়, কারণ সংযত যৌন জীবন বাপানের সেটিই ঠিক পথ। এই ধরনের সংযত, আসজি রহিত কামও এক প্রকার মজ, কারণ এর মাধ্যমে সংযমী গৃহস্থ তাঁর বিষয়-ভোগোন্মুখ প্রবৃত্তিকে তাঁর পারমার্থিক জীবনের মহৎ উদ্দেশ্যের কাছে উৎসর্গ করেন

শ্লোক ২৭

সর্বাণীন্দ্রিয়কর্মাণি প্রাণকর্মাণি চাপরে ৷ আত্মসংযমযোগায়ৌ জুহুতি জ্ঞানদীপিতে ৷৷ ২৭ ৷৷

সর্বাণি সমন্ত, ইন্দ্রির ইন্দ্রিয়, কর্মাণি কর্মসমূহ, প্রাণকর্মাণি প্রাণধায়ুর কার্যকলাপ, চ ও, অপরে শানোরা; আনুসংখ্যম মনঃসংখ্যমত যোগ—যুক্ত হওয়ার পছা; আগ্রী ক্ষান্তি, জুহুতি আহতি দেন, প্রানদীপিতে—আছ্জানের দারা প্রদীপ্ত।

> গীতার গান সর্বেন্দ্রিয় কর্ম প্রাণ সংযম অগ্নিতে । যত্নশীল ষভ যোগী হবন করিছে ॥

আত্মসংযমাদি যোগ জ্ঞান দীপিতে। পৃথক পৃথক যোগী হয় ফুক্ত সে যোগেতে ॥

অনুবাদ

মন ও ইন্দ্রিয়-সংঘদের মাধ্যমে যাঁরা আত্মজ্ঞান লাভের প্রয়াসী, ওাঁরা তাঁদের সমস্ত ইন্দ্রিয়ের কার্যকলাপ ও প্রাপরায়ু জ্ঞানের ছারা প্রদীপ্ত আত্মসংঘমরূপ অগ্নিতে আহুতি দেন।

তাৎপর্য

এই শ্লোকে পতঞ্জলি প্রণীত যোগপদ্ধতির কথা বলা হয়েছে। পতঞ্জলির যোগসূত্রে আত্মাকে প্রত্যাত্মা ও পরাগাত্মা নামে অভিহিত করা হয়েছে। আথা যখন ইন্দ্রিয়পূখ ভোগের প্রতি আসক থাকে, তখন তাকে বলা হয় পরাগান্তা। কিন্তু যখনই জীবাখা ঐ ধরনের ইন্দ্রিয়-সপ্রোগ থেকে আসক্তি গহিত হয়, তখন তাকে বলা হয় প্রতাগাত্মা। আত্মা জীবদেহের অভ্যন্তরে দশ রক্তমের বায়ুর কার্যকলাপের অধীন থাকে। নিঃশ্লাস-প্রথাসের ক্রিয়ার মাধ্যমে এটি অনুভব করা য়য়। পতঞ্জলির যোগপদ্ধতি শিক্ষা দেয় কিন্তাবে দেহন্তিত বায়ুকে নিমন্ত্রিত করে আত্মাকে জড় বদ্ধন থেকে মৃক্ত করা য়য় এই য়োগপদ্ধতি অনুসারে প্রভাগান্তাই হচ্ছে চরম উদ্দেশ্য। এই প্রভাগান্তা হচ্ছে জড় কার্যকলাপ থেকে প্রভাগান্তাই হচ্ছে চরম উদ্দেশ্য। এই প্রভাগান্তা হচ্ছে জড় কার্যকলাপ থেকে প্রভাগান্তাই ইন্দ্রির ও ইন্তিয়েগ্রাহ্য বিষয় পরস্পরের উপর ক্রিয়া করে। যেমন প্রবাণের জন্য ঝন, দৃষ্টির জন্য চৌথ, গ্রাণের জন্য নাক, আস্থাদনের জন্য জিত্ম ও স্পর্লের জন্য থক এবং এরা সকলেই আন্যার বাইরে নানা রক্তম কাজকর্ম করে চলেহে। প্রশ্বায়র ক্রিয়ার প্রভাবে এগুলি সপ্তব হয়। অপান বায়ুর গতি আধোগান্তা, বানা বায়ুর প্রভাবে সংকোচন ও প্রসারণ হয়, সমান বায়ু সমতা বজায় বাবে আর উদ্যান বায়ু উধর্গানী প্রবৃদ্ধ মানুষ এদের সকলকে আত্মতত্ত্ব জনুসন্ধানে নিযুক্ত করেন।

গ্লোক ২৮

দ্রব্যব্জান্তরোশক্তা যোগযজ্ঞান্তথাপরে । স্বাধ্যায়জ্ঞানযজ্ঞান্চ বতরঃ সংশিতব্রতাঃ ॥ ২৮ ॥

দ্রব্যবজাঃ—দ্রব্য অর্পাররপ যজে, তপোয়জাঃ—তপাসার মাধ্যমে যজে, যোগমজাঃ
—অস্টাঙ্গ যোগমাপী যজে, তথা তেমনই, অপারে—অন্যোরা, স্বাধ্যার—বেদ অধ্যয়নরূপ যজে, জ্ঞানমজ্জাঃ—দিব্যজান লাভরূপ যজে, চ—ও, মৃতয়ঃ—তত্ত্তলে প্রাপ্ত ব্যক্তিগণ, সংশিক্তরতাঃ—কঠোর ব্যতপরারণ।

গীতার গান দ্রব্যবন্ধ তপোয়ন্ত যোগয়ন্ত যত। স্বাধ্যায় যোগীর জান শংসিত সে ব্রত ॥

অনুবাদ

কঠোর প্রস্ত গ্রহণ করে কেউ কেউ দ্রব্য দানরূপ যন্তা করেন কেউ কেউ তপস্যারূপ যন্তা করেন, কেউ কেউ অস্ট্রাঙ্গ-যোগরূপ যন্তা করেন এবং অন্য অনেকে পারমার্থিক জ্ঞান লাভের জন্য বেদ অধ্যয়নরূপ যন্তা করেন

তাংপর্য

এই সমস্ত হত্তকে নানা রকম শ্রেণীবিভাগ করা যেতে পারে অনেক লোক আছে যারা নানা রকম দান ধ্যান করার মাধ্যমে যঞ সম্পন্ন করে। ভারতবর্ষে অনেক ধনী-বর্ণিক ও রাজ-পরিবারের লোক আছেন, যাঁরা ধর্মশালা, আধক্ষের, অভিথিশালা, অনাধ্যশ্রম, বিদ্যাপীঠ আদি নানা রকম দাওবা সংস্থা প্রতিষ্ঠা করেন অন্যানা দেশেও হাসপাতাল, বৃদ্ধদের আত্রয়-ভবন এবং এই ধরনের নানা রক্ষম দাত্রা সংস্থা রয়েছে, বার উদ্দেশ্য ২তেছ দৃঃস্থ-দরিদ্রদের খাদ্যসামগ্রী দান করা, শিক্ষা দান করা ও ঔষধ বিতরণ করা। এই সমস্ত দানকর্মকে বলা হয় *প্রবাময়-খঞ*ে আনেক লোক আছেন বাঁরা উন্নততর জীবন অথবা স্বর্গারোহণ করবার জন্য চন্দ্রায়ণ, চাতুর্মাস্য আদি থেচ্ছামূলক তপশ্চর্যার অনুশীলন করেন এই সমস্ত পছায় বিশেষ বিধি নিয়েধের মাধামে জীবনযাত্রাকে পরিচালিত করহার জন্য কঠোর এত পালন করতে হয়। যেমন, চাতুর্মাস্য ব্রত পালনকারী চার মাস পাড়ি কামান না নিযিদ্ধ জিনিস আহাব করেন না, দিনে একবারের বেশি দুবার আহার গ্রহণ করেন না, অথবা কথনও গৃহ পরিত্যাগ করেন না। এভাবেই সাংসারিক সুখ পরিত্যাগ করাকে বলা হয় *তপোষয়-য*জ্ঞ। আর এক ধরনেব লোক আছেন, যাঁরা এন্দাকা লাভ করবার জন্য পাতঞ্জন-যোগ, হঠযোগ ও অস্তাঙ্গযোগ আদির অনুশীলনে প্রবৃত্ত থাকেন। কেউ আবার সমস্ত পবিত্র তীর্থে ভ্রমণ করেন। এই সমস্ত প্রিয়াকে বলা হয় *যোগ-যজ*, অর্থাৎ এই জড় জগতে বিশেষ ধরনেব সিদ্ধি লাভের জন্য যজের অনুষ্ঠান করা। অনেকে আছেন, যাঁর। নানা রকম বৈদিক শাস্ত্র, বিশেষ করে উপনিষদ, বেদান্ত-সূত্র অথবা সাংখ্য-দর্শন পাঠ করেন এগুলিকে বলা হয় স্বাধ্যার যজ্ঞ। এই সমস্ত যোগীরা শ্রন্ধা সহকারে বিভিন্ন প্রকার যজ্ঞে নিয়োজিত এবং তাঁরা উচ্চতর দ্বীবনের স্বভিলাষী কিছু কৃঞ্চভাবনামৃত এই সমস্ত যজ

SOR

(当体 の2)

থেকে ভিন্ন, কারণ তা হচ্ছে পরম বসমাধূর্যপূর্ণ ভগবানের সাক্ষাৎ সেবা। উপরোক্ত কোন প্রকার যজ্ঞের মাধ্যমে এই কঞ্চভাবনাত্মত বা ভক্তিযোগ লাভ করা যায় না, তা লাভ করা যায় বেংবল ভগবান ও তাঁর শুদ্ধ ভক্তের কুপার ফলে। তাই, কঞ্চাবনামত হচ্ছে দিবা, অপ্রাকত।

শ্লোক ২৯

অপানে জহতি প্রাণং প্রাণেহপানং তথাপরে। প্রাণাপানগতী রুদ্ধা প্রাণায়ামপরায়ণাঃ । অপরে নিয়তাহারাঃ প্রাণান প্রাণেষ জ্বহতি ॥ ২৯ ॥

অপানে -অধোগামী বায়তে: জহতি---আধতি দেন, প্রাণম --উর্ফগামী বায়ুকে: প্রালে—উর্ধ্বগামী বায়তে: অপানম—অধোগামী কয়কে: তথা—তেমনই, অপরে— অপর কেউ, প্রাণ—প্রাণধায়; অপান—অপান বায়ু, গতী—গতি, ক্সমা—নিরোধ করে, প্রাণায়াম—শ্বাস-প্রস্থাস সংব্যাের মাধ্যমে প্রাণায়াম, প্রায়ণাঃ—পরায়ণ, অপরে—অপর কেউ, নিয়ত—নিয়ন্ত্রিত করে, আহরে।ঃ—আহার, প্রাণান— প্রাণবায়কে: প্রাণেয়-স্থাগরায়তে, স্কৃত্তি-স্থাহতি প্রদান করেন।

গীতার গান

প্রাণাপান যোগক্রিয়া অপানে হবন । প্রাণাপান গতিরুদ্ধ প্রাণায়ামী হন 🛭 আহারাদি খর্ব করি নিয়ত আহার 1 প্রাণকে প্রাণেতে দেয় হোমের আকার ॥

অনুবাদ

আৰু যাঁৰা প্ৰাণায়াম চৰ্চায় আগ্ৰহী, তাঁৰা অপান বায়ুকে প্ৰাণবায়ুতে এবং প্ৰাণবায়ুকে অপান বায়ুতে আহুতি দিয়ে অবশেষে প্রাণ ও অপান বায়ুর গতি রোধ করে সমাধিস্থ হন কেউ আবার আহার সংযম করে প্রাণবায়ুকে প্রাণবায়ুতেই আহতি দেন।

তাৎপর্য

যোগে নিঃশ্বাস প্রশাস নিয়ন্ত্রণের প্রণালীকে বলা হয় প্রাণায়াম। প্রাথমিক স্তরে হঠযোগে বিভিন্ন প্রণালী অভ্যাস করার মধ্যমে এই প্রাণায়ামের অনুশীলন করা

হয়। ইন্দ্রিরওলিকে দমন করে পারমার্থিক উন্নতি সাধন করবার জন্য এই সমজ বিধি বিধান দেওয়া হয়েছে। এই সমস্ত ক্রিয়া অনুশীলন করার ফলে দেহস্থিত বারকে নিয়ন্ত্রিত করে বিপরীত দিকে চালিত করা হয় অপান বায়ুর গড়ি নিম্নমুখী এবং প্রাণবাম্বর পতি উর্ধ্বেম্বর্যী। প্রাণায়াম অনুদীলনের মাধামে যোগী এই বায় দুটিকে বিপরীত মুখে চালিত করে তাদের বেগকে দমন করেন এবং 'পরকে' তাদের ভারসাম্যের সৃষ্টি করেন। এভাবেই নিঃশাসকে যখন প্রশাসে অর্পণ করা হয়, তখন ভাকে বলা হয় 'রেচক'। দটি বায়র গতিকে যখন ছির করা হয়, তখন ভাকে বলা হয় 'কুন্তক'। এই কুন্তকের অনুশীসনের ফলে যোগীরা পারমার্থিক উপলব্ধির পূর্ণতা লাভের উদ্দেশ্যে তাঁদের আয়ু বৃদ্ধি করতে পারেন। প্রবন্ধ যোগী একট ন্ধন্মে পারমার্থিক উপলব্ধির চরম পূর্ণতা লাভ করতে চান, পরবর্তী ল্পানের জন্য প্রতীক। করতে ইচ্ছা করেন না। সেই খ্রন্য, কুন্তক-যোগ সাধনার মাধ্যমে যোগীরা বহু বহু বছর আয়ু বৃদ্ধি করে নিডে চেষ্টা করেন - কিন্তু ভক্তিযোগে নিত্যযুক্ত কৃষ্ণভক্ত অপ্রাকৃত ভগবৎ-প্রেমে মথ থাকার ফলে, অনায়ানে তাঁর ইন্দ্রিয়ণ্ডলিকে পমন করতে সক্ষম হন। তাঁর ইন্দ্রিয়গুলি সর্বক্ষণ ভগবানের সেবায় নিয়োক্রিত দাকে, তাই আর তিনি বিষয়ে প্রবৃত্ত হন না সূতরাং জীবনের শেরে, তিনি অনায়ানে ভগবান শ্রীকৃষ্ণের চিন্ময় স্তরে প্রবেশ করেন। বিভিন্ন যোগজিয়ার মাধ্যমে তার আয়ুকে বর্ষিত করে বহু দিন এই জড় জগতে বাস করার কোন বাসনাই তার থাকে না। সর্ব অবস্থাতেই তিনি মুক্ত পুরুষ সেই সম্বন্ধে *ভগবদগীতায়* (১৪/২৬) वेना एएएए---

> मार ह त्याश्वाखिहात्वय चाकित्यातान त्यवत्व १ त्र ७५म त्रमणीरेजाजन वकाजग्राम कवार १

"যিনি জাবানের প্রতি গুদ্ধ ভক্তিমূলক সেবায় নিয়োজিত থাকেন, তিনি জভা প্রকৃতির ওপগুলিকে অতিক্রম করেন এবং অচিরেই চিনায় স্তরে উদ্বীত হন," প্রকৃতপক্ষে, কৃষ্ণভাবনায় ভাবিত হবার সঙ্গে সঙ্গে শুদ্ধ ভক্ত জড় জগতের বন্ধন থেকে মুক্তি লাভ করেন। ব্রহ্মভূত স্তর থেকেই কৃষ্ণভাবনামূতের গুরু হয় কৃষ্ণভাবনায় ভাবিত মহাস্থারা ভাই সর্বদাই অপ্রাকৃত স্তরে অধিষ্ঠিত। এই স্তর খেকে তিনি কখনই পাঁতিত হন না এবং অন্তকালে অবিলয়ে তিনি ভগবানের চিম্ময় ধামে নিভ্যলীলায় প্রবিষ্ট হন। কৃষ্ণপ্রসাদ গ্রহণ করেন বলে তিনি সর্বদাই व्यवाश्ती अवर जात करण जांत रेक्तिग्रंकिन সর্বদাই সংযত जात रेक्तिग्रंकित्व সংযত না করতে পারলে কোন মতেই জড় জগতের বন্ধন থেকে মুক্ত হওয়া याग्र ना।

and.

ट्रशंक कड़ी

শ্ৰোক ৩০

সর্বেহপেতে যজ্ঞবিদো যজ্জ্জপিতকল্মধাঃ 1 যজ্ঞশিষ্টামতভূজো যান্তি ব্রহ্ম সনাতনম ॥ ৩০ ॥

সর্বে—সকলে অপি—আপাতদন্তিতে পথক হলেও; এতে—এরা সকলে, মন্ত্রবিদঃ —যজ্জবিদ: খ্যাক্র**ক্সপিত**—বজ্জ অনুষ্ঠানের ফলে নির্মণ হয়ে; কল্মবাঃ—পাগ থেকে, যম্ভশিষ্ট-এই প্রকার যজ অনুষ্ঠান করার ফল, অনুভত্তুজ্ঞ:-অনুভ ভোজনকারীরা, যান্তি-লাভ করেন: ব্রহ্ম-পরম: সমাতমম-সনাতন প্রকৃতি।

গীতার গান

এট সৰ তত্তবিং কীণ পাপ হয় । ক্রমে ক্রমে পাপহীন ব্রহ্ম সে প্রাপয় ॥ যজনিষ্ঠ ভোজী তারা নিম্পাপ জীবন । যোগা ব্যক্তি হয় লাভে ব্ৰহ্ম স্মাতন ৷৷

অনুবাদ

এঁরা সকলেট ব্যৱতত্ত্ববিৎ এবং যজের প্রভাবে পাপ থেকে মুক্ত হয়ে তাঁরা যজাবনিষ্ট অমত আস্থানন করেন, এবং ভার পর সনাতন প্রকৃতিতে ফিরে যান।

তাৎপর্য

মজ্ঞাদি সম্পর্কিত পূর্বোক্ত বর্ণনায় জ্বানতে পারা ব্যয় যে, দ্রবাময়-যক্তা, তপোময়-यका, याश-यख्य, स्वाधाय-यख्य जानि जन्छात्मक সाधातम উत्परमा एतक देखिय-मरवन्न করা ইন্দ্রিয়সথ ভোগের বাসনাই হচ্ছে ভবরোগের মূল কারণ। তাই, ইন্দ্রির-স্থের ভোগবাসনা পরিত্যাগ না কবতে পারলে সচ্চিদানন্দময় জীবনের স্তরে উল্লীভ হওয়া সন্তব নয়। এই স্তব হচ্ছে শাৰ্শত ব্ৰহ্ম পরিবেশ। পূর্বোক্ত সব করটি ছজ্ঞ পাপপূর্ণ জীবনের কল্ম থেকে মানুষকে মৃক্ত করতে সাহায্য করে। এই আন্তোরতির দ্বারা কেবল এই জীবনেই সৃধ-কৈতবের প্রাপ্তি হয়, তাই নয়, তা ছাড়া এই জীবনের শেষে নির্বিশেষ ঐক্যৈক্য লাভ অথবা ভগবৎ-ধামে ভগবান শ্রীকৃষ্ণের সান্নিধা লাভ হয়।

গ্রোক ৩১

নায়ং লোকোহস্তাযজ্জন্য কুতোহন্যঃ কুরুসন্তম **। ৩**১ ।।

ন—না, অরম্—এই, লোক: —জগৎ, অন্তি—আছে, অযন্তর্জ্যা— যভারহিত ব্যক্তির. কৃতঃ—কোধার, অন্যঃ—অন্য; কৃত্তসন্তম—হে কৃত্ত(এট।

গীতার গান ইহলোকে যন্ত বিনা কোন স্থ নাই 1 পরলোক বিনাযজ্ঞে কেমনে সে পটি 11

অনুবাদ

হে কুল্পেন্ড। বজ্ঞ অনুষ্ঠান না করে কেউই এই জগতে সূখে থাকতে পারে না, ভা হলে পরলোকে সুখপ্রাপ্তি কি করে সন্তব্

তাৎপর্য

জীব যে-রকম দেহই ধারণ করে এই জড় জগতে অবস্থান করক না কেন, তার ষধার্থ ব্যাস তার কাছে অবধারিতভাবে অজ্ঞাত থাকে পক্ষাপ্তরে বলা যায়, জন্ম-জন্মন্তরের সঞ্চিত পাপের ফলে জীবাদ্ধা এই জড জগতে অবস্থান করে অব্যানতা হচ্ছে এই পাপ-পঞ্চিল জীবনের কারণ এবং জীবন যতক্ষণ পাপের দ্বারা কল্বিত থাকে, ততক্ষণ জড় জগতের বন্ধন থেকে মুক্ত হবার কোন প্রশাই ওঠে না। জড় জগতের এই করোগার থেকে মৃক্ত হওয়ার একমত্রে মাধাম হচ্ছে মানব-শরীর। তাই ধর্ম, অর্থ, কাম ও যোক্ষ সাধন করার মাধ্যমে এই বন্ধন থেকে মুক্ত হওয়ার পথ বেদ দেখিয়ে দিচ্ছে ধর্মের পথে অগ্রসর হয়ে বিভিন্ন যাগ-বজের অনুষ্ঠান করলে, স্বাডাবিকভাবেই আমাদের অর্থনৈতিক সমস্যার সমাধান হয়। যতা অনুষ্ঠান করার মাধ্যমে খাদ্য, শাস্য, দুধ আদি পর্যাপ্ত মাত্রায় অর্জন করা যায়, তবন অত্যধিক হারে জনসংখ্যা বৃদ্ধি পেলেও খাদাপ্রব্যের কোন অনটন হয় নাঃ দেহের এই সমন্ত স্থল প্রয়োজনগুলি মিটে গেলে, তখন স্বভাবতই ইন্দ্রিয়-তৃত্তির প্রশ্ন আদে। তাই, বেদে নিয়ন্তিতভাবে ইক্রিয়-তৃত্তির জন্য বিবাহ যজের বিধান বর্ণিত হয়েছে। এভাবেই ধীরে ধীরে জড় বন্ধন থেকে মৃক্ত হবার দিকে অপ্রসর হওয়া বার। মুক্ত জীবনের সর্বোচ্চ স্তর হচ্ছে ভগবানের সঙ্গ লাভ করা উপরের বর্ণনা অনুসারে আমরা দেখতে পাই যে, যজ্ঞ অনুষ্ঠান করার মাধ্যমে জীবনের পূর্ণতা আসে। কিন্তু বৈদিক শাস্ত্র অনুসারে যদি কেউ এই সমস্ত যজের অনুষ্ঠান ন্য করে, তা হলে সে এই দেহের মাধ্যমে সুখী জীবনের কি করে আশা করতে পারে এবং জন্য প্রহে গিয়ে পরবর্তী জীবনেব তো কথাই নেই? বিভিন্ন

OOF

ঞাক ভতী

রক্ষাের স্বর্গলােকে স্থভাগ করার পর্যাপ্ত স্থােগ সবিধা রয়েছে। স্তরাং বিভিন্ন রকমের যজ্ঞ অনুষ্ঠান করার ফলে সব দিক দিয়েই অসীম সুৰভোগ করা বায়। কিন্তু সর্বোচ্চ সথ কেবল তথনই অনুভব করা যায়, যখন ক্ষান্তাবনায় ভাবিত হয়ে, ভগবানের চিত্রয় ধামে ভগবানের সহেচর্য লাভ করে ভগবানের সেবা করা। যায় তাই কয়ন্ডক্তি সাধন করাটাই হচ্ছে শ্রেষ্ঠ যজ্ঞ এবং সব প্রকম সমস্যার সমাধান কৰাৰ সেটি ভোগ উপায়

প্রোক ৩২

এবং বছবিধা যজা বিততা ব্ৰহ্মণো মুখে ৷ কর্মজান বিদ্ধি তান সর্বানেবং জ্ঞাত্বা বিমোক্ষ্যসে ॥ ৩২ ॥

এবম্—এভাবে; বছবিধাঃ—বছবিধ, যজাঃ—বঞ্জ; বিকতাঃ—বিস্তৃতঃ ব্রহ্মণঃ— বেলের: মুখে—মুখে, কর্মজান—কর্মজাত: বিদ্ধি—জানবে, তাল্—তাদের, সর্বান্— সকলকে: এবম—এভাবে: আছা—জেনে: বিযোক্যসে—মুক্তি গাভ করতে পরেবে।

গীভার গান

रह शुक्ररवाख्या। **चाउः व**ख्डेरे स्व धर्म । আর সব যাহা কিছু সকল বিকর্ম 11 বেদাদি শাস্ত্রেতে তথা বহু ফল ইয় 1 কত শাখা প্রশাখানি কে করে নির্ণয় ॥ সে সহ যজ্ঞাদি জান সহ কর্মজান । মক্তিপথ সেই জান মধ্য সে সর্বান 11

অনুবাদ

এই সমস্ত যজাই বৈদিক শাস্ত্রে অনুমোদিত হয়েছে এবং এই সমস্ত খন্ত বিভিন্ন প্রকার কর্মজাত। সেগুলিকে মুখামখভাবে জানার মাধ্যমে ভূমি সৃক্তি লাভ করতে পারবে।

ভাৎপর্য

বিভিন্ন কর্মীর বিভিন্ন মনোবৃত্তি অনুসারে বেদে নানা রকম বঞ্চ অনুষ্ঠান করার নির্দেশ দেওয়া হয়েছে। অধিকাংশ মানুষই তার দেহান্দবৃদ্ধিতে তন্মর হয়ে আছে। তাই, সমস্ত যজ্ঞের এমনভাবে ব্যবস্থা করা হয়েছে, যাতে মানুষ তার দেহ, মন অথবা বন্ধির যোগতো অনুসারে তাদের অনুষ্ঠান করতে পারে। কিন্তু সমস্ত যজ্ঞের চরম উদেশ্য হচ্ছে দেহের বন্ধন থেকে জীবকে মুক্ত করা। ভগবান শ্রীকৃষ্ণ এখানে ভার নিজের মখ থেকে সেই কথা প্রতিপন্ন করেছেন।

শ্ৰোক ৩৩

শ্রেয়ান দ্রবাময়াদ যজাজজানযজঃ পরস্তুপ। সর্বং কর্মাবিলং পার্থ জ্ঞানে পরিসমাপাতে ॥ ৩৩ ॥

ৰজ্ঞ, পরস্তপা—হে শত্রু দমনকারী, সর্বম—সমস্ত; কর্ম—কর্ম; অধিলম—পূর্ণরূপে, পার্থ—হে পৃথাপুত্র, জ্ঞানে—জ্ঞানে, পরিসমাপাতে—সমাপ্ত হয়।

গীতার গান

কিছ প্রেয় জ্ঞান্যন্ত দ্রব্য যজ্ঞাপেকা। জ্ঞানীর নাহিক আর কর্মজ্ঞ অপেকা ॥ সর্ব কর্ম শেষ হয় জ্ঞানে সমাপন ৷ কর্মগুদ্ধ চিত্রে হয় জ্ঞানের সাধন ॥

অনুবাদ

হে পরস্তপ। দ্রব্যময় মজ থেকে জানময় যজা খ্রেয়। হে পার্থ। সমস্ত কর্মই পূর্বরূপে চিশ্বর জ্ঞানে পরিসমাপ্তি লাভ করে

ভাৎপর্য

সমস্ত মন্তের উদ্দেশ্য হচ্ছে পূর্ব জ্ঞানে অধিষ্ঠিত হয়ে জড় বন্ধন থেকে মৃক্ত হওয়া এবং অবশেষে ভগবান প্রীক্ষের প্রতি অপ্রাকৃত প্রেম লাভ করে অপ্রাকৃত জগতে উত্তীর্ণ হরে তাঁর নিতা সংহচর্য লাভ করা। কিন্তু ডা সম্বেও প্রত্যেকটি যঞ্জেরই একটি নিগ্যুট রহস্য আছে এবং যজ্ঞ অনুষ্ঠান করতে হলে সেই রহস্য সম্বন্ধে অবগত হওয়া প্রয়োজন। অনুষ্ঠানকারীর বিশ্বাস ও বাসনা অনুসারে যজ্ঞ বিভিন্নভাবে অনুষ্ঠিত হয়। অপ্রাকৃত দিব্যজ্ঞান লাভ কবার কামনায় কেউ যখন জ্ঞানযুজ্ঞের অনুষ্ঠান করেন, সেই যজ্ঞ অপ্রাকৃত জ্ঞানবহিত কর্মযজ্ঞের থেকে শ্রেয়, কেন না

জ্ঞানবিহীন যক্ত লৌকিক ক্রিয়া মাত্র—ভাতে পরমার্থ লাভ হয় না। প্রকৃত জ্ঞান সর্বোচ্চ পর্যায়ের অপ্রাকৃত জ্ঞানে অর্থাৎ কৃষ্ণভাকনায় পরিসমাপ্তি হয়। জ্ঞানের স্তরে উন্নীত না হলে যক্ষানুষ্ঠান কেবলমাত্র জ্ঞাগতিক কার্যকলাপ। যখন যক্তের সকল কাজকর্ম অপ্রাকৃত জ্ঞানের স্তরে উন্নীত করে, তখন তার সুকল পারমার্থিক পর্যায়ে পর্যবিদিত হয়। স্তরভেদে যজ্ঞ-ক্রিয়াকে কর্মকাণ্ড (সকাম কর্ম) অথবা জ্ঞানকাণ্ড (সভ্য-জ্রিজ্ঞাসা) বলা হয়, কিন্তু সেই যজ্ঞই হচ্ছে সর্বশ্রেষ্ঠ যজ্ঞ, যার ফলে পরম জ্ঞান লাভ করা যায়

শ্লোক ৩৪

তদ্ বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবরা । উপদেক্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ ॥ ৩৪ ॥

তৎ—বিভিন্ন যজের সেই জান, বিদ্ধি—জানবার চেষ্টা কর, প্রণিপাতেন সদ্ওরর শ্রণাগত হয়ে; পরিপ্রধ্যেন—ঐকান্তিক বিনম্র প্রয়ের ধারা; সেবয়া—সেবার দ্বারা; উপদেক্ষ্যন্তি—উপদেশ দান কর্বেন; তে—তোমাকে; আন্মৃ—জান; আনিনঃ—আন্-তব্বেণ্ডা; তদ্ধ—তদ্ব, দর্শিমঃ—ম্টাগণ;

গীতার গান অতএব সে বিজ্ঞান যে জানিবারে চায় । উপযুক্ত ওরূপদ করয়ে আশ্রায় ॥ প্রনিপাত পরিপ্রয়া সেবার সহিত । ওরুস্থানে জানি লও আপনার হিত ॥

অনুবাদ

সদ্গুরুর শরণাগত হয়ে তত্ত্তান লাভ করার চেন্টা কর। বিনম্র চিত্তে প্রশ্ন জিজাসা কর এবং অকৃত্রিম সেবার ঘারা তাঁকে সন্তুষ্ট কর। তা হলে সেই তত্ত্বস্তুষ্টা পুরুষেরা তোমাকে জ্ঞান উপদেশ দান করকেন।

তাৎপর্ষ

পারমার্থিক উপলব্ধির পথ নিঃসন্দেহে দুর্গম। তাই, ভগবান আমাদের উপদেশ দিয়েছেন সেই সদ্গুরুর শ্রণাগত হতে, যিনি গুরু-পরম্পরার ধারায় ভগবং-শুকুজান পাত করেছেন। ওক্ত-পরস্পরাক্রমে যিনি ভগবং তম্বজ্ঞান লাভ করেননি, তিনি কখনই শুরু হতে পারেন না। ভগবান হচ্ছেন আদি শুরু তিনি এই পরম ভবজ্ঞান সঙ্কির আদিতে দান করেছিলেন , ভারপর গুরু-শিষ্য ধারায় পরস্পরাক্রমে এই জ্ঞান প্রবাহিত হয়ে আসছে। তাই, এই পরম্পরার ধারায় যিনি এই জ্ঞান আহরণ করেছেন, তিনি এই জ্ঞানের প্রকড তম্ব উপলব্ধি করতে পেরেছেন এবং ভিনিই এই জানকে যথাখণ্ডালে দান করতে পারেন। মনগড়া একটি পদ্ধতিক উত্তাবন করে আমরা কখনই ভগবানকে উপলব্ধি করতে পারি না একসল মাত প্রতারক ওক্ন সেজে নানা রকম অশাস্ত্রীয় পদ্ধতির উদ্ভাবন করে লোক ঠকায় এই জন্য ভাগৰতে (৬/৩/১৯) বলা হয়েছে, ধর্মং ত সাক্ষান্তগবংপ্রণীতম—ধর্মের পথ সমং ভগবানই প্রত্যক্ষভাবে নির্দেশ করেছেন তাই, জন্ননা-কন্ধনা বা বুখা ভর্ক অথবা শান্তগ্রন্থের মনগড়া ব্যাখ্যার মাধ্যমে কখনই আধ্যাত্মিক জীবনে জগুসর হওর। খার না। পরম ওম্বঞান লাভ করার জন্য কফা-ভন্তবেরা গুরুদেবের শরণাগত হতে হর, সুদ্ধ বিশ্বাসে তার চরণাত্মক্ত আত্মসমর্পণ করতে হয় এবং সম্পূর্ণ নিরহন্ধারী হরে ক্রীতদাদের মতো তাঁর সেবা করতে হয় সদৃগুরুর সঞ্জম্ভি বিধান করার মাধ্যমে আধ্যাত্মিক জীবনে উন্নতি লাভ করা যায় আত্মসমর্পণ ও সেবা না করে কেবল প্রশ্ন করে কখনই এই তথ্যজ্ঞান লাস্ত করা যায় না প্রকলেব পরীকা করে দেখেন শিবের মধ্যে তত্তজান লাভ করার বাসনা কড়টা প্রবল হয়েছে এবং এই পরীক্ষার উত্তীর্ণ হতে পারলেই গুরুদেব তাঁর শিষ্যকে পরম তত্তজান লাভ করার আশীর্বাদ দান করেন। এখানে অন্ধের মতো অনুকরণ করা অথবা মুটের মতে। নির্থক প্রশ্ন করার নিন্দা করা হয়েছে। শিব্য কেবল আদ্ধা সহকারে গুরুপ্রদন্ত উপদেশ প্রবণ করবে, তা নয়, তাকে আত্মসমর্পণ, ওকলেবের खेकांखिक भारत धरा एक किस्सामान भाषाभा धरे खात्नत भर्भ छेनलिक कराएएछ হবে। সদওক সর্বদাই তাঁর শিষ্যের প্রতি অত্যন্ত কুপা প্রায়ণ। তাই শিষ্য যথন বিনীত ও আজ্ঞানবতী সেবায় সর্বতোভাবে তৎপর হয়, তখন জ্ঞান ও ডড় ব্রিজ্ঞাসার বিনিমর পূর্ণ হয়।

(到本 400

বজ্জাত্বা ন পুনর্মোহমেবং যাস্যসি পাণ্ডব । যেন ভূতান্যশেষাণি দ্রক্ষ্যস্যাত্মন্যথো ময়ি ॥ ৩৫ ॥

্ৰোক তথ

যৎ—যা, জাত্বা—জেনে ন—না, পূনঃ—পূনরায়, মোহস্—মোহ; এবস্—এই প্রকার, যাস্যসি—প্রাপ্ত হবে, পাশুক—হে পাণ্ডপুত্র, যেন—যার দ্বারা, ভূতানি— জীবসমূহ, অশেষাণি—সমস্ত, দ্রক্ষ্যসি—দর্শন করবে; আত্মনি—প্রমাদ্বার, অধ্যো—অর্থাৎ; মন্ত্রি—আমাতে।

গীতার গান

সে সব জ্ঞানের কথা বৃঝিতে পারিলে । মোহ আর হবে নাহি হারিলে জিতিলে ॥ তখন সে আত্মাদৃক দেখে ব্রহ্মসম । সম্পূর্ণ দর্শন সেই সম্পর্ক সে সম ॥

অনুবাদ

হে পাশুৰ। এভাবে ভত্তান লাভ করে তুমি আর মোহগ্রস্ত হবে না, কেন না এই জানের বারা তুমি দর্শন করবে যে, সমস্ত জীবই আমার বিভিন্ন অংশ অর্থাৎ তারা সকলেই আমার এবং তারা আমাতে অবস্থিত।

ভাৎপর্য

তদ্বদশী সদ্গুরুর কাছ থেকে পরম তত্ত্তান লাভ করার ফলে শিষ্য বৃষতে পারে যে, সকল জীবই হচ্ছে ভগবান শ্রীকৃষ্ণেরই অবিচ্ছেদ্য অংশ। শ্রীকৃষ্ণ থেকে আলাদা অন্তিত্ব থাকাকে বলা হয় মায়া। মা শব্দের অর্থ হচ্ছে 'না' আর রা শব্দের অর্থ হচ্ছে 'যা' অর্থাৎ 'যার কোন অন্তিত্ব নেই'। কেউ কেউ মনে করে, আমাদের শ্রীকৃষ্ণের প্রয়োজন নেই। তাদের মতে, শ্রীকৃষ্ণ হচ্ছেন একজন মহান ঐতিহাসিক পুরুষ এবং পরমতত্ত্ব হচ্ছে নির্বিশেষ ব্রহ্ম। কিন্তু ভগবদ্গীতার মায়ুমে আমরা জানতে পারি যে, ব্রহ্মজ্যোতি হচ্ছে ভগবান শ্রীকৃষ্ণের দেহনির্গত ব্রশ্যিছটো। পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ হচ্ছেন সব কিছুর মূল কারণ। শ্রামানহিতার স্পট্টভাবে বর্ণনা করা হয়েছে যে, শ্রীকৃষ্ণ স্বয়ং পরম পুরুষোত্তম ভগবান, সর্ব কারণের কারণ। জনস্ত কোটি অবতারেরাও হচ্ছেন তাঁর বিভিন্ন অংশ-শুকাশ মাত্র। তেমনই, সকল জীবও হচ্ছে ভগবানের অংশ-শুকাশ। মায়াবাদী দার্শনিকেরা ভূল করে মনে করে যে, বিভিন্ন অংশ-প্রকাশের মাধ্যুমে প্রকৃষ্ট হবার ফলে শ্রীকৃষ্ণ তাঁর স্বতন্ত্র অন্তিত্ব হারিয়ে ফেলেন। এটি হচ্ছে প্রাকৃত চিন্তাধারা। প্রাকৃত জড় ছগতে আমাদের

অভিজ্ঞতা এই যে, ধখন কোন কিছু খণ্ডরূপে পরিবেশিত হয়, তখন তার মূল স্বরূপ নষ্ট হয়ে যায়। কিন্তু মায়াবাদী দার্শনিকেরা এটি হৃদয়সম করতে পারে না যে, ভগবান হচ্ছেন পরতন্ত, তিনি হচ্ছেন অনম্ভ অর্থাৎ তার সঙ্গে এক যোগ করলেও তার কোন বিকার হয় না, আবার তার থেকে এক বিয়োগ করলেও তার কোন বিকার হয় না। এটিই হচ্ছে অপ্রাকৃত তত্ত্বের বৈশিষ্ট্য

পর্বাধ্য পরেমার্থিক জ্ঞান না থাকার ফলে আমরা বর্তমানে মায়ার দ্বারা আচ্চাদিত হয়ে পড়েছি এবং তারই ফলে আমরা মনে করি, আমরা শ্রীকঞ্চের থেকে বিচ্ছিন্ন আমরা যদিও শ্রীকৃষ্ণের ভিন্নাংশ কিন্তু তবুও আমরা শ্রীকৃষ্ণ থেকে বিচ্ছিন্ন নই জীবের দেহগত পার্থকা হচ্ছে মায়া, অর্থাৎ তার সত্যিকারের অক্তিত্ব নেই আমাদের সকলেরই উদেশ্য হচ্ছে শ্রীকৃষ্ণের সম্ভোষ বিধান করা। মায়ার প্রভাবে অর্জুন মনে করেছিলেন, ঞ্রীকৃঞ্জের সঙ্গে তাঁর নিত্য চিশ্বয় সম্পর্ক অপেক্ষা তাঁর শেহগত সম্বন্ধে যারা তার আর্মীয়, তারা অধিক গুরুত্বপূর্ণ *ভগবদগীতার সম*স্ত উপদেশই আমানের শিষ্ণা দিছে যে, জীব হচ্ছে ভগবানের নিত্যকালের সেবক এবং সে শ্রীকৃষ্ণ থেকে দুখে সরে থাকতে পারে না। সে যদি মনে করে, সে শ্রীকৃষ্ণ থেকে জালাদা, সেটিই হচ্ছে মায়া। ভগবানের অবিচ্ছেদ্য অংশরূপে জীবদের বিশেষ উদ্দেশ্য রয়েছে। অনস্তকাল ধরে সেই উদ্দেশ্যকে ভূলে যাওয়ার ফুলুই তারা কখনও মানুষ কখনও পশু কখনও দেবতা আদি রূপে যুরে বেড়াছে ভগবানের সঙ্গে অপ্রাকৃত সেবার কথা ভূলে যাওয়ার ফর্লেই এই দেহগত পার্থক্যের উদায় হয়। কিন্তু কেউ যখন কৃষ্ণভাবনামৃত লাভ করে ডগবানের সেবায় নিয়োঞ্চিত হন, তখন তিনি এই মায়ার বন্ধন ৬ ক মৃক্ত হন। এই শুদ্ধ পারমার্থিক জ্ঞান কেবল সদপ্তরূর কাছ থেকেই লাভ করা যায়। এই জানের প্রভাবেই কেবল জীব জীক্ষের সমকন্দ, এই মোহ থেকে মৃক্ত হওয়া যায় ৷ পরম **তত্ত**ভান হচ্ছে সেই জ্ঞান, যাব প্রভাবে আমরা জানতে পারি যে, পরম আছা ত্রীকৃষ্ণই হচ্ছেন সমন্ত জীবের পরম জাল্লয়। এই পরম আল্লয় হাবিয়ে ফেলাব ফলেই জীবসমূহ ভালের নিজেদের পথক পরিচয় আছে, এরূপ কল্পনা করে মায়ার দ্বাব্য আচ্ছন্ন হয়ে পড়েছে। ব্রভাবেই তারা একটির পর একটি দেহ ধাবণ কবে জ্বগৎকে ভোগ করতে চার এবং সম্পূর্ণভাবে শ্রীকৃষ্ণকে ভলে যায় এই ধরনের মোহগ্রস্ত জীবেরা যখন ভগবানের স্বরূপ উপ্লব্ধি কবতে পেরে তাঁর শরণাগত হয়, তখন বুঝতে হবে যে, তারা মক্তির পথে এগিয়ে চলেছে। সেই সম্বন্ধে *শ্রীমন্তাগবতে* (২/১০/৬) বলা হয়েছে— মুক্তির্হিত্বান্যখারূপং স্করূপেণ ব্যবস্থিতিঃ মুক্তির অর্থ হচ্ছে শ্রীকৃষ্ণের নিভাদাসকপে নিজের স্বরূপে অধিষ্ঠিত হওয়া

(学)本 95

অপি চেদসি পাপেভ্যঃ সর্বেভ্যঃ পাপকৃত্তসঃ। সর্বং জ্ঞানপ্লবেনৈৰ বৃজ্ঞিনং সম্ভরিষ্যসি ॥ ৩৬ ॥

অপি—এমন কি, চেৎ—বদি, অসি—তুমি হও, পাপেন্ডঃ—পাপীদের থেকে, সর্বেন্ডঃ—সমন্ত, পাপকৃত্তমঃ—পাপিষ্ঠ, সর্বম্পত্রই প্রকার সমন্ত পাপকর্ম, জ্ঞানপ্লবেন—দিব্য জ্ঞানরূপ ওরণীর রারা; এব—অবশ্যই, বৃদ্ধিনম্—দুঃধরূপ সমূদ্র, সন্তরিষ্যুসি—অভিক্রম করবে

গীতার গান

পাপী হতে পাপী যদি হয়ে থাক ভূমি ৷ তথাপি জ্ঞানের পোতে ভরিবে আপনি ৷

অনুবাদ

ভূমি যদি সমস্ত পাপীদের থেকেও পাপিন্ত কলে গণ্য হয়ে থাক, ডা হলেও এই জ্ঞানরূপ তরণীতে আরোহণ করে ভূমি দুঃখ-সমূল পার হতে পারবে।

তাৎপর্য

ভগধান জীক্ষের সঙ্গে সম্পর্কিত হয়ে আমাদের স্বরূপ উপলব্ধি করা এতই মাধুর্যময় যে, তা অভ্যানতার সমূদ্রে যে জীবন-সংগ্রাম, তা থেকে আমাদের সঙ্গে সঙ্গে উদ্ধার করে। এই জড় জগৎকে কবনও অবিদারে সমূদ্র অথবা কথনও দাবানলের সঙ্গে তুলনা করা হয় অভি সুদক্ষ সাঁতারও যেমন সাঁতার কেটে সমূদ্র পার হতে পারে না, ঠিক তেমনই জড় জগতের যে জীবন-সংগ্রাম তা দ্বতিক্রমা মাঝ সমুদ্রে যে মানুষ হাবুড়ুবু খাচে, তার উদ্ধারের একমাত্র উপায় হচ্ছে, যদি কেউ এসে তাকে তুলে নেয়। এই ভবসমূদ্র আমরাও সেই রকম হাবুড়ুবু খাচিছ এখন কেউ যদি কুপাপরবল হয়ে আমাদের এই ভবসমূদ্র থেকে তুলে নেয়, তা হলেই কেবল আমরা উদ্ধায় প্রেতে পারি। ভগবানের কাছ থেকে পাওয়া অপ্রাকৃত ভগবৎ-তত্ত্ব হচ্ছে একমাত্র মুক্তির পথ। এই ভগবৎ-তত্ত্বজ্ঞান বা কৃষ্ণভাবনামৃত হচ্ছে আমাদের উদ্ধারকারী নৌকা। মুক্তি লাভের এই পথ ফাতান্ত সহজ, সরল ও মাধুর্যে পরিপূর্ণ।

শ্ৰোক ৩৭

रकार्या श

যথৈখাংসি সমিদ্ধোহয়ির্ভস্মসাৎ কুরুতেহর্জুন । জ্ঞানাগ্রিঃ সর্বকর্মাণি ভস্মসাৎ কুরুতে তথা ॥ ৩৭ ॥

ষথা—বেমন; এধার্যে—দাহ্য কাঠ, সমিছঃ—সম্যক্রপে প্রকৃতিত, আগ্নিং—অগ্নি; ভাষাং—ভাষীভূত, কুরুতে—করে, অর্জুন—হে অর্জুন, জ্ঞামাগ্নিঃ—জ্ঞানরূপ অগ্নি; সর্বকর্মাণি—সমস্ত জড় কর্মফলকে, জন্মসং—ভাষীভূত, কুরুতে—করে; ভাষা—তেমনই।

গীতার গান

প্রবন্ধ অগ্নিতে যথা কান্ত ভন্মসাং । জ্ঞানাগ্নি জুলিলে পাপ সকল নিপাত ।। অতথ্য জ্ঞানতুল্য নাহি সে পবিত্র । তাহা নহে জড় জ্ঞান লাভ যত্রতত্ত্ব ॥

অনুবাদ

প্রবলরণে প্রজ্বলিত অগ্নি বেমন কার্চকে স্কন্মসাৎ করে, তে অর্জুন। তেমনই জ্ঞানাগ্নিও সমস্ত্র কর্মকে দশ্ব করে ফেলে

তাৎপর্য

যে জ্ঞান আশ্বা ও পরমান্বা এবং তাঁদের পরস্পরের মধ্যে সম্পর্ক সম্বন্ধে শিক্ষা দেয়, তাকে এখানে অগ্নির সঙ্গে তুলনা করা হয়েছে। এই অগ্নি কেবল পাপ কর্মফলকেই দহন করে তাই নর, তা পূণ্য কর্মফলকেও দহন করে তাদের ভাশ্মে পরিণত করে। কর্মের ফল নানা রকম হয়। কোন কোন কর্মের ফল অপবিণত, কোন কর্মের ফল পরিণত, কোন কর্মের ফল ইতিমধ্যেই ভোগ করা হয়ে গেছে, আবার কোন কোন কর্মের ফল পূর্বজন্মের থেকে সঞ্চিত হয়ে আছে। কিন্তু স্বরূপ উপলব্ধির পরম জ্ঞানের আওনে তা সবই ভশ্মীভূত হয়ে যায়। বেদে (বৃহদারণাক উপনিষদ ৪/৪/২২) বলা হয়েছে, উত্তে উইইবৈষ এতে তরতামৃতঃ সাক্ষসাধূনী— "পাণ ও পূণ্য উত্য় কর্মফল থেকেই পরিব্রাণ পাওয়া যায়।"

ভাইক

্ৰোক ৪০ী

259

শ্ৰোক ৩৮

ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যুতে । তৎ স্বরং যোগসংসিদ্ধঃ কালেনাবানি বিদ্যুতি ॥ ৩৮ ॥

ম—কিছুই নেই, ছি -অবশ্যই, জ্ঞানেন জ্ঞানের; সদৃশম্ -তুলা; পবিত্রম্ পবিত্র; ইহ—এই জগতে, বিদ্যাত—বিদ্যান, তৎ—তা, স্বয়ম্—স্বাং, যোগ—যোগে; সংসিদ্ধঃ—সমাক্রপে সিদ্ধ, কালেন—কালক্রমে, আত্মনি—আত্মার; বিদ্বতি—উপজোগ করেন।

গীতার গান

যোগসিদ্ধ সেই জ্ঞান চিন্দ্রয় নির্মণ । সে জ্ঞান লভিলে হবে আনকে বিহল ॥

অনুবাদ

এই জগতে চিমায় জ্ঞানের মতো পবিত্র আর কিটুই নেই। এই জ্ঞান সমস্ত যোগের পরিপক্ষ ফল ভগবত্ততি অনুশীলনের মাধ্যমে যিনি সেই জ্ঞান আয়ত্ত করেছেন, তিনি কালক্রমে আয়ায় পরা শান্তি লাভ করেম।

তাৎপর্য

জ্ঞানের তাৎপর্য হচ্ছে পরমার্থ উপলব্ধি। তাই, এই দিব্য জ্ঞানের মত্যে মহিমাধিত ও নির্মল আর কিছুই নেই আমাদের বন্ধনের কারণ হচ্ছে অজ্ঞান এবং মুক্তির কারণ হচ্ছে জ্ঞান এই জ্ঞান হচ্ছে ভগবন্তক্তির সূপক ফল। এই জ্ঞান যিনি লাভ করেছেন, তাঁকে আর অন্যত্র শান্তির অস্কেন্দা করতে হয় না, কেন্দা না তিনি তাঁর অস্তক্তলে নিত্য শান্তি উপভোগ করেন। পক্ষান্তরে বলা যায়, এই জ্ঞান ও শান্তি কৃষ্ণভাবনামৃতে পর্যবসিত হয় ভগবদ্গীতার এই হচ্ছে চরম উপদেশ।

শ্লোক ৩৯

শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং ভৎপরঃ সংযতেন্দ্রিয়: । জ্ঞানং লক্কা পরাং শান্তিমচিরেণাথিগচ্ছতি ॥ ৩৯ ॥ ব্রদ্ধারান্ ব্রদ্ধারান ব্যক্তি; লভতে—লাভ করেন, জ্ঞানম্—জ্ঞান, তৎপর: সেই অনুষ্ঠানে অনুরক্ত, সংযত—সংযত; ইন্দ্রিয়:—ইন্দ্রিয়সমূহ, জ্ঞানম্—জ্ঞান, লক্ক্রা লাভ করে, পরাম্ অপ্রাকৃত, শান্তিম্—শান্তি, অচিরেণ অচিরেই, অধিগছেডি—লাভ করেন।

গীতার গান

শ্রন্থানা থেই হয় লভে সেই জ্ঞান ।
সংযত ইন্দ্রিয় বার তৎপর সে হন ।
সে জ্ঞান লভিলে শান্তি অচিরাৎ পায় ।
সংসারের ষত ক্লেশ সব মিটে যায় ॥

অনুবাদ

সংযতেশ্রিয় ও তৎপর হয়ে চিমায় তত্ত্বজ্ঞাদে প্রকাবান ব্যক্তি এই জ্ঞান লাভ করেন। সেই দিবা জ্ঞান লাভ করে তিনি অচিরেই পরা লাভি প্রাপ্ত হন।

ভাৎপর্য

যিনি সৃদ্ধ বিশ্বাসে ভগবান শ্রীকৃষ্ণের প্রতি শ্রন্ধাবান, তিনিই বেবল কৃষ্ণভাষনামৃতের এই আন ব্যক্ত করতে প্যরেন। শ্রন্ধাবান তাঁকেই বলা হয় যিনি বিশ্বাস করেন যে, কৃষণভক্তি সাধন করলে সমস্ত কর্ম সুসম্পন্ন হয় ভগবন্তক্তি সাধন করলে জীবনের পরমার্থ সাধিত হয়। সুদ্ধ বিশ্বাসের সঙ্গে ভগবানের সেবা সম্পাদন এবং হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে / হরে রাম হরে রাম রাম রাম হরে হরে—এই মহামন্ত কীর্তন করার ফলে অন্তর সব রক্ষেয়ে জড় কলুব থেকে মুক্ত হয় এবং ভগন হালরে এই শ্রন্ধার উদ্য় হয় এ ছাড়া, ভগবন্তক্তি অনুশীলন করার সমন্ত আমাদের ইন্দ্রিয়-সংব্যা করতে হয়। যিনি ইন্দ্রিয়ের বেগগুলিকে সংযত করে সৃদ্ধ বিশ্বাসের সঙ্গে শ্রীকৃষ্ণের সেবা করেন, তিনি অচিরেই কৃষ্ণভাবনামৃতের পূর্শ জ্ঞান লাভ করে সিদ্ধি প্রাপ্ত হন

শ্লোক ৪০

অন্তঃশ্যাল্ডদশ্যানশ্য সংশয়াত্মা বিনশ্যতি । নায়ং লোকোহন্তি ন পরো ন সুখং সংশয়াত্মনঃ ॥ ৪০ ॥ Obbr.

হিৰ্থ অধ্যায়

াধে৪ কাহ্য

অজঃ —শান্তজ্ঞান বহিত মৃঢ়, চ—এবং, অঞ্চদশনঃ—শান্তের প্রতি শ্রন্ধাহীন, চ— त्रश्यम् — मर्थम् , व्यापा — ताकि , विन्याकि — विनष्ठ २व , न- ना , व्याप् — यहे , লোকঃ—লোকে, অন্তি—আছে, ন না, পরঃ—পরবর্তী জীবনে, ন না, সুখম্— मृथः, **भरणस**—भःगयः, **खाज्यसः**—वाक्तियः।

গীতাৰ গান

সংশয়াগ্রা অস্তর যারা তাতে প্রান্তা নতি । বিনাশ নিশ্চয় তার কহিনু নিশ্চয়ই 🏾 সে সব লোকের নাই ইত-পরকাল 1 সংশয়ী আছো সে मृ:श्री সে সংসারজাল a

অনুবাদ

আন্তা ও শারের প্রতি প্রস্কাহীন ব্যক্তি কখনই ভগবন্ধক্তি লাভ করতে পারে না। সন্দিগ্ধ চিত্ত বাক্তি ইহলোকে সুখডোগ করতে পারে না এবং পরলোকেও সৃথভোগ করতে পারে না

তাৎপর্য

সমক্ত প্রামাণ্য দিব্য শাগ্রের মধ্যে ভগবদ্গীতাই হচ্ছে শ্রেষ্ঠ। যে সমস্ত মানুষের প্রবৃত্তি প্রায় পশুদের মতো, তাদের শান্ত্রকান অথবা শান্ত্রের প্রতি হল্ম থাকে না। আবার এমনও বিছু লোক আছে, যাদের শাস্তজ্ঞান থাকল্যেও বা শাস্ত্র থেকে উদ্বৃতি দিতে পারক্রেও, শান্ত্রের কথায় তাদের বিশ্বাস নেই। শাস্ত্র থেকে বিভিন্ন শ্লোক উদ্ধৃত করে এরা নানা রকম যুক্তি-তর্কের অবভাবণা করতে পারে, কিন্তু খাল্কের প্রতি তাদের মোটেই বিশ্বাস নেই। আবাব আর এক ধরনের মানুষ আছে, যাদের ভগবদ্গীতার প্রতি বিশ্বাস থাকলেও ভারা বিশ্বাস করে না বে, ভগবান শ্রীকৃষ্ণই হচ্ছেন প্রয়েশ্বর, তাই তারা তাঁব আরাধনা করে না। এই ধরনের মানুধদের মনে কৃষ্ণভাবনার উদয় হয় না তাবা অধঃপতিত হয়। এদের মধ্যে বাদের মোটেই বিশ্বাস নেই এবং যারা এই শার্ম্লোক্ত বিষয় সম্বন্ধে সন্দিহান, ভারা ভাদের পারমার্থিক জীবনে কোন রকম উন্নতি লভে করতে পারে না। ভঙ্গবান এবং তাঁর মুক নিঃসৃত বাণীর প্রতি যাদের শ্রদ্ধা নেই, তারা কখনই ভগবং ভত্বজ্ঞান লাভ করতে পারে না তাই শ্রহ্মা সহকারে শাস্ত্র সিদ্ধান্তের অনুগমন করে পরম জ্ঞান লাভ করাই হচ্ছে প্রতিটি মানুষেব কর্তব্য। পারমার্থিক উপলব্ধির অপ্রাকৃত স্তরে উন্নীত

হতে এই জ্ঞানই সাহায়া করবে। পক্ষান্তরে, সন্দিশ্ধচিত্ত মানুযদের পক্ষে পারুমার্থিক সক্তির কোনও সর্যাদা লাভ সম্ভব নয়। তাই প্রতিটি মানুষেরই কর্তব্য হচ্ছে, গুরু-পরম্পরায় যে সমস্ত মহান আচার্য আছেন, তাঁদের পদাক অনুসর্গ করে সাফলা लास करा ।

শ্ৰৌক ৪১

যোগসংন্যক্তকর্মাপং জ্ঞানসংছিল্পসংশয়ম 1 व्याप्तरत्वर न कर्मानि निरश्चि धनक्षत्र ॥ ८১ ॥

ৰোগ—কৰ্মবোগে ভগৰপ্তক্তির হারা, সংলাজ—ত্যাগ করেন, কর্মাণম—কর্মকল, জ্ঞান—জ্ঞানের ধারা, সংহিন্ন—ছেদন করেন, সংশন্নম্—সংশন্ন, আত্মবস্তুম্— আম্ববান; ন—না, কর্মাণি—কর্মসমূহ; নিবপ্লন্ধি—আবদ্ধ করতে পারে, ধনঞ্জয়— ছে ধনপ্রায়।

গীতার গান

জডএব যোগ ছারা কর্মবিহীন । জ্ঞানলাভ ছারা হয় সংশয় বিলীন 11 আত্মবান জ্ঞানবান কর্ম হতে মৃক্ত । হে খনপ্রয়া তুমি সেই হও নিত্যমক্ত ॥

ञन्वाम

অতএব, হে খনপ্রয়। যিনি নিদ্ধাম কর্মযোগের দ্বারা কর্মত্যাগ করেন, জ্ঞানের দ্বারা সংশয় নাশ করেল এবং আদ্বার চিম্ময় স্বরূপ অবগত হন, তাঁকে কোন কর্মই অবৈদ্ধ করতে পারে না।

ভাৎপর্য

পরমেশ্বর ভগবান শ্রীকৃষের মুখ নিঃসৃত গীতার জ্ঞানকে যিনি অনুসরণ করেন, এই দিব্য জ্ঞানের প্রভাবে তাঁর অন্তরের সমস্ত সংশয় বিদূরিত হয় তগবানের অবিচ্ছেদ্য অংশরূপে সম্পূর্ণরূপে কৃষ্ণভাবনায় ভাবিত হবার ফলে তিনি ইতিমধ্যেই আত্মজ্ঞানে অধিষ্ঠিত। ভাই, তিনি নিঃসন্দেহে সমস্ত কর্মবন্ধন থেকে মৃক্ত।

ত্রত

(割) 48 8 4

তশ্মাদজ্ঞানসম্ভতং হৃৎস্থং জ্ঞানাসিনাত্মনঃ ৷ ছিবৈনং সংশয়ং যোগমাতিষ্ঠোত্তিষ্ঠ ভারত ॥ ৪২ ॥

তত্মাৎ—জতএব, **অজ্ঞানসম্ভতম—অজ্ঞান থেকে উদ্ভত, শুংস্থম** কান্যস্থিত: জ্ঞান-জ্ঞানের, অসিনা -শঙ্গোর দ্বারা, আত্মন:--আত্মার, ছিন্তা---ছিন্ন করে: এমম--এই; সংশয়ম--সংশম; যোগম--বোগে; আতিষ্ঠ--অধিষ্ঠিত হও, উত্তিষ্ঠ--যুদ্ধ করার জন্য উঠে দীড়াও; ভারত—হে ভরতকশীয়।

গীতার গান

অজ্ঞানসম্ভত মোহ জান অসি হারা । হুদয়ে উদয় সব হইয়াছে হারা ৪ এই সৰ চিন্ন করি জাগিয়া উঠিবে । হে ভারত। যোগোতিষ্ঠ হও এ সংসারে **॥**

অনুবাদ

অতথ্য, হে ভারত। ভোমার হৃদরে যে অজ্ঞানপ্রসূত সংশ্রের উদয় হয়েছে, ভা জ্ঞানরূপ থলোর দারা ছির কর যোগাঞ্জয় করে যুদ্ধ করার জন্য উঠে হাঁডাও।

তাৎপর্য

এই অধ্যায়ে যে যোগমার্গের উপদেশ দেওয়া হয়েছে, তাকে বলা হয় 'সনাতন-যোগ' অর্থাৎ জীবের উপযোগী শাশত কার্যকলাপ। এই যোগে দুই বকম যন্তা অনুষ্ঠান সাধিত হয় --ভাব একটি হচ্ছে দ্রব্যবন্ধ অর্থাৎ সব রক্ষ ভাভ বিষয়কে উৎসর্গ করা এবং অনাটি হচ্ছে আত্মজান বন্ধ, যা সম্পর্ণরূপে গুদ্ধ পারুমার্থিক কর্ম দ্রব্যময় যজ্ঞ যদি পারমার্থিক উদ্দেশ্যে সাধিত না হয়, তবে আ জভ-জার্গতিক কর্মে পর্যবসিত হয়। কিন্তু এই যজ্ঞ যদি পরমার্থ সাধন করবার জনা, অর্থাৎ কৃষ্ণভাবনায় ভাবিত হয়ে সাধিত হয়, তবে তা সর্বাঙ্গীণ পূর্ণতা প্রাপ্ত হয়। পারমার্থিক কর্মও দৃটি ভাগে বিভক্ত— নিজের স্বরূপকে উপলব্ধি করা এবং পরম পুরুষোত্তম ভগবানের প্রকৃত তত্ত্ব উপলব্ধি করা। *ভগবদগীতার* ষথার্থ জ্ঞান লাভ করলে এই দটি তত্তকেই অনায়াসে উপলব্ধি করা যায়। তথন অনায়াসে উপলব্ধি কবা যায় যে, জীবাৰা হচ্ছে ভগবানের অবিচ্ছেদ্য অংশ। এই প্রকার উপলব্ধি

পরম মঙ্গলময়, কারণ এই জ্ঞানের প্রভাবে ভগবানের দিবা লীলার তম্ব সহজেই ববাতে পারা যায়। এই অধ্যায়ের প্রথমেই ভগবান নিজেই তাঁর অপ্রাকত কার্যকলাথের কথা বর্ণনা করেছেন। *ভগবদগীতায়* নির্দেশিত ভগবানের উপদেশ যে বৰুতে পাৱে না, সে হচ্ছে শ্রন্ধাহীন ভগবং বিদ্বেষী ভগবান যে তাকে একটবানি স্বাধীনতা দিয়েছেন, সে তার অপব্যবহার করছে। *ভগবদগীতায়* ভগবান এত সরসভাবে তাঁর স্বরূপ বর্ণনা করেছেন, কিন্তু তা সম্বেও যে ভগবানের সচ্চিদানক্ষয় স্বস্থুকে হ্রুত্বজন করতে পারে না, সে নিভাপ্তই মর্থ কফভাবনামতের সিদ্ধান্ত হলবক্ষম করলে ধীরে ধীরে অভানতা দুর হয় সেবযজ্ঞ, ব্রহ্ময়ন্ত্র, ব্রহ্মচর্য-যন্ত্র, গার্হস্থা পালনরূপ যন্ত্র, ইন্দ্রিয় নিগ্রহ যন্ত্রা, যোগাড়্যাস-যন্ত্র, তলোবজ্ঞ, প্রব্যবহুর ও স্থাধায়ে যঞ্জের অনুষ্ঠানের ছারা এবং বর্ণাশ্রম-ধর্ম আচরণের चात्रा चारत कुछान्यमाभूराज्य विकास द्वर । এই तर कराकिरक्टे वता दर 'पर्ख' এবং সব কথাটি ক্রিয়াই নিয়ন্ত্রিত কর্মের ভিত্তির উপর প্রতিষ্ঠিত - কিন্তু এই সমস্ত ত্রিয়ার মুখা উদ্দেশ্য হচেছে আত্মতন্ত উপলব্ধি এই উদ্দেশ্যকে যিনি অনসন্ধান করেন, তিনিই হচ্ছেন *ভগবদগীতার* যথার্থ শিবা। কিন্তু শ্রীক্রেয়র পরমেশ্বরত সম্বন্ধে যার মনে সংশয় আছে সে অধ্যংপতিত হয় তাই উপদেশ দেওয়া হয়েছে. যথার্থ সদশুকুর শ্রীচরণে আত্মসমর্পণ করে তাঁর সেবার নিয়োজিত হয়ে, তাঁর কাছ থেকে *ভগবদগীতা* বা অন্য শাস্ত্রগুধ শিক্ষালাভ করা উচিত সন্থির আদি থেকে যে জ্ঞান গুঞ্চ-শিষা পরস্পবার ধারায় প্রবাহিত হচ্ছে, তা আহরণ করতে হয় পরস্পরার ধারায় অধিষ্ঠিত যে সদগুরু, তার কাছ থেকে। কোটি কোটি বছুর আগে সর্যদেবকে ভগবান যে শিক্ষা দিয়েছিলেন, সেই শিক্ষা তাঁর কাছ থেকে এই পথিবীতে নেয়ে এসেছে এবং সদগুরু তা সম্পূর্ণ অপবিবর্তিভভাবে দান করেন ভাই, ভগবদগীভার যথায়থ উপদেশ প্রত্যেকের গ্রহণ করা উচিত যে সমস্ত প্রতারক ভাদের স্বার্থসিদ্ধি করার জন্য *ভগবদগীতার* জ্ঞানকে বিকৃত করে তার কদর্থ করে মানবকে বিপথে চালিত করে, তাদের সম্বন্ধে সাবধান হওয়াই মানুবের কর্তব্য। ভগবান হচ্ছেন অবিসন্ধাদিত পরমেশ্বর এবং তাঁর সমস্ত লীলাই অপ্রাকৃত এই সভ্যকে সদৃত বিশ্বাসের সঙ্গে যিনি উপলব্ধি করাত পেরেছেন, তিনি ভগবদগীতার জ্ঞান লাভ করার মৃহর্ড থেকেই মৃক।

ভক্তিবেদান্ত কহে শ্রীগীতার গান । শুনে যদি শুদ্ধ ভক্ত কৃষ্ণগভ প্রাণ 🛚

देखि—बाद्याकृष्ट भातुमार्थिक ब्हार्तनव ऋतम উদুঘাটন विसराक 'खानरपाभ' नामक सीम्बर्शनमधीलात रुज्यं चथारम्य चिक्तरमास जाश्यरं मगासः

প্ৰোক ৪২ী

পৃঞ্চম অধ্যায়



কর্মসন্যাস-যোগ

গ্লোক ১

অর্জুন উবাচ
সন্মাসেং কর্মণাং কৃষ্ণ পুনর্যোগং চ শংসসি।
মল্ডের এতরেরেকং তদ্মে বৃহি সুনিশ্চিতম্ ॥ ১॥

অর্জুনঃ উবাচ—অর্জুন বলকেন, সন্ত্যাসম্—ত্যাগ, কর্মণাম্—সমস্ত কর্মের, কৃষ্ণ—হে বিক্রুল পুনঃ—পুনরাম; যোগম্—বোগ, চ—ও; শংসদি—প্রশংসা করছ; যং—বা প্রেয়ঃ—প্রেয়ঃ—প্রেয়ঃ—প্রত্যায় করে বল, সুনিশ্চিতম্—নিশ্চিতভাবে।

গীতার গান

অর্জুন কহিলেন :
হে কৃষ্ণ বারেক কর্ম ত্যাগ যে কথন ।
পুনরায় কর্মযোগ কহ বিবরণ ।
ভার মধ্যে যেবা নিশ্চিত জানিবা ।
সংশয়বিহীন করি আমারে কহিবা ॥

শ্ৰোক হা

অনুবাদ

অর্জুন বললেন—হে শ্রীকৃষণ। প্রথমে ভূমি আমাকে কর্ম ড্যাগ করতে বললে এবং ভারপর কর্মযোগের অনুষ্ঠান করতে বললে। এই দৃটির মধ্যে কোন্টি অধিক কল্যাণকর, তা সৃনিশ্চিডভাবে আমাকে বল।

ভাৎপর্য

ভগবদুগীতার এই পঞ্চম অধ্যায়ে ভগবান বলছেন যে, তদ্ধ জ্ঞানের মানস্থিক জন্মনার চেয়ে কৃষ্ণভাবনাময় ভক্তিভাবমূলক কর্ম হোয়। ভক্তিভাবমূলক সেবা কর , জন্মনা-কল্পনার চেয়ে সহজ্জতর, কারণ এই ধরনের কর্ম অপ্রাকৃত এবং তা সাধন করার ফলে মানুধ কর্মফলের প্রতিক্রিয়া থেকে মুক্ত হর। বিভীয় অধ্যায়ে আস্থার প্রাথমিক জ্ঞান এবং জড় জগতে তার বন্ধনের কারণ বর্ণনা করা হয়েছে এবং বৃদ্ধিযোগ বা ভক্তিযোগের অনুশীলনের ফলে কিভাবে সেই বছন থেকে মুক্ত হওয়া যায়, তার ব্যাখ্যাও করা হয়েছে। তৃতীয় অধ্যয়ে ব্যাখ্যা করা হয়েছে যে, যিনি তথু জ্ঞানের স্তরে অধিষ্ঠিত হয়েছেন, তাঁর অন্ন কোন কর্ত্তন্য নেই। চতুর্থ অধ্যারে ভগবান অর্ভুনকে শিক্ষা দিয়েছেন যে, সব রকমের ফল্লই জ্ঞানে পরিসমাখ্রি হয়। তবে, এই চতুর্থ অধ্যায়ের শেষে ভগবান অর্জুনকে উপদেশ দিলেন, পূর্ণ জ্ঞানে অধিষ্ঠিত হয়ে মোহমুক্ত হয়ে যুদ্ধ করতে। সূতরাং, এভাবে একই সঙ্গে ভক্তিভাবমুলক কর্মে নিয়োজিত হতে একং জ্ঞানে অধিষ্ঠিত হয়ে কর্ম পরিহার করতে পরামর্শ দিয়ে শ্রীকৃষ্ণ অর্জুনকে বিভ্রান্ত করেছিলেন আর তাঁকে সিদ্ধান্ত প্রহণে বিচলিত করে তোলেন অর্জুন ব্যাতে পেরেছিলেন যে, জ্ঞানের প্রভাবে কর্ম ত্যাগের অর্থ হচ্ছে ইন্দ্রিয়সুখ ভোগের জন্য যে সমস্ত কর্ম, ভা থেকে বিরত থাকা। किन्दु कुरुव्हायनाय ভाविত হয়ে ভক্তিযোগ সাধন করার জন্য যদি কর্ম করা হয়, তা হলে কর্ম ত্যাগ করা হল কি করে ৷ তিনি মনে করেছিলেন, জ্ঞানের প্রভাবে কর্মত্যাগ অর্থাৎ সন্ন্যাস হচ্ছে সব রকমের কর্ম থেকে বিরত হওয়া, কারণ কর্ম ও ত্যাগ তাঁর কাছে অসঙ্গতিপূর্ণ মনে হয়েছিল। সাধারণ মানুষের মতো তিনিও বুঝতে পাবেননি যে, পূর্ণ জ্ঞানে অধিষ্ঠিত হয়ে যে কর্ম করা হয়, তা কর্মকল থেকে মুক্ত এবং তাই তা অকর্ম' সুতরাং, তিনি ভগবানকে প্রশ্ন করেছেন, পরমার্থ সাধনের জন্য তিনি কি সর্বতোভাবে কর্ম পরিত্যাগ করবেন, না, পূর্ণ জ্ঞানে কর্ম করবেন

শ্লোক ২

শ্ৰীভগবানুবাচ

সন্ন্যাসঃ কর্মধোগশ্চ নিঃশ্রেয়সকরাবৃত্তী । তারোক্ত কর্মসন্ন্যাসাৎ কর্মধোগো বিশিষ্যতে ॥ ২ ॥

শ্রীভগবান্ উবাচ—পরমেশ্বর ভগবান বললেন, সন্ন্যাসঃ—কর্মগ্রাগ, কর্মযোগঃ—কর্মযোগ, চ—ও, নিঃশ্রেরসকরৌ—মৃত্তিদায়ক, উভৌ—উভয়, তয়োঃ—সেই দৃটির মধ্যে, তু—কিন্তু, কর্মসন্থ্যাসংং—কর্মসন্থ্যাস থেকে, কর্মযোগঃ—কর্মযোগ। বিশিবতে—শ্রের।

গীতার গান ভগবান কচিলেন ঃ

সন্ন্যাস আর কর্মযোগ দূই গ্রেয় হয়। সকল বেদাদি শান্তে তাই সে কহয়॥ তার মধ্যে কর্মযোগ সন্ন্যাস অপেকা। ক্রিয়াত্মক জনমধ্যে না কর উপেকা॥

অনুবাদ

প্রদেশ্র ভগবান বললেন—কর্মত্যাগ কর্মযোগ উডয়ই মুক্তিদায়ক। কিন্তু, এই দৃটির মধ্যে কর্মবোগ কর্মসন্নাস থেকে গ্রেয়।

তাৎপর্য

ইন্দ্রিয়-তৃথির জন্য যে সকাম কর্ম করা হয়, তা মানুষকে জড় বন্ধনে আবদ্ধ করে রাখে। জীব যখন ভার শারীরিক সুখস্বাক্ষনা বৃদ্ধি করার আশায় নানাবিধ কর্ম করে চলে, তখন সে নিশ্চিতভাবে তার কর্মের ফলস্বরূপ একটির পর একটি বিভিন্ন ধরনের দেই ধরণ করে এই জড় জগতে ঘূরে বেড়ায় এবং তার কলে জড় বন্ধন ভানজকাল ধরেই চলতে থাকে। সেই সম্বন্ধে শ্রীমন্ত্রাগবতে (৫/৫/৪ ৬) প্রতিপন্ন করে কলা হরেছে—

नृनः धमसः कृत्रस्य विकर्म यनिञ्चय्रश्रीष्टम् प्रापृशानि । न माध् घटना यत प्राप्तानश्य-प्रमत्ति द्वानम प्याम स्मरः ॥

লোক ৩1

भनाजनञ्जानम्दायकारका यानः किखामः आदाखद्दम् । यानः किग्राज्ञानिमः घट्ना देव कर्माद्यकः राम् भनीतनकः र

थवर मनः कर्मवनः श्रमृङ्ख्ः व्यविमामाचन्।भधीग्रमात्न । श्रीजिनं वासमाग्नि वामृत्यत्व न मुठारङ त्महरयारंगन जावर ॥

'ইস্রিমস্থ ভোগ করবার জন্য মানুষ উন্মাদ এবং সে জালে না যে, তার ক্রেশদায়ক দেখিটি হচেছ তার পূর্যকৃত সকাম কর্মের ফল। এই দেহটি অস্থায়ী, অথচ এর জন্মই মানুষকে দুঃখকন্ট, জালা-যন্ত্রণা ভোগ করতে হয়। তাই, জড় ইন্দ্রিরসৃথ ভোগ করবার আশায় কর্ম করা ভাল নয়। নিজের প্রকৃত স্বরূপ সন্থন্ধে যে মানুষ কোনও অনুসন্ধান করে না, তার জীবন বার্থ বলেই মনে করতে হবে। যতদিন মানুষ তার প্রকৃত স্বরূপ বুথতে না পারে, ততদিন তাকে ইন্দ্রিরসৃথ ভোগের জন্য কর্মফলের আশায় কর্ম করতে হয় এবং যতদিন বিষয়সূথ ভোগে করবার বাসনায় তার চেতনা আছের থাকে, ততদিন তাকে এক দেহ থেকে আর এক দেহে দেহান্তরিত হতে হয় অজ্ঞানতার অজ্ঞকাবে আছের মন সকাম কর্মে নিবিট্ট হতে পারে, কিন্তু মানুষের কর্তব্য হছে মনের এই বাসনাকে দমন করে বাসুদেরের চরণে প্রপত্তি করা। কেবল তথনই সে এই জড় জগতের কন্ধন থেকে মুক্ত হবরে সুযোগ পোতে পারে "

তাই, যে জ্ঞান মানুষকে শিক্ষা দেয় যে, সে তার জ্ঞাড় দেহ নয়, তার প্রকৃত স্বরূপ ইছে তার আছা, সেই জ্ঞানও জড় বন্ধন থেকে মুক্ত হওয়ার পক্ষে যথেষ্ট নয়। আছাব স্বরূপ উপলব্ধি করতে পেরে আছার শাশ্বত ধর্ম পালন করতে হয়, নচেৎ জড় বন্ধন থেকে মুক্ত হওয়ার উপায় নেই। কৃষ্ণভাবনায় ভাবিত হয়ে ভগবানের সেবা করার জন্য যে কর্ম করা হয়, সেই কর্ম সকাম কর্ম নয়। জ্ঞানময় কর্ম মানুষের প্রকৃত জ্ঞানের প্রগতিকে শক্তিশালী করে। কৃষ্ণভাবনায় ভাবিত না হয়ে, কেবল সকাম কর্ম তাগা কবলেই বন্ধ জীবের হৃদ্য কল্মমুক্ত হয় না। যতক্ষণ পর্যন্ত হৃদয় সম্পূর্ণভাবে কল্মমুক্ত না হচ্ছে, ততক্ষণ সকাম কর্মের স্তরে করতে হয় কিন্তু কৃষ্ণভাবনাময় কর্ম সাধিত হলে তা আপনা থেকেই কর্মকলের বন্ধন থেকে মানুষকে মুক্ত করতে সাহায়্য করে এবং তথন তাকে ব্যার

এই ব্রুড় জগতে ফিরে সাসতে হয় না। তাই, কৃষ্ণভাবনাময় কর্ম সর্বদাই কর্মত্যাগের চেয়ে শ্রেম, কেন না কর্মত্যাগ থেকে পতনের সম্ভাবনা থাকে কৃষ্ণভতিবিহীন বৈরাগ্য অপূর্ণ, সেই কথা শ্রীল রূপ গোস্বামী তাব ভক্তিরসামৃতসিদ্ধুতে (পূর্ব ২/২৫৬) বলেছেন—

थानश्चिक्छता कृद्धा इतिमधक्तिवक्कनः । भूभुकृष्टिः नतिलाएगा विद्यागार एक् कथाएउ ॥

'মুমুন্ধুবা ভগবান সমন্ত্রীয় বস্তুকেও প্রাকৃত জ্ঞানে পরিড্যাগ করে এবং সেই ত্যাগ সম্পূর্ণ হয় না। এই ধরনের বৈরাগ্যকে 'ফলুবৈরাগ্য' বলা হয়।' আমরা যখন বৃদ্ধতে পারি যে, সব কিছুই ভগবানের, আমাদের কিছুই নয়, তাই 'আমার' বলে কোন কিছুর উপর আমাদের অধিকার বিভার করা উচিত নয়, তখন ত্যাগের সম্পূর্ণতা আমে। মানুবের বোঝা উচিত, বাস্তবিকই কোন কিছুই তার নিজের নয়। তা হলে ত্যাগের প্রশ্ন আমে কোথা থেকে? যে জানে, সব কিছুই হচ্ছে ভগবানের সম্পতি, সে নিতা বৈরাগ্যক্ত থেহেতু সব কিছুই জীকৃক্ষের, তাই সবই প্রীকৃক্ষের সেবায় নিয়োগ করতে হয়। এই শুদ্ধ কৃষ্ণভাবনায় ভাবিত কর্ম মারাবাদী সন্ন্যানীদের কৃত্রিম বৈরাগোর চেরে অনেক ভাল

শ্ৰোক ৩

জ্ঞোরঃ স নিত্যসন্মাসী যো ন বেষ্টি ন কাঞ্চতি । নির্দ্ধলো হি মহাবাহো সুখং বন্ধাৎ প্রসূচ্যতে ॥ ৩ ॥

জ্যোঃ—জ্যান্তবা; সঃ—তিনি, নিতা—সর্বনা; সন্মাসী—সন্মাসী, যঃ—যিনি; ন— না, ছেষ্টি—ছেব করেন, ন—না, কাশ্ফতি—আকাশ্ফা করেন, নির্দ্দাঃ—ছল্বহিত, হি—ক্ষবল্যই; মহাবাহেশ--হে মহাবীর, সুখ্য্—সূথে, বন্ধাৎ—বন্ধন থেকে, প্রমৃত্যতে—সূক্ত হল।

গীতার গান

রাগদ্বেষ বিবর্জিত যেবা কর্মযোগী। অনাসক্ত বিষয়েতে নহেত সে ভোগী।। নির্দ্ধ সে মহাবাহো দুঃখ বন্ধ নাই। তোমারে কহিনু আমি করিয়া নিশ্চয়।।

অনুবাদ

হে মহাবাহো! যিনি তাঁর কর্মকলের প্রতি দ্বেব বা আকাশ্চা করেন না, তাঁকেই নিত্য সন্মাসী বলে জানবে। এই প্রকার ব্যক্তি দ্বন্দ্রহিত এবং পরম সুবে কর্মবন্ধন থেকে মুক্তি লাভ করেন

ভাৎপর্য

যিনি পূর্ণরূপে কৃষ্ণভাবনাময়, তিনিই হচ্ছেন প্রকৃত ত্যাগী, কারণ তিনি কর্মকলের প্রতি বীতরাগ বা অনুবাগ যে কোন দিক থেকেই সম্পূর্ণভাবে নিরাসক। এভাবেই যিনি সব কিছু ত্যাগ করে অনন্য ভক্তি সহকারে ভগবানের সেরা করেন, তিনিই হচ্ছেন প্রকৃত জানী। কারণ, ভগবানের সঙ্গে তাঁর নিত্য সম্পর্কের কথা তিনি জানেন তিনি খুব ভালভাবেই জানেন যে, শ্রীকৃষ্ণ হচ্ছেন সম্যুক্তাবেই পূর্ণ এবং তিনি হচ্ছেন তাঁর অবিছেদা অংশ মাত্র। এই জ্ঞানই পরম জ্ঞান, তা তুর্ণবিশিষ্টা এবং পরিমাণ-তত্ম বিচাবেও পরম সত্যা, নির্বিশেষবাদীয়া যে ভগবানের সঙ্গে এক হয়ে ভগবান হওয়ার বাসনা পোষণ করে তা সম্পূর্ণ প্রান্ত, কারণ অংশ কথনও পূর্ণের সমান হতে পারে না গুণগত বৈশিষ্ট্যে মানুষ স্বয়ংসম্পূর্ণ, তবে পরিমাণতত্ম বিচারে ভিন্নতা বিশিষ্ট, এই অচিগ্রা-ভেদাভেদ তত্মজ্ঞানই হচ্ছে প্রকৃত পারমাণ্ডিক তত্মজ্ঞান তথন মানুষের আকাঞ্জা বা শোক করবার কিছুই ঘাকে না। তাই গ্রান্ত মনে আর কোনও ছন্দুভাব থাকে না, কারণ তিনি যা করেন তা সবই শ্রীকৃষ্ণের জনা করেন। এভাবেই ছন্দুভাবের ক্তর থেকে মুক্ত হবার ফলে তিনি ক্তম্ব বর্ষনমূক্ত বন এমন কি এই জড় জগতে অবস্থানকালেও তিনি বন্ধনমূক্ত খাকেন।

শ্লোক ৪

সাংখ্যযোগৌ পৃথগ্ কলাঃ প্রকান্তি ন পণ্ডিতাঃ । একমপ্যান্থিতঃ সম্যণ্ডভয়োর্বিন্দতে ফলম্ ॥ ৪ ॥

সাংখ্য—জড় জগতের বিশ্লেষণমূলক তত্ত্ব, যোগৌ যোগকে; পৃথক্—পৃথক, বালাঃ—অল্পন্ত প্রবদন্তি—বলে, ন—না, পৃথিতাঃ—পণ্ডিতেরা, একম্—একটিতে, অপি -ও আস্থিতঃ—অবস্থিত হগে, সম্মক্—পূর্ণরূপে, উভরোঃ উভরের, বিন্দতে—লাভ হয়; ফলম্—ফলঃ

গীতার গান

কর্মসক্রাস-যোগ

সাংখ্যযোগ কর্মযোগ যেবা পৃথক বলে । পণ্ডিত সে নহে কভু বালকের ছলে ॥ উভয় কার্যের মধ্যে যে কোন সে এক । উভয়ের ফল গ্রাপ্তি ইইবে সমাক ॥

অনুবাদ

অক্সজ ব্যক্তিরাই কেবল সাংখ্যমোগ ও কর্মযোগকে পৃথক পৃথক পদ্ধতি বলে প্রকাশ করে, পশ্চিতেরা তা বলেন না। উভয়ের মধ্যে যে-কোন একটিকে সূচ্চরণে আচরণ করলে উভয়ের ফলই লাভ হয়।

তাৎপর্য

সাংখ্য-দর্শনের উদ্দেশ্য হচ্ছে জড় জগতের বিশ্লেষণ করার মাধ্যমে আত্মার অন্তিত্ব উপলব্ধি করা। জড় জগতের আত্মা হচ্ছেন জীবিষ্ণু বা পরমান্যা ভিক্তিযোগে যখন ভগবান জীকৃষ্ণের সেবা করা হয়, তখন পরমান্যারও সেবা সাধিত হয়। একটি প্রক্রিয়া হচ্ছে গাল্লে মূল খুঁজে বার করা, আর অন্যটি হচ্ছে সেই মূলে জলসিঞ্চন করা। সাংখ্য-দর্শনের ষথার্থ শিক্ষার্থী জড় জগতের মূল জীবিষ্ণুকে জানতে পেরে পূর্ণ জ্ঞানযুক্ত হয়ে তার সেবায় প্রবৃত্ত হন তাই, এই দৃটি পদ্ধতিতে কোনও ভেদ নেই, কারণ এদের উভয়েরই উদ্দেশ্য হচ্ছেন জীবিষ্ণু তাই, পরম লক্ষাকে যারা জানে না, তারাই কেবল বলে যে, সাংখাযোগ ও কর্মযোগের উদ্দেশ্য এক নয়। কিন্তু যিনি যথার্থ জানী তিনি জানেন, এই সমস্ত বিভিন্ন পদ্ধতির উদ্দেশ্য হচ্ছে এক।

শ্লোক ৫

ষৎ সাংকোঃ প্রাপ্যতে স্থানং তদ্ যোগৈরপি গম্যতে । একং সাংখ্যং চ যোগং চ যঃ পশ্যতি স পশ্যতি য় ৫ ॥

ষং—বা, সাংখ্যেঃ—সাংখ্য দর্শনের দ্বারা, প্রাপ্যতে—লাভ হয়, স্থানম্—স্থান, তৎ তা, বোলৈঃ—নিজাস কর্মবোগের দ্বারা; অপি—ও, পম্যতে প্রাপ্ত হওয়া যায়, একম্—এক; সাংখ্যম্—সাংখ্য, চ—এবং, যোগাম্—কর্মযোগকে, চ—এবং, মঃ—বিনি, পশ্যতি—মথার্থ দর্শন করেন।

එම්ව

প্ৰোক ডী

গীতার গান

সাংখ্যমোগ সাধ্য করি যে পদ সে পায় । যোগসিদ্ধ হলে লাভ তাহা উপজয় ॥ অতএব সাংখ্য কিংবা যোগ এক বল । বৃদ্ধিমান সেই হয় যে বুবো এক ফল ॥

অনুবাদ

যিনি জানেন, সাংখ্য-যোগের দ্বারা যে গতি লাভ হয়, কর্মযোগের দ্বারাও সেই গতি প্রাপ্ত হওয়া যায় এবং ভাই যিনি সাংখ্যযোগ ও কর্ম-যোগকে এক বলে দ্বানেন, তিনিই যথার্থ ভত্তমন্ত্রী

তাৎপর্য

পাশনিক গবেষণার মথার্থ উদ্দেশ্য হছে জীবনের পরম লক্ষ্য সম্বন্ধে অবগত হওরা। ফীবনের পরম লক্ষ্য হছে আখা উপলব্ধি, তাই এই দৃটি পদ্ধতির মাধ্যমে যেই নিদ্ধান্তে উপনীত হওয়া যায়, তা ভিন্ন নয়। সাংখা-দর্শনের মাধ্যমে জায়রা এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায়, তা ভিন্ন নয়। সাংখা-দর্শনের মাধ্যমে জায়রা এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায়, তা ভিন্ন নয়। সাংখা-দর্শনের মাধ্যমে জায়রা এই সিদ্ধান্তে উপনীত হই মে, কীব এই জড় জগতের বস্তু নয়, সে হছে পূর্ণ পরমাধ্যার অবিছেলা অংশ। তাই, এই জড় জগতে চিয়য় জায়ার কোনই প্রয়োজন নেই। তার অভিত্বের ও কর্মের একমাত্র উদ্দেশা হছে ভগবানের সঙ্গে সমন্ত্র রক্ষা করা। যখন সে কৃষ্ণভাবনায় ভাবিত হয়ে কর্ম করে, তথন সে যথাওই তার স্বরূপে অধিষ্ঠিত হয় প্রথমোক্ত পদ্ধতি সাংখা-যোগের মাধ্যমে মানুষকে কৃষ্ণভাবনাময় প্রতি নিরাসক্ত হতে হয় এবং কর্মযোগ পদ্ধতি জানুসারে মানুষকে কৃষ্ণভাবনাময় কর্মে আসক্ত হতে হয় এবং কর্মযোগ পদ্ধতি জানুসারে মানুষকে কৃষ্ণভাবনাময় কর্মে আসক্ত হতে হয় এক্ তথিকে নিয়সক্তি ও জন্যটিকে জাসক্তি বলে মনে হয়। কিন্তু জড় বস্তুর গ্রতি জনাসক্তি এবং প্রীকৃষ্ণের প্রতি আসক্তি একই তত্ত্ব। এই কথা যিনি বুবাতে পোরছেন, তিনি প্রকৃত তত্ত্ব মথামথভাবে উপলব্ধি করতে প্রেয়েছেন

প্লোক ৬

সন্যাসন্ত মহাবাহো দৃঃখমাপুমযোগতঃ । যোগযুক্তো মুনির্বন্ধ ন চিরেণাধিগচ্ছতি ॥ ৬ ॥ সন্ধাসঃ—সন্ধাস আশ্রম; তু—কিন্ত, মহাবাহো—হে মহাবীর, দুঃখন্ দুঃখ, আপ্র্যু—প্রাপ্ত হয়; অধোগতঃ—নিদ্ধান কর্ম অনুষ্ঠানকারী, মূনিঃ—জ্ঞানী, বন্ধ বন্ধকে, ন চিরেণ—জ্ঞচিরেই, অধিগছ্তি লাভ করেন।

গীতার গান

সন্মাস করিয়া যদি নহে কর্মযোগী।
মহাবাহো কি ৰলিব বৃথা সেই ত্যাগী।
যোগযুক্ত মুনি যেবা ব্রহ্মপদ পায়।
অচিরাৎ সেই কার্য সিদ্ধি যোগে হয়।

অনুবাদ

হে মহাবাহো। কর্মযোগ ব্যতীত কেবল কর্মত্যাগরূপ সন্নাস দৃঃখন্তানক, কিন্তু যোগমূক মূনি অচিরেই ব্রহ্মকে লাভ করেন।

তাৎপর্য

সন্ন্যাসী দুই প্রকারের—মায়াবাদী ও বৈহরে। মায়াবাদী সন্ন্যাসীলা সাংখ্য-দর্শন অধ্যয়ন করেন আর বৈক্তা সন্ন্যাসীরা বেদান্ত-সত্তের যথার্থ ভাষ্য শ্রীমন্তাগরত-দর্শন च्यारान करतन। प्राक्षांनामी मधामीक्षां**७** *रामाण-मूख* **च्यारा**न करतन, किन्न छौता। তা অধ্যয়ন করেন শ্রীপাদ শহরচার্যের *শারীরক-ভাষোর* পরিপ্রেক্ষিতে। *শ্রীমারাগরত* অনুসরণকারী বৈষধ্বেরা পাঞ্চরাত্রিকী বিধি অনুসারে ভক্তিমার্গে ভগবানের সেবা করেন, ভাই বৈষ্ণৰ সম্মাসীরা চিগায় ভগবন্তজিতে নানাবিধ কর্তব্য পাদন কয়েন বৈষ্ণৰ সন্মাসীদের জড-জাগতিক কর্তব্যকর্ম সাধন করার কোন প্রয়োজনীয়তা নেই কিন্তু তবুও ভগবানের সেবা করার জন্য তাঁরা নানা রকম কার্যকলাপের অনুষ্ঠান कदान। किन्न माःचा ও বেদার-ধর্শন অধায়নকারী এবং মনোধর্ম পরায়ণ মায়াবাদী সন্নাসীরা ভগবছক্তি আহাদন করতে পারেন না। যেহেও তাঁদের অধ্যয়ন অত্যন্ত শ্রমদায়ক, তাই ব্রহ্ম বিষয়ক মনোধর্মের প্রভাবে বিশ্রান্ত ও ক্রান্ত হয়ে তাঁরা কথনও কখনও *শ্রীমন্ত্রাগবতের* শরণাপম হন কিন্তু *শ্রীমন্ত্রাগবতের* যথার্থ মর্ম উপলব্ধি করতে না পারার ফলে তাও ক্লেশদায়ক হয়ে ওঠে কৃত্রিম উপায়ে মায়াবাদীদের **७६ कानालाम्ना ७वः बन्नना-कन्नना धनुष बनुमान नवरे निवर्षक । ७११वस्तुकि** পরায়ণ বৈষ্ণৰ সম্মাসীরা ভাঁদের দিব্য কর্তব্য সম্পাদন করে অপাকৃত আনন্দ লাভ করেন এবং এই জগতের কান্ত সমাপ্ত হলে অভিমে ভারা যে চিদায় ভগবৎ ধামে কিরে বাকেন, সেই সম্বন্ধে ভারা নিশ্চিত। মায়াবাদী সন্ন্যাসীরা কখনও কখনও

্ৰোক ১ী

আঘ্-উপস্থ নির মার্গ থেকে এট হয়ে সমাজসেবা, পরোপকার আদি প্রাকৃত কার্যকলাপে পুনরায় প্রবৃত্ত হন। এগুলি সবই জড় জাগতিক কর্মবন্ধন। এভাবেই আমরা দেখতে পাই, যাঁরা ভক্তি সহকারে ভগরান শ্রীকৃষ্ণের সেবা করে চলেছেন, তাঁরা ব্রহ্মজ্ঞান অনুসন্ধানী সন্নাসীদের থেকে অনেক উচ্চ মার্গে রয়েছেন। এই সমস্ত ব্রহ্মবাদী জ্ঞানীরাও বছ জারের পরে কৃষ্ণভাবনামৃত লাভ করেন।

হোক ৭

যোগযুক্তো বিশুদ্ধান্মা বিজিতান্মা জিতেন্দ্রিয়ঃ । সর্বভূতান্মভূতান্মা কুর্বদ্দি ন লিগাতে ॥ ৭ ॥

বোগযুক্ত:—নিদ্ধাম কর্মবোগে যুক্ত, বিশুদ্ধান্থা—শুদ্ধ চিন্ত, বিজিতান্থা— আদ্মসংযত, জিতেন্দ্রিয়ঃ—ইপ্রিয়ন্ত্রয়ী, সর্বভূতান্ধান্তুতান্ধা—সমস্ত জীবের প্রতি দর্মাশীল, কুর্বন্নপি—কর্ম করেও, ন—না, লিপাতে—লিগু হন।

গীতার গান

যোগযুক্ত বিশুদ্ধাদ্ধা জিত ষড় ওপ । জিতেন্দ্রিয় হয় সেই অত্যন্ত প্রবীপ ॥ সর্বভূত লাগি যেবা কর্মযোগ সাথে । বিষয়ের মধ্যে থাকে বিষয় না বাখে ॥

অনুবাদ

যোগযুক্ত জ্ঞানী বিশুদ্ধ বৃদ্ধি, বিশুদ্ধ চিত্ত ও জিতেন্দ্রিয় এবং তিনি সমস্ত জীবের অনুরাগভাজন হয়ে সমস্ত কর্ম করেও তাতে লিগু হন না।

তাৎপর্য

কৃষ্ণভাবনায় ভাবিত হয়ে যিনি মুক্তিৰ পথে এগিয়ে চলেছেন, তিনি প্রতিটি জীবেরই অতান্ত প্রিয় এবং প্রতিটি জীবই তাঁব প্রিয় , কৃষ্ণভাবনামৃত লাভ করার ফলেই এটি সম্ভব এই প্রকার ব্যক্তি কোন কিছুকেই শ্রীকৃষ্ণের থেকে ভিন্নরূপে দেখেন না একটি গাছের ভালপালা যেমন গাছটি থেকে ভিন্ন নর, তেমনই তিনিও দেখেন যে, প্রতিটি জীবও ভগবানের থেকে অভিন্ন। তিনি জানেন, গাছের গোড়ার জল দিলে যেমন সমস্ত গাছটিকে জল দেওয়া হয় অথবা উদরকে খাদ্য দিলে যেমন

সমক দেহকেই খাদা দেওয়া হয়, তেমনই ভগবানের সেবা করার ফলে সমস্ত জীব-জগতের সেবা করা হয়। এভাবেই শ্রীকম্পের দাসত করার মাধ্যমে তিনি সকলেরই দাসত করে মলেছেন। ভাই ভিনি সকলেরই প্রিয় এবং সকলেই তাঁর অতি প্রিয়ঃ যেহেত তার কার্যকলাপে সকলেই সম্বন্ধ, তাই তার চেতনা পবিত্র ও নির্মন। যেহেত তার চেতনা পবিত্র ও নির্মন, তাই তার মন সম্পর্ণরূপে সংযক্ত। ভাবে জাব দিয়ে সংগ্ৰক হবাব ফলে জাব ইন্দিয়গুলিও সংযক্ত, জাঁব মন সর্বদাই ভগবান শ্রীক্ষয়ের চরণে নিবন্ধ, তাই তিনি কথনই ভগবানকে বিস্মত হন মা। সত্তরাং তাঁর ইন্দ্রিয়ওলি কঞ্চসেবা ব্যতীত জভ কার্যকলাপে নিযুক্ত হবার কোন সন্তাবনা থাকে না। তিনি কফকথা ছাডা আর কিছই শোনেন না. তিনি ক্ষপ্রসাদ ছাডা আর কিছই গ্রহণ করেন না এবং তিনি ভগবানের যন্দির ছাড়া অন্য কোথাও যেতে চান না। তাই, তাঁর ইন্দ্রিয়াখনি সর্বতোভাবে সংযত। এভাবেই যাঁর ইন্সিয় সংযত হয়েছে, তিনি কারও ক্ষতিসাধন করেন না এখানে কেউ প্রশা করতে পারে, "তা হলে অর্জন কেন কুরুক্তের যুদ্ধে অন্যদের আঘাত দিলেন? তিনি কি ভগবৎ-চেতনামর ছিলেন নাং" সেই প্রধের উপ্তর *ভগবদগীতার* ছিতীয় অধ্যারে দেওয়া হরেছে। আপতেদন্তিতে অর্জনকে অপরাধী বলে মনে হতে পারে, কিন্তু যুদ্ধক্ষেত্রে সমবেত ব্যক্তিরা স্বতন্তভাবে চিম্নবাল বেঁচে থাকবে, কেন না আখ্রাকে কখনই হত্যা করা ধায় না তাই, আত্মার পরিপ্রেক্ষিতে কুলক্ষেত্রের যদ্ধক্ষেত্রে কেউই নিহত হয়নি। ভগবান শ্রীকৃষ্ণের নির্দেশ অনুসারে কেবল তাদের পোশাকের পরিবর্তন হয়েছিল। তাই, করক্ষেত্রের যুদ্ধক্ষেত্রে অর্জুন সত্যি সভিত্তি যদ্ধ কর্মানুলন না , সম্পূর্ণভাবে কৃষ্ণভাবনাময় হয়ে তিনি ওগধান শ্রীকৃষ্ণের আদেশ পালন করভিলেন এই ধরনের ভগবন্তুক্ত কোন অবস্থাতেই কর্মবন্ধনে আবদ্ধ হন না।

প্লোক ৮-১

নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্যেত তত্ত্বিৎ ! পশ্যন্ শৃথন্ স্পূলন্ জিম্মন্নান্ গছেন্ স্থপন্ শ্বসন্ ॥ ৮ ॥ প্রলপন্ বিস্তুন্ গৃহুনুন্দিবনিমিষন্নপি । ইন্দ্রিনাণীক্রিয়ার্থেয়ু বর্তন্ত ইতি ধার্যন্ ॥ ৯ ॥

না-না: এক অবশাই কিঞ্চিৎ কোন কিছু করোমি করি, ইতি—এভাবে, যুক্তঃ চিন্ময় চেতনায় যুক্ত, মন্যেক মনে করেন, তত্তবিং—তত্ত্তঃ, পশান্দ দর্শন,

্প্ৰক ১০

শৃধন্—শ্রবণ স্পৃধন্—স্পর্শ, জিছন্ ছাণ; অন্নন্—ভোজন; পাছন্—গমন, স্বপন্—স্বপ্ন, ধাসন্—খাস গ্রহণ, প্রলপন্ প্রলাপ; বিস্কৃত্বন্—ভাগে, পৃতুন্—গ্রহণ; উন্মিয়ন্—উন্মিলন নিমিয়ন্ নিমীলন; অপি সংস্বেও; ইন্দ্রিয়াপি—ইন্দ্রিয়সমূহ; ইন্দ্রিয়াপেরু ইন্দ্রিয়ের বিষয়ে, বর্তন্তে প্রকৃত হয়, ইতি—এভাবে, ধারম্বন্—ধারণা করে।

গীতার গান

সে যোগী চিশুয়ে সদা হয়ে ভস্থবিৎ।
সর্বকার্য করি কিন্তু করি না কিঞ্চিৎ ॥
দেখি শুনি স্পর্শ করি নিঃশ্বাসে প্রশ্বাসে।
শ্বপনে গমনে কিংবা ভোজনে বিলাসে॥
প্রশাপন করি কিংবা ভোগে বা সে ভ্যাগে।
উত্মীলন নিমীলন কিংবা নিদ্রা যায় জাগে॥
ভাতৃকার্যে জড়েন্দ্রিয় সতত সে জানে।
নিজ কার্য আয়ুতত্ত সর্বদা সে খ্যানে ॥

অনুবাদ

চিত্মর চেতনার অধিষ্ঠিত ব্যক্তি দর্শন, শ্রবধ, স্পর্শ, রাণ, ভোজন, গমন, নিপ্রা ও নিংখাস আদি ব্রিন্মা করেও সর্বনা স্থানেম যে, প্রকৃতপাক্ষে তিনি কিছুই করছেন না কারণ প্রদাপ, ত্যাগ, গ্রহণ, চক্ষুর উল্লেষ ও নিমেব করার সময় তিমি সব সময় জানেন যে, জড় ইন্দ্রিয়ওলিই কেবল ইন্দ্রিয়ের বিষয়ে প্রবৃত্ত হয়েছে, তিনি নিজে কিছুই করছেন মা।

ভাৎপর্য

যিনি কৃষ্ণভাবনামম তাঁর অন্তিত্ব সম্পূর্ণভাবে পবিত্র, তাই তিনি কর্তা, কর্ম, অধিষ্ঠান, প্রচেষ্টা ও দৈব—এই পাঁচটি প্রত্যক্ষ ও পরোক্ষ কারণেব দ্বাবা সাধিত কর্মের সঙ্গে কোনভাবে সংযুক্ত নন। তার কারণ হচ্ছে, ভিনি সর্বক্ষণ কৃষ্ণভাবনায় ভাবিত হয়ে প্রেমভক্তি সহকারে ভগবানের সেবা কবছেন। আপাতদৃষ্টিতে যদিও মনে হয়, তিনি তাঁব দেহ ও ইন্দ্রিয়েব সাহায়ো তাঁব কর্ম কবছেন, কিন্তু প্রকৃতগক্ষে তিনি তাঁব যথার্থ স্থিতি সম্বন্ধে সচেতন, যা হচ্ছে পাবমার্থিক কার্যকলাপ। জড় চেতনায় ইন্দ্রিয়গুলি ইন্দ্রিয়ভৃপ্তি সাধনের চেষ্টায় নিয়োজিত থাকে, কিন্তু কৃষ্ণভাবনায় ইন্দ্রিয়গুলি শ্রীকৃষ্ণের ইন্দ্রিয়েব সন্তুষ্টি বিধান করার সেবায় প্রবৃত্ত হয়। তাই, কৃষ্ণভক্তকে আপাতদৃষ্টিতে ইন্দ্রিয়েব কার্যকলাপে নিয়োজিত বলে মনে হলেও

পকৃতপক্ষে তিনি সর্বদাই মৃক্ত। দর্শন ও শ্রবগদি হচ্ছে ইস্প্রিয়ের কার্যকলাপ এবং এগুলির উদ্দেশ্য হচ্ছে জ্ঞান আহরণ করা, সেই রকম গ্র্মন, প্রলাপন ও মলত্যাগাদিও ইস্ক্রিয়ের কার্যকলাপ এবং এগুলির উদ্দেশ্য হচ্ছে কর্ম করা। কৃষ্ণভক্ত কোন অবস্থাতেই ইস্ক্রিয়ের এই সমস্ত কর্মের দ্বারা প্রভাবিত হন না ভগবানের সেবা ছড়া তিনি আর কোন কর্মই করতে পারেন না কারণ তিনি জানেন, তিনি হচ্ছেন ভগবানের নিতাদাস।

(製金 20

ব্রন্মাণ্যাধায় কর্মাণি সঙ্গং ত্যক্তো করোতি যঃ । লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবান্তসা ॥ ১০ ॥

বন্ধণি—পর্যোশন ভগবানকৈ: আধার—সমর্পণ করে; কর্মাণি—সমস্ত কর্ম; সঙ্গম্— আসন্তি, ত্যক্তা—ত্যাগ করে; করোতি—অনুষ্ঠান করেন, যঃ—হিনি, জিপ্যতে— প্রভাবিত হন; ন—না, সঃ—তিনি, পাশেন—পাপের ছারা, পল্পরম্—পদ্মপাতা; ইব—মতো; অস্তুসা—জল ছারা।

গীতার গান

ব্রহ্মণি নিবিষ্ট কার্য নিঃসঙ্গ যে করে। বিষয় প্রভাবে সেই তাহাতে না ভরে॥ অতথ্যব পাপ পূণ্যে নাহি তারে লেপে। সেই পদ্মপত্র জলে জানি বা সংক্ষেপে॥

অনুবাদ

ষিনি সমস্ত কর্মের ফল পরমেশ্বর ভগবানকে অর্পণ করে অনাসক্ত হয়ে কর্ম করেন, কোন পাপ ভাকে কর্মনও স্পর্শ করতে পারে না, ঠিক যেমন জল পদ্মপাতাকে স্পর্শ করতে পারে না।

তাৎপর্য

এবানে একাশি শব্দটির অর্থ হচেছ কৃষ্ণভাবনায়। জড় জগৎ হচেছ প্রকৃতির তিনটি গুণের অভিব্যক্তি—ভাকে বলা হয় 'গ্রধান'। বৈদিক মন্ত্র— সর্বং হ্যোতদ্ একা (মাণুক্য উপনিষদ ২), ভস্মাদেতদ্ একা নামরূপময়ং চ জায়তে (মুণ্ডক উপনিষদ

त्स्राक २३]

১/১ ৯) এবং ভগবদগীতার শ্লোক মম যোনির্মহদ ব্রহ্ম (পীভা ১৪/৩) বর্ণনা করে যে, এই জগতে সব কিছুই ব্রন্সের প্রকাশ। এই প্রকাশ যদিও ভিন্নরূপে হয়, কিন্তু তা মল কারণ থেকে অভিন্ন ইলোপনিষদে বলা হয়েছে, সব কিছই পরমন্ত্রন্ধ শ্রীকৃষেজ্র সঙ্গে সম্বন্ধযুক্ত তাই, তিনি হচ্ছেন সব কিছুর অধীধন। বিনি এই সভাকে পর্ণজ্ঞাপে উপলব্ধি কষতে পেরেছেন এবং সেই উপলব্ধির ফলে সব কিন্তই ভগবানের সেবায় নিয়োজিত করেছেন, তিনি কোন অবস্থাতেই পাপ-পূণা কর্মফলের ধন্ধনের দ্বারা আবদ্ধ হন না। পাপ অথবা পুণ্য কোন কর্মফলই তাঁকে স্পর্শ করতে পারে না তিনি জানেন, কোন বিশেষ কর্ম সাধন করার জন্যই ভগবান তাঁকে তাঁর জড় শরীরটি দান করেছেন, ডাই ভগবানের দেবাতেই তিনি সেটি নিয়োজিও করেন তখন তা সধ রকম কলুব থেকে মুক্ত, ঠিক যেমন জ্ঞান মার্ক্সমণ্ড পদ্মপাতাকে জ্বন্ধ কথনও স্পর্ম করতে পারে না। *গীতাতেও* (৩ ৩০) ভগবান বলেছেন, মায় সর্বাণি কর্মাণি সংন্যস্য—"সমস্ত কর্ম আমর (ব্রীকার্ডর) কাছে সমর্পণ কর।" সিদ্ধাপ্ত হচেছ, যে জীব কৃষ্ণভাবনাশুনা, তার দেহ ও ইন্দ্রিয়কে তার স্বরূপ মনে করে সে কর্ম করে, কিন্তু বিনি কৃষ্ণভাবনাময় তিনি জানেন, তার দেহটি শ্রীকৃষ্ণের সম্পতি, তাই তিনি তা সর্বতোভাবে ভগবানের সেবায় নিখোট্রিত করেন।

(創本 >>

কারেন মনসা বুদ্ধা কেবলৈরিন্দ্রিয়েরপি । যোগিনঃ কর্ম কুর্বস্তি সঙ্গং তাক্তান্মগুদ্ধয়ে ॥ ১১ ॥

কায়েন—দেহেব দ্বাবা মনসা—মনের দ্বারা, বৃদ্ধা—বৃদ্ধির দ্বারা, কেবলৈঃ—বিশুদ্ধ.
ই ন্ত্রিটাঃ—ই ন্ত্রিয় দ্বারা, অপি—এমন কি যোগিনঃ—কৃষ্ণভাবনাময় নিভাম কর্মযোগীগণ, কর্ম—কর্ম, কুর্বস্তি—করেন, সক্ষশ্—আসক্তি জ্যক্তঃ—পরিত্যাগ করে, আশ্ব—আত্থা, শুদ্ধয়ে—শুদ্ধ করার জন্য।

গীতার গান

কায় মন বাক্যে সে যে যোগের সাধন । মন বৃদ্ধি ইন্দ্রিয়াদি একত্রে বন্ধন ॥ যোগার্থে যে কার্য হয় বৈরাগ্য সে যুক্ত । সকল সময়ে জ্ঞানযোগী নিতাযুক্ত ॥

অনুবাদ

আস্বতন্ধির জন্য যোগীরা কর্মছলের আসক্তি ত্যাগ করে দেহ, মন, বুদ্ধি, এমন কি ইন্দ্রিয়ের ঘারাও কর্ম করেন।

ভাৎপর্য

কৃষণভাবনার উত্তন্ধ হয়ে ভগবান শ্রীকৃষ্ণের ইন্দ্রিয়তৃপ্তি সাধন করার জন্য শরীর, মন, বৃদ্ধি অথবা ইন্দ্রিয়ের দ্বারা যে কর্ম অনুষ্ঠিত হয়, তা জীবকে জড় জগতের কলুব থেকে মৃক্ত করে। কৃষণভাবনাময় কর্মের কোন জড় প্রতিক্রিয়া হয় না। ভাই, কৃষণভাবনাময় কর্ম করার ফলে অনায়াসে সদাচার সাধিত হয় ভিজিরসামৃতসিদ্ধু গ্রন্থে (পূর্ব ২/১৮৭) শ্রীল রূপ গোস্বামী তার বর্ণনা করে বলেছেন—

देश यमा इरहर्भारमा कर्मना मनमा भिता। निविनाचभावशाम् धीयगुक्तः म उठारठ ॥

"যিনি শরীর, মন, বৃদ্ধি ও বাণী দিয়ে ভগবান শ্রীকৃষ্ণের সেবা করেন, তিনি এই জড় জগতে অবস্থান করলেও, এমন কি তথাকথিত জড়-জাগতিক কর্মে বাপৃত থাকলেও তিনি মৃক্ত পুরুষ।" তাঁর কোন রকম মিথ্যা অহকার নেই এবং তিনি কথনই মনে করেন না তাঁর দেহটিই হচ্ছে তাঁর স্বরূপ, অথবা তিনি তাঁর দেহটির মালিক। তিনি জানেন যে, তাঁর স্বরূপ তাঁর দেহটি নম এবং তাঁর দেহটি তাঁর সম্পত্তি নয়। তিনি শ্রীকৃষ্ণের এবং তাঁর দেহটিও শ্রীকৃষ্ণের। যথন তিনি তাঁর দেহ, মন, বৃদ্ধি, বাণী, জীবন, বন আদি সবই ভগবান শ্রীকৃষ্ণের সেবায় নিবেদন করেন, তৎক্রণাৎ তিনি সর্বতোভাবে কৃষ্ণগত প্রাণ। যে মিথা অহকারের প্রভাবে মানুব মনে করে, তার দেহটি হচ্ছে তার স্বরূপ, কৃষ্ণভাবনায় তম্ম থাকার ফলে তিনি সেই অহকার থেকে সম্পূর্ণ মৃক্ত হন। এটিই হচ্ছে কৃষ্ণভাবনামৃতের পূর্ণ বিকশিত অবস্থা।

প্লোক ১২

যুক্তঃ কর্মফলং ভ্যক্তা শান্তিমাপ্লোতি নৈষ্ঠিকীন্। অযুক্তঃ কামকারেণ ফলে সক্তো নিবধ্যতে ॥ ১২ ॥

िट काल

যুক্তঃ—যোগযুক্ত, কর্মফলম্ কর্মের ফল, জুক্তা—পরিজ্ঞাগ করে, শাস্তিম্ শান্তি, আপ্নোতি—লাভ করেন, নৈষ্ঠিকীম্—নিস্তাসম্পন্ন, অযুক্তঃ—সকাম কর্মী; কামকারেণ—কামনাপূর্বক প্রবৃত্ত হওয়ায়, ফলে—কর্মফলে; সক্তঃ—আসক্ত; নিবধ্যতে—আবদ্ধ হয়

গীতার গান

কর্মফল ত্যজ্ঞি যুক্ত বৈরাগ্য সাধন । নৈষ্ঠিকী শান্তি সে, নহে সংস্থার বন্ধন ॥ ফল্লু বৈরাগ্য যে কামকারী ফল । ফলকার্যে নিবন্ধন তাই সে দুর্বল ॥

অনুবাদ

যোগী কর্মফল ত্যাগ করে সৈচিকী শান্তি লাভ করেন; কিন্তু সভাম কর্মী কর্মফলের প্রতি আসক্ত হয়ে কর্ম করার ফলে কর্মের বন্ধনে আবদ্ধ হয়।

তাৎপর্য

কৃষ্ণভাবনাময় ভক্ত ও দেহাদা-বৃদ্ধিসম্পন্ন বৈষয়িক মানুষের মধ্যে পার্থক্য হচ্ছে যে, কৃষ্ণভাবনাময় ভক্ত শ্রীকৃষ্ণের প্রতি আসক্ত এবং দেহাদ্য-বৃদ্ধিসম্পন্ন বিষয়ী তার কর্মফলের প্রতি আসক্ত যে মানুষ শ্রীকৃষ্ণের প্রতি আসক্ত এবং ঠার প্রীতি উৎপাদনের জন্য সমস্ত কর্ম করেন, তিনি অবধারিতভাবে মৃক্ত পুরুষ, করেণ, তিনি কাখনই কর্মফলের আশায় উৎকণ্ঠিত হন না। শ্রীমন্ত্রাগয়তে বলা হয়েছে, ছৈত ধারণাযুক্ত হয়ে, অর্থাৎ পরতত্ম সম্বন্ধে অবগত না হয়ে কর্ম করার ফলে কর্মফলের প্রতি উৎকণ্ঠার উদয় হয় ভগবান শ্রীকৃষ্ণই হচ্ছেন পরতত্ম পরমেশ্যর। কৃষ্ণভাবনায় তাই ছৈতভাব নেই বিষাচরাচরের যা কিছু আছে, তা সবই ভগবান শ্রীকৃষ্ণের শক্তিজাত। ভগবান শ্রীকৃষ্ণ হচ্ছেন পরম মঙ্গলময়। তাই, কৃষ্ণভাবনায় ভাবিত হয়ে যে কার্যকলাপ সাধিত হয়, তা পারমার্থিক কর্ম, তা অপ্রাকৃত এবং জড় জগতের কল্বের দ্বারা প্রভাবিত হয় না। তাই কৃষ্ণভক্ত লান্ত। কিন্তু বারা সর্বন্ধণ ইন্দ্রিয়-তৃপ্তির জন্য লাভ-ক্ষতির হিসাব করছে, তারা কন্ধনই শান্তি পেতে পারে না এটিই কৃষ্ণভাবনামূতের রহস্য শ্রীকৃষ্ণের সম্বন্ধ-রহিত কোন কিছুবই অন্তিত্ব নেই এবং এই সতা উপলব্ধিই পরম শান্তি ও অভ্য দান করে।

শ্ৰৌক ১৩

সর্বকর্মাণি মনসা সংন্যস্যান্তে সৃখং বশী । নবদারে পুরে দেহী নৈব কুর্বন্ন কারয়ন্ ॥ ১৩ ॥

সর্ব —সমস্ত, কর্মাণি —কর্ম, মনসা—মনের দারা, সংন্যস্য ত্যাগ করে; আন্তে— বাকেন, সুধ্বম্—সূথে, ক্ষী —সংহত, নবছারে—নমটি ছারবিশিষ্ট, পুরে—নগরে; দেহী—দেহধারী জীব, ন—না, এব—অবশ্যই; কুর্বন্—করেন, ম—না; কারমদ্—করান।

গীতার গান

বাহ্যে সর্বকার্য করে অন্তরে সন্মাস।
সর্বকার্যে সৃষ্ঠ করি সুখেতে নিবাস।
নবদার যুক্ত দেহ থাকি সেই পুরে।
নিজে কিছু নাহি করে না করায় পরে।

चन्दान

বাহ্যে সমস্ত কার্ম করেও মনের দ্বারা সমস্ত কর্ম ত্যাগ করে জীব নক্ষার-বিশিষ্ট দেহরূপ গৃহে পরম সুথে বাস করতে থাকেন, তিনি নিজে কিছুই করেন না এবং কাউকে দিয়েও কিছু করাশ শা।

তাৎপর্য

দেহযারী জীবাশা নয়টি দারবিশিষ্ট একটি নগরে বাস করে দেহরূপী নগরটির কার্য প্রকৃতির বিশেষ গুণের প্রভাবে আপনা থেকেই সাধিত হয়। জীবাশা যদিও স্বেচ্চায় এই দেহের বছনে আবদ্ধ হয়ে পড়েছে, কিন্তু তবৃও যদি সে ইচ্ছা করে, তবে এর থেকে মৃক্ত হতে পারে। তার দিব্য স্বকপের কথা ভূলে যাওয়ার ফলে সে তার জড় দেহটিকে তার স্বরূপ বলে মনে করে নানা রকম দৃঃখকন্ট ভোগ করে। কৃষ্ণভাবনামৃত্তের প্রভাবে তার যথার্থ স্বরূপকে পুনক্রজ্জীবিত করার ফলে সে তার দেহবছন থেকে মৃক্ত হতে পারে। জীব যখন কৃষ্ণভক্তে পরিণত হয়, তখন তার দেহবত সমস্ত কর্ম থেকে সে মৃক্ত হয় এই ধরনের নিয়ন্ত্রিত জীবন যাপন করে যখন তার মনোবৃত্তির পরিবর্তন হয়, তখন সে মহানদে এই নবহার বিশিষ্ট নগরীতে বাস করে। এই নরটি হারবিশিষ্ট নগরীত বর্ণনা করে বলা হয়েছে—

প্ৰোক ১৫]

ORS

"পরমেশ্বর ভগবান যিনি জীবাত্মার দেহে বাস করছেন, তিনিই হচ্ছেন বিশ্বচরাচরের অধীশ্বর। দেহের নমটি দাব হচ্ছে— দৃটি চোখ, দৃটি নাক, দুটি কান, মুখ, উপস্থ ও পামু। বন্ধ অবস্থায় জীব তার দেহকে তার স্বরূপ বলে পরিচয় দেয়, কিন্তু যখন সে তার অন্তরে অধিষ্ঠিত প্রমাত্মার সঙ্গে তার পরিচয় খুঁলে পায়, তখন দেহে থাকলেও সে পরমাত্মার মতেই মুক্ত হয়।" (স্বোতাশ্বতর উপনিবদ ৩/১৮)

সেই জন্য, কৃষ্ণভাষনাময় মানুষ জড় দেহের বাহ্য ও আভ্যন্তরীণ এই দুই প্রকার কার্ম থেকেই মুক্ত।

(財本)8

ন কর্তৃথ ন কর্মাণি লোকস্য সৃজতি প্রভূঃ। ন কর্মফলসংযোগং স্বভাবন্ত প্রবর্ততে ॥ ১৪ ॥

ম—না, কর্তৃত্বয়্—কর্তৃত্ব; ন—না, কর্মাথি কর্মসমূহ, লোকস্যা—জীক্ষে: সৃজতি— সৃষ্টি করে, প্রভু:—দেহারপ নগরীর প্রভু, ন—না; কর্মক্ষক্—কর্মের ফল, সংযোগম্—সংযোগ, স্বভাবা—জড়া প্রকৃতির গুণ: ভূ—কিন্তু, প্রকর্ততে—গুকৃত হয়।

গীতার গান

অনাদি কর্মফলে ভবার্গব জলে।
আছে পড়ে বা না হয় তাঁহার সূজন ॥
কর্মফল বেবা যোগ যাহা করে ভোগ।
শ্বভাব সে কার্য হয় নাম ভবরোগ ॥

অনুবাদ

দেহরূপ নগরীর প্রভু জীব কর্ম সৃষ্টি করে না, সে কাউকে দিয়ে কিছু করায় না এবং সে কর্মের ফলও সৃষ্টি করে না। এই সবই হয় জড়া প্রকৃতির ওপের প্রভাবে।

তাৎপর্য

ভগবদৃগীতার সপ্তম অধ্যায় অনুসারে, জীব ভগবানের মতোই পরা প্রকৃতি-সন্ত্ত। এই পরা প্রকৃতি ভগবানের অন্য প্রকৃতি অপরা থেকে ভিন্ন। কোন না কোনভাবে এই উৎকৃষ্ট পরা প্রকৃতির অংশ জীবাদ্ধা অনাদিকাল ধরে অপরা প্রকৃতির সংসর্গে আছে। জীবাদ্ধা তার কর্ম অনুসারে ক্ষপদ্বায়ী এক-একটি দেহ প্রাপ্ত হয়ে সেই দেহে বাস করে। এভাবেই দেহের বন্ধনে আবদ্ধ হয়ে সে বন্ধদশা প্রাপ্ত হয়। সে তথন অজ্ঞতার অন্ধকারে আছের হয়ে সেই জড় দেহটিকেই তার প্রকৃত অরূপ বলে মনে করতে ওক করে এবং সেই দেহগত কর্মের ফল ভোগ করতে থাকে। জন্ম জন্মান্তরের সঞ্চিত্ত অজ্ঞতার পরিণামে তাকে এই দেহজাত দৃঃথকষ্ট ভোগ করতে হয়। কিন্তু যে মুহূর্তে সে দেহাঘবৃদ্ধি পরিতাগে করে এবং বুঝতে শেখে বে, সে গুরে দেহ নয়, সেই মুহূর্তেই সে ভার দেহের বন্ধন থোকে—তার কর্মফলের বন্ধন থেকে মুক্ত হয়। যতক্ষণ সেই দেহরূপ নগরীতে সে বাস করে, ভক্তক্ষণ সে মনে করে বে, সে-ই হচ্ছে তার দেহটির অধীদ্বর। কিন্তু প্রকৃতপক্ষে সে তার দেহের অধীদ্বরও নয় এবং তার কর্মফলের কর্তাও নয়। সে হচ্ছে ভবসমূত্রে নিমন্তর্মান, জীবন-সংগ্রামে বিধ্বন্ত, অণুসদৃশ জীব ভব-সমুদ্রের উত্থাল তরক্তি তাকে ভাসিরে নিয়ে চলেছে এবং তাদের নিয়ন্ত্রণ করবের কোন শক্তিই ভার নেই। চিন্মর কৃষ্ণভাবনামৃতরূপী তরগীর আগ্রয় গ্রহণ করলে সে এই ভবসমূত্র পার হত্তে পারে—সমন্তর দুর্যোগ্য থেকে রক্ষা পেতে পারে

শ্লোক ১৫

নাদত্তে কস্যুচিৎ পাপং ন চৈব সুকৃতং বিভূঃ। অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ ॥ ১৫ ॥

ন—না; আমত্তে—প্রহণ করেন; কস্যাচিৎ—কারও, পাপম্—পাপ, ম—না, চ— ও; এব—কবশাই; সুকৃতত্ব—পূর্বা; বিভূঃ—পরমেশ্ব ভগবান, অজ্ঞানেন—অজ্ঞানের দ্বারা, আকৃত্বশ্—আবৃত; জ্ঞানম্ ক্যান, তেন—তার দ্বারা, মৃহ্যন্তি—মোহিত হয়, ক্রন্তবঃ—জীবসমূহ।

গীতাৰ গান

ঈশ্বরের দত্ত নহে সেই পাপ পুণ্য । পাপ পুণ্য যাহা কিছু নিজ ইচ্ছা জন্য ॥ অজ্ঞানজনিত সেই ভোগ ইচ্ছা করে। পাশে থাকি মায়া ভারে জাপটিয়া ধরে॥

(ओक 7म)

অনুবাদ

পরমেশ্বর ভগবান জীবের পাপ অথবা পুশ্য কিছুই গ্রহণ করেন না। অজ্ঞানের দ্বারা প্রকৃত জ্ঞান আবৃত হওয়ার ফলে জীবসমূহ মোহাজ্যে হলে পড়ে।

ভাৎপর্য

সংস্কৃত বিভ শব্দটির অর্থ হচ্ছে পরমেশ্বর ভগবান, যিনি অনন্ত জ্ঞান, শ্রী, কণ, বীর্য, ঐশ্বর্য ও বৈরাগ্যে পরিপর্ণ তিনি সর্বদাই আঘ্যতপ্ত। পাগ ও পদা তাঁকে কখনই স্পর্শ করতে পারে না। তিনি কোন জীবের জনাই কোন বিশেষ অবভার সষ্টি করেন ন। কিন্তু অঞ্চানভার দ্বারা মোহাচ্ছর হরে জীব বিভিন্ন পরিস্থিতির কামনা করে এবং তার ফলে তার কর্ম ও কর্মফলের প্রবাহ ওক্ত হয়। জীব স্তাগানের পরা প্রকৃতিজ্ঞাত, তাই তার স্বরূপে সে পূর্ণজ্ঞানে অধিষ্ঠিত। কিন্তু তা সত্তেও তার শক্তি সীমিড ছওয়ার কলে সে অজ্ঞানের দ্বারা আক্সন্ন হয়ে পড়ে। ভগবান সৰ্ব শক্তিমান, কিন্তু জীব তা নয়। ভগবান বিভ, কিন্তু জীব অণ্সদশ। জীবাখার স্বাধীনভাবে ইচ্ছা করার স্বাতম্ভা আছে, কিন্তু কেবলমাত্র সর্ব শক্তিমান ভগবানের স্বারাই তার সেই ইচ্ছা পরিপূর্ণ হয়। জীব যথন তার কামনা-বাসনার হারা মোহাছের হয়ে পড়ে তথন সেই কামনা-বাসনাগুলিকে পর্ব করতে ভগবান তাকে অনুমোদন করেন। কিন্তু তাদের বিশেষ বাসনার পরিপ্রেক্ষিতে তাদের কর্ম ও কর্মফলের জন্য ভগবনে কোন অবস্থাতেই দায়ী নন। বিভান্ত হয়ে জীব তাই ভার জভ দেহটিকেই ভার স্বরূপ বলে মনে করে এবং অনিতা সথ ও দঃখ ভোগ করতে থাকে। পরমাত্মারূপে ভগবান প্রতিটি জীবের নিত্য সহচর। ফলের কাছে গেলে যেমন তার গন্ধ পাওয়া যায়, তেমনই আমাদের খব কাছে আছেন বলে ভগবান আমাদের অন্তরের সমস্ত কামনা-বাসনাগুলির কথা জ্বানেন। কামনা-বাসনাগুলি হচ্ছে জীবের বন্ধনের সম্ম রূপ। জীব যেভাবে কামনা করে, ভগবান ঠিক সেভাবেই তার যধাযোগ্য পূর্তি করেনঃ তাই, ইচ্ছা পুরণ করার কোন শক্তিই জীবের নেই, কিন্তু ভগবান হচ্ছেন সর্ব শক্তিয়ান বাঞ্ছাকল্পডক্র। তিনি সর্বতোভাবে নিরপেঞ্চ, তাই তিনি অণু স্বাতন্ত্র বিশিষ্ট জীবের ইচ্ছায় হস্তক্ষেপ করেন না। কিন্ত কেউ যখন শ্রীকৃষ্ণকে পাওয়ার ইচ্ছা করেন, তখন ভগবান তাঁর প্রতি বিশেষভাবে যত্তপরায়ণ হন এবং তাঁকে এমনভাবে উৎসাহিত করেন, যার ফলে তিনি তাঁকে পেয়ে শাশ্বত সুখ আম্বাদন করতে পারেন।

বৈদিক মন্ত্রে বলা হয়েছে, এ**ষ উ হোব সা**খু কর্ম কারয়তি তং যমেভাো লোকেভা উন্নিনীয়তে। এব উ এবাসাধু কর্ম কারয়তি মমধো নিনীয়তে—"ভগবান জীবকে সংকর্মে প্রবৃত্ত করেন যাতে তার উন্নতি সাধন হয়। তিনি জীবকে অসৎ কর্মে প্রবৃত্ত করেন যাতে সে নরকগামী হয়." (কৌষীতকী উপনিষদ ৩/৮)

> व्यक्तां खन्डतनीत्माश्यामानाः मृथमृत्वत्याः । क्रेयतत्थातित्वा गतक्तः कर्गः वाचनत्मव छ ॥

"সৃখ-দূরখের উপর জীব সর্বতোভাবে নির্ভরশীল। বায়ু যেমন মেঘর্কে চালিত করে, তেমনই ভগবানের ইচ্ছার ফলে জীব স্বর্গে অথবা নরকে গমন করে"

ভাই, দেহধারী জীব অনস্তকাল ধরে কৃষ্ণবিমুখ হয়ে থাকার বাসনা করে এবং সেটিই তার মোহাচ্ছর হবার কারণ। ভাই সে সচিদানন্দময় হলেও, যেহেতু তার সন্তা ক্ষুদ্র ও বন্ধ, তাই সে তার স্বরূপ বিস্মৃত হয়—সে স্কুলে বায় যে, সে ভগবানের নিতাদাস এবং এভাবেই সে অবিদারে হারা আবন্ধ হয়ে পড়ে অজ্ঞানের ঘারা আচ্ছর হয়ে পড়ার কলে সে বলে থে, তার ভব-বন্ধনের জনা ভগবানই দায়ী এই কথার বিরোধিতা করে বেলাভ-স্ত্রে (২/১/৩৪) বলা হয়েছে, বৈষম্যনৈর্মুণো ন সাপেকত্বাৎ তথা হি দর্শরাভি—"ভগবান কাউকে ঘৃণা করেন না অথবা ভালবাসেন না, বদিও সেই রক্ষ মনে হয়।"

(資本) 6

জ্ঞানেন ভূ তদজ্ঞানং যেষাং নাশিতমাত্মনঃ । তেষামাদিত্যবজ্ঞানং প্রকাশয়তি তৎ পরম্ ॥ ১৬ ॥

ক্ষানেন—জ্ঞানের স্বারা: কু—কিন্তু; তৎ—সেই, অজ্ঞানম্—অজ্ঞান; যেধাম্—খাঁদের, ন্যশিতম্—বিনাশ হয়; আছুনঃ—জীবের, তেখাম্—ভাঁদের, আনিতাবৎ—উদীয়মান সূর্যের মতো, জ্ঞানম্ জ্ঞান, প্রকাশমতি—প্রকাশ করে, তৎ—সেই, পরম্—অপ্রাকৃত পরমতত্তকে।

গীতার গান

অতএৰ জ্ঞান উপজিলে মায়া নাশ । আত্মার স্বরূপ তথা স্বতঃই প্রকাশ ॥ সূর্যের প্রকাশে মথা অন্ধকার যায়। জ্ঞানের প্রকাশে তথা অজ্ঞানের ক্ষয় ॥

িম অধায

শ্ৰোক ১৭ী

ু শূৰ্ম অনুবাদ

জ্ঞানের প্রভাবে যাঁদের অজ্ঞান বিনম্ভ হয়েছে, তাঁদের সেই জ্ঞান অপ্রাকৃত পরমতত্ত্বকে প্রকাশ করে, ঠিক ক্ষেমন দিনমানে সূর্যের উদয়ে সব কিছু প্রকাশিত হয়।

তাৎপর্য

যারা শ্রীকৃষ্ণকে ভূলে গেছে তারা অবশাই মোহাচয়ে, কিন্তু যাঁরা কৃষ্ণভাবনায় ভাবিত তারা কখনই মোহাঞ্জ হন নাঃ ভগবদগীতাতে বলা হয়েছে—সর্বং জ্ঞানপ্রবেন, खानाधिः मर्वकर्यानि এवः न वि खातन मनुग्राः खान मर्वपदि जाउतः प्रयोगामण्याः। এই জ্ঞানের স্বল্লপ কিং শ্রীক্রমের শরণাগত হওয়ার ফলেই পূর্ণ জ্ঞান লাভ করা যায়, যে কথা সপ্তম অধ্যায়ের উনবিংশতি শ্লোকে বর্ণনা করা হয়েছে—বহুনাং জন্মনামতে জানবান্যাং প্রপদাতে বহু বহু জন্মের পরে জানী যখন ভগবান শীকুমের শরণাগত হন, অথবা কৃষ্ণভাবনায় ভাবিত হন, তখন জাঁর কাছে সমস্ত তত্ত্ব প্রকাশিত হয়, যেমন দিনের বেলায় সূর্যের আলোতে স্থ কিছু প্রকাশিত হয়। জীব নানান্তাবে যোহাচ্ছন্ন হয়ে পড়ে। উদাহরণত্বরূপ বলা যায়, ধৃষ্টতাপুর্বরু সে যথন নিজেকে ভগবান বলে মনে করে, তথন সে মায়ার অন্তিম ফাঁদে পতিত হয়। জীব যদি ভগবান হয়, তা হলে সে মারার হারা মোহাচ্ছর হয় কিভাবে? যদি তা সম্ভব হয়, তা হলে বুঝতে হবে যে, অঞ্চান বা শয়তান ভগবানের চেয়েও বেশি ক্ষমতাশালী যথার্থ জ্ঞান কৃষ্ণভাবনাময় মহাপুরুষের কাছ থেকেই লাভ করা যায়। তাই, এই রকম খথার্থ সদওক্তর অনুসন্ধান করে তার কাছে কৃষ্ণভাবনামূতের শিক্ষা হাদয়ঙ্গম করতে হয়। সূর্য যেমন অঞ্চকার দুর করে, কৃষ্ণভাবনামৃত তেমন সম্পূর্ণভাবে অজ্ঞানতা দূর করতে পারে , কেউ জ্ঞান লাভের মাধ্যমে উপলব্ধি করতে পারে যে, সে তার দেহ নয়, সে তার জড় দেহের অতীত, তবও সে আত্মা ও পরমান্থার মধ্যে পার্থকা নিরূপণ করতে পারে না। কিন্তু সে যদি কৃষ্ণভাবনায় ভাবিত সদ্গুরুর শরণাগত হতে যতুবান হয়, তা হলে সে স্ব কিছুই ভালভাবে জানতে পারে। কেবলমাত্র ভগবানের প্রতিনিধির সাহিধ্য লাভ হলেই ভগবান ও ভগবানের সঙ্গে আমাদের নিত্য সম্পর্কের কথা জানা যায়। ভগবানের প্রতিনিধি কখনও দাবি করেন না যে, তিনি ভগবান, কিছু তাঁকে ভগবানের মতোই সম্মান করা হয়, কারণ তিনি ভগবং-তত্ত্ব জানেন। ভগবান ও জীবের মধ্যে যে পার্থকা রয়েছে, তা জানা উচিত। *ভাগবদগীতার* দ্বিতীয় অধ্যায়ের দাদশ শ্লোকে ভগবান শ্রীকৃষ্ণ সেই জন্য বলেছেন, প্রত্যেক জীব স্বতন্ত্র এবং

ভগবানও স্বতন্ত্র। অতীতে ভাদের সকলেরই পৃথক স্বরূপ ছিল, এখনও আছে এবং ভবিষ্যতে মুক্তির পরেও থাকরে। বাত্রির অন্ধকারে যেমন সব কিছুই এক বলে মনে হয়, কিছু দিনের বেলায় সূর্যোদয় হলে প্রতিটি বন্ধ ভাদের যথার্থ রূপে প্রতিভাত হয়। জ্ঞানচক্ষু উন্মীলিভ হলে তেমনই সব কিছুর স্বরূপ উপলব্ধি হয় পারমার্থিক জীবনে স্বতন্ধভাবে স্বরূপ উপলব্ধিই হচ্ছে যথার্থ জ্ঞান

শ্লোক ১৭

তত্ত্বরন্তদাবানস্তমিষ্ঠান্তৎপরায়ণাঃ । গাহুত্যপুনরাবৃতিং জ্ঞাননির্ধৃতকক্মধাঃ ॥ ১৭ ॥

ভবুদ্ধাঃ—বাঁর বৃদ্ধি গর্মেশ্বর ভগবানে স্থির হয়েছে, তদাস্থানঃ—বাঁর মন পরমেশ্বর ভগবানে একাগ্র হয়েছে, তদ্ধিলাঃ—কেবল ভগবানেই নিলাসম্পন্ন, তহপরায়াণাঃ— যিনি সম্পূর্ণরাপে তাঁর আত্রায় গ্রহণ করেছেন, গলহন্তি—লাভ করেন, অপুনরাবৃত্তিম—সৃক্তি, জ্ঞান—ভ্যানের হারা, নির্মৃত—বিধৌত, কল্মবাঃ—কলুব

গীতার গান

সেই জ্ঞান অনুকৃলে বুদ্ধি নিষ্ঠা যার ! আত্মজ্ঞান পরায়ণ সংসার উদ্ধার ॥

অনুবাদ

বাঁর বৃদ্ধি ভগবানের প্রতি উল্পুখ হয়েছে, মন জগবানের চিস্তায় একাগ্র হয়েছে, নিষ্ঠা ভগবানে মৃত্ হয়েছে এবং যিনি ভগবানকৈ তাঁর একমাত্র আশ্রয় বলে গ্রহণ করেছেন, ধ্রানের দ্বারা তাঁর সমস্ক শ্বনুষ সম্পূর্ণরূপে বিষৌত হয়েছে এবং তিনি ক্রমান্ত্যর বন্ধন থেকে মৃক্ত ইয়েছেন।

তাৎপর্য

ভগবান শ্রীকৃষ্ণই হচ্ছেন পরতন্ত্ব সম্পূর্ণ ভগবদ্গীতা শ্রীকৃষ্ণের ভগবশুর কথা ঘোষণা করছে। সমস্ত বৈদিক শান্তেও সেই একই কথা বলা হয়েছে। তত্ত্ববিদেরা পরতত্ত্বকে ব্রহ্ম, পরমাস্থা ও ভগবানরূপে জানেন। ভগবান হচ্ছেন পরতত্ত্বের শেষ কথা। তাঁর উধের্য আর কিছু নেই। ভগবানও বলছেন, মতঃ পবতরং নান্যং কিঞ্চিদন্তি ধনঞ্জয়—"হে অর্জুন। আমার থেকে শ্রেষ্ঠ আব কেউই নয় " নির্বিশেষ ব্রহ্ম সম্বন্ধেও শ্রীকৃষ্ণ বলেছেন, ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহম্ আমিই নির্বিশেষ ব্রহ্মেব

শ্ৰোক ১৯]

আশ্রয়। সূতবাং, সর্বতোভাবে শ্রীকৃষ্ণই হচ্ছেন পরাংপর তব্ব। যাঁর মন, বৃদ্ধি,
নিষ্টা ও আশ্রয় ভগবান শ্রীকৃষণতেই নিত্য কেন্দ্রীভূত, অর্থাৎ যিনি পূর্ণরূপে
শ্রীকৃষ্ণের শরণাগত, তিনি নিঃসন্দেহে সমস্ত পাপ থেকে মৃক্ত হয়ে পূর্ণজ্ঞানে পরম
সত্যকে উপলব্ধি করেন কৃষণভক্ত পূর্ণরূপে ভগবান শ্রীকৃষ্ণের অচিন্দ্র ভেদাভেদভদ্ব উপলব্ধি করতে পারেন। এই দিবাজ্ঞান প্রাপ্ত হয়ে তিনি অবিচলিতভাবে মৃক্তির
শথে এগিয়ে চলেন।

প্রোক ১৮

বিদ্যাবিনয়সম্পন্নে ব্ৰাহ্মণে গৰি হস্তিনি । শুনি চৈব শ্বপাকে চ পশ্ভিডাঃ সমদর্শিনঃ ॥ ১৮ ॥

বিদ্যা—বিদ্যা, বিনয়—বিনয়, সম্পরে—সম্পন্ন; ব্রাহ্মণে—ব্রাহ্মণে, দবি—গাভীতে; ছঞ্জিনি—হাতিতে; শুনি—কুকুরে; চ—এবং, এব—অবশ্যই, শ্বপাকে—চণ্ডালে; চ—এবং, পণ্ডিডাঃ—পণ্ডিতেরা; সমদর্শিনঃ—সমদর্শী।

গীতার গান

সমদৰ্শী হয় সে জ্ঞানের প্রভাবে । বিদ্যাবিনয়সম্পন্ন ক্রাক্ষণে বা গবে ॥ হন্তী বা কুকুর বা সে নীচ বা চণ্ডাল । সমদশী জ্ঞানী দেখে সবাই সমান ॥

অনুবাদ

জ্ঞানবান পশ্চিতেরা বিদ্যা বিনয়সম্পন্ন ব্রাহ্মণ, পাড়ী, হস্তী, কুকুর ও চণ্ডাল সকলের প্রতি সমদর্শী হন।

তাৎপর্য

কৃষ্ণভক্ত কথনই জাতি অগবা কুলের মধ্যে পার্থকা বিচার করেন না। সমাজ-ব্যবস্থাব পবিপ্রেক্ষিতে একজন ব্রাক্ষণ একজন চণ্ডালের থেকে আলাদা হতে পারে, -অথবা একটি কুকুর, একটি গরু, একটি হাতি জাতিগতভাবে ভিন্ন হতে পারে, কিন্তু ভগবৎ তত্ত্বজ্ঞানীর দৃষ্টিতে এই দেহজাত ভেদগুলি নির্থক। কারণ, সকলেই ভগবানের সঙ্গে সম্বন্ধযুক্ত তিনি দেখেন, সমস্ত জীবের অন্তরে ভগবান শ্রীকৃষ্ণ ভার আংশিক প্রকাশ পরমান্তারূপে বিরাজ করছেন। পরতন্ত্বের এই উপলব্ধি হচ্ছে প্রকৃত জ্ঞান। জ্বাভি বর্ণ নির্বিশেষে ভগবান সকলকেই সমানভাবে কৃপা করেন, কারণ তিনি প্রতিটি জীবকেই তার সথা বলে মনে করেন এবং জীবের অবস্থা নির্বিশেষে পরমান্ত্রা রূপে সর্বদাই তার সঙ্গে বিরাজ করেন। চণ্ডাল এবং ব্রাল্যণের দেহ ভিন্ন হলেও ভগবান ডাদের উভয়ের সঙ্গেই পরমান্ত্রা রূপে বিরাজমান জড়া প্রকৃতির ভিন্ন ভিন্ন ওণের প্রভাবে জড় দেহের সৃষ্টি হয়। কিন্তু দেহমধান্ত জীবাত্মা ও পরমান্ত্রা একই চিন্মার গুলাবর জণসম্পন্ত। ওণগতভাবে এক হলেও জীবাত্মা এবং পরমান্ত্রার আয়তন ভিন্ন, কারণ জীবাত্মা কেবল একটি দেহে থাকতে পারে, কিন্তু পরমান্ত্রার আয়তন ভিন্ন, কারণ জীবাত্মা কেবল একটি দেহে থাকতে পারে, কিন্তু পরমান্ত্রার অবগত। তাই, তিনি প্রকৃত জ্ঞানী এবং সমদৃষ্টিসম্পন্ত। জীবাত্মা ও পরমান্ত্রার সাদৃশ্য হল্লে যে, উভয়েই সচিচদানক্ষময়, আর তাদের বৈসাদৃশ্য হল্ছে যে, জীবাত্মা অপ্টেডকন্য আর পরমান্ত্রা সর্বদেহে বিরাজমান বিভুটেডনা

গোক ১৯

ইটেৰ তৈৰ্জিভঃ সৰ্গো যেৰাং সাম্যে স্থিতং মনঃ । নিৰ্দোহং হি সমং ব্ৰহ্ম তন্মাদ্ ব্ৰহ্মণি তে স্থিতাঃ ॥ ১৯ ॥

ইহ—এই জীবনে, এব—অবশ্যই, তৈঃ—তাঁদের হারা, জিডঃ—বিজিত, সর্গঃ— জন্ম ও মৃত্যু, বেহাম—থাঁদের, সাম্যো—সমভাবে, স্থিতম—স্থিত, মনঃ—মনঃ নির্দোধন্—নির্দোধ; হি—অবশ্যই, সমম্—সমভাবঃ ক্রন্ধ—ত্রন্ধা, তন্মাৎ—সেই হেতু; ক্রন্ধি—ত্রন্ধা; তে—তারা; স্থিতাঃ—অবস্থিত।

গীতার গান

জীবন্মুক্ত সেই জ্ঞানী সাধারণ নয় ৷ সেই সাম্যন্তিত মনে সংসার যে ক্ষয় ৷৷ সমতা নির্দেশ ব্রহ্ম তাহে ব্রহ্মন্তিতি ৷ ব্রহাজ্ঞানী যেই তার সেই হয় রীতি ৷৷

অনুবাদ

খাঁদের মন সাম্যে অবস্থিত হয়েছে, তাঁরা ইহলোকেই জন্ম ও মৃত্যুর সংগার জয় করেছেন। তাঁরা ব্রন্দের মধ্যে নির্দোব, তাই তাঁরা ব্রন্দেই অবস্থিত হয়ে আছেন।

প্ৰোক ২১ী

ভাৎপর্য

এই শ্লোকে যে মনের সাম্যস্থিতির কথা বলা হয়েছে, ভা আঘা-উপলব্ধির লক্ষণ।
থারা এই স্থিতি প্রাপ্ত হয়েছেন, ভারা জড় বন্ধন, বিশেষ করে জন্ম-মৃত্যুর বন্ধন
থেকে মৃক্ত হয়েছেন বলে বৃথতে হবে। যতক্ষশ জীব ভার দেহটিকে ভার স্বরূপ
বলে মনে করে, ভভক্ষণ সে জড় জনতের বন্ধনে আবদ্ধ থাকে। কিন্তু আন্ধউপলব্ধির ফলে যখন সে সব কিছুর প্রভি সমদ্বিসম্পদ্ধ হয়, ভখন সে জড় কর্মন
থোকে মৃক্ত হয়। পক্ষান্তরে, তখন আর ভাকে এই জড় জগতে জন্মগ্রহণ করতে
হয় না, দেহভাগে করার পর সে ভগবং-খামে প্রস্থিত হয়। রাগ ও বেব থেকে
মৃক্ত হবার ফলে ভগবান সম্পূর্ণ নির্দোধ। ভেমনই, জীবও বখন রাগ ও বেব
থেকে মৃক্ত হয়, তখন সেও নির্দোধ হয় এবং ভগবং-খামে প্রকেশ করার যোগাভা
লাভ করে। এই ধরনের লোকেরা জীবগুক্ত। ভাদের লক্ষণ পরবর্তী প্রোকে
বর্ণনা করা হয়েছে।

শ্ৰোক ২০

ন প্রক্রেবাৎ প্রিয়ং প্রাপ্য নোছিজেৎ প্রাপ্য চাপ্রিয়ম্। স্থিববৃদ্ধিরসংমূঢ়ো ব্রহ্মবিদ্ ব্রহ্মণি স্থিতঃ ॥ ২০ ॥

ন—না; প্রহাব্যেৎ—হর্ষে উৎফুর হন, প্রিয়ম্—প্রিয় বস্তু: প্রাণ্য—লাভ করে, ন—
না, উদ্বিক্তাং—বিচলিত হন, প্রাণ্য—লাভ করে; চ—ও, অপ্রিয়ম্—অপ্রিয় বস্তু;
স্থিববৃদ্ধিং—স্থির বৃদ্ধিসম্পন্ন, অসংমৃত্য়—মোহশূন্য, ব্রহ্মবিৎ—প্রকাঞ্জানী, ব্রহ্মবি—
ব্রাহ্মে, স্থিতঃ—অবস্থিত।

গীভার গান

প্ৰিয় বস্তু প্ৰাপ্য হলে উঠে না নাচিয়া।
অপ্ৰিয় প্ৰাপ্তিতে কভু মৱে না কাঁদিয়া॥
স্থিৱ বুদ্ধি ব্ৰহ্মবিদ্ অসংমৃদ্ মতি।
ব্ৰহ্মেতে নিয়ত ৰাস নাম ব্ৰহ্মপ্তিতি॥

অনুবাদ

যে ব্যক্তি প্রিয় বস্তুর প্রাপ্তিতে উৎফুল্ল হন না এবং অপ্রিয় বস্তুর প্রাপ্তিতে বিচলিত হন না, যিনি স্থিরবৃদ্ধি, মোহশূন্য ও ভগবৎ-তত্ত্বেতা, তিনি এন্দেই অবস্থিত।

ভাৎপর্য

এখানে ভাষ্মজানী মহাপুরুষের বর্ণনা করা হয়েছে তাঁর প্রথম লক্ষণ হচ্ছে যে, তিনি মোহাচ্ছর হয়ে তাঁর দেহটিকে তাঁর যথার্থ স্থরূপ বলে ভুল করেন না তিনি সুনিশ্চিত ভাবেই জানেন বে, তিনি তাঁর দেহ নন। তাঁর প্রকৃত স্থরূপ হচ্ছে পরম প্রুষোন্তম ভগবান শ্রীকৃষ্ণের এক অপুসদৃশ অংশ। সেই কারণে, দেহাত্মবুদ্ধির ছারা বিশ্রান্ত হয়ে তিনি জড়-জাগতিক লাভ অথবা ক্ষতিতে আনন্দিত বা দুঃখিত হন না। মনের এই দৃঢ়তাকে বলা হর স্থিরকৃত্তি ভাই, কখনই তিনি তাঁর প্রজ্ দেহটিকে আত্মা বলে ভুল করেন না, অথবা দেহটিকে নিত্য বলে মনে করে আত্মার অবংশো করেন না। এই জ্যানের প্রভাবে তিনি পরমতত্ত্ব উপলব্ধির পর্যায়ে উদীত হতে পারেন, অর্থাৎ তিনি বন্ধা, পরমাত্মা ও ভগবানকে জানতে পারেন তিনি তাঁর স্বরূপ সম্বন্ধে সম্পূর্ণরূপে অবগত হন, তাই তিনি ভগবানের সলে সর্বতোভাবে এক হরে যাবার প্রাপ্ত প্রকৃত্তী করেন না। এই হচ্ছে ব্লক্ষ-উপলব্ধি অর্থা আত্ম-উপলব্ধি। এই স্থিরমতি ভাবনার স্তরকেই বলা হয় কৃষ্ণভাবনা।

শ্লোক ২১

বাহ্যস্পর্শেষ্সক্তাত্মা বিন্দত্যাত্মনি যৎ সুখম্ ৷ স ব্রহ্মধোগযুক্তাত্মা সুখ্যক্ষয়মশুতে ৷ ২১ ৷৷

বাহ্যস্পর্শেষ্ —বিধয়সূখে: অসক্রাদ্ধা—অনাসস্ত-চিন্ত ব্যক্তি, বিদ্বতি—অনুভব করেন, আন্ধনি—আন্ধায়, বং—যা, সৃষম্—সূথ, সঃ—তিনি, ব্রহ্ম—ব্রহ্মে: যোগমুক্তাদ্ধা— যোগযুক্ত হয়ে, সুধন্—সুধ, অক্ষয়ম্—অন্তহীন, অনুতে—ভোগ করেন

গীতার গান

ৰাহ্যস্পৰ্শ সুখ বাহা নাই যে আসক্তি । আত্মানন্দে সেবানন্দী আত্মাতে বিন্দতি ॥ সেই বন্ধযোগ যুক্ত আত্মা পায় । অক্ষয় সুখেতে মগ্ন সৰ্বদা সে রয় ॥

অনুবাদ

সেই প্রকার ব্রহ্মবিৎ পুরুষ কোন রকম জড় ইন্দ্রিয়সুখ ভোগের প্রতি আকৃষ্ট হন না, তিনি চিম্মান্ত সুখ লাভ করেন। ব্রহ্মে যোগযুক্ত হয়ে তিনি অক্ষয় সুখ ভোগ করেন।

তাৎপর্য

কৃষ্ণভাবনায় ভাবিত মহাভাগবড শ্রীবামুনাচার্য বলেছেন—

यमविष सम (50: कुस्थ्नमावित्स नवनवत्रमधामनामाण्डर तस्त्रमामीर । जनविष वण मातीमकत्म न्यर्थमात्म जविष भूधविकातः मुक्ते निर्धीवनर ह ॥

"যথম থেকে আমি ভগবন্তুন্তি লাভ করে ভগবান শ্রীকৃষ্ণের পদারবিন্দের সেবায় রত হয়ে নব নব রস আস্থাদন করন্তি, তথম থেকে নারীসঙ্গমের কথা মনে হলে সেই চিন্তার উদ্দেশ্যে আমি খুতু ফেলি এবং খৃগার আমার মুখ বিকৃত হয়।" ব্রহ্মযোগী বা কৃষ্ণভাবনায় ভাবিত ভক্ত ভগবানের প্রেমময় সেবায় এতই তল্পর থাকেন যে, তখন আর ইন্দ্রিয়সুখ ভোগ করবার বাসনার প্রতি তার লেশমার কচি থাকে না জভ্ জগতে গ্রীসঙ্গ করাটাই হচ্ছে গরম সুখ। সমগ্র বিধ এরই মোহে চালিত হচ্ছে দেহসর্বন্ধ বিষয়ী লোকেরা কিন্তু এর অনুপ্রেরণা খুড়া কোন কর্মাই করতে গারে না কিন্তু কৃষ্ণভাবনায় নিয়োজিত ভক্ত কামসুখ পরিহার করেও বিশ্বন উৎসাহে কর্ম করতে পারেন সেটিই হচ্ছে পরমার্থ উপলব্ধির গরীকা। পরমার্থ উপলব্ধি ও কাম উপভোগ সম্পূর্ণ বিগ্রীতথমী। জীবব্যুক্ত কৃষ্ণভক্ত কোন রক্ম ইল্পিয়-সুখের গ্রন্থি আকৃষ্ট হন না।

শ্রোক ২২

যে হি সংস্পর্শজা ভোগা দুঃবধোনয় এব তে। আদ্যন্তবন্তঃ কৌন্তেয় ন তেখু রমতে বুধঃ ॥ ২২ ॥

যে—যে সমস্ত, হি —অবশাই, সংস্পর্শজাঃ—জড় ইন্দ্রিরের সংযোগ জনিত: ভোগাঃ
——ভোগসমূহ, দুঃখ—দুঃখ, যোনয়ঃ—কারণ, এব—অবশাই, তে সেই সমস্ত;
আদি—আদি, অস্তবস্তঃ—অগুবিশিষ্ট, কৌন্তেয়—হে কুন্তীপুর; ন—না, তেবু
তাতে; রমতে—প্রীতি লাভ করেন, বুধঃ—বিকেকী ব্যক্তি।

গীতার গান

স্পূৰ্শ সুখে যে আনন্দ তাহা দুঃখময় । ভোগ নহে ভোগী সেই জানিহ নিশ্চয় ॥

সেই সূৰে আদি অন্তে ওধু দুঃখ হয়। ৰুদ্ধিমান ব্যক্তি যেই না ভাতে রময় ॥

অনুবাদ

বিবেকবান পূরুষ দৃঃখের কারণ যে ইন্দ্রিয়জাত বিষয়ভোগ ডাঙে আসক্ত হম না। হে কৌন্তেয়! এই ধরনের সুখভোগ আদি ও অপ্তবিশিষ্ট। তাই, জ্ঞানী ব্যক্তিরা ভাতে প্রীতি লাভ করেন না।

তাংপর্য

জড় ইন্দ্রিয় ও বিষরের সংযোগের ফলে ইন্দ্রিয়-সুখানুভূতির উদর হয় কিন্তু এই ইন্দ্রিরওলি অনিতা, করেণ দেহটিই অনিতা জীবমুক্ত পুরুষ কখনও অনিতা বিষয়ের প্রতি আকৃষ্ট হন না। অপ্রাকৃত আনন্দের খাদ পাবার পরে, বিভাবে তিনি অনিতা জড় স্থভোগের প্রয়াসী হতে পারেন । পরা পুরাশে বলা হয়েছে—

> इंग्रह्म सांधित्वाश्यास्य ज्ञानस्य हिपाश्याते । इति वामधापनात्या भवर अश्वाजिधीग्रह्म ॥

"বোগীরা পরমতত্ত্বে রমণ করে অনন্ত চিদানন্দ আস্বাদন করেন। তাই, সেই পরম-ব্রহ্মকে রাম বলা হয়।"

श्रीयञ्चाशवरक्थ (१/१/५) बना इस्परह—

भाग्नः (पट्टा स्ट्डाकाः नृत्नातः कन्नम् कामानर्द्रातः विज्ज्जाः (व ! ज्ला पिताः भूकवा स्म मधः जल्जान्यमान् क्रवामीयाः क्रनसम् ॥

"হে পূত্রগণ। মনুষ্য-শরীর প্রাপ্ত হয়ে জড় ইন্দ্রিয়সুথ ভোগ করার জন্য অক্লান্ত পরিশ্রম করার কোন প্রয়োজন নেই। বিষ্ঠাহারী শৃকরেরা এই সুখ লাভ করে থাকে। বরং, এই জীবনে তোমাদের তপশ্চর্যার অনুশীলন করা উচিত, যার প্রভাবে ভোমরা শুদ্ধ হবে, পরিত্র হবে এবং তার ফলে অনন্ত চিনায় আনন্দ লাভ করবে।"

তাই, যথার্থ যোগী ইন্দ্রিয় সুখের প্রতি আকৃষ্ট হন না, যা হচ্ছে অপ্রতিহন্ত ভবরোগের কারণ। জীবের ভোগাসন্তি ষত বেশি হয়, ততই সে জাগতিক ক্লেশের বন্ধনে অবিদ্ধ হয়।

গ্ৰোক ২৩

শক্রোতীহৈব ষঃ সোঢ়ুং প্রাক্ শরীরবিমোক্ষণাৎ। কামক্রোধোন্তবং বেগং স যুক্তঃ স সুবী নরঃ ॥ ২৩ ॥

শকোতি—সক্ষম, ইহ এব—এই শরীরে, ষঃ—বিনি, সোচুম্—সহ্য করতে; প্রাক্—পূর্বে, শরীর—শবীর বিমোক্ষণাৎ—ত্যাগ করার, ফাম—কাম, ক্রোষ— ক্রোধ; উদ্ভবম্—উদ্ভত, বেগম্—বেগ, সঃ—তিনি, যুক্তঃ—অগ্রে-সমাহিত; সঃ—তিনি; সুধী—সুধী, নরঃ—মানুষ

গীতার গান

শরীর ছাড়িতে পূর্বে যে অভ্যাস করে । তাহার সুলভ সেই অন্যে কাঁদি মরে ॥ যড়বেগ জয় করি গোস্থামী যে হয় । সুখী সেই নরনায়ী করে দিখিজয় ॥

অনুবাদ

এই দেহ ত্যাগ করার পূর্বে যিনি কাম, ক্রোধ থেকে উদ্ভূত বেগ সহ্য করতে সক্ষম হন, তিনিই যোগী এবং এই জগতে তিনিই সুখী হন।

ভাৎপর্য

যদি কেউ আছা-উপলব্ধির পথে উন্নতি সাধনে প্রয়াসী হন, তবে তাঁকে গুড় ইপ্রিয়ের বেগ দমন করবার চেষ্টা করতেই হবে। এই বেগ ছয় প্রকারের—বাচোবেগ, ত্রেগধবেগ, মনোবেগ, উদরবেগ, উপস্থকেগ ও জিহুাবেগ। যিনি ইপ্রিয়ের এই সমস্ত বেগ ও মনকে কল করতে সক্ষম হয়েছেন, তাঁকে কলা হয় গোস্বামী অথবা স্বামী এই গোস্বামীরা কঠোর সংযমের সঙ্গে তাঁদের জীবন যাপন করেন এবং ইক্রিয়ের সমস্ত বেগগুলিকে সর্বতোভাবে দমন করেন। গ্রন্ড বাসনা যখন অতৃপ্ত থেকে যায়, তখন ক্রোধের সৃষ্টি হয় এবং তার ফলে মন, চক্ষু ও কল্ব উত্তেজিত হয় তাই, এই জড় দেহটিকে তাগি করার আগেই এই বেগগুলি দমন করাব অভ্যাস করতে হয় যিনি তা পারেন, তিনি হচ্ছেন আল্ল-তত্ত্ববিদ এবং আল্ল উপলব্ধির স্তরে তিনি পরম সৃষ্টি। যোগীদের কর্তব্য হচ্ছে কাম ও ক্রেমকে বশ করার প্রাণপণ চেষ্টা করা।

শ্ৰোক ২৪

যোহন্তঃসূখোহন্তরারামন্তথান্তর্জ্যোতিরেব যঃ । স যোগী ব্রহ্মনির্বাণং ব্রহ্মভূতোহধিগচ্ছতি ॥ ২৪ ॥

যঃ—যিনি, অন্তঃসূবঃ—অন্তরে সূথী, অন্তরারামঃ—আত্মাতেই ক্রীড়াশীল, তথা— এবং, অন্তর্প্তোতিঃ—অন্তর্বর্তী আত্মাই যাঁর লক্ষা, এব—নিশ্চিতরূপে, যঃ—যিনি, সঃ—তিনি, যোগী—যোগী, ব্রহ্মনির্বাণম্—ব্রহ্মনির্বাণ, ব্রহ্মভূতঃ—ব্রহ্মে অবস্থিত হয়ে, অধিগক্ষতি—লাভ করেন।

গীতার গান

বাহিরের সুখ ছাড়ি যেবা অন্তর্মুখ।
অন্তরে রমণ করে অন্তর্জ্যোতি রূপ ॥
ব্রহ্মভূত হর সেই ব্রহ্মতে নির্বাণ।
বহিরকা মায়া ছাড়ে পার ভগবান ॥

অনুবাদ

যিনি আস্বাতেই সুখ অনুভব করেন, যিনি আস্বাতেই ক্রীড়াযুক্ত এবং আস্বাই যাঁর লক্ষ্য, তিনিই যোগী। তিনি রক্ষে অবস্থিত হয়ে ব্রহ্মনির্বাণ সাড করেন।

ভাৎপর্য

আশ্বার যে সুখ আখাদন করেনি, সে অনিত্য সুখভোগের বাহ্য ক্রিয়াগুলি কিভাবে পরিত্যাগ করবে? জীবসুক্ত পুরুষ যথার্থ অনুভূতিতে সুখ আশ্বাদন করেন তাই, তিনি এক জারগায় ছির হয়ে বসে চিন্মর চেতনাব সাহাযো জীবনের ক্রিয়াগুলিকে উপভোগ করতে পারেন। এই ধবনের মৃত্ত পুরুষ কখনই বাহ্য জাগতিক সুখের আকজ্যে করেন না। এই অধ্যাকে ব্রক্ষভূত বলে, তখন ভগবৎ ধামে কিরে যাওয়া সনিশ্চিত ইয়।

শ্ৰোক ২৫

লভন্তে ব্রদানির্গণম্ ঋষয়ঃ ক্ষীণকল্মষাঃ । ছিন্নদৈশা যতাত্মানঃ সর্বভূতহিতে রতাঃ ॥ ২৫ ॥

(의) 최 (18)

শ্ৰোক ২৬ী

লভন্তে—লাভ করেন, বন্ধনির্বাণম্—ব্রন্ধানির্বাণ, ঝষয়ঃ—খবিগণ, ক্ষীণকত্মষাঃ— নিষ্পাপ, ছিন্ন—ছিন্ন করে, ছৈধাঃ—ছিধা, ফ্রাড্মানঃ—সংফ্রচিন্ত, সর্বভূত-—সমস্ত জীবের, হিতে—কল্যাণে, রতাঃ—রত।

গীতার গান

নিম্পাপ ইইয়া ঋষি ব্ৰহ্মেন্ডে নিৰ্বাণ। সৰ্বভূত হিতে রত ছিন্ন বিধাজ্ঞান ॥

অনুবাদ

সংয**ত্তিন্ত, সমস্ত জীবের কল**্যাণে রত এবং সংশয় রহিত নিজ্পাপ কষিণণ ব্রন্ধনির্বাণ লাভ করেন।

তাৎপর্য

যিনি সম্পূর্ণভাবে কৃষ্ণভাবনাময়, তিনিই কেবল পাবেন সমস্ত জীবের মঙ্গপ সাধন করতে মানুহ যখন বুখতে পাবেন যে, ভগবান শ্রীকৃষ্ণই হচ্ছেন সর্ব কারণের কারণ, তখন সেভারেই ভাবিত হয়ে তিনি যে কর্ম করেন, সেই কর্ম সকলোরই মঙ্গল সাধন করে ভগবান শ্রীকৃষ্ণ যে পরম ভোক্তা, পরম ইশ্বর, পরম বন্ধু, সেই কথা ভূলে যাওয়ার ফলেই মানুহ নানাভাবে কন্ত পায়। তাই, সমস্ত মানক-সমাজে এই চেতনাকে পুনর্জাগরিত করাই হচ্ছে সবচেয়ে কলাগেকর কর্ম। ক্রমনির্বাণ ভার লাভ না করলে, এই পরম পবিত্র কর্ম সম্পাদন করা যায় না। কৃষ্ণভাবের মনে শ্রীকৃষ্ণের পরম ইশ্বর সম্পর্কে কোন সংশয় থাকে না। তার মনে কোন সংশয় থাকে না, কারণ তিনি সম্পূর্ণরূপে পালমুক্ত। এটিই হচ্ছে দিব্য ভগবিৎ-শ্রেমের প্রকাশ।

যে মানুষ কেবলমাত্র মানব-সমাজের জাগতিক কল্যাণ সাধন করার কাজে রত, সে প্রকৃতপক্ষে কারওই কল্যাণ সাধন করতে পারে না। বাহ্যিক দেহ ও মনের সাময়িক উপশম কখনই শান্তি দিতে পারে না। জীবন সংগ্রামের সমন্ত দুঃখ-কন্টের যথার্থ কাবণ হচ্ছে, ভগবানের সঙ্গে জীবের নিত্য সম্পর্কের চরম বিস্মৃতি। মানুষ যখন শ্রীকৃষ্ণের সঙ্গে তাঁর নিত্য সম্পর্কের কথা পূর্ণরূপে অবগত হন, তখন তিনি জড় জগতের বন্ধন থেকে যথার্থই মৃতি লাভ করেন, এমন কি জড় দেহের মধ্যে অবস্থান করলেও তিনি তথন মৃত।

শ্লোক ২৬

কামক্রোধবিমুক্তানাং ষতীনাং ষতচেতসাম্ । অভিতো ব্রহ্মনির্বাণং বর্ততে বিদিতাত্মনাম্ ॥ ২৬ ॥

কাম—কাম; ক্রেশধ—ক্রেশধ, বিমৃক্তানাম্—মৃক্ত, যন্তীনাম্—সন্ন্যাসীদের, কন্তচেন্তসাম্—সংধতচিত্ত; অভিতঃ—সর্বতোভাবে অচিবেই, ব্রন্ধনির্বাণম্—ব্রন্ধনির্বাণ, বর্ততে—উপস্থিত হয়; বিদিতাশ্বনাম্—আগ্রন্থা।

গীতার গান

কাম ক্রোথ বিনির্মৃক্ত যত চিত্ত ধীর । আপাতত্ত্ব জ্ঞানী যতি অতীব গঞ্জীর ॥ সদসদ্ বিচার করি ব্রন্মেতে নির্বাণ । প্রকৃত্তি অতীত তার ব্রন্মে অবস্থান ॥

অনুবাদ

কাৰ-ক্রোধশূন্য, সংযক্তির, আত্মতবৃত্ত সন্ন্যাসীরা সর্বডোভাবে অচিয়েই ক্রন্তানির্বাগ লাভ করেন।

তাৎপর্য

মুক্তি লাভের কনা যে সমস্ত সাধুসন্ত সতত পরমার্থ সাধনে রত, তাঁদের মধ্যে কৃষ্ণভক্তই হাছেন শ্রেষ্ঠ। ভাগবতে (৪/২২/৩১) এই কথার সমর্থনে বলা হয়েছে—

যংপাদপদ্ধজ্ঞপলাশবিলাসভক্তা
কর্মাশরং গ্রন্থিতমুদ্ধাথয়ন্তি সম্ভঃ 1
তদ্বর বিক্তমতয়ো যতয়েইপি ক্রন্ধসোতোগণাস্তমবর্গং ভক্ত বাসুদেবম্ 🛭

"কেবল ভগবং-সেবার মাধ্যমে পরম পুরুষোদ্ভম ভগবান বাসুদেবের ভজনা কর ধাঁরা সকাম অর্মের বন্ধমূল বাসনা উৎপাটিত করে অপ্রাকৃত আনন্দের সঙ্গে ভগবানের পানপালের সেবার রভ আছেন, তাঁনের মতো সুষ্ঠৃতারে কোনও মহান মনি ক্ষরিরাও ইন্তিরবেগ দমন করতে পারেন না " বদ্ধ জীবের কর্মফল ভোগ করার বাসনা এত প্রবল যে, বড় বড় মুনি-অষিরা বাং তপস্যার ফলেও সেই বাসনাকে দমন করতে পারেন না। কিন্তু ভগবস্তুক্ত নিরস্তুর ভগবান কৃষ্ণের অপ্রাকৃত সেবায় নিযুক্ত হওয়ার কলে, আয়-উপলব্ধি করে অতি শীঘ্রই ব্রহ্মনির্বাণ স্তব লাভ করেন পূর্ণরূপে আয়া তত্ত্বজ্ঞান লাভ করার ফলে তিনি সর্বদাই সমাধিত্ব থাকেন। এর উপমাম্পক উদাহরণ দিয়ে বলা বার—

मर्थनधानमरः भौगर्थरमाक् भौविरत्रमाः । सानाभजानि भवाजि जवारमभि भवाज ॥

"দর্শন, ধ্যান ও স্পর্শের দ্বারাই কেবল মাছ, কুর্ম ও পাধিবা তালের সন্তন প্রতিপালন করে হে পদ্মজ (ব্রহ্মা)! আমিও তাই করি।"

মাছেরা কেবল দৃষ্টিপাতের দ্বারা তালের সন্তান প্রতিপালন করে। কুর্ম ধ্যান করে তাদের পশুন প্রতিপালন করে সে ভাঙ্গার ডিম পেড়ে তারপর জলের মধ্যে তাদের ধ্যান করতে থাকে তেমনই, কৃষ্ণভক্ত ভগবং-ধাম থেকে অনেক দুরে থাকলেও সর্বক্ষণ ভগবানের ধ্যান করার ফলে এবং সর্বক্ষণ কৃষ্ণভাবনায় তৎপর থাকার ফলে ভগবং-ধাম প্রাপ্ত হন। তিনি জড় জগতের দুঃধ-কটের প্রতি সম্পূর্ণ নির্বিকার ভগবং-উপলব্ধির এই স্তরকে বলা হয় ব্রক্ষনির্বাদ, যার অর্থ হচ্ছে ভগবানের চিন্তার নিমন্ত্র থাকার ফলে প্রাকৃত দুঃধ-কটের পূর্ণ নিবৃত্তি।

শ্লোক ২৭-২৮

ম্পার্শান্ কৃত্বা বহির্বাহ্যাংশচক্ষুশৈচবাস্তবে জ্রুবোঃ । প্রাণাপানৌ সমৌ কৃত্বা নাসাজ্যন্তরচারিশৌ ॥ ২৭ ॥ যতেক্তিয়মনোবৃদ্ধির্মৃনির্মোক্ষপরায়ণঃ । বিগতেচ্ছাভয়ক্রোধো যঃ সদা মৃক্ত এব সঃ ॥ ২৮ ॥

শ্পর্শান্ শব্দ আদি ইন্দ্রিয়ের বিষয়, কৃষ্ণা করে, বহিঃ বহিষ্কৃত, বাহ্যান্ বাহ্য, চক্ষ্ণালন্দ্র, চ ও, এব নিশ্চিতভাবে, অস্তরে মধ্যে, কবোঃ—কাদ্রের, প্রাণাপানৌ —প্রাণ ও অপান বায়ু, সমৌ—সমান, কৃষ্ণা—করে; নাসাভান্তর নাসিকাব মধ্যে চারিপৌ—বিচরণশীল যত্ত—সংযত; ইন্দ্রিয়—ইন্দ্রিয়, মনঃ—মন, বৃদ্ধিঃ—বৃদ্ধি, মুনিঃ—মুনি মোক্ষ—মুক্তি, পরায়ণঃ—পরায়ণ, বিগত—বর্জিত, ইচ্ছা—ইচ্ছা, তয়—তর ক্রোধঃ—ক্রোধ: মঃ—যিনি, সমা—সর্বদা; মুক্তঃ—মুক্ত, এব—অবশ্যাই, সঃ তিনি

গীতার গান

এ ছাড়া অস্টাঙ্গ যোগ তাহা বলি শুন ।
অভ্যাস যাহার হর অতীব বিশুণ ॥
লব্দ স্পর্গ রূপ রূপ আর যাহা গন্ধ ।
বহির্বাহ্য করি রাখি না রাখি সম্বন্ধ ॥
চক্ষু সেই জমধ্যে রাখিয়া নিশ্চল ।
প্রাণাপান বায়ু ধরি নাসা অভ্যন্তর ॥
নাসিকার অগ্রভাগ কেবল দর্শন ।
উত্তম প্রক্রিয়া সেই যোগের সাধন ॥
ইন্দ্রিয় সংয্য সেই যোগ প্রকরণ ।
মন বৃদ্ধি ছারা মুনি মোক্ষ প্রায়ণ ॥
সে ভাবে যে বীত ইচ্ছা ভয় আর ক্রোধ ।
মৃত্য হর সে পুরুষ সংয্ত নিরোধ ॥

অনুবাদ

মন থেকে বাহ্য ইন্দ্রিয়ের বিষয় প্রত্যাহার করে, জনুগঙ্গের মধ্যে দৃষ্টি হির করে, নাসিকার মধ্যে বিচরণশীল প্রাণ ও অপান বায়ুর উধর্ব ও অধোগতি রোধ করে, ইন্দ্রিয়, মন ও বৃদ্ধি সংযম করে এবং ইচ্ছা, ভয় ও ক্রোধ শৃদ্য হয়ে যে মুনি সর্বদা বিরাক্ত করেন, তিনি নিশ্চিতভাবে মুক্ত।

ভাৎপর্য

ভক্তিযোগে ভগবানের সেবার নিয়োজিও হলে অচিবেই স্বরূপ উপলব্ধি হয় ভক্তির মাধ্যমে ভগবানকে জানা যায়। নিষ্ঠার সঙ্গে ভক্তিযোগ সাধন করার ফলে কৃষণ্ডন্ত অপ্রাকৃত স্থিতি লাভ করে তাঁর কর্মের গণ্ডিতে ভগবানের উপস্থিতি অনুভব করার যোগাতা অর্জন করেন। এই বিশেষ অবস্থাকে ব্রহ্মনির্বাণ বলা হয়।

ব্রহ্মনির্বাণ সম্বন্ধে উপরোক্ত সিদ্ধান্ত প্রতিপাদন করার পর ভগবান অর্জুনকে অষ্ট্যস্থোগ (যম, নিরম, আসন, প্রাণারাম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি) অভ্যাস করার মাধ্যমে কিভাবে এই স্তরে উন্নীত হওয়া যায়, সেই সম্বন্ধে উপদেশ দিয়েছেন . ষষ্ঠ অধ্যায়ে ধোগের বিশদ স্বাধ্যা করা হয়েছে, তাই পঞ্চম অধ্যায়ের শেষে, এখানে িষ অধ্যায়

কেবল তার অবতারণা কবা হচ্ছে যোগেব প্রত্যাহার পদ্ধতির মাধ্যমে শব্দ, স্পর্ণ, রস ও গদ্ধ এই ইন্দ্রিয়জ বিষয়গুলিকে পরিত্যাণ করে, দুই কর মধ্যে দৃষ্টি নিবদ্ধ করে, অর্থনিমীলিত নেত্রে নাসিকাশ্রে একাশ্র করতে হয়। এখানে সম্পূর্ণভাবে চোখ বদ্ধ করতে নিবেধ করা হয়েছে, কারণ তা হলে দুমিয়ে পড়ার সন্তাবনা থাকে। সম্পূর্ণভাবে চোখ খুলে রাখতেও নিবেধ করা হয়েছে, কারণ তা হলে ইন্দ্রিয়-বিষয়ের প্রতি আকৃষ্ট হবার ভয় থাকে। দেহের অভান্তরে প্রাণ ও অপান বায়ুকে রোধ কবার ফলে নাসিকার অভান্তরে খাস-প্রশাসের ক্রিয়া নিয়ন্ত্রিত হয়। এভাবেই অভাাস করার ফলে ইন্দ্রিয়-বিষয় পরিত্যাণ করে ইন্দ্রিয়বেশ দমন করা সন্তব হয় এবং তার ফলে সাধক ব্রন্থনিবলৈ পাভ করতে সক্ষম হন।

ত্যক্ষ

এই যোগপদ্ধতি সব রকম ভয়, ক্রোধ আদি থেকে মুক্ত করতে সাহায্য করে এবং এভাবেই অপ্রাকৃত শুদ্ধ সন্থময় অবস্থায় পরমায়ার উপস্থিতি অনুভব করা যায়। তবে, কৃষ্ণভাবনামৃতই হচ্ছে যোগসাধন করার সবচেয়ে সহজ্ঞ ও সাবলীল পদ্ম পরবর্তী অধ্যায়ে তা বিশদভাবে ব্যাখ্যা করা হবে। কৃষ্ণভাবনাময় তক্ত সর্বদাই ভগবং-সেবায় নিয়োজিত, তাই তাঁর ইন্তিরগুলি অনা কোন বিষয়ে প্রবৃত্ত হতে পারে না সূতরাং, ইন্তিয়-সংযম করার জন্য অধ্যাস-যোগের চেয়ে ভক্তিবোগ অধিক উত্তম

রোক ২১

ভোক্তারং যজ্ঞতপসাং সর্বলোকমহেশ্বরম্ । সূহদং সর্বভূতানাং জাত্তা মাং শান্তিমৃক্ত্তি ॥ ২৯ ॥

ভোক্তারম্—ভোক্তা, যঞ্জ—যজ্ঞ, তপসাম্—তপসার, সর্বশোক—সর্বলোকের, মধেশ্বরম্—পরম ঈশ্বর, সুহৃদম্—সুহৃদ, সর্ব—সমস্ত, ভূতানাম্—জীবের, জ্ঞাছা—এভাবে জেনে, মাম্—জামাকে (জীকৃজকে), শান্তিম্—জড় দুঃখ-দুর্দশা থেকে মুক্তি, মাছতি—লাভ করেন।

গীতার গান

যোগেশ্ব আমি হই আমি সেই লক্ষ্য । সে কথা যে বুৰো ভাল সেই যোগী দক্ষ ॥ সকল যজ্ঞ তপস্যার আমি ভোক্তা ইই । সমস্ত লোকের স্বামী কেহ নহে সেই ॥

সমস্ত জীবের বন্ধু আমি একমাত্র । জগতের শান্তি হয় জানিলে সর্বত্র ॥

অনুবাদ

আমাকে সমস্ত বক্ত ও ডপদ্যার পরম ভোক্তা, সর্বলোকের মহেশ্বর এবং সমস্ত জীবের সূহদরূপে জেনে যোগীরা জড় জগতের দৃঃখন্দর্শা থেকে মুক্ত হয়ে। শান্তি লাভ করেন।

তাৎপর্য

মারার হারা আচেরে হয়ে বন্ধ জীব এই জড় জগতে শান্তির অন্বেষণ করে, কিন্তু ভগবন্গীতার এই অংশে বর্ণিত শান্তি লাভের যথার্থ পদ্বার কথা তারা জানে না শান্তি পাভের সবচেয়ে শ্রেষ্ঠ নীতি হচেছ—ভগবান শ্রীকৃষ্ণ হচেছন সমন্ত কর্মের ভোকা, এটি উপলব্ধি করা। তাই, মানুষের কর্তব্য ২চেছ ভগবানের সেবায় সব কিছু উৎসর্গ করা, কারণ তিনি হচেছন সমন্ত গ্রহলোকের এমন কি দেবতালের অধীপর। তার চেয়ে শ্রেষ্ঠ আর কেউ নেই, শিব, রক্ষা আদি শ্রেষ্ঠ দেবতারাও তার অনুগত ভূতা। বেদে (শেতাশ্বতর উপনিয়দ ৬/৭) ভগবানকে বলা হয়েছে—ত্রমীপরাণাং পরমং মহেশবম্ । মায়ার হারা মোহাছের হয়ে জীব পব কিছুর উপর আধিপত্য করার প্রয়াসী হয়, কিন্তু প্রশৃতপক্ষে সে ভগবানের মায়ার অধীন ভগবনে শ্রীকৃষ্ণ হচ্ছেন মায়ারীশ, কিন্তু জীব জড়া প্রকৃতির কঠোর নিয়মের হারা আবদ্ধ। এই সরল সত্যটিকে উপলব্ধি করতে না পারলে, ব্যক্তিগতভাবে অথবা সংঘবদ্ধভাবে, কোনমতেই এই সংসারে শান্তি লাভ করা সম্ভব নয় কৃষণভাবনার অর্থ হচ্ছে যে, ভগবান শ্রীকৃষ্ণই হচ্ছেন প্রমেশ্বর এবং আর সমন্ত জীব, এমন কি বড় বড় দেবতাবাও হচ্ছেন তার অনুগত ভূত্য এই পরম সত্যকে উপলব্ধি করতে পারলেই পূর্ণ শান্তি লাভ করা বায়।

ভগবদ্দীতার এই পঞ্চম অধায়ে কৃষ্ণভাবনামৃত বা কৃষ্ণভণ্ডির ব্যবহারিক ব্যাখ্যা করা হয়েছে, যাকে সাধারণত কর্মযোগ বলা হয় কর্মযোগ কিভাবে মুক্তি প্রদান করতে পারে—মনোধর্ম প্রসৃত এই যে প্রশ্ন, তার উত্তর এখানে দেওয়া হয়েছে। কর্মযোগের ভর্ম হছে, পূর্ণজ্ঞানে ভগবান শ্রীকৃষ্ণের পরমেশ্বরত্ব সম্বন্ধে অবগত হয়ে তাঁর সেবায় কর্ম করা। এই কর্মযোগ ও জ্ঞানযোগ অভিন্ন কৃষ্ণভাবনামৃত হচ্ছে সাক্ষাং ভক্তিযোগ, আর জ্ঞানযোগ হচ্ছে ভক্তিযোগে অধিষ্ঠিত হওয়ার একটি পত্নাবিশেষ। কৃষ্ণভাবনামৃতের অর্থ হচ্ছে পরম-তত্ত্বের সঙ্গে আমাদেব সম্পর্কের

কথা পূর্ণরূপে অবগত হয়ে তাঁর সেবায় কর্ম করা এবং এই ভাবনার পূর্ণতা আমে ভগবান শ্রীকঞ্চ সম্বন্ধে পর্ণজ্ঞান লাভ করার মাধ্যমে। তদ্ধ আস্থা ভগবানের অবিচ্ছেদা অংশকরেপ তাঁর নিজ্ঞানাস মায়্যকে ভোগ করবার বাসনার ফলে সে মায়ার সংসর্গে আন্সে এবং শেটিই তার নানা রকম দঃখকষ্ট ভোগের কারণ। যতক্ষণ সে জড়ের সংসর্গে থাকে, ততক্ষণ সে জগতিক আবশাকতা অনযায়ী কর্ম করতে বাধ্য হয় কিন্তু ক্ষরভাবনামতের বিশেষত্ব হচেছ এই যে, প্রকৃতির গণ্ডির মধ্যে থাকলেও তা মানুষকে পারমার্থিক জীবন দান করে, কারণ জড় জগতে ভক্তির অভ্যাস করলে জীবের চিপ্মম স্বরূপ পুনর্জাগরিত হয়। ভক্তিমার্গে উপ্তরোজন উন্নতি সাধনের অনুপাতে মায়ার বন্ধন থেকে যুক্তি লাভ হয়। ভগবান কোন জীবের প্রতি পক্ষপাতিত্ব করেন না। সব কিছু নির্ভর করে ইপ্রিয়-নিগ্রহ ও কাম-ত্রেশধ দমন করবার জন্য কৃষ্ণভাবনাময় হয়ে ব্যবহারিক কর্ত্ব্য পালন করার উপর। এই সমস্ত বিকারগুলি নিগ্রহ করে কৃষ্ণভাবনামৃত লাভ করলে বান্ডবিকপঞ্চে অপ্রাকৃত ন্তর অথবা ত্রন্সনির্বাণ লাভ করা যায় , অষ্টাঙ্গ-যোগের পরম লক্ষ্য হচ্ছে এই ক্রফভাবনামৃত লাভ করা তাই, ক্ষকভাবনামৃতে অস্টাহ্রযোগ আপনা থেকেই সাধিত হয়ে যার বম, নিয়ম, আসন, প্রাণারাম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি অভ্যাসের দ্বারা ধীরে ধীরে প্রগতি হয়। কিন্তু ভক্তিগোগের প্রারন্তেই এই সব কয়টিতে সিদ্ধিলাভ হয়ে যায়। তাই, একমাণ্ড ভক্তিযোগই মানুধকে প্রকৃত শান্তি দিতে পারে—ভক্তিযোগেই জীবনের পরম প্রাপ্ত।

> ভক্তিবেদান্ত করে প্রীগীতার গান । তদে যদি গুৰু ভক্ত কৃষ্ণগত প্ৰাণ 🗈

ইতি—কৃষ্ণভাবনাময় কর্তব্যকর্ম বিষয়ক 'কর্মসন্ম্যাস-যোগ' নামক শ্রীমন্ত্রগবদ্গীতার भक्षम व्यथारस्य एकिर्यमान जारभर्य मधास्य।

ষষ্ঠ অধ্যায়



খ্যানযোগ

ৰোক ১

শ্রীজগবানবাচ

অনাশ্রিতঃ কর্মফলং কার্যং কর্ম করোতি যা ৷ স সম্বাসী চ যোগী চ ন নির্মির্ন চাক্রিয়ঃ ॥ ১ ॥

গ্রীভগবান উবাচ—পর্মেশ্ব ভগবান বললেন, অনাপ্রিতঃ—আগ্রয় বা অপেক্ষা না করে, কর্মকলম—কর্মকলেব, স্বার্থম—কর্ডব্য, কর্ম—কর্ম, করোডি—অনুষ্ঠান করেন, ষঃ—বিনি, সঃ—তিনি, সম্রাসী—সম্রাসী চ—ও, যোগী—যোগী, চ— ও: ন—না: নির্বারি:—অধি রহিত; ন—না, চ—ও, **অন্তিন্যঃ**—নিষ্ক্রিয়।

গীতার গান

ভগবান কহিলেন ঃ অনাশ্রিত কর্মফল সেই মুখ্য হয় । তাহা বিনা সন্মাসী কি যোগী কিছু নয় ॥ কর্মভাগ নহে মুখ্য কর্মফল ভাগে ৷ দৈহিক চেষ্টা সে ত্যাগ নহে ত সম্যক 11 তাই সে সন্ধাসী যোগী সমান যে ক্রম 1 কর্মফল ভাগে বিনা দই সেই লম ম

অনুবাদ

পরমেশ্বর তগবান বললেন বিনি অগ্নিহোত্রাদি কর্ম জ্যাগ করেছেন এবং দৈহিক চেষ্টাশূন্য তিনি সন্মাসী বা যোগী নন। যিনি কর্মকলের প্রতি আসক্ত না হয়ে জার কর্তবা কর্ম করেন, তিনিই মধার্থ সন্মাসী বা যোগী।

ভাৎপর্য

এই অধ্যায়ে ভগবান খ্রীকৃষ্ণ বর্ণনা করেছেন বে, অন্তাসযোগ হচ্ছে মন ও ইন্তিয়ন্ডলিকে সংযত করার একটি পদ্ববিশের। তবে এই বোগ সকলের পক্ষে অনুশীলন করা কটকর, বিশেষ করে এই কলিযুগে তা অনুশীলন করা এক রক্ষ অসপ্তব: ভগবান প্রীকৃষ্ণ এই অধ্যায়ে অন্তাস-যোগের পদ্ধতি বর্ণনা করে অবশেবে দৃঢ়ভাবে প্রতিপন্ন করেহেন বে, কৃষ্ণভাবনাময় কর্ম বা কর্মযোগ অন্তাসবোগ অপেকা গ্রেছ এই জনতের সকলেই তার স্ত্রী, পুত্র, পরিজনের ভরণ-পোরণের জন্য কর্ম করে। ব্যক্তিগত স্বার্থ অথবা ভোগবাঞ্ছা ব্যতীত কেউই কোন কর্ম করে না। কিন্তু সাফল্যের মানদণ্ড হচ্ছে কর্মফলের প্রত্যাশা না করে ভগবান প্রীকৃষের সেবা করাই হচ্ছে তাদের একমাত্র কর্তব্য, শরীরের বিবিধ অন্ত-প্রতাস সম্পূর্ণ শরীরের পালন-পোষণের জন্য কর্ম করে, তাদের আংশিক স্বার্থর জন্য নয়। তেমনই, যে মানুষ ব্যক্তিগত স্বার্থের পরিবর্তে পরব্রক্ষের তৃত্তির জন্য কর্ম করেন, তিনি হচ্ছেন প্রকৃত সম্বানী এবং প্রকৃত বোগী।

ভ্রান্তিবশত, কিছু সগ্নাসী মনে করে যে, ভারা সব বকম জাগতিক কর্তব্য থেকে মুপ্ত হয়েছে এবং তাই ভারা অগ্নিহোর যজ্ঞানির অনুষ্ঠান করা ভাগে করে। কিন্তু প্রকৃতপক্ষে ভারা স্বার্থপরায়ণ, কারণ তাদের লক্ষা হচ্ছে নির্নিশেষ ব্রন্ধসাযুক্তা লাভ করা। এই সমন্ত বাসনা ভাগতিক কামনা থেকে মহন্তব হলেও ভা স্বার্থশূন্য নয়। ঠিক তেমনই, সব রক্তমের জ্বাগতিক ক্রিয়াকলাগ পরিভাগে করে, অর্থনিমীলিও নেত্রে যোগী যে তপস্যা করে চলেছেন, তাও ব্যক্তিগভ স্বার্থের দ্বারা প্রভাবিত। তিনিও তার আত্মতৃপ্তির আকাক্ষাব দ্বারা প্রভাবিত। কিন্তু কৃষ্ণভাবনার ভাগিত ভক্তই হচ্ছেন একমাত্র যোগী, যিনি পরমেশ্বরের তৃপ্তিসাধন করার জনা নিজ্বার্থভাবে কর্ম করেন। তাই, ভাতে একটুও স্বার্থসিদ্ধির বাসনা থাকে না। শ্রীকৃষ্ণের সস্কৃষ্টি বিধান করাটাই তার সাফল্যের একমাত্র মাপকাঠি, তাই, তিনিই হচ্ছেন বথার্থ যোগী, যথার্থ সন্থার্যী বৈরাগ্যের মূর্তবিপ্তই শ্রীচৈতনা মহাপ্রভু প্রার্থনা করেছেন

न थनः न कनः न मृत्यतीः कविजाः वा क्षत्रपीण काम्रद्यः ! यम कन्ननि क्षत्रानीश्वदव स्वराह्यक्षित्रदेशकी वृत्ति ॥

"হে জগদীশর! আমি ধন কামনা করি না, আমি অনুগামী কামনা করি না এবং আমি সুন্দরী ব্রী কামনা করি না। আমার একমাত্র কামনা হচ্ছে, আমি খেন জন্ম-জন্মান্তরে তেমোর প্রতি অহৈতৃকী ভক্তি লাভ করতে পারি "

শ্লোক ২

ষং সন্যাসমিতি প্রাহুর্যোগং তং বিদ্ধি পাণ্ডব । ন হাসংন্যস্তসংকল্পো যোগী ভবতি কশ্চন য় ২ ॥

ষষ্—থাকে, সন্ধ্যাসম্—সম্মাস, ইজি—এভাবে, প্রাছঃ—বলা হয়, যোগম্— পরমেশ্বর ভগবানের সঙ্গে যুক্ত হওয়ার পছাকে, তম্—তাকে, বিদ্ধি—জানবে, পাণ্ডৰ—হে পাণ্ডপুত্র, ব—না, হি—অবশাই, অসন্যেক্ত—ভ্যাগ না করে; সংকল্পঃ —সংকল্প; যোগী—যোগী; ভবতি—হন, কল্ফান—কেউ।

গীতার গান

অসংন্যক্ত সংকল্প বিনা নহে যোগী। বাহ্যে মাত্র ক্রিয়াহীন অন্তরে সে ভোগী॥

অনুবাদ

হে পাণ্ডৰ! মাকে সন্মাস বলা যায়, ভাকেই যোগ বলা যায় কারণ ইন্দ্রিয়সূখ ভোগের বাসনা ডাগে না করণে কখনই যোগী হওয়া যায় না

তাৎপর্য

ষথার্থ 'সন্মাস যোগ' অথবা 'ভজিযোগের' তাংপর্য হচ্ছে জীবাদ্মারূপে স্বীয় স্বরূপ সম্বন্ধে অবগত হয়ে সেই জনুসারে কর্ম করা। জীবাদ্মার কোন পৃথক স্বতন্ত্ব অন্তিত্ব নেই। জীব হচ্ছে জগবানের চটন্থা শক্তি। যখন সে জড়া শক্তির দ্বারা প্রভাবিত হয়ে পড়ে, তখন সে বদ্ধ অবস্থা প্রাপ্ত হয় এবং যখন সে কৃষ্ণভাবনামৃত লাভ করে, অর্থাৎ ভগবানের অন্তর্মনা শক্তি সম্বন্ধে সচেতন হয়, তখন সে তাব স্বরূপে

শ্ৰোক ৪ী

ONE

অধিন্তিত হয় তাই জীব যখন ভগবং তত্ত সম্বন্ধে অবগত হয়, তখন সে জড ইন্দ্রিয়তপ্তি থেকে বিরত হয়, অথবা সব রকম ইন্দ্রিয় উপভোগের কার্যকলাগ পরিত্যাগ করে। ইন্দ্রিয় দমন করে যোগীবা জড আসন্তি থেকে মক্ত হথায় চেষ্টা করে: কিন্তু কঞ্চতত তাঁর সব কয়টি ইন্দ্রিয়ই ভগবান শ্রীক্ষের সেবয়ে নিয়োজিত কবেন, ভাই ভাঁর অন্য কোন বিষয়ের প্রতি আর আসন্তি থাকে না। সভরাং, কম্বভক্ত একাধারে যোগী ও সর্ব্যাসী। জ্ঞান ও ইন্দ্রিয়া-নিপ্তহ বিষয়ক যোগের প্রয়োজন কফডাবনায় আপনা থেকেই পূর্ণ হয়ে যায় ৷ স্বার্থসিদ্ধির প্রবৃত্তি পরিত্যাগ করতে না পারলে জ্ঞান অথবা খোগা সাধন করের কোন অর্থ হয় না। জীবনের চরম উদ্দেশ্য হচ্ছে, সর রক্তম ব্যক্তিগত স্থার্থ ত্যাগ করে ভগবানের সঞ্চমি বিধানে ব্ৰতী হওয়া। যিনি প্রমত্ত্ব উপলব্ধি করতে পেরেছেন, অর্থাৎ যিনি কৃষ্ণভাবনার অমৃত শান্ত করেছেন, ইন্দ্রিয়সুখ ভোগের প্রতি তাঁর আর কোন স্পৃহা থাকে না। তিনি সব সময় ভগবান শ্রীকৃঞ্জের ইন্দ্রিয়তৃপ্তি সাধন করবার চেষ্টায় মথ। যাগ্য ভগবং-তম্বজ্ঞান লাভ করতে পারেনি, তাদের গলে জড় ইপ্রিয়ন্ডপ্রি সাধন করা ছাড়া আর কোন উপায় নেই, কারণ নিষ্ক্রিয় গুরে কেউ এক মুহর্তও থাকতে পারে না কৃষ্ণভাবনামূত অনুশীলন করার ফলে সব কয়টি প্রয়োজনই যথার্থভাবে সাধিত হয়.

चारुकृत्कार्यत्नर्याशंश कर्स कार्यमुकृत्क । যোগার্ডসা তস্তৈর শমঃ কারণমূচ্যতে 1 🗢 🗈

আরুরুদ্রে:—আরোহণ কবতে ইচ্ছুক, মুনে:—মুনির, যোগম—অটাগযোগ, কর্ম— कर्य, कात्रभय-कात्रन, छेठाट्ड--चला इस, स्थान-अलेक्ट्यान, अस्त्रक्रा--आताः হয়েছেন তদ্য---তার, এব---অবশাই, শমঃ---সমস্ত কর্মের নিবৃত্তি, কারণম--কারণ, উচ্চাতে---বলা হয়

গীতার গান

সৰ যোগ হয় সিদ্ধ কৰ্ম সে কাৰণ ৷ আরুরুক্ষ মনি সেই ওন বিবরণ 1 যোগেতে আরুড় সেই শমতা কারণ । সাধকের ক্রম পদ্ম যোগানুসরণ ॥

অনুবাদ

অন্তান্তব্যেগ অনুষ্ঠানে যারা নবীন, তাদের পক্ষে কর্ম অনুষ্ঠান করাই উৎকৃষ্ট সাধন আর খাঁরা ইভিমধ্যেই খোগারুত হয়েছেন, তাঁদের পক্ষে সমস্ত কর্ম থেকে নিবত্তিই উৎকট্ট সাধন।

ভাৎপর্য

ভগবাদের সঙ্গে যুক্ত হওয়ার পদ্ধাকে বলা হয় যোগ। এই যোগকে একটি সিঁডির সম্যে তলনা করা হয়, যার ধারা পারমার্থিক তথ্যঞানের সর্বোচ্চ স্তরে আরোহণ করা যায়। জীবনের সর্বনিম স্তর থেকে এই সিঙির শুরু এবং ক্রমাছমে তা অধ্যাত্মমার্গের চরম স্তরে উপনীত হয়েছে উচ্চতার ক্রম অনুসারে এই সিঁডির বিভিন্ন অংশের ভিন্ন ভিন্ন নাম আছে। কিন্তু সম্পর্ণ সিঁডিটিকে বলা হয় যোগ এবং সেটি তিন ভাগে বিভক্ত—আনযোগ, ধ্যানযোগ ও ভক্তিযোগ । এই সিডির প্রথম ও সর্বোচ্চ সোপানকে বথাক্রমে *যোগারুকক্ষ* ও *যোগারুটে* স্তর্ম বলা হয়

অষ্ট্রান্ত-বোগের প্রাথমিক জরে নিয়ন্তিত জীবন যাপনের মাধামে আসন অজ্ঞাস করে খ্যান করার প্রচেষ্টাকে সকাম কর্ম বলে গণা করা হয় । এই সমস্ত ক্রিয়ার প্রভাবে ক্রমণ ইন্দ্রিরওলিকে নিয়ন্ত্রণ করার জন্য পূর্ণ মানসিক সমতা লাভ হয় ধানাভাবে সিদ্ধি লাভ হলে উরেগ সৃষ্টিকারী সব রকম মানসিক ক্রিয়াওলি সম্পর্ণভাবে পরিতাপে করা যায়।

কৃষ্ণভাবনাময় কৃষ্ণভক্ত ভক্ত থেকেই খ্যানের স্তরে অবস্থিত, কারণ তিনি সর্বদাই শ্রীক্ষের কথা স্মরণ করেন। তিনি সর্বদাই ভগবানের সেবায় রত তাই তিনি সব রক্তম জাগতিক কর্মগুলি সম্পূর্ণভাবে ত্যাগ করেছেন বলে গণ্য করা হয়

শ্ৰোক ৪

यनां दि निक्तियार्थव् न कर्मञ्जूबङ्करछ । সর্বসংকল্পসন্থাসী যোগারুদন্তদোচাতে 1/8 1/

यना यनन, हि न्यवनारे, न-ना, रेक्सियार्थयु-रेक्सियार्डाना विभास, न-ना, कर्मम्—मकाभ कर्द्म, अनुबद्धारु—आमक इन, मर्वमःकञ्च—मभक्त कड़ वामनाः, সন্মাসী—ত্যাগী: যোগারুড়:—যোগারুড়; ডদা তখন; উচাতে—বলা হয়

Chinis

গীতার গান

ইন্দ্রিয়ার্থ যদা কর্ম আচরিত নয়।
সর্ব সংকল্পশৃন্য সন্মাসী সে হয় ॥
যোগান্তত্ সে অবস্থা শান্তের নির্ণয়।
সে অবস্থা মুক্ত পথ করহ আত্রয়॥

অনুবাদ

যখন যোগী জড় সূখতোগের সমন্ত সংকল্প তঃগ করে ইন্দ্রিয়ভোগ্য বিষয়ে এবং সকাম কর্মের প্রতি আসতি স্বাহিত হন, তখন তাঁকেই যোগারুড় বলা হয়।

ভাৎপর্ব

মানুষ যথন ভিতিযোগে সর্বতোভাবে ভগবানের সেবায় নিমোঞিত হয়, তথন সে সর্বতোভাবে আদ্মতৃপ্ত হয়, তথন ইন্দ্রিয়তৃপ্তি অথবা সকাম কর্ম করার কোন প্রবৃত্তি তার থাকে না আর তা না হলে, সে অবশাই ইন্দ্রিয়তৃপ্তি সাধনে প্রবৃত্ত হবে, কারণ কর্মরহিত হয়ে মানুষ কথনও থাকতে পারে না। তাই, কৃষ্ণভাবনাময় কর্ম না করা হলে, আদাকেন্দ্রিক অথবা সমষ্টির স্বার্থে কর্ম করার বাসনা দেখা দেবে। কৃষ্ণভাবনাময় ভক্ত কিন্তু শ্রীকৃষেল সন্তোষ বিধানের জনা সব কিছুই করেন, তাই তিনি ইন্দ্রিয়-তৃপ্তির ব্যাপারে সম্পূর্ণ নিরাসক্ত। পঞ্চান্তরে বলা যায়, যার এই উপলব্ধি হয়নি, তাকে যোগমার্গরূপ সিডিয় সর্বোচ্চ ধাপে উপনীত না হওয়া পর্বন্ত বিষয়-বাসনা থেকে মুক্ত হওয়ার জন্য যান্তবং প্রমন্ত্র করতে হবে।

গ্ৰোক ৫

উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ। আত্মৈৰ হ্যাত্মনো বন্ধুবান্ধেৰ রিপুরান্ধনঃ ॥ ৫ ॥

উদ্ধরেৎ—উদ্ধার করা কর্তব্য, আত্মলা—মনের দ্বারা, আত্মানম্—জীবান্থাকে, ন—
না, আত্মানম্ আত্মাকে, অবসাদয়েৎ অধ্যংগতিত করা; আত্মা মন, এব—
অবশাই, হি বাস্তবিকই, আত্মনঃ—জীবাত্মার, বন্ধু;—বন্ধু, আত্মা মন, এব—
অবশাই, বিপৃঃ—শক্ত, আত্মনঃ—জীবাত্মার।

গীতার গান

অনাসক্ত বিষয়েতে যথা কর্ম দৃঢ় ।
সংসার সে কৃপ হতে নিজ আত্মা কাড় ॥
আত্মাকে উদ্ধার করা আত্মার উচিত ।
আত্মাকে নাহি কড় কর অবসাদ ॥
আত্মাই আত্মার বন্ধু আত্মাই সে রিপু ।
আত্মার শক্র যে হয় হিরণ্যকশিপু ॥

অনুবাদ

মানুবের কর্তব্য তার মনের দারা নিজেকে জড় জগতের বন্ধন থেকে উদ্ধার করা, মনের দারা আত্মাকে অধ্যপতিত করা কখনই উচিত ময়। মনই জীবের অবস্থা ডেনে বন্ধু ও শক্ত হয়ে থাকে।

ভাৎপর্য

অবস্থানুসারে আন্ধা কলতে দেহ, মন ও আন্ধাকে বোঝার যোগপস্থার বন্ধ জীবান্ধা। ও মনের বিশেষ গুরুত্ব আছে। যেহেতু মনই হচ্ছে, যোগান্ড্যাসের কেন্দ্রে, তাই এখানে আরা বলতে মনকে বোঝানো হয়েছে যোগান্ত উদ্দেশা হছে মনকে বল করে ইন্দ্রিয়-বিষয় থেকে তাকে সম্পূর্ণ অনাসক্ত রাখা এখানে ওরুত্ব দেওয়া হয়েছে যে, মনকে এমনজারে সংযত করতে হবে যাতে জিনি বন্ধ জীবকে জ্ঞান-সাগর থেকে উদ্ধার করতে সমর্থ হন জড় বন্ধনে আবন্ধ জীব মন ও ইন্দ্রিয়ের অধীন থাকে। বাক্তবিকপক্তে শুদ্ধ আত্মা এই, জড় জগতে আবন্ধ হয়ে পড়ে কারণ মন অহন্ধারের দ্বারা আছের হয়ে জড়া প্রকৃতির উপর আধিপতা বিভার করতে চায়। তাই, মনকে এমনজারে শিক্ষা দেওয়া উচিত যাতে সে আর মায়ার মিখ্যা চমকের প্রতি আকৃষ্ট হয়ে অহাপতিও হওয়া উচিত যাতে সে আর মায়ার মিখ্যা চমকের প্রতি আকৃষ্ট হয়ে অহাপতিও হওয়া উচিত নয়ন বিষয়ের প্রতি আকর্ষণ বন্ধ বেনে, ভবরোগের বন্ধনটিও তত দৃত হবে বন্ধন থেকে মুক্তির সর্বোত্তম পন্থা হছে কৃষ্ণভাবনায় মনকে সর্বক্ষণ নিযুক্ত করে রাখা এই কথাটিকে জার দেওয়ার জন্য হি শব্দিট এখানে প্রয়োগ করা হয়েছে, অর্থাৎ, এই ছাড়া জন্য কোন উপায় নেই, তাই এই পন্থাকে অবশ্বই প্রহণ করা উচিত শান্তে বলা হয়েছে—

শ্রুপ্রভাগ **শ্রে**

প্ৰোক ৭1

भन थन भनुगानाः कातनः नकस्मान्यस्याः । नकाम विषमान्यमा भूटेका निर्विगमः भनः ॥

"মনই মানুষেব বন্ধন অথবা মৃক্তির কাবণ। ইন্দ্রিয়ের বিষয়ের প্রতি মনের তথ্যয়তা হচ্ছে বন্ধনের কারণ এবং বিষয়ের প্রতি মনের অনাসন্তি হচ্ছে মৃক্তির কারণ।" (অমৃত্যবিদ্ধু উপনিষদ ২) সূতবাং কৃষ্ণভাবনায় সর্বদা মনকে নিয়োজিত রাখলে চরম মুক্তি লাভ সম্ভব হয়।

শ্লোক ৬

বন্ধুরাত্মাত্মনস্তস্য যেনাত্মেরাত্মনা জিভঃ। অনাত্মনস্ত্র শত্রুতে বর্তেতাত্মের শত্রুবং ॥ ৬ ॥

বন্ধু:—বন্ধু, আত্মা—মন, আত্মনঃ—জীবেরং তস্য—তাঁর, ফেন—থবে ছারা, আত্মা—মন, এখ—অবগাই, আত্মনা—জীবারা কর্তৃক, জিতঃ—বিভিত, অনাত্মনঃ —যিনি মনকে সংযত করতে অকম, তু—কিন্তু, শক্রবেশ—শত্রতার জনা, বর্তেত—থাকেন, আহৈত্মই—সেই মন, শত্রকং—শত্রক মতো।

গীতার গান

যে জন জিনিল নিজ মন আব্যক্তিত।
সে মন যে বন্ধু তাহা শান্তেতে কথিত।
অজিত যে মন সেই মন নিজ শক্ত।
অপকারী হয় সদা বিরুদ্ধ বিপক্ষ ।

অনুবাদ

যিনি তাঁর মনকে জয় করেছেন, তাঁর মন তাঁর পরম বন্ধু, কিন্তু যিনি তা করতে অক্ষম, তাঁর মনই তাঁর পরম শক্ত।

তাৎপর্য

অন্তান্ধ যোগের অনুশীলন করার উদ্দেশ্য হচ্ছে শ্বনকে সংবত করা, বার ফলে পরমার্থ সাধনের পথে সে বন্ধুর মতো সাহায়া করতে পারে। ফনংসংখ্যা না করে লোকদেখানো যোগাভাগে করলে কেবল সময়ের অপচয় হয়। যে মানুষ মনকে কা করতে অক্ষয়, সে সুর্বক্ষণ তার প্রম শব্দর সঙ্গে বাস করছে। তার কলে, তার জীবন ও তার উদ্দেশ্য, দু ই মৃষ্ট হয়ে যায় জীবের স্থরূপ হচ্ছে তার প্রভুর আব্রুথ পালন করা। মন যডক্ষণ অজিত শত্রু হয়ে থাকে, ততক্ষণ তাকে কাম, বেশং, লোভ, মোহ আদির আছা পালন করতে হয় কিন্তু মন যথন বদীভূত হয়, তথন পরমাত্মারপে প্রত্যেকের হাদয়ে অবস্থিত যে ভগবান তার আদেশ পালনে জীব স্বতঃপ্রবৃত্ত হয়। যোগাভ্যাদের যথার্ব তাৎপর্য হচেছ, হাদয়ে পরমাত্মার সঙ্গে সংযুক্ত হয়ে। যোগাভ্যাদের যথার্ব তাৎপর্য হচেছ, হাদয়ে পরমাত্মার সঙ্গে সংযুক্ত হয়ে। বোগাভ্যাদের করা। কেউ যথন সরাসরিভাবে কৃষ্ণভাবনামৃত গ্রহণ করে, তথন সে আপনা থেকেই ভগবানের আজ্ঞার প্রতি সম্পূর্ণভাবে শ্রুণাগত হয়।

গ্রোক ৭

জিতাত্মনঃ প্রশান্তস্য পরমাত্মা সমাহিতঃ । শীতোকসুখদুঃখেষু তথা মানাপমানয়োঃ ॥ ৭ ॥

ক্রিডান্থন:—ক্রিডেন্ডির, প্রশান্তন্য —প্রশান্ত ব্যক্তির: পরমান্থা—প্রমান্থা, সমাহিতঃ —সমাধিস্থ, শীশু—শীত, উন্ধা—তাপ: সুথ—সুথ, দুঃখেষু—দুঃখ: তথা—ও, মান—সম্মান, অপমানেরেঃ—অপমান।

গীতার পান

প্রশান্ত যে মন সেই সর্বদট্ট জিত । আত্মজিত মন পরমান্মা সমাহিত ॥ গ্রীম শীত যত দৃঃখ মান অপমান । জিত মন যার তার সকলই সমান ॥

অনুবাদ

জ্বিতেন্দ্রিয় ও প্রশান্তচিত্ত ব্যক্তি পরমাত্মাকে উপলব্ধি করতে পেরেছেন তাঁর কাছে শীত ও উচ্চ, সূব ও দুঃখ এবং সম্মান ও অপমান সবই সমান,

ভাৎপর্য

পরমান্তারূপে প্রত্যেক জীবের অন্তরে বিরাজ করেন যে ভগবান তাঁর আদেশ পালন করাই হচ্ছে জীবের ষথার্থ কর্তব্য। বহিবঙ্গা মাগ্রাশক্তির প্রভাবে মন যখন বিপথে চালিত হয়, তখন জীব জড় জগতের বন্ধনে আবদ্ধ হয়ে পড়ে তাই, কোন

শ্ৰোক ১ী

তণ্ঠ

একটি যোগ অভ্যাস করার মাধ্যমে মন যখন সংযত হয়, ভঞ্চ বুবাতে হবে যে, তিনি তাঁব গন্তব্যস্থলে উপনীত হয়েছেন। ভগবানের আদেশ সকলকেই পালন করতে হয়। মন যখন পরা প্রকৃতিতে নিবিষ্ট হয়, তখন ভগবানের আদেশ শিরোধার্য করা ছাডা আর কোন বিকল্প পছা থাকে না। মনকে অবশাই উর্থ্যতন কারও বশ্যতা স্বীকার করে তাঁর নির্দেশ অনুসারে পরিচালিত হতে হয়। মনকে সংযত করার ফলে মন আপনা থেকেই প্রয়ান্থায় নির্দেশ জনুসারে পরিচালিত হতে থাকে কৃষ্ণভাবনাময় ভগৰত্তক যেহেতু অবিপাৰে এই অপ্ৰাকৃত স্তরে উন্নীত হন, তাই তিনি সুখ-দঃখ, শীত-উন্ধ আদি জড় অস্তিত্বের দ্বৈত ভাবের দ্বারঃ প্রভাবিত হন ন। এই অবস্থাকে বলা হয় ব্যবহারিক সমাধি অথবা ভগবৎ-তন্ময়তঃ।

শ্ৰোক ৮

জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা কৃটছো বিজিতেন্দ্রিয়ঃ । যুক্ত ইত্যুচ্চতে যোগী সমলোষ্ট্রাশ্বকাঞ্চনঃ ॥ ৮ ॥

স্থান—প্লান, বিজ্ঞান—উপলব্ধ আন, কুপ্ত—তৃণ্ড, আস্থা—জীব, কৃটসুঃ—চিশায় ন্তুরে অধিষ্ঠিত: বিশ্বিতেন্দ্রিয়ঃ—জিতেন্দ্রিয়, দৃষ্ঠঃ—আগ্রন্ধান লাভের যোগা: ইকি—এভাবে, উচ্যতে—বলা হয়, যোগী—যোগী, সম—সমদৰ্শী, লোষ্ট্ৰ—মৃৎথও, অশ্ব---পাথর, কাঞ্চনঃ---সোনা।

গীতার গান

নিজ তপ্ত সেই মন জ্ঞান বিজ্ঞানেতে। কৃটস্থ বিজিতেন্তির নিজের কার্যে**ত** ॥ সম লোম্ব্র শ্বর্ণ যার খুক্ত হয় যোগী। সকল অবস্থাতে যে সর্বদাই ত্যাগী ॥

অনুবাদ

যে যোগী শাস্ত্রজ্ঞান ও তত্ত্ব অনুভৃতিতে পরিতৃপ্ত, মিনি চিন্ময় স্তরে অধিষ্ঠিত ও জিতেন্দ্রিয় এবং যিনি মৃৎখণ্ড, প্রস্তর ও সুবর্ণে সমদর্শী, তিনি যোগারচ্ বলে কথিত হন।

তাংপর্য

পরম তত্ত্বের অনুভূতি না হলে পুঁথিগত বিদ্যার কোন সার্থকতা নেই শাস্ত্রে বলা ইর্ব্বৈছে -

खलः बीक्यभाभाषि न खरामश्राशासिसराः । (मरवान्त्रर्थ हि किशापी बराद्यव मुन्त्रजामः ॥

'জড় কল্বিড ইন্দ্রিয়ের থারা কেউ শ্রীকৃঞ্জের নাম, রূপ, গুণ, লীলার দিব্য প্রকৃতি উপপত্তি করতে পারে না। ভগবানের সেবা করার মাধ্যমে যখন সিবা চেতনার উন্মেৰ হয়, তখন ভগবানের অপ্রাকৃত নাম, রূপ ও লীলার চিন্ময় স্বরূপ জাঁর কাৰে অনুভুত হয়।" (ভক্তিরসামুতসিম্ভ পর্ব ২/২৩৪)

এই *ভগবদ্গীতা হতে* কৃষ্ণভাবনার বিজ্ঞান। কেবল সৌকিব পাণ্ডিত্যের হারা কবন্ডাবনা লাভ করা বায় না ৷ এই জ্ঞান লাভ করতে হলে ভগবং-তত্ত্বেন্তা ওদ্ধ ভক্তের সঙ্গ লাভের সৌভাগাবান হতে হবে ভগবান শ্রীকৃষ্ণের কুপার ফলে কৃষ্যভাবনাময় মহাস্থা ভগ্নবৎ-তত্ত্ব উপলব্ধি করতে পারেন, কারণ তিনি শুদ্ধ ভক্তির ছারঃ পরিতপ্ত হরে থাকেন। ভগবৎ-তত্তজান উপলব্ধির ফলে মানুহ তাঁর জীবনের বঘার্থ সার্থকতা লাভ করেন। অহাকৃত জানের প্রভাবে ভগবানের প্রতি বিশ্বাস দুঢ় হয়, কিন্তু পৃথিগত বিদ্যার ফলে আপাত পরস্পর-বিরোধী উক্তির দ্বারা সহজেই মোহাচ্চর ও বিভ্রান্ত হরে পভার সম্ভাবনা থাকে। ভগবৎ-তন্তবেত্তা কৃষ্ণভত্তই হচ্ছেন যথার্থ আত্ম-সংযমী, কারণ ডিনি সর্বতোভাবে ভগবান শ্রীকৃষ্ণের শরণাগত তিনি সর্বদাই অপ্রাকৃত ক্তরে অধিষ্ঠিত, কারণ সৌকিক জ্ঞানের সঙ্গে তাঁর কোন শম্পর্ক নেই। অন্যদের কাছে লৌকিক বিদ্যা ও মনোধর্মপ্রসত জ্ঞান স্বর্ণবং উন্তম বলে প্রতিভাত হতে পারে, কিন্তু কৃষ্ণভক্তের কাছে তার মূল্য এক টুকরো মৃৎথণ্ড বা পাথরের থেকে বেশি নয়।

রোক ৯

সূক্রিরার্দাসীনমধ্যস্থ্রেষাবস্কুষ্ । সাধ্ৰুপি চ পাপেৰু সমবুদ্ধিবিশিষ্যতে ॥ ৯ ॥

সুকং—স্বভাবত হিভাকাঞ্চী, মিত্র—স্লেহবশত হিতকারী, অরি—শত্রু, উনাসীন— বিবাদের মধ্যেও নিরপেক্ষ, মহাস্থ—বিবাদ মিমাংসাকারী, দ্বেষ্য মংসর বন্ধুমূ বন্ধতে, সাৰ্যু সাধুতে, অণি ও, চ—এবং, পাপেযু—পাপীতে, সমবৃদ্ধিঃ— সমবৃদ্ধি; বিশিষ্যতে শ্রেষ্ঠতা লাভ করেন।

(영화 201

গীতাৰ গান

সক্রদ মিত্র নিষ্পক্ষ বন্ধ কিংবা অরি। সকলেৰ প্ৰতি যিনি সমবদ্ধি করি ॥ মধ্যস্থ কিংবা সাধু যে পাপীয়সী হয় ৷ সকলের প্রতি সামা শ্রেষ্ঠতা প্রাপর II

অনুবাদ

যিনি সূত্রদ, মিত্র, শত্রু, উদাসীন, মধ্যস্থ, মৎসর, বন্ধু, ধার্মিক ও পাপাচারী— সকলের প্রতি সমবৃদ্ধি, তিনিই শ্রেষ্ঠতা লাভ করেন।

গ্ৰোক ১০

যোগী যঞ্জীত সভতমাত্মানং রহসি স্থিতঃ । একাকী যতনিজ্ঞান্ধা নিরাশীরপরিগ্রহঃ ॥ ১০ ॥

যোগী—যোগী, যুঞ্জীত—সমাধিযুক্ত করবেন, সহতম্—সর্বনা, আক্সান্স্—(দেহ, মন ও আব্যার হারা) নিজেকে, রহসি—নির্জন স্থানে, স্থিতঃ—অবস্থিত হয়ে; একাকী—একলা; যতচিত্তাত্মা—সংযতচিত্ত, নিরাশীঃ—নিম্পৃহ হয়ে, অপরিগ্রহঃ— পবিগ্রহ বহিত হয়ে।

গীতার গান

যে যোগী সকত থাকি একাকী নিৰ্জনে । নিরাশী অপরিগ্রহ চিত্তের যতনে 1 সমাধিস্থ হয়ে থাকে অধিক সময়। বৈরাগী ভাহার মন ক্শীভূভ হয় ॥

অনুবাদ

যোগারুত ব্যক্তি সর্বদা পরব্রসো সম্পর্কযুক্ত হয়ে তাঁর দেহ, মন ও নিজেকে নিয়োজিত করবেন, তিনি একাকী নির্জন স্থানে বসবাস করবেন প্রবং সর্বদা সতর্কভাবে তাঁর মনকে বশীভূত করবেন। ভিনি বাসনামূক ও পরিগ্রহ রহিত হবেন।

ভাৎপর্য

জরবিশেষে শ্রীকৃষ্ণকে ব্রহ্ম, পরমাত্মা ও পরম পুরুষোত্তম ভগবানরূপে উপলব্ধি করা যায়। ডক্তি সহকারে সর্বক্ষশ ভগবানের সেবা করাই হচ্ছে কৃষ্ণভাবনা কিন্তু নির্বিশেষ ব্রহ্মবাদী জ্ঞানী এবং পরমান্তার অবেষণকারী যোগীরাও আংশিকভাবে কুকুজাবনাময়, কারণ নির্বিশেব একা হচ্ছেন ভগবানের দেহনির্গত রুশ্মিছটো এবং সর্বব্যাপ্ত পরমাস্বা হচ্ছেন ভগবানের আংশিক প্রকাশ তাই, ভক্তি সহকারে ভগবানের সেবা না করলেও যোগী এবং জ্ঞানীরাও পরোক্ষভাবে কৃষ্ণভাবনাময়। তবে, সরাসরিভাবে কৃষ্ণভাবনাময় ভক্তাই হচ্ছেন সর্বশ্রেষ্ঠ যোগী, কারণ তিনি পূর্ণরাপে ব্রহ্ম ও পরমান্ধাতত্ত্ব সাহকে অবগত তিনিই পরমতত্ত্বকে পূর্ণরাপে উপলব্ধি করতে পেরেছেন। কিন্তু নির্বিলেষবাদী জ্ঞানী ও ধ্যানমগ্ন যোগী পূর্ণরূপে কুক্তাক্মমৃত লাভ করতে পারেননি।

তা সবেও, এই সমস্ত নির্দেশ এখানে দেওয়া ইয়েছে তাঁদের নির্দিষ্ট কার্য্কদাপে সর্বদাই নিয়োজিত হবার জনো যাতে তাঁরা আগে-পরে সর্বোদ্রম সিচিতে পৌঁচতে পারে। যোগীর প্রথম কর্তব্য হকে মনকে সর্বদা ভগবান শ্রীকৃষ্ণে একাপ্স করা। মৃত্তের জনাও ভগবান খ্রীকৃষ্ণকে ভূগে না গিয়ে সর্বক্ষণ তার কথা স্মরণ করা। এভাবেই নিরম্ভর ভগবানের চিন্তার মনকে একাগ্র করার নাম হচ্ছে সমাধি মনের এই এঞ্চাপ্রতা লাভ করার জন্য নির্জনে বসবাস করা উচিত এবং বাহ্য বিষয়রূপী উপদ্রব থেকে দরে থাকা উচিত। সাধকের সতর্ক থাকা উচিত—ভগবৎ-প্রাপ্তির জনা অনুকৃত্ন পরিস্থিতি গ্রহণ করা এবং প্রতিকৃত্ব পরিস্থিতি পরিত্যাগ করা দৃঢ় সংকলের সঙ্গে তার জনাবশ্যক ভোগবাসনা পরিত্যাগ করা উচিত, কারণ তা পরিগ্রহরূপে বন্ধনের সম্ভি করে।

এই সমস্ত সাধন ও সতর্কভার পূর্ণ পালন তিনিই করতে পাবেন, যিনি সর্বতোভাবে কৃষ্ণভাবনাময়, কারণ সর্বতোভাবে কৃষ্ণভাবনাময় হওয়া মানেই সম্পূর্ণরূপে ভগবানের কাছে আদ্ম উৎসর্গ করা। এই ধরনের ত্যাগে পরিগ্রহের কোন সম্ভাবনা থাকে না। শ্রীল রূপ গোস্বামীপাদ কৃষ্ণভাবনামূতের ব্যাখ্যা করে वरलएइन --

> ञनामकमा विषयान यथार्ध्यभयद्वज्ञः । निर्वेश्वः कृष्णमश्रद्धः युक्तः देवतानाभूहाएक ॥ **थांशिकल्या वृद्धाः इदिमप्रक्रितस्कृतः** । **मुमुम्मिनः श**तिजारमा देखाभाः कहा कथारज ॥

(3)1本 28]

"বিষয়ের প্রতি আসন্তিশূন্য হয়ে এবং শ্রীকৃষ্ণ সম্বন্ধে নির্বন্ধ করে ভগবানের সেবার অনুকূল বিষয়টুকু প্রহণ করাকেই বলা হয় যুক্তবৈরাগ্য। পক্ষান্তরে, শ্রীকৃষ্ণের সঙ্গে জীবের সম্পর্কের কথা না জেনে যে সব কিছু পরিত্যাগ করে, তার বৈরাগ্য পূর্ণ নয়।" (ভক্তিরসায়তসিশ্ব পূর্ব ২/২৫৫-২৫৬)

কৃষণভাবনাময় ভক্ত যথার্থনপে জানেন যে, সব কিছুই শ্রীকৃষ্ণের সম্পণ্ডি। তাই, তিনি কোন কিছুই নিজের বলে দাবি করেন না। নিজে ভোগ করার জনা তিনি কোন কিছুর লালসা করেন না। তিনি জানেন, শ্রীকৃষ্ণের সেবার অনুকৃষে কেন্টি গ্রহণ করা উচিত এবং কোন্টি পরিত্যাগ করা উচিত। বিষয় ভোগের প্রতি তিনি সর্বদাই উদাসীন, কারণ তিনি সর্বদাই অপ্রাকৃত ভরে অধিষ্ঠিত। ভগবল্পভ ছাড়া আর কারও সঙ্গ করার কোন প্রয়োজন নেই বলে তিনি সর্বদাই একাকী। তাই, কৃষণভাবনাময় ভক্তই হচ্ছে পরম যোগী।

প্রোক ১১-১২

শুটো দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাননমান্ধনঃ । নাত্যুচ্ছিতং নাতিনীচং চৈলাজিনকুশোন্তরম্ ॥ ১১ ॥ ভৱৈকাগ্রং মনঃ কৃত্বা যভচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ । উপবিশ্যাসনে যুঞ্জাদ যোগমান্মবিশুজয়ে ॥ ১২ ॥

শুটো—পবিত্র; দেশে—স্থানে, প্রতিষ্ঠাপ্য—স্থাপন করে, স্থিরম্—দ্বির, আসনম্—আসন; আত্মনঃ—নিজের, ন—না; অতি—অতি: উল্ট্রিতম্—উচ্চ, ম—না, অতি—অতি, নীচম্—নীচু, টেলাজিনকুশোন্তরম্—কুশাসনের উপর মৃগচর্ম, তার উপরে বস্ত্রাসন রেখে, তক্ত—সেই আসনে, একাগ্রম্—একাগ্র, মনঃ—মনকে; কৃত্বা—করে, ফতচিন্ত—মনকে সংযত করে, ইন্তিয়—ইন্তিয়, ক্রিয়ঃ—কার্যকলাপ; উপবিশ্য — উপরেশন করে, আসনে—আসনে, মৃঞ্জ্যাৎ—অভ্যাস করকেন, যোগম্—যোগ অভ্যাস; আয়—অন্তঃকরণ, বিশুদ্ধযো—শুদ্ধ করবার জন্য।

গীতার গান

পবিত্র স্থানেতে বসি নিজাসন উপরে । চেলাজিন বস্ত্র আসনাদি পরোপরে ॥ অতি উচেচ নাহি বসে অতি নীচে নহে । স্থির মন হয়ে সেবা যোগাভালে রহে ॥ একাগ্রতঃ মন করি যত চিত্তেন্দ্রিয় । যোগাভ্যাস করে মুনি বিশুদ্ধ হাদয় ॥

অনুবাদ

বোগ অভাসের নিরম এই বে, কুশাসনের উপর মৃগচর্মের আসম, তার উপরে, বস্ত্রাসন রেখে অভান্ত উচ্চ বা অভান্ত নীচ না করে, সেই আসন পরিত্র স্থানে স্থাপম করে ভাতে আসীন হবেন। সেখানে উপরিষ্ট হয়ে চিন্ত, ইন্দ্রিয় ও ক্রিয়াকে নিয়ন্ত্রিত করে চিন্ত ওদ্ধির জন্য মদকে একাণ্ডা করে যোগ অভ্যাস করবেন,

ভাৎপর্য

এখানে 'পবিত্র স্থান' বলতে তীর্থস্থানকে বোঝানো হয়েছে। ভারতবর্ষে প্রায় সমস্ত যোগী ও ভক্ত গৃহত্যাগ করে প্রয়াগ, মথুরা, বৃন্দাবন, হাষীকেশ, হরিয়ার আদি স্থানে অথবা গঙ্গা ও বসুনার তীরবর্তী কোন নির্দ্ধন স্থানে বসবাস করে যোগ অনুশীলন করেন। কিন্তু আধুনিক যুগের অধিকাংশ মানুষের পঞ্চে এই ধরনের সাধনা করা সন্তব নয়। আজকাল অনেক বড় বড় শহরে তথাকথিত যোগ অনুশীলনের কুল বা যৌগিক সংস্থা গড়ে উঠেছে এই সমস্ত সংস্থাওলি টাকা উপার্জনের একটি ভাল বাবসা হতে পারে, কিন্তু যথার্থ যোগ সাধনার জন্য এওলি সম্পূর্ণ অনুপযুক্ত। উদ্বিগ্রচিত্ত, অসংযমী মানুষ কখনই ধ্যান করতে পারে না তাই, বৃহদারদীয় পুরানে বলা হয়েছে যে, বর্তমান কলিযুগে মানুষ যখন অন্ধার্য, পরমার্থ সাধনের অপটু এবং সর্বদাই নানা বকম উপদ্রবের দ্বারা উৎক্তিত, তাদের ক্ষেত্রে পরমার্থ সাধনের শ্রেষ্ঠ পদ্বা হচ্ছে হরেকৃক্ত মহামন্ত্র সংকীর্তন করা

स्टर्सम्य स्टब्सम्य स्टब्सियन रकवनम् । करनी नारकाव मारकाव मारकाव भिजनगर्था ॥

"বিবাদ ও শঠতায় পরিপূর্ণ এই কলিযুগে মুক্তি লাভের একমাত্র উপায় হচেছ হবেকৃষ্ণ মহামন্ত্র সংকীর্তন করা। এ ছাড়া আর কোন গতি নাই, এ ছাড়া আর কোন গতি নাই, এ ছাড়া আর কোন গতি নাই।"

প্লোক ১৩-১৪

সমং কামশিরোগ্রীবং ধারয়নচলং স্থির: । সংশ্রেক্য নাসিকাগ্রং স্বং দিশশ্চানবলোকয়ন্ ॥ ১৩ ॥

প্রশাস্তাত্মা বিগতভীর্রন্সচারিবতে স্থিতঃ । মনঃ সংযম্য মচিত্তো যুক্ত আসীত মৎপরঃ ॥ ১৪ ॥

সমম্—সরল, কায়শিরঃ শরীর ও মন্তক, গ্রীবম্—গ্রীবা, ধারম্ন্ ধারণ করে, অচলম্—নিশ্চলভাবে, স্থির:—স্থির হয়ে, সংপ্রেক্ষ্য—দৃষ্টি রেখে, নাসিকগ্রেম্—নাসিকার অগ্রভাগে, স্বম্—স্বীয়, দিশঃ—সমস্ত দিকে, চ—ও, অনবলোকমন্—অবলোকন না করে; প্রশান্ত—প্রশান্ত, আত্মা—চিত্ত; বিগতভীঃ—নির্ভয়, ব্রন্ধচারিরতে—ব্রন্ধচর্য হতে, দ্বিতঃ—অবস্থিত, ফনঃ—মন; সংযম্য—সম্পূর্ণনাপে সংযত করে; মং—আমাতে (শ্রীকৃষ্ণে), চিত্তঃ—চিত্ত, যুক্তঃ—সমাহিতভাবে, আসীত—অবস্থান করকেন, মং—আমাকে; পরঃ—চর্য লক্ষ্য।

গীতার গান

দেহ শির গ্রীবা ডিন সমান করিয়া 1
আচল অবস্থা ধীর ভাবেতে বসিয়া 1
নাসিকার অগ্রভাগ সতত দেখিয়া ।
অন্য যত দৃশ্যবস্তু কিছু না দেখিয়া 1
প্রশান্তাত্মা ভয় নাই ব্রহ্মচারী ব্রত ।
সংয্যিত মন ধেবা আমাতেই রত 1

অনুবাদ

শরীর, মস্তক ও শ্রীবাকে সমানভাবে রেখে অন্য দিকে দৃষ্টি নিক্ষেপ না করে, নামিকার অগ্রভাগে দৃষ্টি নিবন্ধ করে প্রশান্তাত্মা, ভয়শূনা ও প্রত্মচর্যক্তে স্থিত পুরুষ মনকে সমস্ত জড় বিষয় থেকে প্রত্যাহার করে, আমাকে জীবনের চরম লক্ষারূপে স্থির করে হাদয়ে আমার ধ্যানপূর্বক যোগ অভ্যাস করকে।

তাৎপর্য

জীবনের উদ্দেশ্য হচ্ছে শ্রীকৃষ্ণকে জানা, যিনি চতুর্ভুজ্ঞ বিষ্ণুপ্তাপে সকলের হাদরে প্রমাত্মারূপে বিরাজ করছেন যোগসাধন করার উদ্দেশ্য হচ্ছে ভগবানের এই পরমাত্মা রূপকে দর্শন করা এ ছাড়া যোগের আর কোন উদ্দেশ্য নেই। জীবের হাদয়ে বিরাজমান বিষ্ণু শ্রীকৃষ্ণেরই অংশ। চতুর্ভুজ্ঞ বিষ্ণুরূপী পরমাত্মাকে দর্শন করার অভিপ্রায় না নিয়ে যিনি খোগ অনুশীলন করেন, তিনি কেবল অনর্থক সমরের

অপচয় করেন। জীবনের পরম উদ্দেশ্য হচ্ছে জগবান শ্রীকৃষ্ণকে জানা। যোগাভ্যাসের মাধ্যমে তারই অংশ পরমান্ত্রাকে জানার চেষ্টা করা হয় জীবের হৃদরে বিরাজমান পরমান্ত্রারূপী শ্রীবিষ্ণুকে উপলব্ধি করতে হলে পূর্ণ ব্রহ্মার্চর্য পালন করছে হয়। তাই, যোগীকে গৃহত্যাগ করে নির্জনে একাকী পূর্বোক্ত বিধি অনুসারে জগবানের ধ্যান করতে হয়। যরে অথবা বাইরে নিত্য মৈথুন পরায়ণ হয়ে তথাকথিত যোগাভ্যাস করলে কখনই যোগী হওয়া যায় না। মনঃসংযম ও সমস্ত রক্মের ইন্দ্রিয়তর্পণ, বিশেষ করে যৌন জীবন পরিত্যাগের অভ্যাস করতে হয়। মহর্ষি যাজ্ঞবদ্ধা রচিত ব্রহ্মান্তর্য-ব্রত সন্দর্ভে বলা হয়েছে—

कर्मभा मनमा राहा भर्वारङ्गम् भर्दमा । भर्तत रेमभूनजारभा त्रचाहर्मर शहकरण ॥

"সব রক্ষম পরিস্থিতিতে সর্বদা সর্বত্র মন, বচন ও কর্মের ধারা পূর্ণরূপে মৈথুন পরিতাগ করকে বলা হয় বলাচর্য।" মেথুন-পরায়ণ ব্যক্তি কথনেই থথার্থ যোগসাধন করতে পারে না। তাই শৈশধ থেকেই বলাচর্য পালন করার শিলা দেওয়া হয়, কারণ তখন বৌন জীবন সম্বন্ধে তার কোন ধারণাই থাকে না বৈদিক সংস্কৃতি জনুসারে শিশুকে পাঁচ বছর বরসে ওক্রকুলে প্রেরণ করা হয়, সেখানে ওক্ষদের তাকে বলাচর্যের দৃঢ় সংবম শিশু দান করেন এজাবেই সুনিয়ন্ত্রিত না হলে ধানি, জান অথবা ভক্তি আদি কোন যোগের পথেই অগ্রসর হওয়া যায় না শাস্ত্রের বিধান অনুসারে বিবাহিত জীবন যাপন করে যে সুনিয়ন্ত্রিতভাবে স্থীসঙ্গ করে, তাকে রশ্মচারী বলে গণ্য করা হয়। এই ধরনের সংযত গৃহস্থকে ডক্ত সম্প্রদায় গ্রহণ করে না। তাদেব জনা পূর্ব রশ্মচর্য পালন করা অবশ্য কর্তব্য। ভক্তিমার্গে গৃহস্থ রশ্মচারীকেও গ্রহণ করে না। তাদেব জনা পূর্ব রশ্মচর্য পালন করা অবশ্য কর্তব্য। ভক্তিমার্গে গৃহস্থ রশ্মচারীকেও গ্রহণ করে না। তাদেব জনা পূর্ব রশ্মচর্য পালন করা অবশ্য কর্তব্য। ভক্তিমার্গে গৃহস্থ রশ্মচারীকেও গ্রহণ করে করা হয়, কারণ এই যোগ এত বলবন্তী যে তার অভ্যাস করে ভগবানের সেরা করাব ফলে শ্রীসঙ্গ করার সমন্ত বাসনা আপনা থেকেই অন্তর্হিত হয়ে যায়। ভগবদ্গীতায় (২/৫৯) বলা হয়েছে—

विषया विनिवर्जस्य निवाशवमा पारिनः । तमवर्षाः तरमाश्यामा श्वार मृद्या निवर्जस्य ॥

পরমার্থ সাংনের পথে আর সকলকে জোর করে ইন্দ্রিয় সংযম কবতে হলেও পরমান্তরের সৌন্দর্য দর্শন করে তাঁর প্রতি আকৃষ্ট হওয়ার ফলে, ভড়ের আভ্যন্তরীণ বিষয়াসন্তি আপনা থেকেই নিবৃত্ত হয়ে যায়। ভক্ত ছাড়া আর কেউই এই অপ্রাকৃত আনশের স্থান পায় না

বিগতভীঃ পূর্ণরাপে কৃষ্ণভাবনামৃত লাভ করে প্রশান্ত না হলে নির্ভীক হওর।
যায় না, বন্ধ জীব স্বরূপ বিশ্বত হয়ে শ্রীকৃষ্ণকে ভূলে যাওয়ার ফলে সর্বদাই
ভীত। শ্রীমন্তাগবতে (১১/২/৩৭) বলা হয়েছে—ভদ্যং দ্বিতীয়াভিনিবেশতঃ
স্যাদীশাদপেতস্য বিপর্যয়োহশ্বতিঃ। কৃষ্ণভাবনামৃতই হচ্ছে ভন্ন থেকে মৃক্ত হওয়ার
একমাত্র অবলম্বন, তাই, কৃষ্ণভাবনামন্ন ভক্তই কেবল যথার্ঘভাবে যোগ অভ্যাস
করতে পারেন আর যেহেতু যোগসাধ্ব করার পরম লক্ষ্য হচ্ছে অন্তর্ধামী
শ্রীকৃষ্ণকে দর্শন করা তাই নিঃসন্দেহে কৃষ্ণভাবনাময় ভক্তই হচ্ছেন শ্রেষ্ঠ যোগী।
এখানে যে যোগের কথা বলা হয়েছে, তা আক্ষকাল বে সমস্ত জনপ্রিয় তথাকথিত
যোগশিক্ষা কেন্দ্র গড়ে উঠেছে, তা থেকে সম্পূর্ণ ভিন্ন।

শ্ৰোক ১৫

যুঞ্জরেবং সদাত্মানং যোগী নিয়তমানসঃ। শান্তিং নির্বাণপরমাং মৎসংস্থামধিগক্ষতি ॥ ১৫ ॥

যুপ্তান্—অভ্যাস করে; এবম্—এই প্রকারে; সদা—সর্বাদা, আজ্বাদম্—দেহ, মন ও আত্মাকে; যোগী—যোগী, নিয়তমাদসঃ—সংযতচিত্ত, শান্তিম্—শান্তি, নির্বাদ-পরমাম্—জড় বন্ধনমূক্তি, মৎসংস্থাম্—চিৎ-জগৎ, অধিগক্ততি—প্রাপ্ত হন।

গীতার গান

সেভাবে যে যোগ সাধে নিয়ত মানস।
সদাত্ম সেই যোগী অমৃত পরশ ॥
নির্বাণ পরম শাস্তি হয় অধিকারী।
ফিরে যায় মম ধামে খথা শীলাহরি॥

অনুবাদ

এভাবেই দেহ, মন ও কার্যকলাপ সংযত করার অত্যাসের ফলে যোগীর স্বভূ বন্ধন মুক্ত হয় এবং তিনি তখন স্বামার ধাম প্রাপ্ত হন।

তাৎপর্য

যোগ অনুশীলন করার পরম উদ্দেশ্য এখানে স্পষ্টভাবে ব্যাখ্যা করা হয়েছে। জড় জগতের সুখস্বাচ্ছন্য লাভ করা যোগ–সাধনের উদ্দেশ্য বয়। পৃক্লান্তরে, জড় লগতের বন্ধন খেকে মৃতি লাভ করাই হচ্ছে যোগ সাধনের পুকৃত উদ্দেশ্য সাস্থ্যের উন্নতি সাধন করা অথবা লৌকিক সিদ্ধিলাভ করার জন্য যোগ অভ্যাস যে করে, ভগবদ্গীতায় তাকে যোগী বলে স্বীকৃতি দেওয়া হয়নি। ভবরোগ নিবৃত্তির অর্থ সকপোলকন্ধিত শুনো বিলীন হয়ে যাওয়া নয় ভগবানের সৃষ্টিতে শূন্য বলে কিছুই নেই। বরং, ভবরোগ নিবৃত্তি হলে পরবোগমে ভগবৎ-ধাম প্রাপ্তি হয়। ভগবদ্গীতায় ভগবৎ ধামের বিশ্বদ বর্ণনা করে বলা হয়েছে যে, সেই বৈকুপ্তধামকে আলোকিত করবার জন্য সূর্ব, চন্দ্র অথবা তড়িৎ শক্তির প্রয়োজন হয় না। সেখানে প্রতিটি গ্রহই সূর্বের মতেয় আপন আলোকে উদ্ভাসিত ভগবৎ-ধাম সর্বব্যাপক, কিন্তু পরবোগ্য এবং সেখানে অবস্থিত গ্রহলোককে গরমং ধাম অথবা উৎকৃষ্ট ধাম বলা হয়।

বে যোগী তাঁর যোগ-শধনায় নিজিলাভ করেছেন, যিনি সর্বভোভাবে ভগবান শ্রীক্ষকে জানতে পেরেছেন, তার সম্বন্ধে ভগবান বলেছেন—*মান্টিভা, মংপরঃ*, মংস্থানম। তিনিই বথার্থ শান্তি লাভ করেন, জীবনান্তে কৃঞ্চলোক বা গোলোক কথাকে নামক তাঁর পরম ধামে প্রবেশ করার যোগাতা অর্জন করেন। ভগবানের আলয় গোলোক বন্দাক সদক্ষে *ব্ৰহ্মসংহিতাতে* (৫,৩৭) বলা হয়েছে, গোলোক এব নিবসতাখিলাক্সভাতঃ—ভগবান যদিও তাঁর স্বধাম গোগোকে বাস করেন, কিন্তু তা সন্ত্রেও তিনি তাঁর উৎকৃষ্ট চিন্ময় শক্তির প্রভাবে সর্বব্যাপ্ত ব্রহ্ম এবং সর্বভূতে পরমান্তারূপে সর্বত্র বিরাজমান। স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ এবং তার স্বাংশ-প্রকাশ বিষ্ণা সম্বন্ধে সর্বভোজাবে অবগত না হলে কোন অবস্থাতেই ভগবানের নিতা আলয় বৈকৃষ্ঠলোক অথবা গোলোক কুলাবনে প্রবেশ করা যায় না তাই, পূর্ণরূপে কৃষ্ণভাবনাময় হয়ে যিনি ভগবানের সেবা করছেন, তিনিই হচ্ছেন প্রকৃত যোগী, কারণ তাঁর মন সর্বভোভাবে ভগবান শ্রীকৃঞ্জের চিন্তাতেই মগ্য—স বৈ মনঃ कृष्णभाविकस्याः। (वरम्छ (श्वजन्ध्वय উপनियम ७/৮) वट्या इर्प्यस् বিদিত্বাতি মৃত্যুমেতি—"পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণকে জানতে পারার ফলেই জন্ম ও মৃত্যুর হাত খেকে উদ্ধার পাওয়া যায়।" এর থেকে বোঝা যায় যে, যোগসাধন করার একমাত্র উদ্দেশ্য হচ্ছে জড বন্ধন থেকে মৃক্ত হওয়া। ম্যাজিক দেখানো বা নারীরিক কসরৎ দেখিরে লোকঠকানো যোগের উদ্দেশ্য নয়

শ্লোক ১৬

নাজ্যপ্রতম্ভ যোগোহস্তি ন চৈকান্তমনগ্রতঃ । ন চাতিব্রপ্রশীলস্য জাগ্রতো নৈব চার্জুন ॥ ১৬ ॥ ভিষ্ঠ অধ্যায়

अशक ५१] शानरवात्र

963

ন—না, **অতি—অত্যধিক, অন্নতঃ—**ভোজনকারী, তৃ কিন্ত, **বোগঃ**—গরমেশ্বর ভগবানের সঙ্গে যুক্ত, **অক্তি—হ**য়, ন—মা; চ—ও; একান্তম্ নিতান্ত, **অনপ্রতঃ** —অন্যহারীর, ন না, চ—ও, অতি অত্যন্ত **স্বপ্রশীলসা—**নিধাশীলের, জাগ্রভঃ —জাগরণকারীর, ন—না, এব—কখনও, চ—এবং, **অর্ভুন—**হে অর্জুন।

গীতার গান

অতিভোজী অনাহারী যোগে সিদ্ধ নয় । অতিনিদ্রা অতিজ্ঞাগী শুন ধনঞ্জয় ॥

অনুবাদ

অধিক ভোজনকারী, নিভান্ত অলাহারী, অধিক নিদ্রাপ্রিয় ও নিদ্রংশ্ন্য ব্যক্তির যোগী ইওয়া সম্ভব নয়

তাৎপর্য

এই শ্লোকে যোগীদের আহার ও নিদ্রা সংযত করার নির্দেশ দেওরা হয়েছে। অতিভোকীর অর্থ হচেহ যে, যারা প্রাণ ধারণের অতিবিক্ত আহার করে। মানহের জন্য ভগবান যথেষ্ট পরিমাণে থাদ্য-শস্, ফল-মূল, দুধ আদি দিয়েছেন, তাই পশু ভক্ষণ করা মানুষের কোন মতেই উচিত নয়। *ভগবদ্গীতায়* এই প্রকার সাদাসিধে খাদ্যকে সৰ্ভণময় বলে বৰ্ণনা করা হয়েছে। মাংস ত্যোভণ-সম্পন্ন মানুষের আহার তাই, যারা মাছ-মাংস আহার করে, মদ পান করে, ধুমপান করে এবং ভগবান শ্রীকৃষ্ণকে নিবেদন না করে আহবে করে, তারা আহার-দোষের ফলস্করূপ নিঃসম্পেহে পাপের ফল ভোগ করে ভুপ্ততে তে ওয়ং পাপা যে পচন্ত্র্যক্ষকারদাং। যে ভগবান শ্রীকৃষ্ণকে নিবেদন না করে কেবল নিজের ইন্দ্রিয়-ভৃপ্তির জন্য রন্ধন করে এবং আহার করে, সে পাপ ভক্ষণ করে। বে এভাবে পাপ স্বাহার করে বা প্রয়োজনের অতিরিক্ত আহার করে, সে কথনই যোগ খনশীলন করতে পারে ভগবান শ্রীকৃষ্যকে নিবেদন করে তার প্রসাদ গ্রহণ করাই হচ্ছে দর্বশ্রেষ্ঠ পদ্র। কৃষ্যভাবনাময় ভক্ত ভগবানকে উৎসৰ্গ না করে কখনই কিছু গ্রহণ করেন না। ভাই, কৃষ্ণভাবনাময় ভক্তই কেবল যোগসাধনে পূর্ণতা লাভ করতে পারেন। কিন্তু যে মনগড়া উপবাস প্রণালী সৃষ্টি করে কৃত্রিম উপায়ে আহার বর্জন করে, সে যথার্থ যোগ অনুশীলন কবতে পারে না কৃষ্ণভাবনাময় ভক্ত শান্ত্রের বিধান অনুসারে উপবাস করেন। তিনি প্রয়োজনের অতিরিক্ত আহারও করেন না, আবার উপবাসও

করেন নাঃ তাই, তিনি যোগ অভ্যাস করার জন্য যথার্থই উপযুক্ত। যে প্রয়োজনের অতিরিক্ত আহার করে, সে খুমন্ড অবস্থায় নানা রকম স্বপ্ন দেখে এবং তার ফলে সে প্রয়োজনের অতিরিক্ত খুমায়। ৬ ঘণ্টার বেশি ঘুমানো কারও পক্ষেই উচিত নয়। চরিশ ঘণ্টার মধ্যে যে হয় ঘণ্টার বেশি ঘুমায়, সে অবধারিতভাবে তমোগুণের দ্বারা প্রভাবিত। যে মানুষ তমোগুণের দ্বারা আছেল্ল, সে স্বভাবতই অলস এবং অভ্যাধিক নিপ্রান্তর। সেই সানুষ যোগ অনুশীলন করতে পারে না

শ্লোক ১৭

কুন্ডারারবিহারস্য ফুক্তচেউস্য কর্মসূ । বুক্তস্বপ্নারবোধস্য যোগো ভবতি দুঃখহা ॥ ১৭ ॥

শুক্ত—নিয়ন্ত্রিত, আহার—ভোজন, বিহারস্য—বিহার; যুক্ত—নিয়ন্ত্রিত; চেউস্য— চেষ্ট্যবিশিষ্ট, কর্মনু—কর্তব্যকর্ম অনুষ্ঠানে, যুক্ত—নিয়ন্ত্রিত; স্বপ্নাববোধস্য—নিব্রিত ও কাগ্রত ব্যক্তিব, বোগঃ—যোগ অভ্যাস, ভবতি—হয়; শৃঃখহা—নৃঃখনাশক

গীতার গান

যুক্তভোজী বিহার সে যুক্ত কর্ম চেষ্টা। যুক্ত নিজা যুক্ত জাগি যোগ পরাসৃষ্টা ॥

অনুবাদ

যিনি পরিমিক আহার ও বিহার করেন, পরিমিত প্রয়াস করেন, যাঁর নিপ্রা ও জাররণ নিয়মিত, তিনিই বোগ অভ্যাসের দারা সমস্ত জড়-জাগতিক দূরবের নিবৃত্তি সাধন করতে পারেন।

তাৎপর্য

আহার, নিম্রা, তয় ও মৈপুন—এগুলি হচ্ছে দেহের প্রবৃত্তি যথাযথভাবে এদের সংযত না করা হলে এরা যোগের পথে প্রতিবন্ধক হয়ে দাঁড়ায়। ভগবানকে নিবেদিত প্রসাদ প্রহণ করার মাধ্যমে আহারের প্রশৃতিকে সংযত করা যায়। ভগবদ্গীতা (৯/২৬) অনুসারে ভগবান শ্রীকৃষ্ণকে অন্ন, শাক, সবজি, ফল, ফুল দৃধ আদি নিবেদন করা যায়। এভাবেই কৃষ্ণভাবনাময় ভক্ত মানুষের অযোগ্য অর্থাৎ সন্ত্রণের শ্রেণীভুক্ত নয়, এমন খাদ্য বর্জন করার শিক্ষা লাভ করেন কৃষ্ণভক্ত

তাদ্র

সর্বদাই তাঁব কৃষ্ণভাবনাময় কর্তব্য পালন করতে তৎপর, তাই তিনি প্রয়োজনের অতিরিক্ত নিদ্রা উপভোগকে মন্ত বড় ক্ষতি বলে মনে করেন। অবার্যকালত্বযুক্ত ক্ষতিত করে সেবা না করে একটি মুহূর্ত্ত নম্ভ করতে চান না। তাই তিনি খুব অর সময় নিদ্রার জন্য বায় করেন। এই বিষয়ে তাঁব আদর্শ হচ্ছেন শ্রীল রূপ গোস্বামী, যিনি সর্বদাই কৃষ্ণভাবনায় তত্মর থেকে কেবলমাত্র দুই ঘণ্টার জন্য নিম্রা যেতেন কখনও কখনও আবার তারও কম। নামাচার্য ঠাকুর হরিদাস তিন লক্ষ নাম জপ না করে মুহূর্তের জন্যও ঘুমাতেন না এবং প্রসাদ পর্যন্ত গ্রহণ করতেন না কৃষ্ণসেবা ছাড়া কৃষ্ণভক্ত আর কোন কর্মই করেন না। তাই, তাঁর প্রতিটি কর্মই সংযত এবং ইন্তিয়-তৃত্তির কল্যৰ থেকে মুক্ত। কৃষ্ণভক্তের থেঙেওু ইন্ডিয়-তৃত্তির কল্যৰ থেকে মুক্ত। কৃষ্ণভক্তের থেওেওু ইন্ডিয়-তৃত্তির কল্যৰ থেকে মুক্ত। কৃষ্ণভক্তের থেতেওু উন্তর কর্ম, বাকা, নিল্লা, জাগরণ এবং সব রেক্তের দৈহিক কর্ম স্থানরন্ত্রিত, তাই তিনি

গ্রোক ১৮

কখনই জড-জাগতিক ক্রেশ ডোগ করেন না।

যদা বিনিয়তং চিত্তমাত্মনোৰাবতিষ্ঠতে। নিস্পৃহঃ সৰ্বকামেভ্যো যুক্ত ইত্যুচাতে তদা ॥ ১৮ ॥

যানা—যথন, বিনিয়তম্—বিশেষভাবে সংযত, চিত্তম্—মন এবং তার কার্যকলাপ, আম্বানি—আম্বাতে, এব—নিশ্চিতভাবে; অবভিচতে—অবস্থান করে, নিম্পৃহঃ—ম্পৃহাশুনা, সর্ব—সর্বপ্রকার, কামেজঃ—কামনা থেকে; যুক্তঃ—যোগযুক্ত, ইতি—এভাবে, উচ্যতে—বলা হয়; তদা—তথন

গীতার গান যতাত্মা বিনিয়ত চিত্ত আত্মতুষ্ট । নিস্পৃহ যে সর্বকামে সেই যোগপষ্ট ॥

অনুবাদ

যোগী যখন অনুশীলনের দারা চিত্তবৃত্তির লিরোখ করেন এবং সমস্ত স্তত্ত্ কামনা-বাসনা থেকে মুক্ত হয়ে আন্মাতে অবস্থান করেন, তখন তিনি যোগস্কুক্ত হয়েছেন বলে বলা হয়

তাৎপর্য

সাধারণ মানুষের কার্যকলাপের সঙ্গে যোগীর কার্যকলাপের পার্থকা হচ্ছে যে, যোগী কোন অবস্থাতেই জড়-জাগতিক কামনা বাসনা বিশেষ করে যৌনসঙ্গের দারা প্রভাবিত হন না। যথার্থ যোগীর ফরাক্রিয়া এত সংযত যে, তিনি কোন রকম জাগতিক বাসনার দারা উদ্বিশ্ব হন না কৃষ্ণভাবনাময় ভগবন্তত আপনা থেকেই এই অতি উৎকৃষ্ট অবস্থা প্রাপ্ত হন। সেই সম্বন্ধে শ্রীমন্তাগবতে (৯/৪/১৮-২০) কলা হয়েছে—

म देव यमः कृष्णभावित्सर्याःवंशाःमि देवकृष्णभान्यग्रंतः ।
करतौ एत्वर्यभित्रयार्जमानिष्
क्राण्डिः एकाताशृज्यश्करणामस्य ॥
भूकुमानिकानसमर्यतः मृत्यौ
जम्जूजातासमर्यतः मृत्यौ
जम्जूजातासमर्यतः मृत्यौ
जायः ए जश्भामसराज्यमाद्रश्चमक्षयम् ।
ज्ञायः ए जश्भामसराज्यमाद्रश्चमक्षयम् ।
भारतौ एताः क्ष्योक्षयमानुमर्यद्यः
भित्ताः स्वीदिकम्भाजित्मतः ।
ज्ञायः ए मारमा म जू कायकायाः॥
एरभाजयस्थाक्ष्यमान्यस्याः त्रजिः ॥

"মহারাক্ত শ্রম্থীয় সর্বপ্রথমে তাঁব মনকে ভগবান শ্রীকৃষ্ণের চরণারবিন্দের ধ্যানে মগ্র করেছিলেন। তারপর ক্রমণ তিনি তাঁর বাণী ভগবান শ্রীকৃষ্ণের অপ্রাকৃত দীলা কর্ণনার নিয়োজিত করেছিলেন। তাঁর হন্ত দ্বারা তিনি ভগবানের মন্দির মার্জনা করেছিলেন, তার শ্রবণ-ইন্দ্রিয় দ্বারা ভগবানের দীলা শ্রবণ করেছিলেন, তাঁর চক্ষ্ণ্রারা ভগবানের অপ্রাকৃত রূপ দর্শন করেছিলেন, তাঁর ছক-ইন্দ্রিয় দিয়ে তিনি ভগবানের শ্রীচরণে অর্পিত পদ্ম ফুলের দ্রাণ গ্রহণ করেছিলেন। তাঁর জিহা দিয়ে ভগবানের শ্রীচরণে অর্পিত তুলসীর স্বাদ গ্রহণ করেছিলেন। তাঁর পদমূগল দ্বারা তিনি বিভিন্ন তীর্থস্থানে এবং ভগবানের মন্দিরে গমন করেছিলেন, তাঁর মন্তক দিয়ে তিনি ভগবানেক প্রবিদ্যানে প্রবিভ্ন করেছিলেন, তাঁর সমন্ত কাগনাকে তিনি ভগবানের স্বেশ্বর বিয়োজিত করেছিলেন, এই সমন্ত অপ্রাকৃত কর্মগুলি শুদ্ধ ভক্তরই যোগা।"

िक्षं खशाय

নির্বিশেষবাদীদের পক্ষে এই অপ্রাকৃত অবস্থার কথা অনুমান করা অসন্তব হতে পারে, কিন্তু কৃষ্ণভাবনাময় ভক্তেব পক্ষে তঃ জতান্ত সুগম এবং বাবহারিক, ষা মহারাজ অন্বরীষের কার্যকলাপের বর্ণনা থেকে স্পষ্ট বরতে পারা যায়। অনবরত স্মরণের দ্বারা মন মতক্ষণ না ভগবান শ্রীকামের চরণে একাগ্র হাচ্চে, ততক্ষণ পর্যন্ত অপ্রাক্ত ভগবং সেবায় এই বকম তংপ্রতা সম্ভব নয়। ভঞ্চিমার্গে এই সমস্ত বিহিত কর্মগুলিকে বলা হয় 'অর্চন' অর্থাৎ সমস্ত ইন্ডিয় ভগবানের সেবায় নিয়োজিত করা মন ও ইন্দ্রিয়গুলিকে কোন না কোন কর্মে খ্রবলাই নিযুক্ত করতে হর। কর্মবিরত হয়ে মন ও ইন্সিগগুলিকে সংযত করা কোন মতেই সম্বৰ নয়। তাই. সাধারণ মানুবের বিশেষ করে যারা সম্রাসে আশ্রম গ্রহণ করেন, ভাতের পক্ষে পূর্ববর্ণিত বিধি অনুসারে ইন্দ্রিয়ণ্ডলিকে ও ফনকে ভগবানের দেবায় নিয়োজিও করাই ভগবৎ-প্রাপ্তির যথার্থ পছা। *ভগবদগীতায় একে যুক্ত* বলে বর্ণনা করা হয়েছে।

(副章 29

যথা দীপো নিবাতস্থো নেঙ্গতে সোপমা স্কৃতা ৷ যোগিনো যতচিত্তস্য যুঞ্জতো যোগমামূনঃ n ১৯ n

যথা—যেমন, দীপঃ—প্রদীপ, নিবাজন্তঃ—বায়শুন্য স্থানে; ন—না: ইক্তে—বিচলিত হয়: সা উপমা—সেই উপমা, স্মৃত্য-হিকেচিত হয়, যোগিম:—যোগীর, যতচিত্তস্য—সংযতচিত্ত, যুপ্ততঃ—অভ্যাসকারী, ষ্যোপম—যোগ, আমুনঃ—আমু-বিষয়ক।

গীতার গান

যথা দীপ বিনা বায় স্থিরভাবে থাকে ৷ উত্তম উপমা সেই যোগীর নিষ্ঠাকে ॥

অনুবাদ

বায়শুন্য স্থানে দীপশিখা ষ্মেন কম্পিত হয় না, চিত্তবৃত্তির নিরোধ অভ্যাসকারী যোগীর চিত্তও তেমনইভাবে অবিচলিভ থাকে।

তাৎপর্য

বাতাস না থাকলে দীপশিখা যেমন স্থিবভাবে জলে, সর্বভোভাবে পরবাদ্যের চিন্তায় ধ্যানস্থ হয়ে আছেন যে ভক্ত, তাঁর চিক্তও সেই দীপশিখার মতোই স্থির নিশ্চল।

্ৰোক ২৩]

শ্ৰোক ২০-২৩

भाजसभ

যুৱোপরমতে চিত্তং নিরুদ্ধং যোগসেবয়া 1 ষত্র চৈবাস্থনাস্থানং পশ্যরাত্মনি ভূষ্যতি ॥ ২০ ॥ সুখমাত্যস্তিকং মতদ বৃদ্ধিগ্রাহ্যমতীক্রিয়ম্ । বেত্তি যত্ৰ ন চৈবায়ং স্থিত-চলতি ডত্তঃ ॥ ২১ ॥ ষং লব্ধা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ । ৰশ্বিন স্থিতো ন দুঃখেন গুৰুণাপি বিচাল্যতে ॥ ২২ ॥ তং বিদ্যাদ্বঃখসংযোগবিয়োগং যোগসংজ্ঞিতম্ ॥ ২৩ ॥

মত্র—বে অবস্থায়, **উপরমতে**—নিবৃত্তি হয়, **চিত্তম্**—চিত্ত, **নিরুদ্ধন্**—জড় বিষয় থেকে প্রভ্যাহতে হর; বোগসেবয়া—যোগ অনুষ্ঠানের হারা; যত্ত্র—যেখানে, চ— ও, এব—অবশাই, আজুনা—শুদ্ধ মনের হারা, আজুানম্—আধাকে, পশান্— উপস্ত্তি করে: আন্দলি—আন্মতে, তুষাতি—তুষ্ট হয়, সুখ্য্—সুখ, আত্যত্তিক্য্— পর্ম, মং—মা, তং—তা, বৃদ্ধি—বৃদ্ধি ভারা, গ্রাহ্যম্—গ্রহণযোগ্য; অতীন্ত্রিমন্— এপ্লাকৃত; বে**ডি—জানে**ন, **মত্র—**যেখানে; ম—না, চ—ও; এব—অবশ্যই, <mark>অয়ম্</mark>— এই অবস্থায়, স্থিতঃ—অবস্থিত; চলতি—বিচলিত হন, তত্ত্বজঃ—আত্মস্বরূপ থেকে: ষম্—যা, লক্কা—অর্জনের মাধ্যমে, ৮—ও, অপরম্—অন্য কিছু, লাভ্তম্—কাভ, মনাতে—মনে হয়, ন—না, অধিকম্—অধিক; ততঃ—ভার চেমেও, যশ্মিন্—খাতে; ছিজ্ঞ-স্থিত হলে, ন—না, দুহখেন—দুঃখের বাবা; গুরুণা অপি—যদিও ধুব কঠিন, বিচাল্যতে—বিচলিত হয়, তম্—তা, বিদ্যাৎ—অবশাই জান্যব, দুঃখসংযোগ— ভড় জগতের সংযোগ-জনিত দুঃখ; বিয়োগম্—বিয়োগ, যোগসংক্তিতম্— व्यक्तमधारि वना दर।

গীতার গান

যোগীর সে আত্মস্থির যোগ সাধনেতে। ধোগাল্যন ভার নাম যোগ অভ্যাসেতে 1 বিষয় ভোগের উপরতি যোগীর প্রমাণ । নিক্লছ সে যোগসেবা সিদ্ধির নিধান 🕽 আজারাম যদা ভৃষ্ট আত্মার দর্শনে 1 সিদ্ধ সেই যোগী হয় যোগের সাধনে ॥

শ্লোক ২৩]

সত্য যে সুখ ভাহা ইন্দ্রিয়াতীত ।
যেবা সেই নাহি জানে অস্থির তত্ত্বতঃ ॥
যে সুখ ইইলে লাভ সর্বলাভ হয় ।
অন্য সর ফত লাভ কিছু কাম্য নয় ॥
যাহাতে ইইলে স্থিত গুরু দুংখে অভি ।
অস্থির না হয় থাকে অটল বিচ্যুভি ॥
যোগ সাধি সে অবস্থা যদি লভ্য হয় ।
অস্তাস-যোগের সিদ্ধি ভাহারে কহয় ॥

অনুবাদ

যোগ অন্ত্যাসের ফলে যে অবস্থায় চিত্ত সম্পূর্ণরূপে জড় বিষয় থেকে প্রত্যাহত হয়, সেই অবস্থাকে গোগসমাধি বলা হয়। এই অবস্থায় শুদ্ধ অন্তঃকরণ দারা আদ্মাকে উপলব্ধি করে যোগী আদ্মাতেই পরম আনন্দ আস্মানন করেন। সেই আনন্দময় অবস্থায় অপ্রাকৃত ইক্সিয়ের দারা অপ্রাকৃত সূপ অনুভূত হয়। এই পারমার্থিক চেতনায় অবস্থিত হলে যোগী আর আদ্মান্তম্বজ্ঞান থেকে বিচলিত হম না এবং তখন আর অন্য কোন কিছু লাভই এর থেকে অধিক বলে মনে হয় না এই অবস্থায় স্থিত হলে চরম বিপর্যয়েও চিত্ত বিচলিত হয় না। জড় জগতের সংযোগ-জনিত সমস্ত দুঃখ-দুর্মলা থেকে এটিই হচ্ছে প্রকৃত মুক্তি।

তাৎপর্য

যোগ অনুশীলন করার ফলে ক্রমশ জড় বিষয়েব প্রতি অনাসন্তি আসে। এটিই হছে যোগের প্রথম লক্ষণ তারপর যোগী সমাধিতে ছিত হন। যার অর্থ হছে—তিনি আত্মা ও পরমাবাকে এক বলে মনে করার প্রম থেকে মুক্ত হরে অপ্রাকৃত ইন্দ্রির ও চিত্তের দ্বারা পরমাত্মাকে অনুভব করেন। যোগমার্গ সাধারণত পতজ্বলির যোগসূত্রের উপর প্রতিষ্ঠিত। কিছু কপট ব্যাখ্যকার জীবাত্মা ও পরমাত্মার মধ্যে অভেদ স্থাপন করার অসৎ চেষ্টা করে এবং অহৈতবাদীরা সেটিকে মুক্তি বলে মনে করে, কিন্তু তারা পতজ্বলির যোগ প্রণালীর প্রকৃত তাৎপর্য উপলব্ধি করতে পারে না। পতজ্বলির যোগপদ্ধতিতে অপ্রাকৃত আনন্দের উপলব্ধির কথা স্বীকার করা হয়েছে, কিন্তু অহৈতবাদীরা তা স্বীকার করে না, ক্ষরণ তা হলে তাদের অহৈত মতবাদ সম্পূর্ণভাবে লান্ত বলে পরিগণিত হবে। জ্ঞান ও জ্ঞাতার হৈতবাদকে অহৈতবাদীরা স্বীকার করে না কিন্তু এই শ্রোক্টিতে অপ্রাকৃত ইন্তিয়ের দ্বারা অ্থাকৃত

আনদ অনুভূতির কথা স্বীকার করা হয়েছে এবং সেই কথার স্বীকৃতি দিয়ে গেছেন স্বরং শতঞ্জলি মূলি, যিনি হলেন যোগের প্রসিদ্ধ ভাষাকার এই মহামূলি তাঁব থোগসূত্রে (৩/৩৪) বলে গেছেন— পুরুষার্থপুন্যানাং গুণানাং প্রতিপ্রসবঃ কৈবলাং স্বরূপপ্রতিষ্ঠা বা চিতিশক্তিরিতি।

এই চিতিশক্তি অথবা অন্তবঙ্গা শক্তি হচ্ছে অপ্রাকৃত। পুরস্বার্থ বলতে বোঝায় ধর্ম, অর্থ, কমে এবং পরিশেবে ব্রক্ষের সঙ্গে এক হয়ে যাওয়ার প্রচেষ্টা ব্রক্ষের সঙ্গে এক হয়ে যাওয়ার প্রচেষ্টা ব্রক্ষের সঙ্গে একীভূত হওয়াকে অধৈতবাদীরা বঙ্গেম কৈবলা। কিন্তু পতপ্রলি বলছেন যে, এই কৈবলা হচ্ছে সেই দিবা অন্তরন্ধা শক্তি, যার দ্বারা জীব তার স্বরূপ উপলব্ধি করতে পারে। প্রীটেতনা মহাপ্রভূ তার শিক্ষাষ্টকে এই অবস্থাকে বলেছেন, চেতোদর্পব্যার্জনম্ অথবা চিতরূপ দর্শপক্রে মার্জন করা। চিত্তের এই শুদ্ধিই হঞ্ছে যথার্থ মৃত্তি, অথবা ভবমহাদাবাগ্মিনির্বাপণ্য। প্রারম্ভিক নির্বাণ-মতও এই সিদ্ধান্তের অনুরাণ। প্রীমন্তাপবতে (২/১০/৬) একে বলা হয়েছে স্বরূপেণ বাবস্থিতিঃ। ভগবদাবীতার এই প্রোক্তের সেই একই কথা বলা হয়েছে

নির্বাণের পরে, অর্থাৎ জড় অন্তিত্বের সমাপ্তি হলে কৃষ্ণভাবনামূত নামক ভগবৎ-শেবার চিন্ময় ক্রিয়াকলাপ শুরু হয়। শ্রীমন্ত্রাগবতে বলা হয়েছে, ফ্রাপেণ বাবস্থিতিঃ—এটিই হচ্ছে 'জীবান্থার যথার্থ স্থরূপ'। এই স্বরূপ যথন বিষয়াসন্তির দ্বারা আবৃত্ত থাকে, তথা জীবান্থা মায়াগ্রন্থ হয়। এই বিষয়াসন্তি বা ভবরোগ থেকে মুক্ত হওয়ার অর্থ এই নয় যে, তখন আদি নিতা স্বরূপপ্রতিষ্ঠা বা চিতিশক্তিরিত। এই সতোর সমর্থন করে বলেছেন—কৈবলাং স্থরূপপ্রতিষ্ঠা বা চিতিশক্তিরিত। এই চিতিশক্তি বা অপ্রাকৃত জানন্দ হছেছে যথার্থ জীবন বেদান্ত-সূত্রেও (১/১/১২) সেই কথার স্বীকৃতি দিয়ে বলা হয়েছে, আনন্দময়োহভাগোৎ এই স্বাভাবিক অপ্রাকৃত জানন্দই হচ্ছে বোগের চরম লক্ষ্য এবং ভক্তিযোগ সাধন করার মাধ্যমে অনায়াসে এই আনন্দ লাভ করা যায়। সপ্তম অধ্যায়ে ভক্তিযোগ বিশাদভাবে বর্ণনা করা হবে।

এই অধায়ে বর্ণিত যোগপদ্ধতিতে সমাধি দৃই রকমের—'সম্প্রজ্ঞাত-সমাধি' ও 'অসম্প্রজ্ঞাত-সমাধি'। নানা রকম দার্শনিক অরেষপের দারা অপ্রাকৃত স্থিতিকে বলা হয় 'সম্প্রজ্ঞাত-সমাধি'। 'অসম্প্রজ্ঞাত-সমাধিতে' কোন রকম জড় বিষয়ানক ভোগের সম্বন্ধ থাকে না, করেণ এই স্থিতিতে তিনি সব রকম ইন্দ্রিয়জ্ঞাত সুখেন অভীত। এই চিন্মর স্বক্রপে অধিষ্ঠিত যোগী কধনও কোন কিছুর দ্বাবা বিচলিত হন না। যোগী যদি এই জরে উন্নীত না হতে পারেন, তা হলে বৃষতে হবে যে, তাঁর যোগসাধনা সকল হরনি। আধুনিক যুগের তথাকথিত যোগ, যা বিভিন্ন

তার্যত

লোক ২৪ী

হাজ্যসূত্র ভোগের সঙ্গে যুক্ত তা পরস্পর বিরোধী। মৈথুন ও সদাপানে আসক্ত হয়ে যে নিজেকে যোগী বলে, সে উপহাসের পাত্র এমন কি, যে যোগী বৌগিক সিদ্ধির প্রতি আকৃষ্ট, সেও যথার্থ যোগী নম যোগী যদি যোগের আনুযঙ্গিক উপলব্ধির প্রতি আকৃষ্ট থাকে, তবে সে যোগের যথার্থ সিদ্ধি লাভ করতে পারে मा. (मरे कथा धरे क्यांटक वक्ता स्टाराइ । जरि, याता त्यांच बाहात्मत कमतः (मथात অথবা তাদের াসদ্ধি প্রদর্শন করে ম্যাজিক দেখায়, তারা যোগের অপব্যবহার করছে। তাদের বোঝা উচিত যে, তাদের যোগ-সাধনার সমস্ত প্রচেষ্টাই বর্থে হয়েছে।

এই যুগে যোগ-সাধনার শ্রেষ্ঠ পছা হচ্ছে কৃষ্ণভাবনা এবং এই যোগসাধনা বার্থ হয় না ভগবন্তুক্তি সাধন করবার মাধ্যমে ভক্ত যে অপ্রাকৃত আনন্দ আস্থাদন করে, তার ফলে তিনি আরে কোন রকম জড় সুখভোগ করার আকাংক্ষা করেন मा । भेठेछाञ्च धरे कलियुन इठेट्यांग, स्तुम्ह्यांग ७ **का**नस्यांत्र कनुनीभानत **नाय** অনেক বাধাবিপত্তি আহে, কিন্তু কর্মযোগ অথবা ছন্তিযোগ অনুশীলনে তেমন কোন অসুবিধা নেই

যতক্ষণ এই জড় দেহটি আছে, ততক্ষণ আহার, নিদ্রা, ভয়, মৈধুন আদি জড় দেহের চাহিদাওলিও মেটাতে হবে। কিন্তু ভদ্ধ ভক্তিযোগ বা কুরুভাবনা অনুশীলন করার মাধ্যমে যখন এই আনশকেতাওলি মেটান হয়, তখন ভক্তের ইপ্রিয়ওলি উত্তেজিত হয় ন। বরং, ভক্ত তাঁর জীবন ধারণের জন্য যতটুকু নিতান্ত প্রয়োজন, ঠিক তত্ট্রবৃষ্ট গ্রহণ করে যথাসম্ভব দাভ ওঠাবার চেষ্টা করেন এবং কৃষ্ণভাবনামুতের অগ্রাকৃত আনন্দ আস্বাদন করেন - তিনি দুর্ঘটনা, রোগ, অভাব, এমন কি অতি নিকট আখ্রীয়ের মৃত্যু আদি প্রাসঙ্গিক ঘটনাতেও নির্বিকার থাকেন। কিন্তু কৃষ্ণভাবনাময় ভগবন্তক্তি সাধনের ব্যাপারে তিনি সম্পূর্ণ সঞ্জাগ। কোন দুর্ঘটনাই তাঁকে কর্তবাচাত করতে পারে না ভগবদগীতাতে (২/১৪) বলা হয়েছে— আগমাপায়িনোহনিত্যাজার্ব্বিতিক্ষম্ব ভারত তিনি এই সমস্ত প্রাসঙ্গিক ঘটনাগুলিকে সহ্য করেন, কারণ তিনি ভালমতেই জানেন যে, এগুলি অনিতা—এগুলি আসবে ও যাবে, ভাই তাঁর কর্তব্যকর্ম কখনই এদের দ্বারা প্রভাবিত হয় না। এভাবেই তিনি যোগের পরম সিদ্ধি লাভ করেন

শ্লোক ২৪

স নিশ্চয়েন যোক্তব্যো যোগোহনিবিপ্রচেতসা । সংকল্পপ্ৰতান্ কামাংস্ত্ৰান্তাকা সৰ্বানশেষতঃ ৷ মনসৈবেক্তিয়গ্রামং বিনিয়মা সমস্তত: 1 ২৪ 1

দাঃ শেই যোগ, নিশ্চয়েল অধ্যবসায় সহকারে, যোজবাঃ —সাধন কবা কতর্ব্য, যোগঃ—্যোগপদ্ধতি, অনিবিশ্লতে তুসা অবিচলিতভাবে, সংকল্প—সংকল্প, প্রভবান্ জাত, কামান্ —কামনা, ভ্যক্তা তাগে করে, সর্বান্—সমস্ত অশেষতঃ পূর্ণরূপে, মনসা—মনের হারা, এব—অবশাই, ইন্দ্রিয়প্রামম্—ইন্দ্রিয়সমূহকে, বিনিয়মা—নিয়ন্ত্রিত করে; সমস্ততঃ—সমস্ত দিক থেকে

গীতার পান

উৎসাহ ধৈর্য আর নিলর আত্মিকা। खागतिक नागि ছाड़ि निटर्वन शांभिका n সংকল্প সমস্ত বারা না হয়ে কিঞ্চিৎ 1 মন দারা ইন্দ্রিয়কে করিয়া বিজিত ৷৷

অনুবাদ

অবিচলিত অধ্যবসায় ও বিশ্বাস সহকারে এই যোগ অনুশীলন করা উচিত। সংকল্পজাত সমস্ত কামনা সম্পূর্ণরূপে জ্যাগ করে মনের হার৷ ইলিয়গুলিকে স্ব দিক থেকে নিয়ন্তিত করা কর্তক।

তাৎপর্য

যোগীকে দৃচ সংকল্প ও ধৈর্য সহকারে অবিচলিত থেকে যোগ অভ্যাস করতে হয়। এক সময় না এক সময় সাধনার সিদ্ধি অবশাই হবে—এভাবেই পূর্ব আশাবাদী হরে গভীর ধৈর্য সহকারে এই পথ অনুসরণ করতে হয় সাফল্য লাভে বিলম্ব হলে হতোদ্যম হওয়া কম্বনই উচিত নহ। করেণ দুঢ় সংকল্প নিয়ে যিনি ষোগ অভ্যাস করেন, তিনি অবশ্যই সাফল্য সাভ করেন। ভক্তিযোগ সম্বন্ধে শ্রীল রূপ গোস্বামী বলেছেন—

> **উ**रमाशक्रिक्यटिक्सं ७ छत्ररकर्म्यकर्जनार । **मक्कामार मरजा वरनः यजनिर्जनिः धर्मिमार्जि ॥**

"আন্তরিক উৎসাহ, ধৈর্ম ও দৃঢ় বিশ্বাস সহকারে ভক্তসঙ্গে ভক্তির অনুকৃল কর্ম করে এবং কেবল সন্তওপসমী কর্ম করার ফলে ভক্তিযোগে সাফল। লাভ করা যায়।" (উপদেশামত ৩)

দুঢ় সংকল্প সম্বন্ধে সেই চড়াই পাখির দুষ্টান্ত অনুসরণ করা উচিত, যার ডিম সাগরের জলে ভেমে গিয়েছিল একটি চডাই পাখি সমুদ্রের তীরে ডিম পেড়েছিল, কিন্তু মহাসমুদ্রের দুর্বার তবঙ্গে সেই ডিমগুলি ভেসে যায়। অভ্যন্ত মর্মাহত চিত্তে সেই চড়াই পাথি তখন সমুদ্রের কাছে আবেদন করে তার ডিমগুলি ফিরিয়ে দিতে। কিন্তু সমুদ্র তার সেই আবেদনে কর্ণপাতই করেনি। তখন সেই চডাই পাখি সমুদ্রকে ওকিয়ে ফেলার সংকল্প করে তার ছোট্র ঠোটে সমুদ্রের জল তলতে লাগল তার এই অসম্ভব সংকরের জন্য সকলেই তাকে পরিহাস করতে লাগল। এদিকে সেই চড়াই পাথির কথা চারিদিকে ছড়িয়ে পঙল। অবশেষে বিযুক্ত বাহন পঙ্গীরাজ গরুড়ের কানে সেই কথা পৌছল এবং তাঁর ছোট্ট বোনটির জন্য সহানুভূতিতে ঠার হাদয় ভারে উঠল তিনি সেই ছোট্ট চড়াই পাখিটিকে দেখতে সেই সমুদ্রের তীরে এলেন গরুড় চড়াই পাধির এই দুঢ় সংকল দেখে যুগ্ধ হয়ে তাকে সাহায়্য করবার প্রতিশ্রুতি দিলেন। তারপর তিনি সমূচকে আদেশ করনের চড়াই পাখির ডিমগুলি কিরিয়ে দিতে, জার সে যদি তা না করে, তা হলে তিনিই সেই চড়াই পাখির কাঞ্জটি সম্পন্ন করকেন, সেই কথাও তিনি সমূদ্রকে জানিয়ে দিলেন ভীতগ্রন্ত হয়ে সমূদ্র তখন চডাই পাথির ডিমগুলি ফিরিয়ে দিলেন। এভাবেই গরুড়ের কুপায় সেই চড়াই পানি তার ডিম ফিরে পেয়ে সূথী হল

তেমনই, যোগসাধনা করা, বিশেষ করে ভগবানের সেবার মাধামে ভক্তিযোগ সাধন করাকে ভীষণ কঠিন বঙ্গে মনে হতে পারে। কিন্তু কেউ যদি ঐকান্তিক নিষ্ঠার সঙ্গে ভক্তিযোগের অনুশীলন করেন, তথ্ন ভগবান তাঁকে নিঃসন্দেহে সাহায্য করবেন, কেন না যে নিজেকে সাহায্য করে, ভগবান তাকে পব রকমের সাহায্য করেন

क्षांक २०

শনৈঃ শনৈরুপরমেদ্ বৃদ্ধা ধৃতিগৃহীতয়া ৷ আত্মসংস্থা মনঃ কৃতা ন কিঞ্চিদিপি চিন্তয়েৎ ॥ ২৫ ॥

শনৈঃ শনৈঃ ধীরে ধীরে, উপরসেৎ—নিবৃত্তি করে, বৃদ্ধা বৃদ্ধির দ্বারা, ধৃতিগৃহীতমা ধৈর্যযুক্ত, আত্মসংস্থ্যুক্ চিন্ময় স্তরে স্থিত: মনঃ—মন; কৃত্বা করে, ম—না, কিফিদপি—অন্য কোন কিছুই, চিন্তবেৎ—চিন্তা করা উচিত। গীতার গান ক্রমে ক্রমে উপরাম বিষয় ভোগেতে । আত্মস্থিত মন করি বিরাম চিন্তাতে য

অনুবাদ

ধৈর্যকৃক্ত বৃদ্ধির ছারা মনকে ধীরে ধীরে আত্মাতে স্থির করে এবং অন্য কোন কিছুই চিন্তা না করে সমাধিত্ব হতে হয়।

তাৎপর্য

পূদ্ত বিশ্বাস ও বৃদ্ধির প্রভাবে ইন্সিয়গুলিকে বীরে বীরে বশ করতে হয় একেই কলা হয় 'প্রতাহার'। পূদ্ত বিশ্বাস, ধ্যান ও ইপ্রিয় নিবৃত্তির দ্বারা মনকে সর্বভোজাবে সবেত করে সমাধিস্থ করতে হয়। তখন আর দেহতে আগ্বরেদ্ধি হওয়ার কোন আশারা থাকে না। পক্ষান্তরে কলা যায়, বতক্ষা ছড় দেহের অক্তিত্ব আছে, ততক্ষণ ছড় জগতের সক্ষে যুক্ত থাকলেও, কখনই ইপ্রিয়-তৃত্তির কথা চিন্তা করা উচিত নয়। ভগবান শ্রীকৃষ্ণের তৃত্তির কথা ছাড়া আর অন্য কোন সূখের কথা কল্পনা করাও উচিত নয়। সরাস্বিভাবে কৃষ্ণভাবনা অনুশীলন করার করে অন্যাক্ষে এই স্থিতি লাভ করা যায়।

শ্লোক ২৬

যতো ৰতো নিশ্চলতি মনশ্চঞ্চলমস্থিরম্ ৷ ততপ্ততো নিয়মৈতদাত্মনোৰ ৰশং নয়েং ॥ ২৬ ॥

যতঃ খতঃ—যে যে বিষয়ে; নিশ্চলতি—অত্যন্ত বিচলিত হয়, মনঃ—মনং চঞ্চলম্—চঞ্চল; অন্থিরম্—অভির, ততঃ ততঃ—সেই সেই বিষয় থেকে; নিরম্যা—নিরন্ত্রিত করে, এতং—এই, আন্ধনি—আত্মাতে, এব—অবশাই, বশম্—বশে, নয়েৎ—আনবে।

গীতাৰ গান

অন্থির চঞ্চল মন যথা যথা ধায় । চেন্টা করি সেই মন বশেতে রাখয় ॥

আত্মার বশেতে মন সদাই রাখিবে । চঞ্চল সভাব ভার শোধন করিবে ॥

অনুবাদ

চঞ্চল ও অস্থির মন যে যে বিষয়ে ধাবিত হয়, সেই সেই বিষয় থেকে নিবৃত্ত করে আত্মার ধশে আনতে হবে।

তাৎপর্য

মন স্বভাবতই অস্থির ও চঞ্চল। কিন্তু আত্মতন্ত্বন্ধ যোগীর কর্তব্য হচ্ছে সেই মনকে
নিয়ন্ত্রিত করা, মনের বারা নিরন্ত্রিত হওয়া তাঁর কথনই উচিত নয়। যিনি তাঁর
মন ও ইন্দ্রিয়গুলিকে বগ করতে পেরেছেন, তাঁকে বলা হয় গোখামী অথবা স্বামী;
আর যে মনের অধীন তাকে বলা হয় গোলাস, অর্থাৎ সে তার ইন্দ্রিয়ের দাস।
বিষয় ভোগের নির্থকতা একজন গোস্বামী ভালমতেই জানেন। অপ্রাকৃত
ইন্দ্রিয়সুখে, ইন্দ্রিয়গুলি হ্বাকৈশ অথবা ইন্দ্রিয়ের অধীশ্বর ভগবন শ্রীকৃষ্ণের সেবায়
নিরপ্তর যুক্ত থাকে। বিশুদ্ধ ইন্দ্রিয়ের ধারা ভগবনে শ্রীকৃষ্ণের পেবাই হচ্ছে
কৃষ্ণভাবনা। ইন্দ্রিয়গুলিকে পূর্ণরূপে বশ করার সেটিই হচ্ছে প্রকৃষ্ট পদ্বা। আর
স্বচেয়ে বড় কথা হচ্ছে, সেটিই যোগ-সাধনার প্রয় সিদ্ধি।

প্লোক ২৭

প্রশান্তমনসং হোনং যোগিনং সুখমুন্তমম্। উপৈতি শান্তরজসং ব্রহ্মভূতমকল্মান্ ॥ ২৭ ॥

প্রশান্ত—প্রশান্ত, শ্রীকৃষ্ণের শ্রীপাদপদ্যে নিবিষ্ট, মনসম্—নার মন, হি—নিল্ডিভডাবে, এনম্—এই, ষোগিনম্ –যোগী, সুষম্—সুখ, উত্তমম্—সর্বোশুম; উপৈতি—প্রাপ্ত হন, শান্তরজসম্—রজগুণ প্রশমিত, ব্রদ্ধাত্তম্—ব্রদ্ধাতাব-সম্পন্ন, অকশ্মবম্— নিজ্ঞাপ্র

গীতার গান

প্রশাস্ত হইলে মন সৃষ উত্তম যোগীর । শাস্ত হয় রজোগুণ নিস্পাপ শরীর ॥

নিম্পাপ ইইলে সেই সত্তবে স্থিত । বন্ধভূত নাম ভার শুদ্ধ সমাহিত ॥

শ্লেক ২৮)

অনুবাদ

ব্ৰহ্মতাৰ-সম্পন্ন, প্ৰশান্ত চিত্ত, রজোওগ প্ৰশমিত ও নিম্পাপ হয়ে যাঁর মন আমাতে নিবিষ্ট হয়েছে, তিনিই পরৰ সুখ প্রাপ্ত হন।

ভাৎপর্য

জড় কলুৰ থেকে মুক্ত হয়ে ভগবানের অপ্রাকৃত সেবায় সর্বতোভাবে নিয়োজিত হওয়াকে বলা হয় ব্লাভূত। মন্ত্রজিং লভতে পরাম্ (ভঃ গীঃ ১৮,৫৪)। ভগবানের চরণারবিন্দে মন স্থিত না হওয়া পর্যন্ত ব্রহ্মভূত স্তরে অধিষ্ঠিত হওয়া যায় না। স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দ্রোঃ ভগবন্তক্তি বা কৃষ্ণভাবনামূতে নিত্য তলায় থাকলে রজোণ্ডণ এবং সব রক্ষ জড় কলুৰ থেকে সম্পূর্ণভাবে মুক্ত হওয়া যায়।

গ্রোক ২৮

যুঞ্জনেবং সদাস্থানং যোগী বিগতকল্মবঃ। সুখেন ব্ৰহ্মসংস্পৰ্শমতান্তং সুখমশ্ৰুতে ॥ ২৮ ॥

ৰুঞ্জন্—যোগযুক্ত হয়ে, **এবম্**—এভাবে, সদা—সর্বদা, আন্ধানম্—আত্মাকে বোগী—যিনি পরম আত্মার সঙ্গে বুকু, বিগত—মুক্ত, কলময়:—সর্বপ্রবার জড় কল্যয় ধেকে, সুখেন—চিল্ময় সূখে, কলসংশ্পর্শম্—পরব্রকার সঙ্গে নিরন্তর যুক্ত হয়ে অত্যক্তম—পরম, সুখম—সুখ, অলুতে—লাভ করেন

গীতার গান

বিধীত সমস্ত পাপ যোগী অকল্মষ ।

সূবে ব্ৰহ্মসংস্পৰ্শ সে ক্ৰমণ ক্ৰমণ ॥
বন্ধসূবে মগ্ন হয় সে যোগী তখন ।
প্ৰাকৃত গুণাদি ত্যজি ব্ৰহ্ম অনুভব ॥
বন্ধস্পৰ্শ কিবা হয় কেমনে তা জানি ।
সৰ্বভূত ব্ৰহ্মে দৰ্শন সৰ্ব ব্ৰহ্ম জানি ॥

্ৰোক ৩০]

অনুবাদ

এভাবেই আত্মসংষমী যোগী জড় জগতের সমস্ত কল্ব থেকে মুক্ত হয়ে ব্রহ্ম-সংস্পর্শক্ষপ পরম সুখ আত্মদন করেন

ভাৎপর্য

আধাদর্শনের অর্থ হচ্ছে ভগবানের সঙ্গে আমাদের যে নিতা সম্পর্ক রয়েছে, তার পরিপ্রেক্ষিতে আমাদের স্বরূপ উপলব্ধি করা। জীবাখ্যা হচ্ছে ভগবানের অপরিহার্য অংশ তাই, তার কর্তব্য হচ্ছে ভক্তি সহকারে ভগবানের সেবা করা। ভগবানের সঙ্গে এই অপ্রাকৃত সম্পর্ককে ফলা হয় ব্রক্ষসংস্পর্ণ।

শ্লোক ২৯

সর্বভৃতস্থমাত্মানং সর্বভৃতানি চাত্মনি । উক্ততে যোগযুক্তাত্মা সর্বত্র সমদর্শনঃ ॥ ২৯ ॥

সর্বভৃতস্থ্য—সমস্ত প্রাণীতে স্থিত, আশ্বানম্—পরমান্যাকে, সর্ব—সমস্ত, ভূতানি— জীব, চ—ও, আশ্বানি—আগ্রায়, ঈক্তে—দর্শন করেন; যোগযুক্তাশ্বা—কৃষ্ণভাবনয়ে যুক্ত, সর্বত্য—সর্বত্ত, সমদর্শনঃ—সমদর্শনঃ

গীতার গান

সর্বত্র সমান দৃষ্টি যোগযুক্ত আত্মা । সমাধিস্থ সেই যোগী দেখে পরমানা ॥

অনুবাদ

প্রকৃত যোগী সর্বভূতে আমাকে দর্শন করেন এবং আমাতে সব কিছু দর্শন করেন। যোগযুক্ত আত্মা সর্বত্তই আমাকে দর্শন করেন।

তাৎপর্য

কৃষ্ণচেতনাময় যোগীই হচ্ছেন প্রকৃত দ্রষ্টা, কারণ তিনি সকলের অন্তরে পরমায়ারূপে পরমেশ্বর শ্রীকৃষণকৈ দর্শন করেন *ঈশ্বর: সর্বভূতানাং হাজেশেহর্জুন ভিন্নতি*। পরমান্তারূপে ভগবান সকলের হলয়ে অবস্থান করেন। তিনি যেমন রাক্ষণের হলয়ে অবস্থান করছেন, তেমনই আবার একটি কুকুরের হাদয়েও অবস্থান করছেন যথার্থ যোগী জ্বানেন বে, ভগবান হচ্ছেন নিত্য চিন্মায়, তাই তিনি একটি কুকুরের হাদয়েই অবস্থান করুন অথবা একজন সং ব্রাহ্মণের হাদয়েই অবস্থান করুন, জড় কলুযের দ্বারা তিনি কথনও প্রভাবিত হন না। এটিই হচ্ছে ভগবানের পরম নিরপেক্ষতা স্বতন্ত্র জ্বীরায়াও স্বতন্ত্র হৃদয়ে অবস্থান করে, কিন্তু সে সর্বজ্ঞীরের হাদয়ে অবস্থান করে না। সেটিই হচ্ছে পরমান্ধা ও জ্বীরাদ্ধার পার্থকা যে বাস্তবিকপক্ষে যোগ সাধনে রভ নর, সে তত স্পন্তভাবে দর্শন করতে পারে না একজন কৃষ্ণভাবনায় ভাবিত কৃষণ্ডভ আপনা থেকেই বিশ্বাসী অবিশ্বাসী উভয়ের অন্তরে প্রীকৃষ্ণকে দর্শন করতে পারেন। স্কৃতি শান্তে সেই সম্বন্ধে বলা হয়েছে—আওতভাচ্চ মাতৃভাচ্চ আদ্বা হি পরয়ো হরিঃ। সর্বজীবের উৎস হরি মায়ের মতো স্বলকে পালন করেন মা বেমন তার সব কয়টি সন্তানের প্রতি সমদৃত্তি-সম্পন্ন, পরম পিতা বা মাতা ভগবানও ওেমন সকলের প্রতি সমভাবাপন্ন। পরমান্বারূপে তিনি সকলের অন্তার বিরাক্ত করেন।

বাহ্যিকভাবেও, প্রতিটি জীব ভগবানের ধহিরঙ্গা শক্তিতে অবস্থিত। ভগবানের দক্তির মুখ্য প্রকাশ হচ্ছে তাঁর চিং-শক্তি বা পরা শক্তি এবং প্রজা শক্তি বা অপরা শক্তি। এই সম্মন্ধে ভগবদগীতার সপ্তম অধ্যায়ে বিশদভাবে বাখ্যা করা হবে। জীব ভগবানের পরা শক্তির অংশ হলেও সে অপরা শক্তির দ্বারা বন্ধ হয়ে পড়েছে জীব সর্বদাই ভগবানের শক্তিতে অধিষ্ঠিত প্রতিটি জীবই কোন না কোনভাবে ভগবানের মধ্যে অবস্থিত।

যোগী সর্বভূতে সমদৃষ্টি-সম্পন্ন, কারণ তিনি দেখেন থে, জীব তাদের কর্মফল অনুসারে ভিন্ন ভিন্ন পরিস্থিতিতে থাকলেও সর্ব অবস্থাতেই তারা ভগবানের নিতাদাস। স্কীব যখন ভগবানের অপরা শক্তিতে বন্ধ অবস্থার থাকে, তখন সে জড় ইন্দ্রিরের দাসত্ম করে, যখন সে ভগবানের পরা শক্তিতে অধিষ্ঠিত হয়, তখন সে সাক্ষাহ ভগবানের সেবায় তৎপর হয় উভয় অবস্থাতে জীব ভগবানেরই দাসত্ম করে। সর্বভূতের প্রতি এই বে সমদর্শন, তা কেবল কৃষ্ণভাবনাময় ভক্তই পূর্ণরূপে প্রাপ্ত হন।

প্রোক ৩০

ৰো মাং পশ্যতি সৰ্বত্ত সৰ্বং চ ময়ি পশ্যতি । তস্যাহং ন প্ৰথশ্যামি স চ মে ন প্ৰণশ্যতি ॥ ৩০ ॥ ভারত

প্লোক ৩১]

যঃ ায়নি, মাম্ -আমাকে, পশাতি দর্শন করেন, সর্বত্র সর্বম্ সব কিছু, চ—এবং, মামি—আমাতে, পশাতি—দর্শন করেন, তসা—ভার, অহম্ -আমি, ন—লঃ প্রপশ্যমি—হারিয়ে যাই, সঃ—তিনি, চ—ও, মে—আমার, ন—না, প্রপশ্যতি—হারিয়ে যান

গীতার গান

সে দেখে আমারে সব স্থাবর জঙ্গমে।
অন্য দৃষ্টি নাহি তার নির্থণ সঙ্গমে ।
সে হয় আমার প্রেমী আমি হই তার।
নীরস ওক্না তর্ক নহে ব্যবহার।

অনুবাদ

ষিশি সর্বত্র আমাকে দর্শন করেন এবং আমাতেই সমস্ত বস্তু দর্শন করেন, আমি কখনও তাঁর দৃষ্টির অগোচর হই না এবং তিনিও আমার দৃষ্টির অগোচর হন না

তাৎপর্য

কৃষ্ণভাষনাময় ভন্তে নিঃসন্দেহে সর্বত্র ভগবানকে দর্শন করেন এবং তিনি সব কিছুই ভগবানের মধ্যে দেখতে পান যদিও মনে হতে পারে যে, এই ধননের নানুষ মায়ার ভিন্ন ভিন্ন প্রকাশকে সাধারণ মানুষের মতো ভিন্ন ভিন্ন জানে দেখতেন, কিন্তু তিনি অনুভব করেন যে, সব কিছুই প্রীকৃষ্ণের শক্তিরই প্রকাশ, তাই তিনি সর্বনাই কৃষ্ণভাবনাময় প্রীকৃষ্ণ ছাড়া কোন কিছুবই অন্তিত্ব থাকতে পারে না এবং শ্রীকৃষ্ণই ইচ্ছেন সব কিছুব ঈশ্বর এটিই কৃষ্ণভাবনার মূলতত্ব। কৃষ্ণভাবনাম্যতের উদ্দেশা হাছে কৃষ্ণপ্রমানর বিকাশ করা—এই স্তার জাভ বন্ধন-মৃত্তির অতীত। আধার্ভিপলন্ধির অতীত কৃষ্ণভাবনার এই স্তরে ভক্ত শ্রীকৃষ্ণের সঙ্গে একার হয়ে যান, অর্থাৎ তাঁব কাছে তখন সব কিছুই কৃষ্ণময় হয়ে ওটে এবং তিনিও তখন পূর্ণক্রপে কৃষ্ণগ্রেমে আবিস্ত হয়ে যান। ভক্ত ও ভগবানের মধ্যে তখন এক নিবিভ অন্তরঙ্গ শ্রেমময় সম্পর্ক স্থাপিত হয়। এই অবস্থায় জীব কখনই বিনাশ প্রাপ্ত হয় না, তখন শ্রীকৃষ্ণ আর কখনও তাঁর তক্তের দৃষ্টির অগোচৰ হন না। শ্রীকৃষ্ণের সঙ্গে জার কখনও তাঁর তক্তের দৃষ্টির অগোচৰ হন না। শ্রীকৃষ্ণের সঙ্গে জার কখনও তাঁর তক্তের দৃষ্টির অগোচৰ হন না। শ্রীকৃষ্ণের সঙ্গে জারা ব্যাতন্ত্রের বিনাশ হয় ভাই ভক্ত কখনও এই ভুল করেন না। প্রশাসংহিতায় (৫/৩৮) বলা হয়েছে—

শ্রেমাঞ্জনজ্বরিতভক্তিবিলোচনেন সম্ভঃ সদৈব হৃদয়েষু বিলোকয়ন্তি । বং শ্যামসুন্দরমচিন্তাওপস্বরুগং গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥

"প্রেমাপ্তন দ্বরা রঞ্জিত ভক্তিচকু বিশিষ্ট সাধুরা যে অচিগ্তা গুণসম্পন্ন শ্যামসুদ্দর শ্রীকৃষ্ণকে হাদয়ে অবলোকন করেন, সেই আদিপুরুষ গোবিদকে আমি ভক্তনা করি।"

এই শ্রেমাবছার, পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ কথনই তাঁর ভাভের দৃষ্টির আগোচর হন না এবং ভাভও ভগবানের দৃষ্টির আগোচর হন না। যে সিদ্ধ যোগী তাঁর বাদরে পরমান্থারিপে ভগবানকে দর্শন করছেন, তিনিও এভাবেই নিরপ্তর ভগবানকে দর্শন করেন। এই ধরনের সিদ্ধ যোগী শুদ্ধ ভগবদ্ধতে পরিণত হন এবং তিনি এক মৃহূর্তের জন্যও ভগবানকে না দেখে থাকতে পারেন না

শ্ৰোক ৩১

সর্বভৃতস্থিতং যো মাং ভজত্যেকত্বমাস্থিতঃ । সর্বথা বর্তমানোহপি স যোগী ময়ি বর্ততে ॥ ৩১ ॥

সর্বস্থৃতছ্তিম্—সমস্ত জীবের ধানরে অবস্থিত; যঃ—যিনি, মাম্—আমাকে; ভল্লতি—ভল্লনা করেন, একদ্ম—অভিনক্তাপে, আস্থিতঃ—আশ্রয়পূর্বক, সর্বপা—সর্বভাভাবে, বর্তমানঃ—গুনস্থিত হয়ে, অপি—সত্ত্বেও সঃ—তিনি, যোগী—যোগী, সমি—জামাতে; বর্ততে—জবস্থান করেন।

গীতার গান

সর্বভূতস্থিত দেখে সর্বব্ধ আমারে।
ভজনে আস্থিত হয়ে সেবয়ে সে মোরে।
সে যোগী নিখিল ভবে সর্বব্র থাকিয়া।
আমাতে বসয়ে নিভা আমারে ভজিয়া।

অনুবাদ

যে যোগী সর্বভূতে স্থিত পরমাস্থা রূপে আমাকে জেনে আমার জ্ঞানা করেন। তিনি সর্ব অবস্থাতেই আমাতে অবস্থান করেন। তঠচ

তাৎপর্য

যে যোগী পরমান্ত্রাব ধানে করেন, তিনি তার হাদয়ে শ্রীকৃষ্ণের আংশিক প্রকাশ শন্ত্য-চক্র-গদা-পদ্মধারী চতুর্ভূজ বিষ্ণুকে দর্শন করেন। যোগীদের এটি জানা উচিত যে, শ্রীকৃষ্ণ থেকে শ্রীবিষ্ণু ভিন্ন নন শ্রীকৃষ্ণই পরমান্ত্রা বিষ্ণুক্তপে সর্বজ্ঞীবের অন্তরে বিরাজ করেন। তা ছাড়া, অসংখ্য জীবের অন্তরে যে অসংখ্য পরমান্ত্রা বিরাজ করছেন তারাও ভিন্ন নন। তেমনই, ভক্তিযোগে তক্তর কৃষ্ণভাবনামর ভক্ত এবং পরমান্ত্রা বিযুক্ত ধ্যানে মথ্য যোগীর মধ্যেও কোন পার্থকা নেই। কৃষ্ণভাবনামর যোগী এই জড় জগতে অবস্থানকালে নানা রক্তম জাগতিক কাজে ব্যক্ত ধাকলেও তিনি সর্বদা শ্রীকৃষ্ণে অবস্থান করেন ভক্তিরসামৃতসিকৃতে (পূর্ব ২/১৮৭) শ্রীল কপে গোস্বামী সেই সম্বন্ধে বলেছেন—নিথিলাস্থলাবস্থাস্ জীবস্কৃত্যং স উচ্যতে। সর্বদাই কৃষণভাবনাময় ভগবস্তুক্ত সর্ব অবস্থাতেই জীবস্কৃত্ত। নারন পঞ্চরাত্রেও সেই

मिकाणानानथिक्दन कृदक राज्या विथाय छ । उत्परमा छवछि किछार कौरवा उद्यानि राम्स्यस्य ॥

"যিনি একাপ্র চিন্তে স্থান-কালের অতীত শ্রীকৃষ্ণের সর্বনাপক শ্রীবিশ্রহের ধ্যান করেন, তিনি কৃষ্ণভাবনার তথ্ময় হন এবং শ্রীকৃষ্ণের দিব্য সামিধ্য লাভ করে চিন্দায় আনন্দ অনুভব করেন "

ভগবান প্রীকৃষ্ণের ধানে মগ্ন হওয়াটাই যোগ সাধনার পরম সিদ্ধি।
সমাধিযুক্ত যোগী যখন উপলব্ধি করতে পারেন যে, পরমেশ্বর ভগবান প্রীকৃঞ্চ
পরমাখা রূপে সর্বজীরের অগুরে বিবাজ করছেন, তখনই তিনি সমস্ত কল্ব থেকে
মুক্ত হন প্রীকৃষ্ণের অচিন্তা শক্তির সমর্থন করে বেদে (গোপালতাপনী উপনিষদ
১,২১) বলা হয়েছে, একোহপি সন্ বছধা যোহবভাতি—"যদিও ভগবান একজন,
তিনি বছরাপে অসংখ্য হাদয়ে বিরাজমান " অনুরূপভাবে, স্মৃতি-শাস্ত্রে বলা
হয়েছে—

भक्ष धर भरता विष्टः मर्वनाभी न मर्भग्रः । धैर्यगाम्भरमक्षः ५ मृर्यवर वदायग्रस्ट १

''অদ্বিতীয় হলেও শ্রীবিষ্ণু নিঃসন্দেহে সর্বব্যাপক। তার অচিয়া শক্তির প্রভাবে এক বিগ্রহরূপে তিনি সর্বত্রই বিদ্যুমান সূর্যের মতো তিনিও একই সময় কছ স্থানে দৃষ্ট হন।'

শ্লোক ৩২

আত্মৌপম্যেন সর্বপ্র সমং পশ্যতি যোহর্জুন । সুবং বা বদি বা দুঃবং স যোগী পরমো মতঃ ॥ ৩২ ॥

আত্ম—নিজের, উপযোদ—তুলনার ভারা, সর্বদ্র—সর্বত্র, সমম্ —সমাভাবে, পশাতি—দর্শন করেন, যঃ—যিনি, আর্জুন—হে অর্জুন, সুখম্—পুগ বা—অগবা, যদি—যদি, বা—অগবা, দুঃখম্—দুঃখ; সঃ—সেই; বোগী—যোগী, পরমঃ—সর্বস্রেষ্ঠ; মতঃ—মনে করা হর।

গীতার গান

বস্থা কুট্র তার কেহ নহে পর। প্রাকৃত বিচার নাই স্থপর অপর ॥ নিজ সুথ নিজ দুঃখ অন্যেতে ব্যবহার । সেই সে সমানদর্শী সর্বত প্রচার ॥

অনুবাদ

হে অর্কুন। যিনি সমস্ত জীবের সূথ ও দৃঃখকে নিজের সূথ ও দৃঃখের অনুস্কাপ সমানভাবে দর্শন করেন, আমার মতে তিনিই সর্বশ্রেষ্ঠ যোগী।

ভাৎপর্য

কৃষ্ণভাবনাময় ভন্তেই হচ্চেন পরম যোগী। নিজের অনুভূতির পরিপ্রেমিণ্ড তিনি সকলেরই সৃখ-দুঃখ সম্বন্ধে সচেতন। ভগবানের সঙ্গে তার শাশ্বত সম্পর্কের কথা ভূলে যাওয়ার ফলেই জীব ক্লেশভোগ করে। আবার পরমেশ্বর গ্রাকৃষাই যা মানুষের সমস্ত কার্যকলাপের পরম ভোক্তা সমস্ত দেশ ও গ্রহলোকের মহেশর এবং সমস্ত জীবের অন্তরম্ব সৃহদ, সেই সভাকে উপলব্ধি করাই হচ্চে তার সৃংখন কারণ। সিদ্ধ যোগী জানেন যে, জড়া প্রকৃতির তানে আবদ্ধ জীব গ্রীকৃষেন সঞ্চে তার নিতা সম্পর্কের কথা ভূলে যাওয়ার ফলেই বিভাগ ক্লেশ ভোগ করছে। আর কৃষ্ণভাবনাময় ভক্ত, যিনি পূর্ণ আনন্দের যাদ লাভ করেছেন, তিনি চান যে, আর সকলেই সেই দিব্য আনন্দ লাভ করুক, তাই তিনি সমস্ত বিন্দে কৃষ্ণভাবনাম্যত কিবর প্রার্থী করেন। মথার্থ যোগী কৃষ্ণভাবনাম্যতের তথ্য প্রচার করার প্রান্থাসী হন, তাই তিনি এই জগতের শ্রেষ্ঠ গরোপকারী এবং তিনি হচ্ছেন ভগবানের প্রিয়তম সেবক। ন চ ভস্মান্যনুযোধু কশ্চিম্মে প্রিয়ত্ত্ব মঃ (গ্রীতা ১৮/৬৯)। পক্ষান্তরে, ভগবত্তক জীবের কল্যাণ সাধনে নিত্য তৎপ্র, তাই তিনি

সকলেব প্রকৃত সুহাদ। তাঁকে সর্বোক্তম যোগী বলা হয়, কারণ তিনি স্থার্থসিদ্ধির জন্য যোগের সিদ্ধি কামনা করেন না, বরং তিনি সমস্ত জীবের যথার্থ কল্যাণ সাধনে নিত্য যুক্ত: তিনি কারও প্রতি হিংসা, দ্বেয় আদি মনোভাব পোষণ করেন না। শুদ্ধ ভক্ত ও সিদ্ধিকামী যোগীর মধ্যে এটিই হচ্ছে পার্থক্য। সিদ্ধি লাভ করার আশায় যে যোগী নিজনে বসে ধ্যান করেন, তিনি স্বার্থ চিন্তায় মধ্য। কিছু যে ভগবদ্ভক্ত প্রতিটি মানুযকে কৃষ্ণভক্তে পবিণত করবার জন্য প্রাণপণ চেন্তা করছেন, তিনি নিজনে ধ্যানরত যোগীর থেকে অনেক উচ্চমার্গে অবস্থিত।

প্রোক ৩৩

অৰ্জুন উবাচ

যোহয়ং যোগস্তুয়া প্রোক্তঃ সান্যেন মধুসূদন । এতস্যাহং ন পশ্যামি চঞ্চলত্বাৎ স্থিতিং স্থিবাম ॥ ৩৩ ॥

অর্জুনঃ উবাচ—অর্জুন বললেন, যঃ অর্ম্—এই পদ্ধতি, যোগঃ—যোগা; দ্বরা—তোমার হারা, প্রোক্তঃ—বর্ণিত হল, সাম্যেন—সমদর্শনরূপ; মধুসূদন—েথ মধুসূদন, এতস্য—এর, অহম্—আমি, ন—না, পশামি—দেখি, চঞ্চলদ্বাৎ— চাঞ্চল্যবদ্ত, দ্বিতিম্—স্থিতি; দ্বিরাম্—স্থামী।

গীতার গান

অর্জুন কহিলেন :
আপনি যে যোগবার্তা কহিলেন আমারে।
হে মধুসূদন। তাহা না সম্ভবে মোরে॥
মোর মন চঞ্চল সে অস্থির সে মতি।
অতএব বুঝি আমি অসম্ভব গতি॥

অনুবাদ

অর্জুন বলালেন—হে মধুসূদন। তুমি সর্বত্র সমদর্শনরূপ যে যোগ উপদেশ করতো, মনের চঞ্চল স্বভাববশত আমি তার স্থায়ী স্থিতি দেখতে পাচিছ না।

তাৎপৰ্য

ভগবান শ্রীকৃষ্ণ অর্জুনকে যে *শুচৌ দেশে থেকে শুক করে যোগী পরমঃ পর্যন্ত* যে যোগ পদ্ধতির বর্ণনা করেছেন, অর্জুন এবানে সেই যোগকে প্রভারান করেছেন. কারণ তিনি নিজেকে সেই যোগসাধনে অযোগ্য বলে মনে করেছেন এই কলিযুগো সাধারণ মানুষের পক্ষে গৃহত্যাগ করে পাহাড পর্বতে অথবা বনে জঙ্গলে গিয়ে নির্জন স্থানে যোগাভ্যাস করা সম্ভব নয়: এই যুগের বৈশিষ্ট্য হচ্ছে স্বন্ধ আয়ুবিশিষ্ট জীবনের জন্য ভিক্ত জীবন সংগ্রাম । এই যুগের সাধারণ মানুষ এতই অধঃপতিত যে, পরমার্থ সাধন করবার কোন প্রচেম্টাই তাদের মধ্যে নেই অতি সহজ সুরল পদ্ম অবলম্বন করেও তারা পরমার্থ সাধনের প্রয়াসী হয় না তা হলে জীবনযাত্রা: উপবেশনের প্রক্রিয়া, স্থান নির্বাচন এবং জড় বিষয় থেকে মনের আসক্তি নিয়ন্ত্রণ করে অতান্ত দুরুহ ও দুঃসাধ্য যোগের সাধন তারা কিভাবে করবে ৷ তাই বাস্তব দ্রীকা সহক্ষে অভিজ্ঞ অর্জুনের মতো মহাবীর চিন্তা করঙ্গেন, এই যোগসাধন ধারা একেবারেই অসম্ভব, এমন কি বিভিন্ন দিক থেকে তাঁর অনুকৃত্য পরিস্থিতি থাকলেও অর্জুন ছিলেন অতি উচ্চ বংশজাত রাজকুমার এবং তিনি অনন্ত গুণে বিভূষিত তিনি ছিলেন মহা বীর্যবাদ, দীর্ঘায়-সম্পন্ন মহারথী এবং সর্কোপরি তিনি ছিলেন পরমেশ্বর ভগবান ত্রীকৃষ্ণের অন্তরঙ্গ সুখা আন্ধ্র থেকে পাঁচ হাজার বছর আগে অর্জনের স্যোগ-স্থিধা আমালের ভুলনার অনেক বেশি ছিল, কিন্তু তা সত্ত্বেও তিনি এই যোগপদ্ধতি সাধন করতে অস্বীকার করেন প্রকৃতপক্ষে, ইভিহানের কোথাও তাকে এই বোগ অনুশীলন করতে দেখা যায়নি তাই আমাদের বুথতে হবে যে, কলিয়ুগে অষ্ট্রান্ধযোগ সাধন করা সাধারণত মানুষের পক্ষে অসম্ভব । কয়েকজন দর্শভ মানুষের পক্ষে তা সম্ভব হতে পারে, কিন্তু সাধারণের পক্ষে এটি অসম্ভব পাঁচ হাজার বছর পূর্বে যদি এই রকম হয়ে থাকে, তা হলে এখনকার অবস্থা কি হবেং যে সমস্ত মানুষ বিভিন্ন যোগ অনুশীলন কেন্দ্রে এই যোগ-পদ্ধতির অস্বানুকরণ করে আত্মভৃত্তি লাভ করে, তার। কেবল তাদের সময়ের অপবাবহার করছে। ভাদের জীবনের প্রকৃত উদ্দেশ্য সম্বন্ধে তারা সম্পূর্ণ অজ্ঞ

শ্লোক ৩৪

চঞ্চলং হি মনঃ কৃষ্ণ প্রমাথি বলবদ্যুদ্ । তস্যাহং নিগ্রহং মন্যে বায়োরিব সুদুদ্ধরম্ ॥ ৩৪ ॥

চঞ্চলম্—চঞ্চল, ব্—িনিভিডভাবে, মনঃ—মন; কৃষ্ণ—হে কৃষ্ণ; প্রমাথি— বিক্ষোভকর, বলবং—বলবান; দৃৃৃদ্দ্—দুর্দমনীর, স্তম্য—ভার; শ্বহম্—আমি, নিপ্রহম্—নিপ্রহ; মন্যে—মনে করি, বাদ্ধোঃ—বায়ুর, ইব—মতো, সূদুদ্ধরম্ — সুকঠিন। গীতার গান

হে কৃষ্ণ জ্ঞান না কিবা প্রমাণী মনেরে। অতি বলবান সেই সব পশু করে॥ তাহার নিগ্রহ মানি অতি সুদুষ্কর। বায়ুরোধ যথা হয় অত্যন্ত প্রখন॥

অনুবাদ

হে কৃষ্ণ। মন অত্যন্ত চথাল, শরীর ও ইন্দ্রিয় আদির বিক্ষেপ উৎপাদক, দুর্মনীয় এবং অত্যন্ত বলবান, তাই ভাকে নিগ্রহ করা বায়ুকে বলীভূত করার থেকেও অধিকতর কঠিন বলে আমি মনে করি।

তাৎপর্য

মন এওই ধলবান ও দুর্গমনীয় যে, সে কখনও কখনও বৃদ্ধির উপর আধিপতা বিস্তার করে তাকে পরিচালিত করতে থাকে, যদিও স্বাভাবিকভাবে মন বৃদ্ধির অধীনেই থাকা উচিত সাংসারিক মানুবকে প্রতিনিয়ত নানা রক্তম বিরুদ্ধ প্রকৃতির সঙ্গে সংগ্রাম করতে হয়, তাই তার পঞ্চে মনকে সংযত করা অত্যন্ত কঠিন। কৃত্রিম উপায়ে শত্রু ও মিত্রের প্রতি সমদৃষ্টি-সম্পন্ন হয়ে মনের ভারসাম্য সৃষ্টি করার অভিনয় করপ্রেও, বাস্তবিকভাবে কোন সংস্করী মানুষ তা করতে পারে না। কারণ, তা প্রচণ্ড বেগবতী বায়ুকে সংযত করার চাইতেও কঠিন। বৈদিক শালে (কঠ উপনিষদ ১/৩/৩-৪) বলা হয়েছে—

आश्चानः व्रथिनः विक्तिः नतीतः व्रथामयः छू । वृक्तिः छू मातथिः विक्तिः मनः श्रथशामयः ह ॥ देखियापि दग्नामार्विषयाः एउत् (भावतान् । ध्यारश्चित्रमानागुकः (ভारक्टनाश्चरीनिधः ॥

"এই দেহরূপ বথেব আরেহি হচ্ছে জীবাঝা, বৃদ্ধি হচ্ছে সেই রগের সাবথি। মন হচ্ছে তার বল্গা এবং ইপ্রিয়গুলি হচ্ছে ঘোড়া। এভাবেই মন ও ইপ্রিয়ের সাহচর্ষে আরা সৃষ ও দুঃখ ভোগ করে চিন্তাপীল মনীষীরা এভাবেই চিন্তা করেন।" বৃদ্ধির দ্বারা মনকে পবিচালিত করা উচিত, কিন্তু মন এত শক্তিশালী ও দুর্দমনীয় যে, বৃদ্ধির দ্বারা পরিচালিত হওয়ার পরিবর্তে সে বৃদ্ধিকেই পরাভৃত করে ভাকে পরিচালিত করতে শুকু করে ঠিক যেমন, অনেক সময় জটিল সংক্রমণ ওমুধের রোগ-প্রতিযোধক ক্ষমতাকে অতিক্রম করে। এই রকম শক্তিশালী যে মন, ভাকে

যোগ-সাধনার মাধামে সংগত করার বিধান দেওয়া হয়েছে, কিন্তু অর্জুনের মতো প্রবৃত্তি-মার্গের মানুষের পক্ষেও তা সাধন করা বাস্তবসম্মত নয় সূতরাং, আধুনিক মানুষের সম্বন্ধে আর কি বলার আছে? এই সম্পর্কে এখানে বায়ুর যে উপমা দেওয়া হয়েছে, তা খুবই উপযুক্ত। বেগবতী বায়ুকে দমন করার ক্ষমতা কারও নেই এবং ভার তুলনায় অস্থির মনকে বশ করা আরও কঠিন মনকে দমন করার স্ববচেয়ে সহজ্ব পন্থা প্রদর্শন করে গেছেন শ্রীচৈতনা মহাপ্রভু সেই পন্থা হচ্ছে পূর্ণ দৈনা সহকারে হরেকৃষ্ণ মহামশ্র কীর্তন করা। এই পথ হচ্ছে স বৈ মনঃ কৃষ্ণপদারবিদ্যয়োঃ—মনকে সর্বপ্রেভাবে ভগবান শ্রীকৃষ্ণের সেবায় নিয়োজিত করতে হবে। তা হগেই আর কোন কিছুর দ্বারা প্রভাবিত হয়ে মন উদ্বিধ্ব হার না

শ্লোক ৩৫

ভ্রীভগবানুবাচ

অসংশয়ং মহাবাহো মনো দুর্নিগ্রহং চলম্ । অভ্যাসেন ডু কৌন্ডেয় বৈরাগ্যেণ চ গৃহ্যতে ॥ ৩৫ ॥

শীভগরান্ উবাচ—পর্মেশর ভগবান বললেন, অসংশয়ম্—সন্দেহ নেই, মহাবাহে।—হে মহাবীর, মনঃ—মন; দুর্নিগ্রহম্—পূর্মনীর: চলম্—চঞ্চল: অভ্যাসেন—অভ্যাসের হারা, ডু—কিন্ত, কৌন্তেয়—হে কুত্তীপুত্র, বৈরাগ্যেশ— বৈরাগ্যের হারা; চ—ও; গৃহাতে—বশীভূত করা সভব।

গীতার গান
ভগবান কহিলেন :
ভগবান কহিলেন :
ভসংশয় সেঁই কথা তৃমি বা কহিলে ।
ভাত্যন্ত কঠিন সেঁই মনের চঞ্চলে ।।
কিন্তু যদি করে চেন্টা শুনহ কৌন্তেয় ।
বৈরাগ্য সাধনে তবে হয় কার্য শ্রেয় ॥

অনুবাদ

পরমেশ্বর ভগবান কালেন হে মহাবাহো! মন থে দুর্দমনীয় ও চঞ্চল তাতে কোন সন্দেহ নেই। কিন্তু হে কৌন্তেয়! ক্রমন অভ্যাস ও বৈরাগোর ছারা মনকে ক্লীভূড করা যায়।

তাৎপর্য

অবাধা মনকে সংযত করা যে কত কঠিন তা অর্জুন কুমাতে পোরেছিলেন। ভগবানও সেই কথা স্বীকার করলেন। কিন্তু সেই সঙ্গে ভগবান জানিয়ে দিলেন যে, অভ্যাস ও বৈরাগ্যের দ্বারা তা সম্ভব। সেই অভ্যাসটি কি? বর্তমান কলিযুগে তীর্থবাস, পরমাত্মার ধানে, মন ও ইন্দ্রিয়গুলির নিগ্রহ, ব্রহ্মচর্য, নির্ভন বসে আদি কঠোর বিধি-বিধান পালন করা সন্তব নয় কিন্তু কুফ্ডভাবনামূত অনুশীলন করার ফলে নববিধা ভগৰন্তুক্তি সাধন করা যায় . ভক্তিৰ প্রথম ও প্রধান অঙ্গ হচ্ছে কৃষ্ণকথা প্রবণ মনকে সমস্ত ভান্তি ও জনর্থ থেকে শুদ্ধ করার জনা এটি অতি শক্তিশালী পদ্মা কৃষ্ণকথা যভ বেশি শ্রবণ করা যায়, মন ততই প্রবৃদ্ধ হয়ে কৃষ্ণবিমুখ বিবয়ের প্রতি অনাসক্ত হয় - কৃষ্ণভক্তির প্রতিকৃল কার্যকলাপ থেকে মনকে অনাসক্ত করার ফলে সহজেই বৈরাগ্য শিক্ষা লাভ করা যায়। বৈশগ্য মানে হচ্ছে বিষয়ের প্রতি অন্যসন্তি এবং ভগবানের প্রতি আসন্তি কৃষ্ণাদীলায় মনকে আসন্ত করার থেকে নির্বিশেষ বৈরাগা অনেক বেশি কঠিন। কৃষ্ণালীপ্ররে প্রতি আসন্তি বস্তুত খুবই সহজসাধ্য, কারণ কৃষ্ণকথা শ্রবণ কর। মাত্রই শ্রোতা তার প্রতি অনুরক্ত হয়। এই আস্তিকে বলা হয় *প্রেশানুভব*, অর্থাৎ প্রথাখিক স্তোষ। এই অনুভৃতি আনেকটা ক্রুধার্ড ব্যক্তির প্রতি প্রামে প্রামে ক্রুধা-নিবৃত্তিকাপ এপ্রিয় মতো। ক্রুধার সময় যতই ভোজন করা হয়, ততই তৃপ্তি ও শক্তি অনুভব হয়। সেই রকম, ভঙ্জির প্রভাবে মন বিষয়াসক্তি থেকে মুক্ত হয় এবং অপ্রাকৃত ভৃথি অনুভূত হয়। এই পদ্ধতি অনেকটা সৃদক্ষ চিকিৎসা এবং উপযুক্ত আহারের দাবা রোগ নিরাময় করার মতে। ভগনান শ্রীকৃষেক্স চিমায় লীলা শ্রবণ করা হচ্ছে উন্মন্ত মনের সুদক্ষ চিকিংসা এবং কৃষত্রসাদ হচ্ছে ভবরোগ নিরাময়ের উপযুক্ত পগ্য। এই সর্বাঙ্গীণ চিকিৎসা হচ্ছে কৃষ্ণভাবনাযুত।

শ্লোক ৩৬

অসংযতাত্মনা যোগো দুজ্ঞাপ ইতি মে মতিঃ ৷ বশ্যাত্মনা তু ষততা শক্যোহবাপ্তমুপায়তঃ 🏾 ৩৬ 🗈

অসংযত ক্ষসংযত; আত্মনা মনের দাবা; যোগঃ আত্ম-উপলব্ধি, দু**ংগ্রাপঃ**—
দুংগ্রাপা, ইতি এভাবে মে—জামার, মতিঃ—অভিমত, কণা কণীভূত; আত্মনা—
মনেব দাবা, ভূ কিন্তু, যততা—যতুবান, শক্যঃ—সমর্থ, অবাপ্ত্ম্ —লাভ করতে;
উপায়তঃ—যথার্থ উপায় অবলম্বন করে।

গীতার গান

অসংযত মন যার যোগ সে দুষ্কর । সেই সে আমার মত বুঝহ বিস্তর ॥ আত্মবদী চেষ্টা করি যে করে উপায় । তাহার সে কার্যসিদ্ধি জানহ নিশ্চয় ॥

অনুবাদ

অসংযত চিন্ত ব্যক্তির পক্ষে আত্ম-উপলব্ধি দৃষ্প্রাপ্য কিন্তু যার মন সংযত এবং যিনি বথার্থ উপায় অবদায়ন করে মদকে হল করতে চেন্টা করেন, তিনি অবলাই সিন্তি কাত্ত করেন। সেটিই আমার অভিমত

তাৎপর্য

ভগবান আমানের এখানে জানিয়ে দিছেনে যে, জড় বিষয় থেকে মনকে করার থথার্থ চিকিৎসা প্রহণ না করলে কখনই যোগ-সাধনায় সিদ্ধি লাভ করা যায় না বনকে সুবভোগে নিয়েজিত রেখে যোগের অনুশীলন করটো জল ডেঙ্গে আগুন জ্বালাগায় চেন্টার সামিল মনকে সংযত না করে যোগা অনুশীলন করা কেবল সময়েরই অপচয়। এই ধরনের পোকদেখানো যোগসাধনা অর্থ উপার্জন করার একটি ভাল উপায় হতে পায়ে, কিন্তু পরমার্থ সাধনের ব্যাপায়ে তা সম্পূর্ণ নির্মাধন। তাই, নিরশুর ভগবানেয় অপ্রাকৃত প্রেমময় সেশায় নিয়োজিত করে মনকে সংযত করতে হয়। কৃষ্যভাবনামৃত বা ভগবৎ-সেরা ছাড়া মনকে কথনও সংযত করা যায় না। কৃষ্যভাবনাময় ভগবতুক্ত আলাদা প্রচেন্টা ছাড়াই অনায়াসে যোগা-সাধনার সমস্ত ফল লাভ করেন। কিন্তু কৃষ্যভাবনাময় না হয়ে যোগা অনুশীলনকারী কথনই তার যোগ-সাধনায় সিদ্ধি লাভ করতে পারেম না

শ্রোক ৩৭

অর্জুন উবাচ

অয়তিঃ শ্রদ্ধরোপেতো যোগাচ্চলিতমানসঃ । অপ্রাপ্য যোগসংসিদিং কাং গতিং কৃষ্ণ গছতি ॥ ৩৭ ॥

অর্ভুনঃ উবাচ—অর্জুন বললেন; অয়তিঃ—ব্যর্থ যোগী, প্রস্করা৷ শ্রদ্ধা সহকারে, উপেতঃ—বুক্ত, যোগাৎ—যোগ থেকে, চলিত স্তুর, মানসঃ—চিত্ত, অপ্রাপ্য—

না পেয়ে, যোগসংসিদ্ধিম্—যোগের সম্যক ফল, কাম্—কি, গতিম্—গতি, কৃষ্ণ— হে কৃষ্ণ, গচ্ছতি—প্রাপ্ত হন

গীতার গান

অর্জুন কহিলেন :
চেস্টা করিয়াও যদি সিদ্ধ নাহি হয় ।
হে কৃষ্ণা: বল ভার কি আছে উপায় ॥
সাধ্যমত চেস্টা করি বিচলিত হয় ।
অপ্রাণা সে যোগসিদ্ধি ভাহার নিশ্চয় ॥

অনুবাদ

অর্জুন জিজাসা করলেন—হে কৃঞ্চ! যিনি প্রথমে শ্রদ্ধা সহকারে যোগে যুক্ত থেকে পরে চিত্তচাঞ্চল্য হেতু হাই হয়ে যোগে সিদ্ধিলাভ করতে না পারেন, তবে সেই বার্থ যোগীর কি গতি লাভ হয়?

ভাৎপর্য

ভগবদ্দীতাতে আদ্য-উপলব্ধির পদ্ম বা যোগের কথা কলি। করা হয়েছে। আদ্যউপলব্ধি বলতে সেই জ্ঞানকে বোঝায় যার ফলে কুমতে পারা যায় যে, এই জড়
দেহটি জীবের স্বরূপ নয়, তার স্বরূপ হছে সং, চিং ও আনন্দময় আয়া। এই
স্বরূপ অপ্রাকৃত, তা জড় দেহ ও মনের অতীত। জ্ঞানযোগ, অস্টাগ্রেযাগ অথবা
ভক্তিযোগের মাধামে এই আদ্য-উপলব্ধি অন্তেহণ করতে হয়। এই সব করটি
পদ্বাতেই অনুশীলনকারীকে জ্ঞানতে হয় জীবের স্বরূপ কি, তার সঙ্গে ভগবানের
কি সম্পর্কে এবং কিভাবে ভগবানের সাথে সেই সম্পর্কের পুনঃপ্রতিষ্ঠা করে
কৃষ্ণভাবনাময় হওয়া যায়। এই তিনটি পথের যে কোন একটিকে অবলম্বন করে
সর্বাপ্তঃকরণে তার অনুশীলন করতে শুকু করলে এক সময় না এক সময়
গান্তবাস্থলে পৌছানো যায়। ভগবদ্গীতার ছিতীয় অধ্যায়ে ভগবান আশ্বাস দিরে
বলেছেন যে, পরমার্থ সাধনের পথে স্বল্প প্রচিটাও জড় বন্ধন থেকে মৃক্ত করে
এবং মহৎ ভয়ের থেকে রাণ করে। এই তিনটি পন্থার মধ্যে ভক্তিযোগই এই
যুগের পক্ষে সর্বাপেক্ষা উপযোগী কারণ, ভগবানকে জ্ঞানবার জন্য এর্ডন আবার

ভগবানকে সেই কথা জিজেস করছেন। যথেষ্ট নিষ্ঠার সঙ্গে আমরা জানযোগ ও অন্তান্ধ-যোগের অনুশীলন করতে পারি। কিন্তু তাদের মাধ্যমে আত্মজ্ঞান লাভ করা এই কলিযুগে অত্যন্ত কঠিন। তাই, ঐকান্তিক চেষ্টা থাকলেও সিদ্ধি লাভ না হতেও পারে নানা কারণে তার পদস্থলন হতে পারে সর্বপ্রথমে, কেউ হয়ত যথেষ্ট ওরত্বের সঙ্গে পত্মাতি অনুশীলন নাও করতে পারে পরমার্থ সাধনে এতী হওয়া মারার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করারই সামিল। অতএব, কেউ যথন জড় বধন থেকে মুক্ত হওয়ার চেষ্টা করে, তখন মায়া বা জড়া প্রকৃতি তাকে নানাভাবে প্রশোভিত করে বিপথগামী করার চেষ্টা করে। বদ্ধ জীব এমনিতেই জড়া প্রকৃতির ওণের ঘারা মুগ্ধ হরে আছে, তাই শরমার্থ সাধন করার সময় পুনরায় আছের হয়ে পড়ার সন্তাবলা থাকে। একে বলা হয় যোগান্তলিতমানসঃ—যোগের পথ থেকে অন্ত হয়ে পড়া। এভাবেই যোগস্তেই হয়ে গড়লে তার পরিগাম কি হয় তা জানতে অর্জুন উৎসুক।

গ্ৰোক ৩৮

কচ্চিমোভয়বিত্রষ্টশিহরাত্রমিব নশ্যতি । অপ্রতিষ্ঠো মহাবাহো বিমৃঢ়ো ব্রহ্মণঃ পথি ॥ ৩৮ ॥

কর্তিৎ—কি, ন—না; উত্তর—উভয়, বিস্তর্তী:—বট্ট; ছিল—ছিল; অস্তর্য—মেম; ইব—মতো, নশ্যন্তি—নউ হয়, অপ্রতিষ্ঠাং—নিরাহায়, মহাবাহো—হে মহাবীর কৃষ্ণ; বিমৃচ্য:—বিমৃচ্য, বঙ্গাং—প্রথা লাভের; পথি—পথে।

গীতার গান

উভর এই ছিরার মতো সর্বনাশ। বিমৃঢ় রক্ষের পথে কিবা ভার আশ। মহাবাহো। এ সংশয় করহ ছেনন। মৃচাও আপনি সেই মনের বেদন।

অনুবাদ

হে মহাবাহো কৃষ্ণ। কর্ম ও যোগ হতে স্তম্ভ ব্যক্তি ব্রহা লাভের পথ থেকে বিমৃচ্ হয়ে যে আশ্রয়হীন হয়ে পড়ে, সে কি ছিল্ল মেঘের মড়ো একেবারে নষ্ট হয়ে যাবে?

ভাৎপর্য

দৃটি পথ ধরে এগোনো যায়। যাবা বিষয়াসক, তারা প্রমার্থ নিয়ে মাথা ঘামায় না তাই তারা অর্থনৈতিক উন্নতি সাধন করে জড় বিষয় ভোগ করতে তৎপর, অথবা যথোচিত কর্ম অনুষ্ঠান করার মাধ্যমে স্বর্গলোকে উত্তীর্ণ হওয়ার প্রয়াসী, কেউ যখন পারমার্থিক পঞ্চ অবলম্বন করে, তখন তাকে সব রকম বৈষ্ট্রিত কর্ম পরিত্যাগ করতে হয় এবং স্ব রকম জড় সুখভোগের বাসনা পরিত্যাগ করতে হয় এই প্রমার্থ সাধনে তিনি যদি সফল না হন, তখন জাপতেদৃষ্টিতে মনে হয় যে, তিনি দুই দিকই হারালেন—তিনি জড় সুখভোগ করতে পারলের না, আর পারমার্থিক সিন্ধিও লাভ করতে পার্জেন না। তিনি ফেন বায়ু তাড়িও মেদের মডোই ছন্নখাড়া। আকাশে অনেক সময় এক টুকরা মেঘ একটি ছোট মেঘ থেকে সবে গিরে একটি বড় মেঘের দিকে এগিয়ে যায়। কিন্তু সে যদি সেই বড় মেঘটির সঙ্গে যুক্ত হতে না পারে; তা হলে সে বায়ুর দ্বারা বিভাড়িত হয়ে অসীম আকাশে ছারিরে যায়। *ব্রজাণঃ পথি* কথাটির অর্থ হচেছ প্রমার্থ সাধনের পথ, যার অনুশীলনের ফলে উপলব্ধি হয় যে, জীবের প্রকৃত বরূপ হচ্ছে তার আয়া। এই জাত্মা হতেই সেই পরমেশরের অংশ, যিনি ব্রহ্ম, পর্যয়ন্ত্রা ও ভগবানজপে নিজেকে প্রকাশ করেছেন, ভগবান জীকৃষ্ণই হচ্ছেন প্রম-তত্ত্বের পূর্ণ প্রকাশ, ভাই তাঁর চরণে যিনি প্রপত্তি করেছেন, তিনিই হচ্ছেন সার্থক পরমার্থবাদী। ব্রহ্ম ও পরমাস্ত্রা উপলব্ধির মাধ্যমে জীবনের পরম লক্ষ্যে পৌছাতে গেলে বহু বহু জ্যোর প্রচেষ্টার ফলে সপ্তব হতে পারে—*বহুনাং জখনামন্তে*। তাই প্রমার্থ সাধনের প্রম শ্রেষ্ঠ পথ হচ্ছে ভক্তিযোগ বা কৃষ্ণভাষনামৃত, যার ফলে আমরা সরাসবিভাবে জানতে পারি—ভগবন কেং শ্রীকৃঞ্জ কেং তার সঙ্গে আমাদের কি সম্পর্কং

শ্লোক ৩৯

এতশ্যে সংশয়ং কৃষ্ণ ছেত্মহ্স্যশেষতঃ । ত্বন্যঃ সংশয়স্যাস্য ছেতা ন হ্যপ্ৰপদ্যতে ॥ ৩৯ ॥

এতৎ—এই, মে—আমার, সংশয়ম্—সংশয়, কৃষ্ণ—হে কৃষ্ণ, ছেত্ব্য্—দূর করতে, অর্থসি—তুমি সমর্থ, অশেষতঃ—সর্বতোভাবে, ছৎ—তুমি ছাড়া, অন্যঃ— অন্য কেউ. সংশয়স্য—সংশয়ের, অস্য —এই, ছেব্রা—ছেলনকারী, ন—না, হি—অবশাই, উপপান্যতে—পাভায়া যাবে

গীতার গান

তুমি কৃষ্ণ সে স্বয়ং সব কিছু জান। তুমি বিনা ছেবা কিবা আছে আর আন॥

অনুবাদ

হে কৃষ্ণ। তুমিই কেবল আমার এই সংশয় দূর করতে সমর্থ কারণ, তুমি ছাড়া আর কেউই আমার এই সংশয় দূর করতে পারবে না।

তাৎপর্য

ভগবান শ্রীকৃষ্ণ অতীত, বর্তমান ও ভবিষাৎ সম্পর্কে সম্পূর্ণরাপে অবগত। ভগবদ্গীতার প্রারম্ভে ভগবান বলেছেন যে, প্রতিটি জীবই তার স্বতন্ত্র অন্তিত্ব নিয়ে অতীতে ছিল, বর্তমানে আছে এবং ভবিষ্যতেও থাকারে। এমন কি, ঋণ্ড বন্ধন থেকে মৃত্তি লাভ করার পরেও তাদের থাতদ্বা বজাম থাকারে। এভারেই তিনি প্রতিটি জীবের ভবিষ্যৎ সম্পর্কে বঙ্গে দিয়েছেন এখন, অর্জুন ঠার কাছ থেকে জানতে চাইছেন, যে সমস্ত সাধকেরা তাঁদের সাধনাম সিদ্ধি লাভ করতে পারকেন না, তাঁদের কি পরিণতি হবে? ভগবান শ্রীকৃষ্ণ হচেনে পরম পুরুষ, তার উর্ধে আর কেউ নেই, এমন কি তার সমকক্ষও কেউ হতে পারে না ভগাকথিত সমস্ত জানী ও দার্শনিকেরা, যারা প্রকৃতির কৃপার উপর সম্পূর্ণভাবে নির্ভরশীল, তারাও কংনও ভগবানের সমকক্ষ হতে পারে না তাই, আমাদের সমস্ত সন্দেহ নিরমনের জনা ভগবানের মুখনিঃসৃত বার্ণীই হচ্ছে সবচেয়ে নির্ভর্যোগ্য সূত্র, কারণ তিনি অতীত, বর্তমান ও ভবিষ্যৎ সম্পর্কে সম্পূর্ণভাবে অবগতে কিপ্ত তাঁকে কেউ কখনও সম্পূর্ণরালে জানতে পারে না ভগবান শ্রীকৃষ্ণ ও কৃষ্ণভাবনাময় ভক্তেরাই যথার্থ তত্ত্বতা।

গ্ৰোক ৪০

<u>ভীভগবানুবাচ</u>

পার্থ নৈবেহ নামুত্র বিনাশস্তস্য বিদ্যুক্ত । ন হি কল্যাণকৃৎ কশ্চিদ্ দুর্গতিং তাত গচ্ছতি ॥ ৪০ ॥

শ্রীভগবান্ উবাচ শরমেশর জগবান বললেন, পার্থ—হে পৃথাপুত্র, নৈক কখনও এই রকম হয় না, ইহ—এই জড় জগতে, ন—না; অমুত্র—পরলোকে, বিনাশঃ

গ্ৰোক ৪০ী

বিনাশ, তস্য—তার, বিদ্যতে—বিদামান, ন—না, হি— যেহেভু: কল্যাণকৃৎ— শুভ অনুষ্ঠানকারী, কশ্চিৎ—কেউই, দুর্গতিম্—দুর্গতি, তাত—হে বংস , গাছন্তি— প্রাপ্ত হয়

গীতার গান

শ্রীভগবান কহিলেন :
হে পার্য! শুনহ তুমি সে রূপ তাহার ।
একজন্মে নহে সিদ্ধ বিপত্তি অপার ॥
তাহারও নাহি নাশ ইং বা অমুব্র ।
কল্যাণ কার্য যে সেই বিজয় সর্বর ॥

অনুবাদ

পরমেশ্বর জগবান বললেন—হে পার্থ: শুভানুষ্ঠানকারী প্রমার্থবিদের ইংলাকে ও পরলোকে কোন দুর্গতি হয় না। হে বংসঃ কারণ, কল্যাপকারীর কখনও অধােগতি হয় না।

তাংপর্য

শ্রীমন্তাগবতে (১/৫/১৭) শ্রীনারদ মুনি ব্যাসদেককে নির্দেশ দিয়েছেন—

जिल्हा चयर्यर ठतभाकृत्वर इततजिल्हाभरता२थ भरजन्य गणि ।

यत क वाल्डामङ्गमृष्य किः

का वार्थ वार्खाश्च्यकाः चर्थालः ॥

"কেউ যদি সব রকম জড়-জাগতিক কর্তব্য পরিত্যাগ করে ভগবানেব শ্রীপাদপদ্মের শরণাগত হয়, তা হলে তাব কোন রকম ক্ষতি বা পতনবাদী অমন্ধলের আশস্তা থাকে না। পক্ষাগুরে, সর্বতোভাবে ক্ষর্মাচরণে রত অভন্তের কোনই লাভ হয় না " জাগতিক উন্নতির জন্য নানা রকম শাল্পোক ও প্রচলিত আচার-অনুষ্ঠান আছে কিন্তু কৃষ্ণতোবনামৃত লাভ করবার জন্য পরমার্থ সাধককে এই সমন্ত ক্রিয়াকলাপ পরিত্যাগ করতে হয়। তর্কের খাতিরে কেউ বলতে পারে যে, ভগবন্ধন্তি সাধনের পথে সিদ্ধি লাভ করলে পরমার্থ সাধিত হতে পারে, কিন্তু যদি সিদ্ধি লাভ না হয় তা হলে তার জাগতিক জীবন ও পারমার্থিক জীবন উত্যুই বিফলে

বায়। শাস্ত্রে কলা হয়েছে বে, শাস্ত্রের বিধান অনুসারে স্বধর্মের আচরণ না করলে তাকে সেই পাপের ফল ভোগ করতে হয়, তাই কেউ যদি যথায়থভাবে পরমার্থ সাধনে বার্থ হয়, তা হলে শাস্ত্র নির্দেশিত স্বধর্ম আচরণ না করার জনা তার ফল ভোগ করতে হয়। এই প্রান্ত ধারণা থেকে আমাদের সংশয় দূর করবার জনা প্রীমন্ত্রাগকত অসফল পরমার্থনাদীকে এই প্রতিশ্রুতি দিছেে যে, এক জীবনে পরমার্থ সাধনে সিদ্ধি লাভ না করতে পারলেও তাতে দুশ্চিতা করার কোন কারণ নেই এমন কি যদিও স্বধর্ম ব্যায়থভাবে অনুষ্ঠান না করার জন্য তিনি তাঁর প্রতিশ্রিদার অধীন হলেও, তাঁর ক্ষতির কোন কারণ নেই, কারণ, ওভ কৃষ্ণভাবনাম্ভ কথনও বিফলে যায় না এবং পরবর্তী জীবনে কেউ যদি অত্যন্ত নীচ বংশেও জন্মগ্রহণ করেন, তা হলেও তিনি ভগবন্ধছির মার্গ থেকে বিচ্নাত হন না পক্ষান্তরে, কেউ যদি একান্ত নিষ্ঠার সঙ্গে স্বধর্মের আচার অনুষ্ঠান করে, কিন্তু অন্তরে যদি ভগবন্তুছিন না থাকে, তা হলেও তিনি ভগবন্তুছিন আচার অনুষ্ঠান করে, কিন্তু অন্তরে যদি ভগবন্তুছিন না থাকে, তা হলেও ভার কোনই কল্যাণ হয় না

यानस्थल

এই তাৎপর্যে আমরা বৃথতে পারি যে, মানুযথে পুভাগে ভাগ করা যায়— সংযত ও উচ্ছেন্দ্রন। যে সমগু মানুর পরজারের কথা বিবেচনা না করে, পারমার্থিক মুক্তির কথা বিবেচনা না করে, কেবল পশুর মতো ভাদের ইন্দ্রিরতৃত্তি করার চেষ্টা করে, তারা উচ্ছ্রনল পর্যায়ভূক্ত। আর যারা শানুরে নির্দেশ অনুসারে ধর্মীয় আচার অনুষ্ঠানের মাধায়ে জীবন যাপন করে, তারা সংযত পর্যায়ভূক্ত। যারা উপ্পূর্দ্ধাল, তারা উন্নত হোক বা অনুষ্ঠাই হোক, শিক্ষিত হোক বা অনুষ্ঠাই হোক, শিক্ষিত হোক বা অনভাই হোক, শিক্ষিত হোক বা অনভাই হোক, শিক্ষিত হোক বা অনভাই হোক, করা সকলেই পাশ্যবিক প্রবৃত্তির হারা প্রভাবিত। তানের ক্রিয়াকলাপ কথনও মঙ্গলজনক হয় না, কারণ আহার, নিপ্রা, ভর আর মৈপুনের মাধায়ে পশুর মতো ইন্রিয়তৃত্তি করে সুন্ধের অধেষণ করার কলে তারা চিরকালই দুংখময় জড় জগতে পড়ে থাকে এবং নিরস্তর দুংখকই ভোগ করে। পক্ষান্তরে, বাঁরা শান্তের নির্দেশ অনুযায়ী সংযত জীবন যাপন করে ক্রমান্তরে ক্রমান্তরে ক্রমান্তরের ক্রমান্তরে ক্রমান্তরের ক্রমান্তর ক্রমান্তর ক্রমান্তরের ক্রমান্তরের ক্রমান্তরের ক্রমান্তরের ক্রমান্তরের ক্রমান্তরের ক্রমান্তরের ক্রমান্তরের ক্রমান্তরের ক্রমান্তর ক্রমান্তরের ক্রমান্তরের ক্রমান্তরের ক্রমান্তরের ক্রমান্তর ক্রমান্তরের ক্রমান্তর ক্রমান্তর ক্রমান্তরের ক্রমান্তরের ক্রমান্তরের ক্রমান্তর ক্রমান্তরের ক্রমান্তর ক্রমান্তর ক্রমান্তর ক্রমান্তর ক্রমান্তর ক্রমান্তরির ক্রমান্তর ক্র

যাঁরা মঙ্গলজনক সংযত জীবন যাপন করেন, তাঁদের আধার তিন ভাগে ভাগ করা যায়। ১) 'কর্মী' — যাঁরা শান্তের নির্দেশ অনুসারে জীবন যাপন করে জাগতিক সুখয়াচ্চন্দ্র ভোগ করছেন। ২) 'মৃক্তিকামী' যাঁরা জড় জগতের বন্ধন থেকে মৃক্ত হওরার চেট্র করছেন এবং ৩) 'ভগবস্তুক্ত' যাঁরা ভগবান শ্রীকৃষ্ণের চবণে দর্বতোভাবে আন্ত্রোহদর্গ করে তাঁর সেবায় নিয়োজিত হয়েছেন শান্ত্রের নির্দেশ অনুসারে জীবন যাপন করে চলেছেন যে সমস্ত কর্মী, তাঁদের আবার দৃভাগে ভাগ করা যায় — 'সকাম কর্মী' ও 'নিদ্ধাম কর্মী'। ধর্ম আচরণ করার প্রভাবে অজিত

পূণফেলের বলে যাঁরা জড় সুখভোগ করতে চান, তাঁবা উন্নত জীবন প্রাপ্ত হন, এমন কি তাঁরা স্বর্গলোকও প্রাপ্ত হন কিন্তু জড় সুবভোগ করার বাসনায় আসন্ত থাকার ফলে তাঁরা যথার্থ মঙ্গলজনক পথ অনুসরণ করছেন না। জড় জগতের বন্ধন থেকে মুক্ত হওয়ার প্রচেষ্টাই হচ্ছে মঙ্গলজনক কার্যকলাণ। পরম তত্ত্বজ্ঞান লাভ করার উদ্দেশ্যে অথবা দেহায়বৃদ্ধি থোকে জীগকে মুক্ত করার উদ্দেশ্যে যে কর্ম সাধিত হয় না তা কোন মতেই মঙ্গলজনক না। কৃষ্ণজাবনাময় কর্মই হচ্ছে একমাত্র মঙ্গলময় কর্ম এই কৃষ্ণজাবনাময় ভক্তিযোগের পথে প্রগতির জন্য যিনি স্বেছায় সব রক্ষম শারীবিক অসুবিধাগুলিকে সহ্য করেন, তিনি নিঃসন্তেহে তপোনিষ্ঠ পূর্ণযোগী। অস্টাঙ্গ-যোগেরও পরম উদ্দেশ্য হচ্ছে কৃষ্ণজাবনাম্ভ লাভ করা, তাই এই প্রচেমীও অতান্ত মঙ্গলজনক এবং যিনি এই মার্গে জগবৎ-তত্ত্বজ্ঞান লাভ করবার যথাসাধ্য চেষ্টা করছেন, ভারও কোন রক্ষম অধাঃপত্তনের সন্তাবনা নেই।

গ্লোক 85

প্রাপ্য পূণাকৃতাং লোকানুষিত্বা শাশ্বতীঃ সমাঃ । শুচীনাং শ্রীমতাং গেহে যোগন্তাইভিজায়তে ॥ ৪১ ॥

প্রাপ্য—লাভ করে, পূর্ণাকৃতাম্—পূর্ণাবাননের, লোক্যন্—লোকসমূহ, উ**ষিক্যা—** বাস করে, শাশ্বতীঃ—বহু, সমাঃ—বংসর, শুর্চীনাম্—সদাচারী, শ্রীমতাম্—ধনীর, গৈহে—গৃহে, যোগজন্তঃ—যোগ থেকে বিচ্যুত ব্যক্তি, অভিজ্ঞায়তে—জন্মগ্রহণ করেন

গীতার গান

যদিকা হইল ভ্রস্ট যোগের সাধনে।
তথাপি সে পায় সেই মাহা পুণ্যবানে॥
উত্তম ব্রাহ্মণ ধনী বণিকের ঘরে।
যোগপ্রস্ট জন্ম লয় বিধির বিচারে॥

অনুবাদ

যোগভাষ্ট ব্যক্তি পূণাবানদের প্রাণ্য স্বর্গাদি লোকসমূহে বহুকাল বাস করে সনাচারী বাজাণদের গৃহে অথবা শ্রীমান ধনী বনিকদের গৃহে জন্মগ্রহণ করেন।

তাংপর্য

যোগমন্ত যোগী দুই প্রকারের—এক শ্রেণী হচ্ছেন যাঁবা অল্প সাধনার পব পতিত হয়েছেন, আর অপর শ্রেণী হচ্ছেন যাঁরা দীর্ঘকাল যোগাভ্যাস করার পর দ্রষ্ট হয়েছেন। অল্প সাধনার পর যাঁরা পতিত হয়েছেন, তাঁরা উচ্চতর লোকে যান, ঘেষানে পূণাবানেরা প্রবেশ করার অধিকার লাভ করেন। সেখানে দীর্ঘকাল নানা রকম সৃষভোগ করার পরে তাঁরা আবার এই জগতে ফিরে আসেন এবং সং ব্রাক্ষণ বৈকর অথবা ধনী বণিকের যাত্র জন্মগ্রহণ করেন।

যোগসাধন করার প্রকৃত উদ্দেশ্য হচ্ছে পূর্ণরাপে কৃষ্যভাবনার অমৃত লাভ করা, যা এই অধ্যায়ের শেষ প্লোকটিতে বর্ণনা করা হয়েছে কিন্তু এই রক্ষের সক্ষা পৌল্লবার আগেই যদি কেউ মোহিনী মায়ার প্রভাবে এই হন, তা হলে ভগবানের কৃপায় তারা তাদের জাগতিক কামনা-বাসনার ভৃত্তিসাধন করার পূর্ণ সুযোগ পান এবং ভারপর ধার্মিক অথবা সম্ভান্ত পরিবারে প্রশ্নগ্রহণ করেন এই ধরনের সম্ভান্ত পরিবারে জন্মগ্রহণ করার সুযোগ পান ভাই, তারা ধার্মিক ও সম্ভান্ত পরিবারে জন্মগ্রহণ করেছেন, পূর্ব জন্মের কথা স্মরণ করে তারা ধার্মিক ও সম্ভান্ত পরিবারে জন্মগ্রহণ করেছেন, পূর্ব জন্মের কথা স্মরণ করে তানের ভগবন্তুক্তি সাধনে রতী হওরা উচিত।

গ্লোক ৪২

অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্ ৷ এতদ্ধি দুর্লভতরং লোকে জন্ম যদীদৃশম্ ॥ ৪২ ॥

অথবা—অথবা, যোগিনান্—যোগিদের, এব—অবশাই, কুলে—বংশে, ভবতি— অগ্নপ্রহণ করেন, ধীমতাম্—জ্ঞানবান, এতং—এই, হি—অবশাই, দুর্লভতরম্— অভান্ত দুর্লভ, লোকে—এই জগতে, স্কন্ম—জন্ম, মং—যে, ঈদৃশম্—এই প্রকার

গীতার গান

অথবা মোগীর কুলে তার জন্ম হয় 1
দূর্লভ সে সব জন্ম কিবা তার ভয় য়
সে সব দূর্লভ জন্ম যদি কেহ পায় 1
তারপর সঙ্গ দোষে যদি না এময় য

অনুবাদ

অথবা যোগভ্ৰম্ভ পুরুষ জ্ঞানবান যোগিগদের বংশে জন্মগ্রহণ করেন। এই প্রকার জন্ম এই জগতে অবশ্যই অত্যন্ত দুর্লভ।

তাৎপর্য

এই প্রোকে ভগবান যোগী এবং প্রমার্থবাদী সাধকের কুলে জন্ম হওয়ার প্রশংসা করেছেন কারণ, এই কুলে জন্ম হওয়ার ফলে জীবনের শুরু থেকেই পরমার্থ সাধনের প্রেরণা লাভ করা যায়, বিশেষ করে আচ্যর্য অথবা গ্রোস্থামী পরিবারে জন্ম হওয়ার ফলে পরম্পরা এবং শিক্ষার প্রভাবে এই কুল বিদ্ধান ও ডভিযুক্ত হয়, তাই তাঁরা ওরুপদ প্রাপ্ত হতেন। ভারতবর্ষে এই রকম বহু জাচার্য পরিবার আছে, কিন্তু যথেন্ত শিক্ষা ও সংযমের অভাবে তারা অধ্যপতিত হরেছে। ভগবানের কুপার ফলে কোন কোন পরিবারে পুরুবানুক্রমে সাধক উৎপন্ন হয়। এই রকম পরিবারে জন্ম লাভ করা অত্যন্ত সৌভাগার বিবয়। সৌভাগারুমে আমানের আচার্যদেব ও বিফুপাদ প্রীপ্রীমদ্ ভভিসিদ্ধান্ত সরস্বতী গোগামী মহারাজ ও আমি স্ববাং এই রকম পরিবারে জন্ম পরিবারে জন্ম করেছি। দেব বিধান অনুসারে ভগবন্তুক্তি অনুশীলন করার সৌভাগা্য অর্জন করেছি। দেব বিধান অনুসারে পরবর্তীকালে আমরা মিলিত হয়েছি।

(到本 80

তত্র তং বৃদ্ধিসংযোগং লভতে পৌর্বদেহিকম্। যততে চ ততো ভূমঃ সংসিদ্ধৌ কুরুনন্দন ॥ ৪৩ ॥

তত্ত্ব—তার ফলে, দ্বম্—সেই, বুদ্ধিসংযোগম্—পরমান্ত বিষয়িণী বৃদ্ধির সঙ্গে সংযোগ; লভতে—লাভ করেন, পৌর্ক—পূর্ব, দেহিকম্—স্তান্তক্ত, ফততে—খত্ত করেন চ—ও ততঃ—তারপর, ভূয়ঃ—পূনরায়, সংসিদ্ধ্যে—সিদ্ধি লাতের জন্য, কুরুনন্দন—হে কুরুপুত্র।

গীতার গান

বৃদ্ধির সংযোগে পূর্ব দেহে যে সাধিল। হে কুরুনন্দন জান সেই নিশ্চয়াই বৃঝিল॥

তবে বৃদ্ধিমান করে পুনঃ যোগের সাধন ৷ দৃঢ় চেষ্টা করি যোগী পুনঃ সিদ্ধ হন ॥

অনুবাদ

হে কুরুনন্দন! সেই প্রকার জন্মগ্রহণ করার ফলে তিনি পুনরায় তার পূর্ব জন্মকৃত পারমার্থিক চেডনার বৃদ্ধিসংযোগ লাভ করে সিদ্ধি লাডের জন্য পুনরায় বন্ধবান হন।

ভাৎপর্য

পূর্ব জন্মের সুকৃতি অনুসারে সৎ ব্রাক্ষণকূলে জন্মগ্রহণ করে পারমার্থিক চেতনার বিকাশ করার পুর সুন্দর পৃষ্টান্ত আমরা পাই মহারান্ত ভরতের মাধ্যমে মহারান্ত ভরত হিলেন সসাগরা পৃথিবার অধীশ্বর এবং তারই নামানুসারে স্বর্গের দেবতাদের কাছেও এই গ্রহের নাম হয় ভারতবর্ব। পূর্বে নাম ছিল ইলাব্তবর্ব। পারমার্থিক সিদ্ধি লাভ করবার জন্য ভরত মহারাজ খুব অল্প বয়সে সংলার ত্যাগ করেন কিন্তু তিনি সিদ্ধি লাভে অক্ষম হন। পরবর্তী জীবনে তিনি এক সং ব্রাক্ষাণকুলে লালগ্রহণ করেন। কোন মানুবের সঙ্গে মেলামেশ্য করতেন না এবং কারও সঙ্গে কথা বলতেন না বলে তার নাম হয় জড় ভরত পরবর্তীকালে মহারাজ রহুগণ তার সঙ্গে কথোপকথন করার মাধ্যমে জানতে পারেন যে, তিনি পরম ভাগবত। জড় ভরতের জীবনের মধ্যমে আমরা জনায়াসে বুঝতে পারি যে, পারমার্থিক সাধনা বা যোগসাধনা কথনই বিফলে যায় না। ভগবানের কৃপার ফলে পরমার্থ সাধকেরা কৃক্ষভাবনার সিদ্ধি লাভ করবার জন্য বারবার সুযোগ পান।

শ্লোক 88

পূৰ্বাভ্যাদেন তেনৈৰ দ্বিয়তে হ্যবশোহণি সঃ । জিজ্ঞাসুরণি যোগস্য শক্ষবন্ধাতিবর্ততে ॥ ৪৪ ॥

পূর্ব-পূর্ব, অজ্ঞামেন-জভ্যাসের দ্বাবা; তেন-সভাবে এব-অবশাই, ছিয়তে— আকৃষ্ট হন, হি -নিশ্চিতভাবে, অবশঃ—অবশ হয়ে, অপি—ও, সঃ—তিনি, জিজ্জামুঃ—জানতে ইচ্চুক: অপি—এমন বি: যোগাস্য যোগের; শব্দ্বজ্ব বেলেন্ড কর্মমার্গ; অতিবর্ততে—অতিক্রম করেন। গীতার গান

স্বাভাবিক ভাবে সেই ইচ্ছার উদ্যম। আকৃষ্ট ইইয়া করে সে কার্যে উদ্যম॥ জিজ্ঞাসু যদি বা হয় যোগের বিষয়। তথাপি সে কর্মকাণ্ড অতীত তরয়॥

অনুবাদ

তিনি পূর্ব জন্মের অভ্যাস বশে যেন অবল হয়ে যোগ-সাধনের প্রতি আকৃষ্ট হন। এই প্রকার যোগশান্তের জিজ্ঞাসু পুরুষ বেদোক্ত সকাম কর্মমার্গকে অভিক্রম করেন, অর্থাৎ সকাম কর্মমার্গে যে ফল নির্দিষ্ট আছে, ভার থেকে উৎকৃষ্ট ফল লাভ করেন।

তাৎপর্য

উচ্চ স্তরের যোগীরা বেদের কর্মকাণ্ডের প্রতি আকৃষ্ট নন, কিন্তু তাঁরা স্বাভাবিক ভাবেই যোগ-পদ্ধতির প্রতি আসন্ত হয়ে পড়েন, যা ওাঁদের কৃষ্ণভাবনামূতের স্তরে উনীত করে। এই কৃষ্ণভাবনামূতই হচ্ছে পরমার্থ নাধনের সর্বোচ্চ স্তর। শ্রীমন্তাগবতে (৩/৩৩/৭) বৈদিক কর্মকাণ্ডের প্রতি উন্নত পরমার্থবানীর নিরাসক্তি সম্বন্ধে বলা হয়েছে—

> অহো বত ঋপচোহতো গন্ধীয়ান্ যজ্জিহাগ্রে বর্ততে নাম তুভাম্। তেপুস্তপত্তে জুববুঃ সমুরার্যা ব্রস্থানচুর্নাম গণস্তি যে তে ॥

"হে ভগবান। চণ্ডালকুলে জন্মগ্রহণ কারও যদি কেউ তোমার অপ্রাকৃত নাম কীর্তন কারেন, তবে বুঝতে হবে যে, তিনি পারমার্থিক জীবনে অতান্ত উন্নত। যিনি ভগবানের নাম করেন, তিনি নিঃসন্দেহে ইতিপূর্বেই সব রক্তমের তপশ্চর্যা, যাগ-যজ্ঞ, তীর্থস্থান ও শাস্ত্র অধ্যয়ন সমাপ্ত করেছেন।"

এই সম্বন্ধে একটি খুব সুন্দর দৃষ্টান্ত হচ্ছে ঠাকুর হরিদাস, যাঁকে শ্রীচৈতন্য মহাপ্রভু অন্যতম পার্যদর্মপে গ্রহণ করেছিলেন। যদিও হরিদাস ঠাকুর যবনকুলে জন্ম গ্রহণ করেছিলেন, কিন্তু তা সত্ত্বেও শ্রীচৈতন্য মহাপ্রভু তাঁকে নামাচার্যরূপে ভূষিত করেছিলেন, কেন না তিনি একান্ত নিষ্ঠার সঙ্গে তিন লক্ষ হয়েকুক্ত মহামন্ত্র— হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ হরে হরে হরে রাম হরে রাম রাম রাম রাম হরে হরে ভাপ করেছিলেন। যেহেতু তিনি নিরস্তর ভগবানের নাম কীর্তন করতেন, এর খেকে বোঝা বার যে, পূর্ব জন্মে তিনি শন্ত্রশ্ব নামক বৈদিক কর্মকাশ্তের অনুষ্ঠান পূর্বজ্ঞপে সম্পন্ন করেছিলেন। অতএব শুদ্ধ না হলে ভগবন্ততি লাভ করা যায় না এবং ভগবানের অপ্রাকৃত নাম সমন্বিত হরেকৃষ্ণ মহামন্ত্র উচ্চারণ করা যায় না।

(計 8 4

প্রযন্ত্রাদ্ যতমানন্ত বোগী সংশুদ্ধকিল্যিঃ । অনেকজন্মসংসিদ্ধন্ততো যাতি পরাং গতিম্ ॥ ৪৫ ॥

প্রবন্ধাৎ—যত্ন অপেকা; যতমানঃ—বত্বধান; ভূ—কিন্তু; যোগী—এই প্রকার যোগী; সংশুদ্ধ—বিশুদ্ধ: কিন্দিয়ঃ—সর্বপ্রকার পাপ; অনেক—বহু; জন্ম—জন্ম: সংসিদ্ধঃ
—সিদ্ধি লাভ করে; ততঃ—ভারপর; যাতি—লাভ করেন; পরাম্—পরম; প্রতিম—গতি।

গীতার গান বতুমাত্র করি যোগী কার্যসিদ্ধি করে। জন্ম-জন্মান্তরে সিদ্ধ ভবার্ণব তরে ॥

অনুবাদ

যোগী ইহজকে পূর্বজন্মকৃত যত্ন অপেকা অধিকতার যত্ন করে পাপ মুক্ত হয়ে পূর্ব পূর্ব জন্মের সাধন সঞ্চিত সংস্কার দারা সিদ্ধি লাভ করে পরম গতি লাভ করেন।

ভাৎপর্য

ষর্মপরায়ণ, সম্রান্ত ও পবিত্র পরিবারে জন্মগ্রহণ করার ফলে মানুষ পরমার্থ সাধন করবার তাৎপর্য উপলব্ধি করতে পারেন। তিনি দৃঢ় সংকল্পের সঙ্গে তাঁর অসম্পূর্ণ সাধনাকে পূর্ণ করতে প্রয়াসী হন এবং এভাবেই সমস্ত জড় কলুষ থেকে মৃত্ত হয়ে তিনি কৃষ্ণভাবনা লাভ করেন। কৃষ্ণভাবনাই হচ্ছে জড় কলুষ থেকে মৃত্ত হওয়ার প্রকৃষ্ট পশ্ব। এই সম্বেদ্ধে ভগবদ্বীভাষ (৭/২৮) বলা হয়েছে—

(到本 84]

প্ৰোক ৪৭ী

বেবাং ত্বস্তগতং পাপং জনানাং পুণাকর্মণাম্ ৷ তে দশ্বমোহনির্মুক্তা ভজন্তে মাং দুত্রতাঃ ঃ

"জন্ম-জন্মান্তরের বহু পূণ্যকর্মের ফলে কেউ যখন পাপ ও জড় জগতের মোহ্ময় দ্বন্দু থেকে পূর্ণরূপে মুক্ত হন, তখন তিনি দৃঢ় সংক্রেরে সঙ্গে ভগবানের সেবায় যুক্ত হন।"

শ্লোক ৪৬

তপস্থিভ্যোহধিকো যোগী জ্ঞানিভ্যোহপি মতোহধিক: । কৰ্মিভ্যশ্চাধিকো যোগী তত্মাদ্যোগী ভবাৰ্জুন ॥ ৪৬ ॥

তপদ্মিছ্যঃ—তপস্বীদের চেয়ে; অধিকঃ—গ্রেষ্ঠ; যোগী—যোগী; জামিছ্যঃ— জানীদের চেয়ে; অপি—ও; মতঃ—মত; অধিকঃ—গ্রেষ্ঠ; কর্মিস্তঃঃ—সভায কর্মীদের চেয়ে; ৮—ও; অধিকঃ—গ্রেষ্ঠ; যোগী—যোগী; জন্মাৎ—অভএব; যোগী—যোগী; ভব—হও; অর্জুন—হে অর্জুন।

গীতার গান

তপস্বী সে যত আছে, সব নিম্ন যোগী কাছে, জ্ঞানী নহে তার সমতুলা । কর্মীর কি কথা আর, কোথায় তুলনা তার, হে অর্জুন। যোগী হও যোগ্য ॥

অনুবাদ

যোগী তপরীদের চেয়ে শ্রেষ্ঠ, জ্ঞানীদের চেয়ে শ্রেষ্ঠ এবং সকাম কর্মীদের চেয়েও শ্রেষ্ঠ। অতএব, হে অর্জুন। সর্ব অবস্থাতেই তুমি যোগী ২ও।

তাৎপর্য

যোগের অর্থ হচ্ছে পরম-ভত্তের সঙ্গে চেতনের সংযোগ। বিভিন্ন পশ্বা অনুসারে এই যোগকে বিভিন্ন নামে অভিহিত করা হয়। কর্মের মাধ্যমে যখন চেতনাকে ভগবানের প্রতি উদ্বৃদ্ধ করা হয়, তখন তাকে বলা হয় কর্মধোগ, পরীক্ষা-নিরীক্ষা ও গবেষণার মাধ্যমে যখন ভগবানকে জানবার চেষ্টা করা হয়, তখন তাকে বলা হর জানযোগ এবং ভক্তির মাধামে যখন ভগবানের সঙ্গে জীবের নিতা সম্পর্কের প্রতিষ্ঠার চেন্টা করা হর, তখন তাকে বলা হয় ভক্তিযোগ। সমস্ত যোগের চরম পরিণতি বা পরম পূর্ণতা হচেছ ভক্তিযোগ বা কৃষ্ণভাবনা। সেই কথা পরবর্তী প্রোকে বর্ণনা করা হয়েছে। এখানে ভগবান যোগের শ্রেষ্ঠছ প্রতিপন্ন করেছেন, কিন্তু তিনি কখনই বলেননি যে, এই যোগ ভক্তিযোগের থেকে শ্রেয়। ভক্তিযোগ হছে পরম তত্তুজ্জান এবং তাকে কোন কিছুই অতিক্রম করতে পারে না। আঘ্যতত্তুজ্জান বাতীত তপশ্চর্যার কোন তাৎপর্য নেই। ভগবানে শারণাগতি না হলে গ্রেষণামূলক জ্ঞানও সম্পূর্ণ নিরর্থক। আর কৃষ্ণভাবনা-বিহীন সকাম কর্ম কেবল সময় নই করারই নামান্তর। তাই, সমস্ত যোগের মধ্যে ভক্তিযোগকেই শ্রেষ্ঠ বলে গণ্য করা হয়। পরবর্তী প্লোকে ভা কিশ্বভাবে ব্যাখ্যা করা হয়েছে।

थानस्थान

(割) 89

যোগিনামপি সর্বেষাং মন্গতেনান্তরাত্মনা । শ্রদ্ধাবান ভক্ততে যো মাং স মে যুক্ততমো মতঃ ॥ ৪৭ ॥

ষোধিনাম্—যোগীদের; অপি—ও; সর্বেরাম্—সর্বপ্রকার; মদ্গতেন—আমাতেই আসক্ত; অন্তরান্ধনা—অন্তরে সব সময় আমার কথা চিন্তা করে; প্রদাবান্—পূর্ণ বিশ্বাস সহকারে; ভক্ততে—ভজনা করেন; যং—যিনি; মাম্—আমারে (পরমেশর ভগবানকে); সং—তিনি; মে—আমার; যুক্ততমঃ—সর্বাপেকা প্রেষ্ঠ; মতঃ— অভিমত।

গীতার গান

যত যোগী প্রকার সে শাস্ত্রেতে নির্ণয় । ভার মধ্যে মদ্গতপ্রাণ যেবা কেহ হয় । সবার সে শ্রেষ্ঠ যোগী জানিহ নিশ্চর । শ্রদ্ধাবান যদি সেই আমারে ভজয় ॥

অনুবাদ

মিনি প্রদ্ধা সহকারে মদ্গত চিত্তে আমার ভজনা করেন, তিনিই সবচেয়ে অন্তরঙ্গভাবে আমার সঙ্গে যুক্ত এবং তিনিই সমস্ত যোগীদের মধ্যে প্রেন্ঠ। সেটিই আমার অভিমত।

ভাৎপর্য

এখানে ভজতে শব্দটি খুবই তাৎপর্যপূর্ণ। ভজ্ ধাতু থেকে এই শব্দটির উৎপত্তি হয়েছে। 'সেবা' অর্থে এই শব্দটি ব্যবহার হয়ে থাকে। পূজা করা এবং ভজনা করা—এই দুটি শব্দের অর্থ এক নয়। পূজা করার অর্থ পূজ্য ব্যক্তিকে অভিবাদন করা। কিন্তু ভজনা করার অর্থ হচ্ছে প্রেম ও ভক্তি সহকারে সেবা করা, ষা কেবল ভগবানেই প্রযোজ্য। পূজা ব্যক্তিকে অথবা দেবতাকে পূজা না করলে মানুষ কেবল শিষ্টাচারহীন অভস্র বলে পরিগণিত হয়। কিন্তু ভক্তি ও ভালবাসার সঙ্গে ভগবানের সেবা না করা নিন্দনীয় অপরাধ। প্রতিটি জীবই হচ্ছে ভগবানের অপরিহার্য অংশ, তাই প্রতিটি জীবেরই ধর্ম হচ্ছে ভগবানের সেবা করা। তা না করার ফলেই তার অধঃপতন হয়। ত্রীমন্তাগবতে (১১/৫/৩) সেই সন্ধন্ধে বলা হয়েছে—

व अवार भुक्तभर माकामास्यालयमीस्त्रम् । २ ७४। छारामानार्वे सामाम् सर्वेशः भवसायः ॥

"পরমেশ্বর ভগবানের ভজনা না করে, যে তার কর্তব্যে অবহেলা করে, সে অবধারিতভাবে ভ্রম্ভ হয়ে অধঃপতিত হয়।"

এই প্লোকেও ভজতি কথাটি বাবহার করা হয়েছে। পরমেশর ভগবানের ক্ষেত্রেই কেবল ভজতি কথাটি প্রযোজ্য, কিন্তু 'পূজা' শব্দটি দেব-দেবী ও অন্যান্য মহৎ জীবের বেলায় বাবহার করা যেতে পারে। গ্রীমন্তাগবতের এই প্লোকের অবজ্ঞানত্তি শব্দটির উপ্লেখ ভগবদ্গীভাতেও পাওয়া যায়। অবজ্ঞানতি মাং মূলঃ—"যারা অত্যত্ত মূঢ়, তারাই কেবল পরমেশ্বর ভগবান গ্রীকৃষ্ণকে হথার্থভাবে জ্ঞানতে না পেরে অবজ্ঞা করে।" ভগবানের প্রতি সেবার মনোবৃত্তি ছাড়াই এই সব মূলো ভগবদ্গীতার তাৎপর্য লেখার দায়িত্বভার গ্রহণ করে, তাই তারা ভজতি ও 'পূজা' এই শব্দ দৃটির মধ্যে যে কি পার্থক্য তা নিরাপণ করতে পারে না।

সব রকমের যোগ-সাধনার চরম পরিণতি হচ্ছে ভক্তিযোগ। অন্যান্য সমস্ত যোগের উদ্দেশ্য হচ্ছে ভগবন্ধকি বা ভক্তিযোগের স্তরে উরীভ হওয়া। 'যোগ' বলতে প্রকৃতপক্ষে ভক্তিযোগকেই বোঝায়। আর অন্য সমস্ত যোগগুলি ক্রুমান্তরে ভক্তিযোগেই যুক্ত হয়। কর্মযোগ থেকে শুরু করে ভক্তিযোগের শেষ পর্যন্ত আত্ম-তত্মজ্ঞান লাভের এক সুদীর্ঘ পথ। নিদ্ধাম কর্মযোগ থেকেই এই পঞ্চের শুরু। কর্মযোগের মাধ্যমে যখন জ্ঞান ও বৈরাগ্যের উদয় হয়, ডখন সেই স্তরকে বলা হয় জ্ঞানযোগ। দৈহিক ক্রিয়াকলাপের মাধ্যমে যখন জ্ঞানযোগের সঙ্গে ধ্যান যুক্ত হয়ে মনকে পরমাদ্বার উপর একাপ্র করা হয়, তখন তাকে বলা হয় অস্টাঙ্গযোগ। অস্তাঙ্গ-যোগকে অতিক্রম করে ভগবান শ্রীকৃষ্ণের শরণাগত হওয়াই হচ্ছে ভক্তিযোগ। প্রকৃতপক্ষে, এই ভক্তিযোগই হচ্ছে চরম পরিণতি। কিন্তু প্রানৃপ্রভাবে ভক্তিযোগের ভাৎপর্য উপলব্ধি করতে হলে অন্য সমস্ত যোগ সম্বন্ধে অবগত হতে হয়। যে বোগী প্রগতিশীল, তিনি পরমার্থ সাধনের পথে বিশেষ সৌভাগা অর্জন করেছেন। কিন্তু প্রগতিবিহীন হয়ে কেন্ট যখন কোন এক স্তরে স্থির হয়ে পড়ে, ভখন তাকে সেই বিশেষ স্তরের নামানুসারে কর্মযোগী, জানযোগী, গালযোগী, রাজযোগী, হঠযোগী আদি নামে অভিহিত করা হয়। পরম সৌভাগোর ফলে কেন্ট যখন ভক্তিযোগের স্তরে উন্নীত হন, তখন বুঝতে হবে যে, তিনি অন্য সব থোগের স্তর ইতিমধ্যেই অতিক্রম করেছেন। তাই, কৃষ্ণভাবনামৃত লাভ করে কৃষ্ণভক্ত হওয়াই যোগমার্গের সর্যোগ্ড শিখর। যেমন, আমরা যখন হিমালয় পর্যতের কথা বলি, তখন আমরা পৃথিবীর সর্যোচ্চ পর্বতমালা সম্পর্কে বলি, এই হিমালয়ের আবার সর্যোচ্চ শিখর হচ্ছে মাউন্ট এভারেস্ট।

অনেক সৌভাগোর ফলে মানুব কৃষ্ণভাবনামৃত লাভ করে ভক্তিযোগের পথ অবলম্বন করে এবং বৈদিক শাস্ত্রের নির্দেশ অনুযায়ী এই যোগ অনুশীলন করে। আদর্শ যোগী শ্রীকৃষ্ণের ধাানে মধা থাকেন। ভগবান শ্রীকৃষ্ণকে শ্যামসুন্দর বলা হায়, কারণ তার অঙ্গকান্তি জলভরা মেখের মতো নীলাভ, তার পদ্মের মতো মুখারবিন্দ সূর্বের মতো প্রকুপ্রোভ্রেল, তার বদন মণি-রত্বের হারা বিভূষিত, তার শ্রীজঙ্গ ফুলমালায় সৃশোভিত। তার দিবা অঙ্গকান্তি ব্রহ্মজ্যোতির সর্ব ঐশ্বর্যময়ী প্রভার সর্বাদিক উদ্ধাসিত। শ্রীরামচন্ত্র, শ্রীনৃসিংহদেব, শ্রীবরাহদেব এবং পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণরূপে তিনি অবতরণ করেন। তিনি হচ্ছেন সমস্ত অবতারের অবতারী—ভিনি হচ্ছেন পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ, গোবিন্দ, বাসুদেব আদি নামে পরিচিত্ত হন। তিনি হচ্ছেন আদর্শ সন্তান, আদর্শ পতি, আদর্শ সন্থা, আদর্শ প্রভূ। তিনি সমস্ত ঐশ্বর্যে পরিপূর্ণ এবং অপ্রাকৃত ওণাবলীতে বিভূষিত। ভগবানের এই ফ্রেপ যৌনি সম্পূর্ণরূপে উপলব্ধি করেছেন, তিনিই হচ্ছেন শ্রেষ্ঠ যোগী।

বোগের সর্বোচ্চ সিদ্ধির এই স্তর লাভ হয় ভক্তিযোগের মাধ্যমে, যা বৈদিক শাস্তে প্রতিপত্ন হয়েছে—

> यमा দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। ভৌসাতে কথিতা হার্থাঃ প্রকাশন্তে মহাদ্মনঃ ॥

"যে সমস্ত মহাত্মারা ভগবান শ্রীকৃষ্ণ ও ভরুদেবের প্রতি ঐকান্তিক ভক্তি লাভ করেছেন, তাঁদের কাছে সমস্ত বৈদিক জ্ঞানের সম্পূর্ণ তাৎপর্য প্রকাশিত হয়।"
(শেতাশ্বতর উপনিয়দ ৬/২৩)

ভক্তিরসা ভজনং তদিহামুত্রোপাধিনৈরাস্যোনামুথিন্ মনঃকল্পনমেতদেব নৈমর্মান্। "ভক্তি মানে হচ্ছে লৌকিক অথবা পারলৌকিক সব রকম বিষয়-বাসনা রহিত ভগবং-সেবা। বিষয়-বাসনা থেকে মৃক্ত হয়ে মনকে সম্পূর্ণরূপে ভগবানের সেবায় পূর্ণরূপে তথ্যয় করা। সেটিই হচ্ছে নৈম্বর্মের উদ্দেশ্য।"

(शाभागज्ञभनी कॅमनियम ১/১৫)

এগুলি হচেছে যোগপদ্ধতির সর্বোচ্চ সিদ্ধির স্তর—ভক্তিযোগ বা কৃষ্ণভাকনা অনুশীলন করার কয়েকটি উপায়।

> ডক্তিবেদান্ত কহে শ্রীগীডার গান । শুনে যদি শুদ্ধ ভক্ত কৃষ্ণগত প্রাণ ॥

ইতি—शामरयांश नामक बीमानुशतम्शीजात सर्व व्यशासमा कव्किरकमान्ड जाश्मर्य समाश्च।

সপ্তম অধ্যায়



বিজ্ঞান-যোগ

শ্লোক ১

প্রীভগবানুবাচ

মধ্যাসক্তমনাঃ পার্থ ঝোগং যুঞ্জন্মদাশ্রায়ঃ । অসংশয়ং সমগ্রং মাং যথা জ্ঞাস্যসি তচ্ছুণু ॥ ১॥

শ্রীভগবান্ উবাচ—পর্যেশার ভগবান বলগেন; ময়ি—আমাতে; আসক্তমনাঃ— অভিনিবিষ্ট চিন্ত; পার্থ—হে পৃথার পূত্র; যোগম্—যোগ; যুপ্তন্—যুক্ত হয়ে; মদাশ্রমঃ—আমার ভাবনায় ভাবিত হয়ে (কৃষণভাবনা); অসংশয়ম্—নিঃসপ্পেং; সমগ্রম্—সম্পূর্ণরূপে; মাম্—আমাকে; যথা—ধেরাপে; ভ্রাস্যুসি—জানবে; তৎ— ভা: শৃপু—শ্রবণ কর।

গীতার গান

শ্রীভগবান কহিলেন !
আমাতে আসক্ত হয়ে যোগের সাধন ।
তোমারে কহিনু পার্থ সব এতক্ষণ !
সে যোগ আশ্রয় করি সমগ্র যে আমি ।
অসংশয় বুঝিবে যে অনিবার্য তুমি !৷